শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়-চতুর্থাধস্তন-পুরুষরাজ শ্রীরূপানুগ অপ্রাকৃত-কবিকুলতিলক-
ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমৎ কৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামি-কৃত

আদি-মধ্য-অন্ত্যলীলা—মূল

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়ষ্টমাধস্তন-পুরুষবর্য্য-শ্রীরূপানুগবর-
ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমৎ সচ্চিদানন্দ-ভক্তিবিনোদ-ঠাকুর-কৃত

অমৃতপ্রবাহ-ভাষ্য,

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়-নবমাধস্তনান্বয়বর পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীরূপানুগবর্য্য
শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষকপ্রবর-
ওঁ বিষ্ণুপাদ পরমহংসস্বামী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-কৃত
শ্রীস্বরূপ-রূপ-বিরোধি-সকল-কুসিদ্ধান্ত-নিরাসপর

অনুভাষ্য

এবং

ভূমিকা, বিবিধ সূচী ও বিবরণ প্রভৃতি-সহ

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায় দশমাধস্তনান্বয়বর
শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির প্রতিষ্ঠাতা-আচার্য্য-ভাস্কর
নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী

শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজানুকম্পিত

পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী

শ্রীমদ্ভক্তিবেদান্ত বামন গোস্বামী মহারাজ-

কর্ত্তৃক সম্পাদিত

সেবানুকূল্য—

শ্রীগৌড়ীয় বেদান্ত বুক্ ট্রাষ্ট-এর পক্ষে
শ্রীসত্যানন্দ দাস ব্রহ্মচারী, বিদ্যারত্ন-কর্ত্তৃক
শ্রীবিনোদবিহারী গৌড়ীয় মঠ ; ২৮, হালদার বাগান লেন,
কলকাতা-৪ হইতে প্রকাশিত।

—ঃ *প্রথম সংস্করণ* ঃ—
শ্রীগৌর-জয়ন্তী, ফাল্গুনী-পূর্ণিমা
২৯ গোবিন্দ, ৫১৭ শ্রীগৌরাব্দ,
২২ ফাল্গুন, ১৪১০ ; ইং ৬।৩।২০০৪

গ্রন্থ-প্রাপ্তিস্থান

১। **শ্রীদেবানন্দ গৌড়ীয় মঠ,** পোঃ নবদ্বীপ (নদীয়া) পঃ বঃ।
২। **শ্রীউদ্ধারণ গৌড়ীয় মঠ,** চৌমাথা, পোঃ চুঁচুড়া (হুগলী)।
৩। **শ্রীবিনোদবিহারী গৌড়ীয় মঠ,** ২৮, হালদার বাগান লেন, কলকাতা-৪।
৪। **শ্রীকেশবজী গৌড়ীয় মঠ,** পোঃ ও জেলা মথুরা (উঃ প্রঃ)।
৫। **শ্রীকেশব গোস্বামী গৌড়ীয় মঠ,** শক্তিগড়, পোঃ শিলিগুড়ি (জলপাইগুড়ি)।
৬। **শ্রীশ্যামসুন্দর গৌড়ীয় মঠ,** মিলনপল্লী, পোঃ শিলিগুড়ি (দার্জ্জিলিং)।
৭। **শ্রীনীলাচল গৌড়ীয় মঠ,** স্বর্গদ্বার, পোঃ পুরী (উড়িষ্যা)।
৮। **শ্রীগোলোকগঞ্জ গৌড়ীয় মঠ,** পোঃ গোলকগঞ্জ (ধুবড়ী) আসাম।
৯। **শ্রীবাসুদেব গৌড়ীয় মঠ,** পোঃ বাসুগাঁও (কোকড়াঝাড়) আসাম।
১০। **শ্রীমেঘালয় গৌড়ীয় মঠ,** পোঃ তুরা, ওয়েষ্ট গারো হিলস্ (মেঘালয়)।
১১। **শ্রীরূপ-সনাতন গৌড়ীয় মঠ,** দানগলি, পোঃ বৃন্দাবন (মথুরা) উঃ প্রঃ।
১২। **শ্রীনরোত্তম গৌড়ীয় মঠ,** পশ্চিম খাগড়াবাড়ী, (কোচবিহার)।
১৩। **শ্রীকৃত্তিরত্ন গৌড়ীয় মঠ,** শ্রীচৈতন্য এভিনিউ, দুর্গাপুর-৫, (বর্দ্ধমান)।
১৪। **শ্রীমাধবজীউ গৌড়ীয় মঠ,** ১/১, কালীতলা লেন, পোঃ বৈদ্যবাটী (হুগলী)।
১৫। **শ্রীনিমাইতীর্থ গৌড়ীয় মঠ,** ১/১, নিমাইতীর্থ রোড, পোঃ বৈদ্যবাটী (হুগলী)।
১৬। **শ্রীগৌর-নিত্যানন্দ গৌড়ীয় মঠ,** রংপুর, শিলচর-৯, (কাছাড়) আসাম।

মুদ্রাকর:
জগদ্ধাত্রী প্রিন্টার্স
৩৭/১/২ ক্যানাল ওয়েস্ট রোড
কোলকাতা-৪

শ্রীচৈতন্যচরিতামৃত-ভূমিকা

শ্রীচৈতন্যচরিতামৃতের সকল-শ্রেণীর পাঠকের পক্ষে গ্রন্থপাঠের পূর্ব্বে গ্রন্থের সম্বন্ধে বা গ্রন্থোক্ত বিষয়মালা বুঝিতে যে যোগ্যতা আবশ্যক, তদনুকূলে কয়েকটী কথা ভূমিকায় লিপিবদ্ধ হইল। এতদ্দ্বারা বিষয়টী বিস্তৃতভাবে বর্ণিত হইলে মূলগ্রন্থ-পাঠের পূর্ব্বে পাঠকের ভ্রমের আশঙ্কা অনেকটা নিবারিত হইবে বলিয়া আশা করা যায়।

ভূমিকার কারণ

শ্রীচরিতামৃতের পাঠকগণ—তিনভাগে বিভক্ত। এক-শ্রেণীর পাঠক কৌতূহল-পরবশ হইয়া গ্রন্থালোচনায় প্রবৃত্ত হন, আর এক-শ্রেণীর পাঠক গ্রন্থ পাঠ করিয়া নিজ-অমঙ্গল বরণ করিবার জন্য বিদ্বেষমূলে গ্রন্থ পাঠ করেন ; তৃতীয়-শ্রেণীর পাঠক নিজ-মঙ্গল-লাভের উদ্দেশে মনোযোগ-সহকারে পাঠ করিয়া সত্যানুশীলন-জন্য পাঠের প্রকৃত ফল লাভ করেন। কৌতূহলি-পাঠকগণ পাঠ করিতে করিতে দ্বিতীয় অথবা তৃতীয় শ্রেণীতে অচিরেই আপনাদিগকে প্রতিষ্ঠিত করেন। সাধারণ পাঠকমাত্রেই স্বীয় ভ্রম-ধারণায়, প্রমাদ-তাড়নায়, বিপ্রলিপ্সা-বশে ও ইন্দ্রিয়জ্ঞানের অপটুতা-নিবন্ধন নিত্য, পূর্ণ, শুদ্ধ ও নিরপেক্ষ সত্য গ্রহণে অসমর্থ। এই দোষচতুষ্টয়ের হস্ত হইতে তাঁহাদের মুক্ত হইতে হইলে শ্রৌতপন্থা অবশ্যই গ্রহণ করিতে হইবে। অশ্রৌত বা তর্কপন্থা কখনই তাঁহাদিগকে প্রকৃত-সত্যে উপনীত হইতে দিবে না। আমরা ক্রমশঃ এই পন্থাদ্বয়ের বিষয়ে বিস্তৃতভাবে অলোচনা করিব।

ত্রিবিধ পাঠক

কর্ম্ম-জগতে উপকরণসূত্রে প্রাণিমাত্রই যাঁহার উদ্দেশে যাবতীয় অনুষ্ঠান করিয়া ফল-সাফল্য লাভ করেন, সেই বিশ্বম্ভরই জ্ঞানভূমিকায় যাবতীয় চেতনবিশিষ্ট জীবের চরমফল-লাভের একমাত্র সোপান হইয়া 'শ্রীকৃষ্ণচৈতন্য'-নামে পরিচিত। তিনি—জগতের সর্ব্বাদর্শের একমাত্র আদর্শ ঔদার্য্যবিগ্রহ এবং আদর্শাকর স্বয়ংরূপ ঐশ্বর্য্য-মাধুর্য্য-বিগ্রহ অদ্বয়জ্ঞান-কৃষ্ণ। শ্রীচৈতন্যদেব—মহাবদান্য, কৃষ্ণপ্রেমদাতা, দয়ানিধি ও নিখিল-মঙ্গলনিলয়। তিনি নিত্যলীলাময় সচ্চিদানন্দ-বিগ্রহ হইয়াও জীবজগতের সর্ব্বোপাস্য নিত্য-ভজনীয় বস্তু। তাঁহার স্বয়ংরূপের প্রতি প্রীতিময় হইলেই জীবকুল মায়িক বদ্ধদশা অতিক্রম করিয়া স্বরূপাবস্থিত হন। যে-সকল জীব কেবল চেতন-ধর্ম্মে আপনাকে প্রতিষ্ঠিত জানিবার সৌভাগ্য লাভ করেন, তাঁহারাই অচিচ্ছক্তি মায়ার কবল-মুক্ত হইয়া শ্রীচৈতন্যের সেব্য স্বয়ংরূপের, গুণের, পরিকরবৈশিষ্ট্যের ও লীলার সেবোপকরণ-স্বরূপে প্রবেশ করিতে পারেন।

শ্রীচৈতন্য

জড়ভোগপর বদ্ধজীবের কর্ম্মানুষ্ঠানের ইতিহাস অনিত্য কর্ম্মনিপুণের উৎসাহ বর্দ্ধন করে ; পক্ষান্তরে, শ্রীচৈতন্য-লীলা—অনিত্য-কর্ম্মফল-ত্যাগরত মুক্তগণের নিত্যসুপ্তবৃত্তির উন্মেষিণী। কালের অধীনে পাত্রের ক্ষণভঙ্গুর ক্রিয়াসমূহই 'চরিত'-শব্দে কথিত ; কিন্তু শ্রীচৈতন্যচরিত—নিত্য এবং শ্রীচৈতন্যচরিতের আদর্শ জীবের ভোগবুদ্ধি খর্ব্ব করিয়া স্বরূপের নিত্য-সেবাবৃত্তিতে প্রতিষ্ঠিত করায়।

চরিত

কর্ম্মফলাধীন মায়াবদ্ধ জীব নির্দ্দিষ্টকালের জন্য কৃতকর্ম্মের শুভাশুভ ফল ভোগ করিতে বাধ্য। তাদৃশ কর্ম্মভূমিতে বিচরণ-শীল প্রাণীর কর্ম্মানুষ্ঠান-তালিকাই ভোগের আবাহন-কারিণী। কিন্তু শ্রীচৈতন্যচরিত ভোগময় ও ভোগত্যাগপর অনুষ্ঠানবিশেষ নহে ; ইহা জীবের কর্ম্মফল-মোচনী চেষ্ঠা-সুধা ও নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধিৎসোৎসাদক অমৃত। কর্ম্মবীর, জ্ঞানবীর ও অন্যাভিলাষীর অনিত্যপ্রয়াস-নির্ঘণ্টের সহিত শ্রীচৈতন্যচরিতামৃতের অখণ্ডকাল-বর্ত্তমান নিত্যলীলার সৌসাদৃশ্য থাকিলেও ইহা কাল-ক্ষোভ্য নহে ; উভয়ের সমত্ব থাকিলেও তাহাদের অদ্বয়ত্ব সিদ্ধ নহে ; মায়িক ও বৈকুণ্ঠ-ভেদে তদুভয়ের মধ্যে নিত্য-বৈশিষ্ট্য বর্ত্তমান। মায়ার জন্ম-স্থিতি-ভঙ্গে বহুবিধ অভাব ও অসম্পূর্ণতা বিরাজমান, কিন্তু বৈকুণ্ঠ-বস্তুতে যে জন্ম, স্থিতি ও অপ্রাকট্যের ভাব বর্ণিত হয়, উহাতে অবরতা, হেয়তা, অনুপাদেয়তা, অসম্পূর্ণতা প্রভৃতির আদৌ অধিষ্ঠান নাই। এইজন্য ভগবানের লীলা—নিত্য এবং মর-রাজ্যে প্রকটিত হওয়া সত্ত্বেও মায়িক-সৃষ্টি হইতে অবিচিন্ত্যশক্তিপ্রভাবে স্বীয় প্রাকট্য-বৈশিষ্ট্য-সংরক্ষণে সর্ব্বকালে সমর্থা।

অমৃত

শ্রীচৈতন্যলীলার বর্ণন ও শ্রবণ—জীবমাত্রেরই একমাত্র প্রয়োজনীয় বিষয়। সর্ব্বমূলাশ্রয় বস্তুর অনুশীলন ব্যতীত মায়িক অনুভূতিবিশিষ্ট জীবের যে গত্যন্তর নাই,—ইহাই বিশেষজ্ঞগণের প্রতিপাদ্য বিষয় বলিয়া নিজ কল্যাণ এবং সমগ্রজগতের পরম-মঙ্গল-বিধানের উদ্দেশেই ভক্তমণ্ডলীর অনুরোধ-মতে গ্রন্থকারের এই গ্রন্থ-রচনায় প্রয়াস। জীবের নিত্য-ধামের পরিচয়, নিত্য-আশ্রয়ের পরিচয় এবং স্বরূপের অনভিজ্ঞানে তাৎকালিক বৈমুখ্যবশতঃই মায়িক-রাজ্যের অধিবাসী বলিয়া বিবর্ত্তানুভূতি, সেব্যের ভজনে ঔদাসীন্য এবং স্বীয় নিত্য-প্রয়াসের বিস্মৃতিজন্য জাড্য উপস্থিত হওয়ায়

গ্রন্থের প্রয়োজনীয়তা

পরমকরুণ গ্রন্থকারের হৃদয় অত্যন্ত পরদুঃখ-কাতর এবং জগতের প্রকৃষ্ট-মঙ্গলপ্রার্থী। স্বীয় ভজনসমৃদ্ধি-বিষয়ে ও একমাত্র লোকহিতকর নিত্যকর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াই অমৃতপ্রদাতৃসূত্রে গ্রন্থকার-কর্ত্তৃক এই অপূর্ব্বগ্রন্থের অবতারণা।

শ্রীচরিতামৃতের রচয়িতা পিতৃমাতৃদত্ত কি-নামে পরিচিত ছিলেন, আমরা জানি না। তাঁহার পিতা বা জননীর যে-সকল নবোদ্ভাবিত নাম বা অনুষ্ঠানের উল্লেখ পাওয়া যায়, তাহা প্রকৃত কিনা, তদ্বিষয়ে দৃঢ়তা নাই। পারমার্থিক-জীবনে তিনি 'কৃষ্ণদাস'-নামে পরিচিত ছিলেন। এই গ্রন্থের আদিলীলার পঞ্চম-পরিচ্ছেদে তিনি যে স্বীয় পরিচয় প্রদান করিয়াছেন, তদ্দ্বারা আমরা জানিতে পারি যে, তিনি 'ঝামট্‌পুর'-নামক গ্রামে জন্মগ্রহণ করেন। ঝামট্‌পুর-গ্রামটী নৈহাটি-নামক গ্রামের নিকটবর্ত্তী। বর্দ্ধমান-জিলার অন্তর্গত কাটোয়া-মহকুমার উত্তরে দুইক্রোশ-ব্যবধানে নোলেপুর-নামে গঙ্গার পশ্চিম উপকূলে একটী গ্রাম আছে, তথা হইতে দুইক্রোশ পশ্চিমে এবং বর্ত্তমান সালার-নামক রেলষ্টেশনের সন্নিহিত ঝামট্‌পুর। তাঁহার পূর্ব্বাশ্রমের স্মৃতিচিহ্নস্বরূপ তথায় একটী শ্রীগৌর-নিত্যানন্দের সেবা অদ্যাপি বিরাজমান। তাঁহার পূর্ব্বাশ্রমের কোন আত্মীয়-স্বজনের অধস্তন কেহ সম্প্রতি তথায় থাকিয়া তাঁহার আর কোন পরিচয় দেন না। স্বপ্নে শ্রীনিত্যানন্দপ্রভুর আজ্ঞা পাইয়া তিনি ঝামট্‌পুর পরিত্যাগ করিয়া জীবনের শেষদিন পর্য্যন্ত শ্রীবৃন্দাবনে বাস করিয়াছিলেন। শ্রীবৃন্দাবনে শ্রীরাধাদামোদরের দেবালয়ে অদ্যাপি শ্রীকৃষ্ণদাসের সমাধি প্রদর্শিত হয়।

গ্রন্থকারের দেশ

শ্রীকৃষ্ণদাসের কালনির্ণয়-সম্বন্ধে আমরা কতিপয় ঘটনা প্রমাণরূপে গ্রহণ করিতে পারি। কতিপয় পুস্তকের শেষভাগে ১৫৩৭ শকাতীতাব্দে গ্রন্থসমাপ্তিকাল বলিয়া একটী শ্লোক উল্লিখিত হয় ;—"শাকে সিন্ধ্বগ্নি-বাণেন্দৌ জ্যৈষ্ঠে বৃন্দাবনান্তরে। সূর্য্যাহেঽসিত-পঞ্চম্যাং গ্রন্থোঽয়ং পূর্ণতাং গতঃ।।"—এই শ্লোকটী কাহারও মতে লিপিকারের, গ্রন্থকারের নহে। গ্রন্থাভ্যন্তরে তিনি যে-সকল গ্রন্থের নাম উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে শ্রীগোপালচম্পূর নাম আমরা দেখিতে পাই। ঐ গ্রন্থ ১৫১২ শকাব্দে রচিত হইয়াছেন। সুতরাং ১৫১২ শকাব্দের পর তাঁহার গ্রন্থরচনা-কাল। শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকের রচনা-কাল—১৪৯৮ শকাব্দা। 'অষ্টাবিংশতিতত্ত্ব'-প্রণেতা স্মার্ত্ত রঘুনন্দনকর্ত্তৃক, রাঢ়ীয় শ্রীনিবাসের ১৪৮৯ শকাব্দার পর এবং রাঘবানন্দের 'দিনচন্দ্রিকা' ১৫২১ শকাব্দার পূর্ব্বে রচিত 'একাদশীতত্ত্ব', 'মলমাসতত্ত্বো'দ্ধৃত-বচন প্রভৃতির উল্লেখও তাঁহার গ্রন্থমধ্যে দৃষ্ট হয়। সুতরাং এইসকল গ্রন্থের পরবর্ত্তিকালেই শ্রীচৈতন্যচরিতামৃত লিখিত হইয়াছে। শ্রীগৌরসুন্দরের পার্ষদপ্রবর শ্রীমদ্ রঘুনাথদাস গোস্বামি-প্রভু স্বীয় 'দানচরিত'-গ্রন্থের পরিশেষে শ্রীকৃষ্ণদাসের নাম উল্লেখ করিয়াছেন। শ্রীকৃষ্ণদাসের রচিত 'শ্রীগোবিন্দলীলামৃত' গ্রন্থের শেষ শ্লোকে বৃন্দাবনবাসী গোস্বামি-গোপালভট্ট প্রভৃতির সমসাময়িকতা প্রকটিত হইয়াছে। এইসকল তথ্য হইতে ও অন্যান্য সমসাময়িক ব্যাপার হইতে অনুমিত হয় যে, তাঁহার প্রকটকাল—আনুমানিক ১৪৫২ হইতে ১৫৩৮ শকাব্দা পর্য্যন্ত হইবার সম্ভাবনা। ১৪৩২ শকাব্দার পরে শ্রীবৃন্দাবনদাস-ঠাকুরের আবির্ভাবকাল। এই মহাগ্রন্থ—তাঁহার রচিত গ্রন্থের পরিশিষ্টস্বরূপ। আবার, ১৪৩৫ শকাব্দার পূর্ব্বে শ্রীজীবগোস্বামীর আবির্ভাব-কাল। গ্রন্থরচনা-কালের বৃন্দাবনবাসী সমসাময়িক ভক্তগণের তালিকা হইতে জানা যায় যে, তৎকালে শ্রীগদাধরপণ্ডিত গোস্বামীর শিষ্য অনন্তাচার্য্যের শিষ্য শ্রীগোবিন্দদেবের সেবাধ্যক্ষ পণ্ডিত-হরিদাস, কাশীশ্বর-গোস্বামীর শিষ্য গোবিন্দের প্রিয়সেবক গোবিন্দ-গোস্বামী, শ্রীরূপগোস্বামীর সঙ্গী যাদবাচার্য্য-গোস্বামী, শ্রীগদাধরপণ্ডিত-গোস্বামিশিষ্য ভূগর্ভ-গোস্বামীর শিষ্য গোবিন্দপূজক চৈতন্যদাস, মুকুন্দানন্দ-চক্রবর্ত্তী, প্রেমবিগ্রহ কৃষ্ণদাস, অদ্বৈতপ্রভুর শিষ্য শিবানন্দ-চক্রবর্ত্তী, গোসাঞিদাস পূজারী প্রভৃতি বৈষ্ণবগণ বর্ত্তমান ছিলেন। গ্রন্থরচনাকালে শ্রীজীব, শ্রীগোপালভট্ট, শ্রীরঘুনাথদাস, শ্রীরঘুনাথভট্ট, শ্রীরূপ ও শ্রীসনাতন গোস্বামী,—এই ছয় গোস্বামী অথবা শ্রীভূগর্ভ প্রভৃতি কেহই বর্ত্তমান ছিলেন না। যদি তাঁহারা কেহ প্রকট থাকিতেন, তাহা হইলে তাঁহাদের নিকট অনুমতি-গ্রহণ প্রভৃতির কথা উল্লেখ থাকিত।

গ্রন্থকারের কাল

গ্রন্থকারের বর্ণনিরূপণেও অনেক মতভেদ দৃষ্ট হয়। শ্রীকৃষ্ণদাস 'শ্রীগোবিন্দলীলামৃত'-নামক একখানি সুবৃহৎ সংস্কৃত কাব্যগ্রন্থ রচনা করিয়া বৈষ্ণবসমাজে 'কবিরাজ'-নামে প্রসিদ্ধ হন। গৌড়দেশে ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্য—এই জাতিত্রয় বহুদিন হইতে কৃতবিদ্যশ্রেণী বলিয়া পরিচিত। নবশাখ ও তৎপ্রতিম বর্ণনিচয় বিদ্যানুশীলনে অধিক কৃতিত্ব প্রদর্শন না করিলেও তাহাদের সামাজিক-মর্য্যাদার মাধ্যমিকত্ব-বিষয়ে কোন প্রতিবাদ হইতে পারে না। এইশ্রেণীর জাতি বিদ্যা-ব্যবসায়ের পরিবর্ত্তে পণ্যদ্রব্য-ক্রয়বিক্রয়ে ও সামাজিক অনুষ্ঠানের সাহায্যকর্ম্মে নিযুক্ত। তাদৃশ পণ্যদ্রব্য-ব্যবসায় ও শ্রমকর্ম্মজীবনের আনুষ্ঠানিক ক্রিয়াগুলি কখনও গর্হিতদ্রব্য বা নিন্দ্যকর্ম্ম বলিয়া বিবেচিত হয় নাই। গর্হিতদ্রব্য-ব্যবসায়ী ও হীনকর্ম্মজীবিগণ অবর-ব্যবসায়াবলম্বী বলিয়া তাহাদের সামাজিক স্তরের শ্রেষ্ঠতা হিন্দু-সমাজে স্বীকৃত হয় নাই। কৃষ্ণদাসের বর্ণসম্বন্ধে তাঁহাকে বিভিন্নমত-পোষণকারিগণ উচ্চবর্ণত্রয়ের কোন এক কুলে উদ্ভূত বলিয়া স্ব-স্ব-বিচার প্রদর্শন করেন। সাহিত্য ও অলঙ্কার

গ্রন্থকারের বর্ণ

প্রভৃতি কলাপুষ্ট কাব্যশাস্ত্রাধীতিগণ লোকবিচারে তাঁহাদের পারদর্শিতার ফলস্বরূপ কবিরাজ-সংজ্ঞার খ্যাতি লাভ করিতেন। চিকিৎসা-শাস্ত্রকুশল সম্প্রদায়ের মধ্যে অনেকস্থলে কবিরাজ-সংজ্ঞা প্রদত্ত হওয়ায় কৃষ্ণদাসকে কেহ কেহ 'বৈদ্য' বলেন। দর্শনশাস্ত্রে তাঁহার অগাধ কৃতিত্ব এবং শ্রুতি, স্মৃতি ও ন্যায়-প্রস্থানত্রয়ে অসামান্য অধিকার ও প্রতিভা-সন্দর্শনে তাঁহাকে ব্রাহ্মণকুলোদ্ভূত বলিয়া পরিজ্ঞানও প্রতিবাদার্হ নহে। পূর্ব্বাশ্রমে বাসকালে শ্রীদাসগোস্বামীর বুদ্ধিকৌশল প্রভৃতির মর্য্যাদা-বাক্য হইতে এবং বৈষয়িক কূটবুদ্ধির নিজশ্রেণী-সম্পর্কিত-জ্ঞানে আদরশৈথিল্য-বিচারে তাঁহাকে কায়স্থকুলভাস্কর-প্রতিভাবিত কুলচন্দ্র বলিয়া ধারণা করা নিতান্ত অসঙ্গত নহে। সাহিত্যদর্পণ-নামক প্রসিদ্ধ অলঙ্কার-গ্রন্থ-প্রণেতা ত্রৈলঙ্গদেশীয় শ্রীনরহরিতীর্থের পূর্ব্বাশ্রমস্থ কুলচন্দ্র বিশ্বনাথ-কবিরাজ—আন্ধ্রপঞ্চব্রাহ্মণসমাজেরই একজন ; আবার 'কাব্যপ্রকাশ'-নামক অলঙ্কারশাস্ত্রের অধ্যাপক শূদ্ররামদাস, বঙ্গভাষায় মহাভারতের আখ্যানরচক কাশীরামদাস ও ভরতমল্লিকাদি গৌড়ীয় সাহিত্যিকগণের বর্ণ-নিরূপণেও এরূপ মতভেদ পরিদৃষ্ট হয়।

গ্রন্থকারের আশ্রমবিচারে আমরা তাঁহাকে কুলবাস্তব্য শ্রীমদনগোপালের সেবক বলিয়াই জানি। তাঁহার কুলোচিত বিষ্ণুভক্তি—যাহা তাঁহার ভ্রাতৃপরিচয়ে অভিব্যক্ত হইয়াছে, তদ্দ্বারা ভ্রাতার সহিত তাঁহার সংসারে একত্রবাস বিচ্ছিন্ন হইয়াছিল। তিনি ঝামট্‌পুরের বাটীতে অবস্থানকালে গৃহস্থ ছিলেন কিনা, তাহার কোন কথাই উল্লেখ করেন নাই। তাঁহার কনিষ্ঠভ্রাতাকে নিত্যানন্দের প্রতি শ্রদ্ধাবিহীন দেখিয়া তাহার সর্ব্বনাশের ভাবিদৃষ্টি লক্ষ্য করেন। সর্ব্বনাশ-শব্দে ভক্তিহীনতা অর্থাৎ মায়াবাদী হইয়া যাওয়া।

গ্রন্থকারের আশ্রম

শ্রীনিত্যানন্দের আজ্ঞাক্রমে সর্ব্বানর্থনিবৃত্ত হইয়া তাঁহার বৃন্দাবন-গমনই আশ্রমান্তর-লাভের জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত। পূর্ব্বাশ্রমে অবস্থান-কালেও তাঁহার আশ্রম-নির্ণয়ে মতভেদ দেখা যায়। কেহ বলেন, ব্রহ্মচর্য্য হইতে সহসা শ্রীবৃন্দাবনগমন পথের যাত্রী হওয়া সহজ ; নতুবা, কণ্টকপূর্ণ সংসারের বন্ধন ছিন্ন করিবার প্রসঙ্গে আমরা কবিরাজগোস্বামীর নিকট হইতে অনেক কথাই শুনিতে পাইতাম। অপর বিচারে এইরূপ যুক্তি প্রদর্শিত হয় যে, বিষয়কথা-বর্ণন বিশেষতঃ নিজভোগময়ী ধারণার স্মৃতি ভজনপথের পথিকের সমীচীন নহে বলিয়া কৃষ্ণদাস নিজ-দুস্ত্যজ্য সাংসারিক কথার আবাহন করেন নাই। যাহাই হউক, শ্রীবৃন্দাবন-গমনের পরবর্ত্তিকালে তিনি গৃহকথায় উদাসীন হইয়া হরিকথায় ব্যাপৃত ছিলেন ; তাহা তৃতীয় বা চতুর্থাশ্রমোচিত হরিভজনপর জীবন। আশ্রমাতীত নিষ্কিঞ্চন পারমহংস্য-অবস্থায় গ্রন্থকারের বাসকালেই বক্ষ্যমাণ গ্রন্থের রচনা।

শ্রীকৃষ্ণদাস—তাঁহার পারমার্থিক আত্মীয়-সমাজে 'কবিরাজগোস্বামী'-নামে প্রসিদ্ধ। ঠাকুর শ্রীনরোত্তম তাঁহাকে বৃন্দাবনীয় রসিকভক্তগণের 'কেন্দ্র' বলিয়া অভিহিত করিয়াছেন। শ্রীচরিতামৃতের প্রত্যেক পরিচ্ছেদশেষে তিনি শ্রীরূপ গোস্বামী ও শ্রীদাস-গোস্বামীর নিতান্ত অনুগতজন বলিয়া স্বীয় আত্মপরিচয় দিয়াছেন। শ্রীকবিরাজগোস্বামী তাঁহার প্রকটকালে 'শ্রীরূপানুগবর' বলিয়া প্রসিদ্ধ ছিলেন। অন্তরঙ্গভক্তমণ্ডলীর তিনি গুরুদেব। ঠাকুর শ্রীনরোত্তমে কৃষ্ণদাসের আনুগত্য সুষ্ঠুভাবেই প্রতিফলিত। ব্রজবাসি-গোস্বামিষট্‌ককে তিনি স্বীয় 'গুরু' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। শ্রীনিত্যানন্দ-প্রভু—জগদ্‌গুরু এবং কৃষ্ণদাসের 'শ্রীরাধাগোবিন্দ'-সেবাপ্রদাতা। তাঁহারই কৃপায় তিনি শ্রীরূপ, শ্রীসনাতন, শ্রীরঘুনাথ দাস ও শ্রীজীবের কৃপা লাভ করিয়াছিলেন। তিনি তাৎকালিক বৃন্দাবনবাসি-ভক্তগণের প্রাণস্বরূপে বর্ত্তমান ছিলেন। কৃষ্ণদাস শ্রীচৈতন্যদেবের দ্বিতীয় স্বরূপ শ্রীদামোদরস্বরূপের একান্ত অন্তরঙ্গ শ্রীদাসগোস্বামিপ্রভুর নিতান্ত অনুরক্ত ছিলেন। যৌন-সম্বন্ধ ও প্রাকৃত-পরিচয়-সম্বন্ধে তিনি কেবলমাত্র গুরুদ্রোহী ভ্রাতৃসঙ্গ-পরিহারের ঘটনাই জানাইয়াছেন ; অপর সকল কথায় তিনি নীরব। শ্রীচৈতন্যচন্দ্রের ভক্তগণ ব্যতীত তাঁহার অপর কাহাকেও আত্মীয়-স্বজন বলিয়া জ্ঞান ছিল না।

গ্রন্থকারের স্বজন

শ্রীকৃষ্ণদাসের বৈষ্ণবোচিতস্বভাবের তুলনা হয় না। বৈরাগ্যের চরমাদর্শ শ্রীদাসগোস্বামিপ্রভুকে তিনি যেরূপ সহৃদয় আরাধ্য বলিয়া জ্ঞান করিতেন, সেই কথা শ্রীদাসগোস্বামীর স্নেহসিক্ত-লেখনীতে এবং কৃষ্ণদাসের নিজ-রচনায় স্বর্ণাক্ষরে দেদীপ্যমান। পাণ্ডিত্য-প্রতিভায় প্রচুর পরিমাণে সমৃদ্ধ থাকিয়াও কায়মনোবাক্যে তাঁহার দৈন্যের আদর্শ জগতে তাদৃশ সকল আদর্শকেই অবিসংবাদিতভাবে পরাভূত করিয়াছে। যখনই শ্রীচরিতামৃতের পাঠক গ্রন্থকারের অসামান্য নিজ পরিচয়ের কথা আলোচনা করেন, তখন যতই তাঁহার অহমিকাপুষ্ট বুদ্ধি থাকুক না কেন, নিশ্চয়ই বলা যাইতে পারে যে, সর্ব্ববিধ পাঠকমাত্রেরই অবনত-শীর্ষে দৈন্যগ্রহণের স্পৃহা বলবতী হইবে। শ্রীচৈতন্যদেব-কথিত 'তৃণাদপি'-শ্লোকে সুদীক্ষিত এই মহত্তম গ্রন্থকারের রচিত কয়েক পংক্তি উদ্ধার করিবার লোভ সম্বরণ করিতে পারিলাম না। তিনি লিখিয়াছেন,—

গ্রন্থকারের স্বভাব

"জগাই মাধাই হৈতে মুঞি সে পাপিষ্ঠ। পুরীষের কীট হৈতে মুঞি সে লঘিষ্ঠ।।
মোর নাম শুনে যেই, তার পুণ্য-ক্ষয়। মোর নাম লয় যেই, তার পাপ হয়।।"

গ্রন্থকার শ্রীচৈতন্যের ঐকান্তিক ভক্ত, সুতরাং পরম-বৈষ্ণব। বৈষ্ণবের শরীরে সর্ব্ব মহাগুণগণ সর্ব্বদা বিরাজমান অর্থাৎ

তাদৃশ সর্ব্বগুণসম্পন্ন জনই প্রকৃত বৈষ্ণব। কবিরাজ গোস্বামী এই গ্রন্থে মধ্য, দ্বাবিংশ-পরিচ্ছেদে (৭৫ সংখ্যা হইতে ৭৭ সংখ্যায়) সেই ছাব্বিশটী গুণ এরূপ বর্ণন করিয়াছেন,—

"কৃপালু, অকৃতদ্রোহ, সত্যসার-সম। নির্দ্দোষ, বদান্য, মৃদু, শুচি, অকিঞ্চন।।
সর্ব্বোপকারক, শান্ত, কৃষ্ণৈকশরণ। অকাম, নিরীহ, স্থির, বিজিত-ষড়্‌গুণ।।
মিতভুক্, অপ্রমত্ত, মানদ, অমানী। গম্ভীর, করুণ, মৈত্র, কবি, দক্ষ, মৌনী।।"

তাঁহার নিজ-চরিত্রে এবং অনুষ্ঠানে এই আদর্শ পরিস্ফুট আছে এবং তাঁহার লেখনীর প্রতি-পংক্তিতে তাঁহার কৃষ্ণৈকশরণতা দেখিতে পাওয়া যায়। তাঁহার অসীম অকৃতদ্রোহিতা, মিত্রতা, মানদত্ব, অমানিতা, অকামতা, কৃপালুতা, বদান্যতা, সর্ব্বোপকারকতা ও কারুণ্য গ্রন্থস্থ প্রত্যেক উক্তিতেই পাঠকের চিত্ত আকর্ষণ করে। বাহ্যজগতের বস্তুকামনায় চেষ্টা-রাহিত্য, স্থৈর্য্য, শৌচ, অকিঞ্চনতা, শান্তি ও ইন্দ্রিয়-তর্পণের প্রতিকূলে তাঁহার সমতা, সত্যসারতা, নির্দ্দোষিতা, অপ্রমত্তত্ব, গাম্ভীর্য্য, মৌনীত্ব, মৃদুতা, দক্ষতা, কাব্য ও ষড়্‌বেগবিজয়িত্ব জাজ্জ্বল্যমান। তাঁহার পাকশাস্ত্র-কুশলতা ও ভগবৎসেবায় নানাবিধ পরমাস্বাদযুক্ত বস্তুর অর্পণ-প্রবৃত্তি—উদর ও জিহ্বা-লম্পটগণের হিংসা-দমনে একমাত্র মহৌষধ ; তথাপি ভাগ্যহীনজনগণ ভবরোগ-নাশক বৈদ্যের চিকিৎসা-প্রণালীতে নিজ দুর্ভাগ্যবশতঃ দোষ দর্শন করেন। উহাই বৈষ্ণবহিংসার ফলস্বরূপ তাহাদিগের প্রতি ভগবদ্দণ্ড।

শ্রীচৈতন্যদেবের লীলা বর্ণন করিতে গিয়া আমরা কৃষ্ণদাসের নিখিলশাস্ত্রে অগাধ পাণ্ডিত্য-প্রতিভা, দুরবগাহ্য পারমার্থিক-দর্শনে অসামান্য প্রবেশ ও লোকবোধ্য করাইবার অভূতপূর্ব্ব সূক্ষ্মবিচারদক্ষতা এবং কাব্য, পুরাণ, ঐতিহ্য, স্মৃতি ও গণিত-পারদর্শিতা সন্দর্শন করিয়া বিস্মিত হই। বিশেষজ্ঞগণ বলিয়া থাকেন যে, এরূপ অলৌকিক সাহিত্য পাঠ করিবার জন্য পৃথিবীর বিভিন্ন

গ্রন্থকারের কৃতিত্ব

প্রদেশীয় বিদ্বৎসমাজ কোনও না কোন দিন বঙ্গভাষায় অধিকার লাভ-করিতে উন্মুখী হইবেন। কবিরাজ-গোস্বামীর পাকরচনা-কার্য্যে কুশলতা গুণিগণের নিকট হইতে মুক্তকণ্ঠে প্রশংসা আকর্ষণ করে। তাঁহার ভাবমাধুর্য্যপরাকাষ্ঠা জগতের বিভিন্ন কাব্যসংসদের পরমলোভনীয় ব্যাপার। জড়রসপ্রমত্ত বিলাসপর বামনের উদ্দাম ইন্দ্রিয়চাঞ্চল্যের উত্তোলিত খর্ব্বহস্ত পরমোচ্চ গগনভেদী মাধুর্য্যৈশ্বর্য্য স্পর্শ করিতে সমর্থ না হইলেও তাঁহারা প্রেমময় কবিরাজ-গোস্বামীর স্তাবক না হইয়া থাকিতে পারেন না। মধুররস-বর্ণনে তাঁহার গাম্ভীর্য্য মাপিয়া লইবার অধিকারীও বিরল। গ্রাম্যরস-রসিকগণ সিদ্ধান্তবিরোধী মতবাদ লইয়া এই গ্রন্থ আলোচনা করিতে গিয়া বিষম বৈরস্যপঙ্ক-জলধিতে নিমগ্ন হন।

চরিতামৃতের লেখক স্বীয় গ্রন্থমধ্যে একাধারে মহাপ্রভুর লীলার সহিত পরম-নিগূঢ় তত্ত্বশাস্ত্রের অপূর্ব্ব সমাবেশ প্রদর্শন করিয়া পাঠকের লঘুহৃদয়ের জড়ভোগ-তাৎপর্য্যপরতা হ্রাস করিয়াছেন। কেবলমাত্র বিচারপর তত্ত্বালোচনার গুরুভার পাঠকের মস্তিষ্কে ন্যস্ত করিবার চেষ্টা দেখাইলে তাঁহার এই অলৌকিক নিবন্ধের পাঠক সংগ্রহ করা কঠিত হইত। আবার, কুতর্কপূর্ণ জড়বিচারপ্রিয় জনগণকে তাহাদের সিদ্ধান্ত-বিপর্য্যয় হইতে রক্ষা করিবার জন্য চরিতামৃতের বিষয়মালা যে কি উপকার সাধন করিয়াছেন, তাহা বলাই বাহুল্যমাত্র। ঐতিহ্য-পাঠকের রুচিগত বিবর্ত্তবাদ-পোষণের বিষময় কবল হইতে বিবুধম্মন্যগণের পরিত্রাণ-কার্য্যরূপ দয়ার ইহাই এক অদ্ভুত চিত্র। গৃহধর্ম্মপর গ্রাম্যকাব্যসুখামোদী ব্যক্তি মধুর-রসাভাস-প্রাপ্তির জন্য যে লৌল্যের বশবর্ত্তী,

গ্রন্থের ফল

তাদৃশ বিষয়ের ছলনায় পাঠকদিগকে বৈকুণ্ঠে উত্তোলন-কার্য্যে গ্রন্থকারের অচিন্ত্য শক্তি। বৈষ্ণবসেবা-বঞ্চিত ভোগপর গ্রাম্যরসনিপুণ ইন্দ্রিয়ামোদি-সম্প্রদায় শ্রীচরিতামৃতের পদ গান করিয়াও বিষয়রস-মত্ত হইয়া যে কিরূপ নিজ-নিজ-অপকার-সাধনে সিদ্ধহস্ত হইয়াছেন, তাহা বলাই বাহুল্য। আবার একই বিষয়াবধারণে ভাগ্যবান্ বৈষ্ণবসেবা-রত জনগণ বিষয়পঙ্ক হইতে উদ্ধার লাভ করিয়া সদ্গতি প্রাপ্ত হইয়াছেন। কোথায় নরকসদৃশ বিষয়পিপাসার যন্ত্রণা, আর কোথায় অমৃতপানে মরজগতের যন্ত্রণাময় বায়ুর সঙ্কোচবশতঃ বৈকুণ্ঠ-সমীরণে সঞ্জীবিত হওয়ার সৌভাগ্যলাভ! এইজন্যই এই গ্রন্থকে পণ্যদ্রব্য মনে করিয়া দগ্ধোদরপূরণ-ইন্দ্রিয়বিলাস-সম্ভারের আকর্ষণে আকৃষ্ট 'সাধু' বলিয়া প্রতিষ্ঠা-লাভ—একাধারে ভগবদ্বিমুখতার সহিত লোকবঞ্চনা ও আত্মবঞ্চনা-মাত্র। যাঁহার যাহা প্রার্থনা, গ্রন্থানুশীলনরূপ কল্পতরু-সেবনসূত্রে তাঁহার তত্তৎপ্রাপ্তি। মধুর রসের ভাবসমূহ-বর্ণনকালে অপার গাম্ভীর্য্য এই গ্রন্থের মর্য্যাদা প্রচুরপরিমাণে সম্বর্দ্ধন করিয়াছে। বিরোধবুদ্ধিতে অপসম্প্রদায় যে আখ্যায়িকার ছলনায় শ্রীজীবগোস্বামিদ্বারা এই গ্রন্থের অসম্মাননা উদ্ভাবন করিয়াছে, তাহাতেও গ্রন্থের যশঃসৌরভ দিগ্‌দিগন্ত ব্যাপ্ত হইয়াছে। নিজপ্রতিষ্ঠা-লাঘবভয়ে আচার্য্যের ঈর্ষাপরায়ণ হইয়া গ্রন্থখানিকে যামুন-সলিলে নিক্ষেপ প্রভৃতি অপরাধময় বাক্যাবলীতে উদ্ভাবনকারী কপটের নানা অত্যাচার প্রকৃত চরিতামৃত ও সন্দর্ভ-পাঠকের নিকট কোন কুফল উৎপাদন করিতে পারে নাই ; পক্ষান্তরে, তদ্দ্বারা তাহাদের নীচতা, বৈষ্ণব-বিদ্বেষ ও গুরুদ্রোহিতারূপ ইন্দ্রিয়-চাঞ্চল্যই সুষ্ঠভাবে প্রকাশিত হইয়া পড়িয়াছে। শ্রীজীবাচার্য্যের প্রতি ভক্তিবিদ্বেষী কপট-সম্প্রদায়ের বিদ্বেষ স্বকীয় ও পারকীয় বিচার-তর্কাশ্রয়ে অথবা দিগ্বিজয়ি-দমনোপলক্ষে

শ্রীকৃষ্ণদাসের বা তাঁহার গ্রন্থের প্রতি পাঠকগণের রুচিবিকার উৎপাদন করিতে সমর্থ হয় নাই, পরন্তু আচার্য্যের সম্মান পরিপোষণ করিয়া একতাৎপর্য্যপরতায় ষড়্‌গোস্বামীর শ্রীচৈতন্যসেবা-সৌন্দর্য্য সম্বর্দ্ধন করিয়াছে।

ভক্ততত্ত্বের অনুকূলে শ্রীচৈতন্য-লীলা বর্ণন করিতে গিয়া গ্রন্থকার কোন্ কোন্ উপকরণ-বলে এই অপূর্ব্ব গ্রন্থ পাঠকের সহজ-লভ্য করিয়াছেন, তাহার একটী সংক্ষিপ্ত তালিকা এস্থলে উপস্থাপিত করা অপ্রাসঙ্গিক নহে। লীলা-বিষয়ের উপকরণরূপে আমরা দেখিতে পাই যে, আদিলীলার আকরগ্রন্থ—শ্রীল বৃন্দাবনদাস-ঠাকুরের রচিত শ্রীচৈতন্যমঙ্গল বা শ্রীচৈতন্যভাগবত। শ্রীমুরারিগুপ্তের শ্রীচৈতন্যচরিত-নামক সংস্কৃত কড়্চা, লোচনদাসের শ্রীচৈতন্যমঙ্গল এবং শ্রীচৈতন্যদাস-রচিত শ্রীচৈতন্যচরিতামৃত-নামক মহাকাব্য তৎকালে লিখিত হইলেও ঐ গ্রন্থগুলির উপর তাঁহার নির্ভর ছিল না। অন্যান্য কতিপয় আধুনিক বা পরবর্ত্তিকালে লিখিত গ্রন্থগুলিকে (যথা, জয়ানন্দের চৈতন্যমঙ্গল, গোবিন্দদাসের কড়্চা, বংশীশিক্ষা, অদ্বৈতপ্রকাশ, নিত্যানন্দবংশবিস্তার প্রভৃতি) 'প্রাচীন' বলিয়া নির্দ্দেশ করিতে আমাদের প্রবৃত্তি হয় না ; বিশেষতঃ, তাহাদের তত্ত্ব বা সিদ্ধান্তের বিপর্য্যয়, অভিসন্ধি-মূলে সঙ্কীর্ণতা প্রতিপাদন করিবার প্রয়াস ও শিক্ষার অভাব প্রভৃতি লক্ষ্য করিয়া শ্রীচরিতামৃতের 'আকর-গ্রন্থ' বলিয়া ঐ অপগ্রন্থগুলিকে কেহই স্বীকার করেন না। শ্রীকবিকর্ণপূর-রচিত শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটক, শ্রীরঘুনাথের কণ্ঠস্থিত শ্রীদামোদরস্বরূপের কড়্চা, তাৎকালিক শ্রীবৃন্দাবনবাসি-গোস্বামিগণের ও তাঁহাদের সঙ্গিগণের সন্ধানমুখে আলোচনা ও কতিপয় প্রাচীনপদ গ্রন্থকারের প্রধান অবলম্বন ছিল। শ্রীগৌরসুন্দরের প্রচারিত সিদ্ধান্ত ও প্রেমভক্তি-তত্ত্ব সুযোগ্যতার সহিত বর্ণন-মুখে তিনি বেদ (সংহিতা, উপনিষৎ, তাপনী), সূত্রগ্রন্থ, পঞ্চরাত্র, পুরাণ, ধর্ম্মশাস্ত্র, পূর্ব্বাচার্য্য-রচিত গ্রন্থ ও অন্যান্য বহুবিধ গ্রন্থ উপকরণস্বরূপে গ্রহণ করিয়াছেন।

গ্রন্থের উপকরণ

গ্রন্থের উপকরণ

লীলা-বিষয়ক উপকরণ—(১) চৈতন্যচন্দ্রোদয়-নাটক, (২) চৈতন্যভাগবত, (৩) দামোদর-স্বরূপের কড়্চা (রঘুনাথের কণ্ঠস্থিত), (৪) বৃন্দাবনবাসি-গোস্বামিগণের ও সঙ্গিগণের আলোচিত পদসমূহ।

বেদ—(ক) সংহিতা—(১) ঋক্, (২) যজুঃ, (৩) সাম ও (৪) অথর্ব্ব।

(খ) **উপনিষৎ**—(১) ঈশ, (২) ঐতরেয়, (৩) কঠ, (৪) কেন, (৫) ছান্দোগ্য, (৬) তৈত্তিরীয়, (৭) প্রশ্ন, (৮) বৃহদারণ্যক, (৯) মাণ্ডুক্য, (১০) মুণ্ডক ও (১১) শ্বেতাশ্বতর ।

তাপনী—(১) গোপাল ও (২) নৃসিংহ।

সূত্র (দর্শন)—(১) ন্যায়, (২) পাতঞ্জল, (৩) বেদান্ত, (৪) বৈশেষিক, (৫) মীমাংসা ও (৬) সাংখ্য।

পঞ্চরাত্র—(১) কাত্যায়ন-সংহিতা, (২) গৌতমীয়-তন্ত্র, (৩) সাত্বত-তন্ত্র, (৪) তন্ত্রবচন, (৫) নারদ-পঞ্চরাত্র, (৬) বৈষ্ণবতন্ত্র, (৭) ব্রহ্মসংহিতা, (৮) সর্ব্বজ্ঞ-সূক্ত, (৯) সিদ্ধার্থ-সংহিতা, (১০) স্মৃতিবচন ও (১১) হয়শীর্ষ-পঞ্চরাত্র।

পুরাণ ও ভারত—(১) আদিপুরাণ, (২) ইতিহাস-সমুচ্চয়, (৩) উপপুরাণ, (৪) কূর্ম্মপুরাণ, (৫) গরুড়পুরাণ, (৬) নৃসিংহপুরাণ, (৭) পদ্মপুরাণ, (৮) বিষ্ণুধর্ম্মোত্তর, (৯) বিষ্ণুপুরাণ, (১০) বৃহন্নারদীয়পুরাণ, (১১) ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, (১২) ব্রহ্মাণ্ডপুরাণ, (১৩) স্কন্দপুরাণ, (১৪) শ্রীভাগবত, (১৫) মহাভারত, (১৬) গীতা, (১৭) সহস্রনাম ও (১৮) হরিভক্তিসুধোদয়।

ধর্ম্মশাস্ত্র—মন্বাদি বিংশতি ধর্ম্মশাস্ত্র।

পূর্ব্বাচার্য্য-রচিত গ্রন্থ—(১) কৃষ্ণকর্ণামৃত (বিল্বমঙ্গল-কৃত), (২) নামকৌমুদী (লক্ষ্মীধর-কৃত), (৩) ভাগবত-তাৎপর্য্য (শ্রীমধ্ব-কৃত ভাগবত-টীকা), (৪) ভাবার্থ-দীপিকা (শ্রীধর-কৃত ভাগবতের টীকা), (৫) মহাভারত-তাৎপর্য্য (শ্রীমধ্ব-কৃত), (৬) মহাভারতীয় উদ্যোগপর্ব্বের শ্রীধর-ধৃত শ্লোক, (৭) মুকুন্দমালা-স্তোত্র (শ্রীকুলশেখর-কৃত), (৮) যামুনাচার্য্যপাদোক্ত পদ্যাবলী, (৯) শ্রীরামানুজ-ভাষ্য, (১০) শ্রীধর-কৃত তন্ত্রবচন, (১১) সর্ব্বজ্ঞসূক্ত ও (১২) স্তোত্ররত্ন (শ্রীযামুনাচার্য্য-কৃত)।

গোস্বামি-রচিত গ্রন্থ—(১) আর্য্যশতক, (২) উজ্জ্বলনীলমণি, (৩) শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রোক্ত পদ্যাবলী, (৪) শ্রীকৃষ্ণসন্দর্ভ, (৫) গীতগোবিন্দ, (৬) গোপালচম্পূ, (৭) গোবিন্দলীলামৃত, (৮) জগন্নাথবল্লভ, (৯) বৈষ্ণবতোষণী, (১০) দানকেলিকৌমুদী, (১১) নাটকচন্দ্রিকা, (১২) পদ্যাবলী, (১৩) বিদগ্ধমাধব, (১৪) বৃহদ্ভাগবতামৃত, (১৫) ভক্তিরসামৃতসিন্ধু, (১৬) ভগবৎসন্দর্ভ, (১৭) লঘুভাগবতামৃত, (১৮) ললিতমাধব-নাটক, (১৯) সর্ব্বসম্বাদিনী, (২০) স্তবমালা, (২১) স্তবাবলী ও (২২) হরিভক্তিবিলাস।

ইতর গ্রন্থ—(১) অধ্যাত্ম-রামায়ণ, (২) অভিধানসমূহ, (৩) অলঙ্কারশাস্ত্র, (৪) উদ্বাহতত্ত্ব, (৫) একাদশীতত্ত্ব, (৬) কাব্য-প্রকাশ, (৭) দিগ্বিজয়ি-স্তব, (৮) নৈষধ, (৯) পাণিনি, (১০) প্রাচীনকৃত শ্লোক, (১১) বঙ্গদেশীয় বিপ্রকৃত শ্লোক, (১২) বাল্মীকি-

কৃত রামায়ণ, (১৩) বিশ্বপ্রকাশ, (১৪) ভরতমুনি-বাক্য, (১৫) ভারবী, (১৬) মলমাসতত্ত্ব, (১৭) মুনিবাক্য, (১৮) যোগবাশিষ্ঠ, (১৯) রঘুবংশ, (২০) শকুন্তলা, (২১) শঙ্করাচার্য্যকৃত শারীরক-ভাষ্য ও (২২) সামুদ্রিক-শাস্ত্র।

গ্রন্থের বিভাগ

গ্রন্থখানি তিনভাগে বিভক্ত,—আদিলীলা, মধ্যলীলা ও অন্ত্যলীলা। আদিলীলায় সপ্তদশ-পরিচ্ছেদ, মধ্যে পঞ্চবিংশ-পরিচ্ছেদ ও অন্ত্যলীলায় বিংশ-পরিচ্ছেদে অন্তর্বিভাগ রচিত হইয়াছে। তিন লীলার বিভিন্ন পরিচ্ছেদে লিখিত বিষয়-সমূহের বর্ণনায় সূত্রাকারে প্রত্যেক-লীলার শেষ-পরিচ্ছেদে অর্থাৎ আদিলীলার সপ্তদশ-পরিচ্ছেদে, মধ্যলীলার পঞ্চবিংশ পরিচ্ছেদে ও অন্ত্যলীলায় বিংশ পরিচ্ছেদে লিপিবদ্ধ হইয়াছে। তদ্ব্যতীত মধ্যলীলার প্রথম পরিচ্ছেদে শ্রীগৌরসুন্দরের নীলাচলে অবস্থিতি-কালীন যাবতীয় লীলার ধারাবাহিক অনুবাদ লিখিতে গিয়া মধ্য ও অন্ত্যলীলার বিভিন্ন পরিচ্ছেদগত লীলা-বর্ণনের একটী সমাহার পরিদৃষ্ট হয়। ইহাতে পরিচ্ছেদ-গত সংখ্যার উল্লেখ না থাকিলেও লীলাসমূহের সূত্রাকারে বর্ণন আছে। এইরূপ অনুবাদ ও সূত্র-বর্ণন থাকায় গ্রন্থের মধ্যে পরবর্ত্তিকালে অপরের প্রক্ষেপ হইতে গ্রন্থকারের নিজ-গ্রন্থখানির রক্ষা হইয়াছে।

আদিলীলার বিবরণ

আদিলীলার প্রথম চারি পরিচ্ছেদে শ্রীচৈতন্যদেব-তত্ত্ব, পঞ্চম-পরিচ্ছেদে শ্রীনিত্যানন্দ-তত্ত্ব ও ষষ্ঠ-পরিচ্ছেদে শ্রীঅদ্বৈত-তত্ত্ব সূচিত হইয়াছে। সপ্তম পরিচ্ছেদে মহাপ্রভুর নিজতত্ত্ব, প্রকাশতত্ত্ব নিত্যানন্দ, অবতার-তত্ত্ব অদ্বৈত, শক্তিতত্ত্ব গদাধরাদি এবং ভক্ততত্ত্ব শ্রীবাসাদির তত্ত্ব-সম্মিলন বর্ণিত। প্রথম চারি পরিচ্ছেদের প্রথমে শ্রীচৈতন্যের তত্ত্ব সাধারণভাবে, দ্বিতীয়ে বিশেষভাবে, তৃতীয়ে প্রপঞ্চে অবতরণের বাহ্য উদ্দেশ্য, চতুর্থে অন্তরুদ্দেশ্য লিখিয়াছেন। অষ্টম পরিচ্ছেদে গ্রন্থের উপক্রমণিকা ও গ্রন্থকারের নিজ-পরিচয় পাওয়া যায়। নবম পরিচ্ছেদে মহাপ্রভুকে ভক্তিকাননের মালাকাররূপে বর্ণন এবং দশম হইতে দ্বাদশ-পর্য্যন্ত পরিচ্ছেদত্রয়ে মহাপ্রভুর নিজ-পার্ষদশাখা, নিত্যানন্দ-শাখা এবং অদ্বৈত ও গদাধর-শাখার তালিকা প্রদত্ত হইয়াছে। আদিলীলার প্রথম হইতে দ্বাদশ পর্য্যন্ত পরিচ্ছেদগুলিকে শ্রীচৈতন্যচরিতামৃতের প্রারম্ভিক 'উদ্বোধন' বা 'উপোদ্ঘাত' বলা যাইতে পারে। আদিলীলার ত্রয়োদশ হইতে সপ্তদশ পরিচ্ছেদ পর্য্যন্ত শেষ পাঁচটী পরিচ্ছেদে ভগবানের গৃহস্থ-চরিত্রের লীলা কথিত হইয়াছে। ত্রয়োদশে জন্মলীলা, চতুর্দ্দশে বাল্যলীলা, পঞ্চদশে পৌগণ্ড-লীলা, ষোড়শে কৈশোর-লীলা এবং সপ্তদশে যৌবন-লীলার ঘটনাবলী বর্ণিত হইয়াছে। শ্রীচৈতন্যচরিতামৃতের আদিলীলায় বর্ণিত কথাগুলি শ্রীবৃন্দাবনদাস-ঠাকুরের শ্রীচৈতন্যভাগবতে বিশেষভাবে বর্ণিত হওয়ায় এই গ্রন্থে তাহা পুনরায় বিস্তৃতভাবে উল্লিখিত হয় নাই। শ্রীচৈতন্যভাগবতকে শ্রীচরিতামৃতের পূর্ব্বভাগ এবং শ্রীচরিতামৃতকে শ্রীচৈতন্যভাগবতের উত্তরভাগ বলা যাইতে পারে। শ্রীচরিতামৃতে শ্রীমন্মহাপ্রভুর তুর্য্যাশ্রমে অবস্থিতি-কালীন লীলাসমূহ বিশেষভাবে বর্ণিত হইয়াছে। শ্রীচরিতামৃতের মধ্য ও অন্ত্যলীলার পরিচ্ছেদসমষ্টি অর্থাৎ পঁয়তাল্লিশটী পরিচ্ছেদ—শ্রীকৃষ্ণচৈতন্যের সন্ন্যাস-লীলা এবং আদিলীলার শেষ পাঁচটী পরিচ্ছেদ—মহাপ্রভু বিশ্বম্ভরের বাল্যলীলা ও গার্হস্থ্যলীলা-বর্ণনে ব্যবস্থিত। সুতরাং তত্ত্বানুকূল লীলাগ্রন্থ-সূত্রে পঞ্চাশৎ পরিচ্ছেদ এবং তাহার ভূমিকাসূত্রে তত্ত্বপরিচয়ে দ্বাদশ পরিচ্ছেদে,—সর্ব্বসাকল্যে দ্বিষষ্টি পরিচ্ছেদে গ্রন্থ সম্পূর্ণ।

মধ্যলীলার বিবরণ

মধ্যলীলার প্রথম পরিচ্ছেদে প্রচার-কার্য্যে ব্রতী শ্রীরূপ-সনাতনের কথা-প্রসঙ্গ, মধ্য ও অন্ত্যলীলার অনুবাদ-সূত্র-কথন এবং দ্বিতীয়ে অন্ত্যলীলা-কথিত শেষ দ্বাদশবর্ষের লীলামালার সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ হইয়াছে। তৃতীয় পরিচ্ছেদে সন্ন্যাস-গ্রহণের পরবর্ত্তি-ঘটনা-বর্ণনমুখে রাঢ়দেশ ও শান্তিপুরে গমন এবং চতুর্থে ও পঞ্চমে নীলাচলপথে রেমুণা, যাজপুর, কটক, সাক্ষিগোপাল ও ভুবনেশ্বরাদি স্থানের আখ্যায়িকা এবং দণ্ডভঙ্গ-লীলা বর্ণিত হইয়াছে। ষষ্ঠ পরিচ্ছেদে মহাপ্রভুর পুরীতে আগমন ও সার্ব্বভৌম-মিলন, সপ্তমে দক্ষিণ-যাত্রা, অষ্টমে রামানন্দ-মিলন, নবমে দক্ষিণাত্য-ভ্রমণকাহিনী, দশমে ও একাদশে পুরীতে প্রত্যাগমন ও গৌড়াগত ভক্তগণের ও উৎকল-ভক্তগণের সম্মিলন চিত্রিত হইয়াছে। দ্বাদশ, ত্রয়োদশ ও চতুর্দ্দশ পরিচ্ছেদত্রয়ে প্রভুর পুরুষোত্তমে অবস্থান ও জগন্নাথদেবের যাত্রাদি-প্রসঙ্গ এবং পঞ্চদশে ভক্তবিদায় অঙ্কিত হইয়াছে। ষোড়শে প্রভুর বৃন্দাবনযাত্রা ও মধ্যপথ হইতে প্রত্যাবর্ত্তন এবং শান্তিপুরে রঘুনাথদাস-প্রসঙ্গ কথিত হইয়াছে। সপ্তদশে বন-পথে পুনঃ বৃন্দাবনযাত্রা, অষ্টাদশে বৃন্দাবন-ভ্রমণ, ঊনবিংশে প্রয়াগে শ্রীরূপশিক্ষা এবং বিংশ হইতে পঞ্চবিংশ পর্য্যন্ত ছয়টী পরিচ্ছেদে কাশীতে সনাতন-শিক্ষা-প্রসঙ্গে—বিংশ ও একবিংশে সম্বন্ধ-জ্ঞান, দ্বাবিংশে অভিধেয়, ত্রয়োবিংশে প্রয়োজন, চতুর্ব্বিংশে 'আত্মারামাশ্চ'-শ্লোকার্থ-বিবরণ এবং পঞ্চবিংশে মায়াবাদি-বিমোচন-লীলা বর্ণিত হইয়াছে।

অন্ত্যলীলার বিবরণ

অন্ত্যলীলার আদি পরিচ্ছেদে শ্রীরূপের সহিত দ্বিতীয়বার মিলন-প্রসঙ্গে তাঁহার রচিত গ্রন্থশ্রবণ ও শিবানন্দের কুক্কুরাখ্যান, দ্বিতীয়ে ছোট হরিদাসাখ্যানে যোষিৎসঙ্গিপরিহারলীলা, তৃতীয়ে হরিদাস-মহিমা ও নাম-মহিমা, দামোদরের বাগ্‌দণ্ড, চতুর্থে শ্রীসনাতনের সহিত দ্বিতীয়বার মিলন, পঞ্চমে প্রদ্যুম্নমিশ্রের রামানন্দ-সঙ্গ ও বঙ্গকবির তত্ত্ব-বিভ্রাট, ষষ্ঠে দাস-গোস্বামীর কথা ও মহোৎসব, সপ্তমে বল্লভভট্ট-মিলন, অষ্টমে রামচন্দ্রপুরীর কটাক্ষে ভিক্ষা-সঙ্কোচ, নবমে

রাজার্থাপহারীর গর্হণ, দশমে রাঘবের ঝালি, ভৃত্যের সেবাবৃত্তি-পরীক্ষা এবং নৃত্য, একাদশে হরিদাস-ঠাকুরের নির্য্যাণ, দ্বাদশে জগদানন্দের আনীত তৈলোপেক্ষা ও নিত্যানন্দের শিবানন্দ-তাড়ন, ত্রয়োদশে জগদানন্দের বৃন্দাবন-যাত্রা, প্রভুর দেবদাসীর গীতশ্রবণ এবং রঘুনাথভট্ট-সংবাদ, চতুর্দ্দশে ও পঞ্চদশে দিব্যোন্মাদ, অন্তর্দ্দশায় বৃন্দাবনোপলব্ধি ও কৃষ্ণান্বেষণ, ষোড়শে কালিদাসের বৈষ্ণবোচ্ছিষ্টপ্রসঙ্গ, কবিকর্ণপূরের শৈশবাখ্যান, কৃষ্ণাধরামৃতফল-মাহাত্ম্য, সপ্তদশে গাভিমধ্যে অন্তর্দ্দশা, অষ্টাদশে সমুদ্রমধ্যে অন্তর্দ্দশা, ঊনবিংশে বিপ্রলম্ভাবস্থা এবং বিংশে শিক্ষাষ্টক, অন্ত্যলীলার সূত্রবর্ণন ও গ্রন্থসমাপ্ত এবং গ্রন্থকারের দৈন্য বর্ণিত হইয়াছে।

শ্রীচৈতন্যদেবের প্রচারিত ধর্ম্মমতকে কেহ কেহ আধুনিক ও নবোদ্ভাবিত বলিবার ধৃষ্টতা প্রদর্শন করেন, কিন্তু সকল শাস্ত্রই তারস্বরে তাঁহার কথাই ন্যূনাধিক বলিবার জন্য উদ্‌গ্রীব হইয়াও সুষ্ঠুভাবে বর্ণন করিতে পারেন নাই। ভগবান্ শ্রীচৈতন্যদেব বাস্তবসত্য-বিষয়ে যে-সকল কথা বলিয়াছেন, তাহাই তিনি প্রাকৃতসর্গের প্রারম্ভে ব্রহ্মার হৃদয়ে প্রকটিত করিয়াছিলেন। ব্রহ্মা কালে কালে যে-সকল ব্যক্তির নিকট ঐ কথা প্রকাশিত করিয়াছিলেন, তাহা ক্রমশঃ কালপ্রভাবে নানাপ্রকারে বিপন্ন হইয়াছিল। ব্রহ্মার কথিত বাস্তবসত্য শ্রুতিপরম্পরায় পরবর্ত্তী ঋষিসমাজে প্রকাশিত হইলেও গুণত্রয়ের আক্রমণে শ্রৌতবাণী নানাপ্রকারে রূপান্তরিত হইয়াছে। শ্রৌতবাণীর বিকৃত ধারণা যেকালে বাস্তবসত্যকে আবৃত ও বিপর্য্যস্ত করিবার প্রয়াস করে, তৎকালেই শ্রৌতপন্থার আদিপুরুষ ভগবান্ বিষ্ণু স্বীয় নৈমিত্তিক লীলাবতারসমূহের অবতারণা করেন।

শ্রীচৈতন্য-প্রচারিত বাস্তব সত্যধর্ম্মের সুপ্রাচীনত্ব ও প্রাগ্‌বন্ধযুগীয় ইতিহাস

ব্রহ্মার সাতটী বিভিন্ন **জন্মে** সেই বাস্তব সত্য পুনঃ পুনঃ প্রকাশিত হইয়াছিল। কালপ্রভাবে সেই সত্য ন্যূনাধিক লুপ্ত হইয়া কলিযুগে বিবিধ তর্কপন্থার আবাহন করিয়াছে। ব্রহ্মার **প্রথম মানস জন্মে** শ্রীনারায়ণ হইতে ফেনপগণ বাস্তবসত্যের কথা অবগত হন। ফেনপগণ হইতে বৈখানসগণ এবং তাঁহাদের নিকট হইতে চন্দ্র বাস্তবসত্য লাভ করেন। ব্রহ্মার **দ্বিতীয় চাক্ষুষ জন্মে** নারায়ণের কৃপাক্রমে ব্রহ্মা ও রুদ্র এবং রুদ্র হইতে বালখিল্যগণ সেই সত্যে উপনীত হন। ব্রহ্মার **তৃতীয় বাচিক জন্মে** নারায়ণ হইতে সুপর্ণ ঋগ্বেদের আকর মন্ত্র লাভ করেন। তৎকালে বায়ু হইতে বিঘশাসি-সম্প্রদায় এবং বিঘশাসিগণ হইতে মহোদধি ঐকান্তিক ধর্ম্মবিষয়ে অভিজ্ঞতা লাভ করেন। ব্রহ্মার **চতুর্থ শ্রবণজ জন্মে** আরণ্যক-সহ বেদশাস্ত্রে সাত্বতধর্ম্ম প্রচারিত হয়। তৎকালে ব্রহ্মা হইতে স্বারোচিষ মনু, তাঁহা হইতে তাঁহার পুত্র শঙ্খপদ এবং শঙ্খপদের পুত্র সুবর্ণাভ সাত্বতধর্ম্ম শিক্ষা করেন। ব্রহ্মার মানসজন্ম, চাক্ষুষজন্ম, বাচিকজন্ম ও শ্রবণজ-জন্ম—এই চারিপ্রকার আবির্ভাবে সত্যযুগে ধর্ম্ম প্রচারিত হইয়াছিল। তৎকালে ত্রেতাযুগের ন্যায় বর্ণাশ্রম-ধর্ম্ম ও বৈদিক কর্ম্ম-কাণ্ডের প্রচার আরম্ভ হয় নাই।

ব্রহ্মার সপ্ত জন্মে বাস্তব-সত্যের প্রকাশ

ফেনপ, বৈখানস, সোম, রুদ্র, বালখিল্য, সুপর্ণ, বায়ু, মহোদধি, স্বারোচিষ মনু, শঙ্খপদ ও সুবর্ণাভ প্রভৃতি প্রাগ্‌বন্ধযুগের হরিজনগণের সকলেই একায়ন-শাখী ছিলেন। সেই সময়ে বৈদিক শাখার কোনও বিভাগ ছিল না বলিয়াই বৈদিক ঋষিগণ 'একায়ন-শাখী'-নামে পরিচিত ছিলেন। ফেনপ, বৈখানস, বালখিল্য ও পরবর্ত্তিসময়ে ঔড়ুম্বরগণ পূর্ব্ব-সম্প্রদায়-চতুষ্টয়ের অনুসরণে বর্ণাশ্রমধর্ম্ম প্রতিষ্ঠিত হইবার কালেও বানপ্রস্থের শাখাবিশেষে পর্য্যবসিত হইয়াছিলেন।

বাস্তব সত্যোপাসকগণের বর্ণাশ্রমাতীত একায়ন-শাখিত্ব

ত্রেতার প্রারম্ভে বর্ণাশ্রমধর্ম্ম গুণকর্ম্ম-বিভাগানুসারে চারি চারিভাগে বিভক্ত হয়। তৎকালে ব্রহ্মার **পঞ্চম নাসত্য জন্মে** নারায়ণ হইতে সনৎকুমার ঐকান্তিক ধর্ম্মে প্রবিষ্ট হন। সনৎকুমার হইতে বীরণ, বীরণ হইতে রৈভ্য, রৈভ্য হইতে কুক্ষি ঐকান্তিক ধর্ম্মে প্রবিষ্ট হন। সেই সময়ে ব্রহ্মার **ষষ্ঠ অণ্ডজ জন্মে** ব্রহ্মা হইতে বর্হিষৎ ও তদগ্রজ অবিকম্পন প্রভৃতি ঐকান্তিক সাত্বত-ধর্ম্মে প্রবিষ্ট হন। ব্রহ্মার ষষ্ঠ জন্মেই সর্ব্বপ্রথমে সামবেদ-গানের ধ্বনি উদ্গীত হয়। ব্রহ্মার **সপ্তম পাদ্মজন্মেই** নারায়ণ হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে দক্ষ, আদিত্য, বিবস্বান্, মনু ও ইক্ষ্বাকু প্রভৃতি ভাগবতধর্ম্মে অবস্থিত হইয়া প্রসিদ্ধি লাভ করেন।

সর্ব্বশাস্ত্র-প্রসিদ্ধ ব্রহ্মার পাদ্মজন্মে ভক্তির ইতিহাস

শ্রীসম্প্রদায়—রত্নাকর হইতে উদ্ভূত। রত্নাকর প্রাচীন বিঘশাসি-সম্প্রদায় হইতে এবং উক্ত সম্প্রদায় আবার বায়ু হইতে ব্রহ্মার তৃতীয় বাক্যজ জন্মে প্রকটিত হন। ব্রহ্ম-সম্প্রদায় ও রুদ্র-সম্প্রদায় ব্রহ্মার চাক্ষুষজন্মে শ্রীনারায়ণ হইতে কৃপালাভ করেন। তাঁহাদের অধস্তন বালখিল্যগণই ব্রহ্ম ও রুদ্র-সম্প্রদায়ের সংরক্ষণ করেন। সনৎকুমার ব্রহ্মার পঞ্চম নাসত্য জন্মে শ্রীনারায়ণ হইতে ত্রেতা-প্রারম্ভে ঐকান্তিক ধর্ম্মলাভ করেন।

সাত্বত-সম্প্রদায়-চতুষ্টয়ের ইতিহাস

পাদ্মকল্পের ভগবদবতারাবলীর কথা শাস্ত্রে কীর্ত্তিত আছে। মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, ভার্গব, রাম, বলদেব, বুদ্ধ

সাত্বত, ভক্ত বা ভাগবত-গণের সুপ্রাচীনত্ব বা সনাতনত্ব

ও কল্কি—এই বিষ্ণু-অবতার দশটী উপাস্যরূপে গৃহীত হইয়া বিভিন্ন সাত্বত-শ্রেণীর অনুষ্ঠানসমূহ পুরাণ, মহাভারত প্রমুখ-গ্রন্থে লিপিবদ্ধ দেখা যায়। যদিও এই সকল শাস্ত্রগ্রন্থ সংস্কৃত দেবভাষায় রচিত, তাহা হইলেও প্রাগ্গ্রন্থযুগে সাত্বতধর্ম্মের কথা ইঙ্গিতে ও কিয়ৎপরিমাণে বর্ণন আমাদের লক্ষিতব্য বিষয় হয়। ভগবানের দশাবতারের উপাসকগণ 'ভক্ত', 'ভাগবত' বা 'সাত্বত' আখ্যা লাভ করিয়াছেন। পার্থিব বিচারে যেস্থলে নশ্বর, পরিবর্ত্তনশীল খণ্ডকালের অনুভূতি এবং প্রাকৃত খণ্ডিত পাত্রানুভূতি আরব্ধ, সেস্থলে ভগবানের গুণাবতারদ্বয় ভগবৎপর্য্যায়ে গণিত।

অশ্রৌতপন্থায় আবৃত গৌণ দর্শন ও ভাগবত-বিপর্য্যয় ধর্ম্ম

অধোক্ষজ বিজ্ঞান ব্রহ্মার হৃদ্দেশে সর্ব্বকালে প্রকটিত থাকিলেও ব্রহ্মার অধস্তনগণের মধ্যে অক্ষজ প্রবৃত্তিবশে নানাপ্রকার তাৎকালিক প্রতীতি নিত্য সত্য শ্রেণীতে অবৈধভাবে গণিত হইয়াছে। তজ্জন্যই জগতে ভগবদ্‌বিষয়ে নানাপ্রকার বিবদমান ধারণার প্রবৃত্তি দেখা যায়। কোথায়ও বা গ্রাম্যদেবতাবাদ, ভূতপ্রেতবাদ, বশীকরণ, পঞ্চপক্ষি-সাধন, পঞ্চমকার-সাধনমুখে জড়োন্মুখী শাক্তেয়মতবাদ, কোথায়ও বা সত্ত্ব-রজোমিশ্রিত গুণ-প্রভাবিত সৌরবাদ এবং কোথায়ও বা সত্ত্বতমোগুণোত্থ গাণপত্যমতের গগনভেদি-নিনাদ সাত্বতমত-বিপর্য্যয়ের উদ্দেশে প্রতিদ্বন্দ্বিতার অভিনয় দেখাইয়াছে। ব্রহ্মার চিত্তে উদিত অধোক্ষজের সেবনপ্রণালীর অমর্য্যাদা করিয়া অন্যাভিলাষ—কর্ম্ম ও জ্ঞানপথে তদধস্তন বদ্ধজীবের চিত্তবৃত্তিকে প্রধাবিত করাইয়াছে। ঐ সকল তাৎকালিক উদিত চিত্তবৃত্তি তমোগুণসেব্য গুণাবতার রুদ্রের বিক্রমে স্তব্ধ হয়। প্রাকৃত জগতে নির্গুণ বিষ্ণুর রজোগুণাবতার ব্রহ্মার বিবিধ অধিষ্ঠান তত্তৎস্বভাববিশিষ্ট জনগণকর্ত্তৃক কল্পিত, উদ্ভাবিত ও প্রকটিত হইয়াছে এবং তাদৃশ রাজসিক প্রবৃত্তি তমোগুণে লীন হইবার পূর্ব্ব পর্য্যন্ত গুণময় বিষ্ণুর উপাসনা প্রপঞ্চে স্বীয় বিক্রম প্রকাশ করে। প্রকৃত প্রস্তাবে সগুণ ও নির্গুণোপাসনার ধারণা প্রাকৃত বিচারে সংশ্লিষ্ট।

অভক্তিমার্গ—অন্যাভি-লাষ, কর্ম্ম ও জ্ঞান

প্রাকৃত বিচার-রাজ্য অতিক্রম করিয়া প্রপঞ্চে অবস্থিত সগুণ ও নির্গুণোপাসনা ভক্তি-প্রতিকূল অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞানের আশ্রয়ে প্রপঞ্চে স্ব-স্ব প্রভাব বিস্তার করে। অপ্রাকৃত ভগবৎসেবা নির্গুণ বা সগুণ উপাসনায় প্রাপঞ্চিক বিকারে বিকৃত হইবার যোগ্য নহে। তথাপি আমরা কলির প্রাবল্যে বা বিবাদযুগের প্রবৃত্তিতে নানাপ্রকার ভক্তিবিরোধী মতবাদ লক্ষ্য করি। শ্রীচৈতন্যদেব জগদ্‌গুরুর আসনে অধিষ্ঠিত হইয়া কুতার্কিকগণের নানাপ্রকার কুতর্কের উৎসাদন করিয়াছেন।

চারিযুগ ধর্ম্ম

সত্যযুগের বিষ্ণুধ্যান, ত্রেতার বিষ্ণুযজ্ঞ, দ্বাপরের বিষ্ণুপরিচর্য্যা ও কলির ভগবন্নামকীর্ত্তন কুতর্কগ্রস্ত বদ্ধজীবের ভগবদ্দর্শনে ও সেবাকার্য্যে সবিশেষ উপযোগী। তথাপি বিষ্ণুমায়ার বিক্ষেপাত্মিকা ও আবরণাত্মিকা শক্তি-প্রভাবে প্রকৃত সত্যানুসরণ সকলের ভাগ্যে ঘটিতে পারে না।

ভক্তির প্রাকট্য-কাল

যোগ্যতার অভাবে কলিহত জীবের দুর্গতিবর্ণনে বরাহপুরাণ বলেন,—কলি-প্রবৃত্তির দশসহস্রবর্ষকাল বিষ্ণু-উপাসনা জগতে প্রবল থাকিবে। তদর্দ্ধ পরিমিতকাল বিষ্ণুপাদোদকের মহিমা জগতে আদরণীয় হইবে। সাধারণ গ্রামবাসীর প্রাকৃত-ধারণামূলে যে সকল উপাস্য কল্পিত হয়, তত্তদ্ গ্রাম্যদেবতাকে ভগবদ্‌বোধ সার্দ্ধ-দ্বিসহস্রবর্ষকাল চলিতে থাকিবে। কিন্তু সাত্বত-শাস্ত্র বলেন,—পদ্মজ ব্রহ্মার সপ্তম অধিষ্ঠানে বিষ্ণুর সহিত আধিকারিক দেবগণের সাম্যপ্রয়াস-বাসনা সার্দ্ধদ্বিসহস্র বৎসর কর্ম্মরাজ্যের পথিকগণের ভ্রম উৎপাদন করিবে। বিষ্ণুপাদোদকে সাধারণ নীরবুদ্ধি পাঁচ সহস্র কল্যব্দ পর্য্যন্ত চলিতে থাকিবে। আর দশসহস্র বর্ষ পর্য্যন্ত বিষ্ণুকে অপর দেবকুলের সহিত সমান জ্ঞান অমঙ্গল-পথের পথিকগণ ধ্রুবসত্য বলিয়া গ্রহণ করিবেন।

অসংখ্য দোষাকর কলি-যুগের অপূর্ব্ব মহাগুণ

সাত্বতশাস্ত্র বলেন,—কলির শত শত দোষ থাকিলেও একটী মহাগুণ আছে এই যে, গৌরবিহিত কীর্ত্তনশ্রবণে জীবের প্রাকৃত বুদ্ধি হইতে মুক্তিলাভ ঘটে। কর্ম্ম ও জ্ঞান-কাণ্ডীয় বিচারকগণের সঙ্কীর্ণ বিচার হইতে কৃষ্ণকীর্ত্তন-প্রভাবেই কলিজীবের নানা মতবাদ হইতে মুক্তিলাভ ঘটে। তজ্জন্য শ্রীচৈতন্যচরিতামৃতের লেখক গ্রন্থ-প্রারম্ভের দ্বিতীয় পরিচ্ছেদে শ্রীচৈতন্যদেবের অলৌকিক ও সর্ব্বব্যাপী অনুগ্রহের কথা উচ্চৈঃস্বরে কীর্ত্তনমুখে প্রচার করিয়াছেন।

আনুগত্য-মাহাত্ম্য

দুঃসঙ্গবর্জ্জনরূপ কুসিদ্ধান্তের হস্ত হইতে একমাত্র শ্রীচৈতন্যদেবের অনুগতজনগণই মুক্ত হইতে সমর্থ। শ্রীচৈতন্যকৃপা-বঞ্চিতজনগণ কুসিদ্ধান্ত-গর্ত্তে কূপমণ্ডূক-বিচারে প্রাপঞ্চিক দর্শনে আবদ্ধ থাকিবেন। তাঁহারা কোন কালেই অধোক্ষজ সেবায় নিযুক্ত হইবার অধিকার পাইবেন না।

যাঁহারা হরিসেবাবিমুখ হইয়া কুসিদ্ধান্তকে ভক্তিসিদ্ধান্তের সহিত সমপর্য্যায়ে গণনা করেন, তাঁহাদিগের সঙ্গ হইতে জীবকুলকে সেবোন্মুখ করিবার জন্যই শ্রীচৈতন্যদেবের প্রপঞ্চে লীলা প্রকটন।

শ্রীচৈতন্যের অমন্দোদয়া-দয়া

শ্রীচৈতন্যদেব কত প্রকার হরিবিমুখ-সম্প্রদায়ের চিত্তবৃত্তির আময় বিদূরিত করিয়াছেন, তাহার একটী সংক্ষিপ্ত তালিকা নিম্নে প্রদত্ত হইতেছে ঃ—

নানামতগ্রাহব্যাপ্ত সংসার

১। বেদবিদ্বেষী অন্যাভিলাষী আধ্যক্ষিক গুণোপাসক নাস্তিক চার্ব্বাক।
২। ক্ষণিকবাদী গুণোপাসক নাস্তিক তার্কিক বৌদ্ধ।
৩। স্যাৎবাদী গুণোপাসক জৈন তার্কিক অর্হৎ।
৪। নিরীশ্বর নির্গুণাত্মবাদী তার্কিক সাংখ্য।
৫। সেশ্বর নির্গুণাত্মবাদী তার্কিক পাতঞ্জল।
৬। সমন্বয়বাদী শ্রৌতব্রুব কেবলাদ্বৈতবিচারপর হরিবিমুখ শাঙ্কর।
৭। পদার্থবাদী শ্রৌতব্রুব সগুণোপাসক বৈয়াকরণ।
৮। বাক্যার্থবেদী শ্রৌতব্রুব সগুণোপাসক মীমাংসক।
৯। উৎপত্তি-সাধনাদৃষ্টবাদী শব্দ-প্রমাণান্তর অঙ্গীকারী সগুণোপাসক নৈয়ায়িক।
১০। উৎপত্তি-সাধনাদৃষ্টবাদী শব্দ-প্রমাণান্তর অনঙ্গীকারী সগুণোপাসক বৈশেষিক।
১১। নিরস্ততর্ক শৈব ভোগ-সাধনাদৃষ্টবাদী জীবন্মুক্ত বিচারপর সগুণোপাসক সেশ্বর।
১২। ভোগসাধনাদৃষ্টবাদী বিদেহমুক্তিবাদী আত্মৈক্যবাদী সগুণোপাসক প্রত্যভিজ্ঞ।
১৩। ভোগসাধনাদৃষ্টবাদী আত্মভেদবাদী বিদেহমুক্তিবাদী কর্ম্মানপেক্ষ ঈশ্বরবাদী সগুণোপাসক নকুলীশ-পাশুপত শৈব-সম্প্রদায়।
১৪। ভোগসাধনাদৃষ্টবাদী বিদেহমুক্তিবাদী আত্মভেদবাদী কর্ম্মসাপেক্ষ ঈশ্বরবাদী সগুণোপাসক শৈব-সম্প্রদায়।

শ্রীচৈতন্যলীলার লেখক পরমহংসলীলাভিনয়কারী শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু "নানামতগ্রাহগ্রস্তান্ দাক্ষিণাত্যজনদ্বিপান্। কৃপারিণা বিমুচ্যৈতান্ গৌরশ্চক্রে স বৈষ্ণবান্।।" শ্লোকদ্বারা প্রাপঞ্চিক তর্কপন্থিদিগকে শ্রীব্যাসের আনুগত্য লাভের জন্য পরামর্শ দিয়াছেন। ত্রিদণ্ডিপাদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতী আশ্রমীর বেশে সেই পারমহংস্য-ধর্ম্ম গ্রহণ করিবার জন্য দৈববর্ণাশ্রমিগণের জগদুপদেশক হইয়াছেন। তাঁহার বিজয়-বৈজয়ন্তী-বহন-সূত্রে শ্রীচৈতন্যাশ্রিত প্রচারক-সম্প্রদায়কে শ্রীরূপানুগ বলিয়া জানিতে যেন কাহারও বিবর্ত্ত উপস্থিত না হয়,—ইহাই আমার সকাতর প্রার্থনা।

বর্ণাশ্রমিগুরু পরমহংস বা বৈষ্ণব-পূজা কর্ত্তব্যতা

বাহ্য প্রাপঞ্চিক ধারণাবশে পরমহংসানুগত বৈষ্ণবদাসানুদাসের আনুষ্ঠানিক ক্রিয়াকলাপ যেন কাহারও সত্যদর্শনে বাধা না দেয়। ইহা বলিবার তাৎপর্য্য এই যে, শ্রীগৌরসুন্দর-প্রকাশিত সাধনতত্ত্ব—অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞানে আবদ্ধ নহে ; কিন্তু ন্যূনাধিক সকল সম্প্রদায়ের মধ্যেই ঐগুলি সাধন বলিয়া বহুমানিত হয়।

পরমহংস বৈষ্ণব বা তদ্দাসগণকে প্রাকৃত-দর্শনে নিষিদ্ধতা

অন্যাভিলাষীর ঐহিক ফল লাভ, কর্ম্মীর পারলৌকিক নশ্বর ফল লাভ, নির্ব্বেদ ব্রহ্মানুসন্ধিৎসুর জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতৃত্বা-ভাবজন্য স্বরূপ-বিনাশচেষ্টা প্রভৃতি সাধ্যবস্তুর ভগবৎপ্রেমার সহিত তুলনা হয় না। ভগবৎপ্রেমা যাঁহাদের নিকট সাধ্যবস্তুরূপে নিত্যকাল পরিদৃষ্ট হইবার পরিবর্ত্তে পরিবর্ত্তনশীল, তাঁহাদের সাধ্যবিচার প্রাপঞ্চিক বা ঔপাধিক অজ্ঞানের সহিত সমশ্রেণীস্থ। এই সাধ্য-সাধন-বিচারের কথাই পারমহংস্য-সম্প্রদায়ের পূর্ব্বগুরু শ্রীকবিরাজ গোস্বামী স্বীয় উপাস্যবস্তু শ্রীচৈতন্যচরিতামৃত-লীলা-বিগ্রহে সুষ্ঠু লিপিবদ্ধ করিয়াছেন।

গ্রন্থকারের জগদ্গুরুত্ব বা বৈষ্ণবাচার্য্যত্ব

শ্রীগৌরসুন্দর তত্ত্ববাদি-শাখাস্থিত একদণ্ডিগণের সহিত যে তত্ত্ববাদশাখায় অসম্পূর্ণতা প্রদর্শন করিয়াছেন, তাহা শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থে সুষ্ঠুভাবেই লিপিবদ্ধ আছে। দাক্ষিণাত্য-দেশ পরিভ্রমণ-কালে শ্রীলক্ষ্মণদেশিকাবস্থিত মূলকেন্দ্র শ্রীরঙ্গক্ষেত্রে বিশিষ্টাদ্বৈতবাদের সম্পূর্ণতা-সাধনোদ্দেশে শ্রীগৌরসুন্দর যে-সকল কথা স্বীয় লীলায় গৌড়ীয়গণের সাধন-সুষ্ঠুতার জন্য প্রকটিত করিয়াছিলেন, তাহাও শ্রীচরিতামৃতে স্থানে স্থানে উল্লিখিত আছে। শ্রীনিয়মানন্দ মুনির 'পারিজাত', 'দশশ্লোকী' প্রভৃতি গ্রন্থে যে-সকল অভাব তদনুগ সম্প্রদায়ে কৃষ্ণভজনের অন্তরায়রূপে পরিগণিত হইত, সেই সকল অভাব

ব্রহ্মসূত্রভাষ্য-শ্রীভাগবতবেদ্য অচিন্ত্য-ভেদাভেদ সত্য-সংস্থাপন-দ্বারা চারি সাত্বত-সম্প্রদায়ের সম্পূর্ণতা ও সৌষ্ঠব-সম্পাদন

কাশ্মীরদেশীয় কেশবাচার্য্যের সহিত বিচারকালে শ্রীগৌরকৃষ্ণ পরিপূরণ করিয়াছিলেন। বৌদ্ধমতবাদ-বিনাশক পাণ্ড্যদেশীয় সর্ব্বজ্ঞ আদি বিষ্ণুস্বামীর অধস্তন শ্রীধরস্বামীকে 'ভক্ত্যেকরক্ষক'-রূপে দর্শন করিতে গিয়া শ্রীগৌরসুন্দর তৎসম্প্রদায়ের অভাব পূরণ করেন। শ্রীনৃসিংহোপাসনার অভ্যন্তরে শ্রীকৃষ্ণোপাসনার সৌন্দর্য্য প্রকটিত করাইয়া দ্বিতীয় বিষ্ণুস্বামী কাঞ্চীনিবাসী বাল-গোপাল ত্রিদণ্ডিস্বামী ও তদানীন্তন শ্রীবিল্বমঙ্গলের শ্রীকৃষ্ণকর্ণামৃতের ভাবসমূহের সম্বর্দ্ধনা করেন। এই বাল-গোপালের কাঞ্চীশ্বর ও দ্বারকেশ-স্থাপনের কথা দ্বিতীয় বিষ্ণুস্বামি-সম্প্রদায়ে প্রচলিত ছিল, পরে শ্রীরামানুজাচার্য্যের অভ্যুদয়ে কাঞ্চীশ্বর রাজগোপাল বা বরদরাজ-নামে অভিহিত হন। তৃতীয় আন্ধ্রবিষ্ণুস্বামি-সম্প্রদায়ের শিষ্য-বংশ-পারম্পর্য্যে উদিত শ্রীবল্লভাচার্য্য-রচিত 'সুবোধিনী'-টীকায় যে-সকল অভাব ছিল, তাহার পরিপূরণ লীলাও শ্রীচরিতামৃত-গ্রন্থে সর্ব্বতোভাবে উদাহৃত আছে।

শ্রীচৈতন্যদেব যে অত্যুন্নত শ্রীকৃষ্ণভজন-প্রণালী তদনুগ গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ে প্রদান করিয়াছেন, তদ্দর্শনে অনেকেই সাম্প্রদায়িক আচার্য্য-চতুষ্টয়ের সহিত শ্রীগৌরসুন্দরের মতভেদ লক্ষ্য করিয়া তাঁহাকে স্বতন্ত্র বিচারময় সম্প্রদায়-প্রবর্ত্তক জ্ঞান করেন। প্রকৃতপ্রস্তাবে তিনি আচার্য্য মাত্র নহেন, আচার্য্য-চতুষ্টয়ের সিদ্ধান্তের অভাবসমূহের পরিপূরণ-কর্ত্তা। তিনি স্বয়ংরূপ ভগবদ্বস্তু হওয়ায় কেবলাদ্বৈতবাদের বিচারদৌর্ব্বল্য-প্রদর্শন তাঁহাতে দোষাশ্রয় বলিয়া প্রতিভাত হয় নাই। অচিন্ত্যভেদাভেদবাদই শ্রীকৃষ্ণ ব্রহ্মার হৃদয়ে প্রকটিত করিয়াছিলেন। শ্রীচৈতন্যচরিত-লেখকসূত্রে অভিন্ন ব্রজেন্দ্রনন্দনের সেবা-সৌষ্ঠবের অভিনয়কারী শ্রীগৌরসুন্দরের লীলাপূর্ণাঙ্গসমূহ গ্রন্থকারের হস্তেই সুচারুভাবে অঙ্কিত হইয়াছে। জীবন্মুক্ত গৌড়ীয় মহাভাগবতগণ শ্রীচৈতন্যচরিতামৃত-আলোচনাক্রমে ভজন-পরাকাষ্ঠা লাভ করিবেন।

উপসংহার

"শ্রূয়তাং শ্রূয়তাং নিত্যং গীয়তাং গীয়তাং মুদা ।
চিন্ত্যতাং চিন্ত্যতাং ভক্তাশ্চৈতন্যচরিতামৃতম্ ॥"

"কৃষ্ণদাস কবিরাজ, রসিক ভকত-মাঝ,
যেঁহো কৈল চৈতন্য-চরিত ।
গৌর-গোবিন্দ-লীলা, শুনিতে গলয়ে শিলা,
তাহাতে না হৈল মোর চিত ॥"

—শ্রীল নরোত্তম ঠাকুর

নিবেদন

পরমারাধ্যতম শ্রীগুরুপাদপদ্ম নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্‌গুরু শ্রীশ্রীল ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজের অশেষ কৃপায় ভগবৎপার্ষদপ্রবর শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি-কৃত 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থখানি বহুবিধ বিঘ্ন অতিক্রম করিয়া শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি হইতে নানা বৈশিষ্ট্যে ভূষিত হইয়া প্রথম সংস্করণ-রূপে প্রকাশিত হইলেন। এই বিশেষ গ্রন্থ শ্রীগৌরাঙ্গ-সমাজে স্বভাবতঃই বিশেষ আদরণীয়, তদুপরি ইঁহাকে নানাবিধ অলঙ্কারে ভূষিত হইতে দেখিয়া তাঁহারা যে পরমানন্দিত হইবেন, ইহাতে সন্দেহ নাই।

শ্রীচৈতন্যদেবের পার্ষদগণই শ্রীচৈতন্যদেবের যাবতীয় তত্ত্ব ও লীলা-তাৎপর্য্য বর্ণনার সর্ব্বসত্ব-সংরক্ষণকারী। শ্রীমুরারী গুপ্ত, শ্রীস্বরূপ দামোদর, শ্রীসনাতন গোস্বামী, শ্রীরূপ গোস্বামী, শ্রীজীব গোস্বামী, শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্য, শ্রীপ্রবোধানন্দ সরস্বতী, শ্রীগোপালভট্ট গোস্বামী, শ্রীরঘুনাথদাস গোস্বামী, শ্রীবৃন্দাবনদাস ঠাকুর, কবিকর্ণপূর, শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভৃতি গৌরপার্ষদগণের রচনাই সকল সুমেধাগণের নিকট প্রামাণিক-রূপে সমাদৃত হইয়া থাকে। তন্মধ্যে শ্রীমুরারী গুপ্তের কড়চা 'শ্রীচৈতন্যচরিতে' শ্রীচৈতন্যদেবের বিশেষতঃ নবদ্বীপে অবস্থানকালীন লীলা ও শ্রীস্বরূপদামোদর প্রভুর কড়চায় বিশেষতঃ তাঁহার সন্ন্যাস-গ্রহণান্তর লীলা ব্যক্ত হইয়াছে। মূলতঃ এই দুই কড়চাই পরবর্ত্তিকালে শ্রীচৈতন্যলীলা-বর্ণনাকারিগণের নিকট দিগ্‌দর্শি-রূপে বৃত হইয়াছে।

শ্রীচৈতন্যদেবের পরম প্রণয়ী ভক্ত শ্রীশিবানন্দ সেনের পুত্র শ্রীচৈতন্যদাস ১৪৬৪ শকে অর্থাৎ মহাপ্রভুর অন্তর্দ্ধানের নয় বৎসর পর 'শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-কাব্যম্' রচনা করেন। কাহারও মতে উক্ত গ্রন্থ তাঁহার কনিষ্ঠ ভ্রাতা 'কবিকর্ণপূর'-কর্ত্তৃকই রচিত। ১৪৯৪ শকাব্দে তিনি 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকম্' রচনা সমাপ্ত করেন। শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী তাঁহার শ্রীচৈতন্যচরিতামৃত রচনাকালে অনেকাংশে সেই নাটকটীকে অনুসরণ করিয়াছেন এবং প্রমাণরূপে অনেক শ্লোক তাঁহার গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন। উক্ত নাটকের চারি বৎসর ব্যবধানে শ্রীকর্ণপূর 'গৌরগণোদ্দেশ-দীপিকা' রচনা করেন। তাঁহার এইসকল গ্রন্থ শ্রীচৈতন্যদেব-সম্বন্ধে অমলপ্রমাণ-ভাস্কররূপে গৌড়ীয়-গগনে চির উদিত হইয়া আছেন।

শ্রীষড়্‌গোস্বামীর মধ্যে শ্রীরঘুনাথদাস গোস্বামীই একমাত্র সুদীর্ঘ ষোল বৎসর শ্রীস্বরূপদামোদর প্রভুর আনুগত্যে মহাপ্রভুর অন্তর্দ্ধানকালাবধি তাঁহার বিভিন্ন অন্তরঙ্গসেবায় নিযুক্ত থাকিয়া তাঁহার অন্ত্যলীলার সাক্ষীস্বরূপ হইয়াছেন। "সেকালে এ দুই রহেন মহাপ্রভুর পাশে। আর সব কড়চা-কর্ত্তা রহেন দূরদেশে।।" (অন্ত্য ১৪।৮)। শ্রীদাস গোস্বামীর রচিত 'স্তবাবলী'তে 'শ্রীগৌরাঙ্গ-স্তবকল্পতরুঃ' প্রভৃতি স্তোত্রে শ্রীচৈতন্যদেবের মহিমা ও অন্ত্যলীলার বিভিন্ন দিক্ ব্যক্ত দেখিতে পাওয়া যায়। 'স্বরূপের রঘু'-নামে সুপরিচিত শ্রীরঘুনাথদাস গোস্বামীরই নিকট মূলতঃ 'শ্রীস্বরূপ-দামোদর-কড়চা' সংরক্ষিত হয়। পরবর্ত্তিকালে শ্রীল দাস গোস্বামীর শিক্ষাগর্ভে লালিত-পালিত শ্রীল কৃষ্ণদাস কবিরাজ প্রভুই উহার ধারক এবং বাহক হন। বস্তুতঃ শ্রীল কবিরাজ গোস্বামী শ্রীল স্বরূপ দামোদর প্রভুর কড়চা ও শ্রীল দাস গোস্বামীর উক্ত কড়চার ব্যাখ্যা এবং তাঁহার শ্রীমুখ হইতে শ্রুত শ্রীচৈতন্যলীলার আধারেই 'শ্রীচরিতামৃত'-গ্রন্থ প্রণয়ন করেন। "চৈতন্যলীলা-রত্ন-সার, স্বরূপের ভাণ্ডার, তেঁহো থুইলা রঘুনাথের কণ্ঠে। তাঁহা কিছু যে শুনিলুঁ, তাহা ইহা বিস্তারিলুঁ, ভক্তগণে দিলুঁ এই ভেটে।।" (মধ্য ২।৮৪)। "স্বরূপ—'সূত্রকর্ত্তা', রঘুনাথ—'বৃত্তিকার'। তার বাহুল্য বর্ণি পাঁজি-টীকা-ব্যবহার।।" (অন্ত্য ১৪।১০)।

'শ্রীচরিতামৃত'-প্রকাশের পশ্চাতে শ্রীমদ্ বৃন্দাবনদাস ঠাকুরের 'শ্রীচৈতন্যভাগবত'ও একটী বিশেষ ভূমিকা পালন করে। উক্ত গ্রন্থ বঙ্গভাষায় শ্রীচৈতন্যতত্ত্ব ও লীলা-বিষয়ক প্রথম কাব্য এবং শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরই শ্রীচৈতন্যলীলার 'আদি-ব্যাস'—"নিত্যানন্দ কৃপাপাত্র—বৃন্দাবনদাস। চৈতন্যলীলায় তেঁহো হয়েন 'আদি ব্যাস'।।" (অন্ত্য ২০।৮২)। উক্ত গ্রন্থের রচনাকাল কাহারও মতে ১৪৭০ শক, কেহ বলেন ১৪৫৭ শক, আবার কাহারও বিচারে উহা ১৪৯৭ শক। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর নিজ গ্রন্থকে 'শ্রীচৈতন্য-মঙ্গল'-নামেই অভিহিত করিয়াছিলেন। উক্ত নাম শ্রীল কবিরাজ গোস্বামীর প্রকটকাল পর্য্যন্তও প্রচলিত ছিল—"বৃন্দাবনদাস কৈল চৈতন্যমঙ্গল" (আদি ৮।৩৫) ইত্যাদি। কিন্তু পরবর্ত্তিকালে তাহা 'শ্রীচৈতন্যভাগবত'-নামে সুপরিচিত হইয়া উঠে। শ্রীশ্রীল ভক্তি-বিনোদ ঠাকুরের লেখনীতে ইহার রহস্য জ্ঞাত হওয়া যায়—"প্রেমবিলাসের রচয়িতার সকল কথা অবলম্বন করিতে পারা যায় না, তথাপি তাঁহার এই কথাটীতে কোন বিরুদ্ধ মত দেখা যায় না। কথাটী এই যে, প্রথমে 'চৈতন্যমঙ্গল' অন্যান্য তৎকাল-প্রচলিত গীতকাব্যের ন্যায় মধ্যে মধ্যে পয়ার ও মধ্যে মধ্যে গীতদ্বারা পরিপূরিত ছিল। পরে শ্রীবৃন্দাবনের পণ্ডিত বৈষ্ণবগণ ঐ গ্রন্থকে সমাজপাঠ্য গ্রন্থ করিবার জন্য বৃন্দাবনদাস ঠাকুরের রচিত গীতিগুলিকে পৃথক্ করত পয়ার সকল একত্র করিয়া 'শ্রীচৈতন্যভাগবত'-

নামে দেন। ★ ★ একটী প্রবাদ চলিয়া আসিতেছে যে, লোচনদাস ঠাকুরের 'চৈতন্যমঙ্গল'*দেখিয়া বৃন্দাবনদাস ঠাকুর আপনার গ্রন্থের নাম পরিবর্ত্তন করেন। এ প্রবাদটীর কোন মূল পাওয়া যায় না। বরং প্রবাদটীকে সম্পূর্ণরূপে অলীক বলিয়া বোধ হয়।"*

শ্রীমন্নিত্যানন্দ-প্রভুর বিশেষ কৃপাপাত্র শ্রীবৃন্দাবনদাস ঠাকুর তাঁহার 'শ্রীচৈতন্যভাগবত' রচনাকালে বিশেষভাবে শ্রীনিত্যানন্দ প্রভুর লীলাতেই আবিষ্ট হইয়া পড়ায় শ্রীচৈতন্যদেবের কোন কোন লীলা তাঁহার নিকট হইতে বিস্তার লাভের অবকাশ না পাইয়া সূত্ররূপেই মাত্র অবস্থিত থাকে। বিশেষতঃ শ্রীচৈতন্যদেবের অন্ত্যলীলা-বর্ণন উক্ত গ্রন্থে একপ্রকার অসম্পূর্ণই থাকিয়া যায়। আবার, তিনি উক্ত গ্রন্থে স্থানে স্থানেই লিখিয়াছেন,—"আগে ব্যাস করিবে বর্ণনে"—এই বাক্যে তিনি যে পরবর্ত্তী মহাজনগণের বর্ণনার জন্য অনেক বিষয়ে ইচ্ছা করিয়াও বর্ণনা করেন নাই, তাহা উপলব্ধি হয়। ইহাতে আরও একটী অন্তর্নিহিত রহস্য এই যে, শ্রীবৃন্দাবনদাস ঠাকুর 'শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকা'-অনুসারে ব্রজের 'কুসুমাপীড়'-নামক কৃষ্ণসখা। তজ্জন্যও তাঁহার শ্রীচৈতন্যদেবের রাধাভাব-আস্বাদনময়ী নিগূঢ়লীলা পরবর্ত্তী মহাজন ও শ্রীচৈতন্যদেবের অন্তরঙ্গ-জন শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর অপেক্ষাতেই স্পর্শ না করিবার অসম্ভাবনা নাই। 'শ্রীচৈতন্যভাগবত'-গ্রন্থ বৈষ্ণবসমাজে সর্ব্বতোভাবে আদরণীয় হইলেও উক্ত গ্রন্থে শ্রীচৈতন্য-লীলার অসম্পূর্ণতাই 'শ্রীচরিতামৃতে'র প্রাকট্যের কারণ হইয়াছে। তজ্জন্য উক্ত গ্রন্থ 'শ্রীচৈতন্যভাগবতে'রই পরিশিষ্ট অংশ বলিয়া বিচারিত হইয়া থাকে।

শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর-কৃত 'শ্রীকৃষ্ণদাস কবিরাজ' প্রবন্ধে তাঁহার সম্বন্ধে এইরূপ দৃষ্ট হয়,—"শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু চৈতন্য-সম্প্রদায়ের মধ্যে একজন প্রধান পণ্ডিত ও পরম ভক্ত ছিলেন। এই বাক্য সপ্রমাণ করিতে আমাদিগের চেষ্টা করার কোন আবশ্যকতা করে না। কবিরাজ গোস্বামীর গ্রন্থাবলীই (শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীগোবিন্দলীলামৃত ও শ্রীকৃষ্ণকর্ণামৃতের 'সারঙ্গরঙ্গদা'-টীকা) তাহার সুন্দর প্রমাণ। অপার-মহিম কবিরাজের দয়া দেখিলে বিমোহিত হইতে হয়। তিনি সংস্কৃত-শাস্ত্রজ্ঞান-বিহীন জনগণের প্রতি করুণা প্রকাশ করিয়া কি সুন্দর 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত'-গ্রন্থ রচনা করিয়াছেন! আমাদের বিবেচনায় যদি কবিরাজ প্রভু ঐ প্রকার করুণা প্রকাশ না করিতেন, তাহা হইলে দর্শনাদি-শাস্ত্রজ্ঞান-পরিশূন্য মনুষ্যগণ শ্রীচৈতন্যমহাপ্রভুর উপদিষ্ট সনাতন-বৈষ্ণবমত জানিতে পারিতেন না এবং তাঁহাদের গতি যে কি হইত, তাহাও বলা যায় না। ধন্য কবিরাজ! তুমি বৈষ্ণব-সম্প্রদায়ভুক্ত পণ্ডিত ও মূর্খ উভয়কেই ঋণী করিয়া রাখিয়াছ। তোমার গুণ আমরা একমুখে কত গান করিব? শুদ্ধ বৈষ্ণবজগৎ তোমার গুণ সর্ব্বদাই গান করিতেছেন। কবিরাজ! তোমার সিদ্ধবাক্য স্মরণ করিলে কোন্ পাষণ্ড তোমার চরণ আশ্রয় করিতে না চাহে? তুমি চরিতামৃতে বলিয়াছ,—"যে বা নাহি জানে কেহ, শুনিতে শুনিতে সেহ, কি অদ্ভুত চৈতন্যচরিত। কৃষ্ণে উপজিবে প্রীতি, জানিবে রসের রীতি, শুনিলেই বড় হয় হিত।।" (মধ্য ২।৮৭)—ইত্যাদি তোমার এই সিদ্ধবাক্য-গুণেই এই বৈষ্ণব-সম্প্রদায়ভুক্ত বহু মূর্খের চরিতামৃতে উত্তম অধিকার দেখা যাইতেছে। তোমার চরণে অসংখ্য প্রণাম।" (সঃ তোঃ ২।১০-১১)।

জগদ্‌গুরু শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর তাঁহার 'শ্রীচরিতামৃত-ভূমিকা'য় গ্রন্থকারের বিশদ পরিচয় প্রদান করিয়াছেন। তাহাতে গ্রন্থকারের দেশ, কাল, বর্ণ, আশ্রম, স্বজন, স্বভাব, কৃতিত্ব প্রভৃতি সম্বন্ধে বিস্তৃত আলোচনা দেখিতে পাওয়া যায়। সুতরাং তৎসম্বন্ধে পুনরালোচনার কোন আবশ্যকতা নাই। উক্ত ভূমিকায় শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর আবির্ভাব-কাল আনুমানিক ১৪৫২ শকাব্দ বলিয়া জানা যায়। সুতরাং তাঁহার আবির্ভাব শ্রীচৈতন্যমহাপ্রভুর তিরোধানের কিছু বৎসর পূর্ব্বে হইয়াছিল। সেক্ষেত্রে তিনি শ্রীচৈতন্যদেবের সাক্ষাৎ প্রকটকালীন ভক্ত না হইলেও স্বরূপতঃ তাঁহার নিত্যলীলারই সঙ্গী। শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর-কৃত 'মন্ত্রার্থ-দীপিকা'য় দৃষ্ট হয়, শ্রীমতী রাধারাণী স্বয়ং "কৃষ্ণদাস আমার প্রিয় নর্ম্মসহচরী, আমার সকল মর্ম্মবেত্তা" প্রভৃতি উক্তির দ্বারা শ্রীল কৃষ্ণদাস প্রভুর নিত্যসিদ্ধ পরিকরত্ব ঘোষণা করিয়াছেন।

শ্রীল কবিরাজ গোস্বামীর 'মন্ত্রগুরু'র পরিচয় লইয়া কিছু বিভ্রান্তি দেখা যায়। তিনি গ্রন্থের প্রারম্ভে "মন্ত্রগুরু আর যত শিক্ষা-গুরুগণ। তাঁহার চরণ আগে করিয়ে বন্দন।।"—বলিয়া শ্রীরূপাদি ষড়্‌গোস্বামীকে "এই ছয়গুরু—শিক্ষাগুরু যে আমার" বলিয়া ঘোষণা করিয়াছেন। এই বাক্যে, উক্ত ষড়্‌গোস্বামি-মধ্যে কাহারও তাঁহার 'মন্ত্রগুরু' হইবার সম্ভাবনা লক্ষিত হয় কি? কিন্তু তন্মধ্যে তিনি রূপানুগপ্রধান শ্রীরঘুনাথদাস গোস্বামীরই সহিত রূপানুগভজন-শিক্ষাবিষয়ে বিশেষভাবে সম্পর্কযুক্ত ছিলেন। তজ্জন্য তিনি বলিয়াছেন,—"শ্রীরঘুনাথদাস শ্রীগুরু, শ্রীজীবচরণ" (অন্ত্য ২০।৯৭)। ইহার অনুভাষ্যে শ্রীল প্রভুপাদ জানাইয়াছেন,—"গ্রন্থকার

** শ্রীলোচনদাস ঠাকুর-কৃত 'শ্রীচৈতন্যমঙ্গলে'র প্রারম্ভেই সূত্রখণ্ডে দেখা যায়,—"বৃন্দাবনদাস বন্দিব একচিত্তে। জগত মোহিত যাঁর ভাগবত-গীতে।।" ইহাতে শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের গ্রন্থ রচনার পর শ্রীলোচনদাস ঠাকুরের চৈতন্যমঙ্গল রচিত হইয়াছিল বলিয়া জানা যায়, এবং শ্রীল কবিরাজ গোস্বামীও শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরকে 'চৈতন্যলীলার আদি ব্যাস' বলিয়া উক্তি করায় শ্রীলোচনদাসকে শ্রীল বৃন্দাবন-দাস ঠাকুরেরও পূর্ব্বে গ্রন্থ-রচয়িতা ভাবিবার অবকাশ নাই।*

শ্রীকবিরাজ গোস্বামি-প্রভুর ভজনশিক্ষাগুরুই শ্রীরূপানুগশ্রেষ্ঠ শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভু।" অনেকে শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীকেই তাঁহার মন্ত্রগুরু-রূপে বলিয়া থাকেন। কিন্তু এতৎসম্বন্ধে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"কেহ রঘুনাথ ভট্টকে কবিরাজ গোস্বামীর পাঞ্চরাত্রিক দীক্ষাগুরু বলিতে চাহেন, তাহার প্রমাণাভাব। কবিরাজ-শাখা-গুরুপরম্পরায় রঘুনাথ ভট্টকে দীক্ষাগুরু বলিয়া যে উল্লেখ দেখা যায়, তাহা বিশিষ্ট সত্যের পরিচয় নহে।" (অনুভাষ্য আদি ১০।১০৩)।

গ্রন্থকার 'মন্ত্রগুরু' বলিয়া পশ্চাৎ কাহারও নাম সাক্ষাদ্ভাবে উল্লেখ না করিলেও তাঁহার বিভিন্ন পয়ারসকল আলোচনা করিলে শ্রীমন্নিত্যানন্দ-প্রভুকেই তাঁহার মন্ত্রগুরু-রূপে বিচার করা যাইতে পারে। যেমন,—"নিত্যানন্দরায়—প্রভুর স্বরূপ-প্রকাশ। তাঁর পাদপদ্ম বন্দো যাঁর মুঞি দাস।।" (আদি ১।৪০)। "যদ্যপি আমার গুরু—চৈতন্যের দাস। তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ।।" (আদি ১।৪৪)। "জয় জয় নিত্যানন্দ-চরণারবিন্দ। যাঁহা হৈতে পাইনু শ্রীরাধাগোবিন্দ।। জগাই-মাধাই হৈতে মুঞি সে পাপিষ্ঠ। পুরীষের কীট হৈতে মুঞি সে লঘিষ্ঠ।। এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে। এক নিত্যানন্দ বিনা জগৎ ভিতরে।।" (আদি ৫।২০৪-২০৫) প্রভৃতি। তাঁহার এইপ্রকার বন্দনা একমাত্র শ্রীনিত্যানন্দ প্রভু ব্যতীত অন্য কাহারও ক্ষেত্রে দেখা যায় না। তজ্জন্য যেভাবেই হউক্ তিনি নিত্যানন্দ প্রভুর নিকট হইতেই মন্ত্ররূপ অনুগ্রহ লাভ করিয়াছিলেন—বিচার করিলে দোষণীয় হয় না। এইসকল বিষয় আধ্যক্ষিকতার বিচারদ্বারা পরিমাপ করা যায় না—এজন্য অকৃত্রিমভাবে আচার্য্যগণের নিকট শরণাগত হওয়া কর্ত্তব্য।

শ্রীচৈতন্যচরিতামৃতের প্রতিপাদ্য বিষয় সম্বন্ধে শ্রীশ্রীল প্রভুপাদ তাঁহার ভূমিকায় যাহা জানাইয়াছেন, তাহার অতিরিক্ত আর কিছু বলিবার নাই। সংক্ষেপে গ্রন্থের মহিমা কেবল এইমাত্র বলা যায়, তৎকালীন বৃন্দাবনবাসী গৌরপার্ষদগণ ও তদাশ্রিত গৌরভক্ত-বৃন্দের মধ্যে শ্রীচৈতন্যদেবের মুখ্য-আশ্রয়ভাব-আস্বাদনময়ী লীলা আলোচনার জন্য যে প্রবল আর্ত্তি উদয় হইয়াছিল এবং তাহার অনুমোদন-স্বরূপে স্বয়ং বিষয়-বিগ্রহ শ্রীচৈতন্যদেব-রূপ শ্রীমদনমোহনের গলদেশ হইতে যে 'আজ্ঞামালা' পতিত হইয়াছিল, তদ্দ্বারা প্রেরিত হইয়াই শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী সেকালে বাহ্যে অপটু ইন্দ্রিয়বিশিষ্ট হইলেও ভাগবতী শক্তির প্রকাশ ঘটাইয়াছিলেন—তাহার ফলস্বরূপে অসমোর্দ্ধ-তত্ত্ব শ্রীচৈতন্যদেবের অসমোর্দ্ধ-লীলা অসমোর্দ্ধ-রূপে বর্ণে বর্ণে বর্ণিত হইয়া তাহা জগদ্বরেণ্য হইয়াছে। সত্যই শ্রীচৈতন্যদেব কি বস্তু, কেন অবতীর্ণ হইয়াছিলেন, তাঁহার দয়ার চমৎকারিতাই বা কি-প্রকার—প্রভৃতি শ্রীচরিতা-মৃতের আলোকে যেরূপে প্রকাশিত হইয়াছে, তাহা আর সকল প্রকাশকে যেন নিষ্প্রভ করিয়া দিয়াছে—এ বিষয়ে কাহারও মনে কোন সংশয় উদিত হয় না।

এই গ্রন্থ কিরূপে অনুশীলন করিতে হইবে, তাহার পদ্ধতি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর (তাঁহার সম্পাদিত সংস্করণের 'প্রবোধনে') প্রদর্শন করিয়াছেন,—"পাঠকবর্গের নিকট আমার অনুনয় এই যে, তাঁহারা এই অপূর্ব্বগ্রন্থকে সামান্য কাব্য ইতিহাসের ন্যায় পাঠ করিবেন না। বেদান্তশাস্ত্র ও রসশাস্ত্র যেরূপ যত্নসহকারে সদ্‌গুরুর নিকট পাঠ করিতে হয়, সেইরূপ এই মহাগ্রন্থখানি পাঠ করিবেন। আজকাল অনেকেই না পড়িয়া পাণ্ডিত্যের অভিমান করেন, কেহ কেহ বা সেইরূপ পণ্ডিতদিগের ব্যাখ্যা বিনা-অনুসন্ধানে স্বীকার করত পণ্ডিতাভিমানী হইয়া পড়েন। এই গ্রন্থ অনুশীলন করিতে গেলে নিরপেক্ষভাবে সেইসকল দোষ পরিত্যাগ করিতে হয়। এই গ্রন্থে বেদান্ত ও রসশাস্ত্রমূলক শুদ্ধভক্তিতত্ত্ব শ্রীমন্মহাপ্রভুর চরিত্র-বর্ণনে প্রদর্শিত হইয়াছে। মায়াবাদ-মত-দূষিত ও সহজিয়া বাউলগণ প্রচারিত বিকৃত ধর্ম্মের সহিত এই গ্রন্থের কোন সম্বন্ধ নাই। এই কথাটী সম্পূর্ণরূপে বিশ্বাস করিয়া ও স্মরণ করিয়া মহোদয়গণ এই গ্রন্থ পাঠ করিবেন।"

এই গ্রন্থ-প্রকাশ—শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-সম্পাদিত সংস্করণ ৪২৯ শ্রীগৌরাব্দে (১৯১৫ খৃঃ) শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্ত সরস্বতী (অর্থাৎ শ্রীল প্রভুপাদের সন্ন্যাস গ্রহণের পূর্ব্বে) সম্পাদিত সংস্করণ ও তাঁহার প্রকটকালীন ৪৪২ শ্রীগৌরাব্দে (১৯২৮ খৃঃ) সম্পাদিত ৪র্থ সংস্করণ, মূলতঃ এই তিনটী সংস্করণকে ভিত্তি করিয়া ও বর্ত্তমানে সুলভ অন্যান্য বিভিন্ন সংস্করণ পরস্পর তুলনামূলক আলোচনাদ্বারা করা হইয়াছে। এই গ্রন্থে সর্ব্বজনমান্য শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর-কৃত 'অমৃতপ্রবাহ ভাষ্য' ও সর্ব্ব কুসিদ্ধান্ত-রাদ্ধান্ত-ভাস্কর জগদ্‌গুরু শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের 'অনুভাষ্য' প্রদত্ত হইয়াছে। প্রায় সকল গৌড়ীয় সারস্বত প্রতিষ্ঠান হইতে অবশ্য উক্ত ভাষ্য দুইটী প্রকাশিত হইয়া থাকে। উল্লেখ থাকে যে, শ্রীল প্রভুপাদের প্রকটকালীন ৪র্থ সংস্করণে কিছু কিছু শ্লোকের অমৃতপ্রবাহ-ভাষ্যান্তর্গত বঙ্গানুবাদ (যেমন, মধ্য ২৪।৫৭, ২৪।১৭২ প্রভৃতি) দৈববশতঃ মুদ্রিত হয় নাই, যাহা পূর্ব্বে তৎসম্পাদিত ১ম সংস্করণেও দৃষ্ট হয়। এই গ্রন্থে সেই সকল অভাব সযত্নে ও যথাযথভাবে পূরণ করা হইয়াছে। পুনরায়, উক্ত দুই ভাষ্যে যে-সকল সংস্কৃত শ্লোক ও টীকা উদ্ধৃত হইলেও তাহাতে বঙ্গানুবাদ প্রদত্ত হয় নাই, তাহাদের অনুবাদ সংস্কৃত-ভাষানভিজ্ঞ পাঠকগণের সুবিধার জন্য এই সংস্করণে প্রয়োজন-বিশেষে পাদটীকায় বাঁকা (Script) অক্ষরে প্রদত্ত হইয়াছে।

আরও বৈশিষ্ট্য এই যে, শ্রীল প্রভুপাদের প্রকটকালীন উক্ত ৪র্থ সংস্করণে সমগ্র শ্রীচরিতামৃত-গ্রন্থকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান-

দ্বারা শ্লোক, পয়ার, পাত্র ও প্রচলিত-অপ্রচলিত যাবতীয় শব্দের যে অভূতপূর্ব্ব সূচী প্রস্তুত করা হইয়াছিল, যাহা ইতঃপূর্ব্বে ও অদ্যাবধি অপর কোন সংস্করণে প্রকাশিত হয় নাই, এমনকি তদনুগত সারস্বত প্রতিষ্ঠানগুলি হইতেও বর্ত্তমানে যাহা সম্পূর্ণরূপে প্রকাশিত হইতেছে না, তাহা এই গ্রন্থে সম্পূর্ণরূপেই প্রকাশিত হইল। পরন্তু 'প্রয়োজনীয় অংশের যে পদ্যসূচী' উক্ত সংস্করণে ছিল, তাহাতে অনেক পাঠকের 'প্রয়োজন' সম্পূর্ণরূপে সিদ্ধ হইতেছে না দেখিয়া উক্ত পদ্যসূচীর কলেবর বৃদ্ধি করা হইয়াছে। সামগ্রিকভাবে এতদ্দ্বারা গবেষকগণের উক্ত গ্রন্থবিষয়ে বিভিন্ন গবেষণার অপূর্ব্ব সুযোগ উন্মুক্ত হইল।

সর্ব্বোপরি বৈশিষ্ট্য এই যে, এই গ্রন্থে শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি হইতে উপরিউক্ত দুই 'অমৃতপ্রবাহ ভাষ্য' ও 'অনুভাষ্যে'র আনুগত্যে **'অমৃতানুকণা'**-নামে একটী ভাষ্য প্রদত্ত হইল। এতদ্ব্যতীত মধ্যলীলা ২০শ পরিচ্ছেদ-ধৃত 'শ্রীসনাতন-শিক্ষা'য় কথিত স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের বিভিন্ন রূপভেদ ও অবতার-তত্ত্বের একটী তালিকাও প্রদত্ত হইল। শ্রীরূপ গোস্বামী, শ্রীজীব গোস্বামী, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর প্রভৃতির বিভিন্ন ভাষ্য, শ্রীভক্তিবিনোদ ঠাকুরের 'শ্রীচৈতন্য-শিক্ষামৃত', 'জৈবধর্ম্ম' প্রভৃতি গ্রন্থ ও প্রবন্ধ, শ্রীল প্রভুপাদের শ্রীমদ্ভাগবত-ব্যাখ্যা, তাঁহার প্রকটকালীন প্রকাশিত সাপ্তাহিক 'গৌড়ীয়' ও 'দৈনিক নদীয়া প্রকাশ' ইত্যাদিই মূলতঃ উক্ত ভাষ্যের উপকরণ। ইহাতে বিশেষ কিছু সাম্প্রদায়িক বিচার ও ভজনের আনুষঙ্গিক বিষয় প্রভৃতি সাধ্যমত পরিস্কৃত হইয়াছে। আজকাল অসিদ্ধান্তপর বিভিন্ন বিচারের উপদ্রব উদয় হইয়া কলির ধর্ম্ম বৃদ্ধিসাধন করিতেছে। যেমন, নিত্যসিদ্ধ শ্রীগৌর-পার্ষদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদকে কেহ কাশীবাসী মায়াবাদী শ্রীপ্রকাশানন্দ সরস্বতীর সহিত একীকরণদ্বারা অপরাধ-আবাহনে নিযুক্ত, কেহ বা ব্রহ্মবৈবর্ত্তের 'অশ্বমেধং গবালম্ভং' শ্লোকের দ্বারা বিবর্ত্তগ্রস্ত হইয়া শ্রীচৈতন্যমহাপ্রভুর স্বয়ং আচরিত সন্ন্যাসগ্রহণের শাস্ত্রীয় বিচার অতিক্রম করত শ্রীরূপাদি গোস্বামীবর্গের পারমহংস্য বেষকেই সর্ব্বসাধারণের অধিকার বলিয়া প্রতিষ্ঠা করিতে ব্যস্ত, কেহ শ্রীচৈতন্যদেবের সহিত উড়ুপীর তৎকালীন তত্ত্ববাদী-আচার্য্যের কথোপকথনকে কেন্দ্র করিয়া শ্রীচৈতন্যদেবকে শ্রীমধ্ব-সম্প্রদায়ের পরম্পরা হইতে বাহির করিয়া স্বতন্ত্র সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা বলিয়া স্থাপনে আগ্রহী, কেহ বলিতে চাহেন—বিধিমার্গের প্রতি অশ্রদ্ধ হইয়া কৃত্রিম লোভের দ্বারা রাগানুগ-মার্গই কলিযুগে সকলের অবলম্বনীয় এবং এইরূপে সিদ্ধদেহ-কল্পনাই খাঁটী হরিভজন—ইহাই শ্রীসনাতন-শিক্ষা, আবার কেহ বা শ্রীসনাতন গোস্বামীকে মস্তকে কোন মায়াবাদী সন্ন্যাসীর গেরুয়া-বস্ত্র ধারণের জন্য শ্রীজগদানন্দ পণ্ডিতের তিরস্কার-দর্শনে শাস্ত্রীয় গৈরিকবস্ত্র-ধারণের বিধি উৎসাদনে ব্রতী হইয়াছেন। ইত্যাদিভাবে দেখা যায়, শ্রীচৈতন্যমহাপ্রভুর প্রদর্শিত পরমশুদ্ধ শাস্ত্রীয় বৈদিক বৈষ্ণবধর্ম্ম 'কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা" (ভাঃ ১১।১৪।৩) শ্লোকানুসারে কালক্রমে বিভিন্ন মনঃকল্পিত বিচারদ্বারা শাস্ত্রবিধি-উল্লঙ্ঘনহেতু স্বেচ্ছাচারিতার প্রশ্রয়ে নষ্ট হইতে চলিয়াছে। এহেন দুঃসময়ে ঐরূপ নানা অপসিদ্ধান্ত-নিরসনমূলক উক্ত 'অমৃতানুকণা' ভাষ্য বিশেষ এক সম্প্রদায়-সংরক্ষণের ভূমিকা অবলম্বন করিবে বলিয়া আশা পোষণ করি।

শ্রীচৈতন্যচরিতামৃতের একটী অসম্পূর্ণ টীকা শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ করিয়াছিলেন বলিয়া জানা যায়। জগদ্গুরু শ্রীল প্রভুপাদ তাঁহার জীবনী-প্রবন্ধেও উহা জানাইয়াছেন। তজ্জন্য উক্ত টীকা সানুবাদ এই গ্রন্থে প্রকাশ করিবার ইচ্ছা ছিল। কিন্তু বর্ত্তমানে তাঁহার নামে যে টীকাটী প্রচলিত আছে, তাহাতে কোন কোন অংশে সিদ্ধান্ত-বিষয়ে সংশয়ের ক্ষেত্র উদয় হইতেছে, দেখা যায়। কোন সংস্করণে আবার সেই সকল অংশে উক্ত টীকার প্রতিবাদও দৃষ্ট হইতেছে। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের অপ্রতিবাদযোগ্য ও সর্ব্বজন-স্বীকার্য্য যে বিচারবৈশিষ্ট্য অন্যান্য সকল টীকাতে উপলব্ধ হয়, তাহার অভাব বর্ত্তমান টীকায় অনুভব হওয়ায়, উক্ত টীকা অন্য কোন চক্রবর্ত্তী মহাশয়ের কৃত হওয়া অসম্ভব নহে।

এই গ্রন্থ Compose, Set up, Proof-reading প্রভৃতি কার্য্যে শ্রীমান্ সত্যানন্দদাস ব্রহ্মচারীর অক্লান্ত পরিশ্রম এবং প্রয়োজনীয় বিভিন্ন পাণ্ডুলিপি প্রস্তুতকরণ ও প্রুফ্ রিডিং কার্য্যে শ্রীমান্ কৃষ্ণগোবিন্দদাস ব্রহ্মচারীর নিরলস প্রয়াস সত্যই প্রশংসনীয়। সপার্ষদ শ্রীচৈতন্যমহাপ্রভুর কৃপাশীর্ব্বাদ তাহাদের প্রতি বর্ষিত হউক্। মুদ্রণ-প্রমাদ সম্পূর্ণরূপে বিদূরিত করা যায় না—তজ্জন্য কিছু ভ্রান্তি থাকা আশ্চর্য্যজনক নহে। কিন্তু তদ্দ্বারা বিষয়বস্তুর অনুধাবনে অসুবিধা হইবে না বলিয়া মনে করি।

শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি (রেজিঃ)
শ্রীগৌর-জয়ন্তী, ফাল্গুনী-পূর্ণিমা
২৯ গোবিন্দ, ৫১৭ শ্রীগৌরাব্দ,
২২ ফাল্গুন, ১৪১০ ; ইং ৬।৩।২০০৪

শ্রীরূপানুগ-গুরু-বৈষ্ণব-দাসানুদাস
শ্রীভক্তিবেদান্ত বামন



শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির প্রতিষ্ঠাতা-সভাপতি
ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজ



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ

আদিলীলার সূচী

পরিচ্ছেদ	বিষয়	পত্রাঙ্ক
প্রথম	গুর্ব্বাদি-বন্দন-মঙ্গলাচরণ	১-১৪
দ্বিতীয়	বস্তুনির্দ্দেশ-মঙ্গলাচরণে শ্রীচৈতন্যতত্ত্ব-নিরূপণ	১৫-২৯
তৃতীয়	আশীর্ব্বাদ-মঙ্গলাচরণে শ্রীচৈতন্যাবতারের সামান্য ও বিশেষ কারণ	২৯-৪২
চতুর্থ	শ্রীচৈতন্যাবতারের মূল-প্রয়োজন-কথন	৪২-৭০
পঞ্চম	শ্রীনিত্যানন্দ-তত্ত্ব-নিরূপণ	৭১-১০৪
ষষ্ঠ	শ্রীঅদ্বৈত-তত্ত্ব-নিরূপণ	১০৪-১২৪
সপ্তম	পঞ্চতত্ত্বাখ্যান-নিরূপণ	১২৪-১৪৮
অষ্টম	গ্রন্থকরণে বৈষ্ণবাজ্ঞা-কথন	১৪৮-১৫৬
নবম	ভক্তিকল্পতরু-বর্ণন	১৫৬-১৬০
দশম	মূলস্কন্ধ-শাখা-বর্ণন	১৬০-১৮৫
একাদশ	শ্রীনিত্যানন্দস্কন্ধ-শাখা-বর্ণন	১৮৫-১৯৯
দ্বাদশ	শ্রীঅদ্বৈতস্কন্ধ-শাখা-বর্ণন	১৯৯-২০৮
ত্রয়োদশ	জন্ম-মহোৎসব-বর্ণন	২০৮-২২০
চতুর্দ্দশ	বাল্যলীলা-সূত্র-বর্ণন	২২০-২২৬
পঞ্চদশ	পৌগণ্ডলীলা-সূত্র-বর্ণন	২২৭-২২৯
ষোড়শ	কৈশোরলীলা-সূত্র-বর্ণন	২২৯-২৩৬
সপ্তদশ	যৌবনলীলা-সূত্র-বর্ণন	২৩৬-২৫৯

মধ্যলীলার সূচী

পরিচ্ছেদ	বিষয়	পত্রাঙ্ক
প্রথম	মধ্যলীলা-সূত্র-বর্ণন	২৬১-২৮২
দ্বিতীয়	অন্ত্যলীলা-সূত্রকথনে প্রেমোন্মাদ-প্রলাপ-বর্ণন	২৮৩-২৯৪
তৃতীয়	সন্ন্যাসকরণানন্তর অদ্বৈত-গৃহে ভোজন-বিলাস-বর্ণন	২৯৫-৩০৮
চতুর্থ	শ্রীমাধবেন্দ্রপুরী-চরিতাস্বাদন	৩০৮-৩২০
পঞ্চম	সাক্ষিগোপাল-চরিত্র-বর্ণন	৩২১-৩২৯
ষষ্ঠ	সার্ব্বভৌমোদ্ধার	৩২৯-৩৫৩
সপ্তম	দক্ষিণযাত্রাকালে কুষ্ঠরোগী বাসুদেব বিপ্রের উদ্ধার	৩৫৪-৩৬২
অষ্টম	শ্রীরামানন্দ রায়-সঙ্গোৎসব	৩৬৩-৪০৩
নবম	দক্ষিণদেশ-তীর্থ-ভ্রমণ	৪০৪-৪৩৭
দশম	সর্ব্ববৈষ্ণব-মিলন	৪৩৭-৪৫০
একাদশ	'বেড়াকীর্ত্তন'-বিলাস-বর্ণন	৪৫০-৪৬৪
দ্বাদশ	গুণ্ডিচা-গৃহ মার্জ্জন	৪৬৪-৪৭৮
ত্রয়োদশ	রথাগ্রে নর্ত্তন	৪৭৯-৪৯৩
চতুর্দ্দশ	'হেরাপঞ্চমী'-যাত্রাদর্শন	৪৯৪-৫১০

পরিচ্ছেদ	বিষয়	পত্রাঙ্ক
পঞ্চদশ	সার্ব্বভৌম-গৃহে ভোজন-বিলাস	৫১০-৫৩২
ষোড়শ	পুনর্গৌড়গমন-বিলাস	৫৩২-৫৫১
সপ্তদশ	শ্রীবৃন্দাবন-গমন	৫৫২-৫৬৯
অষ্টাদশ	শ্রীবৃন্দাবন-দর্শন-বিলাস	৫৬৯-৫৮৪
ঊনবিংশ	প্রয়াগে শ্রীরূপানুগ্রহ	৫৮৫-৬১০
বিংশ	স্বরূপতত্ত্বরূপ-শ্রীভগবৎস্বরূপ-ভেদবিচার	৬১০-৬৪৪
একবিংশ	সম্বন্ধতত্ত্ববিচারে শ্রীকৃষ্ণৈশ্বর্য্য-মাধুর্য্য-বর্ণন	৬৪৫-৬৬০
দ্বাবিংশ	অভিধেয়ভক্তিতত্ত্ব-বিচার	৬৬০-৬৮৮
ত্রয়োবিংশ	প্রেমপ্রয়োজন-বিচার	৬৮৯-৭০৬
চতুর্ব্বিংশ	'আত্মারামাশ্চ'-শ্লোক-ব্যাখ্যায় সনাতনানুগ্রহ	৭০৬-৭৪০
পঞ্চবিংশ	কাশীবাসীকে বৈষ্ণবকরণ ও পুনরায় নীলাচল-গমন	৭৪০-৭৫৮

অন্ত্যলীলার সূচী

পরিচ্ছেদ	বিষয়	পত্রাঙ্ক
প্রথম	পুনঃ রূপসঙ্গোৎসব	৭৫৯-৭৭৯
দ্বিতীয়	শ্রীহরিদাস-দণ্ডরূপ-শিক্ষা	৭৭৯-৭৮৯
তৃতীয়	শ্রীহরিদাস ঠাকুরের মহিমা-কথন	৭৮৯-৮০৪
চতুর্থ	পুনঃ সনাতন-সঙ্গোৎসব	৮০৪-৮১৯
পঞ্চম	প্রদ্যুম্নমিশ্রোপাখ্যান	৮১৯-৮৩০
ষষ্ঠ	শ্রীরঘুনাথদাস-মিলন	৮৩১-৮৪৯
সপ্তম	শ্রীবল্লভভট্ট-মিলন	৮৪৯-৮৬০
অষ্টম	ভিক্ষা-সঙ্কোচ	৮৬০-৮৬৬
নবম	শ্রীগোপীনাথ পট্টনায়কোদ্ধার	৮৬৬-৮৭৪
দশম	ভক্তদত্তাস্বাদন	৮৭৪-৮৮২
একাদশ	শ্রীহরিদাস-নির্য্যাণ-বর্ণন	৮৮২-৮৮৭
দ্বাদশ	শ্রীজগদানন্দের তৈলভাণ্ড-ভঞ্জন	৮৮৭-৮৯৫
ত্রয়োদশ	শ্রীজগদানন্দের বৃন্দাবন-গমন	৮৯৫-৯০৫
চতুর্দ্দশ	চটকগিরি-গমনরূপ দিব্যোন্মাদ-বর্ণন	৯০৫-৯১৪
পঞ্চদশ	উদ্যান-বিহার	৯১৪-৯২২
ষোড়শ	কালিদাস প্রসাদ-বিরহোন্মাদ-প্রলাপ	৯২২-৯৩৩
সপ্তদশ	কূর্ম্মাকারানুভাবোন্মাদ-প্রলাপ	৯৩৩-৯৩৮
অষ্টাদশ	সমুদ্র-পতন	৯৩৮-৯৪৫
ঊনবিংশ	বিরহ-প্রলাপ-মুখ-সঙ্ঘর্ষণাদি-বর্ণন	৯৪৬-৯৫৫
বিংশ	শিক্ষাশ্লোকার্থাস্বাদন	৯৫৫-৯৬৭

শ্রীচৈতন্যচরিতামৃত-ধৃত প্রমাণ-গ্রন্থ-তালিকা

অভিজ্ঞান-শকুন্তল-নাটক—অ ১৮।৪০ ; অমরকোষ—ম ২৪।৩০৫ ; অলঙ্কার-শাস্ত্র—আ ১৬।৫৮ ; আদিপুরাণ—আ ৪।১৮৪, ২১২, ২১৩, ২১৬ ; ম ১১।২৮ ; আর্য্যশতক—অ ১৬।৭৪ ; ইতিহাস-সমুচ্চয়—ম ১৯।৫০, ২০।৫৮ ; অ ১৬।২৫ ; উজ্জ্বলনীলমণি—আ ৪।৭০, ১৭।২৯৩ ; ম ৮।১১০, ১৬১, ১৯৫ ; ১৪।১৬৩, ১৭৪, ১৮৭, ১৯২, ১৯৭ ; ২৩।৮২-৮৬ ; অ ১৪।১৬, ৫৩ ; উত্তররামচরিত—ম ৭।৭৩; উদ্বাহতত্ত্ব—আ ১৫।২৭ ; উপপুরাণ—অ ৩।৮২ ; একাদশী-তত্ত্ব—আ ২।৭৪ ; ম ১৭।১৮৬, ২৫।৫৬ ; কাত্যায়ন-সংহিতা—ম ২২।৮৮; কাব্যপ্রকাশ—ম ১।৫৮, ১৩।১২১ ; অ ১।৭৮ ; কূর্ম্মপুরাণ—ম ৯।২১১, ২১২ ; কৃষ্ণকর্ণামৃত—আ ১।৫৭ ; ম ২।৫৮, ৬১, ৬৫, ৭৪ ; ১০।১৭৮ ; ২১।১৩৬ ; ২৩।২৯, ৩২ ; আ ১৭।৫০ ; কৃষ্ণচৈতন্যোক্ত শ্লোক—আ ১৬।৮২ ; ১৭।৩১ ; ম ১।২১১, ২।৪৫ ; অ ৬।২৩৯, ২৮৫ ; ২০।১২, ১৬, ২১, ২৯, ৩২, ৩৬, ৩৯, ৪৭ ; কৃষ্ণসন্দর্ভ—অ ৭।৮০ ; গরুড়পুরাণ—ম ২৫।১৩৭, ১৩৮, ১৩৯ ; গীতগোবিন্দ—আ ৪।২১৯, ২২৪ ; ম ৮।১০৫, ১০৬, ১৪৩ ; অ ১৫।৮৪ ; গোবিন্দলীলামৃত—আ ৪।১২৫ ; ম ৮।১৮২, ২০৬, ২১১; ১৪।১৮১, ১৮৯, ১৯৪ ; ১৭।২১০, ২১২, ২১৪, ২১৬ ; ১৮।১২ ; ১৯।৫৪ ; অ ১৫।১৪, ৬৩, ৭৮, ১১৯ ; ১৭।৪০ ; ১৯।৯১ ; গোস্বামিপাদোক্ত-শ্লোক—ম ২।২৮ ; ১৪।২০০ ; ২১।৪৫ ; ২২।৮৯ ; ২৪।১৭৯ ; অ ১৪।৪১ ; গৌতমীয়-তন্ত্র—আ ৩।১০৩ ; ৪।১৬৩ ; ম ৮।২১৬ ; চৈতন্যচন্দ্রোদয় নাটক—ম ৩।২৮ ; ৬।১৪২, ২৫৪, ২৫৫ ; ১০।১১৯, ১১।৮, ১১, ৪৭, ১৫১ ; ১৯।১১৯, ১২০, ১২১ ; ২৪।৩৪৪, ৩৪৫, ৩৪৬ ; অ ৬।২৬৩, ২৬৪ ; জগন্নাথবল্লভ নাটক—ম ২।১৮, ৩৬ ; তত্ত্বসন্দর্ভ—আ ৩।৮০ ; তন্ত্র—আ ৮।১৭ ; দানকেলিকৌমুদী—আ ৪।১৩১ ; ম ১৪।১৮০ ; দিগ্বিজয়ী (কেশব-কাশ্মীরি-বাক্য) আ ১৬।৪১ ; নাটকচন্দ্রিকা—আ ১।১৩৫ ; নামকৌমুদী—অ ৭।৮০ ; নারদপঞ্চরাত্র—ম ৯। ১৫৭ ; ১৯।১৭০; ২৩।৮ ; নৃসিংহপুরাণ—অ ৩।৫৬ ; ১৬।৫২, ৫৩ ; নৈষধীয়—অ ১।৯২ ; ন্যায়—অ ১।৯১ ; পদ্মপুরাণ—আ ৩।৯০; ৪।২১৫ ; ম ৩।২৮ ; ৬।১৮১, ১৮২, ২২৫, ২২৬ ; ৮।৯৮ ; ৯।২৯, ৩২ ; ১১।৩১ ; ১৭।১৩৩, ১৩৬ ; ১৮।৮ ; ১৯।২২৯ ; ২০।১৪৫; ২১।৫০, ৫১, ৮৮ ; ২২।১০৯ ; ২৩।২৬ ; ২৫।৭৮ ; অ ৩।৬০ ; পদ্যাবলী—ম ১।৭৬ ; ৪।১৯৭ ; ৮।৬৯, ৭০ ; ১৩।৭৮, ৮০, ১২১; ১৫। ১১০ ; ১৯।৯৬, ৯৮, ১০৬ ; ২২।১৩১ ; অ ১।৭৮ ; ৩।১৮০ ; ৬।২৩৯ ; ৮।৩২ ; ২০।১২, ১৬, ২১, ২৯, ৩২, ৩৬, ৩৯, ৪৭ ; পানিনি—ম ২৪।২৬, ২৯৩, ২৯৫ ; অ ৮।৭৮ ; প্রাচীনকৃত শ্লোক—আ ১।৪০ ; ম ২৪।৩১৫ ; অ ১।১৯৫ ; বঙ্গদেশীয় বিপ্রকৃত শ্লোক—অ ৫।১১২; বিদগ্ধমাধব—আ ১।৪ ; ৩।৪ ; ৪।১১৮ ; ম ২।৫২, অ ১।৯৯, ১২০, ১২৮, ১৩২, ১৩৬, ১৩৮, ১৩৯, ১৪২-১৪৬, ১৪৮, ১৫০, ১৫৫, ১৫৮-১৬৫, ১৬৯-১৭১ ; বিশ্বপ্রকাশ—ম ২৪।১২, ১৮, ৬৪, ৬৫, ১৪৬ ; বিষ্ণুধর্ম্মোত্তর—ম ১৭।১৩৩ ; বিষ্ণুপুরাণ—আ ৪।৬৩, ১১৬ ; ৭।১১৯ ; ৯।৪৩ ; ম ৬।১৫৪-১৫৭ ; ৮।৫৮, ১৫৩, ১৫৬ ; ১৩।৭৭ ; ২০।১১০, ১১২-১১৫, ৩৪৪ ; ২৪।৬৮, ৩০৪ ; অ ৩।৮৪; বিষ্ণুস্বামিবাক্য—ম ১৮।১১৪ ; অ ৫।১২৭ ; বৃহৎ-গৌতমীয়-তন্ত্র—আ ৪।৮৩ ; ম ২৩।৬৪ ; বৃহন্নারদীয় পুরাণ—আ ৭।৭৬ ; ১৭।২১ ; ম ৬।২৪২ ; বৈষ্ণবতন্ত্র—ম ১৮।১১৬ ; ২২।৯৭, ৯৮ ; বৈষ্ণবতোষণী—ম ২।৪২ ; ব্রহ্মসংহিতা—আ ২।১৪, ১০৭ ; ৪।৭২ ; ৫।২২, ৭১, ১৫৫ ; ম ৮।১৩৬, ১৬৩ ; ১৪।২২৭ ; ১৫।১৭০ ; ২০।১৫৪, ১৬০, ২৫৮, ২৮১, ৩০৪, ৩১০, ৩১৬ ; ২১।৩৫, ৪১১, ৪৯ ; ব্রহ্মাণ্ডপুরাণ—আ ৫।৩৯ ; ম ৯।৩৩ ; ভক্তিরসামৃতসিন্ধু—আ ৪।৪৫, ১১৭, ২০২, ২০৩ ; ৫।৩৬, ২২৪ ; ম ১।১৯০ ; ৮।৮৪, ১৪১, ১৫৬, ১৮৮, ১৯০; ৯।১১৭, ১৪৬ ; ১০।১৭৮ ; ১৪।২২৮ ; ১৮।৩৮ ; ১৯।১৩৪, ১৬৭, ১৭০, ১৭৬, ১৮৬, ২১১ ; ২০।১০৬, ৩৭৮, ৩৯৭, ৩৯৮, ৩৯৯; ২২।১৬, ১০২, ১০৯, ১২৬, ১২৭, ১২৮, ১৩১, ১৪২, ১৪৫, ১৪৯, ১৫০, ১৫৩, ১৫৫, ১৫৮ ; ২৩।৫, ৭, ১৪, ১৫, ১৮, ১৯, ২৩, ২৬, ৩০, ৩৩, ৩৬, ৬৩, ৬৪,৬৬-৮০, ৮৯-৯২, ৯৪ ; ২৪।৩৭, ১১৬, ১২১, ১২৪, ১২৯, ১৬৫, ১৬৭, ১৭৬, ১৯০, ২৬৯, ২৭৪ ; অ ১।১০৮, ২১২ ; ৩।৬২, ১৯৫ ; ১৯।১০৫ ; ভগবৎসন্দর্ভ—ম ৮।১৫৩ ; ১৮।১১৪, ২৪।১০৮, ১৩৯, ৩০৪ ; ২৫।১৪৯ ; অ ৫।১২৭ ; ভগবদ্গীতা—আ ১।৪৯ ; ২।২০ ; ৩।২২, ২৫ ; ৪।২০, ১৭৮ ; ৭।১১৮ ; ৬।১৬৪, ১৬৫ ; ৮।৬০, ৬৩, ৬৫ ; ম ৯।২৬৫ ; ম ১৭।১৮; ম ১৯।১৯৯ ; ম ২০।১১৬, ১২১, ১৬৩, ৩৭৩, ৩৭৪ ; ২২।২৩, ৫৭, ৫৮, ৯১ ; ম ২৩।১০০-১০৭ ; ম২৪।৯০, ১২৮, ১৩৪, ১৫৪, ১৫৫, ১৬৮, ১৮৪, ১৮৭ ; ২৫।৩৮, ৩৯, ১৪৮ ; অ ৪।১৭৭, ১৭৮ ; অ ৮।৬৫, ৬৬ ; ভরতমুনি-বাক্য—অ ১৬।৭১ ; ভাগবত—আ ১।৪৬, ৪।৮, ৫১-৫৬, ৫৯, ৬০, ৬২, ৬৩, ৭১-৭৪, ৯১ ; ২।১১, ১৭, ২১, ৩০, ৫৩, ৫৫, ৬৩, ৬৭, ৯১, ৯২ ; ৩।২৪, ৩৬, ৩৯, ৫১, ৬৮, ১১০ ; ৪।২৩, ৩৪, ৬৬, ৮৮, ১৫২, ১৫৩, ১৫৫, ১৫৬, ১৭৩, ১৭৬, ১৮০, ২০৫-২০৮ ; ৫।৩৫, ৭২, ৭৯, ৮০, ৮৪, ৮৭, ১৩৮-১৪১, ২১৪ ; ৬।২২, ৫৯, ৬০,৬৩, ৬৬, ৬৭, ৭০, ৭২, ৭৩, ১০০ ; ৭।৯৪; ৮।১৯, ২৫, ৫৮ ; ৯।৪২, ৪৬ ; ১৩।৭৭, ১৪।৬৯ ; ১৭।৭৬, ৭৮; ম ২।৪২ ; ৩।৩৬ ; ৬।৮৪, ১০১-১০৩, ১০৮, ১০৯, ১৪৯, ১৮৬, ২৩৫, ২৬১, ২৭০ ; ৭।১৪৩ ; ৮।৬, ৪০, ৬২, ৬৭, ৭২, ৭৫, ৭৭, ৭৮, ৮০, ৮১, ৮৯, ৯২, ৯৪, ৯৯, ১৩৯, ১৪৫, ১৪৭, ২১৯, ২২৪, ২২৭, ২৩২, ২৬৬, ২৭৫, ২৭৬ ; ৯।১১৪, ১২১, ১২৩, ১৩২,

১৪৩, ২৫৯, ২৬০, ২৬২, ২৬৪, ২৬৬, ২৭০ ; ১০।১২ ; ১১।২৯, ৩০, ৩২, ১০০, ১০৪, ১১৮, ১৯২ ; ১৩।৭৯, ১৩৬, ১৬০ ; ১৪।১৩, ১৫৮ ; ১৫।১৮০, ২৩৭, ২৭০ ; ১৬।১৪৫, ১৮৬ ; ১৭।৩৬, ৩৯, ১৩৮, ১৪০, ১৪২ ; ১৮।৩৪, ৬৫, ১২৫ ; ১৯।৭২, ১৪২, ১৪৩, ১৫০, ১৭১-১৭৪, ১৯৭, ২০১, ২০৩-২০৯, ২১১২, ২১৫ ; ২০।৫৭, ৫৯, ১১৯, ১৩৭, ১৩৮, ১৪৭, ১৪৮, ১৫১, ১৫৬, ১৫৮, ১৬২, ১৭০, ১৭৩, ২৪৯, ২৬২, ২৬৬, ২৬৭, ২৭০, ২৭৪, ২৭৫, ২৯৯, ৩০৬, ৩১২, ৩১৩, ৩১৮, ৩৩১, ৩৩৫, ৩৩৬, ৩৪০, ৩৪, ৩৪৩, ৩৪৫, ৩৫৩, ৩৫৭ ; ২১।৯, ১১, ১৩, ১৫, ২৭, ৩৩, ৩৭, ৮৩, ১০০, ১১২, ১২৩, ১২৪ ; ২২।১৯, ২০, ২২, ২৭, ২৮, ৩০, ৩২, ৩৬, ৪০, ৪৪, ৪৬, ৪৮, ৫০, ৫২, ৫৩, ৫৫, ৬১, ৬৩, ৬৯, ৭০, ৭১, ৭৩, ৭৮, ৭৯, ৮১, ৮২, ৮৩, ৮৫, ৮৬, ৮৭, ৯৩, ৯৫, ১০০, ১০৭, ১০৮, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৬,১৩৯, ১৪১, ১৫৭ ; ২৩।১৬, ২১, ২৪, ৩৭, ৬১, ১০৮ ; ২৪।৫, ২১, ৪৫, ৪৬, ৪৮, ৪৯, ৫১, ৫২, ৫৫, ৫৮, ৭১, ৭৩, ৭৮, ৮৩, ৮৪, ৮৬, ৯৪, ৯৬, ৯৯, ১১১, ১১৩, ১১৯, ১২৭, ১৩১, ১৩৩, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৫১, ১৫২, ১৬১, ১৬৪, ১৭১, ১৭২-১৭৪, ১৭৮, ১৮৫, ১৯২, ১৯৪, ১৯৫, ২০২-২০৫, ২০৯, ২১১, ২১৩, ৩১৬, ৩১৭ ; ২৫।৩১, ৩২, ৩৬, ৩৭, ৭৪, ৭৫, ৮১-৮৩, ৯৯, ১০৩, ১০৭, ১১১, ১১৭, ১২১, ১২৪, ১২৬-১২৮, ১৩০, ১৩২, ১৩৪, ১৩৫, ১৪১, ১৪২, ১৪৪, ১৪৫, ১৫০, ১৫১, ১৫২ ; অ ২।১১৯ ; ৩।৬৩, ৮৩, ১৭৮, ১৮৬, ১৮৭ ; ৪।৫৯, ৬৩, ৬৪, ৬৯, ১৭৫, ১৯৪ ; ৫।১০, ৪৮, ১২৪, ১২৫, ১৩৭ ; ৬।১৩৭, ৩১৪ ; ৭।১০, ২৭, ২৯, ৩২, ৩৩, ৩৯, ৪১ ; ৮।৭৬ ; ৯।৭৭ ; ১৪।৮৬ ; ১৫।৩২-৩৪, ৪৪, ৫১, ৭০, ৮১ ; ১৬।২৬, ২৭, ১১৭, ১৪০ ; ১৭।৩১ ; ১৮।২৫ ; ১৯।৪৫, ৭০ ; ২০।১০ ; ভাগবতামৃত—ম ৮।৯৮ ; ভাবাথদীপিকা—আ ১।৩৯ ; ২।৯৫ ; ম ১৭।৮০ ; ১৮।১১৪ ; ২৪।৬৯, ৭৫, ২৫।১৩৮ ; অ ৫।১২৭ ; ভারবী—অ ১০।২১ ; মলমাসতত্ত্ব—আ ১৭।১৬৪ ; মহাভাগবত—আ ৩।৪৯ ; ১৭।৩০৮ ; ম ৬।১০৪ ; ৯।৩০ ; ১০।১৭০ ; ১৫।২৬৯ ; ১৭।১৮৬ ; মুনিবাক্য—ম ২২।৬ ; যামুনাচার্য্যকৃত-শ্লোক—আ ৩।৮৬, ৮৮ ; ম ১।২০৩, ২০৬ ; ৮।৭৩ ; ১১।১৫১ ; অ ৩।৯১ ; রঘুবংশ—ম ১০।১৪৫ ; রামচন্দ্রপুরীবাক্য—অ ৮।৪৭ ; রামায়ণ (বাল্মিকী-কৃত) —ম ১০।১৪৬ ; ২২।৩৪ ; রূপগোস্বামিকৃত-শ্লোক—আ ৪।২৬০ ; ম ১।৭৬ ; ১৯।৫৩ ; ২৩।২৭, ৭৪-৮০, ৮২-৮৬ ; অ ১।৭৯, ১১৪; ১৪।১৬, ৫৩ ; লঘুভাগবতামৃত—আ ১।৭৫, ৭৭ ; ৩।২৭ ; ৪।১৮৪, ২১২, ২১৩ ; ৫।৭৭ ; ম ৯।১৫৭ ; ১১।২৮, ৩১ ; ২০।২৪২, ২৫১, ৩৭১ ; ২১।৫০, ৫১, ৮৮; অ ১।৬৭ ; ৫।১২৩ ; ৭।১৫ ; ললিতমাধব—আ ৪।১৪৬, ২৫৯ ; ১৭।২৮১ ; ম ১।৮৪ ; ৮।১৪৯ ; ৯।১৫০; ১৯।১৬৫ ; ২০।১৮১, ১৮২ ; অ ১।১৬৬-১৬৮, ১৭৫, ১৭৭, ১৮৪, ১৮৮-১৯১ ; ১৯।৩৫ ; শ্রুতিব্যাখ্যাধৃত-শ্লোক (ভাঃ ১০।৮৭।৩০) —ম ১৯।১৪০ ; 'শ্বেতাশ্বতর' উপনিষৎ—ম ১০।১৪১ ; সর্ব্বজ্ঞসূক্তবাক্য—ম ১৮।১১৪ ; অ ৫।১২৭ ; সাত্বত-তন্ত্র—আ ৫।৭৭ ; ম ২০।২৫১ ; সামুদ্রক—আ ১৪।১৫ ; সাহিত্যদর্পণ—ম ১৩।১২১ ; অ ১।১৮৬ ; স্কন্দপুরাণ—ম ২২।১৪২ ; ২৪।২৭৪ ; স্তবমালা—আ ৩।৫৭, ৬২, ৬৫ ; ৪।৫১, ৫২, ১৯৬, ২৭৫ ; ম ১৩।২০৭ ; অ ১৫।৯৭ ; স্তবাবলী—অ ৬।৩২৭ ; ১৪।৭৩, ১২০ ; ১৬।৮৭ ; ১৭।৭১; ১৯।৭৬ ; স্তোত্ররত্ন—আ ৩।৮৬, ৮৮ ; ম ৮।৭৩ ; স্মৃতিবচন—অ ১৫।২৭ ; ম ১৫।২৬৫ ; স্বরূপ-গোস্বামিকৃত কড়চা—আ ১।৫, ১৪; ৪।৫৫, ২৩০ ; ৫।৭, ১৩, ৫০, ৯৩, ১০৯ ; ৬।৪, ৫ ; ৭।৬ ; হয়শীর্ষপঞ্চরাত্র—ম ৬।১৪২ ; হরিভক্তিবিলাস—আ ৩।১০৩ ; ১৪।১ ; ম ৯।৩৩ ; ১৮।১১৬ ; ১৯।৫০, ২২৯ ; ২২।৩৪, ৮৮, ৯৭, ৯৮ ; ২৩।৮ ; ২৫।১৩৭ ; অ ৩।৬০ ; ১৬।২৫; হরিভক্তিসুধোদয়—আ ৭।৯৮; ম ১৯।৭৫ ; ২০।৬১ ; ২২।৪২ ; ২৩।২৩ ; ২৪।২১৫ ।

সংখ্যা-সূচী

আদিলীলা

	কবিরাজ গোস্বামি-কৃত শ্লোকসংখ্যা	উদ্ধৃত শ্লোক সংখ্যা	কবিরাজ গোস্বামি-কৃত পয়ার সংখ্যা	মোট সংখ্যা
প্রথম পরিচ্ছেদ	৮	৩৫	৬৭	১১০
দ্বিতীয় ”	৩	১৫	১০৩	১২১
তৃতীয় ”	১	২১	৯১	১১৩
চতুর্থ ”	২	৪৬	২২৯	২৭৭
পঞ্চম ”	১	২৩	২১১	২৩৫
ষষ্ঠ ”	১	১২	১০৫	১১৮
সপ্তম ”	১	৬	১৬৪	১৭১
অষ্টম ”	১	৪	৮০	৮৫
নবম ”	২	৩	৫০	৫৫
দশম ”	২	×	১৬২	১৬৪
একাদশ ”	২	×	৫৯	৬১
দ্বাদশ ”	২	×	৯৩	৯৫
ত্রয়োদশ ”	২	১	১২০	১২৩
চতুর্দ্দশ ”	১	৩	৯৩	৯৭
পঞ্চদশ ”	২	১	৩১	৩৪
ষোড়শ ”	২	৪	১০৫	১১১
সপ্তদশ ”	২	৮	৩২৬	৩৩৬
মোট	৩৫	১৮২	২০৮৯	২৩০৬

মধ্যলীলা

	কবিরাজ গোস্বামি-কৃত শ্লোকসংখ্যা	উদ্ধৃত শ্লোক সংখ্যা	কবিরাজ গোস্বামি-কৃত পয়ার সংখ্যা	মোট সংখ্যা
প্রথম পরিচ্ছেদ	৫	৮	২৭৪	২৮৭
দ্বিতীয় ”	১	১০	৮৪	৯৫
তৃতীয় ”	১	২	২১৬	২১৯
চতুর্থ ”	১	১	২১১	২১৩
পঞ্চম ”	১	×	১৬০	১৬১
ষষ্ঠ ”	১	২৬	২৬০	২৮৭
সপ্তম ”	১	৩	১৫১	১৫৫
অষ্টম ”	১	৫১	২৬১	৩১৩
নবম ”	১	২৫	৩৩৯	৩৬৫
দশম ”	১	৬	১৮৩	১৯০
একাদশ ”	১	১৩	২২৯	২৪৩
দ্বাদশ ”	১	×	২২১	২২২
ত্রয়োদশ ”	১	৮	২০০	২০৯
চতুর্দ্দশ ”	১	১৪	২৪২	২৫৭
পঞ্চদশ ”	১	৭	২৯৪	৩০২
ষোড়শ ”	১	২	২৮৭	২৯০
সপ্তদশ ”	১	১৪	২১৯	২৩৪
	২১	১৯০	৩৮১১	৪০৪২

	কবিরাজ গোস্বামি-কৃত শ্লোকসংখ্যা	উদ্ধৃত শ্লোক সংখ্যা	কবিরাজ গোস্বামি-কৃত পয়ার সংখ্যা	মোট সংখ্যা
মধ্যলীলা	২১	১৯০	৩৮১১	৪০৪২
অষ্টাদশ ”	২	৮	২১৯	২২৯
ঊনবিংশ ”	১	৪০	২১৫	২৫৬
বিংশ ”	২	৬৫	৩৩৭	৪০৪
একবিংশ ”	১	২১	১২৭	১৪৯
দ্বাবিংশ ”	১	৬৮	৯৫	১৬৪
ত্রয়োবিংশ ”	১	৫৬	৬৪	১২১
চতুর্ব্বিংশ ”	১	৯২	২৫৭	৩৫০
পঞ্চবিংশ ”	৩	৪০	২৩৩	২৭৬
মোট	৩৩	৫৮০	৫৩৭৮	৫৯৯১

অন্ত্যলীলা

	কবিরাজ গোস্বামি-কৃত শ্লোক সংখ্যা	উদ্ধৃত শ্লোক সংখ্যা	কবিরাজ গোস্বামি-কৃত পয়ার সংখ্যা	মোট সংখ্যা
প্রথম পরিচ্ছেদ	৫	৫১	১৬৭	২২৩
দ্বিতীয় ”	১	১	১৭০	১৭২
তৃতীয় ”	১	১২	২৫৭	২৭০
চতুর্থ ”	১	৮	২৩০	২৩৯
পঞ্চম ”	১	৮	১৫৫	১৬৪
ষষ্ঠ ”	১	৭	৩২১	৩২৯
সপ্তম ”	১	৯	১৫৭	১৬৭
অষ্টম ”	১	৬	৯৪	১০১
নবম ”	১	১	১৫১	১৫৩
দশম ”	১	১	১৬০	১৬২
একাদশ ”	১	×	১০৭	১০৮
দ্বাদশ ”	১	×	১৫৪	১৫৫
ত্রয়োদশ ”	১	×	১৩৮	১৩৯
চতুর্দ্দশ ”	১	৬	১১৬	১২৩
পঞ্চদশ ”	১	১২	৮৬	৯৯
ষোড়শ ”	১	১০	১৪০	১৫১
সপ্তদশ ”	১	৪	৬৭	৭২
অষ্টাদশ	১	২	১১৮	১২১
ঊনবিংশ	১	৬	১০৫	১১২
বিংশ	৬	৯	১৪৩	১৫৮
মোট	২৯	১৫৩	৩০৩৬	৩২১৮

সর্ব্বমোট সংখ্যা

আদিলীলা	৩৫	১৮২	২০৮৯	২৩০৬
মধ্যলীলা	৩৩	৫৮০	৫৩৭৮	৫৯৯১
অন্ত্যলীলা	২৯	১৫৩	৩০৩৬	৩২১৮
সর্ব্বমোট	৯৭	৯১৫	১০৫০৩	১১৫১৫

মোট শ্লোক ও পয়ার সংখ্যা—১১৫১৫

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতে

আদিলীলার পরিচ্ছেদ-বিবরণ

প্রথম পরিচ্ছেদ ১-১৪

ত্রিবিধ মঙ্গলাচরণ, অবতারের মূল প্রয়োজন, নিত্যানন্দ ও অদ্বৈততত্ত্ব, পঞ্চতত্ত্ব এবং সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাধিদেবতার প্রণামমূলক সপ্তদশটী শ্লোক, তন্মধ্যে নমস্কারাত্মক প্রথম দুই শ্লোকের ব্যাখ্যামুখে গুরুতত্ত্ব, চতুঃশ্লোকী, পঞ্চতত্ত্ব-ব্যাখ্যা এবং শ্রীচৈতন্যনিত্যানন্দ-স্বরূপ ও মাহাত্ম্য-কথন।

দ্বিতীয় পরিচ্ছেদ ১৫-২৯

শ্রীচৈতন্যতত্ত্ব-নিরূপণাত্মক তৃতীয় শ্লোক-ব্যাখ্যামুখে ব্রহ্ম, পরমাত্ম ও ভগবদ্‌বিচার, শ্রীকৃষ্ণস্বরূপ এবং শক্তিত্রয়-জ্ঞান।

তৃতীয় পরিচ্ছেদ ২৯-৪২

আশীর্ব্বাদ-মঙ্গলাচরণে চৈতন্যাবতারের সামান্যকারণ-বর্ণন-মুখে অবতারের কাল, হেতু, বর্ণ ও লক্ষণাদির বিচার, অবতার-সম্বন্ধে প্রমাণ-বচন, অবতারের প্রকট প্রমাণ, অঙ্গ-উপাঙ্গ-অস্ত্র-পার্ষদ এবং যুগধর্ম্ম-কথন, স্বয়ংরূপাবতারের পূর্ব্বে গুরুবর্গ-রূপ সেবকগণের প্রাকট্য, অবতরণের পূর্ব্বে সামাজিক অবস্থা, অদ্বৈতের জীবে দয়া-বিষয়ক চিন্তা এবং কৃষ্ণারাধন প্রভৃতি কথন।

চতুর্থ পরিচ্ছেদ ৪২-৭০

শ্রীচৈতন্যাবতারের মুখ্য উদ্দেশ্যত্রয়-বর্ণনপ্রসঙ্গে যুগধর্ম্ম-প্রবর্ত্তন, অসুর-মারণ ও অদ্বৈতাদি ভক্তগণের আরাধন-অবতারের বাহ্যকারণমাত্র বলিতে গিয়া "অবতারী কৃষ্ণে অবতারগণের স্থিতি, বিধিভক্তি প্রচারার্থ বিষ্ণুর এবং রাগভক্তি প্রচারার্থ স্বয়ং কৃষ্ণের গৌরাবতার, রাসলীলাশ্রবণে মুক্তপুরুষেরই অধিকার, আচার-প্রচার, শান্ত-ব্যতীত চারিরসের আশ্রয়বর্গের কৃষ্ণপ্রীতিই কাম্য, রসোৎকর্ষ-বিচার, তটস্থ-বিচারে মধুর রসের শ্রেষ্ঠতা, স্বকীয়া এবং পরকীয়ারূপে মধুর রসের দ্বিবিধ সংস্থান, শ্রীরাধাকৃষ্ণ-মিলিততনু শ্রীগৌরসুন্দর, শ্রীরাধার তত্ত্ব ও কৃষ্ণের সহিত সম্বন্ধ, একই চিচ্ছক্তির তিন রূপ, শক্তিমান্ ও শক্তির পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধ, শুদ্ধসত্ত্বেই ভগবানের প্রাকট্য, মহাভাব, ত্রিবিধা কৃষ্ণকান্তা, অংশিনী রাধা, শ্রীরাধার পঞ্চনাম, রাধিকানামার্থ, রাধার মহাভাবে মগ্ন গৌরসুন্দর, কৃষ্ণের ত্রিবিধ বয়োধর্ম্ম এবং বয়োভেদে লীলা-ভেদ, রাধাপ্রেমবল, কৃষ্ণে যেরূপ পরস্পর বিরুদ্ধ ধর্ম্মের সামঞ্জস্য বর্ত্তমান শ্রীরাধাতেও তদ্রূপ, বিষয় এবং আশ্রয়জাতীয় সুখ, শ্রীস্বরূপই গৌরাবতারের গূঢ়রহস্যবেত্তা, গোপীপ্রেমের 'রূঢ়ভাব'-সংজ্ঞা, কাম ও প্রেম, শুদ্ধভক্তিপ্রকার-ভেদে কৃষ্ণপ্রাপ্তির তারতম্য-বিচার, গোপীর কৃষ্ণপ্রেমের পরিচয়, রাধিকাই গোপীশ্রেষ্ঠা, কৃষ্ণের সহিত গোপীর সম্পর্ক, সম্ভোগ-রসবিগ্রহ নন্দনন্দনই বিপ্রলম্ভ-রসবিগ্রহ—গৌর, রসসিদ্ধান্তের অধিকারী, রাধাকৃষ্ণের তুলনা-বিচার" প্রভৃতি বিষয়ের অবতারণা।

পঞ্চম পরিচ্ছেদ ৭১-১০৪

নিত্যানন্দ-তত্ত্বনিরূপণাত্মক পঞ্চশ্লোক-ব্যাখ্যাপ্রসঙ্গে "বলদেব-তত্ত্ব, বলদেবের পঞ্চরূপে কৃষ্ণসেবা, তন্মধ্যে শেষরূপে দশ-দেহে কৃষ্ণসেবা, পরব্যোম এবং তদূর্দ্ধে ত্রিবিধ কৃষ্ণলোক, চিন্ময় ব্রজধামের কৃষ্ণেচ্ছায় প্রপঞ্চে প্রকাশ, চর্ম্মচক্ষে শ্রীধামে প্রপঞ্চ-দর্শন, আদি চতুর্ব্যূহ, কৃষ্ণলোকে কৃষ্ণের দ্বিভুজ এবং পরব্যোম-বৈকুণ্ঠে চতুর্ভুজলীলা, শ্রী-ভূ-নীলাশক্তি, সাযুজ্য ভিন্ন মুক্তিচতুষ্টয় বৈকুণ্ঠপ্রাপক, নির্ব্বিশেষবাদীরই সাযুজ্য স্থান—সিদ্ধলোক, নির্ব্বিশেষ ব্রহ্ম, দ্বিতীয় চতুর্ব্যূহ, কারণার্ণব, গঙ্গা কারণবারির এক কণা, মহৎস্রষ্টা আদি পুরুষাবতার, প্রকৃতি জড়-রূপা—জগৎসৃষ্টির 'গৌণকারণ', কৃষ্ণই মূল জগৎকারণ, মূল-সঙ্কর্ষণ, মহাসঙ্কর্ষণ ও পুরুষত্রয়ের সম্বন্ধ, মৎস্যাদি সমস্ত অবতারের অংশী কারণাব্ধিশায়ী, পুরুষাবতারত্রয়ের কার্য্য, ঈক্ষণাদি ব্যাপারে মায়ার সম্বন্ধসত্ত্বেও বস্তুতঃ পুরুষ মায়াতীত, ঈশ্বর অচিন্ত্যশক্তিমান্, ঈশ্বরে এবং জগতে ভেদাভেদ-সম্বন্ধ, ব্রহ্মাণ্ড-পরিমাণ, চৌদ্দভুবনের উৎপত্তি, গর্ভবারিতে বৈকুণ্ঠধামপ্রকাশ, অনন্তশয্যা, ব্রহ্মার জন্ম, সৃষ্টি-স্থিতি-লয়, সপ্তসমুদ্র, শ্বেতদ্বীপ, বিষ্ণুর শেষরূপ, শেষের দশদেহ, কৃষ্ণকে 'বিষ্ণু'-নামে অভিধান দোষাবহ নহে—যেহেতু তাঁহাতে সবই সম্ভব, কৃষ্ণ ঈশ্বর আর সব ভৃত্য, গুরুবর্গাদি সকলেই লীলার সহায়, জ্যেষ্ঠ-কনিষ্ঠা-ভিমান, মীনকেতন রামদাস, গুণার্ণব মিশ্রের আচরণে রামদাসের ক্রোধ, নিতাই-ব্যতীত গৌর এবং গৌর-ব্যতীত নিতাইয়ে বিশ্বাস ভক্তিবিরোধমাত্র, শ্রীকবিরাজগোস্বামী ঠাকুরের দৈন্যজ্ঞাপক আত্মকাহিনী, অপ্রাকৃত শ্রীবিগ্রহে প্রাকৃত শিলাদি-বুদ্ধি মহাপরাধ" প্রভৃতি বর্ণন।

ষষ্ঠ পরিচ্ছেদ ১০৪-১২৪

শ্রীঅদ্বৈত-তত্ত্বনিরূপণাত্মক শ্লোকদ্বয়ের ব্যাখ্যামুখে "অদ্বৈতের তত্ত্ব ও মহিমা, মায়ার দুইরূপ—নিমিত্ত ও উপাদান, কারণশায়ীর দুইমূর্ত্তিতে সৃষ্টি—স্বয়ং 'নিমিত্ত' এবং অদ্বৈতপ্রভু 'উপাদান' (অন্তর্যামী), সাংখ্যমত-নিরাস, অদ্বৈতের দুই মূর্ত্তি, অদ্বৈত মহাবিষ্ণুর অঙ্গ বা অংশ হইয়াও মায়াতীত, অঙ্গ ও অংশের তাৎপর্য্যার্থ, 'অদ্বৈতাচার্য্য' ও 'কমলাক্ষ'-নামের সার্থকতা,

বৈকুণ্ঠে বিষ্ণু ও বৈষ্ণবের সারূপ্য, আচার্য্য-হুঙ্কারে চৈতন্যাবতার নিত্যানন্দ ও অদ্বৈত মহাপ্রভুর অঙ্গ, শ্রীবাসাদি উপাঙ্গ, অদ্বৈতের প্রতি গৌরের গুরুতুল্য ব্যবহার, অদ্বৈতের কৃষ্ণদাস-অভিমানে ভক্তিপ্রচার, কৃষ্ণদাস্যের নিকট কোটী ব্রহ্মসুখও তুচ্ছ, লক্ষ্মীরও কৃষ্ণদাস্য-প্রার্থনা, নিত্যানন্দাদ্বৈতাদি সকলেরই গৌরদাস্য-প্রার্থনা, সখ্য-বাৎসল্য-মধুর রসে এমন কি শ্রীরাধাতেও কৃষ্ণদাস্য, স্বয়ং-প্রকাশেরও কৃষ্ণদাসাভিমান, কৃষ্ণই সর্ব্বসেব্য, ভক্তাবতারের সর্ব্বশ্রেষ্ঠ মর্য্যাদা, কৃষ্ণের নিকট ভক্তেরই সর্ব্বশ্রেষ্ঠ সম্মান, কৃষ্ণসাম্যে মাধুর্য্যাস্বাদন অসম্ভব, শ্রীসঙ্কর্ষণ কৃষ্ণের আদি ভক্তাবতার" প্রভৃতি বিষয় বর্ণন।

সপ্তম পরিচ্ছেদ ১২৪-১৪৮

পঞ্চতত্ত্বনিরূপণ-প্রসঙ্গে "প্রেমবন্যা, মহাপ্রভুর সন্ন্যাস-গ্রহণের কারণ, বঞ্চিতদলের উদ্ধার, কাশীর মায়াবাদী, প্রভুর বৃন্দাবন-গমন, পথে কাশীতে অবস্থান, মায়াবাদিগণের প্রভুনিন্দা, প্রভুর উপেক্ষা ও মথুরাগমন, মথুরা দেখিয়া পুনঃ কাশী প্রত্যা-গমন এবং চন্দ্রশেখর-ভবনে অবস্থান, সনাতন গোস্বামিসহ মিলন, প্রকাশানন্দ-সভায় মহাপ্রভু, প্রভুর নাম-মাহাত্ম্য কীর্ত্তন, প্রেম—পঞ্চমপুরুষার্থ, প্রেমের স্বভাব, কৃষ্ণনামানন্দ সিন্ধুর নিকট ব্রহ্মানন্দ খাতোদক-সম, বেদান্তসম্বন্ধে প্রভুর মত ও ব্যাখ্যা, ঈশ্বরবাক্য দোষশূন্য, মুখ্যবৃত্তি এবং গৌণবৃত্তি-বিচার, মায়াবাদ বা শাঙ্কর মতের অমূলকত্ব স্থাপন, 'ব্রহ্ম'-শব্দের মুখ্য অর্থ, মায়াবাদে বিষ্ণুনিন্দা, শক্তি ও শক্তিমান্, জীবতত্ত্ব, বস্তু-পরিণামবাদ, বিবর্ত্তবাদ, বিবর্ত্তবাদখণ্ডন, প্রণব, তত্ত্বমসি, অভিধা ও লক্ষণা-বৃত্তি, স্বতঃপ্রমাণ বেদের প্রমাণান্তরাভাব, প্রভুর সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাত্মক ব্রহ্মসূত্রের মুখ্যার্থ ব্যাখ্যা, সন্ন্যাসিগণের মতি-পরিবর্ত্তন, প্রভুর তাহাদিগকে কৃপা, প্রভুদর্শনে লোকসঙ্ঘ, সনাতন গোস্বামীকে বৃন্দাবন-প্রেরণ, প্রভুর নীলাচলে আগমন, স্বয়ং এবং প্রচারকগণদ্বারা ভারতের সর্ব্বত্র নামপ্রেমপ্রচার ও লোকোদ্ধার, সেতুবন্ধ পর্য্যন্ত ভক্তিপ্রচার" প্রভৃতি বিষয় কথন।

অষ্টম পরিচ্ছেদ ১৪৮-১৫৬

পঞ্চতত্ত্বের মাহাত্ম্য না মানিয়া পৃথগ্‌বুদ্ধিতে গৌর বা কৃষ্ণপূজা ঘোর অপরাধ, কৃষ্ণভক্তি বিনা গৌরভক্তি ও গৌর-ভক্তি বিনা কৃষ্ণভক্তি 'অভক্তি' বা 'আসুরবৃত্তি', শ্রীচৈতন্য-দয়ার চমৎকারিতা, অপরাধযুক্ত হইয়া অসংখ্যবার কৃষ্ণের শ্রবণ-কীর্ত্তন বৃথা, কৃষ্ণ ভুক্তি-মুক্তি দিয়া জীবকে বঞ্চনা করিতে পারিলে আর 'ভক্তি' দেন না, কৃষ্ণের সহিত রসসম্বন্ধ না হইলে মুক্তিমাত্র লাভ, মহাপ্রভুর আপামরে প্রেমভক্তিপ্রদানলীলা, গৌর-নিতাইয়ের সেবাতেই কৃষ্ণপ্রেমোদয়, কৃষ্ণনাম অপরাধের বিচার করে, গৌর-নিতাইয়ের নামে অপরাধ-বিচার নাই, শ্রীচৈতন্য-ভাগবত-শ্রবণে গৌর-নিতাই-মহিমা ও কৃষ্ণভক্তি-সিদ্ধান্ত-বিষয়ে জ্ঞান, বৃন্দাবনদাস ঠাকুরের মহিমা-কীর্ত্তন, শ্রীপণ্ডিত হরিদাস, বৈষ্ণবের পঞ্চাশটী সদ্‌গুণ, কবিরাজ গোস্বামি-ঠাকুরের শ্রীচৈতন্য-চরিতামৃত-বর্ণন-রহস্য।

নবম পরিচ্ছেদ ১৫৬-১৬০

প্রভুর মালাকার-ধর্ম্ম-গ্রহণ ও নবদ্বীপে ভক্তিফলোদ্যান রচনা ভক্তিকল্পতরু, শ্রীমাধবেন্দ্রপুরী কল্পতরুর প্রথম অঙ্কুর, অচিন্ত্য-শক্তিবলে মালী হইয়াও মহাপ্রভু স্বয়ং স্কন্দ এবং সকল শাখার আশ্রয়, পরমানন্দপুরী ও কেশবভারতী-প্রমুখ নয়জন সন্ন্যাসী বৃক্ষের নবমূল, পরমানন্দপুরী মধ্যমূল, অদ্বৈত ও নিত্যানন্দ—দুই স্কন্ধ, স্কন্ধের বহুশাখা ও উপশাখা, প্রেমফল, প্রেমফলাস্বাদন, প্রেমফল বিতরণ, জীবের নিত্যমঙ্গল-বিধানই পরোপকার, জীবকে নিজানুরূপ কৃষ্ণপ্রেম-অর্পণদ্বারা মহাভাগবতকরণ এবং নিন্দক-দিগেরও কৃষ্ণপ্রেম-প্রাপ্তিতে উদ্ধার।

দশম পরিচ্ছেদ ১৬০-১৮৫

মূল স্কন্ধশাখা অর্থাৎ মহাপ্রভুর নিজশাখা-বর্ণন, গৌরভক্তে গুরু-লঘু-ভেদশূন্যতা, 'প্রভুপাদোপাধান' শঙ্কর পণ্ডিত, বাসুদেব ঠাকুরের পরদুঃখ-কাতরতা, নামাচার্য্য ঠাকুর হরিদাস ও তচ্ছিষ্য সত্যরাজ খাঁ প্রভৃতি কুলীনগ্রামী, অপ্রতিগ্রাহী দেহরোগ-ভবরোগ-চিকিৎসক মুরারি গুপ্তের আত্মবৃত্তির দ্বারা কুটুম্বভরণ, মহাপ্রভুর 'সাক্ষাৎ' 'আবেশ' ও 'আবির্ভাব'—এই তিনরূপে অবতীর্ণ হইয়া কৃপা, নকুল ব্রহ্মচারীর দেহে প্রভুর আবেশ, 'নকুল ব্রহ্মচারী' বা 'প্রদ্যুম্ন ব্রহ্মচারী' বা মহাপ্রভু-প্রদত্ত 'নৃসিংহানন্দ' একই ব্যক্তির নাম, কুলীনগ্রামবাসীর মাহাত্ম্য, শ্রীরূপসনাতন-শাখার বিস্তৃতি, সমগ্র ভারতের উদ্ধার—(১) ভক্তাচার-প্রবর্ত্তন, (২) লুপ্ততীর্থ উদ্ধার ও (৩) শ্রীমূর্ত্তি-পূজা-প্রচার, স্বরূপের অন্তর্দ্ধানে 'স্বরূপের রঘু'র শ্রীরূপ-সনাতনের চরণদর্শন ও বিরহে ভৃগুপাত করিয়া দেহত্যাগ-সঙ্কল্পপূর্ব্বক বৃন্দাবনে আগমন, শ্রীরূপসনাতন-কর্ত্তৃক তৃতীয় ভাইরূপে রঘুকে সমীপে সংরক্ষণ, রঘুনাথের দৈনিক-কৃত্য, ভট্টরঘুনাথের বিবরণ।

একাদশ পরিচ্ছেদ ১৮৫-১৯৯

নিত্যানন্দস্কন্ধশাখা অর্থাৎ নিত্যানন্দগণ-বর্ণন।

দ্বাদশ পরিচ্ছেদ ১৯৯-২০৮

অদ্বৈতস্কন্ধশাখা অর্থাৎ অদ্বৈতগণ-বর্ণন, অদ্বৈতগণ প্রথমতঃ একমত পরে দুইমত—আচার্য্যানুগত ও স্বতন্ত্র, অচ্যুতানন্দানুগগণ 'সারগ্রাহী' এবং অপর সকল 'অসার', অসার-সহ গণন করিয়া পশ্চাৎত্যাগ, চৈতন্য চৌদ্দভুবনের গুরু, বাউলিয়া বিশ্বাস, বাউল বা মায়াবাদমতখণ্ডন, প্রভুকর্ত্তৃক বৈষ্ণবাচার্য্যের কর্ত্তব্য-নির্ণয়, অসারগণের গৌরকৃপাভাবে ধ্বংস, গৌরকৃষ্ণভক্ত—যমের গুরু,

গৌরকৃষ্ণ-বিমুখ—যমদণ্ড্য, গদাধর পণ্ডিত গোস্বামীর উপ-শাখাগণ, শাখা-স্মরণে ভববন্ধ-বিমোচন।

ত্রয়োদশ পরিচ্ছেদ ২০৮-২২০

মহাপ্রভুর আদিলীলার সূত্র, গার্হস্থ্য-লীলাই আদিলীলা এবং সন্ন্যাসলীলাই মধ্য ও অন্ত্যলীলা, মুরারিগুপ্তের আদি এবং স্বরূপগোস্বামীর মধ্য ও অন্ত্যলীলার সূত্রগ্রন্থন, আদিলীলার চারিভাগ, আদি, মধ্য এবং অন্ত্যলীলার সংক্ষেপ বিবরণ, অগ্রে গুরুবর্গের অবতারণ, পরে স্বয়ং অবতরণ, অদ্বৈতের ভক্তি-ব্যাখ্যা, কৃষ্ণাবতারণে প্রতিজ্ঞা, বিশ্বরূপজন্ম, বিশ্বরূপতত্ত্ব, গৌরাবির্ভাব, নীলাম্বর চক্রবর্ত্তীর গণনা, আর্য্যাগণের বিবিধ উপায়ন-সহ গৌরদর্শনে আগমন, চতুর্দ্দিকে আনন্দ-কোলাহল।

চতুর্দ্দশ পরিচ্ছেদ ২২০-২২৬

মহাপ্রভুর বাল্যলীলাবর্ণন ও মাতাপিতাকে চরণচিহ্ন-প্রদর্শন, দ্বাত্রিংশৎ মহাপুরুষ-লক্ষণ, নীলাম্বর চক্রবর্ত্তীর ভবিষ্যদ্বাণী, নাম-করণ—'বিশ্বম্ভর' নাম, জানুচংক্রমণ, ক্রন্দনচ্ছলে নাম-প্রচার, পদচংক্রমণ, মৃত্তিকা-ভক্ষণচ্ছলে মাতাকে জ্ঞানপ্রদান, অতিথি-বিপ্রের প্রতি প্রসাদ, চোরের দিগ্‌ভ্রান্তি-উৎপাদন, ব্যাধিচ্ছলে একাদশী-দিবসে হিরণ্য-জগদীশের নৈবেদ্য ভক্ষণ, বালচাপল্য, মাতার মূর্চ্ছা ও নারিকেল আনয়ন, গঙ্গাতীরে কন্যাগণের সহিত পরিহাস, লক্ষ্মীদেবীর পূজা-গ্রহণ ও বরপ্রদান, উচ্ছিষ্ট হাণ্ডীর উপর উপবেশন ও মাতাকে ব্রহ্মজ্ঞান উপদেশ, শূন্যচরণে নূপুর-ধ্বনি, মিশ্রের শুদ্ধবাৎসল্য, হাতে-খড়ি।

পঞ্চদশ পরিচ্ছেদ ২২৭-২২৯

মহাপ্রভুর পৌগণ্ডলীলা-বর্ণন—গঙ্গাদাসপণ্ডিত-স্থানে ব্যাকরণ অধ্যয়ন, মাতাকে একাদশীতে অন্ন না খাইতে অনুরোধ, বিশ্বরূপের সন্ন্যাস, প্রভুর মূর্চ্ছা ও বিশ্বরূপের সহিত কথোপকথন আখ্যায়িকা, মিশ্রপুরন্দরের অপ্রকট, লক্ষ্মীদেবীর পাণিগ্রহণলীলা।

ষোড়শ পরিচ্ছেদ ২২৯-২৩৬

মহাপ্রভুর কৈশোরলীলা-বর্ণন—অধ্যাপন, পণ্ডিত-বিজয়, জাহ্নবীতে জলকেলি, পূর্ব্ববঙ্গে গমন, তথায় বিদ্যাবিচার ও নামসঙ্কীর্ত্তন, তপনমিশ্রসহ মিলন, তাঁহাকে সাধ্য-সাধনোপদেশ ও বারাণসী যাইবার আদেশ-প্রদান, প্রভুর বিরহে লক্ষ্মীদেবীর বৈকুণ্ঠ-লাভ, প্রভুর গৃহে আগমন, মাতৃদেবীকে সান্ত্বনা দান, বিষ্ণুপ্রিয়াসহ পরিণয়, দিগ্বিজয়ী জয়, দিগ্বিজয়ি-কথিত শ্লোকের দোষগুণ-বিচার, দিগ্বিজয়ীর সরস্বতীর নিকট গৌরতত্ত্ব-বিষয়ক জ্ঞানলাভ এবং মহাপ্রভুর চরণাশ্রয়।

সপ্তদশ পরিচ্ছেদ ২৩৬-২৫৯

মহাপ্রভুর যৌবনলীলা বর্ণন—প্রভুর গয়ায় গমন, ঈশ্বরপুরী-সহ-মিলন ও দীক্ষাভিনয়, প্রেমপ্রকাশ, গৃহে আগমন, শচীকে প্রেমদান, অদ্বৈত-মিলন, অদ্বৈতের বিশ্বরূপ-দর্শন, শ্রীবাসকর্ত্তৃক প্রভুর অভিষেক, নিত্যানন্দ-মিলন, নিতাইকে প্রভুর ষড়্‌ভুজ, চতুর্ভুজ ও দ্বিভুজরূপ-প্রদর্শন, নিত্যানন্দের ব্যাসপূজন, মহাপ্রভুর নিত্যানন্দাবেশে মুষলধারণ, শচীদেবীর রামকৃষ্ণ-দর্শন, জগাই-মাধাইর উদ্ধার, প্রভুর সাতপ্রহরিয়া ভাব, মুরারি-ভবনে বরাহাবেশ, শুক্লাম্বরের তণ্ডুল-ভক্ষণ, 'হরের্নাম' শ্লোকের ব্যাখ্যা, নাম লইবার প্রণালী, শ্রীবাস-ভবনে সম্বৎসর সঙ্কীর্ত্তন, গোপাল-চাপালের উপাখ্যান, দুর্ব্বুদ্ধি বিপ্রের প্রভুকে শাপ-প্রদান-কার্য্য, মুকুন্দের প্রতি প্রভুর দণ্ডানুগ্রহ, অদ্বৈতের প্রতি প্রভুর দণ্ড-প্রসাদ, মুরারিগুপ্তের ঐকান্তিকী রামনিষ্ঠা, শ্রীধরের লৌহপাত্রে জলপান ও তাঁহাকে বরদান, হরিদাস ঠাকুরকে প্রসাদ, আচার্য্য-স্থানে শচীদেবীর অপরাধ খণ্ডন, পাষণ্ড ছাত্রের 'নামে অর্থবাদ', নামাপরাধীর মুখদর্শন ঘটিলে কর্ত্তব্য, প্রভুর অভিধেয় ভক্তির মহিমা-কীর্ত্তন, মুরারিকে প্রশংসা, আম্রবৃক্ষ-রোপণ ও ফলদান-কাহিনী, কীর্ত্তনকালে মেঘবর্ষণ-নিবারণ, শ্রীবাসের বিষ্ণুসহস্র-নাম পাঠ, প্রভুর নৃসিংহা-বেশ-লীলা, গৌরনামে অপরাধক্ষয়, গৌর-দর্শনে সংসারধ্বংস, প্রভুর মহেশাবেশ, ভিক্ষুককে কৃষ্ণপ্রেম প্রদান, জ্যোতিষীর প্রভুকে 'সাক্ষাৎ ভগবান্' বলিয়া উক্তি, জ্যোতিষীর গৌর ও নিতাই-তত্ত্ব-কথন, প্রভুর বলদেবাবেশে যমুনাকর্ষণ-লীলা ও বারঘণ্টা-ব্যাপী নর্ত্তন, প্রভুর আজ্ঞায় প্রতি গৃহে কৃষ্ণ-সঙ্কীর্ত্তন, কাজীর মৃদঙ্গ-ভঙ্গ, কীর্ত্তন-বিরোধ ও নিষেধাজ্ঞা, প্রভুর সকলকে নগর-সঙ্কীর্ত্তনের আদেশ ও কাজীদলন, কাজীর সহিত শাস্ত্রবিচার, কাজীর স্বপ্নে নৃসিংহমূর্ত্তির দর্শনোপাখ্যান, কাজীর পেয়াদার বিবরণ, কাজীর নিকট স্মার্ত্ত পাষণ্ডীর অভিযোগ, কাজীর বংশ-ধরগণের প্রতি 'তালাক', শ্রীবাসের পুত্রের পরলোক, প্রভুর নারায়ণীকে উচ্ছিষ্টদান, দরজী যবনের প্রভুকৃপা-লাভ, শ্রীবাসের বৃন্দাবনলীলা-বর্ণন, আচার্য্যরত্নের গৃহে প্রভুর লক্ষ্মীবেশে নৃত্য, জনৈকা ব্রাহ্মণী প্রভুর পাদস্পর্শ করায় প্রভুর গঙ্গায় পতন, 'গোপী', 'গোপী' বলিয়া প্রভুর উচ্চরব, পাষণ্ড ছাত্রের তন্নিবারণ ও প্রভুর ক্রোধ, পাষণ্ডগণের দুর্গতিদর্শনে প্রভুর করুণা ও সন্ন্যাসগ্রহণ, কেশবভারতীর নদীয়া আগমন ও প্রভুসহ মিলন, প্রভুর কাটোয়ায় গিয়া সন্ন্যাসগ্রহণ, চতুর্ব্বিধ ভক্তভাব-আস্বাদন, প্রভুর রাধাভাব, 'গৌরনাগর'-বাদ নিরসন, কৃষ্ণের অন্যরূপে গোপীর অপ্রীতি, গোপীগণের স্তব, শ্রীরাধার নিকট কৃষ্ণ-চাতুর্য্যের পরাভব, গৌরলীলার পার্ষদ এবং ভক্তগণের তত্ত্ব, কৃষ্ণ ও গৌরলীলার রহস্য দুরবগাহ্য, অচিন্ত্যভাব তর্কাতীত, তার্কিকের দুর্গতি, শ্রদ্ধাবানেরই সেবাপ্রবৃত্তি এবং আদিলীলার পুনরাবৃত্তি।

মধ্যলীলার পরিচ্ছেদ-বিবরণ

প্রথম পরিচ্ছেদ ২৬১-২৮২

মধ্য ও অন্ত্যলীলার মুখবন্ধ বা সূত্রবর্ণন।

দ্বিতীয় পরিচ্ছেদ ২৮৩-২৯৪

শেষ ১২ বৎসর গম্ভীরায় অন্তর্দ্দশায় অবস্থিত প্রভুর শ্রীরাধার আবেশে দিব্যোন্মাদ ও প্রলাপাদি এবং শ্রীচৈতন্যচরিতামৃত-গ্রন্থের মূল আকর-কথন।

তৃতীয় পরিচ্ছেদ ২৯৫-৩০৮

সন্ন্যাস-গ্রহণান্তে প্রভুর রাঢ়দেশে ভ্রমণ ও নিত্যানন্দের চেষ্টায় শান্তিপুরে অদ্বৈতগৃহে আসিয়া শচীমাতার পাচিতান্ন-ভোজন ও নৃত্যকীর্ত্তনলীলা, পুরীতে অবস্থানাঙ্গীকার ও নিত্যানন্দাদি ভক্ত-চতুষ্টয়সহ পুরীযাত্রা।

চতুর্থ পরিচ্ছেদ ৩০৮-৩২০

রেমুণায় উপস্থিত হইয়া নিত্যানন্দাদির নিকট শ্রীঈশ্বরপুরীর শ্রীমুখ হইতে শ্রুত শ্রীমাধবেন্দ্র পুরী গোস্বামীর গোবর্দ্ধনধারি-গোপাল-প্রতিষ্ঠা ও অন্নকূট-মহোৎসব, মাধবেন্দ্র রেমুণায় আসিলে গোপীনাথের তন্নিমিত্ত ক্ষীর-চুরি এবং মাধবেন্দ্রের পুরী হইতে চন্দন-কর্পূর সংগ্রহপূর্ব্বক রেমুণায় গোপীনাথের অঙ্গে লেপন ইত্যাদি বৃত্তান্ত বর্ণন।

পঞ্চম পরিচ্ছেদ ৩২১-৩২৯

সাক্ষিগোপালে আসিয়া নিত্যানন্দ-মুখে মহাপ্রভুর বড়বিপ্র, ছোটবিপ্র ও সাক্ষিগোপালের চরিত্র-শ্রবণ, কমলপুরে নিত্যানন্দ-কর্ত্তৃক মহাপ্রভুর দণ্ডভঙ্গ, আঠারনালায় আসিয়া তচ্ছ্রবণে প্রভুর একাকী পুরীতে আগমন ও জগন্নাথ-দর্শনে মূর্চ্ছাপ্রাপ্তি।

ষষ্ঠ পরিচ্ছেদ ৩২৯-৩৫৩

নিত্যানন্দ ও মুকুন্দাদির প্রভুদর্শন, প্রভুর বাহ্যদশা-প্রাপ্তি, সকলের প্রসাদ-সম্মান, অন্য একদিন প্রভুর 'পরমেশ্বরত্ব'-সম্বন্ধে গোপীনাথের সহিত সশিষ্য ভট্টের কুতর্ক, মায়াবাদী পণ্ডিত সার্ব্বভৌমের মুখে ৭ দিন নিঃশব্দে বেদান্ত-ব্যাখ্যা-শ্রবণ ও বেদান্তের নির্ব্বিশেষ-ব্রহ্মপরতারূপ কুতর্ক খণ্ডন। সার্ব্বভৌমের "আত্মারামশ্চ"-শ্লোকের নয়প্রকার ব্যাখ্যা, প্রভুর তদ্ব্যতীত অষ্টাদশ প্রকার ব্যাখ্যা, সার্ব্বভৌমের পরাজয়, সার্ব্বভৌমকে চতুর্ভুজ ও দ্বিভুজরূপ-প্রদর্শন এবং উদ্ধার-সাধন।

সপ্তম পরিচ্ছেদ ৩৫৪-৩৬২

কৃষ্ণদাসবিপ্রসহ প্রভুর দক্ষিণ-যাত্রা, পথে প্রত্যেক গ্রাম ও নগরবাসীকে বৈষ্ণব-করণ এবং কূর্ম্মস্থানে বাসুদেব বিপ্রের কুষ্ঠরোগ-মোচন।

অষ্টম পরিচ্ছেদ ৩৬৩-৪০৩

গোদাবরী-তটে রামানন্দ-সহ প্রভুর মিলন ও রায়ের মুখে সাধ্য-সাধন-তত্ত্বের শেষসীমা পর্য্যন্ত শ্রবণ, রায়কে প্রভুর রস-রাজ-মহাভাব-রূপ-প্রদর্শন, রায়কে রাজকার্য্য ত্যাগপূর্ব্বক পুরী গিয়া মিলিত হইতে আদেশ দিয়া দক্ষিণ-যাত্রা।

নবম পরিচ্ছেদ ৪০৪-৪৩৭

দাক্ষিণাত্যে বহুতীর্থ-ভ্রমণকালে অন্যাভিলাষী, জ্ঞানী ও পাষণ্ডিগণকে এবং অপর সাম্প্রদায়িক বৈষ্ণবগণকে কৃষ্ণনামে প্রবর্ত্তন, সিদ্ধবটে রামনামকারী বিপ্রকে কৃষ্ণনামে প্রবর্ত্তন, পথে তার্কিক, মীমাংসক, মায়াবাদী, পাষণ্ডী প্রভৃতি সমস্ত ভক্তি-বিরোধি-মতখণ্ডন কৃষ্ণভক্তি-সিদ্ধান্ত-সংস্থাপন, বৌদ্ধাচার্য্যের পরাজয়, রঙ্গক্ষেত্রে ব্যেঙ্কট ভট্টালয়ে চাতুর্ম্মাস্য-যাপন ও লক্ষ্মীনারায়ণোপাসক শ্রীসম্প্রদায়ী ভট্টকে সপরিবারে রাধা-কৃষ্ণোপাসনায় প্রবর্ত্তন, ঋষভপর্ব্বতে শ্রীপরমানন্দপুরী গোস্বামীর সহিত সাক্ষাৎকার ও পুরী গোস্বামীর শ্রীক্ষেত্রাভিমুখে যাত্রা, দক্ষিণ মথুরায় রাম-সীতার ভক্ত বিপ্রকে অপ্রাকৃত বৈকুণ্ঠেশ্বরী সীতাদেবী প্রাকৃত অসুর রাবণের দর্শনাতীত বলিয়া সান্ত্বনা-দান, পরে রামেশ্বর হইতে কূর্ম্মপুরাণ-শ্লোক আনিয়া প্রদর্শন, মালাবার-দেশে ভট্টথারির কবল হইতে সঙ্গী কৃষ্ণদাসকে উদ্ধার, পয়স্বিনী-তীরে 'ব্রহ্মসংহিতা'র পঞ্চম-অধ্যায় সংগ্রহ, শৃঙ্গেরী মঠে গমন, উড়ুপীতে মঠাধীশ মধ্বাচার্য্যের পরাজয়, পাণ্ঢরপুরে শ্রীরঙ্গ-পুরীমুখে শঙ্করারণ্য অর্থাৎ অগ্রজ বিশ্বরূপের স্বধাম-প্রাপ্তি (অপ্রকট)-সংবাদ-শ্রবণ, কৃষ্ণবেন্বাতীরে 'কৃষ্ণকর্ণামৃত' সংগ্রহ এবং বিদ্যানগরে প্রত্যাগমনপূর্ব্বক রামানন্দ-সহ সাক্ষাৎকার করিয়া আলালনাথ হইয়া পুরীতে প্রত্যাবর্ত্তন।

দশম পরিচ্ছেদ ৪৩৭-৪৫০

কাশীমিশ্র-গৃহে অবস্থান, সার্ব্বভৌম-সমীপে ক্ষেত্রবাসি-বৈষ্ণবগণের পরিচয়-প্রাপ্তি, কৃষ্ণদাসকে নবদ্বীপে প্রেরণ, গৌড়ীয় ভক্তগণের পুরীগমনোদ্যোগ, শ্রীপরমানন্দ পুরীর নবদ্বীপ হইয়া পুরীতে আগমন, শ্রীদামোদর স্বরূপের কাশী হইতে আগমন ও প্রভুসহ মিলন, শ্রীঈশ্বরপুরীর শিষ্য গোবিন্দের আগমন ও প্রভু-পরিচর্য্যায় আত্মনিয়োগ, ব্রহ্মানন্দ ভারতীর চর্ম্মাম্বর-পরিহার ও প্রভুকে কৃষ্ণজ্ঞান এবং বলবান্ কাশীশ্বরের আগমন।

একাদশ পরিচ্ছেদ ৪৫০-৪৬৪

সার্ব্বভৌম-কর্ত্তৃক প্রতাপরুদ্রের প্রভুসহ-মিলন-সম্পাদন-চেষ্টা, প্রভুর অনিচ্ছা, রাজকার্য্য হইতে অবসর গ্রহণপূর্ব্বক রায়ের প্রভুদর্শন, রাজার গুণ-কীর্ত্তন, রাজার প্রতি প্রভুর চিত্তভাব-

পরিবর্ত্তন, পুরুষোত্তমে অনবসর-কালে প্রভুর আলালনাথে গমন ও প্রত্যাবর্ত্তনান্তে গৌড় হইতে সমাগত অদ্বৈতাদি-ভক্তগণসহ-মিলন, সার্ব্বভৌম-কর্ত্তৃক প্রাসাদারূঢ় প্রতাপরুদ্রকে গৌড়ীয় ভক্তগণের পরিচয়-দান ও তাঁহাদিগকে গৃহ ও মহাপ্রসাদ-প্রদান, প্রভুর হরিদাসকে টোটামধ্যে স্থান-দান এবং সকলের প্রসাদ-সেবনান্তে সন্ধ্যায় মন্দির-মধ্যে চারি-সম্প্রদায়ের কীর্ত্তন।

দ্বাদশ পরিচ্ছেদ ৪৬৪-৪৭৮

নিত্যানন্দাদি ভক্তবৃন্দের প্রভুর নিকট প্রতাপরুদ্রের আর্ত্তি-জ্ঞাপন ও রাজার সান্ত্বনার্থ প্রভুর ব্যবহৃত একটী বহির্ব্বাসখণ্ড প্রদান, পরে রামানন্দের আগ্রহে সমীপানীত রাজপুত্রকে 'কৃষ্ণ'-জ্ঞানে প্রভুর আলিঙ্গন-দান, সেই প্রেমাবিষ্ট পুত্রস্পর্শে রাজার প্রভু-কৃপালাভ ও প্রেমোদয়, গুণ্ডিচামন্দির-মার্জ্জন ও প্রক্ষালন, জনৈক গৌড়ীয়ের প্রভুপাদোদক-পান, অদ্বৈত-তনয় গোপালের নৃত্যফলে মূর্চ্ছা ও প্রভু-কৃপায় চেতন-লাভ, সকলের স্নান ও প্রসাদ-সম্মান, নিতাই ও অদ্বৈতের প্রেমকলহ-লীলা, সকলের জগন্নাথের নবযৌবন-দর্শন।

ত্রয়োদশ পরিচ্ছেদ ৪৭৯-৪৯৩

জগন্নাথের পাণ্ডুবিজয়-দর্শন, রাজার পথসম্মার্জ্জন, রথাগ্রে সাত সম্প্রদায়ের মধ্যে নর্ত্তন ও বলগণ্ডি-উপবনে বিশ্রাম।

চতুর্দ্দশ পরিচ্ছেদ ৪৯৪-৫১০

বিশ্রামকালে প্রতাপরুদ্রের বৈষ্ণববেশে একাকী প্রভুর পাদ-সম্বাহন, তন্মুখে কালোচিত শ্লোক-পাঠ-শ্রবণে প্রেমাবিষ্ট প্রভুর তাঁহাকে আলিঙ্গন-দান, সকলের 'বলগণ্ডি'-ভোগের প্রসাদ-সম্মান, প্রভুকর্ত্তৃক রথসঞ্চালন, ইন্দ্রদ্যুম্ন-সরোবরে ভক্তগণ-সহ জল-কেলি, হেরাপঞ্চমী-যাত্রা-দর্শন, প্রভু ও শ্রীবাসের নিকট স্বরূপ-দামোদরের বৈকুণ্ঠধাম, লক্ষ্মী, ব্রজধাম ও শ্রীরাধার ঐশ্বর্য্য-মাধুর্য্য-প্রেম-তারতম্য-কীর্ত্তন এবং কুলীনগ্রামীকে প্রভুর প্রতি-বর্ষে জগন্নাথের পট্টডোরী আনয়নার্থ আদেশ।

পঞ্চদশ পরিচ্ছেদ ৫১০-৫৩২

প্রভুর গোপ ও হনুমদাবেশে লীলা, নিতাইসহ গোপনে পরামর্শ, শ্রীবাসদ্বারা নবদ্বীপে মাতাকে সান্ত্বনাবাক্য-প্রেরণ, রাঘব, খণ্ডবাসী মুকুন্দ ও রঘুনন্দন, মুরারি, বাচস্পতি প্রভৃতি ভক্তগণের গুণব্যাখ্যা করিয়া প্রত্যেকের সেবা নির্দ্দেশ করিয়া বিদায়দান, কুলীনগ্রামীর প্রশ্নের উত্তরে সকল সাধকের নিত্য কর্ত্তব্যোপদেশ-প্রদান, বাসুদেবের অপূর্ব্ব জীবে দয়া-সূচক বাক্যের আলোচনা, সার্ব্বভৌমগৃহে ভিক্ষা ও ভট্ট-জামাতা অমোঘের উদ্ধার।

ষোড়শ পরিচ্ছেদ ৫৩২-৫৫১

পরবর্ষে গৌড়দেশ হইতে বৈষ্ণব-গৃহিণীগণের ভক্তগণ-সহ প্রভুর জন্য নৈবেদ্য-সংগ্রহপূর্ব্বক পুরীতে আগমন ও চাতুর্ম্মাস্যান্তে গৌড়ে প্রত্যাবর্ত্তন, কুলীনগ্রামীর প্রশ্নের উত্তরে বৈষ্ণবের অধিকার-তারতম্য-নির্দ্দেশ, বিদ্যানিধির শ্রীক্ষেত্রে 'ওড়নষষ্ঠী'-দর্শন, বিজয়া-দিবসে প্রভুর বৃন্দাবন-যাত্রা, অনুগমনেচ্ছু গদাধরের অনুপম প্রভুপ্রেম, গদাধরকে বিদায় দিয়া জলপথে পানিহাটী, কুমারহট্ট ও বিদ্যানগর হইয়া কুলিয়ায় আগমন ও বহু অপরাধীর অপরাধ-মোচন, রামকেলিতে রূপ-সনাতন-সহ সাক্ষাৎকার, সনাতনের ইঙ্গিতানুসারে কানাইর নাটশালা হইতে পুরী-অভিমুখে প্রত্যাবর্ত্তন, তদ্দ্বারা নৃসিংহানন্দ ব্রহ্মচারীর ধ্যানা-বেশে উচ্চারিত ভবিষ্যদ্বাণীর সাফল্য-বিধান, পথে শান্তিপুরে আসিয়া রঘুনাথকে উপদেশ-প্রদান, অবশেষে পুরীতে প্রত্যাগমন।

সপ্তদশ পরিচ্ছেদ ৫৫২-৫৬৯

বলভদ্রবিপ্রসহ বৃন্দাবন-যাত্রা, ঝারিখণ্ড-পথে কাশীতে আগ-মন, তপন মিশ্র-গৃহে অবস্থান, কৃষ্ণনামাপরাধী মায়াবাদীকে গর্হণ, মথুরায় গিয়া মাধবেন্দ্রপুরী-শিষ্য সনোড়িয়া-বিপ্রকে বৈষ্ণব-জ্ঞানে জাতিবুদ্ধি না করিয়া তদ্গৃহে ভোজন, বৃন্দাবনস্থ দ্বাদশ-বনে ভ্রমণ ও কৃষ্ণপ্রেমবিকার।

অষ্টাদশ পরিচ্ছেদ ৫৬৯-৫৮৪

বৃন্দাবনে যাবতীয় কৃষ্ণলীলাস্থান-দর্শন, বলভদ্রের কালীয় হ্রদে মৎস-শিকারী কৃষ্ণবর্ণ ধীবরকে 'কৃষ্ণ'-ভ্রমরূপ বিবর্ত্ত-নিরসন, তদ্দেশবাসীকে জীবের ও কৃষ্ণের স্বরূপ-বর্ণন, মথুরা হইতে প্রত্যাবর্ত্তনপথে বিজলী খাঁ ও তৎসঙ্গীর উদ্ধারসাধন, মুসলমানশাস্ত্র হইতে কৃষ্ণভক্তি-সংস্থাপন, ত্রিবেণীতে আগমন।

ঊনবিংশ পরিচ্ছেদ ৫৮৫-৬১০

শ্রীরূপের স্বদেশে স্বগৃহে আগমন, রাজকার্য্য-ত্যাগহেতু সনাতনের কারাবাস, অনুজসহ শ্রীরূপের গৃহত্যাগ ও প্রয়াগে প্রভুসহ মিলন, বল্লভাচার্য্যের নিকট প্রভু-কর্ত্তৃক ভ্রাতৃদ্বয়ের পরিচয়-প্রদান, প্রভু ও রঘুপতি উপাধ্যায়-সংলাপ, দশাশ্বমেধ-ঘাটে শ্রীরূপকে কৃষ্ণভক্তিরসতত্ত্ব-শিক্ষাদান, বৃন্দাবনে প্রেরণ ও পরে পুরীতে গিয়া পুনর্ম্মিলিত হইতে আদেশ দিয়া কাশীতে আগমন।

বিংশ পরিচ্ছেদ ৬১০-৬৪৪

সনাতনের কারাগার হইতে পলায়ন, কাশীতে গমন ও চন্দ্রশেখর-গৃহে প্রভুসহ মিলন। শ্রীসনাতন-শিক্ষা—(১) **'সম্বন্ধ-জ্ঞান'**—(ক) জীবের ও ভগবানের স্বরূপ বর্ণন।

একবিংশ পরিচ্ছেদ ৬৪৫-৬৬০

(খ) কৃষ্ণৈশ্বর্য্য-মাধুর্য্য-বর্ণন।

দ্বাবিংশ পরিচ্ছেদ ৬৬০-৬৮৮

(২) বৈধ ও রাগানুগ-ভেদে **'অভিধেয়'**-সাধন-ভক্তি-বর্ণন।

ত্রয়োবিংশ পরিচ্ছেদ ৬৮৯-৭০৬

(৩) 'প্রয়োজন'-প্রেম-তত্ত্ব-বর্ণন।

চতুর্ব্বিংশ পরিচ্ছেদ ৭০৬-৭৪০

"আত্মারামাশ্চ"-শ্লোকের ৬১ প্রকার ব্যাখ্যা, শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্য-কীর্ত্তন, বৈষ্ণব-স্মৃতি হরিভক্তিবিলাসের মূল সূত্র-বর্ণন।

পঞ্চবিংশ পরিচ্ছেদ ৭৪০-৭৫৮

প্রকাশানন্দপ্রমুখ কাশীবাসীর প্রভুনিন্দা, ভক্তবাঞ্ছাপূরণার্থ তাহাদিগকে উদ্ধার (আদি ৭ম পঃ দ্রষ্টব্য), সমাগত সমস্ত কুতার্কিকের কুতর্ক-খণ্ডন, সকলেরই প্রভুকে সাক্ষাৎ নারায়ণ-জ্ঞান, প্রকাশানন্দের জনৈক শিষ্যের প্রভুর প্রচারিত মতের অর্থাৎ শ্রুতির অবরোহপন্থা বা সবিশেষ-ব্রহ্মতাৎপর্য্য ও শক্তিপরিণাম-বাদের প্রশংসা ও নির্ব্বিশেষ-ব্রহ্মপরতা বিবর্ত্তবাদ বা আরোহ-পন্থার গর্হণ, প্রকাশানন্দের তত্ত্বাক্য সমর্থন, অন্যদার্শনিক মতবাদ-খণ্ডন, প্রভুদর্শন, প্রভুকর্ত্তৃক পাষণ্ড-সংজ্ঞা-নির্দ্দেশ, প্রকাশানন্দের সমীপে তৎপ্রার্থিত প্রভুর চতুঃশ্লোকী-ব্যাখ্যা, তৎপর "আত্মা-রামাশ্চ" শ্লোকের ৬১ প্রকার ব্যাখ্যা, কাশীবাসীর উদ্ধার-সাধন, সনাতনকে বৃন্দাবনে প্রেরণ, সুবুদ্ধিরায়কে নিরন্তর কৃষ্ণনাম-গ্রহণ-ব্যবস্থা প্রদান, পুরীতে প্রত্যাবর্ত্তন ও ভক্তগণসহ মিলন।

অন্ত্যলীলার পরিচ্ছেদ-বিবরণ

প্রথম পরিচ্ছেদ ৭৫৯-৭৭৯

স্বরূপ-গোস্বামিকর্ত্তৃক গৌড়ে মহাপ্রভুর বৃন্দাবন হইতে পুরী-আগমনের সংবাদ-প্রেরণ, সকলভক্তসহ শচীদেবীর নীলা-চল-যাত্রা, শিবানন্দের ঘাটীসমাধান ও তৎসঙ্গীয় কুক্কুরোপাখ্যান, শ্রীরূপের বৃন্দাবনাগমন এবং নাটকরচনারম্ভ, সানুজ রূপের গৌড়যাত্রা ও গৌড়ে অনুপমের গঙ্গাপ্রাপ্তি, তথা হইতে রূপের পুরীযাত্রা, সত্যভামাপুরে স্বপ্নে সত্যভামা দেবীর উপদেশ-প্রাপ্তিই —ললিতমাধব রচনার মূল সূত্রপাত, পুরীতে ঠাকুর হরিদাসের বাসায় শ্রীরূপের আগমন, ভক্তগণ-সহ শ্রীরূপের মিলন, প্রভুর কৃপাদেশই বিদগ্ধমাধব-রচনার মূল সূত্রপাত, শ্রীরূপের নাটক-বিভাগ, রথাগ্রে নৃত্যকালে প্রভু-পঠিত 'যঃ কৌমারহরঃ' শ্লোকানু-রূপ শ্রীরূপের শ্লোক লিখন, প্রভুর রূপকৃত শ্লোক পাঠ, প্রভুর স্বরূপ-সমীপে শ্লোকবৃত্তান্ত-কথন, শ্রীরূপের অক্ষরের প্রশংসা ও শ্রীরূপকৃত নামমহিমা-শ্লোক-পঠন, শ্রীরূপের গুণবর্ণন, স্বরূপ-গোস্বামীর শ্রীরূপকৃত শ্লোক-পাঠ, প্রভুর রায় রামানন্দ ও সার্ব্ব-ভৌমাদি ভক্তগণসহ শ্রীরূপের নাটকের মুখবন্ধাদি-শ্রবণ, রায়ের রূপকৃত নাটকের অঙ্গপ্রত্যঙ্গাদি বিচারপূর্ব্বক তাহার সর্ব্বশ্রেষ্ঠত্ব নির্দ্ধারণ, বৈরাগ্যযুক্প্রেমভক্তি সিদ্ধান্তরসপাণ্ডিত্য-বিষয়ে রায় রামানন্দসহ সনাতনের সাম্য-কথন, প্রভুর ভক্তিশাস্ত্র প্রচারণেচ্ছা, চাতুর্ম্মাস্যান্তে ভক্তগণের গৌড়ে প্রত্যাবর্ত্তন, দোলযাত্রা পর্য্যন্ত শ্রীরূপের প্রভুপদে অবস্থান, শ্রীরূপে প্রভুর শক্তিসঞ্চার ও চতু-র্ব্বিধ সেবাভার-প্রদান এবং শ্রীরূপের বৃন্দাবন গমন।

দ্বিতীয় পরিচ্ছেদ ৭৭৯-৭৮৯

মহাপ্রভুর সাক্ষাদ্দর্শন, যোগ্য জীবে আবেশ ও আবির্ভাব— এই ত্রিবিধ প্রাকট্য, ত্রিবিধ প্রাকট্যের ফল-বর্ণন, নকুল ব্রহ্মচারীর দেহে আবেশ ও প্রদ্যুম্নের আবির্ভাবের উপাখ্যান-বর্ণন, মহাপ্রভুর নিত্য আবির্ভাব-স্থান চতুষ্টয়, শ্রীকান্তের প্রতি কৃপা, প্রদ্যুম্নের নৃসিংহানন্দ-নাম-প্রাপ্তির কারণ, প্রদ্যুম্নকে মহাপ্রভুর সর্ব্ববিষ্ণু-তত্ত্বসহ স্বীয় অভেদ বা ঐক্য-প্রদর্শন, ভক্ত-প্রেমবশ্য ভগবান্; ভগবান্ আচার্য্যের নিকট মায়াবাদী ভ্রাতা গোপাল ভট্টাচার্য্যের আগমন ও প্রভুসহ মিলন, আচার্য্যের স্বরূপ-গোস্বামীকে মায়া-বাদভাষ্য-শ্রবণে অনুরোধ, স্বরূপকর্ত্তৃক মায়াবাদ-দোষবর্ণন, গর্হণ ও আচার্য্যের ভ্রাতাকে দেশে প্রেরণ, ভগবান্ আচার্য্যের আদেশে ছোটহরিদাসের মাধবীদেবীর নিকট তণ্ডুল ভিক্ষা ও ছোটহরিদাসের প্রতি প্রভুর দণ্ড-প্রদান-লীলা, মাধবীদেবীর পরিচয়, প্রকৃতিসম্ভাষি বৈরাগীর প্রতি প্রভুর ব্যবহার, ছোটহরিদাসের গতি, প্রকৃতিসম্ভাষীর প্রায়শ্চিত্ত এবং ছোটহরিদাস-দণ্ডলীলা-প্রসঙ্গে শিক্ষণীয় বিষয় সপ্তক।

তৃতীয় পরিচ্ছেদ ৭৮৯-৮০৪

বিধবা ব্রাহ্মণীর পুত্রপ্রতি প্রভুর কৃপা-স্নেহ ও প্রভুপ্রতি দামোদরের বাক্যদণ্ড, দামোদরকে প্রভুর কৃপা ও নবদ্বীপে শচীমাতার নিকট যাইবার আদেশ, ধর্ম্মরক্ষণে নিরপেক্ষতার আবশ্যকতা, দামোদরের নিকট মাতাকে নানারূপ সংবাদ-প্রদান, মাতৃগৃহে প্রভুর আবির্ভাব ও ভোজনলীলার দৃষ্টান্ত, দামোদরের অগ্রে কাহারও স্বাতন্ত্র্য নাই, চৈতন্যলীলা মহাগভীর রহস্যময়ী, মহাপ্রভু-হরিদাস-সংবাদ, প্রভুর হরিদাস ঠাকুরের শ্রীমুখ দিয়া নাম, নামাভাস ও নামাপরাধের ফল এবং উচ্চ সঙ্কীর্ত্তনের মাহাত্ম্য-কথন, ঠাকুরের বেনাপোলে অবস্থান হইতে মায়াদেবীকে কৃপা-লীলা পর্য্যন্ত সংক্ষিপ্ত বিবরণ, তন্মধ্যে বৈষ্ণবচরণাশ্রয়ীর পরমাগতি এবং বৈষ্ণবাপরাধীর ভয়াবহ পরিণাম-বর্ণন এবং 'রামনাম' ও 'কৃষ্ণনাম'-মাহাত্ম্য-বৈশিষ্ট্য-কথন।

চতুর্থ পরিচ্ছেদ ৮০৪-৮১৯

শ্রীসনাতন গোস্বামীর মাথুরমণ্ডল হইতে ঝারিখণ্ডপথে নীলাচলে আগমন, বহির্দর্শনে সনাতনের সর্ব্বাঙ্গে কণ্ডুয়ন দৃষ্ট,

সনাতনের দেহত্যাগ-সঙ্কল্প, হরিদাস ও প্রভুসহ মিলন, প্রভুর সনাতনকে আলিঙ্গন ও অনুপমের গঙ্গাপ্রাপ্তি-সংবাদ-জ্ঞাপন, সনাতনকর্ত্তৃক অনুপমের রামনিষ্ঠা-বর্ণন, প্রভুর মুরারিগুপ্তের রামনিষ্ঠা-দৃষ্টান্ত-বর্ণন, ঐকান্তিক ভক্ত ও ভগবান্, ঐকান্তিক ভক্তবাৎসল্য, সনাতনকে হরিদাসসহ অবস্থানে প্রভু-আজ্ঞা, সনাতনের দেহত্যাগ-সঙ্কল্প নিষেধ উপলক্ষ্য করিয়া মনোধর্ম্ম-চালিত অনর্থযুক্ত সাধককে প্রভুর কৃষ্ণপ্রাপ্তির উপায় শিক্ষা-দান, সিদ্ধের চেষ্টা সাধকের অনুকরণীয় নহে, গাঢ়ানুরাগের বিয়োগ অসহনীয়, কৃষ্ণভজনে যোগ্যতা-নির্দ্দেশ, নামসঙ্কীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ ভক্ত্যঙ্গ, অপরাধ-শূন্য হইয়া নিরন্তর নামসঙ্কীর্ত্তন-ফলেই কৃষ্ণ-প্রেমলাভ, ভক্তের দেহ প্রভুর নিজধন, সনাতনদ্বারা প্রভুর চতুর্ব্বিধ মনোহভীষ্ট সম্পাদন, হরিদাসকে প্রভুর সনাতন-দেহের ভারার্পণ, হরিদাসের জীবকে প্রভু-আনুগত্য শিক্ষাদান, প্রভুর হরিদাসদ্বারা নাম-মহিমা প্রচার, আচার এবং প্রচার, চাতুর্ম্মাস্যকালে গৌড়ীয় ও উড়িয়া ভক্তসহ সনাতনের মিলন, প্রভুকর্ত্তৃক সনাতনের পরীক্ষা, মর্য্যাদারক্ষণই সাধুর ভূষণ, মর্য্যাদা-লঙ্ঘনে ইহলোক ও পরলোকের নাশ, সনাতনের জগদানন্দ-সহ মিলন ও তৎসমীপে স্ব-দুঃখ বিজ্ঞাপন, সনাতনকে বৃন্দাবন যাইতে জগদানন্দের পরামর্শ-দান, সনাতনের 'প্রভুদত্তদেশ'-বৃন্দাবন, প্রভুর নিকট সনাতনের দুঃখ-নিবেদন এবং জগদানন্দের পরামর্শ-জ্ঞাপন, প্রভুর জগদানন্দ-প্রতি ক্রোধপ্রকাশ ও সনাতন-প্রতি কৃপা-গৌরবোক্তি, নিজের ও পণ্ডিতের প্রতি প্রভুস্নেহ-তুলনায় সনাতনের দুঃখ ও প্রভুর সান্ত্বনা, পাত্রবিশেষে বিষয়ের প্রীতি-বৈশিষ্ট্য, বৈষ্ণবদেহ অপ্রাকৃত, অপ্রাকৃত রাজ্যে জড়ীয় বিধি-নিষেধ-বিচারাভাব, মহাভাগবতের সর্ব্বত্র বিষ্ণু প্রতীতিহেতু জড়ভেদজ্ঞানজ বৈষম্যহীন সুদর্শন, ভক্ত ও ভগবানের মধ্যে পরস্পরের ব্যবহার, বাসুদেব বিপ্রের ঘটনা, দীক্ষাকালে কৃষ্ণপদে আত্মসমর্পণকারি-ভক্তের চিন্ময় দেহলাভ, প্রভুর আলিঙ্গন-স্পর্শ-ফলে সনাতন-দেহের কণ্ডুশান্তি, সনাতনকে সেই বৎসর নীলাচলে থাকিতে আজ্ঞা, দোলযাত্রার পর সনাতনকে বৃন্দাবন-প্রেরণ, প্রভু ও সনাতনের বিচ্ছেদ, বৃন্দাবনপথে প্রভুর লীলাস্থান-দর্শনে সনাতনের প্রেমাবেশ, সনাতন ও রূপের বৃন্দাবনে মিলন, শ্রীরূপের ধনবিভাগ, রূপ-সনাতনের গৌরাজ্ঞা-পালন, বৃন্দাবনে লুপ্ততীর্থোদ্ধার ও সেবাপ্রকাশ এবং গ্রন্থ-রচনাদি কার্য্য, শ্রীজীবের পরিচয় ও গ্রন্থ-রচনাদি কার্য্য, শ্রীজীবের প্রতি নিত্যানন্দপ্রভুর কৃপা এবং কবিরাজ গোস্বামীর শিক্ষাগুরু-চতুষ্টয়।

পঞ্চম পরিচ্ছেদ ৮১৯-৮৩০

প্রভুর নিকট কৃষ্ণকথা-শ্রবণেচ্ছু প্রদ্যুম্ন মিশ্রকে প্রভুর রামানন্দ-সমীপে প্রেরণ, রামানন্দের বৃত্তান্ত, মিশ্রের রামানন্দ-সভায় গমন ও প্রত্যাবর্ত্তন, প্রভুসমীপে মিশ্রের রামানন্দ-বৃত্তান্ত-বর্ণন, প্রভুর মিশ্রসমীপে রামানন্দতত্ত্ব বিশেষরূপে প্রকাশ, রামানন্দ একমাত্র অদ্বিতীয় অধিকারী, 'রাগাত্মিকা' ভক্তিযাজী নিত্যসিদ্ধ রামানন্দ রায়সমীপে মিশ্রকে শিক্ষালাভার্থ প্রভুর পুনঃপ্রেরণ, শ্রীরামানন্দের মিশ্রসমীপে কৃষ্ণকথা-কীর্ত্তন, কৃষ্ণকীর্ত্তনকারী গুরুতে মর্ত্ত্যবুদ্ধির নিষিদ্ধতা, রামানন্দমুখে বক্তা শ্রীচৈতন্য, মহতের স্বভাব, জগদ্গুরু গৌরাঙ্গের লোকশিক্ষারহস্য, প্রাকৃত বর্ণাশ্রম ও পাণ্ডিত্যাদি সত্যধর্ম্মবক্তৃত্বের নিদর্শন নহে, পূর্ব্ববঙ্গবাসী বিপ্রবেষী প্রাকৃত কবির দৃষ্টান্ত, স্বরূপের ক্রোধকারণ—(১) বিষ্ণুতে জীববুদ্ধি নিরয়জনক, (২) ঈশ্বরের দেহদেহিভেদ-নির্দ্দেশরূপ অপরাধই প্রমাদ, স্বরূপগোস্বামীর বঙ্গদেশীয় কবিকে বৈষ্ণবস্থানে ভাগবতপাঠের উপদেশ, মূর্খ বা বিদ্বেষীর কৃষ্ণ-নিন্দোক্তিদ্বারাও শুদ্ধা সরস্বতীর কৃষ্ণসেবা, অক্ষজজ্ঞানী ইন্দ্রের, বিদ্বেষী জরাসন্ধ ও শিশুপালের নিন্দোক্তি-দৃষ্টান্ত, দারুব্রহ্ম এবং জঙ্গমব্রহ্মের অভেদত্ব সংস্থাপন, কবির বৈষ্ণবচরণে আত্মসমর্পণ-হেতু মহাপ্রভুর কৃপালাভ, কবির সন্ন্যাস-গ্রহণ ও নীলাচলে বাস।

ষষ্ঠ পরিচ্ছেদ ৮৩১-৮৪৯

বিপ্রলম্ভদশায় রায়ের কৃষ্ণকথা ও স্বরূপের গানই মহাপ্রভুর জীবাতু, কৃষ্ণের যেমন সুবলসখা, প্রভুরও তেমনই রামরায়, শ্রীরাধার যেমন ললিতা, প্রভুরও তেমনই স্বরূপ-দামোদর, প্রভু-সহ রঘুনাথ-মিলন-প্রসঙ্গ, রঘুনাথের প্রতি নিত্যানন্দের অহৈতুকী দয়া, চিড়াদধি-মহোৎসব, নিত্যানন্দ-কৃপায়ই চৈতন্য-কৃপালাভ, রঘুনাথের গৃহত্যাগ ও বারদিনে পুরী-গমন, পথে তিনদিন মাত্র প্রসাদ-সেবন, প্রভু ও ভক্তগণসহ রঘুনাথের মিলন, প্রভুর কৃষ্ণকৃপা-মাহাত্ম্য-বর্ণন, প্রভুকর্ত্তৃক হিরণ্য-গোবর্দ্ধনের চরিত্র-কথন, নিত্যসিদ্ধ রঘুনাথের বিষয়-ভোগ না থাকায় অনর্থযুক্ত সাধককেই প্রভুর উপদেশ, রঘুনাথকে প্রভুর স্বরূপ-হস্তে সমর্পণ, প্রভুর তিন রঘুনাথ, 'স্বরূপের রঘু' নাম, রঘুনাথকে প্রভুর সিন্ধুস্নান ও জগন্নাথ-দর্শনাদেশ, রঘুনাথের সিংহদ্বারে অযাচক-বৃত্তি, ক্ষেত্রে নিষ্কিঞ্চন বিরক্ত ভক্তের ব্যবহার-বর্ণন, প্রভুকর্ত্তৃক বৈরাগী বা ত্যক্তগৃহের বৈধ বা অবৈধ আচার-বর্ণন, স্বরূপকে শিক্ষাগুরুরূপে বরণার্থ প্রভুর রঘুনাথকে আদেশ, স্বরূপই সাধ্য-সাধনতত্ত্বের আচার্য্য, প্রভুকর্ত্তৃক 'রাগানুগা'-ভক্তিযাজীর আচার-বর্ণন, শিবানন্দ-সমীপে রঘুনাথের কঠোর বৈরাগ্য শ্রবণে তাঁহার পিতাকর্ত্তৃক মুদ্রা ও ভৃত্য প্রেরণ, রঘুনাথের মুদ্রাদি অস্বীকার, পরে প্রভু-নিমন্ত্রণার্থ কিয়দংশ স্বীকার, বর্ষদ্বয়ান্তে প্রভু-নিমন্ত্রণকার্য্য-ত্যাগ, বিষয়ীর অন্ন-প্রতি প্রভুর বচন, রঘুনাথের সিংহদ্বার ত্যাগ ও মাধুকরী ভিক্ষা-স্বীকার-বর্ণন, রঘুনাথকে প্রভুর গোবর্দ্ধনের শিলা

ও গুঞ্জামালা প্রদান, প্রভুর রঘুনাথকে শিলা-পূজার প্রণালী-জ্ঞাপন, রঘুনাথের শিলায় ব্রজেন্দ্রনন্দন দর্শন, রঘুনাথের সর্ব্বক্ষণ কৃষ্ণভজন, বিজিত-ষড়্‌বর্গ গোস্বামী রঘুনাথ, যাবন্নির্ব্বাহ্‌-প্রতিগ্রহ এবং রঘুনাথের 'সড়া' প্রসাদান্নগ্রহণ।

সপ্তম পরিচ্ছেদ ৮৪৯-৮৬০

১০৭। কৃষ্ণঃ (ব্রজেন্দ্রনন্দনঃ) পরমঃ ঈশ্বরঃ (বলদেব-নারায়ণ-বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ-কারণগর্ভক্ষীরার্ণবত্রয়-শায়ি-পরমাত্ম-পুরুষাবতার-মৎস্যকূর্ম্মবরাহ-রামনৃসিংহাদি-নৈমিত্তিকাবতার-ব্রহ্ম-শিবাদি-গুণাবতার-নির্ব্বিশেষ ব্রহ্ম-মহেন্দ্রাদি-বিভূত্যবতারাণাং সর্ব্বেষাং পতিঃ) সচ্চিদানন্দ-বিগ্রহঃ (সন্ধিনী-সম্বিৎ-হ্লাদিনী-শক্তিত্রয়-সমন্বিতঃ) অনাদিঃ (আদি-

* *সেই পরমেশ্বরের প্রাকৃত ইন্দ্রিয়াদি নাই, সেহেতু সেই ইন্দ্রিয়াদিসাধ্য কার্য্যও নাই। তাঁহার সমান বা অধিক বস্তু নাই। তাঁহার পরাশক্তি স্বাভাবিকী এবং তাহা জ্ঞান (চিৎ), বল (সৎ) ও ক্রিয়া (আনন্দ)-ভেদে বিবিধা।*

শ্রীচৈতন্যই স্বয়ং অবতারী কৃষ্ণ ঃ—

সেই কৃষ্ণ অবতারী ব্রজেন্দ্রকুমার।
আপনে চৈতন্যরূপে কৈল অবতার ॥ ১০৯ ॥

অবতারী শ্রীচৈতন্যে সর্ব্ব অবতার অন্তর্ভুক্ত ঃ—

অতএব চৈতন্য গোসাঞি পরতত্ত্ব-সীমা।
তাঁরে ক্ষীরোদশায়ী কহি, কি তাঁর মহিমা ॥ ১১০ ॥

তাঁহাকে যে কোন বিষ্ণুনামে অভিধানও দোষাবহ নহে ঃ—

সেই ত' ভক্তের বাক্য নহে ব্যভিচারী।
সকল সম্ভবে তাঁতে, যাতে অবতারী ॥ ১১১ ॥
অবতারীর দেহে সব অবতারের স্থিতি।
কেহো কোনমত কহে, যেমন যার মতি ॥ ১১২ ॥
কৃষ্ণকে কহয়ে কেহ—নরনারায়ণ।
কেহো কহে, কৃষ্ণ হয় সাক্ষাৎ বামন ॥ ১১৩ ॥
কেহো কহে, কৃষ্ণ ক্ষীরোদশায়ী অবতার।
অসম্ভব নহে, সত্য বচন সবার ॥ ১১৪ ॥
কেহো কহে, পরব্যোমে নারায়ণ-হরি।
সকল সম্ভবে কৃষ্ণে, যাতে অবতারী ॥ ১১৫ ॥

বৈধ ও রাগানুগ, সকল ভক্তেরই ভক্তিসিদ্ধান্ত জানা একান্ত আবশ্যক ঃ—

সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
এ সব সিদ্ধান্ত শুন, করি' এক মন ॥ ১১৬ ॥
সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস ॥ ১১৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১০-১১২। কোন কোন গ্রন্থে শ্রীচৈতন্য ক্ষীরোদশায়ী বৈকুণ্ঠনাথ বলিয়া উক্ত হইয়াছেন। তদ্দ্বারা তাঁহার মহিমা সম্পূর্ণরূপে বর্ণিত হয় নাই, কিন্তু সেইসকল ভক্তের বাক্য মিথ্যা নয়; যেহেতু কৃষ্ণ হইতে অভিন্ন কৃষ্ণচৈতন্য স্বয়ং অবতারী, সুতরাং সকল অবতারই তাঁহাতে বর্ত্তমান।

১১৭। কোন কোন ভক্তিপিপাসু ব্যক্তি এইসকল সিদ্ধান্তকে ভক্তির অঙ্গ না বলিয়া ইহাতে প্রবিষ্ট হইতে আলস্য প্রকাশ করেন, কিন্তু তাহা মঙ্গলের বিষয় নয়; কেন না কৃষ্ণের সম্বন্ধজ্ঞান জানিতে পারিলে, তাঁহার পাদপদ্মে চিত্ত দৃঢ়রূপে লগ্ন হয়। অতএব এরূপ সৎসিদ্ধান্ত শুদ্ধভক্তির মূল।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে দ্বিতীয় পরিচ্ছেদ।

অনুভাষ্য

রহিতঃ—'অহমেবাসমেবাগ্রে' ইতি পদবাচ্যঃ) আদিঃ (সর্ব্বেষাং মূলরূপঃ) সর্ব্বকারণকারণং (সর্ব্বকারণানাং কারণং মূলং) গোবিন্দঃ।

১১০। শ্রীচৈতন্যভাগবত মধ্য, ৬ষ্ঠ অঃ ৯৫ সংখ্যা—"শুতিয়া আছিনু মুই ক্ষীরোদসাগরে। নিদ্রাভঙ্গ হইল মোর নাড়ার হুঙ্কারে।।"

১১৪। শ্রীলঘুভাগবতামৃতে কৃষ্ণের অবতারিত্ববর্ণন-প্রসঙ্গে—"অতএব পুরাণাদৌ কেচিন্নরসখাত্মতাম্। মহেন্দ্রানুজাতং কেচিৎ কেচিৎ ক্ষীরাব্ধিশায়িতাম।। সহস্রশীর্ষতাং কেচিৎ কেচিৎ বৈকুণ্ঠনাথতাম্। ব্রূয়ুঃ কৃষ্ণস্য মুনয়স্তত্তদ্বৃত্ত্যনুগামিনঃ।।"*

১১৭। অনেকে জাতরুচি ভক্তগণের আদর্শদর্শনে মনে করেন যে, সিদ্ধান্ত-বিষয়ে প্রবেশ করিবার তাদৃশ আবশ্যকতা নাই। এইরূপ আলস্য হইতে অনেকে ভজনবিষয়ে অভাবগ্রস্ত হইয়া কৃষ্ণবৈমুখ্য সংগ্রহ করেন ও ভক্তির বিরোধী জড়ভাব-সমূহকে ভক্তি মনে করিয়া অনর্থগ্রস্ত হন। বিচারপ্রধান-মার্গ যদিও অজাতরুচিগণের পক্ষে উপযোগী, তথাপি জাতরুচিমানী স্বল্প-রুচিবিশিষ্ট জনের শ্রবণাঙ্গ বিশেষ আবশ্যক। কৃষ্ণবিষয়ক-সিদ্ধান্ত শ্রবণ না করিলে রুচিবৃদ্ধি হয় না। নবধা-ভক্তির প্রারম্ভেই কীর্ত্তিত বাক্যের পূর্ব্বে 'শ্রবণের' ব্যবস্থা। শ্রবণ-কীর্ত্তন-জলেই সিঞ্চিত হইলে ভক্তিলতা সংবর্দ্ধিতা হন। ব্রহ্মা যে-কালে ত্যক্তজ্ঞান-প্রয়াস ভক্তগণের অবস্থা বলিয়া কৃষ্ণের স্তব করিলেন, তথায়ও "সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাং শ্রুতিগতাং" বলিয়াছেন। পারমহংস্য অমলজ্ঞানপ্রদ ভাগবতের বিচারপর হইয়া পঠন-শ্রবণাদি করিলেই জীবের মহাভাগবতাধিকার হয়। শ্রীমহাপ্রভুর সনাতনশিক্ষা-মধ্যেই আমরা শুনি,—"শাস্ত্রযুক্ত্যে সুনিপুণ দৃঢ়শ্রদ্ধা যাঁর। উত্তম অধিকারী তিঁহ তারয়ে সংসার।।" শ্রীরূপগোস্বামিপাদও বলিয়াছেন,—আলস্য ত্যাগ করিয়া "উৎসাহান্নিশ্চয়াদ্ধৈর্য্যাৎ তত্তৎকর্ম্মপ্রবর্ত্তনাৎ। সঙ্গত্যাগাৎ সতো বৃত্তেঃ ষড়্ভির্ভক্তিঃ প্রসিদ্ধ্যতি।।" সিদ্ধান্তহীন ভক্তাভিমানিগণ মূর্খতাবশতঃ অনেক সময়ে কৃত্রিমভাবে সাত্ত্বিক-বিকারসমূহ অভ্যাস করিয়া লোকচক্ষে বৈষ্ণব-পদবীকে খর্ব্ব করেন। তাঁহাদের তাদৃশ অসৎ অভ্যাস গর্হণ করিয়া শ্রীমদ্ভাগবত "তদশ্মসারং"শ্লোক লিখিয়াছেন। তাঁহার টীকায় শ্রীপাদ চক্রবর্ত্তিঠাকুর বলেন,—"বহিরশ্রুপুলকয়োঃ সতোরপি যদ্ধৃদয়ং ন বিক্রিয়েত তদশ্মসারমিতি কনিষ্ঠাধিকারিণা-মেব অশ্রুপুলকাদিমত্ত্বেঽপি অশ্মসার-হৃদয়তয়া নিন্দেষা।"

* *অতএব পুরাণাদিতে শ্রীকৃষ্ণকে মুনিগণ সেই সেই অধিকারানুসারে কেহ নরসখা নারায়ণ, কেহ উপেন্দ্র, কেহ ক্ষীরোদশায়ী, কেহ সহস্রশীর্ষা পুরুষ এবং কেহ বা বৈকুণ্ঠনাথ বলিয়া কীর্ত্তন করিয়াছেন।*

চৈতন্য-মহিমা জানি এ সব সিদ্ধান্তে ।
চিত্ত দৃঢ় হঞা লাগে মহিমা-জ্ঞান হৈতে ॥ ১১৮ ॥

চৈতন্যে নিষ্ঠা জন্মাইবার জন্যই
কৃষ্ণতত্ত্ব-বর্ণন ঃ—

চৈতন্যপ্রভুর মহিমা কহিবার তরে ।
কৃষ্ণের মহিমা কহি করিয়া বিস্তারে ॥ ১১৯ ॥

যেই কৃষ্ণ, সেই চৈতন্য ঃ—

চৈতন্য-গোসাঞির এই তত্ত্ব নিরূপণ ।
স্বয়ং ভগবান্ কৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন ॥ ১২০ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১২১ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে বস্তুনির্দ্দেশমঙ্গলাচরণে শ্রীকৃষ্ণচৈতন্যতত্ত্বনিরূপণং নাম দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

সিদ্ধান্তকে অনাদর করিলে যে কৃত্রিম ভক্তি দেখা যায়, তাহার চিত্র শ্রীরূপপ্রভু এরূপ লিখিয়াছেন,—"নিসর্গপিচ্ছিলস্বান্তে তদভ্যাসপরেঽপি চ। সত্ত্বাভাসং বিনাপি স্যুঃ কাপ্যশ্রুপুলকাদয়ঃ।।" মিছাভক্তদল সিদ্ধান্তাভাবপ্রযুক্ত কিরূপ মায়িক বিকারকে অপ্রাকৃত বলিয়া মনে করে, তাহাও ইহার জ্বলন্ত দৃষ্টান্ত। অনেকে শ্রীরামানুজ-মধ্বাচার্য্য-নিম্বার্ক-বিষ্ণুস্বামী প্রভৃতি বৈষ্ণবাচার্য্যগণের লিখিত সিদ্ধান্তগ্রন্থের পাঠকেও ভক্তিবিরোধী অদ্বৈতবাদিগণের গ্রন্থালোচনার ন্যায় গর্হণ করে। শ্রীজীবপাদ ইহাদের সুসিদ্ধান্ত-গুলিই ষট্সন্দর্ভে বৈষ্ণবগণের মঙ্গলের জন্য উদ্ধার করিয়াছেন। নির্ব্বিশেষবাদিগণ যেরূপ ভক্ত্যঙ্গগুলিকে ভ্রমবশতঃ কর্ম্মাঙ্গজ্ঞান করেন, তদ্রূপ সিদ্ধান্তহীন বৈষ্ণবাখ্য জীব, ভক্তির অনুকূল-সিদ্ধান্তগুলিকেও প্রতিকূল-শ্রেণীস্থ কল্পনা করিয়া কৃষ্ণ-ভক্তি হইতে বিচ্যুত হন।

১১৮। পঞ্চরাত্রে—"মাহাত্ম্যজ্ঞানযুক্তস্তু সুদৃঢ়ং সর্ব্বতোঽধিকঃ। স্নেহো ভক্তিরিতি প্রোক্তস্তয়া সার্ষ্ট্যাদির্নান্যথা।।" "মহিমজ্ঞানযুক্তঃ স্যাদ্বিধিমার্গানুসারিণাম্। রাগানুগাশ্রিতানান্তু প্রায়শঃ কেবলো ভবেৎ।।"★

ইতি অনুভাষ্যে দ্বিতীয় পরিচ্ছেদ।

তৃতীয় পরিচ্ছেদ

কথাসার—এই পরিচ্ছেদে শ্রীচৈতন্যাবতারের হেতু বিচারিত হইয়াছে। কৃষ্ণলীলার অন্তে সেই লীলায় দাস্য, সখ্য, বাৎসল্য, শৃঙ্গাররূপ চারিরসের যে প্রাকট্য, তাহা জগতে আস্বাদনের বিষয় কিরূপে হয়, এই চিন্তা করিয়া শ্রীকৃষ্ণ ঐ প্রেমভক্তিবিষয়ক রসসমূহের আস্বাদন-প্রক্রিয়া জগৎকে দেখাইবার জন্য স্বয়ং ভক্তরূপে অবতীর্ণ হন। নামসঙ্কীর্ত্তন কলিযুগের প্রধান ধর্ম্ম, তাহা যুগাবতারই প্রকাশ করিতে পারেন, কিন্তু পূর্ব্বোক্ত চারিরসের প্রেমভক্তি সাক্ষাৎ কৃষ্ণচন্দ্র ব্যতীত কোন অংশাদি অবতারেরই দান করিবার ক্ষমতা নাই। এইজন্য সাক্ষাৎ কৃষ্ণচন্দ্র নবদ্বীপে জন্মগ্রহণ করেন। সাক্ষাৎ কৃষ্ণ যে জন্মগ্রহণ করিবেন, তাহার প্রমাণস্বরূপ ভাগবত-বচনাদি উদ্ধার করিয়াছেন। মহাপুরুষের লক্ষণদ্বারা চৈতন্যের সাক্ষাৎ ভগবত্তা স্থাপন করিয়াছেন। আরও দেখাইয়াছেন যে, কৃষ্ণচৈতন্য অঙ্গোপাঙ্গ অর্থাৎ অদ্বৈত, নিত্যানন্দ ও শ্রীবাসাদি ভক্তবৃন্দের সহিত অবতীর্ণ হইয়া জগতে হরিভক্তি প্রচার করিয়াছেন। চৈতন্যাবতার জগতে সর্ব্বাবতার অপেক্ষা উপাদেয়, অতএব গূঢ়। তিনি একমাত্র ভক্তিব্যঙ্গ্য অর্থাৎ ভক্ত তাঁহাকে ভক্তিদর্শনে দেখিবার যোগ্য হন। তাঁহার সেই উপাদেয় তত্ত্ব গোপনে রাখিবার জন্য তিনি অনেক যত্ন করেন, কিন্তু পরম ভক্তদিগের নিকট তিনি প্রকাশিত হইয়া পড়েন। বেদ-পুরাণাদি শাস্ত্রে তাঁহাকে গোপন রাখিবার জন্য কেবল ইঙ্গিতবাক্যদ্বারা তাঁহার ভাবী উদয়ের উল্লেখ আছে। তাহাতে তাঁহার ছন্নাবতারের গূঢ়তা ও বিশেষ উপাদেয়তাই স্পষ্টীকৃত হয়। অদ্বৈতাচার্য্য গুরুবর্গের সহিত প্রকট হইয়া দেখিলেন যে,—জগৎ অতিশয় কৃষ্ণভক্তিহীন হইয়াছে, এ

★ *যিনি ভগবন্মহিমা-জ্ঞানযুক্ত, তাঁহার সর্ব্বতোভাবে অধিক ও সুদৃঢ় স্নেহ—ইহাই ভক্তি বলিয়া কথিত, যদ্দ্বারা সার্ষ্ট্যাদি মুক্তিচতুষ্টয় লাভ হয়, অন্যথা হয় না। বিধিমার্গ-অনুসারিগণের স্নেহ মহিমাজ্ঞানযুক্ত অর্থাৎ মহিমাজ্ঞান-নির্ভর, কিন্তু রাগানুগ-আশ্রিতগণের স্নেহ প্রায়শঃ কেবল অর্থাৎ মহিমাজ্ঞান-অনির্ভর, তথা স্বাভাবিক।*

অবস্থায় কোন অংশাবতার অবতীর্ণ হইয়া জগন্মঙ্গল সাধন করিতে পারিবেন না, সাক্ষাৎ কৃষ্ণকে অবতীর্ণ করাইতে পারিলে জগতের কল্যাণ হইবে। এই বিচারে জলতুলসী কৃষ্ণপাদপদ্মে দিয়া তিনি নিরুপাধিক কৃষ্ণতত্ত্বকে অবতীর্ণ করাইবার জন্য হুঙ্কার করিতে লাগিলেন। শুদ্ধ সরলভক্তের প্রার্থনায় কৃষ্ণ তাঁহার ধ্যেয় পরম-স্বরূপ প্রকট করিয়া থাকেন, সুতরাং শুদ্ধভক্ত অদ্বৈত আচার্য্যের প্রেমহুঙ্কারে জগৎকে প্রেম-দান করিবার জন্য গৌরাঙ্গ অবতীর্ণ হইয়াছেন। (অঃ প্রঃ ভাঃ)

ভক্তিসিদ্ধান্ত-সঙ্কলনের নিমিত্ত মহাপ্রভুর বন্দনা ঃ—

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে যৎপাদাশ্রয়বীর্য্যতঃ।
সংগৃহ্ণাত্যাকরব্রাতাদজ্ঞঃ সিদ্ধান্তসন্মণীন্ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

তৃতীয় শ্লোকের অর্থ কৈল বিবরণ।
চতুর্থ শ্লোকের অর্থ শুন ভক্তগণ ॥ ৩ ॥

আদি ১৪ শ্লোকের মধ্যে ৪র্থ শ্লোক-ব্যাখ্যা ঃ—

বিদগ্ধমাধব (১।২)—

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ ॥ ৪ ॥

অবতারকাল বর্ণন ঃ—

পূর্ণ ভগবান্ কৃষ্ণ ব্রজেন্দ্রকুমার।
গোলোকে ব্রজের সহ নিত্য বিহার ॥ ৫ ॥

ব্রহ্মার একদিনে তিঁহো একবার।
অবতীর্ণ হঞা করেন প্রকট বিহার ॥ ৬ ॥

সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—চারিযুগ জানি।
সেই চারিযুগে দিব্য একযুগ মানি ॥ ৭ ॥

একাত্তর চতুর্যুগে এক মন্বন্তর।
চৌদ্দ মন্বন্তর ব্রহ্মার দিবস ভিতর ॥ ৮ ॥

অমৃতপ্রবাহ-ভাষ্য

১। যাঁহার পদাশ্রয়-শক্তিবলে অজ্ঞব্যক্তিও শাস্ত্ররূপ আকর-সমূহ হইতে সিদ্ধান্তরূপ উৎকৃষ্ট মণি সংগ্রহ করিতে সমর্থ হয়, সেই শ্রীচৈতন্যপ্রভুকে আমি বন্দনা করি।

৪। সুবর্ণকান্তিসমূহদ্বারা দীপ্তমান্ শচীনন্দন হরি তোমাদের হৃদয়ে স্ফূর্ত্তিলাভ করুন্। তিনি যে সর্ব্বোৎকৃষ্ট উজ্জ্বলরস জগৎকে কখনও দান করেন নাই, সেই স্বভক্তি-সম্পত্তি দান করিবার জন্য কলিকালে অবতীর্ণ হইয়াছেন।

অনুভাষ্য

গ্রন্থকারের স্ব-কৃত শ্লোক ঃ—

১। অজ্ঞঃ (মূর্খোঽপি) যৎপাদাশ্রয়-বীর্য্যতঃ (যস্য শ্রীচৈতন্যস্য পাদাশ্রয়প্রভাবাৎ) আকরব্রাতাৎ (ধাতূৎপত্তিস্থান-সমূহাৎ) সিদ্ধান্ত-সন্মণীন্ (মীমাংসারূপ-সদ্রত্নান্) সংগৃহ্ণাতি (সম্যগ্ গ্রহণে সমর্থো ভবতি) [তং] শ্রীচৈতন্যপ্রভুম্ [অহং] বন্দে।

৪। শ্রীরূপগোস্বামী বিদগ্ধমাধব-নাটক-প্রারম্ভে এই শ্লোকে (জগতের প্রতি আশীর্ব্বাদপূর্ব্বক) মঙ্গলাচরণ করায় তদনুগ গ্রন্থকারও নিজাভীষ্ট-গুরুপাদের অনুসরণ করিতেছেন,—

চিরাৎ (চিরকালং ব্যাপ্য) অনর্পিতচরীং (অদত্তপূর্ব্বাং) উন্নতোজ্জ্বলরসাং (উন্নতঃ সম্বর্দ্ধিতঃ উজ্জ্বলঃ শৃঙ্গাররসো যস্যাং তাং) স্বভক্তিশ্রিয়ং (নিজপ্রেমশোভাং) সমর্পয়িতুং (সম্যক্ দাতুং) কলৌ করুণয়াবতীর্ণঃ (কৃপয়া প্রপঞ্চাগতঃ) পুরটসুন্দরদ্যুতিকদম্ব-সন্দীপিতঃ (সুবর্ণোত্থসৌন্দর্য্যকান্তিপুঞ্জেন সম্যক্ প্রকাশিত যঃ সঃ) শচীনন্দনঃ হরিঃ বঃ (যুষ্মাকং) হৃদয়কন্দরে (চিত্তগুহায়াং) সদা (সর্ব্বস্মিন্ কালে অহর্নিশং) স্ফুরতু (প্রকাশয়তু)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫-৬। যে ব্রজেন্দ্রকুমার কৃষ্ণকে পূর্ব্ব পরিচ্ছেদে পূর্ণ ভগবান্ বলিয়া সংস্থাপন করা হইয়াছে, তিনি গোকুলের বৈভবরূপ গোলোকে ব্রজরসের সমস্ত উপকরণসহ নিত্য বিহার করেন। ইহারই নাম অপ্রকট-বিহার। জগতে অবতীর্ণ হইয়া প্রতিকল্পে অর্থাৎ ব্রহ্মার এক এক দিনে তিনি একবার প্রকট বিহার করেন।

অনুভাষ্য

৭-৮। ৪,৩২,০০০ সৌরবর্ষে কলিযুগ। কলিযুগের পরিমাণের দ্বিগুণবর্ষ-সংখ্যা—দ্বাপর, তিনগুণ—ত্রেতা এবং চতুর্গুণ—সত্য। সুতরাং সত্য, ত্রেতা, দ্বাপর ও কলিযুগে ৪৩,২০,০০০ সৌরবর্ষ। এই মহাযুগকে দিব্যযুগ-সংজ্ঞা দিয়াছেন। তাদৃশ ৭১ মহাযুগে এক মন্বন্তর ; চতুর্দ্দশ মন্বন্তর ও তদন্তর্গত ১৫টী সত্যযুগকাল-পরিমিত সন্ধিসহ সহস্রযুগে ব্রহ্মার এক দিবস বা কল্প।

"** চতুর্যুগমুদাহৃতম্। সূর্য্যাব্দসংখ্যয়া দ্বিত্রিসাগরৈ-রযুতাহতৈঃ। যুগানাং সপ্ততিঃ সৈকা মন্বন্তরমিহোচ্যতে।। সসন্ধয়স্তে মনবঃ কল্পে জ্ঞেয়াচতুর্দ্দশ। কৃতপ্রমাণঃ কল্পাদৌ সন্ধিঃ পঞ্চদশঃ স্মৃতঃ।। ইত্থং যুগসহস্রেণ ভূতসংহারকারকঃ। কল্পো ব্রাহ্মমহঃ প্রোক্তং শর্ব্বরী তস্য তাবতী।।"—সূর্য্যসিদ্ধান্তে মধ্যমাধিকারঃ।

'বৈবস্বত'-নাম এই সপ্তম মন্বন্তর ।
সাতাইশ চতুর্য্যুগ গেলে তাহার অন্তর ॥ ৯ ॥
অষ্টাবিংশ চতুর্য্যুগে দ্বাপরের শেষে ।
ব্রজের সহিতে হয় কৃষ্ণের প্রকাশে ॥ ১০ ॥

শান্ত ব্যতীত চতুর্ব্বিধ মুখ্যরস ঃ—

দাস্য, সখ্য, বাৎসল্য, শৃঙ্গার—চারি রস ।
চারি ভাবে ভক্ত যত, কৃষ্ণ তার বশ ॥ ১১ ॥
দাস-সখা-পিতা-মাতা-প্রেয়সীগণ লঞা ।
ব্রজে ক্রীড়া করে কৃষ্ণ প্রেমাবিষ্ট হঞা ॥ ১২ ॥

ঔদার্য্যপ্রধান গৌরাবতারের সূচনা ঃ—

যথেষ্ট বিহরি' কৃষ্ণ করে অন্তর্দ্ধান ।
অন্তর্দ্ধান করি' মনে করে অনুমান ॥ ১৩ ॥
চিরকাল নাহি করি প্রেমভক্তি দান ।
ভক্তিবিনা জগতের নাহি অবস্থান ॥ ১৪ ॥

জগৎ বৈধীভক্তিচালিত, সুতরাং কৃষ্ণপ্রেমে অনভিজ্ঞ ঃ—

সকল জগতে মোরে করে বিধি ভক্তি ।
বিধি-ভক্ত্যে ব্রজভাব পাইতে নাহি শক্তি ॥ ১৫ ॥
ঐশ্বর্য্য-জ্ঞানে সব জগৎ মিশ্রিত ।
ঐশ্বর্য্য-শিথিল-প্রেমে নাহি মোর প্রীত ॥ ১৬ ॥

গৌরব-ভাবময়ী বৈধীভক্তিফলে চতুর্ব্বিধ মুক্তি ও বৈকুণ্ঠে নারায়ণ-প্রাপ্তি ঃ—

ঐশ্বর্য্যজ্ঞানে বিধি ভজন করিয়া ।
বৈকুণ্ঠকে যায় চতুর্ব্বিধ মুক্তি পাঞা ॥ ১৭ ॥
সার্ষ্টি, সারূপ্য আর সামীপ্য, সালোক্য ।
সাযুজ্য না লয় ভক্ত যাতে ব্রহ্ম ঐক্য ॥ ১৮ ॥

নিজ ভজনশিক্ষা দিবার জন্য স্বয়ং কৃষ্ণের ইচ্ছা ঃ—

যুগধর্ম্ম প্রবর্ত্তামু নাম-সঙ্কীর্ত্তন ।
চারি ভাব-ভক্তি দিয়া নাচামু ভুবন ॥ ১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০। বৈবস্বত-মন্বন্তরের অষ্টাবিংশ চতুর্য্যুগের দ্বাপরের শেষভাগে কৃষ্ণ নিজের ব্রজতত্ত্বের সমস্ত উপকরণ লইয়া প্রকাশ পান।

১১। রসই কৃষ্ণলীলার প্রকরণ। রস পঞ্চপ্রকার—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও শৃঙ্গার। তন্মধ্যে দাস্য, সখ্য, বাৎসল্য ও শৃঙ্গার—এই চারিপ্রকার রসের ভক্তগণের নিকট কৃষ্ণ একান্ত বশ।

১৪-১৬। এ যাবৎ আমি প্রেমভক্তি জগৎকে দান করি নাই। শাস্ত্রাদি পাঠ করিয়া জগতে লোকে বিধিভক্তিতে আমাকে ভজনা করে। কিন্তু আমার পরমভাব যে ব্রজভাব, তাহা বিধিভক্তিতে পায় না। বিধিভক্তিতে ঐশ্বর্য্যজ্ঞানই প্রবল। ঐশ্বর্য্যভাবে প্রেম শিথিল হয় অর্থাৎ প্রেমে গাঢ়তা থাকে না। সুতরাং ঐরূপ প্রেমে আমি প্রীত হই না।

অনুভাষ্য

৯। বৈবস্বত-নামক সপ্তম মনুর মন্বন্তরে মহাপ্রভুর উদয়কাল। "স্বায়ম্ভুবাখ্যো মনুরাদ্য আসীৎ, স্বারোচিষশ্চোত্তম-তামসাখ্যৌ। জাতৌ ততো রৈবতচাক্ষুষৌ চ বৈবস্বতঃ সম্প্রতি সপ্তমোঽয়ম্।। সাবর্ণির্দক্ষসাবর্ণির্ব্রহ্মসাবর্ণিকস্ততঃ। ধর্ম্মসাবর্ণিকো রুদ্রপুত্রো রৌচ্যশ্চ ভৌত্যকঃ।।" ১। স্বায়ম্ভুব, ২। স্বারোচিষ, ৩। উত্তম, ৪। তামস, ৫। রৈবত, ৬। চাক্ষুষ, ৭। বৈবস্বত, ৮। সাবর্ণি, ৯। দক্ষসাবর্ণি, ১০। ব্রহ্মসাবর্ণি, ১১। ধর্ম্মসাবর্ণি, ১২। রুদ্রপুত্র (সাবর্ণি), ১৩। রৌচ্য (দেবসাবর্ণি), ১৪। ভৌত্যক (ইন্দ্রসাবর্ণি)—এই চতুর্দ্দশ মনু। প্রত্যেকের ভোগকাল ৭১ মহাযুগ।

১০। বৈবস্বত মন্বন্তরের ৭১ মহাযুগের মধ্যে ২৭ মহাযুগ গত হইলে পর অষ্টাবিংশতি চতুর্য্যুগে সত্য ও ত্রেতা অতীত

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭-২০। ঐশ্বর্য্যজ্ঞানে, বিধিমার্গে যাঁহারা ভজন করেন, তাঁহারা সার্ষ্টি, সারূপ্য, সামীপ্য ও সালোক্যরূপ মুক্তিচতুষ্টয় লাভ করত বৈকুণ্ঠে গমন করেন। ব্রহ্মের সহিত ঐক্যরূপ সাযুজ্য-মুক্তি বিধিভক্তগণও প্রার্থনা করেন না। কিন্তু প্রেমভক্তি পাইলে উক্ত চারিপ্রকার মুক্তিকেও পরিত্যাগপূর্ব্বক ভক্তগণ আমার সেবাসুখ লইয়া থাকেন। সেইপ্রকার বিধিভক্তির অতীত প্রেম-ভক্তি জগতে প্রচার করা আমার অভীষ্ট। আমি কলিযুগের ধর্ম্ম যে নাম-সঙ্কীর্ত্তন, তাহা দাস্য, সখ্য, বাৎসল্য, শৃঙ্গাররসের সহিত

অনুভাষ্য

হইয়া দ্বাপরের শেষভাগে কৃষ্ণের প্রকটকাল। দ্বাপরাবসান পর্য্যন্ত ব্রহ্মদিন প্রারম্ভ হইতে সসন্ধি ছয় মনু। বৈবস্বত মনুর ২৭ যুগ সত্য, ত্রেতা ও দ্বাপরযুগকাল একত্র সমষ্টি করিয়া (সৃষ্টিকাল হীন করিলে) সৌরবর্ষ-সংখ্যায় ১৯৭৫৩২০০০০ বর্ষ অতীত হয়।

১১। এস্থলে 'শান্ত' রসের অনুল্লেখের কারণ এই যে, যদিও জড়জগতে শান্তরস সর্ব্বাপেক্ষা উচ্চস্থানে অবস্থিত, চিজ্জগতে অত্যন্ত নিম্নভাবে শান্তরস অবস্থিত এবং শান্তরস অপ্রাকৃত হইলেও রসের আলম্বন বিষয় ও আশ্রয়গণের পরস্পরের মধ্যে জ্ঞেয় ও জ্ঞাতৃ-ভাবের বিনিময় নাই। এজন্য দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর রসে যথাক্রমে কৃষ্ণপ্রীতির উৎকর্ষ-তারতম্য বিদ্যমান।

১৮। "সালোক্য-সার্ষ্টি-সারূপ্য-সামীপ্যৈকত্বমপ্যুত। দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ।।" (ভাঃ ৩।২৯।১৩), (ভাঃ ৯।৭।৬৭) দ্রষ্টব্য।

তজ্জন্যই ভক্ত ও গুরুরূপে অবতার,
প্রচার ও আচার ঃ—

আপনি করিমু ভক্তভাব অঙ্গীকারে ।
আপনি আচরি' ভক্তি শিখামু সবারে ॥ ২০ ॥

আচার বিনা প্রচার নিরর্থক ঃ—

আপনে না কৈলে ধর্ম্ম শিখান না যায় ।
এই ত' সিদ্ধান্ত গীতা-ভাগবতে গায় ॥ ২১ ॥

অবতারকাল ঃ—
শ্রীমদ্ভগবদ্গীতা (৪।৭-৮)—

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত ।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ২২ ॥

অবতারের কার্য্য ঃ—

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্ ।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ২৩ ॥

আচার বিনা প্রচারের ব্যর্থতা ও বিষময় ফল ঃ—
শ্রীমদ্ভগবদ্গীতা (৩।২৪)—

উৎসীদেয়ুরীমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্ ।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥

আচার্য্যের আচরণ সকল লোকের আদর্শ ঃ—
শ্রীমদ্ভগবদ্গীতা (৩।২১)—

যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥ ২৫ ॥

যুগধর্ম্ম প্রচার—বিষ্ণুর কার্য্য, কিন্তু কৃষ্ণ বিনা অপর অংশ-
বিষ্ণুতত্ত্বের কৃষ্ণপ্রেমদান অসম্ভব ঃ—

যুগধর্ম্ম-প্রবর্ত্তন হয় অংশ হৈতে ।
আমা বিনা অন্যে নারে ব্রজপ্রেম দিতে ॥ ২৬ ॥

লঘুভাগবতে পূর্ব্বখণ্ডে (৫।৩৭) বিল্বমঙ্গল-বাক্য—

সন্ত্ববতারা বহবঃ পঙ্কজনাভস্য সর্ব্বতো-ভদ্রাঃ ।
কৃষ্ণাদন্যঃ কো বা লতাস্বপি প্রেমদো ভবতি ॥ ২৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

জগৎকে দিয়া সর্ব্বলোককে নৃত্য করাইব ; আপনিও ভক্তভাব গ্রহণ করত স্বীয় আচারদ্বারা জগজ্জীবকে শিক্ষাপ্রদান করিব।

১৮। সার্ষ্টি—বিষ্ণুর সহিত সমান ঐশ্বর্য্যপ্রাপ্তি ; সারূপ্য—বিষ্ণুর ন্যায় চতুর্ভুজাদি অঙ্গ-বর্ণ প্রাপ্তি ; সামীপ্য—বিষ্ণুর সমীপে অবস্থিতি ; সালোক্য—বিষ্ণুলোকে বাস।

২২। হে অর্জ্জুন, যখন যখন ধর্ম্মগ্লানি উপস্থিত হয় এবং অধর্ম্মের অভ্যুত্থান হয়, তখন তখন আমি আপনাকে প্রকট করি।

২৩। সাধুদিগের পরিত্রাণ, দুষ্কৃতদিগের বিনাশ এবং ধর্ম্ম-সংস্থাপনের জন্য আমি প্রতিযুগে প্রকাশিত হই।

অনুভাষ্য

২২। পূর্ব্বকালের কথা উল্লেখ করিয়া শ্রীকৃষ্ণ তৎকর্ত্তৃক পূর্ব্বে সূর্য্যকে কথিত যোগপন্থা কালে নষ্ট হওয়ায় অর্জ্জুনকে পুনরায় তাহা বলা হইল, এরূপ বলিলেন। অর্জ্জুনের প্রত্যয়ের জন্য ভগবান্ স্বীয় আবির্ভাব-কথা-প্রসঙ্গে বলিতেছেন,—

হে ভারত, যদা যদা হি ধর্ম্মস্য গ্লানিঃ (হানিঃ) অধর্ম্মস্য অভ্যুত্থানং (বৃদ্ধিঃ) ভবতি, তদা [অহং দ্বে সোঢুমশক্নুবন্ তয়োর্বৈপরীত্যং কর্ত্তুং] আত্মানং সৃজামি।

২৩। সাধূনাং (মদনুশীলনপরাণাং) পরিত্রাণায় (সেবন-বিঘ্ননিবৃত্ত্যৈ) দুষ্কৃতাং (ভক্তদ্রোহিণাং মদন্যৈরবধ্যানাং রাবণ-কংস-কেশ্যাদীনাং) বিনাশায়, ধর্ম্মসংস্থাপনার্থায় চ (পরিচর্য্যা-সংকীর্ত্তনলক্ষণ-ভগবৎসেবনপর-নির্ম্মৎসরধর্ম্মস্য সম্যগাচরণার্থায় প্রচারার্থায় চ) যুগে যুগে (তত্তৎকালে) সম্ভবামি।

২৪। অর্জ্জুনের কর্ম্মবিষয়ক সন্দেহাত্মক প্রশ্নে জড়ভোগ-

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪। যদি আমি কর্ম্মাচরণদ্বারা কর্ম্ম-ব্যবস্থা রক্ষা না করি, তবে এই লোক উৎসন্ন হয় এবং সাঙ্কর্য্যের কারণ হইয়া আমিই প্রজাবিনাশক হইয়া পড়ি।

২৫। শ্রেষ্ঠব্যক্তি যাহা আচরণ করেন, তাহাই অপর ব্যক্তি অনুকরণ করিয়া থাকেন। শ্রেষ্ঠ যাহাকে 'প্রমাণ' বলেন, সকলেই তাহাতে অনুবর্ত্তমান (অনুরত) হন।

২৬। নামসঙ্কীর্ত্তনরূপ যুগধর্ম্ম ও ব্রজপ্রেম—এই দুইটী প্রচার করিবার জন্য আমি প্রকট হইতে ইচ্ছা করিতেছি। যদিও যুগধর্ম্ম প্রচার কার্য্য অংশাবতারদ্বারা হইতে পারে, তথাপি পূর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণ আমি ব্যতীত ব্রজপ্রেম-প্রদান আর কেহই করিতে পারেন না।

২৭। ভগবান্ পঙ্কজনাভের অনেক মঙ্গলময় অবতার হউন্ না কেন, কৃষ্ণব্যতীত লতা অর্থাৎ আশ্রিতজনের প্রেমদাতা আর কে আছে?

অনুভাষ্য

বাসনারহিত ভগবানের কর্ম্ম (আচার) করিবার উদ্দেশ্য বলিতেছেন,—

চেৎ (যদি) অহং কর্ম্ম ন কুর্য্যাম্, ইমে লোকাঃ উৎসীদেয়ুঃ (মাং দৃষ্টান্তীকৃত্য ভ্রংশ্যেয়ুঃ), সঙ্করস্য চ কর্ত্তা স্যাম্, ইমাঃ প্রজাঃ উপহন্যাং (মলিনাঃ কুর্য্যাম্)।

২৫। শ্রেষ্ঠঃ (মহাজনঃ) যৎ যৎ আচরতি, তৎ তৎ [কর্ম্ম] এব ইতরঃ (অশ্রেষ্ঠঃ) জনঃ [আচরতি] ; সঃ (শ্রেষ্ঠঃ) যৎ প্রমাণং কুরুতে, লোকঃ (ইতরঃ জনঃ) তৎ অনুবর্ত্ততে (অনুসরতি)।

২৭। পঙ্কজনাভস্য (পদ্মনাভস্য ভগবতঃ) সর্ব্বতঃ ভদ্রাঃ

তাহাতে আপন ভক্তগণ করি' সঙ্গে ।
পৃথিবীতে অবতরি' করিমু নানা রঙ্গে ॥ ২৮ ॥
এত ভাবি' কলিকালে প্রথম সন্ধ্যায় ।
অবতীর্ণ হৈলা কৃষ্ণ আপনি নদীয়ায় ॥ ২৯ ॥
চৈতন্যসিংহের নবদ্বীপে অবতার ।
সিংহগ্রীব, সিংহবীর্য্য, সিংহের হুঙ্কার ॥ ৩০ ॥
সেই সিংহ বসুক্ জীবের হৃদয়-কন্দরে ।
কল্মষ-দ্বিরদ নাশে যাঁহার হুঙ্কারে ॥ ৩১ ॥

অভিধেয়াধিদেবতা 'বিশ্বম্ভর' নাম ঃ—

প্রথমলীলায় তাঁর বিশ্বম্ভর নাম ।
ভক্তিরসে ভরিল, ধরিল ভূতগ্রাম ॥ ৩২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১। কল্মষ—পাপ ; দ্বিরদ—হস্তী।

৩২। ভূতগ্রাম—জীবসমূহ।

অনুভাষ্য

(মঙ্গলপ্রদাঃ) বহবঃ অবতারাঃ সন্তুঃ অপি কৃষ্ণাৎ অন্যঃ কো বা লতাসু (তদাশ্রিতাসু) প্রেমদঃ (প্রেমভক্তিদাতা) ভবতি।

২৯। প্রথম সন্ধ্যায়—যুগারম্ভকালে আদিতে এবং যুগান্ত-কালে শেষে যুগের ষষ্ঠভাগ পরিমিত-কাল 'সন্ধ্যা'। যুগের প্রথম সন্ধ্যা দ্বাদশভাগ ও শেষ সন্ধ্যা দ্বাদশভাগ। সুতরাং কলিকালের প্রথম সন্ধ্যা ৩৬,০০০ সৌরবর্ষ। শ্রীগৌরসুন্দর কলিকালের ৪,৫৮৬ বর্ষ গত হইলে প্রকটিত হওয়ায় প্রথম সন্ধ্যায় শ্রীমায়াপুর নবদ্বীপে জন্মগ্রহণ করেন। "ক্রমাৎ কৃতযুগাদীনাং ষষ্ঠাংশঃ সন্ধ্যয়োঃ স্বকঃ"—শ্রীসূর্য্যসিদ্ধান্তে মধ্যমাধিকারে ১৭শ শ্লোকঃ।

৩৪। শেষলীলায় অর্থাৎ সন্ন্যাসগ্রহণের পর চতুর্ব্বিংশ বর্ষ-কাল। যদিও শ্রীবিষ্ণুস্বামি-সম্প্রদায়ে দশনামী ও অষ্টোত্তর-শতনামী ত্রিদণ্ডিবৈদিক-সন্ন্যাসিগণ শ্রীশঙ্করপাদের বহুপূর্ব্ব হইতে বর্ত্তমান ছিলেন, তথাপি নির্ব্বিশিষ্ট-বিচারপ্রিয় বৈদান্তিকব্রুব শঙ্করের অভ্যুদয়ে সমন্বয়প্রথায় ভারতে পঞ্চোপাসক-সমাজ পুনর্গঠিত হওয়ায় শ্রীমহাপ্রভু, শ্রীশঙ্করাচার্য্য-সম্প্রদায়ের দশ-নামী দণ্ডিন্যাসিগণের প্রথামত বৈদিক সন্ন্যাস গ্রহণ করেন। আর্য্যাবর্ত্তে বৈদিকাভাস অর্থাৎ বেদানুগব্রুব আর্য্যসমাজ অনেকেই শঙ্করাচার্য্যের অনুবর্ত্তী এবং শাঙ্করসম্প্রদায়ের শাসনানুসারে পঞ্চোপাসক।

দশনামী সন্ন্যাসী, যথা—"তীর্থাশ্রমবনারণ্যগিরিপর্ব্বত-সাগরাঃ। সরস্বতী ভারতী চ পুরী নামানি বৈ দশঃ।।" প্রত্যেকের সন্ন্যাসের, স্থানের ও ব্রহ্মচারীর উপাধি যথাক্রমে লিখিত হইতেছে। (মঞ্জুষা ২য় সংখ্যা ১০৪-১০৭ পৃঃ দ্রষ্টব্য) তীর্থ ও আশ্রম—সন্ন্যাসোপাধি, স্থান—দ্বারকা, ব্রহ্মচারি-নাম—স্বরূপ।

ডুভৃঞ্ ধাতুর অর্থ—পোষণ, ধারণ ।
পুষিল, ধরিল প্রেম দিয়া ত্রিভুবন ॥ ৩৩ ॥

সম্বন্ধাধিদেবতা 'শ্রীকৃষ্ণচৈতন্য' নাম ঃ—

শেষলীলায় ধরে নাম 'শ্রীকৃষ্ণচৈতন্য' ।
শ্রীকৃষ্ণ জানায়ে সব বিশ্ব কৈল ধন্য ॥ ৩৪ ॥
তাঁর যুগাবতার জানি' গর্গ মহাশয় ।
কৃষ্ণের নামকরণে করিয়াছে নির্ণয় ॥ ৩৫ ॥

চারিযুগে চারিবর্ণ অবতার ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।৮।১৩)—

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥ ৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৩। 'বিশ্বম্ভর' শব্দ ডুভৃঞ্ ধাতু হইতে সিদ্ধ হইয়াছে। সেই ধাতুর অর্থ পোষণ ও ধারণ ; প্রেম দিয়া ত্রিভুবনকে পোষণ ও ধারণ করিলেন।

৩৫। গর্গ মহাশয় শ্রীকৃষ্ণচৈতন্যকে কলিযুগাবতার জানিয়া নিম্নলিখিত শ্লোকে তাঁহার বর্ণ নিরূপণ করিয়াছেন।

৩৬। তোমার এই বালক শুক্ল, রক্ত ও পীতবর্ণ অন্য তিনযুগে ধারণ করেন ; অধুনা দ্বাপরে কৃষ্ণবর্ণ প্রাপ্ত হইয়াছেন।

অনুভাষ্য

বন ও অরণ্য—সন্ন্যাসোপাধি, স্থান—পুরুষোত্তম, ব্রহ্মচারি-নাম—প্রকাশ। গিরি, পর্ব্বত ও সাগর—সন্ন্যাসের উপাধি, স্থান—বদরিকাশ্রম, ব্রহ্মচারি-নাম—আনন্দ ; সরস্বতী, ভারতী ও পুরী—সন্ন্যাসের উপাধি, স্থান—শৃঙ্গেরী, ব্রহ্মচারি-নাম—চৈতন্য।

শ্রীশঙ্করাচার্য্য সমগ্র ভারতের পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ-প্রদেশে চারিটী মঠ স্থাপন করিয়া তাঁহার চারিটী শিষ্যকে মঠাধিপ করেন। এই চারিটী মূলমঠের অধীন অসংখ্য শাখামঠ ক্রমশঃ উদ্ভূত হইয়াছে। দেশভেদে মঠের সাম্য নির্দ্দিষ্ট থাকিলেও অনেক ক্ষেত্রে বিপর্য্যয় লক্ষিত হয়। এই চারিমঠে আনন্দবার, ভোগবার, কীটবার ও ভূমিবারভেদে চতুর্ব্বিধ সম্প্রদায়। কালে এই সম্প্রদায়ের ধারণাও বিপর্য্যস্ত দেখা যায়। চারিটী মহাবাক্যেরও মঠভেদে বিভাগ আছে। সন্ন্যাস গ্রহণ করিতে হইলে পূর্ব্বে মঠাধীশ সন্ন্যাসিগুরুর নিকট গমন করিয়া ব্রহ্মচারী হইতে হয়। তিনি যে-প্রকার সন্ন্যাসী, তদনুসারে 'ব্রহ্মচারী' নাম দিয়া থাকেন। এ প্রথা আজও এই সম্প্রদায়ে বিশিষ্টভাবে চলিয়া আসিতেছে।

শ্রীমহাপ্রভু কেশব ভারতীর নিকট সন্ন্যাস গ্রহণ করিতে গেলে তাঁহার নাম 'শ্রীকৃষ্ণচৈতন্য' হইয়াছিল। সন্ন্যাস গ্রহণ করিবার পরও ভগবান্ নিজ ব্রহ্মচারিনামই প্রচার করেন। 'ভারতী' সংজ্ঞা

শুক্ল, রক্ত, পীতবর্ণ—এই তিন দ্যুতি।
সত্য-ত্রেতা-কলিকালে ধরেন শ্রীপতি ॥ ৩৭ ॥
ইদানীং দ্বাপরে তিঁহো হৈলা কৃষ্ণবর্ণ।
এই সব শাস্ত্রাগম-পুরাণের মর্ম্ম ॥ ৩৮ ॥

শ্রীমদ্ভাগবত (১১।৫।২৭)—

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ।
শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥ ৩৯ ॥

কলিযুগাবতারের লক্ষণ ঃ—

কলিযুগে যুগধর্ম্ম—নামের প্রচার।
তথি লাগি' পীতবর্ণ চৈতন্যাবতার ॥ ৪০ ॥
তপ্তহেম-সম কান্তি, প্রকাণ্ড শরীর।
নবমেঘ-জিনি কণ্ঠধ্বনি যে গম্ভীর ॥ ৪১ ॥
দৈর্ঘ্য-বিস্তারে যেই আপনার হাত।
চারি হস্ত হয় 'মহাপুরুষ' বিখ্যাত ॥ ৪২ ॥
'ন্যগ্রোধপরিমণ্ডল' হয় তাঁর নাম।
ন্যগ্রোধপরিমণ্ডল-তনু চৈতন্য গুণধাম ॥ ৪৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৯। দ্বাপরযুগে ভগবান্ শ্যামবর্ণ, পীতবাস, বংশী ইত্যাদি নিজায়ুধধারী, শ্রীবৎসাদি অঙ্কযুক্ত—এইরূপে উপলক্ষিত হন।

অনুভাষ্য

গ্রহণ করিয়া পরিচয় দিবার কথা তাঁহার লীলালেখকগণ কেহই বলেন না। শঙ্করসম্প্রদায়ে সন্ন্যাস-নামের সহিত ঈশ্বরাভিমান সংশ্লিষ্ট থাকায়, বোধ করি, তাদৃশ ব্যবহার শ্রীমন্মহাপ্রভু আদর করেন নাই। 'ব্রহ্মচারী' নামে গুরুদাস্যাভিমান অনুস্যূত বলিয়া ভক্তির প্রতিকূল নহে। মহাপ্রভু দণ্ড ও কমণ্ডলু প্রভৃতি সন্ন্যাসের চিহ্নসমূহ গ্রহণ করিয়াছিলেন বলিয়া উল্লেখ রহিয়াছে।

৩৬। গর্গমহাশয় নন্দমহারাজকে কৃষ্ণের নামকরণ-হেতু বর্ণনমুখে তাঁহার অন্যান্য অবতার ও অবতারিত্ব বলিতেছেন।—

অনুযুগং (যুগোচিতং) তনূর্গৃহ্ণতঃ অস্য (তব পুত্রস্য) শুক্লঃ রক্তঃ তথা (ইতি ভবিষ্যন্নির্দ্দেশবাক্যেন বৈবস্বতমন্বন্তরস্যাষ্টাবিংশ-মহাযুগীয়কলিযুগস্য আদিসন্ধ্যায়াং) পীতঃ (পীতবর্ণঃ ভবিষ্যতি) ত্রয়ো বর্ণাঃ আসন্। ইদানীং হি কৃষ্ণতাং গতঃ (প্রাপ্তঃ)।

৩৯। 'কোন্ কালে কিভাবে ভগবানের অবতার হয়', বিদেহ-রাজ নিমির এই প্রশ্নের উত্তরে নবযোগেন্দ্রের অন্যতম শ্রীকর-ভাজন সত্য ও ত্রেতার অবতার বর্ণন করিয়া দ্বাপরের অবতার-সম্বন্ধে বলিতেছেন,—

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৩। যিনি নিজহস্তের দৈর্ঘ্যবিস্তারের পরিমাণে চারিহস্ত পরিমিত দীর্ঘ হন, তিনি মহাপুরুষ বলিয়া বিখ্যাত ও তাঁহার নাম 'ন্যগ্রোধপরিমণ্ডল'।

অনুভাষ্য

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসাঃ (পীতঃ বাসো যস্য সঃ) নিজায়ুধঃ (নিজানি আয়ুধানি গদাচক্রাদীনি যস্য সঃ) শ্রীবৎসা-দিভিঃ অঙ্কৈঃ (আঙ্গিকৈশ্চিহ্নৈঃ) লক্ষণৈঃ (বাহ্যৈঃ কৌস্তুভাদি-ভিশ্চ) উপলক্ষিতঃ।

৪০। শ্রীমধ্বাচার্য্য মুণ্ডকোপনিষদ্ভাষ্যে শ্রীনারায়ণ-সংহিতা হইতে প্রমাণ লিখিয়াছেন,—"দ্বাপরীয়ৈর্জনৈর্বিষ্ণুঃ পঞ্চরাত্রৈস্তু কেবলৈঃ। কলৌ তু নামমাত্রেণ পূজ্যতে ভগবান্ হরিঃ।।" কলি-সন্তরণোপনিষদেও লিখিয়াছেন,—"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।। ইতি ষোড়শকং নাম্নাং কলিকল্মষনাশনম্। নাতঃ পরতরোপায়ঃ সর্ব্ববেদেষু দৃশ্যতে।।"

৪২। ন্যগ্রোধপরিমণ্ডল—যিনি নিজ বাহুপরিমাণে চারি হস্ত দীর্ঘ ও চারি হস্ত বিস্তৃত অর্থাৎ পরিধিবিশিষ্ট গোলাকার 'মহাপুরুষ'; যিনি সকল প্রাণীকে ন্যক্কার করিয়া নিজ মায়ার দ্বারা রোধ করিয়াছেন, এরূপ পূর্ণ চতুর্ব্ব্যূহবিশিষ্ট বিষ্ণু।

অমৃতানুকণা—৪০। "যুগধর্ম্ম প্রবর্ত্তন হয় অংশ হৈতে। আমা বিনা অন্যে নারে ব্রজপ্রেম দিতে।।" কলিযুগে শ্রীহরিকীর্ত্তনই যুগধর্ম্ম, তাহা শ্রীগৌরসুন্দরের অংশাবতারই প্রবর্ত্তন করেন, কিন্তু শ্বেতবরাহকল্পগত অষ্টাবিংশ-বৈবস্বত-মন্বন্তরীয় কলিযুগে শ্রীনামপ্রচার-রূপ যুগধর্ম্ম প্রবর্ত্তনের উদ্দেশ্যে কিন্তু মুখ্যতঃ ব্রজপ্রেম-প্রদানার্থ যিনি অবতীর্ণ হইয়া থাকেন, তিনি 'পীতবর্ণ-চৈতন্যাবতার'। এস্থলে 'পীতবর্ণ-চৈতন্যাবতার' বলিয়া অঙ্গুলি-নির্দ্দেশ করিবার হেতু এই যে, সাধারণতঃ কলিযুগে যে যুগাবতার, তাঁহার নাম ও বর্ণ 'কৃষ্ণ', কিন্তু বিশেষ কলিযুগে যে শ্রীচৈতন্যাবতার, তিনিই কেবল পীতবর্ণ। লঘুভাগবতামৃতে যুগাবতার-প্রকরণে উক্ত আছে,—"কথ্যতে বর্ণনামাভ্যাং শুক্লঃ সত্যযুগে হরিঃ। রক্তঃ শ্যামঃ ক্রমাৎ কৃষ্ণস্ত্রেতায়াং দ্বাপরে কলৌ।।" বর্ণ ও নামদ্বারা হরি সত্যযুগে শুক্ল, ত্রেতাযুগে রক্ত, দ্বাপরযুগে শ্যাম এবং কলিযুগে কৃষ্ণ বলিয়া কথিত হইয়া থাকেন। শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ প্রভু ইহার টীকায় বলিয়াছেন,—"সামান্যতঃ সকল কলি-যুগেই কৃষ্ণবর্ণ ও তন্নামক যুগাবতার—'কৃষ্ণঃ কলিযুগে বিভু' এই হরিবংশ-প্রমাণ-হেতু। তবে যে-কলিযুগে স্বর্ণগৌর-বর্ণ শ্রীকৃষ্ণচৈতন্য অবতীর্ণ হন, সেই কলিতে উক্ত 'কৃষ্ণ'রূপ যুগাবতার তাঁহাতে অন্তর্ভুক্ত থাকেন, বুঝিতে হইবে।" শ্রীমদ্ভাগবতে যুগাবতার-প্রকরণে কথিত "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণম্" (ভাঃ ১১।৫।৩২) শ্লোকের ব্যাখ্যায় শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর জানাইয়াছেন,—"সর্ব্বকলিযুগপক্ষে 'কৃষ্ণবর্ণং' —কৃষ্ণবর্ণদেহ ; রুক্ষত্ব নিবারণ করিতে বলা হইতেছে—'ত্বিষাঽকৃষ্ণং' অর্থাৎ ইন্দ্রনীলমণিবৎ উজ্জ্বল। এক বিশেষ কলিযুগপক্ষে—কৃষ্ণবর্ণ, কিন্তু কান্তিতে 'অকৃষ্ণ' বলিতে পীতবর্ণ বুঝাইতেছে—অর্থাৎ অন্তরে কৃষ্ণবর্ণ কিন্তু বাহিরে গৌরবর্ণ, এই অর্থ।"

আজানুলম্বিত-ভুজ কমললোচন ।
তিলফুল-জিনি নাসা, সুধাংশু-বদন ॥ ৪৪ ॥
শান্ত, দান্ত, কৃষ্ণভক্তি-নিষ্ঠাপরায়ণ ।
ভক্তবৎসল, সুশীল, সর্ব্বভূতে সম ॥ ৪৫ ॥
চন্দনের অঙ্গদ-বালা, চন্দন-ভূষণ ।
নৃত্যকালে পরি' করেন কৃষ্ণসঙ্কীর্ত্তন ॥ ৪৬ ॥
এইসব গুণ লঞা মুনি বৈশম্পায়ন ।
সহস্রনামে কৈল তাঁর নাম-গণন ॥ ৪৭ ॥
দুই লীলা চৈতন্যের—আদি আর শেষ ।
দুই লীলায় চারি চারি নাম বিশেষ ॥ ৪৮ ॥

মহাভারতে দানধর্ম্মে (১২৭ অঃ) সহস্রনামে (৯২, ৭৫)—
সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী ।
সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠাশান্তিপরায়ণঃ ॥ ৪৯ ॥
ব্যক্ত করি' ভাগবতে কহে বার বার ।
কলিযুগে কৃষ্ণ-নামসঙ্কীর্ত্তন-সার ॥ ৫০ ॥

শ্রীমদ্ভাগবত (১১।৫।৩২)—
কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ ।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ৫১ ॥
শুন, ভাই, এই সব চৈতন্য-মহিমা ।
এই শ্লোকে কহে তাঁর মহিমার সীমা ॥ ৫২ ॥

অনুভাষ্য

৪৭। সহস্রনাম—বিষ্ণুর সহস্রনাম অর্থাৎ মহাভারতে দান-ধর্ম্মে ১৪৯ অধ্যায়। এই গ্রন্থের শঙ্করাচার্য্য এবং শ্রীবলদেব বিদ্যাভূষণাদি অন্যান্য বৈষ্ণবাচার্য্যগণ ভাষ্য লিখিয়াছেন।

৪৮। আদি—গার্হস্থ্যলীলা (প্রথম ২৪ বৎসর), শেষ—সন্ন্যাসলীলা (শেষ—২৪ বৎসর)। ৩২-৩৪ সংখ্যা দ্রষ্টব্য। চারি চারিনাম—পরবর্ত্তী ৪৯ সংখ্যায় উল্লিখিত।

৪৯। সুবর্ণবর্ণঃ (স্বর্ণবর্ণবৎ পীতবর্ণঃ যস্য সঃ) হেমাঙ্গঃ (হেমবৎ অঙ্গং যস্য সঃ) বরাঙ্গঃ (মহাপুরুষবোধকং অঙ্গং যস্য সঃ) চন্দনাঙ্গদী (চন্দনাঙ্কিতে অঙ্গদে বিদ্যেতে যস্য সঃ) [আদি-লীলায়াং ভগবতো গৌরচন্দ্রস্য এতানি চত্বারি নামানি]। সন্ন্যাস-কৃৎ (যতিধর্ম্মপরঃ) শমঃ (নির্বিষয়ঃ) শান্তঃ (কৃষ্ণৈকনিষ্ঠচিত্তঃ) নিষ্ঠাশান্তিপরায়ণঃ (নিষ্ঠা চিত্তৈকাগ্র্যং চ শান্তি চ নিষ্ঠাশান্তী পরম্ অয়নং আশ্রয়ো যস্য সঃ) [শেষলীলায়াং ভগবতো গৌরহরে-র্নামানি চতুঃসংখ্যকানি সহস্রনাম্নি উদাহৃতানি]।

বিষ্ণুসহস্রনামের শ্রীবলদেববিদ্যাভূষণকৃত 'নামার্থ-সুধাভিধ' ভাষ্যে—"সুবর্ণস্যেব বর্ণো রূপমস্যেতি সুবর্ণবর্ণঃ—'যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্' ইতি শ্রুতেঃ। হেমবৎ স্পৃহণীয়ানি বর্ণাধিষ্ঠানান্যঙ্গানি যস্য সঃ হেমাঙ্গঃ। বরাণি সৌন্দর্য্যবন্ত্যঙ্গানি অস্যেতি বরাঙ্গঃ। চন্দনে ভক্তচিত্তাহ্লাদকে অঙ্গদে অস্যেতি চন্দনাঙ্গদী। সুবর্ণবর্ণাদি চতুষ্টয়ং কেচিৎ কৃষ্ণ-চৈতন্যতায়াং যোজয়ন্তি। অথ কৃষ্ণচৈতন্যতাং দ্যোতয়ন্নাহ ষড়্ভিঃ—সন্ন্যাসং পরিব্রজ্যং করোতীতি সন্ন্যাসকৃৎ। শময়ত্যা-লোচয়তি রহস্যং হরেরিতি শমঃ। শম আলোচনে চুরাদিমৎ। শাম্যত্যুপরমিতি কৃষ্ণান্যবিষয়াদিতি শান্তঃ। নিতিষ্ঠন্ত্যস্যাং হরিকীর্ত্তন-প্রধানা ভক্তিযজ্ঞা ইতি নিষ্ঠা—'কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং' ইতি স্মরণাৎ। শাম্যন্ত্যনয়া ভক্তিবিরোধিনঃ কেবলাদ্বৈতপ্রমুখান্ ইতি শান্তিঃ। মহাভাবান্তানাং ভাবভেদানাং পরমময়নমিতি পরায়ণম্।"*

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৯। সুবর্ণবর্ণ, গলিত-হেমবৎ অঙ্গ, সর্ব্বাঙ্গসুন্দর গঠন, চন্দন-মালা শোভিত—এই চারিটী গৃহস্থলীলায় লক্ষিত। সন্ন্যাসা-শ্রমী, হরি-রহস্যালোচনারূপ শমগুণবিশিষ্ট, হরিকীর্ত্তনরূপ মহাযজ্ঞে দৃঢ়তারূপ্ নিষ্ঠ, কেবলাদ্বৈতবাদী অভক্ত-নিবৃত্তিকারিণী-শান্তিলব্ধ মহাভাবপরায়ণ।

৫১। যাঁহার মুখে সর্ব্বদা কৃষ্ণ-বর্ণ, যাঁহার কান্তি অকৃষ্ণ অর্থাৎ গৌর, সেই অঙ্গ, উপাঙ্গ, অস্ত্র ও পার্ষদ-পরিবেষ্টিত মহাপুরুষকে সুবুদ্ধিমান্ ব্যক্তিগণ সঙ্কীর্ত্তনপ্রায় যজ্ঞদ্বারা যজন করিয়া থাকেন।

অনুভাষ্য

৫১। 'কোন্ যুগে কিভাবে ভগবান্ অবতীর্ণ হন?'—নিমি-রাজের এই প্রশ্নের উত্তরে শ্রীকরভাজন কলিকালের অবতারী ও তদীয় ভজন-প্রণালীর কথা বর্ণন করিতেছেন,—

**তাঁহার সুবর্ণের (স্বর্ণের) ন্যায় বর্ণ অর্থাৎ রূপ, অতএব তিনি 'সুবর্ণবর্ণ'। মুণ্ডক-শ্রুতিতে ইহার প্রমাণ যেমন, 'যেকালে সাধক স্বর্ণবর্ণ-বিগ্রহ, জগৎকর্ত্তা, ব্রহ্মযোনি পরমপুরুষ ঈশ্বরকে দর্শন করেন' ইত্যাদি। হেমতুল্য স্পৃহণীয় বর্ণের অধিষ্ঠানস্বরূপ অঙ্গ যাঁহার, তিনি 'হেমাঙ্গ'। তাঁহার সর্ব্বোত্তম সৌন্দর্য্যময় অঙ্গ বলিয়া তিনি 'বরাঙ্গ'। তাঁহার চন্দন অর্থাৎ ভক্তচিত্ত-আহ্লাদকারী অঙ্গদদ্বয় (বাহুভূষণ), অতএব তিনি 'চন্দনাঙ্গদী'। সুবর্ণবর্ণাদি এই নাম চতুষ্টয় কেহ কেহ শ্রীকৃষ্ণচৈতন্যে যোজনা করিয়া থাকেন। অনন্তর ছয়টী নামদ্বারা শ্রীকৃষ্ণচৈতন্যত্ব প্রকাশ করিতে বলা হইতেছে—তিনি সন্ন্যাস অর্থাৎ পরিব্রজ্যা-গ্রহণকারী বলিয়া 'সন্ন্যাসকৃৎ'। শ্রীহরির আলোচনা করেন, তজ্জন্য তিনি 'শম'—চুরাদি-গণীয় 'শম' ধাতু আলোচনার্থে প্রযুক্ত। কৃষ্ণেতর বিষয় হইতে শমতা অর্থাৎ উপরম (নিবৃত্তি)-বিশিষ্ট বলিয়া তিনি 'শান্ত'। তাঁহাতে হরিকীর্ত্তন-প্রধান ভক্তিযজ্ঞ নিশ্চয়রূপে অবস্থান করে বলিয়া তিনি 'নিষ্ঠা'—'কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং', এই ভাগবতীয় স্মৃতিপ্রমাণ-হেতু। কেবলাদ্বৈত-প্রমুখ ভক্তিবিরোধি-মতবাদসমূহ তাঁহার দ্বারা উপশম হয়, তজ্জন্য তিনি 'শান্তি'। মহাভাবের অন্ত (সীমা)-রূপ ভাবভেদসমূহের পরম আশ্রয়হেতু তিনি 'পরায়ণ'।*

অমৃতপ্রবাহ ভাষ্য

শ্রীজীব (ক্রমসন্দর্ভে) "ত্বিষা কান্ত্যা যোঽকৃষ্ণো গৌরস্তং কলৌ সুমেধসো যজন্তি। গৌরত্বঞ্চাস্য "আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ" ইত্যত্র পারিশেষ্যপ্রমাণ-লব্ধম্। 'ইদানীম্' এতদবতারাস্পদ-ত্বেনাভিখ্যাতে দ্বাপরে 'কৃষ্ণতাং গতঃ' ইত্যুক্তেঃ, শুক্লরক্তয়োঃ সত্যত্রেতাগতত্বেন দর্শিতং পীতস্যাতীতত্বং প্রাচীনাবতারাপেক্ষয়া। অত্র শ্রীকৃষ্ণস্য পরিপূর্ণরূপত্বেন বক্ষ্যমাণত্বাদ্ যুগাবতারত্বম্,—তস্মিন্ সর্ব্বেঽপ্যবতারা অন্তর্ভূতা ইতি তত্তৎপ্রয়োজনং তস্মিন্নেকস্মিন্নেব সিদ্ধ্যতীত্যপেক্ষয়া। তদেবং যদ্দ্বাপরে কৃষ্ণোঽবতরতি, তদেব কলৌ শ্রীগৌরোঽপ্যবতরতীতি স্বারস্যলব্ধেঃ শ্রীকৃষ্ণাবির্ভাববিশেষ এবায়ং গৌর ইত্যায়াতি, তদব্যভিচারাৎ।" "তদেতদাবির্ভাবত্বং তস্য স্বয়মেব বিশেষণদ্বারা ব্যনক্তি। 'কৃষ্ণবর্ণং'—কৃষ্ণেত্যেতৌ বর্ণৌ চ যত্র ; যস্মিন্ শ্রীকৃষ্ণচৈতন্যদেব-নাম্নি কৃষ্ণত্বাভিব্যঞ্জকং কৃষ্ণেতি-বর্ণযুগলং প্রযুক্তমস্তীত্যর্থঃ। তৃতীয়ে শ্রীমদুদ্ধববাক্যে 'সমাহুতা' ইত্যাদি-পদ্যে 'শ্রিয়ঃ সবর্ণেন' ইত্যত্র টীকায়াং—"শ্রিয়ো রুক্মিণ্যাঃ সমানবর্ণদ্বয়ং বাচকং যস্য সঃ, শ্রিয়ঃ সবর্ণো রুক্মীত্যপি দৃশ্যতে" ; যদ্বা, কৃষ্ণং বর্ণয়তি তাদৃশ-স্বপরমানন্দবিলাস-স্মরণোল্লাসবশতয়া স্বয়ং গায়তি, পরম-কারুণিকতয়া চ সর্ব্বেভ্যোঽপি লোকেভ্যস্তমেবোপদিশতি যস্তম্; অথবা, স্বয়মকৃষ্ণং গৌরং ত্বিষা স্বশোভা-বিশেষেণৈব কৃষ্ণোপদেষ্টারঞ্চ, যদ্দর্শনেনৈব সর্ব্বেষাং শ্রীকৃষ্ণঃ স্ফুরতীত্যর্থঃ ; কিংবা, সর্ব্বলোকদ্রষ্টাবকৃষ্ণং গৌরমপি ভক্ত-বিশেষদৃষ্টৌ 'ত্বিষা' প্রকাশ-বিশেষেণ কৃষ্ণবর্ণং, তাদৃশ-শ্যামসুন্দরমেব সন্তমিত্যর্থঃ। তস্মাত্তস্মিন্ সর্ব্বথা শ্রীকৃষ্ণরূপস্যৈব প্রকাশাৎ তস্যৈবাবির্ভাব-বিশেষঃ স ইতি ভাবঃ। তস্য ভগবত্বমেব স্পষ্টয়তি—'সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদম্'—অঙ্গান্যেব পরমমনোহরত্বাদুপাঙ্গানি ভূষণাদীনি, মহাপ্রভাবত্বাৎ তান্যেবাস্ত্রাণি, সর্ব্বদৈবৈকান্তবাসিত্বাত্তান্যেব পার্ষদাঃ। বহুভির্মহানুভাবৈরসকৃদেব তথা দৃষ্টোঽসাবিতি গৌড়-বরেন্দ্র-বঙ্গোৎকলাদিদেশীয়ানাং মহাপ্রসিদ্ধেঃ ; যদ্বা, অত্যন্ত-প্রেমাস্পদত্বাত্তত্তুল্যা এব পার্ষদাঃ শ্রীমদদ্বৈতাচার্য্য-মহানুভাবচরণ-প্রভৃতয়স্তৈঃ সহ বর্ত্তমানমিতি চার্থান্তরেণ ব্যক্তম্। তমেবম্ভূতং কৈর্যজন্তি? যজ্ঞৈঃ পূজাসম্ভারৈঃ,—'ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবাঃ' ইত্যুক্তেঃ। তত্র চ বিশেষণেন তমেবাভিধেয়ং ব্যনক্তি, 'সঙ্কীর্ত্তনং' বহুভির্ম্মিলিত্বা তদ্গানসুখং শ্রীকৃষ্ণগানং তৎপ্রধানৈঃ, তথা সঙ্কীর্ত্তন-প্রাধান্যস্য তদাশ্রিতেষ্বেব দর্শনাৎ, স এবাত্রাভিধেয় ইতি স্পষ্টম্। অতএব সহস্রনাম্নি তদবতারসূচকানি নামানি কথিতানি—"সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী। সন্ন্যাস-কৃচ্ছমঃ শান্তঃ" ইত্যেতানি। দর্শিতঞ্চৈতৎ পরমবিদ্বচ্ছিরোমণিনা শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যেণ—"কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ প্রাদুষ্কর্ত্তুং কৃষ্ণচৈতন্যনামা। আবির্ভূতস্তস্য পাদারবিন্দে গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গঃ।।" ইতি সর্ব্বসংবাদিন্যাম্। ✶

অনুভাষ্য

সুমেধসঃ (বুদ্ধিমন্তঃ) ত্বিষা (কান্ত্যা) অকৃষ্ণং (বিদ্যুদ্গৌরং শুক্লরক্তবর্ণদ্বয়াবশেষং তৃতীয়ং পীতবর্ণং) কৃষ্ণবর্ণং (কৃষ্ণং বর্ণয়তি গায়তি যঃ তম্ ; যদ্বা, কৃষ্ণেতি এতৌ বর্ণৌ চ যস্মিন্ তং) সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ (অঙ্গে নিত্যানন্দাদ্বৈতৌ, উপাঙ্গানি শ্রীবাসাদি-ভক্তাঃ, অস্ত্রাণি হরিনামাদীনি, পার্ষদাঃ গদাধরদামোদর-স্বরূপাদয়ঃ, তৈঃ সহিতং) সঙ্কীর্ত্তনপ্রায়ৈঃ (বহুভির্ম্মিলিত্বা হরিকথা-নাম-গানৈঃ) যজ্ঞৈঃ যজন্তি।

✶ *'ত্বিষা' অর্থাৎ কান্তিতে যিনি 'অকৃষ্ণ' অর্থাৎ গৌরবর্ণ, কলিযুগে সুমেধাগণ তাঁহার উপাসনা করেন। তাঁহার এই গৌরবর্ণের কথা নন্দমহারাজের প্রতি গর্গমুনির কথিত 'প্রতিযুগে তনু-ধারণকারী তোমার এই পুত্রের শুক্ল, রক্ত এবং পীত এই তিনটী বর্ণ ছিল ; ইদানীং তিনি কৃষ্ণবর্ণ প্রাপ্ত হইয়াছেন', এই বাক্যে চারিবর্ণ-মধ্যে শুক্ল, রক্ত ও শ্যামবর্ণ ব্যতীত যে অবশিষ্ট 'পীতবর্ণ', এই প্রমাণ হইতেই তাহা পাওয়া যায়। 'ইদানীং' অর্থাৎ বর্ত্তমান অবতারকালরূপে বর্ণিত দ্বাপরযুগে 'তিনি কৃষ্ণবর্ণ প্রাপ্ত হইয়াছেন'—এই উক্তি-হেতু এবং সত্য ও ত্রেতাযুগে শুক্ল ও রক্তবর্ণের প্রাপ্তিহেতু ভগবানের পূর্ব্ব পূর্ব্ব (কলিযুগে পীতবর্ণধারী) অবতারকে লক্ষ্য করিয়াই এই পীতবর্ণের অতীতকালত্ব প্রদর্শিত হইয়াছে। এইস্থলে শ্রীকৃষ্ণের, যিনি পরিপূর্ণরূপে পরে ব্যাখ্যাত হইবেন, সেই তাঁহার যে যুগাবতারত্ব তাহা, তাঁহাতেই সমস্ত অবতার অন্তর্ভুক্ত ও সেই সমস্ত অবতারের প্রয়োজনীয়তা এক তাঁহাতেই সিদ্ধ হয়, ইহা দেখাইবার জন্য। সেইরূপে যে-দ্বাপরে শ্রীকৃষ্ণ অবতীর্ণ হন, সেই চতুর্যুগান্তবর্ত্তী কলিযুগেই শ্রীগৌরসুন্দরও অবতীর্ণ হইয়া থাকেন—এইরূপ তাৎপর্য্য পাওয়া যায় বলিয়া শ্রীগৌরসুন্দর যে শ্রীকৃষ্ণেরই আবির্ভাব-বিশেষ, ইহা সিদ্ধান্তিত হয়, যেহেতু কখনও ইহার ব্যতিক্রম নাই। সেই আবির্ভাবত্বেরই কথা ঋষিবর স্বয়ংই তাঁহার (শ্রীগৌরের) সম্বন্ধে কথিত বিশেষণদ্বারা ব্যক্ত করিয়াছেন, যথা,—'কৃষ্ণবর্ণং'—'কৃ' ও 'ষ্ণ' এই দুইটী বর্ণ যাঁহাতে অর্থাৎ যাঁহার 'শ্রীকৃষ্ণচৈতন্যদেব'-নামের মধ্যে কৃষ্ণত্ব-সূচক ঐ বর্ণ দুইটী প্রযুক্ত রহিয়াছে। (এইপ্রকার ব্যাখ্যা যে কল্পিত নহে, তাহার দৃষ্টান্তরূপে বলিতেছেন,—) যেমন, শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধে উদ্ধব-কথিত 'সমাহূতা'-পদ্যের 'শ্রিয়ঃ সবর্ণেন' এই অংশের শ্রীধরস্বামি-কৃত টীকায়—'শ্রী অর্থাৎ রুক্মিণীর সমান বর্ণদ্বয় (রুক্মী) যাঁহার বাচক, তিনি', (এস্থলে শ্লোকার্থ এইরূপ হইল—শ্রীরুক্মিণী নামের সমান দুইটী বর্ণ যাঁহার নামের মধ্যে, সেই রুক্মী-কর্ত্তৃক রাজাগণ সমাহূত হইয়াছিলেন)—ইহাতে যেমন 'শ্রিয়ঃ সবর্ণঃ' বলিতে 'রুক্মী', এইরূপ দেখা যায়, তদ্রূপ।*

'কৃষ্ণবর্ণং'-শ্লোক-ব্যাখ্যা ঃ—

'কৃষ্ণ' এই দুই বর্ণ সদা যাঁর মুখে ।
অথবা, কৃষ্ণকে তিঁহো বর্ণে নিজ সুখে ॥ ৫৩ ॥
কৃষ্ণবর্ণ-শব্দের অর্থ দুই ত' প্রমাণ ।
কৃষ্ণ বিনু তাঁর মুখে নাহি আইসে আন ॥ ৫৪ ॥
কেহ তাঁরে বলে যদি কৃষ্ণ-বরণ ।
আর বিশেষণে তারে করে নিবারণ ॥ ৫৫ ॥
দেহকান্ত্যে হয় তেঁহো অকৃষ্ণবরণ ।
অকৃষ্ণবরণে তাঁর কহে পীতবরণ ॥ ৫৬ ॥

স্তবমালায় দ্বিতীয়-চৈতন্যাষ্টকে (১)—

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা-
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিলচতুর্থাশ্রমজুষাং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫৭ ॥

ব্রহ্মজ্যোতিতে তমোনাশ ঃ—

প্রত্যক্ষ তাঁহার তপ্তকাঞ্চনের দ্যুতি ।
যাঁহার ছটায় নাশে অজ্ঞান-তমস্ততি ॥ ৫৮ ॥
জীবের কল্মষ-তমো নাশ করিবারে ।
অঙ্গ-উপাঙ্গ-নাম নানা অস্ত্র ধরে ॥ ৫৯ ॥

তমঃ বা কল্মষের সংজ্ঞা ঃ—

ভক্তির বিরোধী কর্ম্ম, ধর্ম্ম বা অধর্ম্ম ।
তাহার 'কল্মষ' নাম, সেই মহাতমঃ ॥ ৬০ ॥
বাহু তুলি' হরি বলি' প্রেমদৃষ্ট্যে চায় ।
করিয়া কল্মষ নাশ প্রেমেতে ভাসায় ॥ ৬১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৫। মূল শ্লোকে কেহ যদি 'কৃষ্ণবর্ণ' এই শব্দ হইতে কলির উপাস্য পুরুষকে কৃষ্ণ (অর্থাৎ কৃষ্ণরূপ কান্তিযুক্ত) বলিয়া থাকেন, "ত্বিষাঽকৃষ্ণং" এই অপর বিশেষণদ্বারা সে অর্থ হইতে পারে না।

৫৭। শ্রীরাধিকার ভাবরূপ দ্যুতির আতিশয্যক্রমে অকৃষ্ণ অর্থাৎ গৌররূপপ্রাপ্ত শ্রীকৃষ্ণকে কীর্ত্তনময় যজ্ঞদ্বারা পণ্ডিতসকল কলিকালে স্পষ্টরূপে অভিযজন করেন। তিনি সন্ন্যাসান্তর্গত পারমহংস্যরূপ চতুর্থাশ্রমসেবিগণের একমাত্র উপাস্যতত্ত্ব। সেই চৈতন্যাকৃতি পরমপুরুষ শীঘ্র আমাদের প্রতি কৃপা করুন্।

৫৮। অজ্ঞান-তমস্ততি—অজ্ঞানরূপ অন্ধকারের বিস্তৃতি।

৬০। ধর্ম্মই হউক্ বা অধর্ম্মই হউক্, যেস্থলে কোন কর্ম্ম

অনুভাষ্য

৫৭। বিদ্বাংসঃ (পণ্ডিতাঃ) স্ফুটং (স্পষ্টং) দ্যুতিভরাৎ (কান্ত্যাধিক্যাৎ) অকৃষ্ণাঙ্গং (গৌরং পীতবর্ণং) কৃষ্ণং উৎকীর্ত্তন-ময়ৈঃ (উচ্চৈঃ কীর্ত্তনাখ্যভক্ত্যবলম্বনৈঃ) মখবিধিভিঃ (নামযজ্ঞ-বিধানৈঃ) কলৌ অভিযজন্তে, যং চ অখিলচতুর্থাশ্রমজুষাং (সকলভিক্ষুণাম্) উপাস্যং (পূজ্যং) প্রাহুঃ, সঃ চৈতন্যাকৃতিঃ দেবঃ নঃ (অস্মান্) অতিতরাং (অতিশয়েন) কৃপয়তু।

অথবা 'কৃষ্ণবর্ণ'-পদে যিনি 'কৃষ্ণ'-নাম 'বর্ণন' করেন অর্থাৎ তাদৃশ নিজ পরমানন্দ-বিলাস-স্মরণজনিত উল্লাসবশতঃ স্বয়ং ঐ নাম কীর্ত্তন করেন এবং পরম করুণাবশতঃ সমস্ত লোককে ঐ নাম যিনি উপদেশ করেন, তিনি সেই শ্রীগৌরসুন্দর ; অথবা তিনি স্বয়ং 'অকৃষ্ণ' অর্থাৎ গৌর হইয়াও 'ত্বিষা' অর্থাৎ নিজ শোভাবিশেষদ্বারাই 'কৃষ্ণ'-সম্বন্ধে উপদেশদাতা অর্থাৎ যাঁহার দর্শনে সকলের শ্রীকৃষ্ণের নাম-রূপ-গুণাদির স্ফূর্ত্তি হয় ; কিংবা সর্ব্বলোকদৃষ্টিতে তিনি 'অকৃষ্ণ' অর্থাৎ গৌর হইলেও ভক্তবিশেষের দৃষ্টিতে 'ত্বিষা' অর্থাৎ বিশেষপ্রকাশযোগে 'কৃষ্ণবর্ণং' অর্থাৎ তাদৃশ শ্যামসুন্দররূপেই স্থিত হন, তিনি সেই শ্রীগৌরসুন্দর। অতএব তাঁহাতে সর্ব্বপ্রকারে শ্রীকৃষ্ণরূপেরই প্রকাশ হওয়ায় তিনি শ্রীকৃষ্ণেরই আবির্ভাব-বিশেষ, ইহাই ভাবার্থ।

তাঁহার ভগবত্তা স্পষ্ট করিতেছেন,—'সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্' এই বাক্যে। তাঁহার অভিন্ন 'অঙ্গ'সমূহ পরম মনোহর বলিয়া, 'উপাঙ্গ' বা ভূষণাদি মহাপ্রভাবযুক্ত বলিয়া, সে-সকলই 'অস্ত্র' এবং সর্ব্বদাই একান্তভাবে তৎসান্নিধ্যে বাস করেন বলিয়া সে-সকলই 'পার্ষদ'। বহু বহু মহাজন যে তাঁহার এবম্বিধ শ্রীরূপ অনেকবার দর্শন করিয়াছেন, তাহা গৌড়, বরেন্দ্র, বঙ্গ, উৎকল প্রভৃতি দেশবাসিগণের মধ্যেও বিশেষ প্রসিদ্ধ আছে। অথবা অঙ্গ, উপাঙ্গ ও অস্ত্রতুল্য অতিশয় প্রেমভাজন শ্রীঅদ্বৈতাচার্য্য প্রভৃতি বহুপ্রভাবশালী পার্ষদগণের সহিত তিনি বর্ত্তমান, এরূপ অর্থান্তরেও তিনি ব্যক্ত হন। এবম্ভূত সেই গৌরসুন্দরকে সুমেধাগণ কি কি উপায়ে আরাধনা করেন? যজ্ঞরূপ পূজাসম্ভারদ্বারা—যেহেতু, 'যেস্থানে কৃষ্ণকীর্ত্তনরূপ মহোৎসব হয় না, সেস্থান সুরেশ-লোক হইলেও বাসযোগ্য নহে', দেবগণের এই গীতবাক্যই (ভাঃ ৫।১৯।২৩) প্রমাণ। তাহাতে 'সঙ্কীর্তনপ্রায়ৈঃ' এই বিশেষণদ্বারা সেই সঙ্কীর্তনপ্রধান যজ্ঞকেই আরাধনার উপায়রূপে ব্যক্ত করিতেছেন। 'সঙ্কীর্ত্তন' অর্থাৎ বহুজন মিলিত হইয়া যে তৎকীর্ত্তনসুখ অর্থাৎ শ্রীকৃষ্ণকীর্ত্তন, তাহাই যে-যজ্ঞে প্রধান সম্ভার, তদ্দ্বারা ; শ্রীচৈতন্যাশ্রিতগণের মধ্যেই সঙ্কীর্ত্তনের প্রাধান্য দেখা যায় বলিয়া তাহাই আরাধনার উপায়, ইহা স্পষ্ট।

অতএব শ্রীবিষ্ণুসহস্রনামে তাঁহার অবতারসূচক—সুবর্ণবর্ণ, হেমতনু, সুঠাম, চন্দনবলয়যুক্ত, সন্ন্যাসগ্রহণকারী, শান্ত ইত্যাদি নামসমূহ কথিত হইয়াছে। পরমপণ্ডিত-শিরোমণি শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্য মহাশয়ও তাহা ব্যক্ত করিয়াছেন—কালক্রমে অন্তর্হিত নিজ ভক্তিযোগ যিনি পুনঃ প্রকটিত করিতে শ্রীকৃষ্ণচৈতন্য-নামে আবির্ভূত হইয়াছেন, তাঁহার পাদপদ্মে আমার মনোভৃঙ্গ গাঢ়ভাবে লীন হউক্।

স্তবমালায় দ্বিতীয়-চৈতন্যাষ্টকে (৮)—

স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো
গিরাস্তু প্রারম্ভঃ কুশলপটলীং পল্লবয়তি ।
পদালম্ভঃ কং বা প্রণয়তি ন হি প্রেমনিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬২ ॥

গৌরদর্শনে পাপক্ষয় ও প্রেমপ্রাপ্তি ঃ—

শ্রীঅঙ্গ, শ্রীমুখ যেই করে দরশন ।
তার পাপক্ষয় হয়, পায় প্রেমধন ॥ ৬৩ ॥

অন্যান্য অবতারে অস্ত্র ও সৈন্যসামন্ত, কিন্তু গৌরাবতারে ভক্ত ও সঙ্কীর্ত্তন ঃ—

অন্য অবতারে সব সৈন্য-শস্ত্র সঙ্গে ।
চৈতন্য-কৃষ্ণের সৈন্য অঙ্গ-উপাঙ্গে ॥ ৬৪ ॥

স্তবমালায় প্রথম-চৈতন্যাষ্টকে (১)—

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥ ৬৫ ॥

অঙ্গোপাঙ্গ অস্ত্র করে স্বকার্য্যসাধন ।
'অঙ্গ'-শব্দের অর্থ আর শুন দিয়া মন ॥ ৬৬ ॥
'অঙ্গ'-শব্দে অংশ কহে শাস্ত্র-পরমাণ ।
অঙ্গের অবয়ব 'উপাঙ্গ'-ব্যাখ্যান ॥ ৬৭ ॥

শ্রীমদ্ভাগবত (১০।১৪।১৪)—

নারায়ণস্ত্বং ন হি সর্ব্বদেহিনা-
মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী ।
নারায়ণোঽঙ্গং নরভূজলায়না-
ত্তচ্চাপি সত্যং ন তবৈব মায়া ॥ ৬৮ ॥

জলশায়ী অন্তর্যামী যেই নারায়ণ ।
সেহো তোমার অংশ, তুমি মূল নারায়ণ ॥ ৬০ ॥
'অঙ্গ'-শব্দে অংশ কহে, সেহো সত্য হয় ।
মায়াকার্য্য নহে—সব চিদানন্দময় ॥ ৭০ ॥

দুই বিষ্ণুই দুই সেনাপতি ঃ—

অদ্বৈত, নিত্যানন্দ—চৈতন্যের দুই অঙ্গ ।
অঙ্গের অবয়বগণ কহিয়ে উপাঙ্গ ॥ ৭১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ভক্তির বিরোধী হয়, সেস্থলে তাহার নাম 'কল্মষ'—তাহাই মহান্ধকার।

৬২। যাঁহার হাসিমাখা দৃষ্টি জগতের শোক সম্পূর্ণরূপে দূর করে, যাঁহার বাক্যারম্ভ কুশলসমূহের বল্লীরূপ ভক্তিলতাকে পল্লবিত করে এবং যাঁহার চরণাশ্রয় সমস্ত প্রেমরহস্য প্রণয়ন করে, সেই চৈতন্যাকৃতি দেব আমাদের প্রতি প্রচুর কৃপা করুন।

৬৫। মানবশরীরধারী শিব-ব্রহ্মাদি দেবতাগণের প্রণয়গৃহীতা শ্রীচৈতন্যদেব সকল জীবের সর্ব্বদা উপাস্য। স্বীয় ভক্তদিগকে বিশুদ্ধ স্বভজন-মুদ্রা উপদেশ করিতে করিতে সেই শ্রীচৈতন্যদেব কি পুনরায় আমার নয়নগোচর হইবেন?

অনুভাষ্য

৬২। যস্য (চৈতন্যদেবস্য) স্মিতালোকঃ (মন্দহাসকটাক্ষঃ) জগতাং (সর্ব্বপ্রাণিনাং) পরিতঃ (সর্ব্বতোভাবেন) শোকম্ (অভাবং) হরতি (বিনাশয়তি), গিরাং প্রারম্ভঃ (বাক্যোপক্রমঃ) তু কুশলপটলীং (কল্যাণমালাং) পল্লবয়তি (বিস্তারয়তি), পদালম্ভঃ (চরণাশ্রয়ঃ) কং বা প্রেমনিবহং (প্রেমসকলং) ন হি প্রণয়তি (প্রাপয়তি), সঃ চৈতন্যাকৃতিঃ দেবঃ নঃ (অস্মান্) অতিতরাং কৃপয়তু।

৬৫। প্রণয়িতাং বহদ্ভিঃ (স্বানুরাগপোষণপরৈঃ) ধৃতমনুজ-কায়ৈঃ (গৃহীত-নরশরীরৈঃ) গিরিশ-পরমেষ্ঠিপ্রভৃতিভিঃ (শিব-চতুর্ম্মুখাদিভিঃ) গীর্ব্বাণৈঃ (দেবৈঃ) সদা (নিত্যং) উপাস্যঃ (পূজ্যঃ) স্বভক্তেভ্যঃ (স্বরূপ-রামানন্দাদি-নিজজনেভ্যঃ) শুদ্ধাং (নির্ম্মলাম্ অন্যাভিলাষিতাহীনাং কর্ম্মজ্ঞানাদ্যনাবৃতাং) নিজ-ভজনমুদ্রাং (স্বভজন-পরিপাটিং) উপদিশন্ স চৈতন্যঃ কিং পুনঃ অপি মে (মম) দৃশোঃ পদং যাস্যতি (প্রাপ্স্যতি)?

৬৮। আদি ২য় পঃ ৩০ সংখ্যা দ্রষ্টব্য।

৭০। যেরূপ মায়ারাজ্যে মায়াকর্ত্তৃক বস্তু খণ্ডিত হইয়া অংশ হয়, তদ্রূপ বিষ্ণুতত্ত্বে মায়াবশযোগ্যতা না থাকায় তিনি অংশ হইলেও বিষ্ণুত্বে বা বস্তুত্বে খণ্ড হন না। দীপের উদাহরণে দেখা যায় যে, মূল দীপ হইতে অন্য দীপ উদিত হইলেও যেমন বস্তুত্বে পার্থক্য নাই, তদ্রূপ স্বয়ংরূপ কৃষ্ণের স্বয়ংপ্রকাশ বা বিলাস বলদেব হইতে যাবতীয় বিষ্ণুতত্ত্বের আবির্ভাব—পরস্পরের লীলাভেদ থাকিলেও বস্তুতঃ অভেদ। পরন্তু মায়াবশযোগ্যতা-ক্রমে বিভিন্নাংশ ব্রহ্মা ও শিব বিকারযোগ্যতা লাভ করিয়াছেন। সেই চিদানন্দময় বিষ্ণুগণ সবই মায়াধীশ—তাঁহাদের উপর মায়ার কার্য্যকারিতা নাই। তদিতর-তত্ত্বে মায়ার ক্রিয়া আছে। দুগ্ধের পরিণতি যেরূপ দধি, শম্ভু-তত্ত্বাদিও তদ্রূপ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৭। অঙ্গ-শব্দের পূর্ব্বকৃত অর্থ ব্যতীত আর একটী অর্থ আছে; যথা,—অঙ্গ-শব্দে অংশ। পরমাণ—প্রমাণ। অঙ্গের অবয়ব (অংশ)—উপাঙ্গ।

৭০। অঙ্গ-শব্দে অংশরূপ কারণাব্ধিশায়ী প্রভৃতি পুরুষত্রয়। তাঁহারা চিদানন্দময়, সত্য ঈশ্বর—মায়ানির্ম্মিত তত্ত্ব নন। অতএব অদ্বৈত ও নিত্যানন্দ—ইহাঁরা প্রভুর দুই অঙ্গ।

অঙ্গোপাঙ্গ তীক্ষ্ণ অস্ত্র প্রভুর সহিতে ।
সেই সব অস্ত্র হয় পাষণ্ড দলিতে ॥ ৭২ ॥
নিত্যানন্দ গোসাঞি সাক্ষাৎ হলধর ।
অদ্বৈত আচার্য্য গোসাঞি সাক্ষাৎ ঈশ্বর ॥ ৭৩ ॥

ভক্তগণই সৈন্য, আর কৃষ্ণকীর্ত্তনই অস্ত্র ঃ—

শ্রীবাসাদি পারিষদ সৈন্য সঙ্গে লঞা ।
দুই সেনাপতি বুলেন কীর্ত্তন করিয়া ॥ ৭৪ ॥
পাষণ্ডদলনবানা নিত্যানন্দ রায় ।
আচার্য্য-হুঙ্কারে পাপ-পাষণ্ডী পলায় ॥ ৭৫ ॥

কৃষ্ণকীর্ত্তন-পিতাই গৌরসুন্দর ঃ—

সঙ্কীর্ত্তন-প্রবর্ত্তক শ্রীকৃষ্ণচৈতন্য ।
সঙ্কীর্ত্তন-যজ্ঞে তাঁরে ভজে, সেই ধন্য ॥ ৭৬ ॥
সেই ত' সুমেধা, আর কুবুদ্ধি সংসার ।
সর্ব্ব-যজ্ঞ হৈতে কৃষ্ণনামযজ্ঞ সার ॥ ৭৭ ॥

জড়কর্ম্মের সহিত শ্রীনামপ্রভুর সাম্যজ্ঞান পাষণ্ডতা ঃ—

কোটি অশ্বমেধ এক কৃষ্ণ-নাম সম ।
যেই কহে, সে পাষণ্ডী, দণ্ডে তার যম ॥ ৭৮ ॥
'ভাগবতসন্দর্ভ'-গ্রন্থের মঙ্গলাচরণে ।
এ শ্লোক জীবগোসাঞি করিয়াছে ব্যাখ্যানে ॥ ৭৯ ॥

তত্ত্বসন্দর্ভ (২)—

অন্তঃকৃষ্ণং বহির্গৌরং দর্শিতাঙ্গাদিবৈভবম্ ।
কলৌ সঙ্কীর্ত্তনাদ্যৈঃ স্ম কৃষ্ণচৈতন্যমাশ্রিতাঃ ॥ ৮০ ॥

উপপুরাণেহ শুনি শ্রীকৃষ্ণবচন ।
কৃপা করি ব্যাস প্রতি করিয়াছেন কথন ॥ ৮১ ॥

উপপুরাণ—

অহমেব ক্বচিদ্ব্রহ্মন্ সন্ন্যাসাশ্রমমাশ্রিতঃ ।
হরিভক্তিং গ্রাহয়ামি কলৌ পাপহতান্নরান্ ॥ ৮২ ॥

গৌরসুন্দরের স্বয়ং ভগবত্তাবিষয়ে শব্দপ্রমাণ ঃ—

ভাগবত, ভারতশাস্ত্র, আগম পুরাণ ।
চৈতন্য-কৃষ্ণ-অবতার প্রকট প্রমাণ ॥ ৮৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৩। (সাক্ষাৎ ঈশ্বর) অর্থাৎ তিনি সাক্ষাৎ মহাবিষ্ণুর অবতার।

৭৫। বানা—চিহ্ন, তুরীভেরীর ন্যায় একপ্রকার যন্ত্র, যদ্দ্বারা পাষণ্ডদলন-চিহ্ন প্রকাশ পায়।

৭৭-৭৮। যিনি সঙ্কীর্ত্তন-যজ্ঞে কৃষ্ণচৈতন্যকে ভজন করেন, তিনিই সুমেধা অর্থাৎ সুবুদ্ধি, আর এই সংসারে যাহারা তাঁহাকে সেইরূপ ভজন করে না, তাহারা নিতান্ত মন্দবুদ্ধি। কৃষ্ণনামযজ্ঞ সর্ব্বযজ্ঞের সার। কোটী অশ্বমেধ-যজ্ঞের সহিত এক কৃষ্ণনামের তুলনা হইতে পারে না। যিনি সমান মনে করেন, তিনি পাষণ্ডী এবং যম তাঁহাকে দণ্ড দেন।

৮০। অঙ্গ-উপাঙ্গাদি-বৈভব-লক্ষিত, ভিতরে সাক্ষাৎ কৃষ্ণ, বাহ্যে গৌরস্বরূপ কৃষ্ণচৈতন্যকে কলিযুগে সঙ্কীর্ত্তনাদি অঙ্গের দ্বারা আশ্রয় করিতেছি।

৮২। হে ব্রহ্মন্! কোন বিশেষ কলিযুগে আমি সন্ন্যাসাশ্রম আশ্রয়পূর্ব্বক পাপহত মানবসকলকে হরিভক্তি প্রদান করিব।

৮৩। ভাগবতে "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং", "আসন বর্ণাস্ত্রয়ো", "ছন্ন কলৌ" ইত্যাদি বাক্যে, ভারতে "সম্ভবামি যুগে যুগে",

অনুভাষ্য

৭২। পাষণ্ড—যাহারা মায়াধীশ বিষ্ণুতত্ত্বের সহ মায়াবশ শিবাদি-তত্ত্বের সাম্য কল্পনা করে ; ভগবল্লীলার নিত্যত্ব উপলব্ধি না করিয়া নিত্যভক্তিতত্ত্বকেও কালদ্বারা খণ্ডিত ও অনিত্য কর্ম্মমাত্র মনে করে। এতাদৃশ পাষণ্ডিগণের দুর্ব্বুদ্ধির অপনোদন করিতে বিষ্ণু ও তদীয়গণের প্রয়াস।

৭৮। "ধর্ম্ম-ব্রত-ত্যাগ-হুতাদি-সর্ব্বশুভ-ক্রিয়া-সাম্যমপি প্রমাদঃ।" এই অষ্টম নামাপরাধ সর্ব্বতোভাবে বর্জ্জনীয়। "গো-কোটিদানং গ্রহণে খগস্য, প্রয়াগ-গঙ্গোদক-কল্পবাসঃ। যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং, গোবিন্দকীর্ত্তের্ন সমং শতাংশৈঃ।।"

৮০। শ্রীজীবগোস্বামী "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং" শ্লোকটী 'ভাগবত-সন্দর্ভ' বা 'ষট্‌সন্দর্ভে'র মঙ্গলাচরণে লিখিয়াছেন। ইহার অনুরূপ তাঁহার নিজ শ্লোক—"অন্তঃকৃষ্ণং বহির্গৌরম্'—এই শ্লোক ঐ মঙ্গলাচরণের দ্বিতীয় শ্লোক এবং ভাগবতস্থ করভাজনের শ্লোকের ব্যাখ্যান মাত্র। ষট্‌সন্দর্ভের অনুব্যাখ্যা 'সর্ব্বসংবাদিনী' গ্রন্থের আদিতে ইহার তাৎপর্য্য ব্যাখ্যাত হইয়াছে।

অন্তঃকৃষ্ণং (অন্তর্মধ্যে চিত্তাভ্যন্তরে কৃষ্ণো যস্য তং, রাধা-হৃদয়ভাবেন আবৃতকৃষ্ণহৃদ্‌গত-নাগরভাবং) বহির্গৌরং (দেহ-কান্তিকিরণৈঃ পীতবর্ণবিগ্রহং) দর্শিতাঙ্গাদিবৈভবং (দর্শিতং প্রকটিতং অঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদবৈভবং যেন তং) কৃষ্ণচৈতন্যং কলৌ সঙ্কীর্ত্তনাদ্যৈঃ (নামসঙ্কীর্ত্তনযজ্ঞাদ্যৈঃ) [বয়ম্] আশ্রিতাঃ স্ম।

৮২। কোন উপপুরাণে এই শ্লোকটী দৃষ্ট হয়,—

হে ব্রহ্মন্, অহং (ভগবান্) এব ক্বচিৎ কলৌ (বৈবস্বত-মন্বন্তরে অষ্টাবিংশ-চতুর্যুগীয়-কলিযুগে প্রথমসন্ধ্যায়াং) সন্ন্যাসা-শ্রমং (তুর্য্যাশ্রমং) আশ্রিতঃ সন্ (অবলম্ব্য) পাপহতান্ নরান্ হরিভক্তিং গ্রাহয়ামি (দাস্যামি)।

৮৩। আদি ২য় পঃ ২২শ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

ঐ বিষয়ে প্রত্যক্ষ প্রমাণ ঃ—

প্রত্যক্ষে দেখহ নানা প্রকট প্রভাব ।
অলৌকিক কর্ম্ম, অলৌকিক অনুভাব ॥ ৮৪ ॥

অধোক্ষজ-তত্ত্ব ভোগচক্ষুর দৃশ্য নহে ঃ—

দেখিয়া না দেখে যত অভক্তের গণ ।
উলূকে না দেখে যেন সূর্য্যের কিরণ ॥ ৮৫ ॥

আলবন্দারু যামুনাচার্য্য-কৃত স্তোত্ররত্ন (১৫)—

ত্বাং শীলরূপচরিতৈঃ পরমপ্রকৃষ্টৈঃ
সত্ত্বেন সাত্ত্বিকতয়া প্রবলৈশ্চ শাস্ত্রৈঃ ।
প্রখ্যাতদৈবপরমার্থবিদাং মতৈশ্চ
নৈবাসুরপ্রকৃতয়ঃ প্রভবন্তি বোদ্ধুম্ ॥ ৮৬ ॥

কিন্তু ভক্তের প্রেমে অজিত জিত, বৈকুণ্ঠ পরিমেয় ঃ—

আপনা লুকাইতে কৃষ্ণ নানা যত্ন করে ।
তথাপি তাঁহার ভক্ত জানয়ে তাঁহারে ॥ ৮৭ ॥

আলবন্দারু যামুনাচার্য্য-কৃত স্তোত্ররত্ন (১৮)—

উল্লঙ্ঘিতত্রিবিধসীমসমাতিশায়ি-
সম্ভাবনং তব পরিব্রঢ়িম-স্বভাবম্ ।
মায়াবলেন ভবতাপি নিগুহ্যমানং
পশ্যন্তি কেচিদনিশং ত্বদনন্যভাবাঃ ॥ ৮৮ ॥

অধোক্ষজ—ভক্তিলভ্য, অক্ষজজ্ঞানগম্য নহে ঃ—

অসুরস্বভাব কৃষ্ণে কভু নাহি জানে ।
লুকাইতে নারে কৃষ্ণ ভক্তজন-স্থানে ॥ ৮৯ ॥

পদ্মপুরাণ—

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ ।
বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ ॥ ৯০ ॥

ভক্তাবতার বলিয়াই আচার্য্যের গৌরাবতারণ-সামর্থ্য ঃ—

আচার্য্য গোসাঞি প্রভুর ভক্ত-অবতার ।
কৃষ্ণ-অবতার হেতু যাঁহার হুঙ্কার ॥ ৯১ ॥

স্বয়ংরূপাবতারের পূর্ব্বে গুরুবর্গরূপ সেবকগণের প্রাকট্য ঃ—

কৃষ্ণ যদি পৃথিবীতে করেন অবতার ।
প্রথমে করেন গুরুবর্গের সঞ্চার ॥ ৯২ ॥
পিতা মাতা গুরু আদি যত মান্যগণ ।
প্রথমে করেন সবার পৃথিবীতে জনম ॥ ৯৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

"সন্ন্যাসকৃৎ শমঃ শান্তঃ" ইত্যাদি বচনে, "মহান প্রভুর্বৈ পুরুষঃ", "যদা পশ্যঃ পশ্যতি রুক্মবর্ণং" ইত্যাদি বেদবাক্যে, "মায়াপুরে ভবিষ্যামি শচীসুতঃ" ইত্যাদি আগমানুগত বহুতর তন্ত্রবাক্যে এবং "অহমেব" ইত্যাদি উপপুরাণবাক্যে চৈতন্যকৃষ্ণের সাক্ষাৎ অবতারত্ব প্রমাণিত হইয়াছে।

৮৫। উলূক—দিবান্ধ পেচক-বিশেষ ; সূর্য্যের কিরণ দেখিতে না পাইয়া সূর্য্যের অস্তিত্ব স্বীকার করিতে পারে না।

৮৬। হে ভগবন্, তোমার অবতারতত্ত্বজ্ঞ পরমার্থবিৎ ব্যাসাদি ভক্তগণ প্রবল সাত্ত্বিকশাস্ত্রদ্বারা (এবং) তোমার শীল, রূপ, চরিত্র ও পরম সাত্ত্বিকভাব লক্ষ্য করিয়া তোমাকে জানিতে পারেন, কিন্তু রাজস ও তামস-গুণবিশিষ্ট অসুর-প্রকৃতি জীবগণ তোমাকে জানিতে সমর্থ হয় না।

অনুভাষ্য

৮৪। শ্রীমন্মহাপ্রভুর লীলাসামর্থ্য, তাঁহার লোকাতীত আচরণ ও লোকাতীত মহিমা-প্রভাব-বৈচিত্র্য স্বয়ং নিজেন্দ্রিয়দ্বারা প্রত্যক্ষ করিয়া দেখিলেও শাস্ত্রের লক্ষ্য গৌরের কৃষ্ণত্ব বুঝিতে পারা যায়।

৮৬। শ্রীরামানুজাচার্য্যের গুরু এবং পরমগুরু শ্রীযামুনাচার্য্য, যাঁহার অপর নাম আলবন্দারু, স্ব-কৃত স্তোত্ররত্নের ১৫শ ও ১৮শ শ্লোকদ্বয়ে ভগবানের মহিমা ও ঐশ্বর্য্য বর্ণন করিতেছেন,—

হে ভগবন্, পরমপ্রকৃষ্টৈঃ (সর্ব্বোৎকৃষ্টতমৈঃ) শীলরূপ-চরিতৈঃ (শীলং রূপাণি চ চরিতানি চ তৈঃ) সত্ত্বেন (অলৌকিক-

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৮। হে ভগবন্, দেশ, কাল, চিন্তা—এই তিনটী সীমাদ্বারা সমস্ত বস্তুই আবদ্ধ, কিন্তু তোমার গূঢ়স্বভাব সম ও অতিশয়শূন্য হওয়ায় উক্ত ত্রিবিধ সীমাকে অতিক্রম করিয়া বর্ত্তমান আছে। মায়াবলদ্বারা তুমি ঐ স্বভাবকে আচ্ছাদন কর, কিন্তু তোমার অনন্যভক্তগণ সর্ব্বদা তোমাকে দর্শন করিতে যোগ্য হন।

৯০। এই লোকে 'দৈব' ও 'আসুর' ভেদে দুই প্রকার ভূতসৃষ্টি। বিষ্ণুভক্তগণ 'দৈব' এবং যাহারা বিষ্ণুভক্ত নয়, তাহারা তদ্বিপরীত অর্থাৎ আসুর-স্বভাব।

৯২-৯৬। সাক্ষাৎ ভগবান্ অবতীর্ণ হইবার পূর্ব্বেই 'গুরুবর্গের

অনুভাষ্য

প্রভাবেণ) সাত্ত্বিকতয়া (সত্ত্বপ্রধানতয়া) প্রবলৈঃ শাস্ত্রৈঃ প্রখ্যাত-দৈবপরমার্থবিদাং (প্রসিদ্ধং দৈবং পরমার্থঞ্চ বিদন্তি যে তেষাং) মতৈশ্চ আসুর-প্রকৃতয়ঃ (দুর্ব্বৃত্তাঃ ভক্তদ্রোহিণঃ) ত্বাং বোদ্ধুং (জ্ঞাতুং) ন প্রভবন্তি (সমর্থাঃ ভবন্তি)।

৮৮। উল্লঙ্ঘিত-ত্রিবিধ-সীম-সমাতিশায়ি-সম্ভাবনং (উল্লঙ্ঘিতা অতিক্রান্তা ত্রিবিধানাং দেশকালদ্রব্যানাং সীমা সমা অতিশায়িনী চ সম্ভাবনা চ যেন তং) ভবতা মায়াবলেন (স্বযোগ-মায়াসামর্থ্যেন) নিগুহ্যমানং অপি তব পরিব্রঢ়িম-স্বভাবং (পরিব্রঢ়িম্নঃ প্রভুত্বস্য স্বভাবং স্বরূপং) কেচিৎ ত্বদনন্যভাবাঃ (ত্বয়ি অনন্যভাবাঃ একান্তভক্তাঃ) অনিশং (নিরন্তরং) পশ্যন্তি।

৯০। অস্মিন্ লোকে দৈবঃ আসুরশ্চ এব দ্বৌ ভূতসর্গৌ

মাধব-ঈশ্বর-পুরী, শচী, জগন্নাথ।
অদ্বৈত আচার্য্য প্রকট হৈলা সেই সাথ ॥ ৯৪ ॥

অবতরণের পূর্ব্বে তাৎকালিক সমাজের অবস্থা ঃ—

প্রকটিয়া দেখে আচার্য্য সকল সংসার।
কৃষ্ণভক্তিগন্ধহীন বিষয়-ব্যবহার ॥ ৯৫ ॥
কেহ পাপে, কেহ পুণ্যে করে বিষয়ভোগ।
ভক্তিগন্ধ নাহি, যাতে যায় ভবরোগ ॥ ৯৬ ॥

আচার্য্যের জীবে দয়া-বিষয়ক চিন্তা ঃ—

লোকগতি দেখি' আচার্য্য করুণ-হৃদয়।
বিচার করেন, লোকের কৈছে হিত হয় ॥ ৯৭ ॥
আপনি শ্রীকৃষ্ণ যদি করেন অবতার।
আপনে আচরি' ভক্তি করেন প্রচার ॥ ৯৮ ॥
নাম বিনু কলিকালে ধর্ম্ম নাহি আর।
কলিকালে কৈছে হবে কৃষ্ণ অবতার ॥ ৯৯ ॥
শুদ্ধভাবে করিব কৃষ্ণের আরাধন।
নিরন্তর সদৈন্যে করিব নিবেদন ॥ ১০০ ॥

বিষ্ণুদ্বারাই বিষ্ণুর অবতারণ ; এজন্য তাঁহার অদ্বৈতাখ্যা ঃ—

আনিয়া কৃষ্ণেরে করোঁ কীর্ত্তন সঞ্চার।
তবে সে 'অদ্বৈত'-নাম সফল আমার ॥ ১০১ ॥
কৃষ্ণ বশ করিবেন কোন্ আরাধনে।
বিচারিতে এই শ্লোক আইল তাঁর মনে ॥ ১০২ ॥

ভক্তের আত্মনিবেদনেই অজিতের পরাজয় ঃ—
বিষ্ণুধর্ম্ম-বচন ও গৌতমীয়-তন্ত্র-বাক্য—

তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন বা।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ১০৩ ॥

এই শ্লোকার্থ আচার্য্য করেন বিচারণ।
কৃষ্ণকে তুলসীজল দেয় যেই জন ॥ ১০৪ ॥
তার ঋণ শোধিতে কৃষ্ণ করেন চিন্তন।
'জল-তুলসীর সম কিছু ঘরে নাহি ধন' ॥ ১০৫ ॥
তবে আত্মা বেচি' করে ঋণের শোধন।
এত ভাবি' আচার্য্য করেন আরাধন ॥ ১০৬ ॥
গঙ্গাজলে তুলসীমঞ্জরী অনুক্ষণ।
কৃষ্ণপাদপদ্ম ভাবি' করে সমর্পণ ॥ ১০৭ ॥
কৃষ্ণের আহ্বান করেন করিয়া হুঙ্কার।
এমতে কৃষ্ণেরে করাইল অবতার ॥ ১০৮ ॥

কৃষ্ণপ্রেমবিতরণরূপ ভক্তেচ্ছাপূরণার্থই স্বয়ংকৃষ্ণের গৌরলীলা—

চৈতন্যের অবতারে এই মুখ্য হেতু।
ভক্তের ইচ্ছায় অবতারে ধর্ম্মসেতু ॥ ১০৯ ॥

শ্রীমদ্ভাগবত (৩।৯।১১)—

ত্বং ভক্তিযোগপরিভাবিত-হৃৎসরোজ
আস্সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ পুংসাম্।
যদ্যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি
তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥ ১১০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

সঞ্চার' অর্থাৎ পৃথিবীতে জন্মগ্রহণ করান। অন্যান্য গুরুবর্গের সঙ্গে শ্রীমাধবেন্দ্রপুরী, শ্রীঈশ্বর পুরী, শ্রীশচী, শ্রীজগন্নাথ, শ্রীঅদ্বৈত আচার্য্য প্রকট হইয়াছিলেন। আচার্য্য প্রকট হইয়া দেখিলেন, সকল সংসারই পাপপুণ্যে জড়িত ও কৃষ্ণভক্তিহীন। জীবসকল বিষয়ভোগ করিতেছে, কিন্তু যাহাতে ভবরোগ দূর হয়, এমত কৃষ্ণভক্তিকে তাহার সহ মিশ্রিত করে না।

১০৩। তুলসীদল ও গণ্ডূষমাত্রজল তাঁহাকে ভক্তিপূর্ব্বক অর্পণ করিলে শ্রীকৃষ্ণ ভক্তবাৎসল্যবশতঃ ভক্তের নিকট বিক্রীত হন।

কোন কোন পাঠে এই দুইটী শ্লোক দৃষ্ট হয়,—"সাগ্রজং তুলসীপত্রং দ্বিদলং ক্ষুদ্রমেব চ। মঞ্জরী সা তু বিখ্যাতা প্রশস্তা কৃষ্ণপূজনে।। যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তথা চ মঞ্জরী হরেঃ। তস্মাদ্দদ্যাৎ প্রযত্নেন চন্দনেন তু মিশ্রিতাম্।।"

১০৬-১০৭। কৃষ্ণকে যিনি জল-তুলসী দেন, তাঁহার ঋণ শোধ করিতে না পারিয়া আপনার স্বরূপকে তদ্বিনিময়ে দিয়া ঋণ শোধন করেন। অতএব অদ্বৈত আচার্য্য কৃষ্ণের সাক্ষাৎ-স্বরূপকে অবতীর্ণ করাইবার জন্য গঙ্গাজল তুলসীমঞ্জরীর সহিত কৃষ্ণপাদপদ্মে অর্পণ করিতে থাকিলেন।

১০৯। ধর্ম্মের সেতুস্বরূপ কৃষ্ণ ভক্তের ইচ্ছায় অবতীর্ণ হন। পরমভক্ত অদ্বৈতাচার্য্যের প্রার্থনায় চৈতন্যের অবতার।

১১০। ব্রহ্মা কহিলেন,—হে নাথ! তুমি ভক্তদিগের শ্রবণ ও নয়নপথে সর্ব্বদা বিহার কর। ভক্তিযোগপূত তাঁহাদের হৃৎপদ্মে তুমি সর্ব্বদা অবস্থান কর। হে উরুগায়! ভক্তবৃন্দ হৃদয়ে তোমার যে নিত্যস্বরূপ বিভাবনা করেন, তাঁহাদের প্রতি অনুগ্রহ করিয়া তুমি সেই সেই স্বরূপ প্রকট করিয়া থাক।

ইতি অমৃতপ্রবাহভাষ্যে তৃতীয় পরিচ্ছেদ।

অনুভাষ্য

(প্রাণীসৃষ্টী)—বিষ্ণুভক্ত (হরিজনঃ) দৈবঃ স্মৃতঃ, তদ্বিপর্য্যয়ঃ (মায়াভোগনিরতঃ) আসুরঃ (প্রকৃতিজনঃ) এব।

১০৩। ভক্তবৎসলঃ (নিজজনরতঃ ভগবান্) তুলসীদল-মাত্রেণ (চন্দন-মন্ত্রাদিকং বিনা কেবলতুলসীপত্রেণ) জলস্য চুলুকেন (গণ্ডূষেণ) বা (চ) ভক্তেভ্যঃ আত্মানং বিক্রীণীতে (তদায়ত্তং করোতি)।

এই শ্লোকের অর্থ সংক্ষেপের সার ।
ভক্তের ইচ্ছায় কৃষ্ণের সর্ব্ব অবতার ॥ ১১১ ॥
চতুর্থ শ্লোকের অর্থ হৈল সুনিশ্চিতে ।
অবতীর্ণ হৈলা গৌর প্রেম প্রকাশিতে ॥ ১১২ ॥

অনুভাষ্য

১১০। ব্রহ্মা তপস্যাদ্বারা ভগবানের দর্শন ও কৃপা লাভ করিয়া সৃষ্টিমানসে স্তব করিতেছেন,—

ননু হে নাথ (হে প্রভো) শ্রুতেক্ষিতপথঃ (শ্রুতং শাস্ত্র-সিদ্ধান্ত-শ্রবণং তেন ঈক্ষিতঃ দৃষ্টঃ পন্থাঃ যস্য সঃ) ত্বং পুংসাং ভক্তিযোগ-পরিভাবিত-হৃৎসরোজে (ভক্তিযোগেন প্রেম্ণা পরি-ভাবিতং যোগ্যতাং আপাদিতং যৎ হৃৎসরোজং তস্মিন্) আস্সে (তিষ্ঠসি)। তে ধিয়া যদ্ যদ্ বিভাবয়ন্তি (চিন্তয়ন্তি), হে উরুগায়, (উরুধা এব গীয়স ইতি উরুক্রম) সদনুগ্রহায় (সতাং ভক্তানাং অনুগ্রহায়) তৎ তৎ বপুঃ (শরীরং) প্রণয়সে (প্রকর্ষেণ তৎসমীপে নয়সি প্রকটয়সি)।

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১১৩ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে আশীর্ব্বাদ-মঙ্গলাচরণে চৈতন্যাবতার-সামান্যকারণং নাম তৃতীয়-পরিচ্ছেদঃ।

ইতি অনুভাষ্যে তৃতীয় পরিচ্ছেদঃ।

চতুর্থ পরিচ্ছেদ

কথাসার—এই চতুর্থ পরিচ্ছেদে ইহাই দৃঢ় করিয়া বলিতেছেন যে, তিনটী গূঢ় প্রয়োজন সাধনের জন্য শ্রীচৈতন্য অবতীর্ণ হইয়াছিলেন। প্রথম তাৎপর্য্য এই,—আমার প্রেমের আশ্রয়ই রাধিকা ; আমি সেই প্রেমের বিষয় হইয়া আশ্রয়জাতীয় সুখকে অনুভব করিতে পারি না, সুতরাং আশ্রয়স্বরূপ রাধিকার ভাব অবলম্বনপূর্ব্বক তাহা আস্বাদন করিব। দ্বিতীয় প্রয়োজন এই—আমার নিজমাধুরী শ্রীমতী রাধিকা আস্বাদন করেন, তাহা জগদাকর্ষক হইলেও, আমি তাহা আস্বাদন করিতে পারি না ; সুতরাং রাধিকার ভাবকান্তি স্বীকার না করিলে আমার সে প্রয়োজন সিদ্ধ হয় না। তৃতীয় প্রয়োজন এই—শ্রীরাধিকার সঙ্গসুখ আমি যাহা লাভ করি, তদপেক্ষা রাধিকা আমার সঙ্গে অধিক সুখ লাভ করেন। তবেই আমাতে এমন এক অপূর্ব্ব রস আছে, যাহা ভোগ করিয়া রাধিকার সুখ অধিক হইয়াছে। আমার পক্ষে বিজাতীয়ভাবে সে সুখ অনুভব করা সম্ভব হয় না। রাধিকার ভাবকান্তি অঙ্গীকার করিয়া রাধিকার স্বজাতীয়ভাবে আস্বাদন করিতে পারিব—এই তিনটী গূঢ় বাঞ্ছা পূরণ করিবার ইচ্ছায় চৈতন্যের অবতার। যুগধর্ম্ম-প্রবর্ত্তনাদি এবং অদ্বৈতাদি-ভক্তগণের আরাধন—অবতারের বাহ্যকারণ মাত্র। শ্রীস্বরূপ-গোস্বামী মহাপ্রভুর অন্তরঙ্গ-ভক্তদিগের মধ্যে প্রধান ; তাঁহার কড়চা-শ্লোকেই এই গূঢ়তত্ত্ব পাওয়া যায়। শ্রীরূপগোস্বামিকৃত শ্লোক-দ্বারা সেই সিদ্ধান্ত দৃঢ়ীকৃত হইয়াছে। এই পরিচ্ছেদে কাম ও প্রেমের তাত্ত্বিক ভেদ প্রদর্শনপূর্ব্বক শ্রীকৃষ্ণপ্রীতি-কামনাকে কামতত্ত্ব হইতে পৃথক্ করিয়াছেন। (অঃ প্রঃ ভাঃ)

গৌরকৃপায় কৃষ্ণস্বরূপ-নির্ণয় ঃ—

শ্রীচৈতন্যপ্রসাদেন তদ্রূপস্য বিনির্ণয়ম্ ।
বালোঽপি কুরুতে শাস্ত্রং দৃষ্ট্বা ব্রজবিলাসিনঃ ॥ ১ ॥
জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥
চতুর্থ শ্লোকের অর্থ কৈল বিবরণ ।
পঞ্চম শ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ৩ ॥
মূল-শ্লোকের অর্থ করিতে প্রকাশ ।
অর্থ লাগাইতে আগে কহিয়ে আভাস ॥ ৪ ॥

আদি ১৪ শ্লোকের মধ্যে ৪র্থ শ্লোক-তাৎপর্য্য—
নাম-প্রেম-প্রচারই গৌরাবতারের
বাহ্য কারণ ঃ—

চতুর্থ শ্লোকের অর্থ এই কৈল সার ।
প্রেম-নাম প্রচারিতে এই অবতার ॥ ৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। অজ্ঞব্যক্তিও শ্রীচৈতন্যপ্রসাদে শাস্ত্রদর্শনপূর্ব্বক ব্রজ-বিলাসী শ্রীকৃষ্ণের তত্ত্বস্বরূপ নির্ণয় করিতে সমর্থ হন।

৪-৬। তৃতীয় পরিচ্ছেদে ৪র্থ শ্লোকের সারার্থ এইরূপ

অনুভাষ্য

১। বালঃ (অর্ভকঃ) অপি শ্রীচৈতন্যপ্রসাদেন (গৌরকৃপয়া) শাস্ত্রং দৃষ্ট্বা ব্রজবিলাসিনঃ (ব্রজেন্দ্রনন্দনস্য) তদ্রূপস্য (রাধাকৃষ্ণা-ভিন্নগৌররূপস্য) বিনির্ণয়ং (তত্ত্বনির্দ্দেশং) কুরুতে।

সত্য এই হেতু কিন্তু এহো বহিরঙ্গ ।
আর এক হেতু, শুন, আছে অন্তরঙ্গ ॥ ৬ ॥

গৌরাবতারের গুহ্যকারণ-বর্ণনমুখে প্রথমে কৃষ্ণ ও বিষ্ণুলীলার বৈচিত্র্যবর্ণন ঃ—

পূর্ব্বে যেন পৃথিবীর ভার হরিবারে ।
কৃষ্ণ অবতীর্ণ হৈলা শাস্ত্রেতে প্রচারে ॥ ৭ ॥

বিষ্ণুর কার্য্য—সাধু-পরিত্রাণ ও দুষ্কৃত-বিনাশ ; স্বয়ং কৃষ্ণের তাহা নহে ঃ—

স্বয়ং ভগবানের কর্ম্ম নহে ভারহরণ ।
স্থিতিকর্ত্তা বিষ্ণু করেন জগৎপালন ॥ ৮ ॥

অবতারী কৃষ্ণের অবতরণ-কালে তাঁহার সহিত অবতার বিষ্ণুর মিলন ঃ—

কিন্তু কৃষ্ণের যেই হয় অবতার-কাল ।
ভারহরণ-কাল তাতে হইল মিশাল ॥ ৯ ॥
পূর্ণ ভগবান্ অবতরে যেই কালে ।
আর সব অবতার তাঁতে আসি' মিলে ॥ ১০ ॥
নারায়ণ, চতুর্ব্ব্যূহ, মৎস্যাদ্যবতার ।
যুগ-মন্বন্তরাবতার, যত আছে আর ॥ ১১ ॥
সবে আসি' কৃষ্ণ-অঙ্গে হয় অবতীর্ণ ।
ঐছে অবতরে কৃষ্ণ ভগবান্ পূর্ণ ॥ ১২ ॥

দেহস্থিত অংশ-বিষ্ণুর দ্বারা জগতের ভারহরণ ও পালন-লীলা ঃ—

অতএব বিষ্ণু তখন কৃষ্ণের শরীরে ।
বিষ্ণুদ্বারে কৃষ্ণ করে অসুর-সংহারে ॥ ১৩ ॥
আনুষঙ্গ-কর্ম্ম এই অসুর-মারণ ।
যে লাগি' অবতার, কহি সে মূল কারণ ॥ ১৪ ॥

বিধিভক্তি-প্রচারার্থ বিষ্ণুর অবতার, রাগভক্তির প্রচারার্থ কৃষ্ণের গৌরাবতার ঃ—

প্রেমরস-নির্যাস করিতে আস্বাদন ।
রাগমার্গ ভক্তি লোকে করিতে প্রচারণ ॥ ১৫ ॥
রসিক-শেখর কৃষ্ণ পরমকরুণ ।
এই দুই হেতু হৈতে ইচ্ছার উদ্গম ॥ ১৬ ॥
ঐশ্বর্য্যজ্ঞানেতে সব জগৎ মিশ্রিত ।
ঐশ্বর্য্য-শিথিল-প্রেমে নাহি মোর প্রীত ॥ ১৭ ॥
আমারে ঈশ্বর মানে, আপনাকে হীন ।
তার প্রেমে বশ আমি না হই অধীন ॥ ১৮ ॥
আমাকে ত' যে যে ভক্ত ভজে যেই ভাবে ।
তারে সে সে ভাবে ভজি,—এ মোর স্বভাবে ॥ ১৯ ॥

শ্রীমদ্ভগবদ্গীতা (৪।১১)—

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্ ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

নিরূপিত করা হইয়াছে—প্রেম অর্থাৎ প্রেমভক্তি ও কৃষ্ণনাম প্রচার করিবার জন্য গৌরাঙ্গের অবতার ; সেই সিদ্ধান্ত যেহেতু উল্লেখ করা হইয়াছে, তাহা সত্য বটে, কিন্তু তাহাও বহিরঙ্গ অর্থাৎ বাহ্য, গূঢ় নয় ; একটী অন্তরঙ্গ অর্থাৎ গূঢ় হেতু আছে, তাহা বলিতেছি।

৭-১৯। যে-সময় স্বয়ং ভগবান্ কৃষ্ণ অবতীর্ণ হইয়াছিলেন, তখন জগতের ভার-হরণের কালও উপস্থিত হইয়াছিল। স্থিতিকর্ত্তা বিষ্ণু জগতের ভারহরণের ভারপ্রাপ্ত কর্ত্তা ; ভারহরণ, স্বয়ং ভগবানের কার্য্য নয়। কৃষ্ণ অবতীর্ণ হইবার সময় ভারহরণের কাল উপস্থিত হইলে, পূর্ণ ভগবান্ কৃষ্ণে সুতরাং নারায়ণ, চতুর্ব্ব্যূহ অর্থাৎ বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধ, মৎস্যাদি অংশাবতারসকল, যুগাবতার ও মন্বন্তরাবতার—সকলেই কৃষ্ণের অঙ্গে অবতীর্ণ হইয়াছিলেন। পূর্ণ ভগবানে তাঁহার অঙ্গ ও অংশাদি-খণ্ডরূপ ভগবদবতারসকল অবশ্যই আশ্রয় করিয়া থাকেন, তন্নিবন্ধন পালনকর্ত্তা বিষ্ণু কৃষ্ণের স্বরূপে ছিলেন। বিষ্ণুদ্বারাই কৃষ্ণ অসুরসকল সংহার করেন। অসুরমারণ কেবল কৃষ্ণাবতারের আনুষঙ্গ কর্ম্মমাত্র। কিন্তু কৃষ্ণাবতারের মূল কারণ এই যে, প্রেমরস-নির্যাস আস্বাদন করিবার জন্য এবং রাগ ও ভক্তিকে জগতে প্রচার করিবার জন্য পরমরসিক ও পরমকারুণিক কৃষ্ণ অবতীর্ণ হইতে ইচ্ছা করিয়াছিলেন। কৃষ্ণের মনের ভাব এই যে,—ঐশ্বর্য্যজ্ঞানে জগৎ পরিপূরিত ; সেই ঐশ্বর্য্যজ্ঞানে যে শিথিল প্রেম উদিত হয়, তাহাতে আমার প্রীতি নাই ; যে ভক্ত আপনাকে হীন জানিয়া আমাকে ঈশ্বর বলিয়া মনে করে, তাহার প্রেম ঐশ্বর্য্যগত, আমি কখনই সে প্রেমের অধীন হই না ; আমাকে যে যেভাবে ভজন করে, আমিও তাহাকে সেইভাবে ভজন করি,—ইহাই আমার স্বভাব।

অমৃতপ্রবাহ ভাষ্য

অনুভাষ্য

১৭। আদি, ৩য় পঃ ১৬ সংখ্যায় এই পদ্য দ্রষ্টব্য।

২০। পূর্ব্বে সূর্য্যকে ভগবান্ যে যোগবিষয়ক উপদেশ দেন, তাহা পারম্পর্য্যক্রমে আগত হইয়া বিপর্য্যয় লাভ করিলে পুনরায় অর্জ্জুনকে তাহাই উপদেশ করেন। এই শ্লোকটী ভগবান্ স্বীয় প্রকটলীলা-কারণ-প্রসঙ্গে বলিতেছেন,—

হে পার্থ (অর্জ্জুন), যে (ভক্তাঃ) যথা (যেন ভাবেন) মাং (কৃষ্ণং) প্রপদ্যন্তে, অহং তথৈব তান্ ভজামি (অনুগৃহ্ণামি)। মনুষ্যাঃ সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারেণ এব) মম বর্ত্ম (সিদ্ধমার্গং) অনুবর্ত্তন্তে (অনুসরন্তি)।

মোর পুত্র, মোর সখা, মোর প্রাণপতি ।
এইভাবে যেই মোরে করে শুদ্ধভক্তি ॥ ২১ ॥
আপনাকে বড় মানে, আমারে সম-হীন ।
সেই ভাবে হই আমি তাহার অধীন ॥ ২২ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৮২।৪৪)—

ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে ।
দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ ॥ ২৩ ॥

মাতা মোরে পুত্রভাবে করেন বন্ধন ।
অতিহীন-জ্ঞানে করে লালন-পালন ॥ ২৪ ॥
সখা শুদ্ধসখ্যে করে স্কন্ধে আরোহণ ।
তুমি কোন্ বড় লোক,—তুমি আমি সম ॥ ২৫ ॥
প্রিয়া যদি মান করি' করয়ে ভর্ৎসন ।
বেদস্তুতি হৈতে হরে সেই মোর মন ॥ ২৬ ॥
এই শুদ্ধভক্তি লঞা করিমু অবতার ।
করিব বিবিধবিধ অদ্ভুত বিহার ॥ ২৭ ॥
বৈকুণ্ঠাদ্যে নাহি যে যে লীলার প্রচার ।
সে সে লীলা করিব যাতে মোর চমৎকার ॥ ২৮ ॥
মো-বিষয়ে গোপীগণের উপপতি-ভাবে ।
যোগমায়া করিবেক আপনপ্রভাবে ॥ ২৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০। হে পার্থ! যিনি আমাকে যেভাবে উপাসনা করেন, আমি তাঁহার নিকট সেইভাবে প্রাপ্য হই ; সকল মানবই আমার বর্ত্ম অর্থাৎ মৎপ্রদর্শিত পথের অনুগামী।

২১-২২। 'কৃষ্ণ আমার পুত্র' এইরূপ বাৎসল্য, 'কৃষ্ণ আমার সখা' এইরূপ সখ্য, ' কৃষ্ণ আমার প্রাণপতি' এইরূপ মধুরভাবে শুদ্ধভক্তি করেন, রসভেদে আমাকে হীন জানিয়া আপনাকে বড় মনে করেন, সেইভাবে আমি তাঁর অধীন হই। 'শুদ্ধভক্তি'— জ্ঞানকর্ম্ম-আবরণহীন, অন্যাভিলাষিতাশূন্য, আনুকূল্যসঙ্কল্পযুক্ত কৃষ্ণানুশীলনরূপ ভক্তি।

২৩। আমার প্রতি ভক্তিই জীবের পক্ষে অমৃত। হে গোপীগণ! আমার প্রতি তোমাদের যে স্নেহ, তাহাই একমাত্র তোমাদের পক্ষে মৎপ্রাপ্তির হেতু।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৮-৩৩। বৈকুণ্ঠাদ্যে অর্থাৎ বৈকুণ্ঠগোলোকাদিতে যে যে লীলার প্রচার নাই, সেই সেই লীলা এই কৃষ্ণাবতারে আমি প্রচার করিব। সেই লীলাতে আমিও স্বয়ং চমৎকৃত হইব। আমার যোগমায়া স্বরূপ-শক্তি অবিচিন্ত্যপ্রভাবক্রমে আমার ইচ্ছায়

অনুভাষ্য

২১। শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা 'ভক্তি' ও 'শুদ্ধভক্তি' কথার সঙ্গে সঙ্গে 'বিদ্ধভক্তি' কথারও উল্লেখ দেখিয়া ভক্তির ত্রিবিধ বিভাগ লক্ষ্য করি। অন্যাভিলাষিতাযুক্ত, জ্ঞানকর্ম্মযোগাদি-দ্বারা আবৃত, কৃষ্ণেতর-ভোগানুশীলনের সহিত হরিসেবার সজ্জাকে 'বিদ্ধভক্তি' বলে। কর্ম্মমিশ্রা, জ্ঞানমিশ্রা, যোগমিশ্রা ও ভোগময়-ব্রতমিশ্রা প্রভৃতি (দ্বারা) আবৃত সেবাচেষ্টা বিদ্ধভক্তির অন্তর্গত। উহাতে শুদ্ধভক্তি ব্যতীত অন্যরূপ চেষ্টা বর্ত্তমান। অবিদ্ধা-সেবাময়ী বিধির অনুগমনে 'ভক্তি' হইয়া থাকে। এই ভক্তি বিদ্ধভক্তি হইতে স্বতন্ত্রা ও বিষ্ণুর অনুকূল-চেষ্টাময়ী। রাগাত্মিকজনের অহৈতুকী, নিত্যা হরিসেবার অনুগমনে যে লোভোদিত প্রেমসেবা, তাহাই শুদ্ধভক্তি ; তাহা কেবলমাত্র বিধিচালিত নহে। 'বৈধীভক্তি' বা 'ভক্তি' বা 'অবিদ্ধা ভক্তি' শুদ্ধভক্তির সাহায্য-কারিণী হইলেও 'শুদ্ধভক্তি'-শব্দে রাগানুগা সেবাকেই লক্ষ্য করে। শুদ্ধভক্তিকে ভক্তি-পর্য্যায়ে 'পরাকাষ্ঠা' বলা যায়। ইহা গোলোকস্থিতা রাগময়ী ভক্তি, আর বৈধীভক্তি পরব্যোম বা বৈকুণ্ঠস্থিতা গৌরবময়ী ভক্তি।

২৩। স্যমন্তপঞ্চকে সূর্য্যগ্রহণ-উপলক্ষে দ্বারকা হইতে যাদবগণ এবং ব্রজ হইতে সগোষ্ঠী নন্দমহারাজ উপস্থিত হইয়া-ছিলেন। গোকুলবাসিনী ব্রজগোপীসকলের সহিত শ্রীকৃষ্ণের সম্মিলন হইলে গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণ বলিতেছেন,—

ময়ি ভূতানাং (প্রাণিনাং) ভক্তিঃ (শ্রবণকীর্ত্তনাখ্যা) অমৃতত্বায় (নিত্যপার্ষদত্বায়) কল্পতে (যোগ্যো ভবতি) হি। ভবতীনাং (গোপীনাং) মদাপনঃ (মৎসাক্ষাৎকারকঃ) মৎস্নেহঃ যৎ আসীৎ, তৎ দিষ্ট্যা (তৎ তু মদ্ভাগ্যেনৈব)।

২৬। শুদ্ধ অনুরাগের বশবর্ত্তী হইয়া পরমাত্মীয়-জ্ঞানে আশ্রয়ের বিষয়ের প্রতি যে শাসন-প্রতিম দুর্ব্বচন, উহা আত্যন্তিক ও ঐকান্তিক প্রীতিরই পরিচায়ক। যে-স্থলে বিষয়কে পূজ্য ও গুরুবুদ্ধি হয়, তথায় স্বাভাবিকী প্রীতির শৈথিল্য ন্যূনাধিক বর্ত্তমান। প্রীতিরহিত অজ্ঞজনগণের (জন্য) যে বিধি ও নিষেধ-সমূহ বেদশাস্ত্রে নির্দ্ধারিত হইয়াছে, তাদৃশ বিধিবাধ্যজনোচিত গৌরববাক্যসমূহের সহিত প্রীতিমূলক বাক্যের তারতম্য-বিচারে উহাতে গৌরব-পূজার অভাব থাকিলেও তাহার ঔৎকর্ষ বৈধস্তুতি অপেক্ষা শ্রেষ্ঠ। কৃষ্ণেতর-বিষয়মুক্ত শুদ্ধভক্তের ভগবত্তার সহিত ঘনিষ্ঠতর সম্বন্ধ। তাদৃশ সম্বন্ধজ্ঞানে যে নিত্যবৃত্তির উদয় দেখা যায়, তাহা ঐশ্বর্য্যপ্রধান বৈধ গৌরব অপেক্ষা সর্ব্বতোভাবে উপাদেয়।

২৯। বৈকুণ্ঠ প্রভৃতি মায়াতীত রাজ্যে ভগবানের যে সমস্ত

আমিহ না জানি তাহা, না জানে গোপীগণ ।
দুঁহার রূপগুণে দুঁহার নিত্য হরে মন ॥ ৩০ ॥
ধর্ম্ম ছাড়ি' রাগে দুঁহে করয়ে মিলন ।
কভু মিলে, কভু না মিলে,—দৈবের ঘটন ॥ ৩১ ॥

এই সব রসনির্য্যাস করিব আস্বাদ ।
এই দ্বারে করিব সব ভক্তেরে প্রসাদ ॥ ৩২ ॥
ব্রজের নির্ম্মল রাগ শুনি' ভক্তগণ ।
রাগমার্গে ভজে যেন ছাড়ি' ধর্ম্ম-কর্ম্ম ॥ ৩৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

আমার নিত্যপ্রিয়া গোপীদিগের হৃদয়ে উপপতির ভাব সঞ্চার করিবেন। আমিও তখন রসপুষ্টির জন্য তাহা জানিতে পারিব না, অর্থাৎ আমার অবিচিন্ত্যশক্তি আমার সর্ব্বজ্ঞতাকে গোপন করিয়া তাহাতে একপ্রকার অদ্ভুত রস উৎপন্ন করিবে এবং সেই স্বরূপশক্তিস্বরূপ হইয়াও গোপীগণও তাহা জানিতে পারিবেন না। আমার ও আমার গোপীগণের অদ্ভুতরূপগুণে পরস্পরের মন হরণ করিলে সামান্য ধর্ম্মপথ ত্যাগ করিয়া শুদ্ধরাগমার্গে আমাদের পরস্পরের মিলনসুখ উদিত হইবে ; কখনও মিলন, কখনও বিচ্ছেদ দৈব-ঘটনার ন্যায় উদিত হইবে। এই সমস্ত রসের নির্যাস আমি আস্বাদন করিব এবং ভক্তদিগকে প্রসন্ন হইয়া দান করিব। সর্ব্বভক্তকে সেই রস দান করিবার প্রক্রিয়া এই যে, আমি ব্রজে যে নির্ম্মল রাগ প্রকট করিব, তাহা শ্রবণ করিয়া ভক্তগণ ধর্ম্মকর্ম্ম ত্যাগ করত আমাকে রাগমার্গে ভজন করিবে।

অনুভাষ্য

লীলাবৈচিত্র্য প্রকটিত আছে, তাহাতে স্বয়ংরূপ কৃষ্ণের চমৎকারিতা নবনবায়মান হয় না। তদুপরিস্থিত অর্থাৎ গোলোকের, যেখানে স্বয়ংরূপের নিজসুখতাৎপর্য্যপর লীলা প্রকটিত, তাদৃশী লীলার উৎকর্ষ ঐশ্বর্য্যপ্রধান ভক্তগণের নিকট প্রদর্শন করিবার জন্য প্রপঞ্চে প্রকটিত করিবার ইচ্ছা। আশ্রয়ের নিজবিচারে বিষয়ের প্রতি বৈধ গৌরব অপেক্ষা, আশ্রয়ের যাঁহার প্রতি বৈধ গৌরব বর্ত্তমান, তাঁহাকে (পতিকে) বঞ্চনা ও পরিহার করিয়া কৃষ্ণানুরাগবশে ঐশ্বর্য্যব্যতিরিক্ত মাধুর্য্যের আকর্ষণে আকৃষ্ট হইয়া যে চেষ্টা দেখা যায়, সেই পারকীয়া সেবাপ্রবৃত্তি যোগমায়া হইতে

অনুভাষ্য

সম্পন্ন হয়। তাদৃশ চিন্ময়ী মায়ার প্রভাব বিষয়েরও অজ্ঞেয় বিষয়, তাহা তাঁহার কৃপাস্বরূপা যোগমায়াকর্ত্তৃকই সম্ভবপর।

৩০। ঈশ্বরের বশ্যের প্রতি যে ভাব বর্ত্তমান, সেই ভাবের অনুভূতিতে আশ্রয়ের বিষয়ের চমৎকারিতা উৎপাদনের চেষ্টা (ঈশ্বরের) উপলব্ধি হয় না। এজন্যই যোগমায়ার বিশেষত্ব বর্ণনে আশ্রয়-জাতীয়ের সহায় বলিয়া উল্লেখ। বিষয় ও আশ্রয়, উভয়ের নিজ নিজ ভাবের অনুভূতিতে একে অপরের ভাবের প্রতীতিতে অবস্থিত হইতে আকৃষ্ট হন। এই লীলাবৈচিত্র্য সম্বন্ধে বাহ্যজগতে ভ্রমণশীল জনগণ প্রবেশ করিতে পারেন না। তত্তদ-বস্থ না হইলে অথবা তাহাতে রুচিবিশিষ্ট না হইবার পূর্ব্ব পর্য্যন্ত জীবের এই অভিজ্ঞতা-লাভের সৌভাগ্য উদিত হয় না।

৩১। মর্য্যাদাময় বৈধধর্ম্ম ছাড়িয়া কৃষ্ণ ও গোপী পরস্পর আকর্ষণক্রমে বাধা অতিক্রমপূর্ব্বক মিলিত হন। তাঁহাদের পরস্পরের বৈধ কর্ত্তব্য তৎকালে স্তব্ধ হয় এবং পরস্পরের উদ্দীপনাক্রমে মিলিত হইতে বাধ্য হন। মিলনোৎকর্ষের সমৃদ্ধির জন্য কোন সময় বিপ্রলম্ভ-রসদ্বারা উহাই পুষ্ট হয়। প্রাকৃত জড়জগতে অনুপাদেয়তা প্রভৃতি ধর্ম্মের অবস্থানহেতু বিপ্রলম্ভের অভাব পরিলক্ষিত হয়, কিন্তু অপ্রাকৃত রাজ্যে বিয়োগকালে সমাবেশজনিত চমৎকারিতা সমৃদ্ধ হয়। মিলনে প্রার্থনীয় বস্তুর অস্মিতাবগতির কিঞ্চিৎ শিথিলতা, পরন্তু বিরহে তত্তদ্ভাবের সংযোগস্পৃহার প্রাবল্যহেতু উহাও অধিকতর চমৎকারিতা উদয় করায়।

৩৩। শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভু তৎকৃত 'মনঃশিক্ষা'য়—

অমৃতানুকণা—২৯। "গোলোকে শুদ্ধ চিৎ-প্রতীতি। তথায় জড়-প্রতীতি মাত্র নাই। রসপুষ্টির জন্য চিৎশক্তি যে-সকল বিচিত্র ভাব উদয় করিয়াছেন, তাহাতে অনেকস্থলে অভিমান বলিয়া একটী সত্তা আছে। গোলোকে কৃষ্ণ অনাদি, জন্মরহিত। তথাপি তথায় নন্দ-যশোদারূপ লীলাসহায়-সত্ত্বসকল পিতৃত্ব-মাতৃত্ব-অভিমানদ্বারা বৎসলরসকে মূর্ত্তিমান্ করিয়াছেন। শৃঙ্গাররসে বিপ্রলম্ভ ও সম্ভোগাদি অভিমানরূপে বর্ত্তমান। আবার পরকীয়ভাবে শুদ্ধসকীয়ত্ব-সত্ত্বেও পরকীয় অভিমান এবং ঔপপত্য অভিমান নিত্য বর্ত্তমান। ব্রজে সেই সেই অভিমান মায়া-প্রত্যয়িত স্থূল হইয়া লক্ষিত হইতেছে। যশোদার প্রসব, কৃষ্ণের সূতিকা-গৃহ, অভিমন্যু-গোবর্দ্ধনাদির সহিত নিত্যসিদ্ধাদিগের উদ্বাহমূলক পরকীয় অভিমান অত্যন্ত স্থূলরূপে লক্ষিত হয়। এ সমস্তই যোগমায়া-কর্ত্তৃক সম্পাদিত এবং অতি সূক্ষ্ম-মূলতত্ত্বে সংযোজিত—কিছুমাত্র মিথ্যা নয় এবং গোলোকের সম্পূর্ণ অনুরূপ। ★★ শুদ্ধ-স্বকীয়ত্ব বৈকুণ্ঠে বিরাজমান। স্বকীয়ত্ব পরকীয়ত্ব অচিন্ত্যভেদাভেদরূপে গোলোকে লক্ষিত হয়। আবার দেখ, আশ্চর্য্যের বিষয় এই যে, ব্রজে পরকীয়ভাব স্থূল হইয়া পর-দার ঘটনার ন্যায় দেখা গেলেও তাহাতে পরদারত্ব নাই। কেননা কৃষ্ণশক্তিগণ কৃষ্ণের নিজশক্তি। অনাদিকাল হইতেই তাহাদের সহিত কৃষ্ণের সংযোগ থাকায় স্বকীয়ত্ব ও দাম্পত্যই সিদ্ধ হয়। অভিমন্যাদি কেবল তত্তৎ অভিমানের অবতার বিশেষ—কৃষ্ণের লীলাপুষ্টির জন্য পতি হইয়া কৃষ্ণকে উপপতিভাবে ব্রজরঙ্গের নেতা করিয়াছেন। প্রপঞ্চাতীত গোলোকে অভিমান-মাত্রেই রসের সম্পূর্ণ পুষ্টি হয়। প্রপঞ্চান্তর্গত গোকুলে বিবাহধর্ম্ম ও তদ্ধর্ম্মলঙ্ঘন-প্রতীতির জন্য (অভিমন্যাদি) পৃথক্ সত্ত্বরূপে তত্তৎ অভিমানের প্রকটতা যোগমায়া-কর্ত্তৃক সিদ্ধ।" (জৈবধর্ম্ম)

রাগানুগ সাধনসিদ্ধ মুক্তপুরুষেরই অপ্রাকৃত রাসলীলা-
শ্রবণে অধিকার ঃ—
শ্রীমদ্ভাগবত (১০।৩৩।৩৬)—

অনুগ্রহায় ভক্তানাং মানুষং দেহমাশ্রিতঃ।
ভজতে তাদৃশীঃ ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেৎ ॥ ৩৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৪। ভক্তদিগের অনুগ্রহের জন্য ভগবান্ নরদেহ প্রকটপূর্ব্বক যে রাসলীলা প্রকাশ করিয়াছেন, তাহা শ্রবণ করত তদধিকারী ভক্তজন সেই লীলাপর হইয়া সেই ক্রীড়া ভজন করিবেন।

অনুভাষ্য

"ন ধর্ম্মং নাধর্ম্মং শ্রুতিগণ-নিরুক্তং কিল কুরু" এবং শ্রীকুলশেখর সম্রাট্ তৎকৃত 'মুকুন্দমালা' স্তোত্রে—"নাস্থা ধর্ম্মে ন বসুনিচয়ে নৈব কামোপভোগে, যদ্‌যদ্ ভব্যং ভবতু ভগবন্ পূর্ব্বকর্ম্মানুরূপম্। এতৎ প্রার্থ্যং মম বহুমতং জন্মজন্মান্তরেঽপি, ত্বৎপাদাম্ভোরুহযুগগতা নিশ্চলা ভক্তিরস্তু।।" ইত্যাদি শ্লোকে স্বধর্ম্মাতীত রাগভক্তির কথা লিখিয়াছেন ; (ভাঃ ১১।১১।৩২)—"আজ্ঞায়ৈব গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্। ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স চ সত্তমঃ।।"

৩৪। রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবের নিকট কৃষ্ণের পারকীয়-বিহারের যাথার্থ্য ও প্রয়োজনীয়তা সম্বন্ধে প্রশ্ন করিলে তদুত্তরে শুকদেবের উক্তি,—

ভক্তানাং (রসভেদাবস্থিতানাং হরিজনানাং) অনুগ্রহায় (কৃপাবিতরণায়) মানুষং দেহং (নরোচিতং পরম্ অপ্রাকৃতশরীরম্) আশ্রিতঃ (দধৎ) তাদৃশীঃ ক্রীড়াঃ ভজতে (করোতি), যাঃ (ক্রীড়াঃ লীলাঃ) শ্রুত্বা (অন্যোঽপি জনঃ ভগবতি শ্রদ্ধান্বিতো ভূত্বা) তৎপরঃ (কৃষ্ণসেবাপরায়ণঃ) ভবেৎ।

৩৪-৩৫। অনন্তলীলাময় ভগবানের বিবিধ প্রকাশমূর্ত্তি নিত্য বিরাজমান। সেই গোলোক-বৈকুণ্ঠের বিকৃত প্রতিফলনরূপ দেবীধাম। প্রপঞ্চান্তর্গত বিচিত্রতা গোলোক-বৈকুণ্ঠের অনুরূপ হইলেও তাহাতে পরিচ্ছেদ, অবরতা, হেয়তা বা অনুপাদেয়তা ও কালক্ষোভ্য ধর্ম্ম অবস্থিত। বিষয়-বিগ্রহের বিবিধ প্রকাশসমূহ আশ্রিত জীবকুলের যথোপযোগী সেব্য-সেবনধর্ম্মে নিত্যস্থিতিবান্। বৈকুণ্ঠে বিশুদ্ধসত্ত্ব ও প্রপঞ্চে মিশ্র ও গুণময় সত্ত্ব পরিদৃষ্ট হয়। বিষয় ও আশ্রয়ে নিত্যানুভূতিতে বিবিধ লীলাবৈচিত্র্য নিত্য বর্ত্তমান থাকায় আশ্রয়ের উপযোগিতা-বিচারে "নরতনু ভজনের মূল"—এই বাক্যের সার্থকতা আছে। প্রপঞ্চে মানবজাতি সৃষ্টি-পর্য্যায়ে উন্নতস্তরে অবস্থিত। আশ্রয়জাতীয় জীবকুল প্রপঞ্চে অবস্থানকালে তাঁহার উপযোগী বিষয়-বিগ্রহের সেবাধিকার লাভ করেন। ভগবানের মানুষরূপ ব্যতীত অমানুষিক বিবিধ রূপ

'ভবেৎ' ক্রিয়া বিধিলিঙ্, সেই ইহা কয়।
কর্ত্তব্য অবশ্য এই, অন্যথা প্রত্যবায় ॥ ৩৫ ॥

রাগময়ী ভক্তি-প্রচারেচ্ছাই শ্রীগৌরাবতারের মুখ্য কারণ ঃ—

এই বাঞ্ছা যৈছে কৃষ্ণপ্রাকট্য-কারণ।
অসুরসংহার—আনুষঙ্গ প্রয়োজন ॥ ৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৫। উক্ত শ্লোকে "ভবেৎ" পদরূপ ক্রিয়ায় বিধিলিঙ্ ব্যবহার করা হইয়াছে ; অতএব ইহা অবশ্য কর্ত্তব্য বলিয়া নিশ্চিত ; অন্যথা অর্থাৎ না করিলে প্রত্যবায় অর্থাৎ দোষ আছে।

৩৬-৩৯। কৃষ্ণাবতারে যেরূপ উক্ত বাঞ্ছাক্রমে কৃষ্ণ প্রকট হইয়াছিলেন, অসুর-সংহার মূলপ্রয়োজন ছিল না, কেবল আনুষঙ্গিক প্রয়োজন ছিল, সেইরূপ গৌরাবতারে কৃষ্ণচৈতন্য

অনুভাষ্য

আছে। জীবের স্বরূপবৃত্তির উন্মেষণে ভজনীয় বস্তুর প্রকাশভেদে লীলার বৈচিত্র্য। সেই লীলাবৈচিত্র্যের উপযোগিতা-বিচারে তারতম্য-কথনে মানুষদেহেই নিত্য লীলাশ্রিত ভক্তগণে অধিক কৃপা বিতরিত হয়। সেইরূপ লীলা প্রপঞ্চে অবতরণ করিলে সর্ব্বোত্তম মানবগণ সেব্যবস্তুর তত্তৎসেবায় উৎসাহিত হন। ভজনপরাকাষ্ঠায় ভজনীয় বস্তুর অনুভূতি-বর্ণন-শ্রবণে স্বরূপোন্মেষের বিপুল সহায়তা হয়। পঞ্চবিধ স্থায়িভাব রতির মধ্যে পরমোৎকৃষ্ট মধুর রতি সামগ্রীযোগে যে সর্ব্বশ্রেষ্ঠ রসের প্রকাশ করে, তাহাতে লব্ধরুচি ভক্তেরই একমাত্র অধিকার। রুচিলাভের সুবিধার জন্য ভগবান্ মৎস্য-কূর্ম্ম-বরাহাদি-লীলার বিনিময়ে রামাদি-লীলা প্রপঞ্চে প্রকটিত করেন। আবার রামাদি মানুষী লীলায় যে রসের চমৎকারিতা প্রবল নহে, তাহা জীববুদ্ধির নিতান্ত গম্য না হইলেও বা নিতান্ত দুর্ল্লভ হইলেও ঐশ্বর্য্য ও মাধুর্য্য বিচারের তারতম্যে পারকীয়া মধুর রতি অতুলনীয় নবনবায়মান চমৎকারিতা প্রকাশ করে।

প্রাকৃত বুদ্ধিবিশিষ্ট সাহজিকগণ অপ্রাকৃত সহজধর্ম্মের কথা বুঝিতে না পারিয়া যে ব্যভিচার আনয়ন করে, তদ্দ্বারা বিশুদ্ধ-সত্ত্বময় গোলোকের বৈচিত্র্য উদ্দিষ্ট হয় না, উহা মলিনচিত্তকে ইন্দ্রিয়পরায়ণতায় অধঃপাতিত করায় মাত্র। অপ্রাকৃত-লীলায় অধোক্ষজ সেবা বর্ত্তমান। প্রাকৃত সাহজিকগণ সেই কথা বুঝিতে না পারিয়া কৃষ্ণসেবাকে ভোগময় ইন্দ্রিয়তর্পণ-জ্ঞানে ভ্রান্ত হন। প্রপঞ্চাগত ভগবল্লীলা কিছু প্রাকৃত-সাহজিকগণের বিচরণ-ভূমিকা নহে। যোগমায়া-নির্ম্মিত কৃষ্ণরাসাদি প্রাকৃত-বিচারে সুষ্ঠুভাবে পরিলক্ষিত হয় না। সহজিয়া-সম্প্রদায় কৃষ্ণলীলাকে নশ্বর ভোগান্তর্গত মনে করে। তাহারা "তৎপরত্বেন নির্ম্মলম্" ও "তৎপরো ভবেৎ" পদের বিকৃতার্থ করিয়া অপ্রাকৃতত্বে প্রাকৃতত্বের

ধর্ম্মসংস্থাপনাদি স্বয়ংরূপ কৃষ্ণ বা গৌরের মুখ্য কার্য্য নহে ঃ—

এই মত চৈতন্য-কৃষ্ণ পূর্ণ ভগবান্ ।
যুগধর্ম্মপ্রবর্ত্তন নহে তাঁর কাম ॥ ৩৭ ॥

স্বাংশ যুগাবতারের সহিত অবতারীর মিলন ঃ—

কোন কারণে যবে হৈল অবতারে মন ।
যুগধর্ম্মকাল হৈল সে কালে মিলন ॥ ৩৮ ॥

গুহ্য ও বাহ্য কারণবশতঃ অবতীর্ণ হইয়া স্বয়ং আচার ও প্রচার—

দুই হেতু অবতরি' লঞা ভক্তগণ ।
আপনে আস্বাদে প্রেম-নাম-সঙ্কীর্ত্তন ॥ ৩৯ ॥
সেই দ্বারে আচণ্ডালে কীর্ত্তন সঞ্চারে ।
নাম-প্রেমমালা গাঁথি পরাইল সংসারে ॥ ৪০ ॥

এইমত ভক্তভাব করি' অঙ্গীকার ।
আপনি আচরি' ভক্তি করিল প্রচার ॥ ৪১ ॥

শান্ত-ব্যতীত চারিরসের আশ্রয়বর্গের কৃষ্ণপ্রীতিই কাম্য ঃ—

দাস্য, সখ্য, বাৎসল্য, আর যে শৃঙ্গার ।
চারি প্রেম, চতুর্ব্বিধ ভক্তই আধার ॥ ৪২ ॥

ভক্তগণের নিজ নিজ রসের শ্রেষ্ঠতা-মানন ঃ—

নিজ নিজ ভাব সবে শ্রেষ্ঠ করি' মানে ।
নিজভাবে করে কৃষ্ণসুখ-আস্বাদনে ॥ ৪৩ ॥

নিরপেক্ষ বিচারে অপ্রাকৃত মধুররসে অন্যান্য রস অন্তর্ভুক্ত বলিয়া কৃষ্ণপ্রীতিচেষ্টা সর্ব্বাপেক্ষা অধিক ঃ—

তটস্থ হইয়া হৃদি বিচার যদি করি ।
সব রস হৈতে শৃঙ্গারে অধিক মাধুরী ॥ ৪৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

পূর্ণতম ভগবান্। নামকীর্ত্তনরূপ যুগধর্ম্মপ্রবর্ত্তন তাঁহার নিজকার্য্য ছিল না, পরন্তু কোন গূঢ় কারণের জন্য যখন পূর্ণ ভগবান্ অবতীর্ণ হইতে মনন করিলেন, ঘটনাক্রমে সেইসময় যুগধর্ম্মকাল আসিয়া উপস্থিত হইল। সুতরাং গৌরাঙ্গের গূঢ় অন্তরঙ্গ প্রয়োজন এবং যুগধর্ম্ম-প্রচাররূপ বাহ্য প্রয়োজন—এই দুই হেতুক্রমে অবতীর্ণ হইয়া, তিনি প্রেম ও নামসঙ্কীর্ত্তন ভক্তগণের সহিত আস্বাদন করিয়াছেন।

অনুভাষ্য

আবর্জ্জনা নিক্ষেপ করে মাত্র। "তাদৃশীঃ ক্রীড়া"-শব্দের অর্থভ্রমে ইন্দ্রিয়তর্পণে নিমগ্ন হয়, কিন্তু প্রকৃতপ্রস্তাবে অপ্রাকৃত রতিই "তাদৃশী"-শব্দের মুখ্যার্থ। অবিদ্যাগ্রস্ত হরিবিমুখ জীব অপ্রাকৃত ক্রীড়া পরিহার করিয়া অক্ষজ-জ্ঞানে জড়ভোগোন্মত্ত হইয়া এই শ্লোকের কদর্থ করে। **সাধন ও সিদ্ধির ভূমিকায় বিবর্ত্ত উপস্থিত হইলেই জীব প্রাকৃত-সহজিয়া হইয়া পড়ে।**

বিধিলিঙের "ভবেৎ"-পদ দেখিয়া কেহ এই রুচিলভ্য রাগানুগ পথকে অধিকার-নির্ব্বিশেষে অনর্থযুক্ত ভোগীরও বৈধপথ মনে না করেন। প্রপঞ্চে কর্ত্তব্য ও অকর্ত্তব্যের বিচার আছে। গোলোক-বৃন্দাবনে তাদৃশ বিধি অবস্থিতি হইতে পারে না। সেখানে অনুরাগের পথেই লোভের বশবর্ত্তী হইয়া সকল আশ্রিত-তত্ত্ব কৃষ্ণ-প্রীতিরূপ উপাদেয়তার অনুসন্ধান করেন।

যদি কেহ জীবাত্মার নিত্য ও অবশ্য সেব্য প্রপঞ্চাগত পরমশ্রেষ্ঠ মধুরভাবে উদাসীন হন, তাহা হইলে তিনি নিশ্চয়ই ভগবৎসেবা ছাড়িয়া নশ্বর জৈব-লাম্পট্যে অধঃপাতিত হইবেন। মধুররতিতে তৎপর না হইলে জীবের মধুর-রতির বিপরীত হেয় জড়ভোগবাদ প্রবল হইয়া যাইবে। সেইরূপ, বৎসলরতিতে কৃষ্ণসেবাবিমুখ হইলে ভোগপ্রবৃত্তি তাঁহাকে নশ্বর পুত্র-বাৎসল্যে অধঃপাতিত করিবে। সেইরূপ, কৃষ্ণকে একমাত্র বন্ধুজ্ঞান না করিলে ইন্দ্রিয়পরায়ণ নশ্বর বন্ধুগণ আসিয়া জীবকে অধঃপাতিত করিবে। সেইরূপ, ভগবদ্বিমুখতা উপস্থিত হইলে জীব কৃষ্ণসেবায় উদাসীন হইয়া ভোগপর ইন্দ্রিয়সেবী নশ্বর-দেহের ভৃত্যবৃত্তি করিতে করিতে স্বরূপবিভ্রান্ত হইবে। সেইরূপ, কৃষ্ণে নিরপেক্ষ-বুদ্ধি না হইলে জীব কৃষ্ণবিমুখ হইয়া জড়বস্তুতে নিরপেক্ষ অর্থাৎ প্রস্তরতা-নামক মোক্ষ বা নির্ব্বাণের দাস হইয়া নির্ব্বিশেষ-বাদী হইয়া পড়িবে। কৃষ্ণলীলা-প্রবেশে যাহার ঔদাসীন্য হইবে, তাহারই ইন্দ্রিয়পরায়ণ ভোগবুদ্ধি এবং তন্নিবন্ধন সৎকর্ম্ম ও কুকর্ম্মে ঔপাধিক অস্মিতা সমৃদ্ধ হইয়া তাহাকে চরম কল্যাণ হইতে বঞ্চিত করিবে।

৪১। কৃষ্ণ ঔদার্য্যলীলার প্রাকট্য-বাসনায় তাঁহার নিত্য গৌরলীলা প্রপঞ্চে প্রকাশিত করিয়াছেন। নিত্য গৌরলীলায় কৃষ্ণের ভক্তভাবই তাঁহার নিত্যলীলার চমৎকারিতা। স্বয়ংরূপ কৃষ্ণ নিত্যগৌরলীলা প্রপঞ্চে অবতারণ করাইয়া সেব্য কৃষ্ণের সেবা জীবের সুলভ করিয়াছেন। অপ্রাকৃত বিপ্রলম্ভের স্বরূপ-জ্ঞানাভাবে প্রাকৃত-সাহজিক লম্পট-সম্প্রদায় যে শ্রীগৌরসুন্দরের ভক্তভাব অঙ্গীকার বিপর্য্যস্ত করিয়া তাঁহাকে সম্ভোগবিগ্রহ বলিয়া অবৈধভাবে সাজাইতে চাহে এবং আপনাদিগকে "নদীয়-নাগরী" বা "গৌরনাগরী" প্রভৃতি কাল্পনিক অভিধানে ভূষিত করিয়া নিত্য বিপ্রলম্ভ রসের ভক্ত বা আশ্রয়-জাতীয় ভাবের বিলোপ সাধন

অমৃতপ্রবাহ ভাষ্য

৪২-৪৪। দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর,—এই চারিপ্রকার রসের প্রত্যেকেই নিজ নিজ ভক্তদিগের নিকট কৃষ্ণসুখাস্বাদনে শ্রেষ্ঠ বলিয়া মনে হয়, কিন্তু তটস্থ হইয়া অর্থাৎ নিরপেক্ষভাবে দেখিলে মধুর অর্থাৎ শৃঙ্গার-রসের মাধুরী আর তিন রস অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া স্থির হইবে।

দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুররসে উত্তরোত্তর কৃষ্ণসুখাস্বাদনের আধিক্য ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (২।৫।৩৮)—

যথোত্তরমসৌ স্বাদবিশেষোল্লাসময্যপি ।
রতির্বাসনয়া স্বাদ্বী ভাসতে কাপি কস্যচিৎ ॥ ৪৫ ॥

মধুররসে দ্বিবিধা স্থিতি, স্বকীয়া ও পরকীয়া ঃ—

অতএব মধুর রস কহি তার নাম ।
স্বকীয়া-পরকীয়া-রূপে দ্বিবিধ সংস্থান ॥ ৪৬ ॥

তন্মধ্যে পরকীয়-ভাবের কৃষ্ণপ্রীতির সর্ব্বাধিক্য এবং কেবলমাত্র ব্রজেই অধিষ্ঠান ঃ—

পরকীয়ভাবে অতি রসের উল্লাস ।
ব্রজ বিনা ইহার অন্যত্র নাহি বাস ॥ ৪৭ ॥

ব্রজললনায় পারকীয়-ভাবের নিত্যাবস্থান এবং শ্রীরাধায় উহার পরাকাষ্ঠা ঃ—

ব্রজবধূগণের এই ভাব নিরবধি ।
তার মধ্যে শ্রীরাধার ভাবের অবধি ॥ ৪৮ ॥
প্রৌঢ়-নির্ম্মলভাব প্রেম সর্ব্বোত্তম ।
কৃষ্ণের মাধুর্য্যরস-আস্বাদ-কারণ ॥ ৪৯ ॥

শ্রীরাধার ভাব অঙ্গীকারপূর্ব্বক গৌররূপে নিজবাঞ্ছাত্রয়-পূরণ ঃ—

অতএব সেই ভাব অঙ্গীকার করি' ।
সাধিলেন নিজবাঞ্ছা গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৫। উল্লাসময়ী রতি উত্তরোত্তর আস্বাদনবিশেষ প্রতীত হয়। সেই রতি স্থলবিশেষে বাসনাক্রমে পরমাস্বাদন-বিশেষ হইয়া মধুর-রসরূপে প্রকাশ পায়।

৪৬-৫০। আর তিন রস অপেক্ষা শৃঙ্গাররসের মাধুরী অধিক হওয়ায় তাহাকে 'মধুর রস' কহা যায়। সেই মধুর রসের দ্বিবিধ স্থিতি—স্বকীয় ও পারকীয়। কৃষ্ণকে বিবাহিত পতিজ্ঞানে মধুররস উদিত হইলে, তাহাকে স্বকীয়-মধুররস বলি ; কৃষ্ণকে উপপতি-জ্ঞানে মধুররস উদিত হইলে তাহাকে পারকীয় মধুর রস বলি। মধুররস-বিচারকেরা ইহা একবাক্যে সিদ্ধান্ত করিয়াছেন যে, পারকীয়ভাবে মধুররসে উল্লাস অধিক, ব্রজ বিনা এই রসের অন্যত্র স্থিতি নাই। অনেকে মনে করেন যে, শ্রীকৃষ্ণ নিত্য-গোলোকবিহারী—স্বল্পকালের জন্য ব্রজে উদিত হইয়া এই পারকীয়-ভাবে লীলা করিয়াছিলেন। ইহা গোস্বামিপাদদিগের মত নয়। শ্রীগোস্বামিপাদদিগের মতে ব্রজবিহারও নিত্য। নিত্য চিন্ময়ধাম গোলোকের নিতান্ত অন্তরঙ্গ প্রকোষ্ঠের নামই 'ব্রজ'। যেরূপ প্রপঞ্চাবতারে শ্রীকৃষ্ণের লীলা হইয়াছে, নিত্যধাম ব্রজেও সেইরূপ লীলা নিত্য বিরাজমান। ব্রজে পারকীয়-রসের নিত্যা-বস্থান। কবিরাজ-গোস্বামী তৃতীয় পরিচ্ছেদে কহিয়াছেন,—"অষ্টাবিংশ চতুর্যুগে দ্বাপরের শেষে। ব্রজের সহিতে হয় কৃষ্ণের প্রকাশে।।" "ব্রজের সহিতে"—এই শব্দে স্পষ্ট বুঝা যায় যে, 'ব্রজ' বলিয়া একটী চিন্ময়ধামে অচিন্ত্যপীঠ আছে ; সেই পীঠের সহিত কৃষ্ণ নিজ-চিচ্ছক্তিবলে প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন। গোলোকান্তঃপুর সেই নিত্য ব্রজ ব্যতীত পারকীয় রসের অন্যত্র স্থিতি নাই ; কেন না, তথায় গোলোকাপেক্ষা অনন্তগুণে উৎকৃষ্ট রসের অবস্থান। প্রকটব্রজে অপ্রকটব্রজের বিচিত্রতা জীবের চক্ষে লক্ষিত হইয়াছে, এই মাত্র। এই ব্রজবধূর ভাবের অবধি অর্থাৎ অত্যন্ত সীমা শ্রীরাধায় আছে। পরিপক্ক বিমলভাবরূপ শ্রীরাধার ব্রজগত-প্রেমই সর্ব্বোত্তম। কৃষ্ণের মাধুর্য্যরসের যতদূর আস্বাদন সম্ভব, তৎপ্রাপ্তিই ইহার কারণ। অতএব সেই ভাব অঙ্গীকার করিয়া গৌরাঙ্গ-শ্রীহরি নিজবাঞ্ছা সাধন করিয়াছেন।

অনুভাষ্য

করিয়া যে দৌরাত্ম্য করেন, তাহাতে স্বয়ংরূপ কৃষ্ণ সন্তুষ্ট হন না। স্বয়ংরূপ শ্রীগৌরবিগ্রহ সেইসকল প্রাকৃত ভোগপরায়ণ সাহজিকগণকে কৃপা করিবার পরিবর্ত্তে সুদূরে পরিবর্জ্জন করেন। কৃষ্ণলীলার সম্ভোগবিচারে বিপ্রলম্ভ-রস-লীলাময়ের কৃষ্ণভক্তি-বিনাশ-চেষ্টা—উহা শ্রীগৌরবিদ্বেষ ব্যতীত অন্য কিছুই নহে।

৪৫। অসৌ রতিঃ যথোত্তরম্ (উত্তরোত্তরক্রমেণ) স্বাদ-বিশেষোল্লাসময়ী (মধুরবিশেষস্য আধিক্যবতী) অপি বাসনয়া (বাসনাভেদেন) কা অপি (রতিঃ) কস্যচিৎ (ভক্তস্য) স্বাদ্বী ভাসতে।

৪৬। উজ্জ্বলনীলমণিতে—স্বকীয়া কৃষ্ণবল্লভা,—"করগ্রাহ-বিধিং প্রাপ্তাঃ পত্যুরাদেশতৎপরাঃ। পাতিব্রত্যাদবিচলাঃ স্বকীয়াঃ কথিতা ইহ।।" যথাবিধি শাস্ত্রানুসারে যাঁহাদের পাণিগ্রহণ হইয়াছে, পতির আদেশ-পালনে যাঁহারা তৎপর এবং পাতিব্রত্য-ধর্ম্ম হইতে যাঁহারা অবিচলা, তাঁহারা 'স্বকীয়া' নারী। পরকীয়া কৃষ্ণবল্লভা,—"রাগেণৈবার্পিতাত্মানো লোকযুগ্মানপেক্ষিণা। ধর্ম্মেণাস্বীকৃতা যাস্তু পরকীয়া ভবন্তি তাঃ।।" পরপুরুষের অনুরাগাকৃষ্ট হইয়া যাঁহারা আত্মসমর্পণ করেন এবং এতাদৃশ যৌনসম্বন্ধ ধর্ম্মশাস্ত্রবিধির স্বীকৃত নয় জানিয়া ইহলোক ও পরলোকের কোনপ্রকার অসুবিধা গ্রাহ্য করেন না, তাঁহারা 'পরকীয়া' রমণী।

স্তবমালায় প্রথম চৈতন্যাষ্টকে (২)—

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্য্যাসঃ প্রেম্ণো নিখিলপশুপালাম্বুজদৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥ ৫১ ॥

স্তবমালায় দ্বিতীয় চৈতন্যাষ্টকে (৩)—

অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।
রুচং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫২ ॥

ভাবগ্রহণের হেতু করিল ধর্ম্ম স্থাপন।
তার মুখ্য হেতু কহি, শুন সর্ব্বজন ॥ ৫৩ ॥
মূল হেতু আগে শ্লোকের কৈল আভাস।
এবে কহি সেই শ্লোকের অর্থ প্রকাশ ॥ ৫৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫১। দেবতাদিগের পক্ষে দুর্গম, উপনিষদ্‌গণের কষ্টগম্য, মুনিগণের সর্ব্বস্ব, প্রণতপটলীভক্তগণের মধুরিমা, ব্রজযুবতীগণের নয়নগত প্রেমের নির্য্যাস-বস্তুস্বরূপ, সেই চৈতন্যচন্দ্র কি পুনরায় আমার দৃষ্টিগোচর হইবেন?

৫২। যে কৌতুকী কৃষ্ণ প্রণয়িজনের রসসমূহ আস্বাদন করত অপার (অসীম) কোন এক প্রকার মধুররসবিশেষ ভোগ করিবার আশয়ে নিজবর্ণ গোপন করত শ্রীরাধার দ্যুতি স্বীকারপূর্ব্বক চৈতন্যাকৃতিতে প্রকট হইয়াছেন, তিনি আমাদিগকে বিশেষ কৃপা করুন্।

৫৩-৫৪। শ্রীরাধার ভাবগ্রহণের আশয়ে ধর্ম্মস্থাপনকার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন। সেই কার্য্যের যে মুখ্য প্রয়োজন, তাহা বলিতেছি। মূল হেতু বলিবার জন্য শ্লোকের আভাস এ-পর্য্যন্ত বলিলাম।

অনুভাষ্য

৫১। সুরেশানাং (মহেন্দ্রাদীনাং) দুর্গং (দুরধিগম্যঃ আশ্রয়ঃ), উপনিষদাং (বেদশিরোভাগানাম্) অতিশয়েন গতিঃ (লক্ষ্যং), মুনীনাং সর্ব্বস্বং (জড়নির্ব্বিণ্ণানাং একমাত্রধনং), প্রণতপটলীনাং (ভক্তসমূহানাং) মধুরিমা (সৌন্দর্য্যাশ্রয়ঃ), নিখিলপশুপালাম্বুজ-দৃশাং (সমস্তব্রজবনিতানাং) প্রেম্ণঃ বিনির্য্যাসঃ (সারঃ) স চৈতন্যঃ পুনঃ অপি কিং মে দৃশোঃ পদং যাস্যতি (প্রাপ্স্যতি)?

৫২। কুতুকী (ভাবাস্বাদনানন্দঃ) যঃ কস্য অপি প্রণয়ি-জনবৃন্দস্য (নিজপ্রীতিবিগ্রহস্য) কমপি [অনির্ব্বচনীয়ম্] অপারং মধুরং রসস্তোমং হৃত্বা উপভোক্তুং (স্বয়ং তদ্ভাবগ্রহণেন আস্বা-দয়িতুং) তদীয়াং (তৎপ্রণয়িজনসম্বন্ধিনীং) দ্যুতিং (শোভাং)

আদি ১৪ শ্লোকের মধ্যে ৫ম শ্লোকের ব্যাখ্যা ঃ—

শ্রীস্বরূপগোস্বামি-কড়চা—

রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্ ॥ ৫৫ ॥

প্রথমে রাধাকৃষ্ণতত্ত্ব ঃ—

রাধাকৃষ্ণ এক আত্মা, দুই দেহ ধরি'।
অন্যোন্যে বিলাসে রস আস্বাদন করি' ॥ ৫৬ ॥

রাধাগোবিন্দমিলিত তনু গৌর ঃ—

সেই দুই এক এবে চৈতন্য গোসাঞি।
ভাব আস্বাদিতে দোঁহে হৈলা এক ঠাঁই ॥ ৫৭ ॥

গৌরতত্ত্বমহিমা বর্ণনের নিমিত্ত রাধাগোবিন্দের প্রণয়-ব্যাখ্যা ঃ—

ইথি লাগি' আগে করি তাহার বিবরণ।
যাহা হৈতে হয় গৌরের মহিমা-কথন ॥ ৫৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৫। রাধা কৃষ্ণের প্রণয়-বিকৃতিরূপ হ্লাদিনীশক্তিক্রমে রাধাকৃষ্ণ স্বরূপতঃ একাত্মক হইয়াও বিলাসতত্ত্বের নিত্যত্বপ্রযুক্ত রাধা-কৃষ্ণ নিত্যরূপে স্বরূপদ্বয়ে বিরাজমান। সেই দুই তত্ত্ব সম্প্রতি একস্বরূপে চৈতন্য-তত্ত্বরূপে প্রকট। অতএব রাধার ভাব ও দ্যুতিদ্বারা সুবলিত সেই কৃষ্ণস্বরূপ গৌরসুন্দরকে প্রণাম করি।

৫৬-৬২। অন্যোন্যে—পরস্পরে। এই পদ্যগুলির বাক্যার্থ স্পষ্ট, কিন্তু ভাবার্থ গূঢ়। রাধা—শক্তি, কৃষ্ণ—শক্তিমান্ তত্ত্ব। "শক্তিশক্তিমতোরভেদঃ"—এই বেদান্ত-বাক্যের অর্থ এই যে,—

অনুভাষ্য

প্রকটয়ন্ (প্রকাশয়ন্) স্বাং (স্বকীয়াং ঘনশ্যামরূপাং দ্যুতিং) আবব্রে (আবৃতবান্) সঃ চৈতন্যাকৃতির্দেবঃ (গোপীজনবল্লভঃ) নঃ (অস্মান্) অতিতরাং কৃপয়তু।

৫৩-৫৪। এই চারি লাইনের পরিবর্ত্তে কোন কোন পাঠে ছয় লাইন দেখা যায়। যথা—"ভাবগ্রহণের হেতু করিল ধর্ম্ম-স্থাপন। মূলহেতু আগে শ্লোকের করিব বিবরণ।। ভাবগ্রহণের এই শুনহ প্রকার। তাহা লাগি পঞ্চম শ্লোকের করিয়ে বিচার।। এই ত' পঞ্চম শ্লোকের কহিল আভাস। এবে কহি সেই শ্লোকের অর্থ পরকাশ।।"

৫৫। রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতিঃ (কৃষ্ণস্য প্রণয়বিকৃতিঃ প্রেম-বিলাসরূপা হ্লাদিনী শক্তিঃ); একাত্মানৌ (অভিন্নাত্মানৌ) অপি পুরা (অনাদিকালতঃ) তৌ (রাধাকৃষ্ণৌ) ভুবি দেহভেদং (বিষয়াশ্রয়গত-বিগ্রহদ্বয়ভেদং) গতৌ (প্রাপ্তৌ)। অধুনা (ইদানীং) তদ্দ্বয়ং (তয়োর্দ্বয়ং) ঐক্যম্ আপ্তম্ ; রাধাভাবদ্যুতিসুবলিতং (ভাবশ্চ দ্যুতিশ্চ ভাবদ্যুতী, রাধায়াঃ ভাবদ্যুতী, তাভ্যাং সুবলিতং

শ্রীরাধার তত্ত্ব ও কৃষ্ণের সহিত সম্বন্ধ ঃ—

রাধিকা হয়েন কৃষ্ণের প্রণয়-বিকার।
স্বরূপশক্তি—'হ্লাদিনী' নাম যাঁহার ॥ ৫৯ ॥

হ্লাদিনী-শক্তির লক্ষণ ঃ—

হ্লাদিনী করায় কৃষ্ণে আনন্দাস্বাদন।
হ্লাদিনীর দ্বারা করে ভক্তের পোষণ ॥ ৬০ ॥

একই শক্তিমানের একই শক্তির তিনটী রূপ ঃ—

সচ্চিদানন্দ, পূর্ণ, কৃষ্ণের স্বরূপ।
একই চিচ্ছক্তি তাঁর, ধরে তিন রূপ ॥ ৬১ ॥
আনন্দাংশে হ্লাদিনী, সদংশে সন্ধিনী।
চিদংশে সম্বিৎ—যারে জ্ঞান করি' মানি ॥ ৬২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

কোন বিচারে শক্তির আধার হইতে শক্তিকে পৃথক্ করা যায় না। কিন্তু অবিচিন্ত্য-শক্তিক্রমে রাধাকৃষ্ণ পরস্পর বিলাসরসাস্বাদন করিতে নিত্য পৃথক্ অথচ যুগপৎ এক। রাধা প্রকৃতপ্রস্তাবে কৃষ্ণের স্বরূপশক্তি হ্লাদিনী ; কৃষ্ণকে পরমানন্দে নিমগ্ন করিয়া রাখিয়াছেন বলিয়া তাঁহার ঐ নাম। আবার, তিনি কৃষ্ণের চিদ্বিভিন্নাংশরূপ জীবের স্বরূপগত প্রেমপুষ্টিক্রিয়াদ্বারা লক্ষিতা। পূর্ণতত্ত্ব শ্রীকৃষ্ণ সচ্চিদানন্দস্বরূপ। সেই একই চিচ্ছক্তি প্রথমে সদংশে সন্ধিনী অর্থাৎ সত্তাবিস্তারিণী, চিদংশে পূর্ণজ্ঞানরূপ সম্বিৎতত্ত্ব অর্থাৎ কৃষ্ণের স্বরূপতত্ত্ব, আনন্দাংশে হ্লাদিনী অর্থাৎ সেই স্বরূপতত্ত্বের আহ্লাদ-দায়িনী।

অনুভাষ্য

যুক্তম্, অন্তঃকৃষ্ণং বহির্গৌরং) চৈতন্যাখ্যং প্রকটং (প্রকটিত-বিগ্রহং) কৃষ্ণস্বরূপং নৌমি (প্রণমামি)।

৬০। শ্রীজীবপ্রভু প্রীতিসন্দর্ভে'—(৬৫ সংখ্যায়) "অথ শ্রুতৌ চ—'ভক্তিরেবৈনং নয়তি, ভক্তিরেবৈনং দর্শয়তি, ভক্তিবশঃ পুরুষঃ, ভক্তিরেব ভূয়সী' ইতি শ্রূয়তে। তস্মাদেবং বিবিচ্যতে—যা চৈবং ভগবন্তং স্বানন্দেন মদয়তি, সা কিংলক্ষণা স্যাৎ? ইতি। ন তাবৎ সাংখ্যানামিব প্রাকৃতসত্ত্বময়-মায়িকানন্দরূপা,—ভগবতো মায়ানভিভাব্যত্বশ্রুতেঃ, স্বতস্তৃপ্তত্বাচ্চ। ন চ নির্ব্বিশেষবাদিনামিব ভগবৎস্বরূপানন্দরূপা, অতিশয়ানুপপত্তেঃ। অতো নতরাং জীবস্য স্বরূপানন্দরূপা,—অত্যন্তক্ষুদ্রত্বাৎ তস্য। ততো 'হ্লাদিনী সন্ধিনী সম্বিত্ত্বয্যেকা সর্ব্বসংশ্রয়ে। হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিতে।।' ইতি শ্রীবিষ্ণুপুরাণানুসারেণ হ্লাদিন্যাখ্য-ত্বদীয়স্বরূপশক্ত্যানন্দ-রূপৈবেত্যবশিষ্যতে, যয়া খলু ভগবান্ স্বরূপানন্দবিশেষী ভবতি, যয়ৈব তং তমানন্দমন্যানপ্যনুভাবয়তীতি। অথ তস্যা অপি ভগবতি সদৈব বর্ত্তমানতয়াতিশয়ানুপপত্তেস্ত্বেবং বিবেচনীয়ং—শ্রুতার্থান্যথানুপপত্ত্যর্থাপত্তিপ্রমাণসিদ্ধত্বাৎ। তস্যা হ্লাদিন্যা এব কাপি সর্ব্বানন্দাতিশায়িনী বৃত্তির্নিত্যং ভক্তবৃন্দেষ্বেব নিক্ষিপ্যমাণা ভগবৎপ্রীত্যাখ্যয়া বর্ত্ততে। অতস্তদনুভবেন শ্রীভগবানপি শ্রীমদ্ভক্তেষু প্রীত্যতিশয়ং ভজত ইতি।"

বেদেও কথিত হইয়াছে যে, ভক্তিই ভগবানের নিকট ভক্তকে

অনুভাষ্য

লইয়া যান, ভক্তিই ভক্তকে ভগবদ্দর্শন করান, ভগবান্ ভক্তিবশ এবং ভক্তিরই বাহুল্য তথায় কথিত হইয়াছে। অতএব এইরূপ বিবেচিত হইতেছে —যে বস্তুশক্তি ভগবান্‌কে নিজ আনন্দদ্বারা উন্মত্ত করান, তাহার লক্ষণ কি? তদুত্তর এই,—শ্রুতিতে 'মায়া ভগবান্‌কে অতিক্রম করিতে পারে না' কথিত হওয়ায় এবং ভগবান্ স্বতঃতৃপ্ত বলিয়া সাংখ্যমতবাদিগণের সিদ্ধান্তানুসারে সেই বস্তুশক্তিকে প্রাকৃত সত্ত্বগুণময়ী মায়িকী আনন্দরূপা বলা যায় না। সেই বস্তুশক্তিকে নির্ব্বিশেষবাদিগণের ন্যায় ভগবৎস্বরূপানন্দরূপাও বলা যায় না, যেহেতু এই সিদ্ধান্ত পূর্ব্বাপর বিচারে বিশেষরূপে অসিদ্ধ। অতএব উহা জীবের স্বরূপানন্দরূপাও নহে, যেহেতু নিত্য হইলেও জীব অত্যন্ত ক্ষুদ্র। তজ্জন্য "হে ভগবন্, সর্ব্বাশ্রয় তোমাতে একমাত্র 'হ্লাদিনী' 'সন্ধিনী' ও 'সম্বিৎ শক্তিত্রয় অবস্থিত। গুণ-বর্জ্জিত তোমাতে আহ্লাদ ও ক্লেশমিশ্র ভাব নাই"—এই বিষ্ণুপুরাণ-বাক্যে তদীয় হ্লাদিনী-নাম্নী স্বরূপ-শক্তিই আনন্দরূপা, যেহেতু এই শক্তিদ্বারাই ভগবৎস্বরূপে আনন্দবিশেষ লক্ষিত হয় এবং ভগবান্ এই শক্তিদ্বারাই তত্তৎ আনন্দ অন্য ভক্তগণকে প্রদান করেন—ইহাই শেষ সিদ্ধান্ত। ভগবানে হ্লাদিনীশক্তি নিত্য বর্ত্তমান থাকায় নির্ব্বিশেষবাদীর উক্তরূপ সিদ্ধান্ত বিশেষরূপে পরিত্যজ্য—ইহাই জানিতে হইবে, যেহেতু শ্রুতির অর্থসমূহের অন্যরূপ অসঙ্গতি হইলে ফলান্তরের আশঙ্কা হয় অর্থাৎ বিষ্ণুপুরাণীয় উক্ত প্রমাণ বেদার্থসহ একরূপে সিদ্ধ বলিয়া নির্ব্বিশেষবাদিগণের ঐরূপ উক্তি বেদার্থের বিপর্য্যয়জনক এবং বেদার্থ-তাৎপর্য্যের বিষয়ীভূত নহে। সেই হ্লাদিনীরই সর্ব্বানন্দাতিশায়িনী কোন একবৃত্তি ভক্তবৃন্দে নিত্য প্রদত্ত হইলে উহা 'ভগবৎপ্রীতি' আখ্যা লাভ করে। শ্রীভগবান্‌ও সেই প্রীতি ভক্তে অনুভব করিয়া ভক্তগণের প্রতি অতিশয় প্রীতি প্রদর্শন করেন।

শ্রীভগবানে তিনপ্রকার শক্তি বিষ্ণুপুরাণে কথিত থাকায়, যে শক্তি ভগবানকে আনন্দ বিধান করেন, তাহা সাংখ্যের জড়ানন্দ বা নির্ব্বিশেষবাদীর শক্তি-শক্তিমৎতত্ত্বের পার্থক্যের অনভিজ্ঞতা-নিবন্ধন কেবল চিদেকানন্দ, এইরূপ নহে। হ্লাদিনী-শক্তিই ভগবানকে আনন্দ প্রদান করেন এবং ভগবান্ হ্লাদিনী-

অনুভাষ্য

শক্তিদ্বারা জীবকে তাঁহার নিজের প্রতি প্রীতিধর্ম্ম প্রদান করেন, আবার ভক্তের ভগবৎপ্রীতিতে বাধ্য হইয়া প্রীতি পুষ্ট করেন।

৬২। শ্রীজীবপ্রভু শ্রীভগবৎসন্দর্ভে (১০২ সংখ্যায়) "সদ্রূপত্বেন ব্যপদিশ্যমানো যয়া সত্তাং দধতি ধারয়তি চ সা সর্ব্বদেশ-কাল-দ্রব্যাদি-প্রাপ্তিকরী সন্ধিনী ; তথা সম্বিদ্রূপোঽপি যয়া সম্বেত্তি সম্বেদয়তি চ, সা সম্বিৎ ; তথা হ্লাদরূপোঽপি যয়া সম্বিদুৎকর্ষরূপয়া তং হ্লাদং সম্বেত্তি সম্বেদয়তি চ, সা হ্লাদিনীতি বিবেচনীয়ম্। তদেবং তস্যা মূলশক্তেস্ত্র্যাত্মকত্বে সিদ্ধে যেন স্বপ্রকাশতালক্ষণেন তদ্বৃত্তিবিশেষেণ স্বরূপং স্বয়ং স্বরূপশক্তির্বা বিশিষ্টং বাবির্ভবতি তদ্বিশুদ্ধসত্ত্বম্। তচ্চান্য-নিরপেক্ষস্তৎপ্রকাশ ইতি জ্ঞাপনজ্ঞানবৃত্তিকত্বাৎ সম্বিদেব। অস্য মায়য়া স্পর্শাভাবাৎ বিশুদ্ধত্বম্।" ✱✱ যতশ্চ সত্ত্বাৎ লোকো বৈকুণ্ঠাখ্যঃ প্রকাশতে। সত্ত্ব-শব্দেন স্বপ্রকাশতা-লক্ষণ-স্বরূপ-শক্তিবৃত্তিবিশেষ উচ্যতে। প্রকৃতিগুণঃ সত্ত্ব-মিত্যশুদ্ধসত্ত্ব-লক্ষণপ্রসিদ্ধ্যনুসারেণ তথাভূতশ্চিচ্ছক্তিবিশেষঃ সত্ত্বমিতি সঙ্গতিলাভাৎ। ততশ্চ তস্য স্বরূপ-শক্তিবৃত্তিত্বেন স্বরূপাত্মতৈবেত্যুক্তম্। প্রাকৃতাঃ সত্ত্বাদয়ো গুণা জীবস্যৈব ন ত্বীশস্যেতি শ্রূয়তে। যথৈকাদশে—"সত্ত্বং রজস্তম ইতি গুণা জীবস্য নৈব মে' ইতি। শ্রীবিষ্ণুপুরাণে চ—'সত্ত্বাদয়ো ন সন্তীশে যত্র ন প্রাকৃতা গুণাঃ। স শুদ্ধঃ সর্ব্বশুদ্ধেভ্যঃ পুমানাদ্যঃ প্রসীদতু।।' অত্র প্রাকৃতা ইতি বিশিষ্যাপ্রাকৃতাস্তন্যে গুণাস্তস্মিন্ সন্ত্যেবেতি ব্যঞ্জিতম্। তথা চ দশমে দেবেন্দ্রণোক্তম্—'বিশুদ্ধ-সত্ত্বং তব ধাম শান্তং তপোময়ং ধ্বস্তরজস্তমস্কম্। মায়াময়োঽয়ং গুণসম্প্রবাহে ন বিদ্যতে তে গ্রহণানুবন্ধঃ।।' প্রকৃতিগুণঃ সত্ত্বং, গোচরস্য বহুরূপত্বে রজঃ, বহুরূপস্য তিরোহিতত্বে তমঃ। তথা পরস্পরস্যোদাসীনত্বে সত্ত্বম্ ; উপকারিত্বে রজঃ ; অপকারিত্বে তমঃ।

অত্র চেদমেব বিশুদ্ধসত্ত্বং সন্ধিন্যংশপ্রধানং চেদাধারশক্তিঃ; সম্বিদংশপ্রধানমাত্মবিদ্যা, হ্লাদিনীসারাংশপ্রধানং গুহ্যবিদ্যা। যুগপৎ শক্তিত্রয়প্রধানং মূর্ত্তিঃ। অত্রাধারশক্ত্যা ভগবদ্ধাম প্রকাশতে।"

(অর্থাৎ) "সদ্রূপে প্রসিদ্ধ ভগবান্ যে শক্তিদ্বারা সত্তাকে ধারণ করেন ও করান, তাহা সকল দেশ-কাল-দ্রব্যাদি-প্রকাশিকা 'সন্ধিনী' ; (সেইরূপ সম্বিদ্রূপ হইয়াও ভগবান্) যে শক্তিদ্বারা স্বয়ং জানিতে এবং জানাইতে সমর্থ হন, তাহা 'সম্বিৎ' ; (তথা আনন্দরূপ হইয়াও ভগবান্) চিৎপ্রধানা যে শক্তিদ্বারা স্বয়ং আনন্দকে জানেন এবং অপরকে জানাইতে সমর্থ হন, তাহাকে 'হ্লাদিনী' বলিয়া বিবেচনা করিতে হইবে।

অতএব সেই মূল পরা শক্তির ত্রিরূপত্ব সিদ্ধ হইল ; উহার স্বতঃপ্রকাশ-লক্ষণময় যে বৃত্তিবিশেষদ্বারা ভগবান্ স্বয়ং, তাঁহার

অনুভাষ্য

স্বরূপশক্তি অথবা চিদ্বৈশিষ্ট্যাদির আবির্ভাব হয়, তাহাই 'বিশুদ্ধ-সত্ত্ব'। উহা অন্য-নিরপেক্ষ ও ভগবৎপ্রকাশ-স্বরূপ। স্বয়ং অনুভব ও অন্যকে অন্যকে করাইবার বৃত্তিদ্বয়ের বর্ত্তমানতাহেতু উহা সম্বিৎও বটে। মায়াস্পর্শ না থাকায় উহার বিশুদ্ধতা। এই বিশুদ্ধসত্ত্ব হইতে 'বৈকুণ্ঠ' নামক ধাম প্রকাশ পায়। এই 'বিশুদ্ধ-সত্ত্ব'-শব্দে স্বতঃপ্রকাশলক্ষণময় ভগবৎস্বরূপশক্তির বৃত্তি-বিশেষকে বলা হয়। প্রাকৃত সত্ত্বের অশুদ্ধতা-লক্ষণের প্রসিদ্ধি সঙ্গত হওয়ায় শুদ্ধসত্ত্ব বা সন্ধিনী—চিচ্ছক্তিবিশেষ। এই শুদ্ধ-সত্ত্ব স্বরূপশক্তির বৃত্তি বলিয়া ইহাও স্বরূপশক্ত্যাত্মক। প্রাকৃত সত্ত্বাদি গুণসমূহ যে জীবেরই, ঈশ্বরের নহে, তাহা শ্রুতি ও স্মৃতিতে কথিত আছে। যথা একাদশ-স্কন্ধে ভগবদুক্তি—"সত্ত্ব-রজস্তম এই গুণত্রয় মদ্‌বিমুখ জীবের সহিত সম্বন্ধযুক্ত, কখনই আমার সহিত সম্বন্ধযুক্ত নহে।" বিষ্ণুপুরাণেও কথিত আছে—"যাঁহাতে অপ্রাকৃত গুণসমূহ বিরাজমান, সেই ঈশ্বরে সত্ত্বাদি প্রাকৃত গুণ থাকে না, থাকিতে পারে না ; সেই নিখিল শুদ্ধ-বস্তুসমূহের মধ্যে অবিমিশ্র শুদ্ধবস্তু আদ্যপুরুষ ভগবান্ নারায়ণ প্রসন্ন হউন্।" এস্থলে 'প্রাকৃত' এই বিশেষণদ্বারা বিশেষ করিয়া তাঁহাতে (ভগবানে) যে তদিতর অপ্রাকৃত গুণসমূহ বর্ত্তমান, তাহা ব্যক্ত হইতেছে। দশমস্কন্ধে দেবরাজ ইন্দ্রের উক্তি,—'হে ভগবন! তোমার ধাম বিশুদ্ধ সত্ত্বময়, উহা শান্ত, তপস্যারূপ সেবাময় এবং রজস্তমোবিহীন ; এই মায়াময় গুণপ্রবাহ ও প্রাকৃত গুণের সংস্পর্শ বা গ্রহণাদি তোমার নাই।' অব্যক্তাবস্থায় সত্ত্ব-গুণ ; বাহ্য অভিব্যক্তি ও উৎপত্তিশীল বহু প্রকাশে রজোগুণ ; বহু প্রকাশের অভাবে তমোগুণ ; অর্থাৎ গুণত্রয় যেস্থানে পরস্পর শিথিল বা উদাসীন, তথায় সত্ত্বগুণ, যেস্থলে কার্য্যকারিতা বা ক্রিয়াশীলতা সে-স্থলে রজোগুণ এবং যেস্থলে ধ্বংস বা বিনাশভাব, তথায় তমোগুণ বর্ত্তমান।'

এইস্থলে বিশুদ্ধসত্ত্বই সন্ধিন্যংশপ্রধান হইলে আধারশক্তি; সম্বিদংশপ্রধান—আত্মবিদ্যা ; হ্লাদিনীশক্তি-সারাংশ-প্রধান—গুহ্যবিদ্যা (প্রেমভক্তি)। যুগপৎ ত্রিশক্তিপ্রধান—মূর্ত্তি বা বিগ্রহ। ঐ আধার-শক্তিদ্বারা ভগবদ্ধাম প্রকাশ পায়।"

পরতত্ত্ব—বাস্তব-বস্তুস্বরূপ এবং ত্রিশক্তিতে নিত্য-প্রকটিত। (সেই পরতত্ত্ব) শক্তিত্রয়ময়ী এক পরা অচিন্ত্যশক্তি হইতে বৈকুণ্ঠাদি স্বরূপবৈভব, তটস্থাখ্য চিদেকাত্ম শুদ্ধজীব, বহিরঙ্গ-বৈভব জড়াত্মপ্রধান এবং পূর্ণস্বরূপের সহিত চারিপ্রকারে নিত্য অবস্থান করেন। স্বরূপ এবং তদ্রূপবৈভব-শক্তি অন্তরঙ্গা-শক্তির স্বয়ংরূপ ও বৈভব-প্রকাশভেদে দুইপ্রকারে অবস্থিত। অঙ্গীর অন্তঃ অঙ্গে যে শক্তি বিরাজমানা, তাহাই 'অন্তরঙ্গা'। অন্তরঙ্গা-শক্তির

শ্রীবিষ্ণুপুরাণে (১।১২।৬৯) ধ্রুবের উক্তি—

হ্লাদিনী সন্ধিনী সম্বিত্ত্বয্যেকা সর্ব্বসংস্থিতৌ ।
হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিতে ॥ ৬৩ ॥

সন্ধিনীর ভগবান্ ও তৎসেবোপকরণ-প্রাকট্য
বিধানরূপ সেবা ঃ—

সন্ধিনীর সার অংশ—'শুদ্ধসত্ত্ব' নাম ।
ভগবানের সত্তা হয় যাহাতে বিশ্রাম ॥ ৬৪ ॥

মাতা, পিতা, স্থান, গৃহ, শয্যাসন আর ।
এসব কৃষ্ণের শুদ্ধসত্ত্বের বিকার ॥ ৬৫ ॥

শ্রীমদ্ভাগবত (৪।৩।২৩)—

সত্ত্বং বিশুদ্ধং বসুদেব-শব্দিতং
যদীয়তে তত্র পুমানপাবৃতঃ ।
সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেবো
হ্যধোক্ষজো মে মনসা বিধীয়তে ॥ ৬৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৩। হে ভগবন্! সর্ব্বাশ্রয়, নির্গুণ যে তুমি, তোমাতে 'হ্লাদিনী', 'সন্ধিনী' ও 'সম্বিৎ' ত্রিবিধ ব্যাপারই চিন্ময়। মায়াবশ-যোগ্য চিৎকণ জীব মায়াবিষ্ট হইয়া মায়ার ত্রিগুণ আশ্রয় করত যে অবস্থা লাভ করিয়াছেন, তাহাতে শক্তি 'হ্লাদকরী', 'তাপকরী' ও 'মিশ্রা'—এই তিনপ্রকার ভাব পাইয়াছেন ; কিন্তু সর্ব্বগুণাতীত যে তুমি, তোমাতে ঐ শক্তি নির্ম্মলা ও নির্গুণস্বরূপে একাকারা।

৬৪-৬৫। সত্তাবিস্তারিণী সন্ধিনীশক্তির সারাংশের নাম 'শুদ্ধসত্ত্ব'। সত্ত্ব দুই প্রকার—মিশ্রসত্ত্ব ও শুদ্ধসত্ত্ব। বস্তুসত্তারই

অমৃতপ্রবাহ ভাষ্য

নাম 'সত্ত্ব'। সন্ধিনীক্রিয়া ব্যতীত কোন সত্ত্বই হইতে পারে না। ভগবানের সত্তাপ্রকাশও সেই সন্ধিনীর কার্য্য। শুদ্ধচিত্তত্ত্বে সন্ধিনীর যে ক্রিয়া, তাহারই নাম 'শুদ্ধসত্ত্ব'। ভগবানের মাতা, পিতা, স্থান, গৃহ, শয্যা ও আসন প্রভৃতি কৃষ্ণের শুদ্ধসত্ত্বের বিকার অর্থাৎ বিশেষরূপ কার্য্য। এইস্থলে এই তত্ত্ব স্পষ্ট বুঝিবার জন্য আরও জানা উচিত যে, স্বরূপ অর্থাৎ চিচ্ছক্তিগত সন্ধিনী চিজ্জগতের সমস্ত সত্তা অর্থাৎ ভগবানের চিন্ময়স্বরূপ, ভগবানের দাস, দাসী, সঙ্গিনী, পিতা, মাতা প্রভৃতি সমস্ত চিন্ময়স্বরূপের সত্তা প্রকাশ করিয়াছেন ; মায়াশক্তিগত সন্ধিনী জড়জগতের সমস্ত ভৌতিক সত্তা বিস্তার করিয়াছেন এবং জীবশক্তিগত সন্ধিনী জীবের চিৎকণরূপ সত্তা বিস্তার করিয়াছেন।

৬৬। শ্রীমহাদেব বলিয়াছেন,—ভগবানের স্বরূপশক্তিগত সন্ধিনী-প্রভাব হইতেই শুদ্ধসত্ত্বরূপ যে নিত্যতত্ত্ব আছে, তাহারই

অনুভাষ্য

শক্তিমত্তত্ত্ব স্বয়ংরূপ ভগবান্ স্বীয় বৈকুণ্ঠাদি স্বরূপবৈভব প্রকাশ করেন। ভগবানের বাহ্য অঙ্গ—'প্রধান' ও প্রাকৃত দ্রব্যসমূহ। এই বহিরঙ্গা শক্তি প্রাকৃত জগতে ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া স্থাণু-প্রস্তরাদি দেহে তটস্থাশক্তি-পরিণত জীবকে আবৃত করিয়া লঘু-গুরু ভাবে বর্ত্তমান থাকে।

স্বরূপশক্তি ত্রিবিধ বিভাগে পরিলক্ষিত হন। সেইগুলিকে অংশিনী স্বরূপশক্তির অংশ বলা হইয়াছে। শক্তির নিত্য বর্ত্তমানতা বা সদংশ অর্থাৎ কালাদিদ্বারা ক্ষোভ্য হইবার অযোগ্যতা 'সন্ধিনী' নামে পরিচিত। জ্ঞাতৃত্ব বা চিদংশ নিত্য আনন্দ হইতে বিশেষত্ব-যুক্ত হইয়া অদ্বয়জ্ঞান 'সম্বিদ্' নামে পরিচিত অর্থাৎ যাহাতে কৃষ্ণের স্বতঃকর্তৃত্ব পূর্ণ চিদ্ধর্ম্মে পরিচিত, তাহাই সম্বিচ্ছক্তি' নামে প্রসিদ্ধ। অংশিনীর যে অংশ সচ্চিৎ হইতে বিশেষত্ব রক্ষা করেন, উহাই আনন্দময়ী শক্তি। বিশেষত্ব-বর্ণনে ত্রিবিধশক্তির বিভিন্ন পরিচয় থাকিলেও এই অংশত্রয় স্বরূপ-শক্তিতেই অবস্থিত ; আবার তটস্থা ও বহিরঙ্গাশক্তিতে এই শক্তিত্রয়ের বিভিন্ন অধিষ্ঠান পরিলক্ষিত হয়। বহিরঙ্গা-শক্তিতে ত্রিগুণ ও তটস্থাখ্যশক্তির বদ্ধজীবাংশে ঐ ত্রিগুণের ক্রিয়া এবং মুক্তজীবাংশে সচ্চিদানন্দের আশ্রয়জাতীয়ত্বে সেবনবৃত্তিতে সেব্যের উপযোগী শক্ত্যংশ বিরাজমান।

৬৩। [হে ভগবন্!] একা (মুখ্যা অব্যভিচারিণী স্বরূপভূতা শক্তিঃ) হ্লাদিনী (আহ্লাদকারী) সন্ধিনী (সন্ততা) সম্বিৎ (বিদ্যা-শক্তিঃ) সর্ব্বসংস্থিতৌ (সর্ব্বেষাং সম্যক্ স্থিতির্যস্মাৎ তস্মিন্

অনুভাষ্য

সর্ব্বাধিষ্ঠানভূতে) ত্বয়ি এব [ন তু জীবেষু। তত্র চ যা গুণময়ী ত্রিবিধা সা ত্বয়ি নাস্তি] ; হ্লাদতাপকরী মিশ্রা (হ্লাদকরী মনঃপ্রসাদোত্থা সাত্ত্বিকী, বিষয়বিয়োগাদিষু তাপকরী তামসী, তদুভয়মিশ্রা বিষয়জন্যা রাজসী) গুণবর্জ্জিতে (প্রাকৃত-সত্ত্বাদি-গুণৈঃ বর্জ্জিতে) ত্বয়ি (ভগবতি) ন [পরন্তু জীবেষু এব। অত্র ক্রমাদুৎকর্ষেণ সন্ধিনীসম্বিৎহ্লাদিন্যো জ্ঞেয়াঃ]।

এই শ্লোকের এবং ভাঃ ১।৭।৬ শ্লোকের টীকায় শ্রীধরস্বামী শ্রীবিষ্ণুস্বামিকর্তৃক কথিত (নিম্নলিখিত) এই শ্লোককে 'সর্ব্বজ্ঞ সূক্ত'-বচন বলিয়া উদ্ধার করিয়াছেন,—'হ্লাদিন্যা সংবিদাশ্লিষ্টঃ সচ্চিদানন্দ ঈশ্বরঃ। স্বাবিদ্যা-সংবৃতো জীবঃ সংক্লেশনিকরাকরঃ।।'

৬৪। কৃষ্ণের মাতা-পিতা, স্থান-গৃহাদি শুদ্ধসত্ত্বের পরিণতি। পরিণত শুদ্ধসত্ত্বে ভগবানের স্বরূপ শুদ্ধসত্ত্বাত্মকরূপে পরিদৃষ্ট হয়। কৃষ্ণের আকরস্থল যে শুদ্ধসত্ত্ব, তাহাতে কৃষ্ণোৎপত্তির স্বরূপ দেখা গেলেও কৃষ্ণ বসুদেবাত্মক শুদ্ধসত্ত্বমাত্র নহেন, তিনি অদ্বয়জ্ঞান সম্বিৎসার ভগবজ্জ্ঞানের নিত্যাধিষ্ঠাতা দেব। আশ্রয়-জাতীয় কৃষ্ণসম্বন্ধ-বিশিষ্ট বস্তুগুলি শুদ্ধসত্ত্বাত্মক বলিয়া তাহাতে কৃষ্ণের সম্বন্ধ সেবোন্মুখচিত্তে তাহারা দেখিতে পান ; বস্তুতঃ ভগবান্ চিৎস্বরূপ।

সম্বিৎশক্তিদ্বারা শ্রীকৃষ্ণে অদ্বয়তত্ত্ব ভগবজ্জ্ঞান ঃ—

কৃষ্ণে ভগবত্তা-জ্ঞান—সম্বিতের সার ।
ব্রহ্ম-জ্ঞানাদিক সব তার পরিবার ॥ ৬৭ ॥

হ্লাদিনীর বিভাগ তথা বিবিধ চিদ্‌বিকার ; সেই বিকারক্রমে কৃষ্ণপ্রণয়-পরাকাষ্ঠা মহাভাব-স্বরূপই শ্রীরাধা ঃ—

হ্লাদিনীর সার 'প্রেম', প্রেমসার 'ভাব' ।
ভাবের পরমকাষ্ঠা, নাম—'মহাভাব' ॥ ৬৮ ॥

মহাভাবস্বরূপা শ্রীরাধা-ঠাকুরাণী ।
সর্ব্বগুণখনি কৃষ্ণকান্তাশিরোমণি ॥ ৬৯ ॥

উজ্জ্বলনীলমণিতে শ্রীরাধা-প্রকরণে (২)—

তয়োরপ্যুভয়োর্মধ্যে রাধিকা সর্ব্বথাধিকা ।
মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী ॥ ৭০ ॥

কৃষ্ণপ্রেম-ভাবিত যাঁর চিত্তেন্দ্রিয়-কায় ।
কৃষ্ণ-নিজশক্তি রাধা, ক্রীড়ার সহায় ॥ ৭১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

নাম 'বসুদেব'। সেই শুদ্ধসত্ত্বে চৈতন্যস্বরূপ ভগবান্ নিত্যপ্রকাশ লাভ করিয়াছেন ; তাঁহারই নাম 'বাসুদেব'। তিনি জড়ীয় ও মায়িক—সমস্ত ইন্দ্রিয়ের অতীত। ভক্তিপূতচিত্তে আমি তাঁহাতে প্রণাম বিধান করি। তাৎপর্য্য এই,—কৃষ্ণস্বরূপ ইত্যাদি তাঁহার স্বরূপশক্তি-গত সন্ধিনীর নিত্যকার্য্য।

৬৭। সম্বিৎক্রিয়ার নাম 'জ্ঞান'। দ্রষ্টা দুই জন—কৃষ্ণ ও জীব। কৃষ্ণের দর্শন পূর্ণজ্ঞানমূলক বলিয়া তাঁহার সম্বেদন-কার্য্যে অন্তর নাই, অতএব তাঁহার জ্ঞানকে 'ঈক্ষণ-মাত্র' বলা যায়। জীবের দর্শনে অনেক অন্তর আছে, অতএব তাহার দর্শনকে 'সংবেদনস্বরূপজ্ঞান' বলি। সেই জ্ঞান ত্রিবিধ—সাক্ষাজ্জ্ঞান, ব্যতিরেক জ্ঞান ও বিকৃতজ্ঞান। জড়বিষয়ে জীবের জড়েন্দ্রিয়দ্বারা যে জ্ঞান, তাহা কখনই নির্ম্মল নয়, সুতরাং বিকৃত ; তাহা মায়া-শক্তিগত সম্বিতের বিকৃতিময়-ক্রিয়া। জড়ব্যতিরেক নির্ব্বিশেষ-জ্ঞান জড়জ্ঞানের সম্বন্ধাশ্রিত হওয়ায় তাহা ক্ষুদ্র, তাহা কেবল জীবগত-সম্বিচ্ছক্তির কার্য্য, অতএব অসম্পূর্ণ। এইসকল জ্ঞানের নাম 'ব্রহ্মজ্ঞান', 'আত্মজ্ঞান', 'নির্ব্বিশেষজ্ঞান', 'অভেদজ্ঞান' ইত্যাদি। চিদ্‌গত-সম্বিচ্ছক্তি যখন হ্লাদিনীর সহিত যুক্ত হইয়া জীবে কৃপা করেন, তখন কৃষ্ণে ভগবত্তা-জ্ঞান জন্মে ; অতএব তাহাই সম্বিতের সার। ব্রহ্মজ্ঞান ও বিষয়জ্ঞান তাহার পরিবার অর্থাৎ অবস্থা-ভেদে আবরণমাত্র।

অনুভাষ্য

৬৬। পিতা দক্ষের গৃহে যজ্ঞদর্শনার্থ গমনোন্মুখী সতীর প্রতি কর্ম্মজড় দক্ষকে বিষ্ণুবিমুখ জানিয়া মহাদেবের উক্তি,—

বিশুদ্ধং (স্বরূপশক্তিবৃত্তিত্বাৎ জাড্যাংশেন রহিতং) সত্ত্বং (চিচ্ছক্তিবৃত্তিময়ম্ অপ্রাকৃতং) বসুদেব-শব্দিতং (বসত্যস্মিন্নিতি বসুঃ তথা দীব্যতি দ্যোততে ইতি দেবঃ, স চাসৌ স চেতি) যৎ (যস্মাৎ) তত্র (সত্ত্বে) পুমান্ (পুরুষঃ) অপাবৃতঃ (আবরণশূন্যঃ সন্) ঈয়তে (প্রকাশতে)। তস্মিন্ সত্ত্বে অধোক্ষজঃ (অধঃকৃতম্ অতিক্রান্তম্ অক্ষজম্ ইন্দ্রিয়জজ্ঞানং যেন সঃ) ভগবান্ বাসুদেবঃ (বসুদেবে ভবতি প্রতীয়তে ইতি বাসুদেবঃ পরমেশ্বরঃ প্রসিদ্ধঃ,

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৮-৬৯। হ্লাদিনীর ক্রিয়ার নাম 'প্রেম'। সেই প্রেম দুই প্রকার অর্থাৎ শুদ্ধপ্রেম ও মিশ্রপ্রেম। কৃষ্ণগত হ্লাদিনীশক্তি কৃষ্ণকে আনন্দপ্রদান করিয়া যখন শুদ্ধ সম্বিতের সহিত একত্রে জীবকে কৃপা করেন, তখনই জীবের 'কৃষ্ণপ্রেম' হয়। জীবগত হ্লাদিনীর বিকার যখন মায়াশক্তিদ্বারা জীবকে আকর্ষণ করে, তখনই জীব বিষয়প্রেমে মত্ত হইয়া কৃষ্ণপ্রেম হইতে বঞ্চিত হয়, সুতরাং সুখ-দুঃখের বশীভূত হইয়া পড়ে। জীবগণের প্রেমা-দর্শ ব্রজের গোপীমণ্ডলী ; তাঁহাদের মধ্যে শ্রীরাধা সর্ব্বাধিকা। চিৎস্বরূপগত হ্লাদিনীর সার যে 'প্রেম' এবং প্রেমের সার যে 'ভাব', আবার সেই ভাবের পরাকাষ্ঠা যে 'মহাভাব', তাহাই শ্রীমতী রাধিকা ঠাকুরাণী। তিনিই সর্ব্বগুণের আকর, আর কৃষ্ণকান্তাদিগের শিরোমণি।

৭০। ব্রজবিলাসিনী গোপীগণের মধ্যে চন্দ্রাবলী এবং রাধিকা শ্রেষ্ঠা ; আবার, সেই দুইয়ের মধ্যে শ্রীমতী রাধিকা সর্ব্বপ্রকারে শ্রেষ্ঠা। তিনি মহাভাবস্বরূপা, তাঁহার তুল্য গুণ আর কোন গোপীকারই নাই।

৭১। শ্রীমতী রাধিকা চিন্ময়ী—জড়গত জীবের ন্যায় তাঁহার জড়েন্দ্রিয়, জড়দেহ ও লিঙ্গদেহরূপ চিত্ত নাই। তাঁহার চিন্ময়-

অনুভাষ্য

বাসয়তি দেবমিতি ব্যুৎপত্ত্যা) মে (ময়া) মনসা বিধীয়তে (বিশেষেণ চিন্ত্যতে)।

শ্রীজীবপ্রভু (ভগবৎসন্দর্ভের ১০২ সংখ্যায়)—"অথ মূর্ত্ত্যা পরতত্ত্বাত্মকঃ শ্রীবিগ্রহঃ প্রকাশতে ; ইয়মেব বাসুদেবাখ্যা।" পরবর্ত্তী শেষাংশে এবং শ্রীমদ্ভাগবতে এই শ্লোকের গৌড়ীয় ভাষ্য দ্রষ্টব্য।

৭০। তয়োঃ (শ্রীরাধাচন্দ্রাবল্যোঃ) উভয়োঃ অপি মধ্যে রাধিকা সর্ব্বথাধিকা (সর্ব্বপ্রকারেণ অধিকা শ্রেষ্ঠা)। ইয়ং (শ্রীরাধিকা) মহাভাবস্বরূপা (মাদনাখ্যমহাভাববিশিষ্টা অষ্টভাব-সমন্বিতবিগ্রহা) গুণৈঃ (পঞ্চবিংশতি সংখ্যকৈঃ) অতি বরীয়সী (সর্ব্বশ্রেষ্ঠা)।

গোলোকে গোপীর সহিত নিত্য রসবিলাসী গোবিন্দ ঃ—

ব্রহ্মসংহিতা (৫।৩৭)—

আনন্দচিন্ময়রসপ্রতিভাবিতাভি-
স্তাভির্য এব নিজরূপতয়া কলাভিঃ।
গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৭২ ॥

কৃষ্ণেরে করায় যৈছে রস আস্বাদন।
ক্রীড়ার সহায় যৈছে, শুন বিবরণ ॥ ৭৩ ॥

ঐশ্বর্য্য ও মাধুর্য্যগত মধুররতিতে ত্রিবিধা কৃষ্ণকান্তা ঃ—

কৃষ্ণকান্তাগণ দেখি ত্রিবিধ প্রকার।
এক লক্ষ্মীগণ, পুরে মহিষীগণ আর ॥ ৭৪ ॥
ব্রজাঙ্গনারূপ আর—কান্তাগণ-সার।
শ্রীরাধিকা হৈতে কান্তাগণের বিস্তার ॥ ৭৫ ॥

সব কৃষ্ণকান্তাই অংশিনী রাধার অংশ ঃ—

অবতারী কৃষ্ণ যৈছে করে অবতার।
অংশিনী রাধা হৈতে তিন গণের বিস্তার ॥ ৭৬ ॥
বৈভবগণ যেন তাঁর অঙ্গ-বিভূতি।
বিম্ব-প্রতিবিম্ব-রূপ মহিষীর ততি ॥ ৭৭ ॥

দ্বারকায় মহিষীগণ এবং নারায়ণ-বাসুদেবাদি লক্ষ্মীগণ ঃ—

লক্ষ্মীগণ তাঁর বৈভব-বিলাসাংশরূপ।
মহিষীগণ প্রাভব-প্রকাশস্বরূপ ॥ ৭৮ ॥

ললিতাদি ব্রজাঙ্গনাগণ কায়ব্যূহ ঃ—

আকার-স্বরূপ-ভেদে ব্রজদেবীগণ।
কায়ব্যূহরূপ তাঁর রসের কারণ ॥ ৭৯ ॥

রসের বর্দ্ধন ও চমৎকারিতার জন্য একই হ্লাদিনীর বহু প্রকাশ ঃ—

বহু কান্তা বিনা নহে রসের উল্লাস।
লীলার সহায় লাগি' বহুত' প্রকাশ ॥ ৮০ ॥

তন্মধ্যে ব্রজবিলাসই কৃষ্ণপ্রীতির শ্রেষ্ঠ চমৎকারিতা ঃ—

তার মধ্যে ব্রজে নানা ভাব-রস-ভেদে।
কৃষ্ণকে করায় রাসাদিক-লীলাস্বাদে ॥ ৮১ ॥

শ্রীরাধিকার পঞ্চনাম ঃ—

গোবিন্দানন্দিনী, রাধা, গোবিন্দমোহিনী।
গোবিন্দসর্ব্বস্ব, সর্ব্বকান্তা-শিরোমণি ॥ ৮২ ॥

বৃহদ্গৌতমীয়তন্ত্র ঃ—

দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা।
সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সম্মোহিনী পরা ॥ ৮৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

স্বরূপে শুদ্ধ-চিন্ময়চিত্ত, চিন্ময়-ইন্দ্রিয় ও চিন্ময়-শরীর আছে। তাঁহার চিত্তেন্দ্রিয়কায় কৃষ্ণপ্রেমকর্ত্তৃক পরিভাবিত। তিনি কৃষ্ণের নিজশক্তি, অতএব তাঁহার একমাত্র ক্রীড়ার সহায়। শক্তিমৎতত্ত্ব কৃষ্ণ, শক্তি হইতে পৃথক্ হইলে কোন ক্রীড়া করিতে পারেন না। স্বরূপশক্তির সন্ধিনী শ্রীকৃষ্ণের চিন্ময় কলেবরকে প্রকট করিয়াছেন। সেই কলেবরে যখন কৃষ্ণ ক্রীড়া করেন, তখন শ্রীমতীর সহায়তা ব্যতীত আর কি করিবেন? অতএব রাধিকাই কৃষ্ণের ক্রীড়ার একমাত্র সহায়।

৭২। আনন্দচিন্ময়রসদ্বারা প্রতিভাবিত যে গোপীসকল, তাঁহাদের সহিত স্ব-স্বরূপে অখিলাত্মভূত আদিপুরুষ গোবিন্দ গোলোকে নিত্য নিবাস করেন, তাঁহাকে আমি ভজনা করি।

অনুভাষ্য

৭২। অখিলাত্মভূতঃ (গোকুলবাসিনাং প্রিয়বর্গাণাম্ আত্মভূতঃ) সঃ এব আনন্দচিন্ময়রসপ্রতিভাবিতাভিঃ (আনন্দচিন্ময়াত্মকেন রসেন প্রতিক্ষণং ভাবিতাভিঃ) নিজরূপতয়া (স্ব-স্বরূপতয়া প্রসিদ্ধাভিঃ) কলাভিঃ (হ্লাদিনীশক্তিরূপাভিঃ) তাভিঃ (ব্রজসুন্দরীভিঃ সহ) গোলোকে এব নিবসতি, তমাদিপুরুষং গোবিন্দমহং ভজামি।

৭৭। 'বৈভবগণ যেন তাঁর অঙ্গ বিভূতি'—এই পাঠের পরিবর্ত্তে 'লক্ষ্মীগণ হন তাঁর অংশবিভূতি' এই পাঠও দেখা যায়।

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৫। আর—অন্যপ্রকার, তৃতীয়প্রকার অর্থাৎ ব্রজাঙ্গনাগণ, ইহারা সর্ব্বপ্রকার কান্তাগণের সার অর্থাৎ শ্রেষ্ঠা।

তাতে জানি, মোতে আছে কোন এক রস ।
আমার মোহিনী রাধা, তারে করে বশ ॥ ২৬১ ॥

রাধাসুখ আস্বাদিতে কৃষ্ণের ব্যগ্রতা ঃ—

আমা হৈতে রাধা পায় যে জাতীয় সুখ ।
তাহা আস্বাদিতে আমি সদাই উন্মুখ ॥ ২৬২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫১। আমার বেণুধ্বনিতে রাধিকার চেতন হরণ করে এবং রাধিকার কোমল গীত আমার চেতন হরণ করে। রাধিকার যখন চেতন-হরণ হয়, তখন তিনি তমালকে কৃষ্ণভ্রমে আলিঙ্গন করিয়া মহাসুখ লাভ করেন ; অথবা, আর একটী অর্থ—পরস্পর বংশ-ঘর্ষণে যে বেণুগীত-শব্দ হয়, তচ্ছ্রবণে রাধিকা হৃতচেতন হইয়া আমাকে ভ্রম করিয়া তমালকে আলিঙ্গন করেন।

২৫৭। ভরতমুনির মতে,—স্ত্রীপুরুষের রস সমান, কিন্তু তিনি মুনি হইয়াও আমার ব্রজরসের তত্ত্ব জানেন না ; কেন না, রাধিকার রস স্বরূপতঃ অধিক।

অনুভাষ্য

২৫৯। হে কল্যাণি (আনন্দবিগ্রহে), তে (তব) বিম্বাধরঃ (রক্তবর্ণাধরঃ) নির্ধূতামৃতমাধুরীপরিমলঃ (নির্ধূতৌ পরাজিতৌ অমৃতস্য মাধুরীপরিমলৌ যেন তাদৃশঃ), বক্ত্রং পঙ্কজসৌরভং (পঙ্কজস্য কমলস্য সৌরভং ইব সৌরভং যস্য তৎ), গিরঃ (বাচঃ) কুহরিতশ্লাঘাভিদঃ (কুহরিতানাং কোকিলধ্বনীনাং শ্লাঘাভিদঃ তিরস্কারিণ্যঃ), অঙ্গম্ (অবয়বঃ) চন্দনশীতলং (চন্দনবৎ শীতলং), ইয়ং তনুঃ (মূর্ত্তিঃ) সৌন্দর্য্যসর্ব্বস্বভাক্ (সৌন্দর্য্যাণাং সর্ব্বস্বং ভজতে যা সা)। হে রাধে ত্বাম্ আস্বাদ্য (প্রাপ্য) মম ইদম্ ইন্দ্রিয়কুলং (ইন্দ্রিয়গণঃ) মুহুঃ (পুনঃ পুনঃ) মোদতে (হ্লাদযুক্তো ভবতি)।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫৯। হে কল্যাণি! অমৃত-মাধুরী-পরিমল-বিজয়ী তোমার বিম্বাধর, পদ্মগন্ধযুক্ত তোমার মুখ, কোকিলধ্বনি-তিরস্কারী তোমার বাক্যসকল, চন্দনের ন্যায় শীতল অঙ্গ ও সমস্ত সৌন্দর্য্যের আধারস্বরূপ তোমার শরীর,—এতাদৃশ রূপগুণ-লীলাময়ী তোমাকে লাভ করিয়া আমার ইন্দ্রিয়গণ পুনঃ পুনঃ মহামোদ লাভ করিতেছে।

২৬০। কংসারি-শ্রীকৃষ্ণের রূপে লোভযুক্ত শ্রীরাধার নয়ন-যুগল, কৃষ্ণস্পর্শে অতি হর্ষান্বিত তাঁহার ত্বগিন্দ্রিয়, বাক্য-শ্রবণে উৎকণ্ঠিতা শ্রুতি (কর্ণ), কৃষ্ণের অঙ্গগন্ধে প্রফুল্ল নাসাপুট, কৃষ্ণের অধরামৃতবশীকৃত রসনা, সর্ব্বদা প্রফুল্লমুখাব্জ, নম্রীভূত ধৈর্য্য-নাশক উৎকট রোমাঞ্চাদি-বিকারসমূহে ব্যস্ত অঙ্গসমূহ লক্ষিত হইল।

অনুভাষ্য

২৬০। কংসহরস্য (কংসান্তকস্য শ্রীকৃষ্ণস্য) রূপে (রূপ-দর্শনে) লুব্ধনয়নাং (লুব্ধে ক্ষোভযুক্তে নয়নে যস্যাঃ তাং কৃষ্ণরূপাকৃষ্টনেত্রাং), স্পর্শে (অঙ্গসঙ্গে) অতিহৃষ্যত্ত্বচং (অতি-হৃষ্যন্তী পুলকিতা ত্বক্ যস্যাঃ তাং, কৃষ্ণস্পর্শাত্যানন্দিতগাত্রাং), বাণ্যাং (বাচি) উৎকলিতশ্রুতিং (উৎকলিতে উৎসুকে শ্রুতী কর্ণৌ যস্যাঃ তাং, কৃষ্ণশব্দশ্রবণোৎকর্ণাং), পরিমলে (অঙ্গসৌরভে) সংহৃষ্টনাসাপুটাং (সংহৃষ্টে নাসাপুটে যস্যাঃ তাং, কৃষ্ণসুগন্ধ-

নানা যত্ন করি আমি, নারি আস্বাদিতে ।
সেই সুখমাধুর্য্য-ঘ্রাণে লোভ বাড়ে চিত্তে ॥ ২৬৩ ॥

নানাভাবে রাধাপ্রেমরস আস্বাদিতে গৌরাবতার ঃ—

রস আস্বাদিতে আমি কৈল অবতার ।
প্রেমরস আস্বাদিব বিবিধ প্রকার ॥ ২৬৪ ॥

রাগভজন-বিধির প্রচার ও আচার ঃ—

রাগমার্গে ভক্ত ভক্তি করে যে-প্রকারে ।
তাহা শিখাইব লীলা-আচরণদ্বারে ॥ ২৬৫ ॥

আশ্রয়জাতীয়-ভাব বিনা বিষয়জাতীয়-ভাবে সেবা-সুখ অনাস্বাদ্য ঃ—

এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ ।
বিজাতীয়-ভাবে নহে তাহা আস্বাদন ॥ ২৬৬ ॥
রাধিকার ভাবকান্তি-অঙ্গীকার বিনে ।
সেই তিন সুখ কভু নহে আস্বাদনে ॥ ২৬৭ ॥
রাধাভাব অঙ্গীকরি' ধরি' তার বর্ণ ।
তিনসুখ আস্বাদিতে হব অবতীর্ণ ॥' ২৬৮ ॥

গৌররূপে অবতরণকালে যুগাবতার-কাল ও অদ্বৈতের আকর্ষণের সম্মিলন ঃ—

সর্ব্বভাবে করিল কৃষ্ণ, এই ত' নিশ্চয় ।
হেনকালে আইল যুগাবতার-সময় ॥ ২৬৯ ॥
সেইকালে শ্রীঅদ্বৈত করেন আরাধন ।
তাঁহার হুঙ্কারে কৈল কৃষ্ণে আকর্ষণ ॥ ২৭০ ॥

পূর্ব্বে গুরুবর্গের অবতার, পশ্চাৎ স্বয়ংরূপ গৌরের অবতার ঃ—

পিতামাতা, গুরুগণ আগে অবতরি' ।
রাধিকার ভাব-বর্ণ অঙ্গীকার করি' ॥ ২৭১ ॥
নবদ্বীপে শচীগর্ভ—শুদ্ধদুগ্ধসিন্ধু ।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণ পূর্ণ ইন্দু ॥ ২৭২ ॥
এই ত' ষষ্ঠশ্লোকের করিলুঁ ব্যাখ্যান ।
শ্রীরূপ-গোসাঞির পাদপদ্ম করি' ধ্যান ॥ ২৭৩ ॥
এই দুই শ্লোকের আমি যে করিল অর্থ ।
শ্রীরূপ-গোসাঞির শ্লোক প্রমাণ-সমর্থ ॥ ২৭৪ ॥

স্তবমালায় দ্বিতীয় চৈতন্যাষ্টকে (৩)—

অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ ।
রুচং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ২৭৫ ॥

মঙ্গলাচরণং কৃষ্ণচৈতন্য-তত্ত্বলক্ষণম্ ।
প্রয়োজনঞ্চাবতারে শ্লোকষট্কৈর্নিরূপিতম্ ॥ ২৭৬ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২৭৭ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে চৈতন্যাবতার-মূলপ্রয়োজনকথনং নাম চতুর্থ-পরিচ্ছেদঃ ।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬৬। বিজাতীয়—বিষয়জাতীয়।

২৬৯-২৭৪। পূর্ব্বোক্ত তিনপ্রকার বাঞ্ছাপূরণ, ভক্তগণকে রাগমার্গীয় ভক্তির আচরণের দ্বারা শিক্ষা প্রদান করিব, এই সকলভাবে যে-সময়ে কৃষ্ণ অবতীর্ণ হইবার জন্য নিশ্চয় করিলেন, সেই সময় যুগাবতারকাল উপস্থিত হইল এবং সেই সময়ে শ্রীঅদ্বৈত আচার্য্য কৃষ্ণকে আরাধন করিলেন। এতৎ-প্রযুক্ত রাধিকার ভাববর্ণ অঙ্গীকার করিয়া নবদ্বীপে শচীগর্ভে কৃষ্ণচন্দ্র গৌরাঙ্গস্বরূপে উদিত হইলেন। স্বরূপগোস্বামীর দুই শ্লোকে যে তত্ত্ব ব্যাখ্যা করিলাম, তাহা শ্রীরূপগোস্বামীর শ্লোক-দ্বারা প্রমাণ করিতেছি।

অনুভাষ্য

ঘ্রাণাদ্ভুতমোদাম্), অধরপুটে (অধরামৃতপানে) আরজ্যদ্রসনাং (আরজ্যন্তী অনুরাগভরা রসনা জিহ্বা যস্যাঃ তাং, কৃষ্ণাধরানুরক্ত-রসনাং), ন্যঞ্চন্মুখাম্ভোরুহাং (ন্যঞ্চৎ পূজিতং মুখং এব অম্ভোরুহং যস্যাঃ তাম্, অবনতবদনকমলাং) বহিঃ অপি কিল দম্ভোদ্গীর্ণ-মহাধৃতিং (দম্ভেন কপটেন উদ্গীর্ণা প্রকাশিতা মহতী ধৃতিঃ ধৈর্য্যং যস্যাঃ তাং বহির্ব্বাম্যচেষ্টাবতীং) অপি প্রোদ্যদ্বিকারাকুলাং (প্রোদ্যতা প্রকর্ষেণ উদ্ভুতেন বিকারেণ আকুলাম্ অন্তঃক্রীড়ৌৎ-সুক্যপরাং) [রাধামহং স্মরামি]।

২৭১। অবতরি—অবতরণ করাইয়া।

২৭৫। আদি ৪র্থ পঃ ৫২ সংখ্যা দ্রষ্টব্য।

২৭৬। কৃষ্ণচৈতন্যতত্ত্বলক্ষণং (গৌরতত্ত্বনিরূপণাত্মকং) মঙ্গলাচরণম্, অবতারে (গৌরাবতারবিষয়ে) প্রয়োজনং চ শ্লোক-ষট্কৈঃ ('বন্দে গুরূন্' ইত্যারভ্য 'গর্ভসিন্ধৌ হরীন্দুঃ' ইত্যন্তৈঃ শ্লোকৈঃ ষট্সংখ্যকৈঃ) নিরূপিতম্।

ইতি অনুভাষ্যে চতুর্থ পরিচ্ছেদ।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৬। মঙ্গলাচরণ, কৃষ্ণচৈতন্য-তত্ত্বলক্ষণ এবং চৈতন্যা-বতারের প্রয়োজন—এই তিনটী বিষয় ছয়টী শ্লোকদ্বারা নিরূপিত হইল।

ইতি অমৃতপ্রবাহ ভাষ্যে চতুর্থ পরিচ্ছেদ।

পঞ্চম পরিচ্ছেদ

কথাসার—পঞ্চম পরিচ্ছেদে পঞ্চশ্লোকে শ্রীনিত্যানন্দ-মহিমা এইরূপে বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্; তাঁহার বিলাসমূর্ত্তি অর্থাৎ দ্বিতীয় দেহ শ্রীবলরাম। প্রকৃতির অতীত 'পরব্যোম'-নামে একটী চিন্ময় ধাম আছে, সেই চিন্ময়ধামের সর্ব্বোপরিভাগে 'কৃষ্ণলোক'। কৃষ্ণলোকে দ্বারকা, মথুরা ও গোকুল; তথায় আদিচতুর্ব্ব্যূহ কৃষ্ণ, বলদেব, প্রদ্যুম্ন অর্থাৎ কামদেব ও অনিরুদ্ধ। সেই কৃষ্ণলোকে 'শ্বেতদ্বীপ' বলিয়া বৃন্দাবনস্থ ধাম। কৃষ্ণলোকের অধোভাগে 'পরব্যোম'-নামক বৈকুণ্ঠ; তথায় কৃষ্ণের বিলাসমূর্ত্তি চতুর্ভুজ নারায়ণ বিরাজমান। কৃষ্ণলোকে যিনি বলদেব, তিনি মূল-সঙ্কর্ষণ। তাঁহার বিলাসমূর্ত্তি পরব্যোম-বৈকুণ্ঠে মহাসঙ্কর্ষণ। সেই মহাসঙ্কর্ষণের চিচ্ছক্তিক্রমে পরব্যোমস্থ সমস্ত শুদ্ধসত্ত্ব-প্রকাশ; জীবশক্তিক্রমে শুদ্ধজীবসকল তথায় বর্ত্তমান, মায়া-শক্তির তথায় অবস্থিতি নাই। নারায়ণধামে দ্বিতীয় কায়ব্যূহ। সেই পরব্যোমের বাহিরে জ্যোতির্ম্ময়ধামরূপ 'ব্রহ্মালোক'। তাহার বাহিরে চিন্ময়জলবিশিষ্ট কারণসমুদ্র। কারণ-সমুদ্রের অপরপারে অসংস্পৃষ্টরূপে মায়ার অবস্থিতি। কারণ-সমুদ্রে মূল-সঙ্কর্ষণের অংশরূপ আদিপুরুষাবতার মহাবিষ্ণু। তিনিই দূর হইতে মায়ার প্রতি ঈক্ষণ করেন; এক অঙ্গাভাসে (অর্থাৎ তাহা অঙ্গের ন্যায় বোধ হয়, কিন্তু অঙ্গ নয়) মায়ার উপাদান-কারণে মিলিত হন। মায়াই উপাদান-কারণরূপে 'প্রধান' ও নিমিত্ত-কারণরূপে 'প্রকৃতি'। মহাবিষ্ণুর ঈক্ষণই জড়রূপা প্রকৃতির মূল-নিমিত্তকারণ, সুতরাং প্রকৃতি গৌণনিমিত্তকারণ মাত্র। সেই কারণাব্ধিশায়ী মহাবিষ্ণুই সমষ্টিজগতে প্রবিষ্টরূপে গর্ভোদশায়ী এবং প্রত্যেক ব্রহ্মাণ্ডে, প্রত্যেক জীবে প্রবিষ্টরূপে ক্ষীরোদশায়ী। সেই ক্ষীরোদশায়ী পুরুষ প্রতি ব্রহ্মাণ্ডে এক একটী বৈকুণ্ঠ প্রকট করিয়া তাহাতে বিষ্ণু-পরমাত্মা-ঈশ্বরাদিরূপে বিরাজমান এবং ব্রহ্মাণ্ডের জলাংশে শেষশয্যায় শয়ন করেন; তিনিই ব্রহ্মার পিতা; তাঁহারই এক অংশকে বিরাট্‌রূপে কল্পনা করা যায়। প্রত্যেক ব্রহ্মাণ্ডে ক্ষীরসমুদ্রের মধ্যে এক একটী 'শ্বেতদ্বীপ' প্রকট হইয়াছে, তাহাতে বিষ্ণু অবস্থান করেন। সুতরাং শ্বেতদ্বীপ দুইটী—একটী কৃষ্ণলোকে আর একটী প্রত্যেক ব্রহ্মাণ্ডে ক্ষীরোদ-সমুদ্রে। কৃষ্ণলোকের 'শ্বেতদ্বীপ' তত্রস্থ বৃন্দাবন হইতে অভিন্নরূপে কৃষ্ণের কোন পরিশিষ্ট-লীলার ভূমি। ব্রহ্মাণ্ডগত 'শেষ'-মূর্ত্তি বিষ্ণুকে ছত্র, পাদুকা, শয্যা, উপাধান, বসন, আবাস, যজ্ঞসূত্র, সিংহাসন ইত্যাদিরূপে সেবা করেন। কৃষ্ণলোকস্থ বলদেবই প্রভু নিত্যানন্দ, অতএব তিনি মূল-সঙ্কর্ষণ; পরব্যোমের মহাসঙ্কর্ষণ এবং তাঁহার পুরুষাবতারগণ সুতরাং নিত্যানন্দপ্রভুর অংশকলা।

এই পরিচ্ছেদে গ্রন্থকার নিজের বৃন্দাবন-যাত্রা ও তথায় তাঁহার সর্ব্বসিদ্ধি-সম্বন্ধে একটী আখ্যায়িকা লিখিয়াছেন। তাহাতে পাওয়া যায়,—তাঁহার পূর্ব্বনিবাস কাটোয়া-প্রদেশে নৈহাটীর নিকট 'ঝামটপুর' গ্রামে। তাঁহারা দুই ভাই। শ্রীনিত্যানন্দপ্রভুর পারিষদ শ্রীমীনকেতনরামদাস তাঁহার বাটীতে নিমন্ত্রিত হইয়া পূজারি গুণার্ণবমিশ্রের প্রতি অসন্তুষ্ট হন। কবিরাজ গোস্বামীর ভ্রাতা তাঁহার পক্ষপাতী হইয়া শ্রীনিত্যানন্দের মাহাত্ম্য স্বীকার করেন নাই। (এইজন্য শ্রীল কবিরাজ গোস্বামী তাঁহার ভ্রাতাকে তিরস্কার করেন।) রামদাস নিজের বংশী ভাঙ্গিয়া সেইস্থান হইতে চলিয়া যান, তাহাতে কবিরাজ গোস্বামীর ভ্রাতার তৎক্ষণাৎ সর্ব্বনাশ হয়। সেই রাত্রে কবিরাজ গোস্বামী স্বপ্নে শ্রীনিত্যানন্দ প্রভুর প্রসন্নতা ও আদেশ লাভ করিয়া পরদিবসেই বৃন্দাবন যাত্রা করেন। (অঃ প্রঃ ভাঃ)

নিত্যানন্দ-কৃপাবলে নিত্যানন্দস্বরূপ-জ্ঞান ঃ—

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীনিত্যানন্দমীশ্বরম্‌ ।
যস্যেচ্ছয়া তৎস্বরূপমজ্ঞেনাপি নিরূপ্যতে ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। অনন্ত-অদ্ভুত-ঐশ্বর্য্যবিশিষ্ট ঈশ্বর নিত্যানন্দকে বন্দনা করি। মূর্খলোকেও তাঁহার ইচ্ছায় তাঁহার স্বরূপ নিরূপণ করিতে সমর্থ।

অনুভাষ্য

১। যস্য (নিত্যানন্দস্য) ইচ্ছয়া (অনুকম্পয়া) অজ্ঞেন (শাস্ত্র-জ্ঞানানভিজ্ঞেন) অপি [ময়া] তৎস্বরূপং (নিত্যানন্দতত্ত্বং) নিরূপ্যতে (বর্ণ্যতে), তম্‌ অনন্তাদ্ভুতৈশ্বর্য্যম্‌ (অনন্তম্‌ অদ্ভুতম্‌ ঐশ্বর্য্যং যস্য তং দেশকালপাত্রাতীতৈশ্বর্য্যসম্পন্নম্‌) ঈশ্বরং (দেবদেবং) শ্রীনিত্যানন্দম্‌ অহং বন্দে।

ছয় শ্লোকে গৌর-তত্ত্ব, পাঁচ শ্লোকে নিত্যানন্দ-তত্ত্ব ঃ—

এই ষট্‌শ্লোকে কহিল কৃষ্ণচৈতন্য-মহিমা ।
পঞ্চশ্লোকে কহি নিত্যানন্দতত্ত্ব-সীমা ॥ ৩ ॥

বলদেব-তত্ত্ব ঃ—

সর্ব্ব-অবতারী কৃষ্ণ স্বয়ং ভগবান্‌ ।
তাঁহার দ্বিতীয় দেহ শ্রীবলরাম ॥ ৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪। তাঁহার দ্বিতীয় দেহ—শ্রীকৃষ্ণের বিলাস-দেহ।

অনুভাষ্য

একই স্বরূপ দোঁহে, ভিন্নমাত্র কায় ।
আদ্য কায়ব্যূহ, কৃষ্ণলীলার সহায় ॥ ৫ ॥

কৃষ্ণ—গৌর, বলরাম—নিতাই ঃ—

সেই কৃষ্ণ—নবদ্বীপে শ্রীচৈতন্যচন্দ্র ।
সেই বলরাম—সঙ্গে শ্রীনিত্যানন্দ ॥ ৬ ॥

আদি ১৪ শ্লোকের মধ্যে ৭ম শ্লোক-ব্যাখ্যা ঃ—
সঙ্কর্ষণ ও কারণ-গর্ভ-ক্ষীর-বারিশায়িগণ এবং শেষের অংশী নিত্যানন্দ বা বলদেব ঃ—

শ্রীস্বরূপগোস্বামি-কড়চা—

সঙ্কর্ষণঃ কারণতোয়শায়ী গর্ভোদশায়ী চ পয়োঽব্ধিশায়ী ।
শেষশ্চ যস্যাংশকলাঃ স নিত্যানন্দাখ্যরামঃ শরণং মমাস্তু ॥ ৭ ॥

মূল-সঙ্কর্ষণ বলদেবের পঞ্চরূপে কৃষ্ণসেবা ঃ—

শ্রীবলরাম গোসাঞি মূল-সঙ্কর্ষণ ।
পঞ্চরূপ ধরি' করেন কৃষ্ণের সেবন ॥ ৮ ॥
আপনে করেন কৃষ্ণলীলার সহায় ।
সৃষ্টিলীলা-কার্য্য করে ধরি' চারি কায় ॥ ৯ ॥

চিদচিৎসর্গ, স্থিতি ও অনুপ্রবেশাদি-কার্য্যে চারিরূপ এবং শেষরূপে দশদেহে সেবা ঃ—

সৃষ্ট্যাদিক সেবা,—তাঁর আজ্ঞার পালন ।
'শেষ'-রূপে করে কৃষ্ণের বিবিধ সেবন ॥ ১০ ॥
সর্ব্বরূপে আস্বাদয়ে কৃষ্ণ-সেবানন্দ ।
সেই বলরাম—গৌরসঙ্গে নিত্যানন্দ ॥ ১১ ॥

নিত্যানন্দতত্ত্ব-বর্ণনমুখে চারিশ্লোকে সপ্তমশ্লোক ব্যাখ্যা ঃ—

সপ্তম শ্লোকের অর্থ করি চারিশ্লোকে ।
যাতে নিত্যানন্দতত্ত্ব জানে সর্ব্বলোকে ॥ ১২ ॥

শ্রীস্বরূপগোস্বামি-কড়চা—

মায়াতীতে ব্যাপিবৈকুণ্ঠলোকে পূর্ণৈশ্বর্য্যে শ্রীচতুর্ব্ব্যূহমধ্যে ।
রূপং যস্যোদ্ভাতি সঙ্কর্ষণাখ্যং তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥১৩॥

অপ্রাকৃত-ষড়ৈশ্বর্য্যযুক্ত 'পরব্যোম' ঃ—

প্রকৃতির পার 'পরব্যোম'-নামে ধাম ।
কৃষ্ণবিগ্রহ যৈছে বিভূত্যাদি-গুণবান্ ॥ ১৪ ॥

ব্রহ্ম ও তদূর্দ্ধলোক এবং কৃষ্ণ ও তদবতারাবলীর ধাম ঃ—

সর্ব্বগ, অনন্ত, ব্রহ্ম-বৈকুণ্ঠাদি ধাম ।
কৃষ্ণ, কৃষ্ণ-অবতারের তাহাঞি বিশ্রাম ॥ ১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫-৬। শ্রীবলদেবই কৃষ্ণের আদ্যকায়ব্যূহ অর্থাৎ কায়-বিস্তৃতি, তিনিই কৃষ্ণলীলার সহায়। সেই কৃষ্ণ নবদ্বীপে শ্রীচৈতন্যচন্দ্ররূপে অবতীর্ণ হইয়াছেন এবং আদ্যকায়ব্যূহ সেই শ্রীবলরাম তাঁহার সঙ্গে শ্রীনিত্যানন্দ।

৭। সঙ্কর্ষণ, কারণাব্ধিশায়ী, গর্ভোদশায়ী, পয়োব্ধিশায়ী ও শেষ যাঁহার অংশ ও কলা, সেই নিত্যানন্দরাম আমার শরণস্বরূপ হউন্।

৮-১১। আদ্যকায়ব্যূহ শ্রীবলরামকে মূল-সঙ্কর্ষণ বলা যাইতে পারে ; যেহেতু তিনি তদীয় দ্বিতীয়স্বরূপগত অংশরূপে 'মহাসঙ্কর্ষণ' এবং কলাস্বরূপে 'কারণাব্ধিশায়ী', 'গর্ভোদশায়ী', 'পয়োব্ধিশায়ী' ও 'শেষ'—এই পঞ্চরূপ ধারণ করিয়া কৃষ্ণের সেবা করেন। তিনি স্বয়ং কৃষ্ণলীলার সহায় থাকিয়া মহাসঙ্কর্ষণ, কারণাব্ধিশায়ী, গর্ভোদশায়ী ও পয়োব্ধিশায়ী—এই চারিরূপে সৃষ্টিলীলাদি কার্য্য করেন। 'শেষ'-সংজ্ঞক 'অনন্ত'-রূপে কৃষ্ণের বিবিধ সেবা করেন। এই সর্ব্বরূপে সেই বলরাম কৃষ্ণসেবানন্দ আস্বাদন করেন।

১২। সপ্তম শ্লোকের অর্থ—৭ম শ্লোকে যাহা কথিত হইয়াছে, ৮ম, ৯ম, ১০ম ও ১১শ শ্লোকে তাহার অর্থ করিতেছি।

১৩। মায়াতীত, সর্ব্বব্যাপক বৈকুণ্ঠলোকে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—এই পূর্ণ ঐশ্বর্য্যযুক্ত চতুর্ব্ব্যূহতত্ত্বে যাঁহার সঙ্কর্ষণাখ্য-রূপ বিরাজমান, সেই নিত্যানন্দস্বরূপ রামের প্রতি আমি প্রপন্ন হই।

১৪-১৬। চতুর্ব্বিংশতি-তত্ত্ব প্রকৃতির উপরে 'পরব্যোম'-নামে একটী চিন্ময় ধাম আছে। সেই ধাম শ্রীকৃষ্ণস্বরূপের ন্যায় সমস্ত বিভূত্যাদি গুণযুক্ত। সেই ধামে সর্ব্বগত, অনন্ত ব্রহ্মধাম ও

অনুভাষ্য

৭। সঙ্কর্ষণঃ (পরব্যোমস্থো মহাসঙ্কর্ষণঃ), কারণতোয়শায়ী (আদিপুরুষাবতারঃ), গর্ভোদশায়ী (দ্বিতীয়-পুরুষাবতারঃ হিরণ্যগর্ভঃ সমষ্টিবিষ্ণুঃ), পয়োব্ধিশায়ী (তৃতীয়পুরুষাবতারঃ ক্ষীরশায়ী ব্যষ্টিবিষ্ণুঃ), শেষঃ (অনন্তদেবঃ) যস্য অংশকলাঃ, সঃ নিত্যানন্দাখ্যরামঃ (নিত্যানন্দনামা বলদেবঃ) মম শরণম্ অস্তু।

৮। শ্রীবলরামের পঞ্চরূপ—১। মহাসঙ্কর্ষণ, ২। কারণোদশায়ী, ৩। গর্ভোদশায়ী, ৪। ক্ষীরোদশায়ী ও ৫। শেষশায়ী।

১৩। মায়াতীতে (গুণময়দেশবহির্ভাগে) ব্যাপিবৈকুণ্ঠলোকে (মায়ারহিতাসঙ্কুচিতাখণ্ডাধারে) পূর্ণৈশ্বর্য্যে (পরিপূর্ণশক্তিসমন্বিতে) শ্রীচতুর্ব্ব্যূহমধ্যে (বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ-বিষ্ণু-চতুষ্টয়স্য মধ্যে) যস্য (নিত্যানন্দরামস্য) সঙ্কর্ষণাখ্যং রূপম্ উদ্ভাতি (বিরাজতে), তং নিত্যানন্দরামম্ অহং প্রপদ্যে।

১৪-১৮। শ্রীজীবঃ শ্রীকৃষ্ণসন্দর্ভে (১০৬ সংখ্যা)—"অথ

পরব্যোমের ঊর্দ্ধলোকে ত্রিবিধ কৃষ্ণলোক ঃ—

তাহার উপরিভাগে 'কৃষ্ণলোক' খ্যাতি ।
দ্বারকা-মথুরা-গোকুল—ত্রিবিধত্বে স্থিতি ॥ ১৬ ॥

সর্ব্বোর্দ্ধস্তরে ব্রজ, গোলোক ও শ্বেতদ্বীপ ঃ—

সর্ব্বোপরি শ্রীগোকুল—ব্রজলোক-ধাম ।
শ্রীগোলোক, শ্বেতদ্বীপ, বৃন্দাবন-নাম ॥ ১৭ ॥

গোলোক-বৃন্দাবন সম্পূর্ণ কৃষ্ণাভিন্ন ধাম ঃ—

সর্ব্বগ, অনন্ত, বিভু, কৃষ্ণতনুসমা ।
উপর্য্যধো ব্যাপিয়াছে, নাহিক সীমা ॥ ১৮ ॥

উহা স্বপ্রকাশ, কৃষ্ণেচ্ছায় প্রপঞ্চে অবতীর্ণ ঃ—

ব্রহ্মাণ্ডে প্রকাশ তাঁর কৃষ্ণের ইচ্ছায় ।
একই স্বরূপ তাঁর, নাহি দুই কায় ॥ ১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বৈকুণ্ঠাদি ধাম বিরাজমান। সেই সমস্ত ধামে সাক্ষাৎ কৃষ্ণ এবং কৃষ্ণের সর্ব্বপ্রকার অবতার বিশ্রাম করেন। সেই ধামের উপরি তৃতীয়ভাগে যে সর্ব্বোত্তম চিন্ময়লোক, তাহার নাম 'কৃষ্ণলোক'—সেই কৃষ্ণলোক দ্বারকা, মথুরা এবং গোকুল-ভেদে তিনরূপে বিচিত্র।

১৭। সেই পরব্যোম-ধামের সর্ব্বোপরি শ্রীগোকুল অর্থাৎ ব্রজলোক ধাম, শ্রীগোলোক অর্থাৎ স্বকীয়ভাবযুক্ত কৃষ্ণধাম, শ্বেতদ্বীপ ও বৃন্দাবন।

১৯-২১। সেই চিন্ময় ব্রজধাম কৃষ্ণের ইচ্ছায় এই জড়-ব্রহ্মাণ্ডে প্রকাশিত হইয়াও একই স্বরূপে বিরাজমান। কেহ কেহ

অনুভাষ্য

কতমত্তৎ পদং যত্রাসৌ বিহরতি? তত্রোচ্যতে—'যা যথা ভুবি বর্ত্তন্তে পুর্য্যো ভগবতঃ প্রিয়াঃ। তাস্তথা সন্তি বৈকুণ্ঠে তত্তল্লীলার্থমাদৃতাঃ।।' ইতি স্কান্দবচনানুসারেণ বৈকুণ্ঠে যৎস্থানং বর্ত্ততে, তত্তদেবেতি মন্তব্যম্। তচ্চাখিলবৈকুণ্ঠোপরিভাগ এব। ** স্বায়ম্ভুবাগমে চ স্বতন্ত্রতয়ৈব সর্ব্বোপরি তৎস্থানমুক্তম্ ; যথা ঈশ্বরদেবীসংবাদে চতুর্দ্দশাক্ষরধ্যানপ্রসঙ্গে পঞ্চাশীতিতমে পটলে —'নানাকল্পলতাকীর্ণং বৈকুণ্ঠং ব্যাপকং স্মরেৎ। অধঃ সাম্যং গুণানাঞ্চ প্রকৃতিঃ সর্ব্বকারণম্।।" ** তস্মাদ্ যা যথা ভুবি বর্ত্তন্ত ইতি ন্যায়াচ্চ স্বতন্ত্র এব দ্বারকামথুরাগোকুলাত্মকঃ শ্রীকৃষ্ণলোকঃ স্বয়ংভগবতো বিহারাস্পদত্বেন ভবতি সর্ব্বোপরীতি সিদ্ধম্। অতএব বৃন্দাবনং গোকুলমেব সর্ব্বোপরি বিরাজমানং গোলোকত্বেন প্রসিদ্ধম্। ব্রহ্মসংহিতায়াং—'সহস্রপত্রং কমলং গোকুলাখ্যং মহৎ পদম্। ** চতুরস্রং তৎপরিতঃ শ্বেতদ্বীপাখ্যমদ্ভুতম্।।" ** তস্য শ্রীকৃষ্ণস্য ধাম নন্দযশোদাভিঃ সহ বাসযোগ্যং মহান্তঃপুরম্, তস্য স্বরূপমাহ—অনন্তস্য শ্রীবলদেবস্যাংশাৎ সম্ভবো নিত্যাবির্ভাবো যস্য তৎ। তথা তন্ত্রেণ তদপি বোধ্যতে—অনন্তোঽংশো যস্য তস্য শ্রীবলদেবস্যাপি সম্ভবো নিবাসো যত্র তদিতি। ** অথ গোকুলাবরণান্যাহ—তদ্বহিশ্চতুরস্রং তস্য গোকুলস্য বহিঃ সর্ব্বতশ্চতুরস্রং চতুষ্কোণাত্মকং স্থলং শ্বেতদ্বীপাখ্যম্, ইতি তদংশে গোকুলমিতি নাম-বিশেষাভাবাৎ। কিন্তু চতুরস্রাভ্যন্তর-মণ্ডলং বৃন্দাবনাখ্যং, বহির্মণ্ডলং কেবলং শ্বেতদ্বীপাখ্যং জ্ঞেয়ং; গোলোক ইতি যৎপর্য্যায়ঃ। ** ব্রহ্মলোকঃ বৈকুণ্ঠাখ্যঃ। ** নারদ-পঞ্চরাত্রে বিজয়াখ্যানে—'তৎ সর্ব্বোপরি গোলোকে শ্রীগোবিন্দঃ সদা স্বয়ম্। বিহরেৎ পরমানন্দী গোপীগোকুলনায়কঃ।।' ইতি। তদেবং সর্ব্বোপরি শ্রীকৃষ্ণলোকোঽস্তীতি সিদ্ধম্। স চ লোকস্তত্তল্লীলাপরিকরভেদেনাংশভেদাৎ দ্বারকামথুরাগোকুলাখ্যস্থান-ত্রয়াত্মক ইতি নির্ণীতম্। অন্যত্র তু ভুবি প্রসিদ্ধান্যেব তত্তদাখ্যানি স্থানানি তদ্রূপত্বেন শ্রূয়ন্তে, তেষামপি বৈকুণ্ঠান্তরবৎ প্রপঞ্চাতী-তত্বনিত্যত্বালৌকিকরূপত্বভগবন্নিত্যাস্পদত্বকথনাৎ।"

কি-প্রকার ধামে এই ভগবান্ বিচরণ করেন? তদ্বিষয়ে উক্ত হইতেছে—'এই প্রপঞ্চে ভগবানের যেরূপ প্রিয় পুরীসমূহের অবস্থিতি আছে, সেইপ্রকার প্রিয় পুরীত্রয় তাঁহার সেই সেই লীলার উদ্দেশ্যে বৈকুণ্ঠেও বিরাজিত'—স্কন্দপুরাণের এই বাক্যানুসারে বৈকুণ্ঠে যে-সকল স্থান বর্ত্তমান, সেই সেই স্থানই প্রপঞ্চে—এরূপ জানিতে হইবে। প্রাকৃতসৃষ্টির উপরিভাগে অখিল বৈকুণ্ঠের স্থান। স্বায়ম্ভুবতন্ত্রেও—স্বতন্ত্রভাবেই সকলের উপরে বৈকুণ্ঠের স্থান—কথিত হইয়াছে। যথা,—ঐ গ্রন্থে চতুর্দ্দশাক্ষর-ধ্যানপ্রসঙ্গে ৮৫ পটলে দেবী-মহেশ্বর-সংবাদে উক্ত হইয়াছে,—'নানা কল্পলতাকীর্ণ, ব্যাপক, অখণ্ড বৈকুণ্ঠ স্মরণ করিবে। তাহার অধোভাগে সর্ব্বজড়-কারণের কারণ গুণসাম্যাবস্থা প্রকৃতি অবস্থিত।' সেজন্য 'যে-প্রকারে পৃথিবীতে হরিধামসমূহ বর্ত্তমান, তথায়ও সেইপ্রকার'—এই ন্যায় হইতেও দ্বারকা, মথুরা এবং গোকুলাত্মক শ্রীকৃষ্ণলোকের স্বতন্ত্রতারই উপলব্ধি হয়, স্বয়ং ভগবানের বিহারক্ষেত্র বলিয়া ঐ ধামসমূহ যে সর্ব্বোপরি—ইহাই সিদ্ধ হয়। অতএব বৃন্দাবন-গোকুলই সর্ব্বোপরি বিরাজমান 'গোলোক' বলিয়া প্রসিদ্ধ। ব্রহ্মসংহিতায়—'সহস্রপত্রবিশিষ্ট, পদ্মাত্মক, মহৎপদ স্থান 'গোকুল' বলিয়া খ্যাত, তাহার চারিদিকে চতুরস্র অর্থাৎ চারি ঋজুরেখাদ্বারা বেষ্টিত অদ্ভুত ক্ষেত্র 'শ্বেতদ্বীপ' বলিয়া সংজ্ঞিত।' সেই কৃষ্ণের ধামে নন্দ-যশোদাদির সহিত বাসযোগ্য কৃষ্ণের মহা-অন্তঃপুর আছে । তাহার স্বরূপ এরূপ কথিত হইয়াছে—বলদেবপ্রভুর অনন্তাংশ হইতে সেই ধাম নিত্য

ভোগনেত্রে প্রপঞ্চসদৃশ হইলেও ভক্তিনেত্রে কৃষ্ণবিলাসক্ষেত্র চিন্ময়ী চিন্তামণি-ভূমি ঃ—

চিন্তামণি-ভূমি, কল্পবৃক্ষময় বন ।
চর্ম্মচক্ষে দেখে তাঁরে প্রপঞ্চের সম ॥ ২০ ॥

প্রেমনেত্রে দেখে তাঁর স্বরূপ প্রকাশ ।
গোপ-গোপীসঙ্গে যাঁহা কৃষ্ণের বিলাস ॥ ২১ ॥

গোলোকে গোবিন্দ ঃ—

ব্রহ্মসংহিতা (৫।২৫)—

চিন্তামণিপ্রকরসদ্মসু কল্পবৃক্ষ-
লক্ষাবৃতেষু সুরভীরভিপালয়ন্তম্ ।
লক্ষ্মীসহস্রশতসম্ভ্রমসেব্যমানং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ২২ ॥

আদি চতুর্ব্ব্যূহ ঃ—

মথুরা-দ্বারকায় নিজরূপ প্রকাশিয়া ।
নানারূপে বিলসয়ে চতুর্ব্ব্যূহ হৈঞা ॥ ২৩ ॥

সকল চতুর্ব্ব্যূহের অংশী ঃ—

বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ ।
সর্ব্বচতুর্ব্ব্যূহ-অংশী, তুরীয়, বিশুদ্ধ ॥ ২৪ ॥

গোকুল, মথুরা ও দ্বারকায় দ্বিভুজরূপে লীলা ঃ—

এই তিন লোকে কৃষ্ণ কেবল লীলাময় ।
নিজগণ লঞা খেলে অনন্ত সময় ॥ ২৫ ॥

পরব্যোম-বৈকুণ্ঠে চতুর্ভুজ-নারায়ণরূপে আধিপত্য ঃ—

পরব্যোম-মধ্যে করি' স্বরূপ-প্রকাশ ।
নারায়ণরূপে করেন বিবিধ বিলাস ॥ ২৬ ॥

স্বয়ংরূপ কৃষ্ণ—দ্বিভুজ, ঐশ্বর্য্যবিলাস নারায়ণ—চতুর্ভুজ ঃ—

স্বরূপবিগ্রহ কৃষ্ণের কেবল দ্বিভুজ ।
নারায়ণরূপে সেই তনু চতুর্ভুজ ॥ ২৭ ॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম, মহৈশ্বর্য্যময় ।
শ্রী-ভূ-নীলা-শক্তি যাঁর চরণ সেবয় ॥ ২৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

মনে করেন যে, পরব্যোমস্থ গোলোকাদি-ধাম প্রপঞ্চে প্রকাশিত ব্রজধাম হইতে পৃথক্, কিন্তু তাহা নয় অর্থাৎ একই স্বরূপ,—একই সময়ে পরব্যোমে ও প্রপঞ্চে প্রকাশিত থাকেন, এই মাত্র। প্রপঞ্চে প্রকাশিত ব্রজেও ভূমি চিন্তামণি, বন কল্পবৃক্ষ-ময়,—তাহার স্বরূপ-প্রকাশ প্রেম-নেত্রে দৃষ্ট হয়, চর্ম্মচক্ষে তাহা প্রপঞ্চের ন্যায় প্রতিভাত হয়।

২২। লক্ষ লক্ষ কল্পবৃক্ষদ্বারা আবৃত, চিন্তামণিসমূহ-নির্ম্মিত স্থানে, কামদুঘ-গোসমূহ-পালনকারী শতসহস্র লক্ষ্মীগণকর্ত্তৃক সম্ভ্রমদ্বারা সেবিত সেই আদিপুরুষ শ্রীগোবিন্দচন্দ্রকে আমি ভজনা করি।

২৩। সেই কৃষ্ণধামের মথুরা-দ্বারকাখণ্ডে কৃষ্ণ, বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধ—এই আদিচতুর্ব্ব্যূহ প্রকাশ করত নানারূপে বিলাস করেন। দ্বারকাগত চতুর্ব্ব্যূহ অন্য সমস্ত চতুর্ব্ব্যূহের অংশী ও বিশুদ্ধচিন্ময়।

অনুভাষ্য

উদ্ধৃত। তন্ত্রশাস্ত্রেও সেইপ্রকার বুঝা যায়। অনন্তদেব যাহার অংশ, সেই বলদেবের যথায় সম্ভব ও নিবাস, তাহাই ভগবদ্ধাম। গোকুলের আবরণসমূহ এরূপ কথিত হয়—সেই গোকুলের বহির্ভাগে সর্ব্বদিক্স্থিত চতুরস্র স্থল (চতুষ্কোণাত্মক ক্ষেত্র) 'শ্বেতদ্বীপ' বলিয়া প্রসিদ্ধ। শ্বেতদ্বীপাংশে 'গোকুল' এই নাম নাই, কিন্তু চতুঃস্কোণের অভ্যন্তর-মণ্ডল 'বৃন্দাবন'-নামে খ্যাত; কেবল বাহিরের মণ্ডল 'শ্বেতদ্বীপ' বলিয়া জানিতে হইবে ; ইহার অপর নাম 'গোলোক'। 'ব্রহ্মলোক'-শব্দে 'বৈকুণ্ঠ'কে বুঝায়। নারদ-পঞ্চরাত্রে বিজয়াখ্যান-প্রসঙ্গে উক্ত হইয়াছে,—সেই ধাম

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭-২৮। কৃষ্ণের স্বরূপবিগ্রহ সর্ব্বদা দ্বিভুজ। পরব্যোমে তাঁহার স্বরূপ-প্রকাশ নারায়ণরূপে চতুর্ভুজ এবং শ্রী, ভূ ও নীলা-শক্তিসেবিত। শ্রীসম্প্রদায়ি-বৈষ্ণবদিগের গ্রন্থে এই ত্রিবিধ শক্তির বিশেষ বর্ণন আছে।

অনুভাষ্য

সকলের উপরিভাগে গোলোকে সর্ব্বদা স্বয়ং গোপীনাথ গোকুলাধিপতি গোবিন্দদেব পরমানন্দে বিহার করেন। তাহা হইলে সর্ব্বলোকোপরি কৃষ্ণলোকের স্থিতিই সিদ্ধ হয়। সেই কৃষ্ণলোকই যে সেই সেই লীলা ও পরিকরভেদে এবং অংশ-ভেদে বিভিন্ন প্রকোষ্ঠাত্মক 'দ্বারকা', 'মথুরা' ও 'গোকুল' নামক স্থানত্রয়-বিশিষ্ট, তাহাই নির্ণীত হইল। অন্যত্র—প্রপঞ্চাগত পৃথিবীতে প্রসিদ্ধ সেই সেই নামবিশিষ্ট স্থানসমূহও তদ্রূপই বলিয়া শুনা যায় ; যেহেতু তাহাদিগকেও অন্য বৈকুণ্ঠের ন্যায় প্রপঞ্চের অতীত, নিত্য, অলৌকিক রূপবিশিষ্ট ও ভগবানের নিত্যাস্পদ বলিয়া কথিত হওয়ায় অভিন্ন জানিতে হইবে।

২২। কল্পবৃক্ষলক্ষাবৃতেষু (কল্পবৃক্ষাণাং প্রার্থনোচিতাভীষ্ট-ফলপ্রদবৃক্ষাণাং লক্ষৈঃ অসংখ্যৈঃ আবৃতেষু মণ্ডিতেষু) চিন্তামণি-প্রকরসদ্মসু (চিন্তামণীনাম্ অভীষ্টফলদানসমর্থরত্নানাং প্রকরেণ সমূহেন রচিতানি সদ্মানি হর্ম্ম্যাণি তেষু) সুরভীঃ (কামধেনূঃ) অভিপালয়ন্তম্ (অভি সর্ব্বতোভাবেন গোপোচিত-গো-পরি-চর্য্যাপ্রকারেণ পালয়ন্তং) লক্ষ্মীসহস্রশতসম্ভ্রমসেব্যমানং (লক্ষ্ম্যঃ গোপরামাঃ তাসাং সহস্রাণাং শতৈঃ সম্ভ্রমেণ সেব্যমানং) তম্ আদিপুরুষং গোবিন্দম্ অহং ভজামি।

২৫। তিন লোকে—গোকুলে, মথুরায় ও দ্বারকায়।

কৃষ্ণ কেবল-লীলাময় হইলেও জীবে অহৈতুক-কৃপাময় ঃ—

যদ্যপি কেবল তাঁর ক্রীড়ামাত্র ধর্ম্ম ।
তথাপি জীবেরে কৃপায় করে এক কর্ম্ম ॥ ২৯ ॥

চতুর্ব্বিধ মুক্তিদ্বারা জীবের উদ্ধার-সাধন বা বৈকুণ্ঠে আনয়ন ঃ—

সালোক্য-সামীপ্য-সার্ষ্টি-সারূপ্য-প্রকার ।
চারি মুক্তি দিয়া করে জীবেরে নিস্তার ॥ ৩০ ॥

নির্ব্বিশেষ ব্রহ্মজ্ঞানীর বৈকুণ্ঠের বাহিরে স্থিতি ঃ—

ব্রহ্মসাযুজ্য-মুক্তের তাঁহা নাহি গতি ।
বৈকুণ্ঠ-বাহিরে হয় তা'সবার স্থিতি ॥ ৩১ ॥

পরব্যোমের বাহিরে চিন্ময় ব্রহ্মলোক ঃ—

বৈকুণ্ঠ-বাহিরে এক জ্যোতির্ম্ময় মণ্ডল ।
কৃষ্ণের অঙ্গের প্রভা, পরম উজ্জ্বল ॥ ৩২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৯। কেবল ক্রীড়ামাত্র তাঁহার ধর্ম্ম হইলেও জীবের প্রতি কৃপাবশতঃ জীবনিস্তাররূপ একটী লীলা করেন।

৩২-৩৪। 'বৈকুণ্ঠ'-শব্দে 'কৃষ্ণধাম' ও 'পরব্যোম' বুঝিতে হয়। সেই পরব্যোমের বাহিরে কৃষ্ণের অঙ্গপ্রভা বিস্তীর্ণ হইয়া

অনুভাষ্য

২৮। শ্রী-ভূ-নীলা—নীলাকে বঙ্গীয়পাঠে কেহ কেহ 'লীলা-শক্তি' বলেন। এই তিন শক্তি বৈকুণ্ঠে নারায়ণের নিকট বিরাজমানা। যেকালে ভূতযোগী, সরযোগী ও ভ্রান্তযোগী (আল্‌বারগণ) নিশীথে গেহলীগ্রামে ব্রাহ্মণালয়ে আশ্রয়গ্রহণ করিয়াছিলেন, তৎকালে নারায়ণ তাঁহাদের গৃহমধ্যে প্রবেশপূর্ব্বক তাঁহাদিগকে নিজরূপ দর্শন করাইয়াছিলেন। 'প্রপন্নামৃত'—৭৭ অধ্যায় ৬১-৬২ শ্লোক—

"তার্ক্ষ্যাধিরূঢ়ং তড়িদম্বুদাভং লক্ষ্মীধরং বক্ষসি পঙ্কজাক্ষম্।
হস্তদ্বয়ে শোভিতশঙ্খচক্রং বিষ্ণুং দদৃশুর্ভগবন্তমাদ্যম্।।
আজানুবাহুং কমনীয়গাত্রং পার্শ্বদ্বয়ে শোভিতভূমিনীলম্।
পীতাম্বরং ভূষণভূষিতাঙ্গং চতুর্ভুজং চন্দনরুষিতাঙ্গম্।।"

সীতোপনিষদি,—"মহালক্ষ্মীর্দেবেশস্য ভিন্নাভিন্নরূপা-চেতনাঽচেতনাত্মিকা। সা দেবী ত্রিবিধা ভবতি—শক্ত্যাত্মনা ইচ্ছাশক্তিঃ ক্রিয়াশক্তিঃ সাক্ষাচ্ছক্তিরিতি। ইচ্ছাশক্তিস্ত্রিবিধা ভবতি—শ্রী-ভূ-নীলাত্মিকা।"

শ্রীমধ্বাচার্য্য স্বকৃত গীতা-টীকায় ৪র্থ অধ্যায় ৬ষ্ঠ শ্লোকে শাস্ত্রোদ্ধার করিয়াছেন—"মহদাদেস্তু মাতা যা শ্রী-ভূ-নীলেতি কল্পিতা। বিমোহিকা চ দুর্গাখ্যা তাভির্বিষ্ণুরজোঽপি হি। জাতবৎ প্রথতে হ্যাত্মচিদ্বলান্মূঢ়-চেতসাম্।।" ** "শ্রীভূদুর্গেতি যা ভিন্না মহামায়া তু বৈষ্ণবী। তচ্ছক্ত্যনন্তাংশহীনাথাপি তস্যাশ্রয়াৎ প্রভোঃ।। অনন্তব্রহ্মরুদ্রাদের্নাস্যাঃ শক্তিকলাপি হি। তেষাং দুরত্যয়াপ্যেষা বিনা-বিষ্ণুপ্রসাদতঃ।।'—ব্যাসযোগে, ৭ম অধ্যায়, ১৪ সংখ্যা। গীতার ১৪ অধ্যায় ৩য় শ্লোকের মাধ্ব-ভাষ্য—"মহদ্ব্রহ্ম প্রকৃতিঃ। সা চ শ্রী-ভূ-দুর্গেতি ভিন্না। উমা-সরস্বত্যাদ্যস্তু তদংশযুতা অন্যজীবাঃ।।" তথা চ কার্য্যায়ণ-শ্রুতিঃ—"শ্রীর্ভূর্দুর্গা মহতী তু মায়া, সা লোকসৃতির্জগতো বন্ধিকা চ। উমা বাগাদ্যা অন্যজীবাস্তদংশাস্তদাত্মনা সর্ব্ববেদেষু গীতাঃ।।" ইতি।

শ্রীজীবপ্রভু, ভগবৎসন্দর্ভে (৮০ সংখ্যায়)—"যথা পাদ্মে—'নিত্যং তদ্রূপমীশস্য পরং ধাম্নি স্থিতং শুভম্। নিত্যং সম্ভোগ্যমীশ্বর্য্যা শ্রিয়া ভূম্যা চ সংবৃতম্।।' নামস্বরূপয়োর্নিরূপণেন মহাসংহিতায়ামপি বিবিক্তং ; তৎত্রিশক্তিঃ—শ্রীর্ভূর্দুর্গেতি যা ভিন্না জীবমায়া মহাত্মনঃ। আত্মমায়া তদিচ্ছা স্যাৎ গুণমায়া জড়াত্মিকা।।" (ঐ ২২ সংখ্যায়)—'শ্রীরত্র জগৎপালনশক্তিঃ, ভূস্তুৎসৃষ্টিশক্তিঃ, দুর্গা তৎপ্রলয়শক্তিঃ। তত্তদ্রূপেণ যা ভেদং প্রাপ্তা, সা জীববিষয়া তচ্ছক্তির্জীবমায়েত্যুচ্যতে। পাদ্মে শ্রীকৃষ্ণ-সত্যভামা-সংবাদে—'অহমেব ত্রিধা ভিন্না তিষ্ঠামি ত্রৈবিধৈর্গুণৈঃ' ইত্যেতদ্বাক্যানন্তরং 'ততঃ সর্ব্বেঽপি দেবাঃ শ্রুত্বা তদ্বাক্য-চোদিতাঃ। গৌরীং লক্ষ্মীং ধরাঞ্চৈব প্রণেমুর্ভক্তি-তৎপরাঃ।।' ইতি। *

** প্রপন্নামৃতে—তাঁহারা (আল্‌বারগণ) গরুড়-পৃষ্ঠে আরূঢ় চতুর্ভুজ আদিপুরুষ ভগবান্ বিষ্ণুকে দর্শন করিয়াছিলেন। তাঁহার বিদ্যুৎ-সমন্বিত মেঘবর্ণ কমনীয় গাত্র, কমল-নয়ন, আজানুলম্বিত বাহু, হস্তদ্বয়ে শঙ্খ ও চক্র শোভমান্। তাঁহার পীতবর্ণ-বস্ত্র, শ্রীঅঙ্গ বিবিধ অলঙ্কার-বিভূষিত ও চন্দনচর্চ্চিত, বক্ষঃস্থলে 'লক্ষ্মী' (শ্রী) ও পার্শ্বদ্বয়ে 'ভূ' ও 'নীলা' অবস্থিতা।*

সীতা-উপনিষদে—"পরমেশ্বরের ভিন্নাভিন্ন-রূপা, চেতনাচেতনাত্মিকা মহালক্ষ্মী নিজ-শক্তিদ্বারা ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও সাক্ষাৎশক্তি-রূপে তিনপ্রকারে হইয়া থাকেন। ইচ্ছাশক্তি পুনঃ শ্রী, ভূ ও নীলা-ভেদে ত্রিবিধা হইয়া থাকেন।" শ্রীমদ্ভগবদ্‌গীতা (৪।৬) মধ্ব-ভাষ্যে—"মহৎতত্ত্বাদির মাতা যিনি শ্রী-ভূ-নীলারূপে নিরূপিতা এবং বিমোহনকারিণী 'দুর্গা'-রূপেও কথিতা, তাঁহাদিগের সহিত জন্মরহিত শ্রীবিষ্ণুও স্বীয় চিদ্বল-প্রভাবে মূঢ়চিত্ত ব্যক্তিগণের নিকট উৎপত্তিশীল বস্তুরূপে খ্যাত হন।" গীতা (৭।১৪) মধ্ব-ভাষ্যে—"শ্রী, ভূ, দুর্গা—এই তিনরূপে ভিন্না যে বৈষ্ণবী (বিষ্ণুর অংশরূপা) মহামায়া, তিনি অনন্তাংশ-হীন হইলেও সেই প্রভুর আশ্রয়হেতু তাঁহার কলাভাগ শক্তিও অনন্ত ব্রহ্মা-রুদ্রাদির নাই। বিষ্ণুর অনুগ্রহ-বিনা তাঁহাদের জন্যও এই মায়া দুরতিক্রমনীয়া।" গীতা (১৪।৩) মধ্ব-ভাষ্যে—"মহদ্ব্রহ্ম অর্থাৎ প্রকৃতি। সেই প্রকৃতি আবার শ্রী, ভূ, দুর্গা—এই তিনরূপে ভিন্না। উমা, সরস্বতী প্রভৃতি কিন্তু সেই শক্তির অংশযুক্তা অন্য জীব। তাহাই কার্য্যায়ণ-শ্রুতিতে উক্ত হইয়াছে,—শ্রী, ভূ, দুর্গা কিন্তু মহামায়া—তিনি ব্রহ্মাণ্ডলোক প্রসবকারিণী ও জগতের বন্ধনকারিণী। উমা, বাক্ আদি অন্য জীবগণ তাঁহার অংশ এবং সেই প্রভাববলে তাঁহারা সর্ব্ব বেদশাস্ত্রে কীর্ত্তিত হইয়া থাকেন।"

মায়াতীত হইলেও উহা চিদ্বিলাসহীন, কেবল চিন্মাত্র ঃ—

'সিদ্ধলোক' নাম তার প্রকৃতির পার ।
চিৎস্বরূপ, তাঁহা নাহি চিচ্ছক্তি-বিকার ॥ ৩৩ ॥

ব্রহ্মধামের দৃষ্টান্ত ঃ—

সূর্য্যমণ্ডল যেন বাহিরে নির্ব্বিশেষ ।
ভিতরে সূর্য্যের রথ-আদি সবিশেষ ॥ ৩৪ ॥

শ্রীমদ্ভাগবত (৭।১।২৯)—

কামাদ্দ্বেষাৎ ভয়াৎ স্নেহাৎ যথা ভক্ত্যেশ্বরে মনঃ ।
আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥ ৩৫ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।২৭৮)—

যদরীণাং প্রিয়াণাঞ্চ প্রাপ্যমেকমিবোদিতম্ ।
তদ্ব্রহ্মকৃষ্ণয়োরৈক্যাৎ কিরণার্কোপমা-জুষোঃ ॥ ৩৬ ॥

ব্রহ্মলোকের ঊর্দ্ধে চিদ্বিলাসময় পরব্যোম ঃ—

তৈছে পরব্যোমে নানা চিচ্ছক্তিবিলাস ।
নির্ব্বিশেষ জ্যোতির্ব্বিম্ব বাহিরে প্রকাশ ॥ ৩৭ ॥

নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধানীর চিন্মাত্র-ব্রহ্মলোকই প্রাপ্য—

নির্ব্বিশেষ-ব্রহ্ম সেই কেবল জ্যোতির্ম্ময় ।
সাযুজ্যের অধিকারী তাঁহা পায় লয় ॥ ৩৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

একটী জ্যোতির্ম্ময় মণ্ডল করিয়াছে। তাহাকে 'সিদ্ধলোক', 'ব্রহ্মলোক' ইত্যাদি বলে। ব্রহ্মসাযুজ্যমুক্তির তাহাই একমাত্র স্থান। ঐ ধাম চিৎস্বরূপ বটে, কিন্তু তাহাতে চিচ্ছক্তিগত বিকার অর্থাৎ বিচিত্রতা নাই। সূর্য্যমণ্ডল যেমন বাহিরে নির্ব্বিশেষ অর্থাৎ বিচিত্রতারহিত জ্যোতির্ম্ময় মাত্র, কিন্তু মণ্ডলের মধ্যে সূর্য্যের রথাদি সবিশেষ অর্থাৎ অনেক বিচিত্রতা লক্ষিত হয়, তদ্রূপ। সূর্য্যমণ্ডলের বহিরংশ ব্রহ্মধামের সদৃশ।

৩৫। অনেকেই ভক্তির ন্যায় কাম, দ্বেষ, ভয় ও স্নেহক্রমে তাঁহাতে মন আবিষ্ট করিয়া সেই পাপ পরিত্যাগপূর্ব্বক তাঁহার গতি লাভ করেন। পাঠান্তরে এই অধিক শ্লোকটী দৃষ্ট হয়,—

কামাদ্গোপ্যো ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্ যূয়ং ভক্ত্যা বয়ং বিভো।।

অনুভাষ্য

৩৫। শিশুপাল কৃষ্ণবিদ্বেষফলে কেন সাযুজ্য-মুক্তির যোগ্য, —ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের এই প্রশ্নের উত্তরে শ্রীনারদ বলিলেন,—

যথা [বিহিতয়া] ভক্ত্যা (সেবনেন) ঈশ্বরে মনঃ আবেশ্য [তদ্গতিং গচ্ছন্তি], তথা কামাদ্ [যথা গোপ্যঃ], দ্বেষাৎ [যথা দন্তবক্র-শিশুপালাদয়ঃ], ভয়াৎ [যথা কংসাদ্যাঃ], স্নেহাৎ [যথা পাণ্ডবাঃ] [এতাদৃশঃ] বহবঃ তদঘং (কামাদিনিমিত্তং পাপং) হিত্বা তদ্গতিং (মোক্ষপ্রকারভেদং) গতাঃ (প্রাপ্তাঃ)।

শ্রীমদ্ভাগবত সপ্তম-স্কন্ধে প্রথম অধ্যায়ে যুধিষ্ঠিরের প্রশ্ন ও তদুত্তরে শ্রীনারদের উক্তি ২২-৪৬ শ্লোক এবং ৩।৩০, ৩২, ৩৪ শ্লোকের গৌড়ীয়-ভাষ্যের তথ্যে বিভিন্ন-টীকা দ্রষ্টব্য।

৩৬। যৎ (যস্মিন্ শাস্ত্রে) অরীণাং (ভগবদ্বিদ্বেষিণাং) প্রিয়ানাঞ্চ (ভগবদ্ভক্তানাং) একং প্রাপ্যম্ উদিতং (কথিতং), তৎ (তু) কিরণার্কোপমাজুষোঃ ব্রহ্মকৃষ্ণয়োঃ ঐক্যাৎ (অর্থাৎ কিরণস্থানীয়-নির্ব্বিশেষব্রহ্মণঃ, অর্কস্থানীয়-কৃষ্ণস্য চ তত্ত্বতোঽভেদাৎ) [বোদ্ধব্যং ইত্যর্থঃ]।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৬। শাস্ত্রে যে যে স্থলে ভগবৎ-শত্রু ও প্রিয়ব্যক্তিদিগের একত্বপ্রাপ্তির কথা উল্লেখ আছে, সে-সকল কিরণস্থলীয় ব্রহ্ম ও সূর্য্যস্থলীয় কৃষ্ণের একত্ববিচার-স্থলে কথিত হইয়াছে মাত্র। ফলকথা,—ভগবৎপ্রিয় ব্যক্তিগণ বৈকুণ্ঠবৈচিত্র্য এবং ভগবৎশত্রুগণ বিলাসশূন্য 'সিদ্ধলোক' প্রাপ্ত হন।

অনুভাষ্য

শ্রীমদ্ভাগবত (১০।২।৩২) শ্লোকে,—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ।।

শ্রীরূপপ্রভু লঘুভাগবতামৃতে শ্রীকৃষ্ণমহিমার বর্ণনপ্রসঙ্গে (২৫-৩৭) "তত্র মৈত্রেয়প্রশ্নঃ, চতুর্থেঽংশে (বিঃ পুঃ ৪।১৫।১-১০)—"হিরণ্যকশিপুত্বে চ রাবণত্বে চ বিষ্ণুনা। অবাপ নিহতো ভোগান্ অপ্রাপ্যান্ অমরৈরপি।। নালভৎ তত্র চৈবেহ সাযুজ্যং স কথং পুনঃ। সম্প্রাপ্তঃ শিশুপালত্বে সাযুজ্যং শাশ্বতে হরৌ।।" শ্রীপরাশরোত্তরং—"দৈত্যেশ্বরস্য বধায়াখিললোকোৎপত্তিস্থিতিবিনাশকারিণা অপূর্ব্বতনুগ্রহণং কুর্ব্বতা নৃসিংহরূপমাবিষ্কৃতম্। তত্র হিরণ্যকশিপোর্বিষ্ণুরয়মিত্যেতৎ ন মনস্যভূৎ। নিরতিশয়পুণ্যজাত-সমুদ্ভূতমেতৎ সত্ত্বমিতি রজোদ্রেক-প্রেরিতৈকাগ্রমতিস্তদ্ভাবনাযোগাৎ ততোঽবাপ্তবধহৈতুকীং নিরতিশয়ামেবাখিলত্রৈলোক্যাধিক্যধারিণীং দশাননত্বে ভোগসম্পদমবাপ।। নাত-

ভক্তিসন্দর্ভে—"পরমধামে স্থিত ঈশ্বরের সেই রূপ নিত্য, শুভ এবং শ্রী, ভূ, নীলাশক্তি-সংবৃত হইয়া নিত্য সম্ভোগ্য।" "নাম ও স্বরূপের নিরূপণদ্বারা মহাসংহিতায়ও সেই তিনশক্তি বিবেচিত হইয়াছেন ; যথা,—'মহাত্মা ভগবানের যে (১ম) জীবমায়া, তাহা শ্রী, ভূ, দুর্গা—এই তিনরূপে ভিন্না। তাঁহার (২য়) আত্মমায়া তাঁহার ইচ্ছা এবং (৩য়) গুণমায়া জড়াত্মিকা।' ইহার অর্থ—শ্রী—জগৎপালনশক্তি, ভূ—তাঁহার সৃষ্টিশক্তি এবং দুর্গা—তাঁহার প্রলয়শক্তি। এই তিনরূপে যিনি ভেদপ্রাপ্তা, সেই জীববিষয়া শক্তিকেই জীবমায়া বলা হয়। পদ্মপুরাণে শ্রীকৃষ্ণ-সত্যভামা-সংবাদে পাওয়া যায়,—'আমিই তিনপ্রকারে বিভেদ প্রাপ্ত হইয়া তিনপ্রকার গুণের সহিত বর্ত্তমান থাকি।' এই বাক্যের পর দেখা যায়—'তখন সমস্ত দেবগণ ইহা শুনিয়া তাঁহার বাক্যদ্বারা প্রেরিত হইয়া ভক্তি-তৎপরতাসহ গৌরী, লক্ষ্মী ও পৃথিবীকে প্রণাম করিলেন।"

অনুভাষ্য

স্তস্মিন্ননাদিনিধনে পরব্রহ্মভূতে ভগবত্যনালম্বনীকৃতে মনসস্তল্লয়ম্। দশাননত্বেঽপ্যনঙ্গপরাধীনতয়া জানকীসমাসক্তচেতসো দাশরথিরূপধারিণস্তদ্রূপদর্শনমেবাসীৎ। নায়মচ্যুত ইত্যাসক্তির্বিপদ্যতোঽন্তঃকরণে মানুষবুদ্ধিরেব কেবলমস্যাভূৎ। পুনরপ্যচ্যুতবিনিপাতনমাত্রফলমখিলভূমণ্ডল-শ্লাঘ্যং চেদিরাজকুলে জন্ম অব্যাহতঞ্চৈশ্বর্য্যং শিশুপালত্বে চাবাপ।। তত্র ত্বখিলানামেব ভগবন্নাম্নাং কারণান্যভবন্। ততশ্চ তৎকারণকৃতানাং তেষামশেষাণামেবাচ্যুতনাম্নামনবরতানেক-জন্ম-সম্বর্দ্ধি-তদ্‌বিদ্বেষানু-বন্ধিচিত্তো বিনিন্দন-সন্তর্জনাদিষূচ্চারণমকরোৎ। তচ্চ রূপমতি-প্ররূঢ়-বৈরানুভাবাদটন-ভোজন-স্নানাসন-শয়নাদিষ্বশেষাবস্থান্তরেষু নৈবাপযযাবস্যাত্মচেতসঃ।। ততস্তমেবাক্রোশেষূচ্চারয়ন্ তমেব হৃদয়েনাবধারয়ন্নাত্মবিনাশায় ভগবদস্তচক্রাংশুমালোজ্জ্বলমক্ষয়-তেজঃস্বরূপং পরমব্রহ্মভূতমপগতদ্বেষাদিদোষো ভগবন্তমদ্রাক্ষীৎ। তাবচ্চ ভগবচ্চক্রেণাশুব্যাপাদিতস্তৎস্মরণদগ্ধাখিলাঘ-সঞ্চয়ো ভগবতা তেনান্তমুপনীতস্তস্মিন্নেব লয়মুপযযৌ।। এতচ্চ তবাখিলং ময়াভিহিতম্। অয়ং হি ভগবান্ কীর্ত্তিতঃ সংস্মৃতশ্চ দ্বেষানুবন্ধেনাপ্যখিলসুরাসুরাদিদুর্ল্লভং ফলং প্রযচ্ছতি, কিমুত সম্যগ্‌ভক্তিমতাম্।।" ইতি। নোক্তং পরাশরেণাত্র স্থিতৌ তৌ পার্ষদাবিতি। কিন্তুভয়োস্তয়োরাসীজ্জন্মত্রয়মিতীরিতম্।। অতঃ সর্ব্বেষু কল্পেষু ন তৌ পার্ষদজৌ মতৌ। অন্যথা ন তয়োঃ পাতঃ প্রতিকল্পং সমঞ্জসঃ।। নৃসিংহরূপং হরিণা যদাবিষ্কৃতমদ্ভুতম্। হিরণ্যকশিপোরস্মিন্ বিষ্ণুবুদ্ধির্ন নিশ্চিতা।। কিন্ত্বেষ পুণ্যসম্পন্নঃ কোঽপীতি কৃতনিশ্চয়ঃ। রজ-উদ্রিক্ততা নুন্নমতিস্তদ্ভাবযোগতঃ।। ততোঽবাপ্তবিনাশৈকহেতুকামখিলোত্তমাম্। অবাপ ভোগসম্পত্তিং রাবণত্বে সুদুর্ল্লভাম্।। বিষ্ণুত্বানিশ্চয়ান্নাতিদ্বেষান্নাবেশসন্ততিঃ। তাং বিনা চ ভবেদ্ দ্বেষো নরকায়ৈব বেণবৎ।। কিন্ত্বস্য সম্পৎ-সম্প্রাপ্তিস্তৎকরেণ মৃতেঃ পরম্। এবমাহৈব-শব্দেন তৎসাদ্‌গুণ্য-মনুস্মরন্।। আবেশাভাবতো দোষানাশাচ্ছুদ্ধমপশ্যতঃ। প্রকটেঽপি পরব্রহ্ম-রূপে তত্রাস্য নো লয়ঃ।। রাবণত্বে মহাকাম-পরাধীনী-কৃতাত্মনঃ। তদ্বন্মনুষ্যধীরস্য শ্রীরামেঽভূন্মৃতাবপি।। অতোঽসৌ চেদিরাজত্বে পুনরাপোত্তমাং শ্রিয়ম্।। তত্র কৃষ্ণে সমস্তানামেব নাম্নাং রমাপতেঃ। কারণানি প্রবৃত্তেস্তু নিমিত্তান্যভবংস্তদা।। তেন নিশ্চিত্য তং বিষ্ণুং স্বস্য দ্বির্মরণং যতঃ। অতিদ্বেষান্মহাবেশাৎ তানি নামানি সর্ব্বশঃ। জজল্প সততং শশ্বন্নিন্দা-সন্তর্জনাদিষু।। রূপঞ্চ তাদৃশং দৃষ্ট্বা বিষ্ণুরেবেতি নিশ্চয়াৎ। নামবৎ তচ্চ সর্ব্বত্র সর্ব্বদা চৈব সংস্মরন্।। দগ্ধতদ্দ্বেষজাঘৌঘঃ ক্ষিপ্তে চক্রে চ তদ্রুচা। অপেতদৈত্যভাবোঽন্তে তথা সংস্কৃতদৃষ্টিকঃ। তদা তূজ্জ্বলমদ্রাক্ষীৎ পরং ব্রহ্ম নরাকৃতি।। তদৈব চক্রঘাতেন দৈত্য-দেহে বিনাশিতে। তদেব ব্রহ্ম পরমমনুলীনত্বমাযযৌ।। ইত্যুক্তাপ্যত্র বক্যাদের্মোক্ষমপ্যর্ভলীলয়া। অমোক্ষং কালনেম্যাদেরন্যত্রাপীশচেষ্টয়া। মুনিঃ স্মৃত্বা পুনঃ প্রাখ্যৎ 'অয়ং হি ভগবান্' ইতি।। 'হি' প্রসিদ্ধং অয়ং কৃষ্ণো ভগবান্ স্বয়মেব যৎ। প্রীণতাং দ্বিষতাং চাতশ্চেতাংস্যাকর্ষতি দ্রুতম্। তস্মাৎ কীর্ত্তিত ইত্যাদি মাহাত্ম্যং চিত্রমত্র ন।।"

মর্ম্মানুবাদ—"বিষ্ণুপুরাণে চতুর্থ অংশে পরাশরের প্রতি মৈত্রেয়-প্রশ্ন—'হিরণ্যকশিপু ও রাবণের দেহ ধারণপূর্ব্বক যে দৈত্য অমরগণেরও দুষ্প্রাপ্য ভোগসমূহ লাভ করিয়াছিল, কিন্তু মুক্তি লাভ করে নাই, সেই দৈত্য আবার শিশুপালদেহে কি-প্রকারে শ্রীকৃষ্ণে সাযুজ্য লাভ করিল?' পরাশরের উত্তর—শ্রীনৃসিংহদেব আবির্ভূত হইলে হিরণ্যকশিপু নৃসিংহদেবকে 'ইনি বিষ্ণু' এই বুদ্ধি না করিয়া কোন পুণ্যরাশিসমুদ্ভূত প্রাণিবিশেষ বলিয়া মনে করিয়াছিল। রজোগুণের উদ্রেকহেতু মরণকালে তাঁহার রূপ চিন্তা করিতে পারে নাই, কিন্তু তাঁহার হস্তে নিধনফলে রাবণদেহে ত্রৈলোক্যাধিকারিণী নিরতিশয় ভোগসম্পত্তি লাভ করিয়াছিল। এই কারণে ভগবান্‌কে আলম্বন অর্থাৎ সেব্য বিষয়-বিগ্রহ বুদ্ধি না করায় তাহার মন ভগবানে বিলীন হয় নাই। সে রাবণদেহে কামপরবশত্বহেতু জানকীতে আসক্তচিত্ত হইয়া ভগবান্ শ্রীরামচন্দ্রের রূপ দর্শনমাত্র করিয়াছিল, কিন্তু মৃত্যুকালে শ্রীরামে বিষ্ণুবুদ্ধি না হইয়া, তাহার অন্তঃকরণে কেবল তৎপ্রতি মনুষ্যবুদ্ধি হইয়াছিল। পুনরায় শ্রীরামহস্তে পতনফলে শিশুপাল-দেহে শ্লাঘ্য চেদিরাজ-বংশে জন্ম এবং প্রচুর ঐশ্বর্য্য লাভ করিয়াছিল। শ্রীকৃষ্ণ বাসুদেব বলিয়া তাঁহাকে বিষ্ণু-জ্ঞানে বহুজন্মপর্য্যন্ত বিদ্বেষফলে তাহার চিত্তে সেই বিদ্বেষ দৃঢ়ভাবে সংলগ্ন থাকায় নিন্দন-তর্জ্জনাদিতেও সে কৃষ্ণের নাম উচ্চারণ করিত। আর বদ্ধমূল বিদ্বেষপ্রভাবে ভ্রমণ, ভোজন, স্নান, উপবেশন ও শয়নাদি কোন অবস্থায়ই কিছুতেই সেই সুন্দর ভগবদ্রূপ শিশুপালের কৃষ্ণাবিষ্ট চিত্ত হইতে অপসৃত হয় নাই। আক্রোশাদিতে সেই নামের উচ্চারণ এবং হৃদয়ে সেই রূপের অবধারণ করিতে করিতে অন্তিমকালে দ্বেষাদি অপরাধ দূর হওয়ায় নিজবিনাশ-নিমিত্ত আগত সুদর্শন-চক্রের কিরণচ্ছটায় পরমব্রহ্ম ভগবৎস্বরূপ দর্শন করিয়াছিল। (প্রতিকূল হইলেও) ভগবৎস্মরণপ্রভাবে অভদ্ররাশি দগ্ধ হওয়ায় শিশুপাল ভগবচ্চক্রে নিহত হইয়া ভগবৎসমীপে উপনীত হইয়া তাঁহাতে লয় প্রাপ্ত হইয়াছিল। হে মৈত্রেয়, ইহাই তোমার প্রশ্নের উত্তর। প্রতিকূল-অনুশীলন-ফলে কৃষ্ণদ্বেষিগণ যখন বৈরানুবন্ধদ্বারাও সদ্‌গতি লাভ করিতে পারে, তখন অনুকূল অনুশীলন-ফলে শুদ্ধভক্তগণ যে সর্ব্বাপেক্ষা উত্তমগতি কৃষ্ণপাদপদ্ম বা কৃষ্ণপ্রেম লাভ করিবেন, তাহাতে আর সন্দেহ কি? সেই দুই দৈত্য পূর্ব্বে

জ্ঞানী, যোগী ও হরিদ্বেষীর গতি ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।২৮০)-ধৃত ব্রহ্মাণ্ডপুরাণ-বচন—

সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি।
সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ হরিণা হতাঃ ॥ ৩৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৯। তমঃ অর্থাৎ মায়িকজগতের পারে ব্রহ্মধামরূপ 'সিদ্ধলোক'। সেখানে ব্রহ্মসুখমগ্ন মায়াবাদিগণ ও ভগবৎকর্ত্তৃক বিনষ্ট কংসাদি অসুরগণ বাস করেন ; পাতঞ্জল-যোগিগণ কৈবল্য লাভ করিয়াও সেই লোক প্রাপ্ত হইবেন।

৪০-৪৫। দ্বারকায় যে কৃষ্ণ-বলদেবাদি চতুর্ব্ব্যূহ, তাঁহারই

অনুভাষ্য

ভগবৎপার্ষদ জয় ও বিজয় ছিলেন,—পরাশর এই কথা না বলিয়া তাহারা তিনবার জন্ম পরিগ্রহ করিয়াছিল,—এইমাত্র বলিয়াছেন, অতএব এই ভগবৎপার্ষদদ্বয় যে সকল কল্পেই অসুররূপে জন্মগ্রহণ করেন, তাহা পরাশরের অভিপ্রায় নহে। তাহা না হইলে প্রতিকল্পেই ভগবৎপার্ষদের পতন হয়, একথা বড়ই অসঙ্গত (অর্থাৎ ভগবান্ বিষ্ণুতে সৃষ্টি করিবার ইচ্ছা-শক্তির ন্যায় যুদ্ধ করিবার ইচ্ছা-শক্তিও নিত্য বর্ত্তমান। ক্রীড়ামোদী মহারাজ যেমন প্রতিকূল-বৃত্তিবিশিষ্ট ক্রীড়কগণের সহিত সর্ব্বদা ক্রীড়া করিয়া থাকেন, আবার ক্রীড়কগণের অনুপস্থিতি হইলে স্বীয় পারিষদ বা অনুচর-গণকে প্রতিদ্বন্দ্বী করিয়া তাহাদিগের সহিত ক্রীড়ামোদ করেন এবং সেই অনুচরগণও প্রতিকূল-ভাবের সহিত ক্রীড়া করিয়া প্রভুর সন্তোষবিধান করে, তদ্রূপ ভগবান্ বিষ্ণুও প্রতিকূলভাবাপন্ন অনাদি-বহির্ম্মুখ জীব অথবা স্বীয় কোন পার্ষদকে প্রতিকূল-ভাবযুক্ত করিয়া এবং তাহারাও প্রতিকূল-ভাববিশিষ্ট হইয়া পরস্পরের যুদ্ধক্রীড়াবৃত্তি চরিতার্থ করেন, এজন্য প্রতিকল্পে ভগবৎপার্ষদের পতন অসঙ্গত)।

ভগবান্ যে অলৌকিক নৃসিংহরূপে আবির্ভূত হইয়াছিলেন, তাহাতে হিরণ্যকশিপুর বিষ্ণুবুদ্ধি হয় নাই, কিন্তু কোন পুণ্যরাশি-জাত প্রাণিমাত্র মনে হইয়াছিল। রজোগুণের উদ্রেকহেতু বুদ্ধি বিচ্ছিন্ন হওয়ায় নৃসিংহকে 'ইহা একটী তেজস্বী প্রাণী' এইরূপ ভাবনা করায়, সে অন্তিমকালে তাঁহার রূপের ভাবনা করিতে পারে নাই। সুতরাং কেবল নৃসিংহ-হস্তে বিনাশহেতু রাবণ-দেহে সুদুর্ল্লভ ভোগসম্পত্তি লাভ করিয়াছিল। বিষ্ণু বলিয়া নিশ্চয় ধারণার অভাবে এবং অতিদ্বেষের অভাবে ভগবানে আবেশবৃদ্ধি হয় না ; বেণ রাজার ন্যায় ভগবানে এই আবেশ-বৃদ্ধি ব্যতীত যে দ্বেষ, তাহা কেবল নরকের কারণ। অত্যন্ত আবেশ না হইলে নিন্দাদি-জনিত অপরাধের বিনাশ হইতে পারে না।

অপরাধ-নাশের অভাবে ভগবানের শুদ্ধস্বরূপ দর্শন না করায় পরব্রহ্ম নৃসিংহদেব প্রকট থাকিতেও হিরণ্যকশিপু তাঁহাতে লীন

পরব্যোমস্থ ২য় চতুর্ব্ব্যূহ দ্বারকার আদি-চতুর্ব্ব্যূহেরই প্রকাশ—

সেই পরব্যোমে নারায়ণের চারি পাশে।
দ্বারকার চতুর্ব্ব্যূহ দ্বিতীয় প্রকাশে ॥ ৪০ ॥

অনুভাষ্য

হইতে পারে নাই। রাবণদেহেও তাহার চিত্ত অত্যন্ত কামপরতন্ত্র হওয়ায় শ্রীরামে তাহার হিরণ্যকশিপুর ন্যায় মনুষ্যবুদ্ধি ছিল। এই কারণে সেই দৈত্য শিশুপালরূপে পুনর্ব্বার পূর্ব্বের ন্যায় উত্তম ভোগসম্পদ্ লাভ করিল। শ্রীকৃষ্ণে বাসুদেবত্ব থাকায় সেই নামযোগহেতু সে তৎকালে তাঁহাকে পূর্ব্বজন্মদ্বয়ের মৃত্যুর কারণ নিশ্চয় করিয়া অত্যন্ত দ্বেষ ও পরম আবেশবশতঃ সতত নিন্দা-তর্জ্জনাদিতেও সেইসকল নাম কীর্ত্তন করিত এবং তাঁহাতে চতুর্ভুজাদিরূপ দর্শন করিয়া ও বিষ্ণু বলিয়া নিশ্চয় হওয়ায় নামকীর্ত্তনের ন্যায় সেইরূপেরও অনুক্ষণ চিন্তা করিত। তজ্জন্য দ্বেষজনিত পাপরাশি দগ্ধ হওয়ায় শ্রীকৃষ্ণ-নিক্ষিপ্ত চক্রের দীপ্তিদ্বারা তাহার দৈত্যভাব দূর হইয়াছিল এবং শুদ্ধ-সংস্কৃত দিব্যচক্ষু লাভ করিয়া সে তাঁহার পরব্রহ্ম নরাকৃতি দর্শন করে। তৎকালে সুদর্শন-চক্রাঘাতে তাহার দৈত্যদেহ বিনষ্ট হইলে সে পরব্রহ্মে লীন হইয়াছিল। শ্রীকৃষ্ণে দ্বেষজনিত অতিশয় আবেশ-হেতু শিশুপাল তাঁহাতে সাযুজ্য-লয় প্রাপ্ত হইয়াছিল—এই কথা বলিয়া নিজের বাল্যলীলায় নিহত পূতনাদির মোক্ষ, কিন্তু অন্যাবতারে এবং ঈশ্বরচেষ্টাক্রমে নিহত কালনেমি প্রভৃতির মোক্ষাভাব আলোচনা করিয়া এই গদ্য কীর্ত্তন করিলেন। 'হি'—প্রসিদ্ধি অর্থে। অন্যান্য অবতার অপেক্ষা অবতারীকে বিদ্বেষ অর্থাৎ প্রতিকূলভাবেও কীর্ত্তন ও স্মরণ করিলে তাদৃশ অসুরেরও সদ্গতি লাভ হয়।" শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণকৃত ভাষ্যও দ্রষ্টব্য।

শ্রীসনাতন প্রভু বৃহদ্ভাগবতামৃতে' (গোলোক-মাহাত্ম্য-নামক ২য় খণ্ড ৩০-৩১ সংখ্যা)—'অহো শ্লাঘ্যঃ কথং মোক্ষো দৈত্যানামপি দৃশ্যতে। তৈরেব শাস্ত্রৈর্নিন্দ্যন্তে যে গো-বিপ্রাদি-ঘাতিনঃ।। সর্ব্বথা প্রতিযোগিত্বং যৎ সাধুত্বাসুরত্বয়োঃ। তৎ-সাধনেষু সাধ্যে চ বৈপরীত্যং কিলোচিতম্।।"

শ্রীসজ্জনতোষণী ১০ম খণ্ডে, শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরকৃত অনুবাদ,—যে-সকল দৈত্যগণকে শাস্ত্রে গো-বিপ্রাদিঘাতী বলিয়া নিন্দা করিয়াছেন, সেই কংসাদি দৈত্য যে সাযুজ্য মোক্ষলাভ করিয়াছে, সেই মোক্ষকে কিরূপে শ্লাঘ্য বলা যায়? ভগবদ্ভক্তগণই সাধু এবং ভগবদ্বিদ্বেষিগণই অসুর। সাধুত্ব ও অসুরত্বে যেরূপ সর্ব্বদা বৈপরীত্য-ধর্ম্ম আছে, তাহাদের সাধন ও সাধ্য-বিষয়েও সেইরূপ বৈপরীত্য-ভাব থাকা আবশ্যক। অসুরদের সাধুবিদ্বেষ ও গো-বিপ্রহননই সাধন এবং মোক্ষই সাধ্য ; ভক্তদিগের ভক্তিই

ইঁহারা তুরীয়—বিরাট্, গর্ভ ও কারণের অতীত ঃ—

বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ ।
'দ্বিতীয় চতুর্ব্ব্যূহ' এই—তুরীয়, বিশুদ্ধ ॥ ৪১ ॥

দ্বিতীয়-চতুর্ব্ব্যূহগত মহাসঙ্কর্ষণই চিচ্ছক্তির মূল-আশ্রয় ঃ—

তাঁহা যে রামের রূপ—মহাসঙ্কর্ষণ ।
চিচ্ছক্তি-আশ্রয় তিহোঁ, কারণের কারণ ॥ ৪২ ॥

চিচ্ছক্তি-সন্ধিনী-পরিণত তদ্রূপবৈভব ঃ—

চিচ্ছক্তি-বিলাস এক—'শুদ্ধসত্ত্ব' নাম ।
শুদ্ধসত্ত্বময় যত বৈকুণ্ঠাদি-ধাম ॥ ৪৩ ॥

ষড়ৈশ্বর্য্যাদি সমস্তই মহাসঙ্কর্ষণের চিদ্বৈভব ঃ—

ষড়্বিধৈশ্বর্য্য তাঁহা সকল চিন্ময় ।
সঙ্কর্ষণের বিভূতি সব, জানিহ নিশ্চয় ॥ ৪৪ ॥

মহাসঙ্কর্ষণই জীবশক্তির আশ্রয় ঃ—

'জীব'-নাম তটস্থাখ্য এক শক্তি হয় ।
মহাসঙ্কর্ষণ—সব জীবের আশ্রয় ॥ ৪৫ ॥

সঙ্কর্ষণেরই অংশ—কারণার্ণবশায়ী বিষ্ণু ঃ—

যাঁহা হৈতে বিশ্বোৎপত্তি, যাঁহাতে প্রলয় ।
সেই পুরুষের সঙ্কর্ষণ সমাশ্রয় ॥ ৪৬ ॥
সর্ব্বাশ্রয়, সর্ব্বাদ্ভুত, ঐশ্বর্য্য অপার ।
'অনন্ত' কহিতে নারে মহিমা যাঁহার ॥ ৪৭ ॥
তুরীয়, বিশুদ্ধসত্ত্ব, 'সঙ্কর্ষণ' নাম ।
তিঁহো যাঁর অংশ, সে-ই নিত্যানন্দ-রাম ॥ ৪৮ ॥
অষ্টম শ্লোকের কৈল সংক্ষেপ বিবরণ ।
নবম শ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ৪৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

দ্বিতীয়প্রকাশ পরব্যোমে। এই চতুর্ব্ব্যূহের নাম 'দ্বিতীয় চতুর্ব্ব্যূহ'; ইহাও চিন্ময় বিশুদ্ধ। তথায় বলরামের স্বরূপ মহাসঙ্কর্ষণ। সেই পরব্যোমে 'শুদ্ধসত্ত্ব' নামে চিচ্ছক্তির সন্ধিনী-বিলাস, যদ্দ্বারা বৈকুণ্ঠাদি শুদ্ধসত্ত্বময় ধাম ও ষড়্বিধ ঐশ্বর্য্য—এ সমস্তই মহাসঙ্কর্ষণের বিভূতি। মহাসঙ্কর্ষণই সকল জীবের আশ্রয়, সুতরাং তটস্থাখ্য জীব-শক্তির আশ্রয়। চিৎকণ-জীবসত্তা জীবশক্তিসম্ভূত হইয়াও মায়াশক্তির অভিভাব্য-রূপে নির্ম্মিত হওয়ায় 'মায়া' ও 'চিৎ' এই উভয়তটস্থ-ধর্ম্মজনিত 'তটস্থ' নাম প্রাপ্ত হইয়াছে।

অনুভাষ্য

সাধন ও প্রেমই সাধ্য। যাঁহারা সেই মোক্ষপ্রয়াসী, তাঁহারা সুতরাং অসাধুদিগের ন্যায় কেবল-জ্ঞানচেষ্টারূপ অসাধু সাধন আশ্রয় করেন।

৩৯। তমসঃ পারে (ত্রিগুণাতীতে প্রদেশে) তু সিদ্ধলোকঃ [বর্ত্ততে], যত্র সিদ্ধাঃ (নির্ভেদব্রহ্মজ্ঞানসিদ্ধাঃ, কৈবল্যযোগ-সিদ্ধাশ্চ) হরিণা (কৃষ্ণেন) হতাঃ দৈত্যাঃ চ, ব্রহ্মসুখে (নির্ব্বিশেষ-ব্রহ্মেশ্বর-সাযুজ্যে) মগ্নাঃ [সন্তঃ] বসন্তি হি।

পূর্ব্বোল্লিখিত ৩৫-৩৬ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

৪০। শ্রীরূপপ্রভু লঘুভাগবতামৃতে (চতুর্ব্ব্যূহবর্ণন-প্রসঙ্গে ৮৩-৮৪ সংখ্যায়)—"পাদ্মে তু পরমব্যোম্নঃ পূর্ব্বাদ্যে দিক্-চতুষ্টয়ে। বাসুদেবাদয়ো ব্যূহাশ্চত্বারঃ কথিতাঃ ক্রমাৎ।। তথা পাদবিভূতৌ চ নিবসন্তি ক্রমাদিমে। জলাবৃতিস্থ-বৈকুণ্ঠস্থিত-বেদবতীপুরে।। সত্যোর্দ্ধে বৈষ্ণবে লোকে নিত্যাখ্যে দ্বারকাপুরে। শুদ্ধোদাদুত্তরে শ্বেতদ্বীপে চৈরাবতীপুরে। ক্ষীরাম্বুধিস্থিতানন্ত-ক্রোড়-পর্য্যঙ্ক-ধামনি।।"

পরব্যোমের পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে বাসুদেবাদি চতুর্ব্ব্যূহ ক্রমান্বয়ে অবস্থান করেন, ইহাই পদ্মপুরাণে কথিত হইয়াছে।

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৮। মহাসঙ্কর্ষণ—চিন্ময়বিশুদ্ধসত্ত্ব ; তিনি নিত্যানন্দ-রামের অঙ্গ অর্থাৎ 'প্রকাশ'।

অনুভাষ্য

আর একপাদবিভূতিতে অর্থাৎ প্রপঞ্চমধ্যে ক্রমে চারিস্থানে এই বাসুদেবাদি চারি মূর্ত্তি বাস করিতেছেন। জলাবরণস্থ বৈকুণ্ঠে বেদবতীপুরে বাসুদেব, সত্যলোকের উপরিভাগে বিষ্ণুলোকে সঙ্কর্ষণ, নিত্যাখ্য দ্বারকাপুরে প্রদ্যুম্ন এবং শুদ্ধজলনিধির উত্তর-তীরস্থিত ক্ষীরসমুদ্রের মধ্যবর্ত্তী শ্বেতদ্বীপস্থ ঐরাবতীপুরে অনন্তশয্যায় অনিরুদ্ধ বাস করিতেছেন।

৪১। সঙ্কর্ষণ—অপর নাম 'মহাসঙ্কর্ষণ' (পরবর্ত্তী ৪২-৪৮ সংখ্যায় বর্ণিত)।

৪৮। মূলে 'অংশ'-পাঠ, প্রবাহভাষ্যে 'অঙ্গ'-পাঠ—উভয়ই একার্থ-প্রতিপাদক।

৪১-৪৮। ব্রহ্মসূত্রের ২য় পাদে দ্বিতীয় অধ্যায়ের 'উৎপত্ত্য-সম্ভবাধিকরণে" শ্রীশঙ্করাচার্য্য স্বীয় ভাষ্যমধ্যে চতুর্ব্ব্যূহের বিষয়ে যে ভ্রমপূর্ণ বিচার উত্থাপন করিয়াছেন, তাহার মীমাংসা-স্বরূপে গ্রন্থকার ৪১-৪৭ সংখ্যায় উক্ত মতবাদ নিরাস করিয়া দেখাইয়াছেন। অদ্বয়জ্ঞান বিষ্ণুবস্তুকে দৃশ্যজগতের অন্যতম বস্তুজ্ঞানে শ্রীপাদের যে ভ্রান্তি, তাহা পঞ্চরাত্রে শ্রীনারায়ণ স্বয়ং তাঁহাকে বুঝাইয়া দিয়াছেন, কিন্তু বদ্ধ ও আসুর-প্রকৃতি জীবের মোহের জন্য তাঁহাকে যে বিপ্রলিপ্সা অবলম্বন করিতে হইয়াছে, তৎফলেই অপ্পয়দীক্ষিতাদি অদ্বৈতপন্থী ভ্রান্তির চরম-সীমায় উপনীত হইয়াছেন। বদ্ধজীবগণের যোগ্যতায় চতুর্ব্ব্যূহজ্ঞান সম্ভবপর নহে। তাহাদের নির্ব্বুদ্ধিতা-বর্দ্ধনের জন্য আচার্য্যের এইপ্রকার দুরুক্তি। চতুর্ব্ব্যূহ শুদ্ধসত্ত্বময়, চিচ্ছক্তিবিলাসী ও ষড়্বিধ ঐশ্বর্য্যসম্পন্ন। তাঁহাদিগকে দরিদ্র ও নিঃশক্তিক বলা ও বোধ করা—মূঢ় জীবের ধর্ম্ম। তাদৃশ জীব মায়ামোহিত হইবারই

অনুভাষ্য

যোগ্য। বৈকুণ্ঠ ও মায়িকদেশকে বুঝিতে না পারিলে এইপ্রকার ভ্রান্তিই সম্ভাবনা। শ্রীপাদ শঙ্কর ব্রহ্মসূত্রের দ্বিতীয় অধ্যায়ে দ্বিতীয় পাদের ৪২-৪৫ সংখ্যক সূত্রের ভাষ্যে এই 'চতুর্ব্ব্যূহ-বাদ' নিরাস করিবার বৃথা প্রয়াস করিয়াছেন। শ্রীপাদ শঙ্করাচার্য্যের ভাষ্য হইতে 'চতুর্ব্ব্যূহ'-সম্বন্ধে তাঁহার বিকৃত ধারণামূলক বাক্য (নিম্নে) উদ্ধৃত হইতেছে।

"উৎপত্ত্যসম্ভবাৎ" (৪২)—(শঃ ভাঃ)— *** "তত্র ভাগবতা মন্যন্তে, ভগবানেবৈকো বাসুদেবো নিরঞ্জনো জ্ঞানস্বরূপঃ পরমার্থ-তত্ত্বম্। স চতুর্দ্ধাত্মানং প্রবিভজ্য প্রতিষ্ঠিতো বাসুদেবব্যূহ-রূপেণ সঙ্কর্ষণব্যূহরূপেণ প্রদ্যুম্ন-ব্যূহরূপেণাঽনিরুদ্ধব্যূহরূপেণ চ। বাসুদেবো নাম পরমাত্মোচ্যেতে, সঙ্কর্ষণো নাম জীবঃ, প্রদ্যুম্নো নাম মনঃ, অনিরুদ্ধো নামাহঙ্কারঃ। তেষাং বাসুদেবঃ পরা প্রকৃতিঃ, ইতরে সঙ্কর্ষণাদয়ঃ কার্য্যম্। তত্র যত্তাবদুচ্যতে, যোঽসৌ নারায়ণঃ পরঃ পরমাত্মা সর্ব্বাত্মা, স আত্মানাত্মনমনেকধা ব্যূহ্যাবস্থিত ইতি, তন্ন নিরাক্রিয়তে। যৎ পুনরিদমুচ্যতে,—বাসুদেবাৎ সঙ্কর্ষণ উৎপদ্যতে, সঙ্কর্ষণাচ্চ প্রদ্যুম্নঃ, প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধ ইতি, অত্র ব্রূমঃ —ন বাসুদেবসংজ্ঞকাৎ পরমাত্মনঃ সঙ্কর্ষণসংজ্ঞস্য জীবস্যোৎ-পত্তিঃ সম্ভবতি, অনিত্যত্বাদিদোষপ্রসঙ্গাৎ। উৎপত্তিমত্ত্বে হি জীবস্যানিত্যত্বাদয়ো দোষাঃ প্রসজ্যেরন্, ততশ্চ নৈবাস্য ভগবৎ-প্রাপ্তির্মোক্ষঃ স্যাৎ, কারণাপ্রাপ্তৌ কার্য্যস্য প্রবিলয়প্রসঙ্গাৎ। প্রতিষেধিষ্যতে চাচার্য্যো জীবস্যোৎপত্তিং 'নাত্মাশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ' ইতি। তস্মাদসঙ্গতৈষাং কল্পনা।"

ভাষ্যার্থ এই—"ভাগবতগণ মনে করেন যে, ভগবান্ বাসুদেব এক, তিনি নিরঞ্জন, জ্ঞানবপুঃ এবং তিনিই পরমার্থতত্ত্ব। তিনি স্বয়ং আপনাকে চতুর্দ্ধা বিভাগ করিয়া বিরাজ করিতেছেন। সেই চারিপ্রকার ব্যূহ এই—১ম বাসুদেব-ব্যূহ, ২য় সঙ্কর্ষণ-ব্যূহ, ৩য় প্রদ্যুম্ন-ব্যূহ, ৪র্থ অনিরুদ্ধ-ব্যূহ, এই চারিপ্রকার ব্যূহই তাঁহার শরীর। বাসুদেবের অপর নাম 'পরমাত্মা', সঙ্কর্ষণের অন্য নাম 'জীব', প্রদ্যুম্নের নামান্তর 'মন', এবং অনিরুদ্ধের আর একটী নাম 'অহঙ্কার'। এই ব্যূহচতুষ্টয়মধ্যে বাসুদেব-ব্যূহই পরা প্রকৃতি অর্থাৎ মূলকারণ। সঙ্কর্ষণ প্রভৃতি বাসুদেব-ব্যূহ হইতে সমুৎপন্ন হইয়াছেন, সুতরাং সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ, সেই পরা প্রকৃতির কার্য্য। জীব দীর্ঘকাল ভগবদ্‌গৃহে গমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগসাধনে রত থাকিয়া নিষ্পাপ হয় এবং পুণ্যশরীরী হইয়া পরা প্রকৃতি ভগবানকে লাভ করে। মহাত্মা ভাগবতগণ যে বলেন, নারায়ণ প্রকৃতির পর এবং পরমাত্ম-নামে প্রসিদ্ধ ও সর্ব্বাত্মা, তাহা শ্রুতিবিরুদ্ধ নহে এবং তিনি যে আপনা আপনি অনেক-প্রকার ব্যূহভাবে অবস্থিত বা বিরাজমান, তাহাও আমরা স্বীকার করি। অতএব ভাগবত-মতের ঐ অংশ এই সূত্রের নিরাকরণীয় নহে। ভাগবতগণ যে বলেন, বাসুদেব হইতে সঙ্কর্ষণের, সঙ্কর্ষণ হইতে প্রদ্যুম্নের, প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধের উৎপত্তি হইয়াছে, এতদংশের নিষেধার্থই আচার্য্য এই সূত্র গ্রথিত করিয়াছেন।

অনিত্যত্বাদি-দোষগ্রস্ত বলিয়া বাসুদেব-সংজ্ঞক পরমাত্মা হইতে সঙ্কর্ষণ-সংজ্ঞক জীবের উৎপত্তি একান্ত অসম্ভব। জীব যদি উৎপত্তিমান হয়, তাহা হইলে তাহাতে অনিত্যত্বাদি-দোষ অপরিহার্য্য হইবে। জীব নশ্বর স্বভাব হইলে তাহার ভগবৎ-প্রাপ্তিরূপ মোক্ষ হইতেই পারে না। কারণ-বিনাশে কার্য্য-বিনাশ অবশ্যম্ভাবী। আচার্য্য বেদব্যাস জীবের উৎপত্তি ২য় অধ্যায়ের ৩য় পাদের "নাত্মাশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ" এই সূত্রদ্বারা নিষেধ করিয়াছেন এবং উৎপত্তিনিষেধদ্বারা নিত্যতা প্রমাণিত করিবেন। অতএব এই কল্পনা অসঙ্গত।"

"ন চ কর্ত্তুঃ করণম্" (৪৩)—(শঃ ভাঃ)—'ইতশ্চাসঙ্গ-তৈষাং কল্পনা, যস্মান্ন হি লোকে কর্ত্তুর্দেবদত্তাদেঃ করণং পরশ্বা-দুৎপদ্যমানং দৃশ্যতে। বর্ণয়ন্তি চ ভাগবতাঃ—কর্ত্তুর্জীবাৎ সঙ্কর্ষণ-সংজ্ঞকাৎ করণং মনঃ প্রদ্যুম্নসংজ্ঞকমুৎপদ্যতে, কর্ত্তৃজাচ্চ তস্মাদ-নিরুদ্ধ-সংজ্ঞকোঽহঙ্কার উৎপদ্যত ইতি। ন চৈতদ্দৃষ্টান্তমন্তরেণা-ধ্যবসিতুং শক্নুমঃ। ন চৈবম্ভূতাং শ্রুতিমুপলভামহে।'

ভাষ্যার্থ এই—'এতাদৃশী কল্পনা যে অসঙ্গত, তাহার কারণ আছে। লোকমধ্যে দেবদত্তাদি কর্ত্তা হইতে দাত্রাদি (কুঠারাদি) করণের উৎপত্তি দৃষ্টিগোচর হয় না ; অথচ ভাগবতগণ বর্ণনা করেন—সঙ্কর্ষণ-নামক কর্ত্তা-জীব হইতে প্রদ্যুম্ন-নামক করণ-মন জন্মিয়াছে, আবার সেই কর্ত্তৃজাত প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধ-অহঙ্কারের উৎপত্তি হয়। ভাগবতেরা এই কথা দৃষ্টান্তদ্বারা বুঝাইতে না পারিলে কি-প্রকারে গ্রহণ করা যাইতে পারে? এই তত্ত্বের অববোধক শ্রুতি-বাক্যও শুনা যায় না।'

"বিজ্ঞানাদিভাবে বা তদপ্রতিষেধঃ" (৪৪)—(শঃ ভাঃ)—'তথাপি স্যান্ন চৈতে সঙ্কর্ষণাদয়ো জীবাদিভাবেনাভিপ্রায়ন্তে, কিং তর্হি, ঈশ্বরা এবৈতে সর্ব্বে জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজোভি-রৈশ্বর্য্যধর্ম্মৈরন্বিতা অভ্যুপগম্যন্তে, বাসুদেবা এবৈতে সর্ব্বে নির্দ্দোষা নিরধিষ্ঠানা নিরবদ্যাশ্চেতি, তস্মান্নায়ং যথাবর্ণিত উৎপত্ত্যসম্ভবো দোষঃ প্রাপ্নোতীতি, অত্রোচ্যতে—এবমপি তদ-প্রতিষেধ উৎপত্ত্যসম্ভবস্যাপ্রতিষেধঃ প্রাপ্নোত্যেব। অয়মুৎপত্ত্য-সম্ভবো দোষঃ প্রকারান্তরেণেত্যভিপ্রায়ঃ। কথম্? যদি তাবদয়ম-ভিপ্রায়ঃ—পরস্পরভিন্না এবৈতে বাসুদেবাদয়শ্চত্বার ঈশ্বরাস্তুল্য-ধর্ম্মাণো নৈষামেকাত্মকত্বমস্তীতি, ততোঽনেকেশ্বর-কল্পনানর্থক্যং, একেনৈবেশ্বরেণেশ্বরকার্য্যসিদ্ধেঃ ; সিদ্ধান্তহানিশ্চ—ভগবানেকো বাসুদেবঃ পরমার্থতত্ত্বমিত্যভ্যুপগমাৎ। অথায়মভিপ্রায়—একস্যৈব

অনুভাষ্য

ভগবত এতে চত্বারো ব্যূহাস্তুল্যধর্ম্মাণ ইতি, তথাপি তদবস্থ এবোৎপত্ত্যসম্ভবঃ। ন হি বাসুদেবাৎ সঙ্কর্ষণস্যোৎপত্তিঃ সম্ভবতি, সঙ্কর্ষণাচ্চ প্রদ্যুম্নস্য, প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধস্য, অতিশয়াভাবাৎ। ভবিতব্যং হি কার্য্যকারণয়োরতিশয়েন যথা মৃদ্ঘটয়োঃ। ন হ্যসত্যতিশয়ে কার্য্যং কারণমিত্যবকল্পতে। ন চ পঞ্চরাত্রসিদ্ধান্তিম্বেকৈকস্মিন্ সর্ব্বেষু বা জ্ঞানৈশ্বর্য্যাদিতারতম্যকৃতঃ কশ্চিদ্ভেদোঽভ্যুপগম্যতে। বাসুদেবা এব হি সর্ব্বে ব্যূহা নির্ব্বিশেষা ইষ্যন্তে। ন চৈতে ভগবদ্ব্যূহাশ্চতুঃসংখ্যায়ামেবাবতিষ্ঠেরন্, ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য সমস্তস্যৈব জগতো ভগবদ্ব্যূহত্বাবগমাৎ।'

ভাষ্যার্থ এই—'ভাগবতদিগের এমন অভিপ্রায়ও হইতে পারে যে উক্ত সঙ্কর্ষণাদি জীবভাবান্বিত নহেন ; তাঁহারা সকলেই ঈশ্বর, সকলেই জ্ঞানশক্তি, ঐশ্বর্য্যশক্তিযুক্ত, বল, বীর্য্য ও তেজঃসম্পন্ন, সকলেই বাসুদেব, সকলেই নির্দ্দোষ, নিরধিষ্ঠিত, নিরবদ্য। সুতরাং, তাঁহাদের সম্বন্ধে উৎপত্ত্যসম্ভব-দোষ নাই। এই অভি-প্রায়ের উপর বলা যাইতেছে যে, এইপ্রকার অভিপ্রায় থাকিলেও উৎপত্ত্যসম্ভবদোষ নিবারিত হয় না, অন্যপ্রকারে এই দোষ থাকিয়া যায়। বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ—ইঁহারা পরস্পর ভিন্ন, একাত্মক নহেন ; অথচ সকলেই সমধর্ম্মী ও ঈশ্বর। এই অর্থ অভিপ্রেত হইলে অনেক ঈশ্বর স্বীকার করিতে হয়। অনেক ঈশ্বর-স্বীকার নিষ্প্রয়োজন। কেননা, এক ঈশ্বরদ্বারাই ঈশ্বর-কার্য্য সিদ্ধ হয়। আরও, ভগবান্ বাসুদেব এক অর্থাৎ অদ্বিতীয় ও পরমার্থ-তত্ত্ব, এইরূপ প্রতিজ্ঞা থাকায় সিদ্ধান্তহানিদোষও প্রসক্ত হইতেছে। অভিপ্রায় এই—এই চতুর্ব্যূহ একটী মাত্র ভগবানেরই এবং তাঁহারা সকলেই সমধর্ম্মী। এইরূপ হইলেও উৎপত্ত্যসম্ভব-দোষ পরিহার করা যায় না ; কেননা, কোনরূপ আতিশয্য (ন্যূনতাধিক্য) না থাকিলে বাসুদেব হইতে সঙ্কর্ষণের, সঙ্কর্ষণ হইতে প্রদ্যুম্নের এবং প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধের জন্ম হইতে পারে না। কার্য্য-কারণ-মধ্যে কোনও বৈশিষ্ট্য আছে, ইহা স্বীকার করিতে হইবে ; যেমন, মৃত্তিকা হইতে ঘট হয়। অতিশয় না থাকিলে কোন্‌টী কার্য্য, কোন্‌টী কারণ, তাহা নির্দ্দেশ করিতে পারা যায় না। আরও দেখ, পঞ্চরাত্র-সিদ্ধান্তীরা বাসুদেবাদির জ্ঞানাদি-তারতম্যকৃত কোন ভেদ মানেন না, প্রত্যুত ব্যূহচতুষ্টয়কে অবিশেষে বাসুদেব মান্য করেন। ভগবানের ব্যূহ কি চতুঃসংখ্যায় পর্য্যাপ্ত? অবশ্যই তাহা নহে। ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত সমুদায় জগৎ ভগবদ্ব্যূহ—ইহা শ্রুতি, স্মৃতি, উভয়ত্র প্রমাণিত হইয়াছে।'

'বিপ্রতিষেধাচ্চ' (৪৫)—(শঃ ভাঃ)—"বিপ্রতিষেধশ্চাস্মিন্ শাস্ত্রে বহুবিধ উপলভ্যতে গুণগুণিত্ব-কল্পনাদিলক্ষণঃ। জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজাংসি গুণাঃ, আত্মান এবৈতে ভগবন্তো বাসুদেবা ইত্যাদিদর্শনাৎ।'

অনুভাষ্য

ভাষ্যার্থ এই—'ভাগবতদিগের পঞ্চরাত্রাদি শাস্ত্রে গুণগুণিভাব প্রভৃতি অনেকপ্রকার বিরুদ্ধ কল্পনা দেখা যায়। নিজেই গুণ, নিজেই গুণী, ইহা কোনওপ্রকারে সম্ভাব্য নহে। ভাগবতগণ বলিয়া থাকেন, জ্ঞানশক্তি, ঐশ্বর্য্যশক্তি, বল, বীর্য্য ও তেজঃ—এইসকল গুণ, এবং প্রদ্যুম্নাদি ভিন্ন হইলেও ইঁহারা আত্মা এবং ভগবান্ বাসুদেব।

শ্রীপাদ শঙ্করাচার্য্যের এই মতবাদের উত্তরে শ্রীরূপপ্রভু লঘুভাগবতামৃতে (চতুর্ব্ব্যূহ-বর্ণন-প্রসঙ্গে ৮০-৮৩ শ্লোকে)—"মহাবস্থাখ্যয়া খ্যাতং যদ্ব্যূহানাং চতুষ্টয়ম্। তস্যাদ্যোঽয়ং তথোপাস্যশ্চিত্তে তদধিদৈবতম্। তথা বিশুদ্ধসত্ত্বস্য যশ্চাধিষ্ঠানমুচ্যতে।। নিজাংশো যস্য ভগবান্ শ্রীসঙ্কর্ষণ ইষ্যতে। যস্তু সঙ্কর্ষণো ব্যূহো দ্বিতীয় ইতি সম্মতঃ। জীবশ্চ স্যাৎ সর্ব্বজীবপ্রাদুর্ভাবাস্পদত্বতঃ।। পূর্ণশারদ-শুভ্রাংশুপরার্দ্ধমধুরদ্যুতিঃ। উপাস্যোঽয়মহঙ্কারে শেষন্যস্তনিজাংশকঃ।। স্মরারাতেরধর্ম্মস্য সর্পান্তকসুরদ্বিষাম্। অন্তর্যামিত্বমাস্থায় জগৎসংহারকারকঃ।। ব্যূহস্তৃতীয়ঃ প্রদ্যুম্নো বিলাসো যস্য বিশ্রুতঃ। যঃ প্রদ্যুম্নো বুদ্ধিতত্ত্বে বুদ্ধিমদ্ভিরুপাস্যতে।। স্তবত্যা চ শ্রিয়া দেব্যা নিষেব্যত ইলাবৃতে। শুদ্ধজাম্বুনদপ্রখ্যঃ ক্বচিন্নীলঘনচ্ছবিঃ।। নিদানং বিশ্বসর্গস্য কামন্যস্তনিজাংশকঃ। বিধেঃ প্রজাপতীনাঞ্চ রাগিণাঞ্চ স্মরস্য চ। অন্তর্যামিত্বমাপন্নঃ সর্গং সম্যক্ করোত্যসৌ।। ব্যূহস্তুর্য্যোঽনিরুদ্ধাখ্যো বিলাসো যস্য শস্যতে। যোঽনিরুদ্ধো মনস্তত্ত্বে মনীষিভিরুপাস্যতে।। নীলজীমূতসঙ্কাশো বিশ্বরক্ষণতৎপরঃ। ধর্ম্মস্যায়ং মনূনাঞ্চ দেবানাং ভূভুজাং তথা। অন্তর্যামিত্বমাস্থায় কুরুতে জগতঃ স্থিতিম্।। মোক্ষধর্ম্মে তু মনসঃ স্যাৎ প্রদ্যুম্নোঽধিদৈবতম্। অনিরুদ্ধস্ত্বহঙ্কারস্যেতি তত্রৈব কীর্ত্তিতম্।। সর্ব্বেষাং পঞ্চরাত্রাণামপ্যেষা প্রক্রিয়া মতা। পাদ্মে তু পরমব্যোম্নঃ পূর্ব্বাদ্যে দিক্চতুষ্টয়ে। বাসুদেবাদয়ো ব্যূহাশ্চত্বারঃ কথিতা ক্রমাৎ।।"

পরব্যোম-মহাবৈকুণ্ঠনাথ নারায়ণের 'মহাবস্থ'-নামক বিখ্যাত ব্যূহচতুষ্টয়ের মধ্যে এই বাসুদেব 'আদিব্যূহ' এবং চিত্তে উপাস্য; যেহেতু ইনি চিত্তের অধিষ্ঠাতৃদেবতা এবং বিশুদ্ধ-সত্ত্বে অধিষ্ঠিত। (ভাঃ ৪।৩।২৩) শ্রীসঙ্কর্ষণ ইহার স্বাংশ অর্থাৎ বিলাস। সঙ্কর্ষণকে 'দ্বিতীয়ব্যূহ' এবং সকল জীবের প্রাদুর্ভাবের আস্পদ্ বলিয়া 'জীব'ও বলিয়া থাকে। অসংখ্য শারদীয় পূর্ণ শশধরের শুভ্রকিরণ অপেক্ষাও তাঁহার অঙ্গকান্তি সুমধুর। তিনি অহঙ্কারতত্ত্বে উপাস্য; তিনি অনন্তদেবে স্বীয় আধারশক্তি নিধন করিয়াছেন এবং তিনি স্মরারাতি রুদ্র এবং অধর্ম্ম, অহি, অন্তক ও অসুরদিগের অন্তর্যামিরূপে (থাকিয়া) জগতের সংহারকার্য্য সম্পাদন করেন। সেই সঙ্কর্ষণের বিলাসমূর্ত্তি প্রদ্যুম্ন তৃতীয়ব্যূহ। বুদ্ধিমান্‌গণ বুদ্ধিতত্ত্বে এই প্রদ্যুম্নের উপাসনা করিয়া থাকেন। লক্ষ্মীদেবী ইলাবৃত-

অনুভাষ্য

বর্ষে তাঁহার গুণগান করিতে করিতে পরিচর্য্যা করিতেছেন। কোন স্থানে তপ্ত জাম্বুনদের (সুবর্ণের) ন্যায়, কোন স্থানে বা নবীন-নীল-জলধরের ন্যায় তাঁহার অঙ্গকান্তি। তিনি বিশ্বসৃষ্টির নিদান এবং স্বীয় স্রষ্টৃত্ব-শক্তি কন্দর্পে নিহিত করিয়াছেন। যিনি বিধাতা, সমস্ত প্রজাপতি, বিষয়ানুরক্ত দেবমানবাদি প্রাণিগণ এবং কন্দর্পের অন্তর্যামিরূপে সৃষ্টিকার্য্য সম্পাদন করেন। চতুর্থ-ব্যূহ অনিরুদ্ধ ইঁহার (সঙ্কর্ষণের) বিলাসমূর্ত্তি। মনীষিগণ মনস্তত্ত্বে এই অনিরুদ্ধের উপাসনা করিয়া থাকেন। তাঁহার অঙ্গকান্তি নীল-নীরদের সদৃশ। তিনি বিশ্বরক্ষণে তৎপর। তিনি ধর্ম্ম, মনু, দেবতা এবং নরপতিগণের অন্তর্যামিরূপে জগতের পালন করেন। মোক্ষধর্ম্মে প্রদ্যুম্নকে মনের অধিদেবতা এবং অনিরুদ্ধকে অহঙ্কারের অধিদেবতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। পূর্ব্বোক্ত প্রক্রিয়া (অর্থাৎ প্রদ্যুম্ন যে বুদ্ধির এবং অনিরুদ্ধ যে মনের অধিদেবতা, ইহা) সর্ব্ববিধ পঞ্চরাত্রের সম্মত।

ভগবানের বিলাস ও অচিন্ত্যশক্তি-সম্বন্ধে লঘুভাগবতামৃতে (৪৪-৪৬ সংখ্যা)—

"নন্বিদং শ্রূয়তে শাস্ত্রে মহাবারাহ-বাক্যতঃ। 'সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ। হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ।। পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ। সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণা সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ।।' ইতি। কিঞ্চ শ্রীনারদ-পঞ্চরাত্রে—'মণির্যথা বিভাগেন নীল-পীতাদিভির্যুতঃ। রূপভেদমবাপ্নোতি ধ্যানভেদাৎ তথাচ্যুতঃ।।' ইতি। তস্মাৎ কথং তারতম্যং তেষাং ব্যাখ্যায়তে ত্বয়া।। অত্রোচ্যতে—'একত্বঞ্চ পৃথকত্বঞ্চ তথাংশত্বমুতাংশিতা। তস্মিন্নেকত্র নাযুক্তমচিন্ত্যানন্তশক্তিতঃ।।' তত্রৈকত্বেঽপি পৃথক্প্রকাশিতা, যথা—(ভাঃ ১০।৬৯।২) 'চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ।।' ইতি। পৃথক্ত্বেঽপ্যেকরূপতাপত্তিঃ, যথা পাদ্মে—'স দেবো বহুধা ভূত্বা নির্গুণঃ পুরুষোত্তমঃ। একীভূয় পুনঃ শেতে নির্দ্দোষো হরিরাদিকৃৎ।।' ইতি। একস্যৈব অংশাংশিত্বং বিরুদ্ধশক্তিত্বঞ্চ, যথা (ভাঃ ১০।৪০।৭)—'যজন্তি ত্বন্ময়াস্ত্বাং বৈ বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকম্।।' ইতি। কৌর্ম্মে চ—'অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ। অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ। ঐশ্বর্য্যযোগাদ্ ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে।। তথাপি দোষা পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন। গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্ততঃ।।" ইতি। শ্রীষষ্ঠস্কন্ধে মিথো বিরুদ্ধাচিন্ত্যশক্তিত্বং যথা গদ্যেষু (ভাঃ ৬।৯।৩৪-৩৭)—"দুরববোধ ইবায়ং তব বিহারযোগো যদশরণোঽশরীর ইদমনবেক্ষিতাস্মৎসমবায় আত্মনৈবাবিক্রিয়মাণেন সগুণমগুণঃ সৃজসি হরসি পাসি।। অথ তত্রভবান্ কিং দেবদত্তবদিহ গুণবিসর্গপতিতঃ পারতন্ত্র্যেণ স্বকৃতকুশলাকুশলং ফলমুপাদদাতি? আহোস্বিদাত্মারাম উপশমশীলঃ সমঞ্জসদর্শন উদাস্তে? ইতি হ বাব ন বিদামঃ।। ন হি বিরোধ উভয়ং ভগবত্যপরিগণিতগুণগণে ঈশ্বরে অনবগাহ্যমাহাত্ম্যেঽর্ব্বাচীন-বিকল্প-বিতর্ক-বিচার-প্রমাণাভাসকুতর্ক-শাস্ত্রকলিতান্তঃকরণাশয়-দুরবগ্রহবাদিনাং বিবাদানবসরে।। উপরতসমস্তমায়াময়ে কেবল এবাত্মমায়ামন্তর্দ্ধায় কো ন্বর্থো দুর্ঘট ইব ভবতি, স্বরূপদ্বয়াভাবাৎ সম-বিষমমতীনাং মতমনুসরসি যথা রজ্জুখণ্ডঃ সর্পাদিধিয়াম্।" ইতি। অত্র কারিকাঃ—"বিনা শরীরচেষ্টত্বং বিনা ভূম্যাদিসংশ্রয়ম্। বিনা সহায়াংস্তে কর্ম্মাবিক্রিয়স্য সুদুর্গমম্।। উক্তো গুণবিসর্গেণ দেবাসুররণাদিকঃ।। তস্মিন্ পতিত আসক্তঃ পারতন্ত্র্যাত্তু তদ্ভবেৎ। যদাশ্রিতেষু দেবেষু পারবশ্যং কৃপাকৃতম্।। তেন স্বকৃতমাত্মীয়কৃতং শুভশুভেতরৎ। সুখদুঃখাদিরূপং কিং ফলং স্বীকুরুতে ভবান্। আত্মারামতয়া কিংবা তত্রোদাস্তেতরামিতি। ন বিদ্মঃ কিন্তু নৈবেদং বিরুদ্ধমুভয়ং ত্বয়ি।। তত্র হেতুর্ভগবতীত্যাদি প্রোক্তং পদদ্বয়ম্। তথৈবেশ্বর-ইত্যাদিপদানাং পঞ্চকং মতম্।। ভগবত্ত্বেন সার্ব্বজ্ঞ্যং সদ্‌গুণত্বং তথান্যতঃ। ব্রহ্মত্বং কেবলত্বেন লভ্যতে তত্র চ স্ফুটম্।। যদ্যপি ব্রহ্মতাহেতোঃ সর্ব্বত্র স্যাৎ তটস্থতা। তথাপ্যাদিগুণদ্বয্যা ভবেদ্ভক্তানুকূলতা।। নন্বেকস্য স্বরূপস্য দ্বৈরূপ্যং কথমেকদা। তত্রাহ অর্ব্বাচীনেতি তাদৃশানাং হি বাদিনাম্। বিবাদস্যানবসরে তস্য তাবদগোচরে।। অতোঽচিন্ত্যাত্মশক্তিং তাং মধ্যেকৃত্যাত্র দুর্ঘটঃ। কো ন্বর্থঃ স্যাদ্ বিরুদ্ধোঽপি তথৈবাস্যা হ্যচিন্ত্যতা। সা চ নানাবিরুদ্ধানাং কার্য্যাণামাশ্রয়াত্মতা।। 'শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ' ইতি চ ব্রহ্মসূত্রকৃৎ। 'অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।' ইতি স্কান্দবচস্তচ্চ মণ্যাদিষ্বপি দৃশ্যতে।। তাদৃশীঞ্চ বিনা শক্তিং ন সিদ্ধেৎ পরমেশতা। যতশ্চানবগাহ্যত্বেনাস্য মাহাত্ম্যমুচ্যতে।। অজ্ঞানমিন্দ্রজালং বা বীক্ষ্যতে যত্র-কুত্রচিৎ। অতো ন পারমৈশ্বর্য্যং তেন তস্য প্রসিদ্ধ্যতি।। তচ্চ ন হীত্যাহ স্ফুটঞ্চোপরতেত্যেদঃ।। তথা ভগবতীত্যাদিপদানাং ষট্‌তয়স্য চ। ভবেৎ প্রয়োগতাৎপর্য্যমত্র নিষ্ফলমেব হি।। তস্মান্ন শাস্ত্রযুক্তিভ্যামুভয়ং তদ্‌বিরুদ্ধ্যতে। তথাপ্যুচ্চাবচধিয়ামনেবংতত্ত্ববেদিনাম্। মতানুসারতো ভাসি রজ্জুবৎ ত্বং তথা তথা।। ননু ভোঃ কেবলং জ্ঞানং ব্রহ্ম স্যাদ্ ভগবান্ পুনঃ। নানাধর্ম্মেতি তত্রাপি স্বরূপদ্বয়মীক্ষ্যতে।। ইতি প্রাহ স্বরূপেতি তৎস্বরূপস্য নৈব হি। কদাপি দ্বৈতমেকস্য ধর্ম্মদ্বয়মিদং ধ্রুবম্।। ততো বিরোধস্তচ্ছক্তিবিলাসানাং যদীক্ষ্যতে। তদেবাচিন্ত্যমৈশ্বর্য্যং ভূষণং ন তু দূষণম্।। ইয়মেব বিরোধোক্তিস্তৃতীয়েঽপি চ দৃশ্যতে।। (ভাঃ ৩।৪।১৬)—'কর্ম্মাণ্যনীহস্য ভবোঽভবস্য তে, দুর্গাশ্রয়োঽথারিভয়াৎ পলায়নম্। কালাত্মনো যৎ প্রমদাযুতাশ্রমঃ, স্বাত্মন্‌রতেঃ খিদ্যতি

অনুভাষ্য

ধীর্ব্বির্দামিহ।।'ইতি। তত্তন্ন বাস্তবং চেৎ স্যাৎ বিদাং বুদ্ধিভ্রমস্তদা। ন স্যাদেবেত্যচিন্ত্যৈব শক্তির্লীলাসু কারণম্।। যথা যথা চ তস্যেচ্ছা সা ব্যনক্তি তথা তথা।।"

এই স্থানে এইরূপ আপত্তি উত্থাপিত হইতে পারে যে,—মহাবরাহপুরাণে ইহাই শুনিতে পাওয়া যায়—"সেই পরমাত্মা হরির সর্ব্ববিধ দেহই নিত্য এবং সর্ব্ববিধ দেহই জগতে পুনঃ পুনঃ আবির্ভূত হইয়া থাকে ; ঐ সকল দেহ হানোপাদানশূন্য, সুতরাং কখনও প্রকৃতির কার্য্য নহে। সকল দেহই ঘনীভূত পরমানন্দ, চিদেকরসস্বরূপ, সর্ব্ববিধ চিন্ময়গুণযুক্ত এবং সর্ব্বদোষবিবর্জ্জিত।" আবার নারদপঞ্চরাত্রেও বলিয়াছেন,—"বৈদূর্য্যমণি যেমন স্থানভেদে নীল-পীতাদিচ্ছবি ধারণ করে, তদ্রূপ ভগবান্ অচ্যুত উপাসনাভেদে স্ব-স্বরূপকে বিবিধাকারে প্রকাশ করিয়া থাকেন।" অতএব কি নিমিত্ত সেইসকল অবতারের তারতম্য ব্যাখ্যা করিতেছেন? উক্ত আশঙ্কার উত্তরে ইহাই বলিতে পারা যায় যে,—অচিন্ত্য-অনন্তশক্তির প্রভাবে, একাধারে (সেই একই পুরুষোত্তমে) একত্ব ও পৃথকত্ব, অংশত্ব ও অংশিত্ব, ইহার কিছুই অসম্ভব ও অযুক্ত নহে। তন্মধ্যে, একত্ব-সত্ত্বেও পৃথক্ প্রকাশ, যথা শ্রীদশমে (নারদের উক্তি)—"বড়ই আশ্চর্য্যের বিষয়, একই শ্রীকৃষ্ণ একই সময়ে পৃথক্ পৃথক্ গৃহে ষোড়শ-সহস্র রমণীর পাণিগ্রহণ করিয়াছেন।" পৃথকত্বেও একরূপত্বাপত্তি, যথা পদ্মপুরাণে—"সেই নির্গুণ, নির্দ্দোষ, আদিকর্ত্তা, পুরুষোত্তম দেব হরি বহুরূপ হইয়া পুনর্ব্বার একরূপে শয়ন করেন।" একেরই অংশাংশিত্ব ও বিরুদ্ধশক্তিত্ব, যথা শ্রীদশমে—"তুমি বহুমূর্ত্তি হইয়াও একমূর্ত্তি, অতএব ভক্তগণ তোমাতে আবিষ্টচিত্ত হইয়া তোমার পূজা করিয়া থাকেন।" আর কূর্ম্মপুরাণে বলিয়াছেন,—"তিনি সর্ব্বতোভাবে অস্থূল হইয়াও স্থূল, অনণু হইয়া অণু, অবর্ণ হইয়াও শ্যামবর্ণ ও রক্তাক্তলোচন। এইসকল গুণ পরস্পর-বিরুদ্ধ হইয়াও অচিন্ত্যশক্তির প্রভাবে ভগবানে নিত্যই অবস্থিত। তথাপি পরমেশ্বরে অনিত্যত্ব প্রভৃতি কোনরূপ দোষ আহরণ কর্ত্তব্য নহে ; অথচ ঐ সকল গুণ পরস্পরবিরুদ্ধ হইলেও তাঁহাতে সর্ব্বতোভাবে অপহৃত হইতে পারে।" ইতি। শ্রীষষ্ঠস্কন্ধীয় গদ্যেও পরস্পরবিরুদ্ধ-অচিন্ত্যশক্তির কথা কথিত হইয়াছে, যথা—"হে ভগবন্, তোমার অপ্রাকৃত লীলাবিহার বা ক্রীড়া দুর্ব্বোধের ন্যায় প্রকাশ পায় অর্থাৎ সাধারণ কার্য্য-কারণ-ভাব তোমাতে দেখা যায় না ; যেহেতু, তুমি আশ্রয়শূন্য, শরীরচেষ্টা-রহিত ও স্বয়ং নির্গুণ হইয়া এবং আমাদিগের সাহায্য অপেক্ষা না করিয়া, স্ব-স্বরূপদ্বারাই এই সগুণ বিশ্বের সৃষ্টি, স্থিতি এবং সংহার কর, অথচ তাহাতে তোমার কোনরূপ বিকার নাই। হে প্রভো! তুমি কি দেবদত্ত-নামধারী প্রাকৃত ব্যক্তির ন্যায় এই সংসারে দেবাসুর-

অনুভাষ্য

রূপ গুণবিসর্গমধ্যে পতিত হইয়া পরাধীনতাবশতঃ স্বীয় দেবতা-কৃত সুখদুঃখাদি-ফল নিজের বলিয়া স্বীকার করিয়া থাক? অথবা, অপ্রচ্যুত-চিচ্ছক্তিমান্ থাকিয়াই আত্মারাম এবং উপশমশীলরূপে ঐ সমস্ত ব্যাপারে উদাসীন অর্থাৎ সাক্ষিরূপেই অবস্থান কর? ইহা আমরা জানি না। যিনি ষড়ৈশ্বর্য্যপরিপূর্ণ, যাঁহার গুণরাশি গণনা করিয়া শেষ করা যায় না, যিনি সকলের শাসনকর্ত্তা, যাঁহার মাহাত্ম্য কাহারও বুদ্ধির বিষয় হইতে পারে না এবং বস্তু-স্বরূপাবোধক বিকল্প, বিতর্ক, বিচার, প্রমাণাভাস এবং কুতর্কজালে আচ্ছাদিত শাস্ত্রদ্বারা যাহাদিগের বুদ্ধি বিক্ষিপ্ত, সেই বাদিগণের বিবাদ যাঁহাকে স্পর্শ করিতে অসমর্থ, সেই অচিন্ত্যশক্তিশালী তোমাতে পূর্ব্বোক্ত উভয়গুণই অবিরোধী। সমস্ত প্রাকৃত-জ্ঞানাতীত কেবল-শুদ্ধজ্ঞানময় তোমাতে তোমার ইচ্ছাশক্তিকে মধ্যে রাখিয়া কোন্ বিষয় দুর্ঘট হইতে পারে? নির্ব্বিশেষ ও সবিশেষ অথবা চিদ্‌গুণময় ও নির্গুণ, এই দুইটী যে তোমার দুইটী ভিন্ন স্বরূপ, তাহা নহে ; ভাবনা-ভেদে তোমার একই স্বরূপের দুইপ্রকার প্রতীতিমাত্র। তবে যাহাদিগের বুদ্ধির বিষয় সর্পাদি, তাহাদিগের নিকট যেমন এক রজ্জুখণ্ডই সর্পাদি ভিন্ন ভিন্ন রূপে প্রকাশিত হয়, তদ্রূপ যাহাদিগের বুদ্ধি, সম এবং বিষম অর্থাৎ অনিশ্চিত, তুমি তাহাদিগের অভিপ্রায়ের অনুসরণ বা তাহাদিগের মধ্যে ভিন্ন ভিন্ন মতবাদ প্রকাশিত করিয়া থাক।" ইতি। এইস্থানে কারিকা—শরীরের চেষ্টা, ভূম্যাদি আশ্রয় এবং দণ্ড-চক্রাদি সহায় ব্যতীত বিকারশূন্য তোমার কর্ম্ম অতিশয় দুর্গম। 'গুণ-বিসর্গ'-শব্দদ্বারা দেবাসুরের যুদ্ধাদি উক্ত হইয়াছে। তাহাতে পতিত—আসক্ত, ইহাকেই পারতন্ত্র্য অর্থাৎ পরাধীনতা বলে ; যেহেতু আশ্রিত দেবগণের নিকট তোমার পারতন্ত্র্য—কৃপাজনিত (অর্থাৎ তাহাতে তোমার স্বতন্ত্রতার হানি হয় না) তুমি সেইজন্য স্বকৃত—আত্মীয়কৃত অর্থাৎ স্বীয় দেবগণকর্ত্তৃক অর্জ্জিত সুখ-দুঃখাদিরূপ শুভাশুভ ফলকে কি আপনার বলিয়া মনে কর? অথবা আত্মারামতা-প্রযুক্ত তাহাতে একেবারে ঔদাসীন্য অবলম্বন কর? ইহা আমরা জানি না। কিন্তু (বিরুদ্ধ-গুণশালী) তোমাতে এতদুভয়ই অসম্ভব নহে। 'ভগবতি' ইত্যাদি বিশেষণদ্বয় এবং 'ঈশ্বরে' ইত্যাদি পঞ্চ বিশেষণ তাহাতে হেতু; তন্মধ্যে 'ভগবৎ'-শব্দদ্বারা সর্ব্বজ্ঞতা, 'অপরিগণিত' ইত্যাদি বিশেষণদ্বারা সদ্‌গুণশালিতা এবং 'কেবল'-পদদ্বারা ব্রহ্মত্বের সুস্পষ্ট উপলব্ধি হইতেছে। ব্রহ্মত্বহেতু সর্ব্বত্র ঔদাসীন্যের সম্ভাবনা হইলেও, 'ভগবতি' ইত্যাদি গুণদ্বয়দ্বারা ভক্তপক্ষ-পাতিত্বের সম্ভাবনা আছে। যদি বল, একই স্বরূপের যুগপৎ দ্বিরূপতা কিরূপে সম্ভাবিত হয়? এই আশঙ্কার উত্তরে বলিলেন,—"অর্ব্বাচীন" ইত্যাদি, অর্থাৎ যাহারা বস্তুস্বরূপ অবগত হইতে

অনুভাষ্য

পারে না, তুমি সেই বাদিগণের বিবাদের অনবসর অর্থাৎ অগোচর। অতএব অচিন্ত্য আত্মশক্তিকে মধ্যে রাখিয়া, বিরুদ্ধ হইলেও তোমাতে কোন্ বিষয় দুর্ঘট হইতে পারে? তোমার স্বরূপ অভক্ত বিবাদিগণের অচিন্ত্য, শক্তিও সেইরূপ অচিন্ত্য। নানাপ্রকার বিরুদ্ধ-কার্য্যসমূহের আশ্রয় হইতে দেখিয়াই অনুমান করা যায় যে, তোমার সেই শক্তি অচিন্ত্য। ব্রহ্মসূত্রকার বলিয়াছেন,—"অচিন্ত্য সেব্য বিষয় একমাত্র শ্রুতি অর্থাৎ শব্দ-প্রমাণের গোচর হইয়া থাকে।" আর স্কন্দপুরাণেও বলিয়াছেন,—"অচিন্ত্য বিষয়ে তর্কের উদ্ভাবনা করিতে নাই।" প্রাকৃত মণি-মহৌষধাদিতেও এই অচিন্ত্যপ্রভাব পরিলক্ষিত হইয়া থাকে। তাদৃশ অচিন্ত্যশক্তি ব্যতীত পরমেশ্বরের পরমেশ্বরত্ব সিদ্ধ হইতে পারে না। এই অচিন্ত্যশক্তিপ্রভাবেই ঈশ্বরের মাহাত্ম্য দুরবগ্রাহ্য বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অজ্ঞান এবং ইন্দ্রজালবিদ্যা যেখানে সেখানে দেখিতে পাওয়া যায়, অতএব অজ্ঞান ও ইন্দ্রজালাদি-দ্বারা পরমেশ্বরের পারমৈশ্বর্য্য প্রতিপন্ন হয় না। যেহেতু 'উপরত' ইত্যাদি বিশেষণ-দ্বারা ঈশ্বরে ঐ উভয়ের অভাবই প্রতিপাদিত হইয়াছে। ঈশ্বরে অজ্ঞান ও ইন্দ্রজাল স্বীকার করিলে 'ভগবতি' ইত্যাদি ষড়্‌বিধ বিশেষণ-প্রয়োগের তাৎপর্য্য নিষ্ফল হইয়া উঠে। অতএব অচিন্ত্যশক্তি-নিরূপক শাস্ত্র ও যুক্তিদ্বারা, বিশ্বপালকত্ব এবং তাহাতে ঔদাসীন্য, এই দুই গুণ বিরুদ্ধ হইতে পারে না। যাহাদিগের চিত্ত অজ্ঞানবশতঃ সর্পাদিভাবে ভাবিত, তাহাদিগের বুদ্ধিতে রজ্জুখণ্ড যেমন সর্পাদিরূপে প্রতিভাত হয়, তদ্রূপ যাহাদিগের মতি নানাভাবে ভাবিত, সুতরাং যাহারা প্রকৃত তত্ত্বজ্ঞানশূন্য, তুমিও তাহাদিগের মতানুসারে সেই সেই ভাবে প্রকাশিত হইয়া থাক। যদি বল কেবল-জ্ঞানকে ব্রহ্ম এবং নানাধর্ম্মাশ্রয় বস্তুকে 'ভগবান্' বলায়, তাঁহাতে দুইটী ভিন্ন ভিন্ন স্বরূপ দৃষ্ট হইয়া থাকে? এই আশঙ্কা পরিহার করিবার জন্য বলিয়াছেন,—'স্বরূপদ্বয়াভাবাৎ'। এতদ্দ্বারা কখনই তাঁহার স্বরূপের দ্বৈতত্ব বলা হয় নাই, কেবল একই স্বরূপের ধর্ম্মদ্বয় নির্ণয় করা হইয়াছে। অতএব তাঁহার শক্তিবিলাসের যে বিরোধ প্রতীতি হয়, তাহাকেই অচিন্ত্য ঐশ্বর্য্য বলে; ইহা তাঁহার ভূষণ ব্যতীত দূষণ নহে। তৃতীয়স্কন্ধেও এতাদৃশ বিরোধ কথিত হইয়াছে—"প্রাকৃত-চেষ্টাহীনতা ও কর্ম্ম, অজের জন্ম, কালস্বরূপ হইয়াও শত্রুভয়ে দুর্গাশ্রয় ও মথুরা হইতে পলায়ন এবং আত্মারামের ষোড়শসহস্র রমণীর সহিত বিলাস, এই সকল বিষয়ে তত্ত্বজ্ঞানীর বুদ্ধিও ভ্রান্ত হয়।" সেই সকল কর্ম্মাদি বাস্তব না হইলে কখনই তত্ত্বজ্ঞানীর বুদ্ধি ভ্রান্ত হইত না। অতএব ভগবানের অচিন্ত্যশক্তিই

অনুভাষ্য

লীলার হেতু। তাঁহার যেমন যেমন ইচ্ছা প্রকটিত হয়, অচিন্ত্য-শক্তিও সেই সেই রূপেই লীলার আবিষ্কার করিয়া থাকেন।'

পঞ্চরাত্র-শাস্ত্র সম্পূর্ণ বেদানুমোদিত উপাসনাকাণ্ডময় বেদ-বিস্তার-গ্রন্থ। ইহা রাজস বা তামস তন্ত্র নহে, পরন্তু 'সাত্বত-সংহিতা' নামে সূরিগণের নিকট পরিচিত। ইহার বক্তা স্বয়ং শ্রীনারায়ণ, ইহা মহাভারতে শান্তিপর্ব্বান্তর্গত মোক্ষধর্ম্ম-পর্ব্বে ৩৪৯ অঃ ৬৮ শ্লোকে বিশেষভাবে উল্লিখিত আছে। শ্রীনারদাদি ভ্রমাদি-দোষচতুষ্টয়-রহিত দিব্যসূরিগণ ইহার প্রবর্ত্তক। শ্রীভাগবতগ্রন্থও 'সাত্বত-সংহিতা' নামে পরিচিত। এই পাঞ্চ-রাত্রিক-মতের সম্পূর্ণ বিপরীত ও বিরুদ্ধ কথাকে পাঞ্চরাত্রিক-মতরূপে পূর্ব্বপক্ষ উত্থাপন করিয়া তাহার খণ্ডন-প্রয়াস—ন্যায় ও সত্যের নিরতিশয় অপলাপমাত্র, তাহা সংক্ষেপে খণ্ডনমুখে প্রদর্শিত হইতেছে,—

(১) ৪২ সংখ্যক সূত্রের ভাষ্যে শ্রীপাদ শঙ্কর সঙ্কর্ষণকে 'জীব' বলিয়াছেন; বাস্তবিক ভাগবতগণ সঙ্কর্ষণকে কখনও 'জীব' বলেন নাই, তিনি স্বয়ং অধোক্ষজ, অচ্যুত, বিষ্ণুবস্তু, জীবের অধিষ্ঠাতৃ-দেবতা, পূর্ণ, অংশী, বিভুচৈতন্য, যাবতীয় প্রাকৃতা-প্রাকৃত-সর্গের কারণ;—অণুচৈতন্য, অংশ জীব নহেন। জীবাত্মার জন্ম ও মৃত্যু নাই—ইহা ভাগবতগণ এবং যে কোন শ্রৌতপন্থী শাস্ত্রদ্রষ্টা ও শাস্ত্রশ্রোতা স্বীকার করিবেন।

(২) ৪৩ সংখ্যক সূত্রের ভাষ্যের উত্তরে মূল-সঙ্কর্ষণ হইতে অন্যান্য যাবতীয় বিষ্ণুতত্ত্বের প্রাকট্যের বিষয় 'ব্রহ্মসংহিতা'য় উক্ত হইয়াছে—"দীপার্চ্চিরেব হি দশান্তরমভ্যুপেত্য দীপায়তে বিবৃতহেতু-সমানধর্ম্মা। যস্তাদৃগেব হি চ বিষ্ণুতয়া বিভাতি গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি।।" অর্থাৎ 'দীপরশ্মি যেরূপ ভিন্নাধারে পৃথক্ দীপের ন্যায় কার্য্য করে অর্থাৎ পূর্ব্বদীপের ন্যায় সমানধর্ম্ম, তদ্রূপ যে আদিপুরুষ গোবিন্দ বিষ্ণু হইয়া প্রকাশ পাইতেছেন, তাঁহাকে আমি ভজনা করি।'

(৩) ৪৪ সংখ্যক সূত্রের ভাষ্যে 'ইহারা পরস্পর ভিন্ন, একাত্মক নহেন'—শ্রীপাদের এই পূর্ব্বপক্ষকে পাঞ্চরাত্রিকগণ কখনই নিজ মত বলিয়া স্বীকার করেন না। শ্রীপাদ শঙ্করের নিজেরই ৪২ সূত্রের ভাষ্যে পূর্ব্বোল্লিখিত স্বীকৃতমত ("স আত্মা-ত্মানমনেকধা ব্যূহ্যাবস্থিত ইতি, তন্ন নিরাক্রিয়তে" অর্থাৎ "তিনি যে আপনা আপনিই অনেকপ্রকার ব্যূহভাবে অবস্থিত বা বিরাজমান, তাহাও আমরা শ্রুতিসঙ্গত বলিয়া স্বীকার করি।) তাঁহার এই সূত্রের পূর্ব্বপক্ষের আপত্তির বিরোধী অর্থাৎ তাঁহার ৪৪ সূত্রের ভাষ্য ও ৪২ সূত্রের ভাষ্যের বক্তব্য পরস্পর বিরোধী—যাহা তিনি পূর্ব্বে স্বীকার করিয়া লইয়াছেন, তাহাই এক্ষণে পূর্ব্বপক্ষরূপে খণ্ডন করিতে চেষ্টা করিতেছেন। ভাগবতগণ

অনুভাষ্য

নারায়ণের চতুর্ব্ব্যূহ স্বীকার করায় 'বহ্বীশ্বরবাদ' স্বীকার করেন নাই—তাঁহারা তত্ত্ব-বস্তুকে অদ্বয়জ্ঞান ভগবান্ বলিয়াই জানেন—কখনই বেদবিরোধী বহ্বীশ্বরবাদী নহেন। তাঁহারা শ্রীনারায়ণের অচিন্ত্য-মহাশক্তিমত্তায় দৃঢ়বিশ্বাসী। লঘুভাগবতামৃতের মর্ম্মানুবাদ দ্রষ্টব্য। বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—এই তত্ত্বচতুষ্টয়-মধ্যে কারণ-কার্য্য-ভাব নাই—"নান্যৎ যৎ সদসৎপরম্" ; "দেহ-দেহি-বিভেদোঽয়ং নেশ্বরে বিদ্যতে ক্বচিৎ" (কূর্ম্ম-পুঃ), তাঁহারা সকলেই মায়াধীশ-তত্ত্ব, শুদ্ধসত্ত্বের অধিষ্ঠাতা, তুরীয়, তাঁহাদের প্রকাশে মায়ার কোন বিক্রম বা বিকার অথবা পরিণাম বা খণ্ডত্ব থাকিতে পারে না। তাঁহারা একই অদ্বয়জ্ঞান, অধোক্ষজ ও পূর্ণ-বস্তু ; শ্রুতিপ্রমাণ—"ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে।।" (বৃঃ আঃ ৫।১) আব্রহ্ম-স্তম্ব বা ভগবান্ বিষ্ণুর স্থূল বহিরঙ্গকে শক্তিত্রয়াধীশ শ্রীচতু-র্ব্ব্যূহের সহিত এক বা সমজ্ঞান—চিদচিৎ-সমন্বয়বাদীর বৃথা-প্রয়াস এবং নিতান্ত ভগবদ্-বিরোধমূলক নাস্তিক্যবাদ মাত্র। আব্রহ্মস্তম্ব বা বিশ্বরূপ বিষ্ণুর বহিরঙ্গবৈভব—একপাদবিভূতি, মায়া বা প্রকৃতি-সম্বন্ধি, সুতরাং প্রাকৃত, উহার সহিত চিদচিতের ঈশ্বর চতুর্ব্ব্যূহের সাম্যজ্ঞান বা প্রয়াস—মায়াবাদীর ধর্ম্ম।

(৪) ৪৫ সংখ্যক ভাষ্যের উত্তরে লঘুভাগবতামৃতে ভগবদ্-গুণের অপ্রাকৃতত্ব-বর্ণন-প্রসঙ্গে (৯৭-৯৯ সংখ্যা) উদ্ধৃত বাক্যের মর্ম্মানুবাদ, যথা—'যদি বল, গুণমাত্রই প্রকৃতিকার্য্য, অতএব মরীচিকাসদৃশ, তাহার গণনা করা যায় না, ইহাতে আর আশ্চর্য্য কি? তুমি এ কথা বলিতে পার না। ভগবানের গুণ কখনই প্রাকৃত হইতে পারে না ; তাঁহার সমস্ত গুণই তাঁহার স্বরূপভূত, সুতরাং সেইসকল গুণ নিশ্চয়ই সুখস্বরূপ। যথা ব্রহ্মতর্কে—"'ভগবান্ হরি স্ব-স্বরূপভূত গুণে গুণবান্, অতএব বিষ্ণু এবং মুক্তজীবের গুণ কদাপি স্ব-স্বরূপ হইতে পৃথক্ নহে।" শ্রীবিষ্ণুপুরাণে—"যে পরমেশ্বরে সত্ত্বাদি প্রাকৃতগুণের সংসর্গ নাই, সেই পরম-শুদ্ধ আদিপুরুষ হরি প্রসন্ন হউন্।" যথা, সেই বিষ্ণুপুরাণেই—"হেয় অর্থাৎ প্রাকৃত-গুণ ব্যতীত সমগ্র জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য এবং তেজঃ—ইহারা ভগবৎ-শব্দের অভিধেয়।" পদ্ম-পুরাণেও—"পরমেশ্বর যে শাস্ত্রে 'নির্গুণ' বলিয়া কীর্ত্তিত আছেন, তদ্দ্বারা তাঁহাতে হেয় বা প্রাকৃত গুণের অভাবই বলা হইয়াছে।" প্রথম স্কন্ধে প্রথমাধ্যায়েও—"হে ধর্ম্ম, যে-সকল গুণ কীর্ত্তন করিলাম, সেই গুণপরম্পরা এবং অন্য মহাগুণরাশি যে শ্রীকৃষ্ণে নিত্যরূপে বিরাজমান, মহত্ত্বাভিলাষী ব্যক্তিগণ যে-সকল গুণ প্রার্থনা করেন, সেইসকল গুণাবলী কখনই শ্রীকৃষ্ণ হইতে বিযুক্ত হয় না।" ইতি। অতএব এই শ্রীকৃষ্ণ অসংখ্য-অপ্রাকৃত-গুণশালী,

অনুভাষ্য

অপরিমিতশক্তিবিশিষ্ট এবং পূর্ণানন্দ-ঘনবিগ্রহ। ভাঃ ৩।২৬।২১, ২৫, ২৭, ২৮ দ্রষ্টব্য।

শ্রীরামানুজ তৎকৃত শ্রীভাষ্যে যে শাঙ্কর যুক্তি খণ্ডন করিয়াছেন, তাহার মর্ম্মানুবাদ,—

'ভগবদুক্ত পরমমঙ্গলসাধন পঞ্চরাত্র-শাস্ত্রেরও কোন কোন অংশকে কপিলাদি-শাস্ত্রের ন্যায় শ্রুতিবিরুদ্ধ-জ্ঞানে অপ্রামাণ্য আশঙ্কা করিয়া শ্রীশঙ্কর নিরাস করিয়াছেন। পঞ্চরাত্র-শাস্ত্রে কথিত আছে যে,—পরমকারণ ব্রহ্মস্বরূপ বাসুদেব হইতে 'সঙ্কর্ষণ'-নামক জীবের উৎপত্তি, সঙ্কর্ষণ হইতে 'প্রদ্যুম্ন'-নামক মনের উৎপত্তি এবং মন হইতে 'অনিরুদ্ধ'-নামক অহঙ্কারের উৎপত্তি হইয়াছে।' কিন্তু এস্থলে জীবের উৎপত্তি বলা যাইতে পারে না; কেন না, উহা শ্রুতিবিরুদ্ধ। "চিন্ময় জীবাত্মা কখনও জন্মে না, বা মরে না" (কঠ ২।১৮) এইবাক্যে সকল শ্রুতিই জীবের অনাদিত্ব বা উৎপত্তিরাহিত্য বলিয়াছেন ; অতএব জীব, মন ও অহঙ্কারের অধিষ্ঠাতৃদেবের আবির্ভাবই উদ্দিষ্ট হইয়াছে (৪২ সূঃ)।

সঙ্কর্ষণ হইতে প্রদ্যুম্ন-নামক মনের উৎপত্তি কথিত হইয়াছে। এস্থলেও কর্ত্তা-জীব হইতে করণ-মনের উৎপত্তি সম্ভব হয় না; কারণ, "পরমাত্মা হইতেই প্রাণ, মন ও ইন্দ্রিয় সকলের উৎপত্তি হয়" ইহাই শ্রুতি বলিয়াছেন। অতএব যদি জীব হইতে মনের উৎপত্তি কথিত হয়, তবে পরমাত্মা হইতেই উহাদের উৎপত্তি" এতাদৃশ শ্রুতিবচনের সহিত উহার বিরোধ ঘটে। অতএব এই বাক্য শ্রুতিবিরুদ্ধ অর্থ প্রতিপাদন করে বলিয়া ইহার প্রামাণ্য প্রতিষিদ্ধ হইতেছে (৪৩ সূঃ)।

সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ,—ইহাদের পরব্রহ্মভাব বিদ্য-মান থাকায় তৎপ্রতিপাদক শাস্ত্রের প্রামাণ্য কখনও প্রতিষিদ্ধ হইতে পারে না, অর্থাৎ এই সঙ্কর্ষণাদিব্যূহ সাধারণ জীবের ন্যায় মায়াবশযোগ্যরূপে অভিপ্রেত নহেন—ইঁহারা সকলেই ঈশ্বর—সকলেই জ্ঞান, ঐশ্বর্য্য, শক্তি, বল, বীর্য্য ও তেজঃ প্রভৃতি ষড়ৈশ্বর্য্যসম্পন্ন, অতএব পঞ্চরাত্রের মত অপ্রামাণ্য নহে। যাহারা পঞ্চরাত্র বা ভাগবত-প্রক্রিয়ায় অনভিজ্ঞ, তাহাদের পক্ষেই 'জীবোৎপত্তিরূপা বিরুদ্ধকথা অভিহিত হইয়াছে'—এইরূপ অশাস্ত্রীয় কথা বলা সম্ভব। ভাগবতপ্রক্রিয়া এইরূপ—যিনি স্বাশ্রিতভক্তবৎসল, বাসুদেব-নামক পরব্রহ্ম বলিয়া কথিত, তিনি স্বেচ্ছাক্রমে স্বাশ্রিত ও সমশ্রেণীয়তার জন্য চারিপ্রকারে অবস্থান করেন ; যথা পৌষ্কর-সংহিতায় এইরূপ কথিত আছে—'যে স্থলে (শাস্ত্রে) ব্রাহ্মণগণকর্ত্তৃক ক্রমাগত সংজ্ঞাসমূহদ্বারা অবশ্য-কর্ত্তব্যরূপে চাতুরাত্ম্য (চতুর্ব্ব্যূহ) উপাসিত হন, সেই শাস্ত্রই 'আগম'। ঐ চাতুরাত্ম্যের উপাসনা যে বাসুদেবাখ্য পরব্রহ্মেরই

আদি ১৪ শ্লোকের মধ্যে ৯ম শ্লোকের অর্থ ঃ—

শ্রীস্বরূপগোস্বামি-কড়চা—

মায়াভর্ত্তাজাণ্ডসঙ্ঘাশ্রয়াঙ্গঃ
শেতে সাক্ষাৎ কারণাম্ভোধি-মধ্যে ।
যস্যৈকাংশঃ শ্রীপুমানাদিদেব-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৫০ ॥

কারণ-বারির বর্ণন ঃ—

বৈকুণ্ঠ-বাহিরে সেই জ্যোতির্ম্ময় ধাম ।
তাহার বাহিরে 'কারণার্ণব' নাম ॥ ৫১ ॥

পরব্যোম-সীমায় কারণ-সাগর ঃ—

বৈকুণ্ঠ বেড়িয়া এক আছে জলনিধি ।
অনন্ত, অপার—তার নাহিক অবধি ॥ ৫২ ॥

বৈকুণ্ঠস্থ মহাভূতাদি মায়াতীত ঃ—

বৈকুণ্ঠের পৃথিব্যাদি সকল চিন্ময় ।
মায়িক ভূতের তথি জন্ম নাহি হয় ॥ ৫৩ ॥

কারণবারির চিন্ময়তা ঃ—

চিন্ময়-জল সেই পরম-'কারণ' ।
যার এক কণা গঙ্গা পতিতপাবন ॥ ৫৪ ॥

পরব্যোমস্থ সঙ্কর্ষণই একাংশে কারণার্ণবশায়ী ঃ—

সেই ত' কারণার্ণবে সেই সঙ্কর্ষণ ।
আপনার এক অংশ করেন শয়ন ॥ ৫৫ ॥

তিনিই আদি পুরুষাবতার ও মায়ার ঈক্ষণ-কর্ত্তা ঃ—

মহৎস্রষ্টা পুরুষ, তিঁহো জগৎ-কারণ ।
আদ্য-অবতার করে মায়ার দরশন ॥ ৫৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫০। যাঁহার একটী অংশস্বরূপ মায়াভর্ত্তা, ব্রহ্মাণ্ডসমূহের আশ্রয়রূপ কারণাব্ধিশায়ী, আদিদেব পুরুষাবতার, সেই নিত্যানন্দ-রামকে আমি প্রণাম করি।

৫১-৬৪। পরব্যোমধামের বাহিরে জ্যোতির্ম্ময় 'ব্রহ্মধাম', তাহার বাহিরে 'কারণ-সমুদ্র'। চিন্ময় জগৎটী কারণ-শূন্য ; মায়া কারণময়ী। এই দুই এর মধ্যবর্ত্তি-স্থলকে চিন্ময়জলনিধিভাবে

অনুভাষ্য

উপাসনা, উহা সাত্বতসংহিতায়ও কথিত হইয়াছে। বাসুদেব-নামক পরমব্রহ্ম, সম্পূর্ণ ষাড়্গুণ্যবপু, সূক্ষ্ম, ব্যূহ ও বিভব, এই সকল ভেদভিন্ন এবং অধিকারানুসারে ভক্তগণদ্বারা জ্ঞানপূর্ব্বক কর্ম্মদ্বারা অর্চ্চিত হইয়া সম্যগ্রূপে লব্ধ হন। বিভব অর্থাৎ নৃসিংহ, রঘুনাথ বা মৎস্যকূর্ম্মাদি অবতারের অর্চ্চন হইতে সঙ্কর্ষণাদি ব্যূহ-প্রাপ্তি এবং ব্যূহার্চ্চন হইতে বাসুদেব-নামক পরমব্রহ্মপ্রাপ্তি ঘটে। যেহেতু পৌষ্কর-সংহিতায় কথিত হইয়াছে —'এই শাস্ত্র হইতে জ্ঞানপূর্ব্বক কর্ম্মদ্বারা বাসুদেব-নামক অব্যয় পরমব্রহ্ম পাওয়া যায়। অতএব সঙ্কর্ষণাদিরও পরব্রহ্মত্ব সিদ্ধ হইল, কেননা, তাঁহারাও স্বেচ্ছাক্রমে বিগ্রহ-বিশিষ্ট। 'তিনি প্রাকৃতের ন্যায় জন্মগ্রহণ না করিয়া বহুরূপে অবতীর্ণ বা প্রকটিত হন', ইহা শ্রুতিসিদ্ধ। আশ্রিত-বাৎসল্য-নিমিত্ত স্বেচ্ছাক্রমে মূর্ত্তি পরিগ্রহ করেন বলিয়া তদভিধায়ক এই পঞ্চরাত্র-শাস্ত্রের প্রামাণ্য প্রতিষিদ্ধ নহে। এই শাস্ত্রে সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ—যথাক্রমে জীব, মন, অহঙ্কার, এই সত্ত্বসমূহের অধিষ্ঠাতৃদেব,—এইজন্য ইঁহাদিগকে যে 'জীবাদি'-শব্দে অভিহিত করা হইয়াছে, তাহাতে বিরোধ নাই। যেমন, 'আকাশ' ও 'প্রাণাদি'-শব্দে ব্রহ্মের অভিধান হইয়া থাকে, তদ্রূপ (৪৪ সূঃ)।

এই শাস্ত্রে জীবোৎপত্তি প্রতিষিদ্ধ হইয়াছে। যেহেতু পরম-সংহিতায় কথিত আছে,—'অচেতন, পরার্থসাধক, সর্ব্বদা বিকার-যোগ্য ত্রিগুণই কর্ম্মিদিগের ক্ষেত্র—ইহাই প্রকৃতির রূপ। ইহার সহিত পুরুষের সম্বন্ধ ব্যাপ্তিরূপে, উহা যে অনাদি, ইহাও সত্য।' এইরূপ সকল সংহিতায়ই 'জীব' নিত্য, এইজন্য পঞ্চরাত্র-মতে তাহার উৎপত্তি প্রতিষিদ্ধ হইয়াছে। যাহার উৎপত্তি হয়, তাহার বিনাশ অবশ্যম্ভাবী,—জীবের উৎপত্তি স্বীকার করিলে বিনাশও স্বীকার করিতে হয়, কিন্তু জীব যখন নিত্য, তখন নিত্যত্বহেতু তাহার উৎপত্তি আপনা হইতেই প্রতিষিদ্ধ হইবে। পূর্ব্বে পরম-সংহিতায় উক্ত হইয়াছে—'প্রকৃতি রূপ সতত বিকারযুক্ত', অতএব উৎপত্তি ও বিনাশ প্রভৃতির এই 'সতত বিকারে'র মধ্যে অন্তর্ভুক্ত জানিতে হইবে। অতএব সঙ্কর্ষণাদি জীবরূপে উৎপন্ন হয় বলিয়া শঙ্করাচার্য্য যে দোষ দিয়াছেন, তাহা নিরাকৃত হইল (৪৫ সূঃ)। (ভাঃ ৩।১।৩৪) শ্রীধরটীকা দ্রষ্টব্য।

শ্রীপাদ শঙ্করের এই চতুর্ব্ব্যূহ-বাদ-খণ্ডনের বিস্তৃত নিরাস জানিতে ইচ্ছা করিলে শ্রীভাষ্যের শ্রীমৎসুদর্শনাচার্য্য-কৃত "শ্রুতপ্রকাশিকা" টীকা আলোচ্য।

৫০। সাক্ষাৎ মায়াভর্ত্তা (মায়ায়াঃ ভর্ত্তা অধীশ্বরঃ) অজাণ্ড-সঙ্ঘাশ্রয়াঙ্গঃ (অজাণ্ডানাং ব্রহ্মাণ্ডানাং সঙ্ঘঃ সমূহঃ তস্য আশ্রয়ঃ অঙ্গং যস্য সঃ) কারণাম্ভোধিমধ্যে (কারণসমুদ্র-জলোপরি) শেতে, অসৌ শ্রীপুমান্ আদিদেবঃ (আদিপুরুষাবতারঃ) যস্য (শ্রীনিত্যা-নন্দস্য) একাংশঃ তং শ্রীনিত্যানন্দরামম্ [অহং] প্রপদ্যে।

৫২। জলনিধি—'বিরজা' বা 'কারণবারি' (মধ্য, ১৫ পঃ ১৭৫-১৭৬ সংখ্যা, মধ্য ২০শ পঃ, ২৬৮-২৬৯ সংখ্যা এবং মধ্য ২১শ পঃ, ৫২ সংখ্যা দ্রষ্টব্য)।

৫৩। মায়িক ভূত—ক্ষিত্যাদি পঞ্চমহাভূত।

৫৪। কারণ—মায়া-সম্বন্ধগত উপাধি হইলেও বস্তুতঃ মিশ্র-রজস্তমোহীন বা সত্ত্বময়। আদি ২য় পঃ ৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

কারণ-সমুদ্র মায়াস্পর্শের অতীত ঃ—

মায়াশক্তি রহে কারণাব্ধির বাহিরে ।
কারণ-সমুদ্র মায়া পরশিতে নারে ॥ ৫৭ ॥

মায়ার দুই রূপ, 'প্রধান' ও 'প্রকৃতি' ঃ—

সেই ত' মায়ার দুইবিধ অবস্থিতি ।
জগতের উপাদান 'প্রধান', 'প্রকৃতি' ॥ ৫৮ ॥

গুণময়ী মায়া কখনও মুখ্য জগৎকারণ নহে ঃ—

জগৎকারণ নহে, প্রকৃতি জড়রূপা ।
শক্তি সঞ্চারিয়া তারে কৃষ্ণ করে কৃপা ॥ ৫৯ ॥

ভগবদীক্ষণ-প্রভাবে প্রকৃতি জগতের গৌণ-কারণ ঃ—

কৃষ্ণশক্ত্যে প্রকৃতি হয় গৌণ-কারণ ।
অগ্নিশক্ত্যে লৌহ যৈছে করয়ে জারণ ॥ ৬০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

'কারণ-সমুদ্র' বলা হইয়াছে ; কেন না, সেই জলশায়ি-ভগবদীক্ষণই, তাহার বাহিরে মায়াকে লক্ষ্য করিয়া সৃষ্ট্যাদি ক্রিয়া করে। সৃষ্ট্যাদি-ক্রিয়াশূন্য কৃষ্ণ ও পরব্যোমনাথের স্বরূপে কোন মায়া-সম্বন্ধিনী ক্রিয়া হয় না। মহাসঙ্কর্ষণ স্বীয় সুদূর ঈক্ষণাংশে সেই অর্ণবে শায়িতভাবে মহত্তত্ত্ব সৃষ্টি করেন, ইনি আদ্যাবতার। কারণাব্ধির বাহিরে মায়াশক্তির অবস্থিতি ; ভগবান্ তাহার প্রতি দৃষ্টিপাত করেন। মায়া কারণসমুদ্রকে স্পর্শ করিতে পারে না। ভগবদীক্ষণ মায়া-মধ্যে প্রবিষ্ট হইয়া মায়াকে ক্রিয়াবতী করে। মায়ার দুই প্রকার অবস্থিতি,—জগতের উপাদানরূপ 'প্রধান' এবং জগতের নিমিত্তরূপ 'মায়া'। প্রকৃতি বস্তুতঃ জড়রূপা। ভগবদীক্ষণশক্তি সঞ্চারিত হইলে প্রকৃতি সেই শক্তিবলে জগৎসৃষ্টির 'গৌণ-কারণ' হয়—অগ্নি প্রবেশ করিয়া লৌহকে

অনুভাষ্য

৫৮। 'প্রধান' ও 'প্রকৃতি'—মধ্য, ২০শ পঃ ২৭১ সংখ্যা দ্রষ্টব্য ; শ্রীজীবপ্রভু পরমাত্মসন্দর্ভে (৪৯ সংখ্যায়)—"তস্যাঃ মায়ায়াশ্চাংশদ্বয়ম্। তত্র গুণরূপস্য মায়াখ্যস্য নিমিত্তাংশস্য, দ্রব্যরূপস্য প্রধানাখ্যস্যোপাদানাংশস্য চ পরস্পরং ভেদমাহ চতুর্ভিঃ—(ভাঃ ১১।২৪)।"** (৫৩ সংখ্যা) "অন্যত্র (ভাঃ ১০।৬৩।২৬)—তয়োরুপাদাননিমিত্তয়োরংশেন বৃত্তিভেদেন ভেদানপ্যাহ—'কালো দৈবং কর্ম্ম জীবঃ স্বভাবো দ্রব্যং ক্ষেত্রং প্রাণমাত্মা বিকারঃ। তৎসঙ্ঘাতো বীজরোহপ্রবাহস্তন্মায়ৈষা তন্নিষেধং প্রপদ্যে।।" অত্র কালদৈবকর্ম্মস্বভাবা নিমিত্তাংশাঃ, অন্যে উপাদানাংশাঃ, তদ্বান্ জীবস্তূভয়াত্মকস্তথোপাদানবর্গে নিমিত্তশক্ত্যংশোঽপ্যনুবর্ত্ততে।' ** (৫৫ সংখ্যায়) "নিমিত্তাংশ-রূপয়া মায়াখ্যয়ৈব প্রসিদ্ধা শক্তিস্ত্রিধা দৃশ্যতে—জ্ঞানেচ্ছাক্রিয়া-রূপত্বেন। ** অথোপাদানাংশস্য প্রধানস্য লক্ষণঃ—(ভাঃ ৩।২৬।১০) 'যত্তৎ ত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্। প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ।।' যৎ খলু ত্রিগুণং সত্ত্বাদি-গুণত্রয়সমাহারস্তদেবাব্যক্তং প্রধানং প্রকৃতিঞ্চ প্রাহুঃ। তত্রাব্যক্ত-সংজ্ঞত্বে হেতুঃ—'অবিশেষং গুণত্রয়সাম্যরূপত্বাদনভিব্যক্ত-বিশেষম্, অতএবাব্যাকৃতসংজ্ঞঞ্চেতি গমিতম্। প্রধানসংজ্ঞত্বে হেতুঃ—বিশেষবৎ স্বকার্য্যরূপাণাং মহদাদিবিশেষাণামাশ্রয়রূপ-তয়া তেভ্যঃ শ্রেষ্ঠম্। ** নিমিত্তাংশো মায়া, উপাদানাংশঃ প্রধানমিতি।"

'ভগবানের বহিরঙ্গা শক্তি মায়ার দুইটী অংশ'—সেই নিমিত্তাংশ 'গুণরূপা মায়া' ও উপাদানাংশ 'দ্রব্যরূপ প্রধান'—এই সংজ্ঞাদ্বয়ের পরস্পর ভেদ ভাগবতে একাদশস্কন্ধে ২৪ অধ্যায়ে চারিটী শ্লোকে বর্ণিত আছে।' 'অন্যত্র দশমস্কন্ধে ৬৩ অধ্যায়ে—উপাদান ও নিমিত্ত,—উভয় অংশের বৃত্তিভেদে বিভাগ কথিত হইয়াছে—"হে ভগবন্! ক্ষোভক 'কাল', নিমিত্ত 'কর্ম্ম', ফলাভিমুখপ্রকাশ 'দৈব', তৎসংস্কার 'স্বভাব'—এই চারিটী নিমিত্তাংশ-বিশিষ্ট বদ্ধজীব—সূক্ষ্মভূতসমূহ 'দ্রব্য', প্রকৃতি 'ক্ষেত্র', সূত্র 'প্রাণ', অহঙ্কার 'আত্মা' এবং একাদশেন্দ্রিয় ও ক্ষিতি, জল, তেজ, মরুৎ ও ব্যোম—এই ষোল বিকার',—ইহাদের একত্র সমষ্টি 'দেহ'। দেহ হইতে বীজরূপ কর্ম্ম, কর্ম্ম হইতে অঙ্কুররূপ দেহ, এইরূপ পুনঃ পুনঃ প্রবাহ—ইহাই মায়া'। হে প্রভো, তুমি (মায়া)-নিষেধাবধিভূত তত্ত্ব, তোমাকে ভজনা করি।" জীব-নিমিত্তশক্ত্যংশ হইলেও উভয়াত্মক অংশবিশিষ্ট জীব উপাদান-বর্গেরও অনুসরণ করেন। নিমিত্তাংশরূপা 'মায়া'-শব্দে প্রসিদ্ধা শক্তির তিনটী বিভাগ দেখা যায়—'জ্ঞান', 'ইচ্ছা' ও 'ক্রিয়া' রূপ। উপাদানাংশ 'প্রধানের' লক্ষণ—"যাহা সত্ত্বরজোস্তমোগুণ-ত্রয়ের সমাহার, তাহাই 'অব্যক্ত' 'প্রধান' এবং 'প্রকৃতি' বলিয়া কথিত। 'অব্যক্ত'-সংজ্ঞানির্দ্দেশে হেতু এই যে—ইহা বিশেষ-রহিত অর্থাৎ ত্রিগুণসাম্য হওয়ায় বিশেষধর্ম্ম অপ্রকাশিত, অতএব প্রধানের 'অব্যাকৃত'-সংজ্ঞা পাওয়া গেল। 'প্রধান'-সংজ্ঞার হেতু—বিশেষের ন্যায় মায়ার স্বকার্য্যরূপ মহত্তত্ত্বাদি বিশেষ-সমূহের আশ্রয়রূপ বলিয়া তাহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ,—নিমিত্তাংশে 'মায়া' এবং উপাদানাংশে 'প্রধান'।

৫৯-৬১। মধ্য ২০শ পঃ ২৫৯-২৬১ সংখ্যা দ্রষ্টব্য। বহিরঙ্গা মায়াশক্তি জগতের উপাদানাংশে 'প্রধান' ও 'প্রকৃতি' নামে প্রসিদ্ধা এবং জগতের নিমিত্তাংশে 'মায়া' নামে খ্যাত। জড়রূপা প্রকৃতি জগতের কারণ নহে, যেহেতু কৃষ্ণ কারণার্ণবশায়ী মহাবিষ্ণুরূপে প্রকৃতিতে উপাদান বা দ্রব্যশক্তি প্রদান করিয়া 'শক্তি' সঞ্চার করেন। উদাহরণস্বরূপ—তপ্তলৌহের উপমা ; যেরূপ লৌহের দহন বা তাপপ্রদান প্রভৃতি শক্তি নাই, কিন্তু

ভগবান্‌ই জগতের মূলকারণ ঃ—

অতএব কৃষ্ণ মূল জগৎকারণ ।
প্রকৃতি—কারণ, যৈছে অজা-গলস্তন ॥ ৬১ ॥

শ্রীনারায়ণই নিমিত্ত-কারণ ঃ—

মায়া-অংশে কহি তারে নিমিত্ত-কারণ ।
সেহ নহে, যাতে কর্ত্তা-হেতু—নারায়ণ ॥ ৬২ ॥

মূল-পরিচালক বিভুচৈতন্য ভগবান্‌ ঃ—

ঘটের নিমিত্ত-হেতু যৈছে কুম্ভকার ।
তৈছে জগতের কর্ত্তা—পুরুষাবতার ॥ ৬৩ ॥

মায়াদ্বারা কৃষ্ণের জগৎসৃষ্টি ঃ—

কৃষ্ণ—কর্ত্তা, মায়া তাঁর করেন সহায় ।
ঘটের কারণ—চক্র-দণ্ডাদি উপায় ॥ ৬৪ ॥

কারণাব্ধিশায়ীর মায়াতে ঈক্ষণ ও জীবের প্রাকট্য-বিধান ঃ—

দূর হৈতে পুরুষ করে মায়াতে অবধান ।
জীবরূপ বীর্য্য তাতে করেন আধান ॥ ৬৫ ॥

অঙ্গাভাসে মায়াস্পর্শহেতু নারায়ণই উপাদান-কারণ ঃ—

এক অঙ্গাভাসে করে মায়াতে মিলন ।
মায়া হৈতে জন্মে তবে ব্রহ্মাণ্ডের গণ ॥ ৬৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

যেরূপ জারণ-শক্তি দেয়, তদ্রূপ। সুতরাং কৃষ্ণই মূল জগৎ-কারণ ; অজাগলস্তনের ন্যায় প্রকৃতির দ্রব্যরূপ কারণত্ব। মায়া-অংশে অর্থাৎ গুণরূপ অংশে যে নিমিত্তকারণ বলা যায়, তাহাতেও নারায়ণই নিমিত্ত-কারণ। ঘট-নির্ম্মাণে চক্রদণ্ডাদি ও কুম্ভকার,—ইহারা নিমিত্ত-কারণ। নারায়ণ—কুম্ভকারস্থলীয় (মুখ্য) নিমিত্ত-কারণ এবং মায়া—চক্রদণ্ডাদিস্থলীয় (গৌণ) নিমিত্ত-কারণ। সুতরাং যেমন কুম্ভকার ব্যতীত ঘট হয় না, তদ্রূপ নারায়ণ ব্যতীতও জগৎ হয় না। চক্রদণ্ডস্থলীয় গুণরূপ নিমিত্ত-কারণ, মূল নিমিত্ত-কারণ নারায়ণের সহায়রূপে কার্য্য করে।

অনুভাষ্য

অগ্নির স্পর্শে তপ্তলৌহ অন্যবস্তুকে দহন ও তাপ দিতে সমর্থ হয়, তদ্রূপ লৌহরূপা জড়া-প্রকৃতির দ্রব্য বা উপাদান হইবার স্বতন্ত্রতা নাই। অগ্নিসদৃশ কারণোদকশায়ীর ঈক্ষণশক্তি সঞ্চারিত হইলেই লৌহসদৃশ প্রকৃতি উপাদানপ্রতিম দাহিকা বা তাপ-প্রদায়িনী শক্তিবিশিষ্টা হন। উপাদান-পরিচয়ে খ্যাতা প্রকৃতিকে উপাদান-কারণ মনে করা ভ্রান্তিমাত্র। শ্রীকপিলদেবও বলিয়াছেন, —(ভাঃ ৩।২৮।৪০) 'যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাৎ ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ। অপ্যাত্মত্বেনাভিমতাদ্ যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ।।' যদিও ধূম, জ্বলন্ত কাষ্ঠ ও বিস্ফুলিঙ্গে অগ্নির উপাদান বর্ত্তমান থাকায় অগ্নির সহিত একবস্তু বলিয়া উক্ত হয়, তাহা হইলেও উল্মুক (অঙ্গার) হইতে অগ্নি পৃথক্ বস্তু ; ধূমস্থানীয় 'ভূতসমূহ', বিস্ফুলিঙ্গস্থানীয় 'জীব' ও উল্মুকস্থানীয় 'প্রধান'—সকলেই, অগ্নিস্থানীয় সর্ব্বোপাদান ভগবান্ হইতে শক্তিসমূহ লাভ করিয়াই নিজ নিজ পৃথক্ পরিচয় দেয়, তাহা হইলেও সকলের উপাদানই সেই ভগবান্। জগতের উপাদান বলিয়া যে 'প্রধান'কে স্থির করা হয়, প্রধানে ভগবানের নিহিত উপাদান হইতেই তাদৃশ পরিচয়। 'প্রধান' ভগবান্ হইতে স্বতন্ত্র উপাদানত্বে পৃথক্ বিষয় হইতে পারে না। উপাদান-মূলাশ্রয় কৃষ্ণকে বিস্মৃত হইয়া সাংখ্যের প্রকৃতিতে উপাদানত্ব আরোপ করা—অজার গলদেশস্থিত স্তনা-কৃতি-মাংসপিণ্ডের দুগ্ধপ্রদানে অসমর্থতার ন্যায় নিষ্ফল মাত্র।

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৫-৬৭। কারণাব্ধিশায়ী পুরুষ দূর হইতে মায়ার প্রতি যে দৃষ্টি করেন, সেই দৃষ্টি চিৎফলস্বরূপ হইয়া দুইপ্রকার কার্য্য করে অর্থাৎ তৎকিরণকলারূপে অনন্তজীবকে মায়ামধ্যে নিবিষ্ট করে এবং স্বয়ং অঙ্গাভাসে মায়াতে মিলিত হইয়া অগণ্য অনন্ত ব্রহ্মাণ্ড

অনুভাষ্য

৫৯-৬৬। বৈদিক বিচারে—বস্তু হইতেই শক্তির যোগে বদ্ধজীবের নিকট প্রকাশিত জগৎ সৃষ্ট। অবৈদিক-বিচারে—দৃশ্যজগৎ প্রকৃতি হইতে জাত। বস্তুশক্তির ত্রিবিধা বৃত্তি—চিৎ, অচিৎ ও উভয়ময়ী। অশ্রৌত-পন্থায় কেহ কেহ মনে করেন, জড়া প্রকৃতি হইতে জগতের উৎপত্তি হইয়াছে ; বৈদিক-বিচারে উহা স্বীকৃত হয় নাই। ভগবদ্বস্তু চিন্ময়ী শক্তির সহিত অভিন্ন। অচিন্ময়ী শক্তিতে চিচ্ছক্তি সঞ্চারিত হইয়া তাৎকালিক নশ্বর চিদ্ভাবাভাস প্রকাশিত হয়। ভগবানের চিদচিৎমিশ্র তটস্থাখ্য জীবশক্তি নিত্যকাল চিন্ময়ী শক্তির অনুগত হইলেও অনাদিকাল হইতে অচিচ্ছক্তি-পরিণত দৃশ্যজগতে ভ্রমণের উপযোগী। বস্তু হইতে বিচ্ছিন্ন হইয়া চিন্মাত্রের অপব্যবহার-ক্রমে জীবের বদ্ধানুভূতি। প্রকৃতপ্রস্তাবে জীব স্ব-স্বরূপ অবগত হইলে জানিতে পারেন যে, সেবোন্মুখতাই তাঁহার নিত্য চরম মঙ্গলের ভূমিকা। যে-কালে তিনি সেবাবিমুখ হন, তৎকালে সেই তটস্থাখ্য শক্তি আপনাকে শক্তিমৎ-জ্ঞানে ভোগে প্রবৃত্ত হন। তাঁহার ইন্দ্রিয়গুলি অচিতের প্রভু হইবার জন্য চিন্মাত্র-শক্তির বিপরীত অনুষ্ঠান করিয়া বসেন। কৃষ্ণের নিজশক্তিদ্বারাই তাঁহার বিজাতীয় অচিচ্ছক্তিতে শক্তি অর্পিত হয়। উদাহরণস্বরূপ—অগ্নি ও অগ্নির দাহিকা-শক্তি নিরগ্নিক লৌহে সঞ্চারিত হইয়া লৌহকে অগ্নি-পরিচয়ে প্রকাশিত করে। প্রকৃতপ্রস্তাবে অচিচ্ছক্তি কৃষ্ণের চিচ্ছক্তি হইতেই ক্রিয়া লাভ করে। তটস্থাখ্য জীব অচিচ্ছক্তির প্রভাবে চালিত হইয়া দৃশ্য জড়জগৎকে প্রকৃতি হইতে উৎপন্ন বলিয়া জ্ঞান করে, কিন্তু চিন্মাত্রে অবস্থিত মুক্তজীব বুঝিতে পারেন যে, শক্তিমানের চিচ্ছক্তিই অচিচ্ছক্তিতে আংশিক বল বিধান করিয়া উহাকে ক্রিয়াবতী করায়। অচিচ্ছক্তির মূল কারণ 'প্রকৃতি'

কারণার্ণবশায়ীর ঈক্ষণ-ফল ঃ—

অগণ্য, অনন্ত যত অণ্ড-সন্নিবেশ ।
ততরূপে পুরুষ করে সবাতে প্রবেশ ॥ ৬৭ ॥

তাঁহার নিশ্বাসে ব্রহ্মাণ্ডের সৃষ্টি ও প্রশ্বাসে লয় ঃ—

পুরুষ-নাসাতে যবে বাহিরায় শ্বাস ।
নিশ্বাস সহিতে হয় ব্রহ্মাণ্ড-প্রকাশ ॥ ৬৮ ॥

পুনরপি শ্বাস যবে প্রবেশে অন্তরে ।
শ্বাস-সহ ব্রহ্মাণ্ড পৈশে পুরুষ-শরীরে ॥ ৬৯ ॥

তাঁহার লোমকূপে অনন্ত ব্রহ্মাণ্ডসমূহ ঃ—

গবাক্ষের রন্ধ্রে যেন ত্রসরেণু চলে ।
পুরুষের লোমকূপে ব্রহ্মাণ্ডের জালে ॥ ৭০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

সৃষ্টি করে। সেই প্রত্যেক ব্রহ্মাণ্ডে এক এক পুরুষাকারে প্রবিষ্ট হয়। 'অঙ্গাভাস'-অর্থে অঙ্গমিলনের আভাসমাত্র, প্রকৃতপ্রস্তাবে অঙ্গমিলন নয়।

৭০। ত্রসরেণু—তিনটী পরমাণুতে এক ত্রসরেণু।

অনুভাষ্য

নানাপ্রকারে অনুপাদেয়, পরিচ্ছিন্ন ও অবরতা আবাহন করে। বদ্ধাভিমানে তর্কপন্থী জীব অজার দুগ্ধপ্রসবিনী স্তন দেখিয়া গলদেশে অবস্থিত স্তনাকৃতি স্থান হইতে যেরূপ দুগ্ধ-প্রার্থনায় অকৃতকার্য্য হয়, তদ্রূপ অচিন্মূলা প্রকৃতিকে অচিদ্‌জগতের কারণ বলিতে যাওয়া তাদৃশ নির্ব্বুদ্ধিতা। ভগবানের অচিচ্ছক্তি 'মায়া'—'নিমিত্ত' ও 'উপাদান'-রূপে হরিবিমুখ জীবের নিকট প্রতিভাত হইয়া সত্যবস্তু গ্রহণে পরাঙ্মুখ করায়। জীব, স্বরূপ-জ্ঞানোদয়ে অচিচ্ছক্তির 'আবরণী' ও 'বিক্ষেপাত্মিকা'—এই দ্বিবিধা চেষ্টা লক্ষ্য করেন। ঘটরূপ দ্রব্যের কারণ যে-প্রকার দ্বিবিধ, তাহাতে নিমিত্তকারণরূপে কুম্ভকার এবং উপাদানকারণ ও উপায়রূপে মৃত্তিকা ও চক্র-দণ্ডাদি যেরূপ স্থিরীকৃত হয়, তদ্রূপ দৃশ্যজগৎ এবং ভূতসমূহেরও নিয়ামকরূপে বস্তুবিচারে শক্তিমত্তত্ত্বই নির্দ্দিষ্ট। শক্তিভেদ-বিচারে ত্রিগুণময়ী মায়া গুণের দ্বারা উপাদানাংশ ভূতসমূহের পরিচালন করে। তটস্থাখ্যশক্তি জীব এই দৃশ্যজগতে হরিবিমুখ হইয়া ভোক্তৃত্ব গ্রহণ করে। দৃশ্যজগতে বস্তুর অচিৎ-প্রতীতি কৃষ্ণ-বৈমুখ্যের ফলমাত্র। অচিৎপ্রতীতিতে ভোগের অর্থাৎ ইন্দ্রিয়-পরায়ণতার দৃষ্টান্ত, কিন্তু সেবোন্মুখতায় ভগবৎ-প্রতীতিতে নিজ সম্বন্ধ-দর্শন। কৃষ্ণই নিত্য চিজ্জগতের কারণ, তিনিই আবৃত-সত্য অচিজ্জগতের কারণ, এবং তিনিই তটস্থাখ্য জীবের মূল-কারণ ও বিধাতা। অচিৎপ্রতীতি—ভগবানের বহিরঙ্গা-শক্তির ক্রিয়া এবং চিৎপ্রতীতি—অন্তরঙ্গা-শক্তির ক্রিয়া। চিন্ময়প্রতীতির বাণী হইতে আমরা জানিতে পারি যে, সকল

ব্রহ্মসংহিতা (৫।৪৮)—

যস্যৈকনিশ্বসিত-কালমথাবলম্ব্য
জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ ।
বিষ্ণুর্ম্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৭১ ॥

শ্রীমদ্ভাগবত (১০।১৪।১১)—

ক্বাহং তমো-মহদহং-খ-চরাগ্নিবার্ভূ-
সংবেষ্টিতাণ্ডঘট-সপ্তবিতস্তিকায়ঃ ।
ক্বেদৃগ্বিধাঽবিগণিতাণ্ডপরাণুচর্য্যা-
বাতাধ্বরোমবিবরস্য চ তে মহিত্বম্ ॥ ৭২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭১। ব্রহ্মাণ্ডনাথসকল যাঁহার লোমকূপ হইতে জন্মগ্রহণ করিয়া তাঁহার নিশ্বাস-কাল পর্য্যন্ত অবস্থিত, সেই মহাবিষ্ণু যাঁহার কলা, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজনা করি।

৭২। প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চভূত-নির্ম্মিত সপ্ত-বিতস্তি-পরিমিত এই কায়ান্তর্গত আমি বা কোথায়, আর সমস্ত ব্রহ্মাণ্ড পরমাণুরূপে তোমার লোমবিবরে পরিভ্রমণ করে, এতাদৃশ যে তুমি, তোমার মহিমাই বা কোথায়? অর্থাৎ আমার ব্রহ্মাণ্ড-বিগ্রহ তোমার মহিমার সহিত তুলনায় কিছু নয়।

অনুভাষ্য

স্বতঃকর্ত্তৃত্ব-ধর্ম্ম ও সর্ব্বাকরত্ব ভগবত্তায় প্রতিষ্ঠিত। সেই বস্তু বৃহৎ, তাঁহার খণ্ডাংশই 'জীব'-শব্দ-বাচ্য। সেই ভগবদ্বস্তু বিভক্ত হইয়া খণ্ডত্বধর্ম্ম প্রকাশ করে না, পরন্তু, খণ্ডপ্রতীতি কখনও অখণ্ডপ্রতীতির সহিত অভিন্ন হয় না। ব্যাপ্য-ব্যাপক-বিচারে ব্রহ্ম ও জীব সমজাতীয় হইলেও ঈশবস্তু—মায়ার প্রভু, আর বশ্যবস্তু—মায়ার অধীন। মায়াধীন মায়াধীশের অধীন হইলে তাহার মায়াধীনত্ব ধর্ম্ম থাকিতে পারে না।

৬৫-৬৬। মধ্য, ২০শ পঃ ২৭১-২৭৩ সংখ্যা এবং ভাঃ ৩।৫।২৬ ও ৩।২৬।১৮ শ্লোক দ্রষ্টব্য।

৬৭-৭০। মধ্য, ২০শ পঃ ২৭৭-২৮০ সংখ্যা দ্রষ্টব্য।

৭১। অথ যস্য লোমবিলজাঃ (লোমকূপাৎ জাতাঃ) জগদণ্ড-নাথাঃ (ব্রহ্মাণ্ডপতয়ঃ সমষ্টিবিষ্ণ্বাদয়ঃ) একনিশ্বসিতকালং (নিশ্বাসৈকপরিমিতকালম্) অবলম্ব্য (আশ্রিত্য) ইহ জীবন্তি (আবির্ভূতাঃ ভবন্তি) সঃ মহান্ বিষ্ণুঃ যস্য (গোবিন্দস্য) কলাবিশেষঃ, তমাদিপুরুষং গোবিন্দম্ অহং ভজামি।

৭২। ব্রহ্মা গো-বৎস হরণ করিয়া পরে নিজাপরাধ-প্রশমনের জন্য যে স্তব করেন, তন্মধ্যে ইহা একটী,—

তমোমহদহং-খ-চরাগ্নি-বার্ভূ-সংবেষ্টিতাণ্ড-ঘট-সপ্তবিতস্তি-

মূলসঙ্কর্ষণ, মহাসঙ্কর্ষণ ও পুরুষত্রয়ের সম্বন্ধ ঃ—

অংশের অংশ যেই, 'কলা' তার নাম ।
গোবিন্দের প্রতিমূর্ত্তি শ্রীবলরাম ॥ ৭৩ ॥
তাঁর এক স্বরূপ—শ্রীমহাসঙ্কর্ষণ ।
তাঁর অংশ 'পুরুষ' হয় কলাতে গণন ॥ ৭৪ ॥
যাঁহাকে ত' কলা কহি, তিঁহো মহাবিষ্ণু ।
মহাপুরুষাবতারী, তেঁহো সর্ব্বজিষ্ণু ॥ ৭৫ ॥
গর্ভোদ-ক্ষীরোদ-শায়ী দোঁহে 'পুরুষ' নাম ।
সেই দুই, যাঁর অংশ,—বিষ্ণু, বিশ্বধাম ॥ ৭৬ ॥

লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে (৩৩) সাত্বততন্ত্র-বচন—

বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ ।
একন্তু মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতম্ ।
তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ॥ ৭৭ ॥

মৎস্যাদি সমস্ত অবতারের অংশী কারণার্ণবশায়ী ঃ—

যদ্যপি কহিয়ে তাঁরে কৃষ্ণের 'কলা' করি ।
মৎস্য-কূর্ম্মাদ্যবতারের তিঁহো অবতারী ॥ ৭৮ ॥

শ্রীমদ্ভাগবত (১।৩।২৮)—

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্ ।
ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ৭৯ ॥

পুরুষাবতারত্রয়ের কার্য্য ঃ—

সেই পুরুষ সৃষ্টি-স্থিতি-প্রলয়ের কর্ত্তা ।
নানা অবতার করে, জগতের ভর্ত্তা ॥ ৮০ ॥

অবতারগণ অংশমাত্র ঃ—

সৃষ্ট্যাদি-নিমিত্তে যেই অংশের অবধান ।
সেই ত' অংশেরে কহি 'অবতার' নাম ॥ ৮১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৩-৭৬। কৃষ্ণের বিলাসমূর্ত্তি বলরাম মূলসঙ্কর্ষণ। তাঁহার স্বরূপাংশ পরব্যোমে সঙ্কর্ষণ। তাঁহার অংশ কারণাব্ধিশায়ী মহাবিষ্ণু, তিনি অংশের অংশ বলিয়া তাঁহাকে 'কলা' বলা যায়। গর্ভোদশায়ী ও ক্ষীরোদশায়ী পুরুষদ্বয় মহাবিষ্ণুর অংশ।

৭৭। নিত্যধামে বিষ্ণুর তিনটী রূপ—প্রথম মহত্তত্ত্বের স্রষ্টা কারণাব্ধিশায়ী মহাবিষ্ণু ; দ্বিতীয়—গর্ভোদশায়ী ও সমষ্টিব্রহ্মাণ্ড-গত পুরুষ ; তৃতীয়—ক্ষীরোদশায়ী ব্যষ্টি-ব্রহ্মাণ্ডগত পুরুষ, তিনি প্রতি জীবের অন্তর্যামী ঈশ্বর ও পরমাত্মা। এই তিনটীর তত্ত্ব জানিতে পারিলে জড়বুদ্ধি হইতে মুক্ত হওয়া যায়।

অনুভাষ্য

কায়ঃ (তমঃ অব্যক্তং, মহত্তত্ত্বম্ অহঙ্কারঃ, খম্ আকাশম্, চরঃ বায়ুঃ, অগ্নিস্তেজঃ বার্জলং, ভূঃ পৃথিবী, এতৈঃ প্রধানাদি-ক্ষিত্যন্তৈঃ সংবেষ্টিতঃ যঃ অণ্ডঘটঃ ব্রহ্মাণ্ডরূপঃ ঘটঃ দেহঃ স এব তস্মিন্ নিজমানেন সপ্তবিতস্তিকায়ঃ যস্য সঃ) অহং ক্ব, ঈদৃগ্ বিধাবিগণিতাণ্ডপরাণুচর্য্যাবাতাধ্বরোমবিবরস্য (ঈদৃগ্বিধানি যানি অগণিতানি অণ্ডানি তানি এব পরমাণবঃ তেষাং চর্য্যা পরিভ্রমণং তদর্থং বাতাধ্বনঃ গবাক্ষাঃ ইব রোমবিবরাণি যস্য তস্য) তে (তব) মহিত্বং চ ক্ব?

৭৩। প্রতিমূর্ত্তি—দ্বিতীয় দেহ (আদি, ৫ম পঃ ৪-৫ ; মধ্য, ২০শ পঃ ১৭৪)।

৭৫। 'মহাবিষ্ণু', 'মহাপুরুষাবতারী' শব্দে কারণার্ণবশায়ী।

৭৬। পুরুষলক্ষণ—যথা লঘুভাগবতামৃতে অবতার-বর্ণন-প্রসঙ্গে ৪ সংখ্যায় ধৃত বিষ্ণুপুরাণের (৬।৮।৫৯) শ্লোকের অনুবাদ —'ষড়্বিকারহীন পুরুষোত্তম কৃষ্ণের যে অংশ গুণভুক্ অর্থাৎ প্রকৃতি ও মহদাদি প্রাকৃতের ঈক্ষণকর্ত্তা, যিনি তত্ত্বতঃ এক স্বরূপ

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৯। আদি ২য় পঃ ৬৭ সংখ্যা দ্রষ্টব্য।

৮০। (জগৎপালকরূপে) সেই পুরুষাবতার ক্ষীরোদশায়ী।

অনুভাষ্য

পরিত্যাগ না করিয়াই বহুবিধ স্বাংশ বিভাগ করিয়া নিখিলপ্রাণীর বিস্তারকর্ত্তা, যিনি শুদ্ধ অর্থাৎ মায়াসঙ্গ-রহিত হইয়াও অশুদ্ধের অর্থাৎ মায়াসঙ্গীর ন্যায় প্রতিভাত এবং যিনি নিত্য-চিন্ময়, সেই অব্যয় পুরুষে সর্ব্বদা প্রণত হই।' এই শ্লোকের শ্রীরূপকৃত কারিকা —"পরমেশাংশরূপো যঃ প্রধানগুণভাগিব। তদীক্ষাদিকৃতির্নানা-বতারঃ পুরুষঃ স্মৃতঃ।।" অর্থাৎ পরমেশ্বরের যে অংশ প্রধানগুণ-সংস্পৃষ্ট ব্যক্তির ন্যায় প্রকৃতি ও মহত্তত্ত্বাদির ঈক্ষণকর্ত্তা, যিনি নানবিধ অবতারের আবিষ্কর্ত্তা, শাস্ত্রে তাঁহাকেই 'পুরুষ' নামে অভিহিত করিয়াছেন।

৭৭। বিষ্ণোস্তু পুরুষাখ্যানি ত্রীণি রূপাণি বিদুঃ। অথ তেষু একম্ (আদ্যং) তু মহতঃ (মহত্তত্ত্বস্য) স্রষ্টৃ (প্রকৃত্যন্তর্যামি), দ্বিতীয়ং তু অণ্ডসংস্থিতং (ব্রহ্মাণ্ডান্তর্যামী), তৃতীয়ং সর্ব্বভূতস্থং (জীবান্তর্যামী)। তানি রূপাণি জ্ঞাত্বা বিমুচ্যতে (মায়াবন্ধনাৎ বিজ্ঞো মুক্তো ভবতি)।

৮০। (ভাঃ ৩।১।৫)—"এতন্নানাবতারাণাং নিধানং বীজ-মব্যয়ম্। যস্যাংশাংশেন সৃজ্যন্তে দেব-তির্য্যঙ্-নরাদয়ঃ।।" কারণা-ব্ধিশায়িরূপে সৃষ্টিস্থিতিপ্রলয়ের কারণ, গর্ভোদশায়িরূপে নানা-বতারের সূতিকাধাম এবং ক্ষীরোদশায়িরূপে ক্ষৌণীভর্ত্তা।

৮১। লঘুভাগবতামৃতে অবতার-লক্ষণবর্ণন-প্রসঙ্গে ১ম সংখ্যায়—"পূর্ব্বোক্তা বিশ্বকার্য্যার্থমপূর্ব্বা ইব চেৎ স্বয়ম্। দ্বার-ন্তরেণ বাবিঃস্যুরবতারাস্তদা স্মৃতাঃ।। তচ্চ দ্বারং তদেকাত্মরূপ-স্তদ্ভক্ত এব চ। শেষশায়্যাদিকো যদ্বদ্ বসুদেবাদিকোঽপি চ।।"

আদ্যাবতার, মহাপুরুষ, ভগবান্‌।
সর্ব্ব-অবতার-বীজ, সর্ব্বাশ্রয়-ধাম ॥ ৮২ ॥

কারণার্ণবশায়ী মহাবিষ্ণু ঃ—

শ্রীমদ্ভাগবত (২।৬।৪২)—

আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্য কালঃ স্বভাবঃ সদসন্মনশ্চ।
দ্রব্যং বিকারো গুণ ইন্দ্রিয়াণি বিরাট্‌ স্বরাট্‌ স্থাস্নু চরিষ্ণু ভূম্নঃ ॥৮৩

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৩। কারণাব্ধিশায়ী পুরুষই ভগবানের আদ্যাবতার। কাল, স্বভাব, কার্য্যকারণরূপ প্রকৃতি, মনাদি মহত্তত্ত্ব, মহাভূতাদি অহঙ্কার, সত্ত্বাদি গুণ, ইন্দ্রিয়গণ, বিরাট্‌, স্বরাট্‌, স্থাবর ও জঙ্গম, সকলই তাঁহার বিভূতিরূপ।

পাঠান্তরে এই শ্লোকগুলি দেখা যায়,—

অহং ভবো যজ্ঞ ইমে প্রজেশা দক্ষাদয়ো যে ভবদাদয়শ্চ।
স্বর্লোকপালাঃ খগলোকপালা নৃলোকপালাস্তললোকপালাঃ।।
গন্ধর্ব্ব-বিদ্যাধর-চারণেশা যে যক্ষরক্ষোরগ-নাগনাথাঃ।
যে বা ঋষীণামৃষভাঃ পিতৃণাং দৈত্যেন্দ্রসিদ্ধেশ্বরদানবেন্দ্রাঃ।
অন্যে চ যে প্রেতপিশাচভূত-কুষ্মাণ্ড-যাদো-মৃগপক্ষ্যধীশাঃ।।
যৎ কিঞ্চ লোকে ভগবন্মহস্বদোজঃ সহস্বদ্বলবৎ ক্ষমাবৎ।
শ্রীহ্রীবিভূত্যাত্মবদদ্ভুতার্ণং তত্ত্বং পরং রূপবদস্বরূপম্‌।।

অনুভাষ্য

অর্থাৎ পূর্ব্বোক্ত স্বয়ংরূপ শ্রীকৃষ্ণ বিশ্বকার্য্যের জন্য স্বয়ং অথবা দ্বারান্তরদ্বারা আবির্ভূত হইলে, তাঁহাকে 'অবতার' বলে। সেই 'দ্বার' দ্বিবিধ—তদেকাত্মরূপ ও ভক্ত ; শেষশায়ী—তদেকাত্মরূপ এবং বসুদেবাদি—ভক্ত। শ্রীবলদেবকৃত-টীকা—"স্বয়ম্‌ অদ্বারকতয়া, দ্বারান্তরেণ বা জগতি আবিঃ স্যুঃ, তদা অবতারাঃ স্মৃতাঃ। অপ্রপঞ্চাৎ প্রপঞ্চেঽবতরণং খল্ববতারঃ। সদ্বারকস্তু—যথা শেষশায়িনঃ কারণার্ণবশয়াৎ গর্ভোদকশয়ঃ, যথা বসুদেবাৎ কৃষ্ণঃ, দশরথাৎ রামঃ। কার্য্যং—প্রকৃতিক্ষোভ-মহদাদ্যুৎপাদনং, দুষ্টবিমর্দ্দেন দেবাদীনাং সুখবর্দ্ধনং, সমুৎকণ্ঠিতানাং সাধকানাং স্বসাক্ষাৎকারেণ প্রেমানন্দবিতরণং, বিশুদ্ধভক্তিপ্রচারণঞ্চ, তদর্থমিত্যর্থঃ।"*

দেশকালপাত্রভেদে খণ্ডিত মায়ারাজ্যে খণ্ডক্রিয়ার নিমিত্ত বা উপাদানাংশে ভগবৎস্বরূপের যে কারকতা দেখা যায়, তৎকার্য্যের কারণস্বরূপ মহাবিষ্ণুরূপ ভগবত্তাই কৃষ্ণাংশ। এই

মহৎস্রষ্টা আদিপুরুষাবতার ঃ—

শ্রীমদ্ভাগবত (১।৩।১)—

জগৃহে পৌরুষং রূপং ভগবান্মহদাদিভিঃ।
সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়া ॥ ৮৪ ॥

সকলের আশ্রয় ও অন্তর্যামী ঃ—

যদ্যপি সর্ব্বাশ্রয় তিঁহো, তাঁহাতে সংসার।
অন্তরাত্মা-রূপে তিঁহো জগৎ-আধার ॥ ৮৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৪। ভগবান্‌ লোকসৃষ্টি-মানসে মহদাদিদ্বারা সম্ভূত ও ষোড়শকলাবিশিষ্ট পুরুষাখ্য-রূপ ধারণ করিয়াছিলেন।

৮৫-৮৬। যদিও তিনি সর্ব্বাশ্রয় বলিয়া তাঁহাতে সংসার অবস্থিত, তথাপি তিনি অন্তরাত্ম-রূপে জগতের আধার। প্রকৃতির

অনুভাষ্য

অংশকেই 'অবতার' বলা হয়। সাধারণতঃ স্থূলদৃষ্টিতে 'পঙ্গ্বন্ধ'-ন্যায়াবলম্বনে জড়া-প্রকৃতিকে 'উপাদান' এবং ভোক্তা, ত্রিগুণময় পুরুষ-জীবকে 'নিমিত্ত' বলা হয়। কিন্তু প্রকৃতি জগতের 'উপাদান' বা 'নিমিত্ত' নহে,—ইহাই সূক্ষ্মভাবে ভাগবতগণ উপলব্ধি করিয়াছেন। যাঁহার ঈক্ষণশক্তিপ্রভাবে প্রকৃতি জগতের 'উপাদান' বলিয়া পরিচিত, মায়া জগতের 'নিমিত্ত-কর্ত্রী' বলিয়া খ্যাত, এই উভয় শক্তিই সেই ভগবৎকর্তৃক প্রদত্ত। ভগবানের যে প্রকাশ-স্বরূপসমূহ, মায়াতে বিশ্বসৃষ্টির উদ্দেশে বা বিশ্বের হিতের জন্য মায়াকে শক্তিপ্রদান-লীলা প্রদর্শন করেন, ঐ প্রকাশমূর্ত্তিসমূহই 'অংশ' অথবা 'অবতার' বলিয়া সংজ্ঞিত হয়। বস্তুতত্ত্বে দীপের উপমেয় অবতারগণ বিষ্ণু হইলেও মায়ার উপর কর্ত্তৃত্ব থাকায় তাঁহাদিগকে মায়িক ভাষার আশ্রয়ে 'অংশ' বা 'অবতার' বলা হয় মাত্র। মধ্য, ২০শ পঃ ২৬৩-২৬৪ সংখ্যা দ্রষ্টব্য।

৮২। সর্ব্বাবতার-বীজরূপী গর্ভোদশায়ীর কথা—ভাঃ (৩।১।৫) দ্রষ্টব্য।

৮৩। শ্রীব্রহ্মা নারদের নিকট ভগবান্‌ কারণার্ণবশায়ীর বিভূতি বর্ণন করিতেছেন,—

পরস্য ভূম্নঃ (ভগবতঃ) পুরুষঃ (কারণার্ণবশায়ী) আদ্যঃ অবতারঃ। কালঃ (গুণ-ক্ষোভকঃ), স্বভাবঃ (তৎসংস্কারঃ), সদসৎ (কার্য্যকারণাত্মিকা প্রকৃতিঃ) মনঃ (মহত্তত্ত্বং), দ্রব্যং (ভূতসূক্ষ্মাণি পঞ্চমহাভূতানি), বিকারঃ (অহঙ্কারঃ), গুণঃ (সত্ত্বাদিঃ), ইন্দ্রিয়াণি (একাদশ), বিরাট্‌ (সমষ্টিশরীরং), স্বরাট্‌ (বৈরাজং), স্থাস্নু (স্থাবরং), চরিষ্ণু (জঙ্গমং ব্যষ্টিশরীরং) চ [সর্ব্বং তদ্বিভূতিরূপম্‌]।

** ভগবৎস্বরূপ যখন স্বয়ং অর্থাৎ অদ্বারক-রূপে (অর্থাৎ কোন আশ্রয় স্বীকার না করিয়া স্বয়ংই) অথবা কোন দ্বারে জগতে আবির্ভূত হন, তখন তাঁহাকে অবতার বলা হয়। অপ্রপঞ্চ (বৈকুণ্ঠধাম) হইতে প্রপঞ্চে অবতরণই অবতার। শ্রীমৎস, শ্রীহংস প্রভৃতি অদ্বারক-রূপে আবির্ভূত। সদ্বারক-অবতার ; যথা—শেষশায়ী শ্রীকারণার্ণবশায়ী হইতে শ্রীগর্ভোদকশায়ী, আবার যথা,—শ্রীবসুদেব হইতে শ্রীকৃষ্ণচন্দ্র, শ্রীদশরথ হইতে শ্রীরামচন্দ্র ইত্যাদি। অবতারগণ যে বিভিন্ন কার্য্যোদ্দেশে অবতীর্ণ হন, তাহা যথা,—প্রকৃতিকে ক্ষুভিত করিয়া মহৎতত্ত্বাদি উৎপাদন, দুষ্টদমনদ্বারা দেবগণের সুখবর্দ্ধন, সমুৎকণ্ঠিত সাধকগণকে নিজদর্শনদ্বারা প্রেমানন্দ-বিতরণ ও বিশুদ্ধভক্তিপ্রচার।*

ঈক্ষণাদি-ব্যাপারে মায়ার সম্বন্ধসত্ত্বেও বস্তুতঃ বিষ্ণু মায়াতীত ঃ—

প্রকৃতি সহিতে তাঁর উভয় সম্বন্ধ ।
তথাপি প্রকৃতি-সহ নাহি স্পর্শগন্ধ ॥ ৮৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

সহিত এই দুইপ্রকার সম্বন্ধ থাকিলেও তিনি প্রকৃতিস্পর্শদোষ স্বীকার করেন না।

অনুভাষ্য

৮৪। শৌনকাদি ঋষিগণের পঞ্চম প্রশ্নের উত্তরে সূত গোস্বামী ভগবানের অবতার-কথা বর্ণন করিতেছেন,—

আদৌ (সর্গারম্ভে) ভগবান্ (মহাসঙ্কর্ষণঃ) লোকসিসৃক্ষয়া (লোকানাং ভুবনানাং স্রষ্টুমিচ্ছয়া) মহদাদিভিঃ (মহদহঙ্কার-পঞ্চমহাভূতৈকাদশেন্দ্রিয়পঞ্চতন্মাত্রৈঃ) সম্ভূতং (মিলিতং) ষোড়শকলং (তৎসৃষ্ট্যুপযোগিপূর্ণশক্তিমৎ) পৌরুষং রূপং জগৃহে (প্রকটয়ামাস)।

ষোড়শকলং—লঘুভাগবতামৃতে পুরুষবর্ণন-প্রসঙ্গে (৬৮ সংখ্যায়)—"শ্রীর্ভূঃকীর্ত্তিরিলা লীলা কান্তির্বিদ্যেতি সপ্তকম্। বিমলাদ্যা নবেত্যেতা মুখ্যাঃ ষোড়শ শক্তয়ঃ।।" ইহার শ্রীবলদেব-কৃত টীকায়—"বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগা তথৈব চ। প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহেতি নব স্মৃতাঃ।।" ভগবৎসন্দর্ভে (১১৭ সংখ্যায়)—"শ্রিয়া পুষ্ট্যা গিরা কান্ত্যা কীর্ত্ত্যা তুষ্ট্যেলয়োর্জয়া। বিদ্যয়াবিদ্যয়া শক্ত্যা মায়য়া চ নিষেবিতম্।। সন্ধিনীসম্বিৎ-হ্লাদিনীভক্ত্যাধারশক্তিমূর্ত্তিবিমলাজয়া যোগা প্রহ্বীশানানুগ্রহাদয়শ্চ জ্ঞেয়াঃ। ততঃ শ্রিয়েত্যাদৌ শক্তিবৃত্তিরূপয়া মায়াবৃত্তিরূপয়া চেতি সর্ব্বত্র জ্ঞেয়ম্। তত্র পূর্ব্বস্যাঃ ভেদঃ শ্রীর্ভাগবতী-সম্পৎ। উত্তরস্যাঃ ভেদঃ শ্রীর্জাগতী-সম্পৎ। ★★ তত্র ইলা ভূস্তদুপলক্ষণত্বেন লীলা অপি। অত্র সন্ধিন্যেব সত্যা, জয়ৈবোৎকর্ষিণী, যোগৈব যোগমায়া, সম্বিদেব জ্ঞানাজ্ঞানশক্তিঃ শুদ্ধ-সত্ত্বঞ্চেতি জ্ঞেয়ম্; প্রহ্বী বিচিত্রানন্তসামর্থ্যহেতুঃ, ঈশানা সর্ব্বাধি-কারিতা-শক্তিহেতুরিতি ভেদঃ। *

১। শ্রী, ২। ভূ, ৩। লীলা, ৪। কান্তি, ৫। কীর্ত্তি, ৬। তুষ্টি, ৭। গীঃ, ৮। পুষ্টি, ৯। সত্যা, ১০। জ্ঞানাজ্ঞানা, ১১। জয়া উৎকর্ষিণী, ১২। বিমলা, ১৩। যোগমায়া, ১৪। প্রহ্বী, ১৫। ঈশানা ও ১৬। অনুগ্রহা—বৈকুণ্ঠে এই ষোড়শ শক্তি বিদ্যমানা।

শ্রীমদ্ভাগবত (১।১১।৩৯)—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ ।
ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া ॥ ৮৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৭। আদি, ২য় পঃ ৫৫ সংখ্যা দ্রষ্টব্য।

অনুভাষ্য

শ্রীমদ্ভাগবতের গৌড়ীয়ভাষ্যের অন্তর্গত শ্রীমধ্বকৃত ভাগবত-তাৎপর্য্য ও তথ্য দ্রষ্টব্য।

৮৫। মধ্য, ২০শ পঃ ২৮২ সংখ্যা দ্রষ্টব্য।

৮৬। লঘুভাগবতে বিষ্ণুর নির্গুণতা-বর্ণন-প্রসঙ্গে শ্রীরূপ-কারিকা—"যোগো নিয়ামকতয়া গুণৈঃ সম্বন্ধ উচ্যতে। অতঃ স তৈর্ন যুজ্যেত তত্র স্বাংশ পরস্য যঃ।।" অর্থাৎ নিয়ামকরূপে গুণের সহিত বিষ্ণুর যে সম্বন্ধ, তাহাকে 'যোগ' বলে। অতএব সেই পুরুষ গুণের সহিত কখনই বদ্ধ হন না; বিশেষতঃ তন্মধ্যে পরম-পুরুষের সহিত তত্ত্বতঃ অভিন্ন স্বাংশ-বিষ্ণুগণ কেহই কখনই কোন প্রকারেই গুণের সহিত যুক্ত হন না। শ্রীবলদেব-টীকা—'ননু পরস্য পুংসঃ কথং গুণসম্বন্ধঃ, 'মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা' (ভাঃ ২।৭।৪৭) ইত্যাদি বাক্য-বিরোধাদিতি চেৎ? তত্রাহ—যোগ ইতি। গুণা নিয়মাঃ, ত্রিধাবির্ভূতঃ পুরুষস্তু নিয়ামক ইতি সম্বন্ধঃ, স ইহ যোগ উচ্যতে, ন তু তৈর্বন্ধ ইত্যর্থঃ। স তু বিষ্ণুর্নৈব যুজ্যতে, দ্রুমিলযোগীশবাক্যে (ভাঃ ১১।৪।৫) তত্র গুণসম্বন্ধানুল্লেখাৎ।" যদি বল, মহাবিষ্ণুর ত' গুণের সহিত সম্বন্ধ সিদ্ধ হয় না? কেননা, তাহা হইলে যে "মায়া সলজ্জভাবে ভগবৎপরাঙ্মুখী হইয়া অবস্থান করে" এই বাক্যের সহিত বিরোধ ঘটে? তদুত্তরে বক্তব্য এই যে,—'গুণ'-শব্দে নিয়ম; বিষ্ণু, ব্রহ্মা ও শিব—এই ত্রিবিধরূপে আবির্ভূত 'পুরুষ' এই প্রকৃতির নিয়ামকসূত্রে সম্বন্ধ। জগতে উহাই 'যোগ'-নামে কথিত, উহা কখনই ঐ গুণত্রয়দ্বারা 'বন্ধন'-শব্দবাচ্য নহে। সেই বিষ্ণু কখনই গুণের সহিত যুক্ত হন না, যেহেতু নবযোগেন্দ্রের অন্যতম দ্রুমিলের বাক্যে বিষ্ণুর সহিত গুণত্রয়ের সম্বন্ধের উল্লেখাভাবই দেখা যায়।"

উপাদান ও নিমিত্ত—উভয় প্রকার কারণের ঈক্ষণকর্ত্তৃত্ব-সম্বন্ধ থাকিলেও তিনি মায়াদ্বারা কোনপ্রকারে অভিভাব্য হন

** শ্রী, পুষ্টি, গীঃ, কান্তি, কীর্ত্তি, তুষ্টি, ইলা, ঊর্জ্জা, বিদ্যা, অবিদ্যা, শক্তি ও মায়াদ্বারা ভগবান্ সেবিত হন। ('চ'-কারদ্বারা) সন্ধিনী, সম্বিৎ, হ্লাদিনী, ভক্ত্যাধারশক্তি, মূর্ত্তি, বিমলা, জয়া, যোগা, প্রহ্বী, ঈশানা, অনুগ্রহ প্রভৃতিকে জানিতে হইবে। উক্ত 'শ্রী' প্রভৃতিতে (অন্তরঙ্গা) শক্তিবৃত্তিরূপা ও (বহিরঙ্গা) মায়াবৃত্তিরূপা বলিয়া দ্বিবিধা বৃত্তি সর্ব্বত্র জানিতে হইবে। তন্মধ্যে পূর্ব্বটী অর্থাৎ শক্তিবৃত্তির ভেদ হইতেছে, শ্রী—ভাগবতী সম্পদ্। আর পরবর্ত্তীটি বা মায়াবৃত্তির ভেদ হইতেছে, শ্রী—জাগতী সম্পদ্। তন্মধ্যে ইলা—ভূশক্তি, উপলক্ষণে লীলাশক্তিও। এস্থলে সন্ধিনীই সত্যা, জয়াই উৎকর্ষিণী, যোগই যোগমায়া, সম্বিৎই জ্ঞানাজ্ঞানশক্তি ও শুদ্ধসত্ত্ব। প্রহ্বী বিচিত্র ও অনন্ত সামর্থ্যের হেতু। ঈশানা সর্ব্বাধিকারিতা শক্তির হেতু।*

অচিন্ত্যশক্তিমান্ ঈশ্বরের সহিত জগতের ভেদাভেদ-সম্বন্ধ ঃ—

এই মত গীতাতেহ পুনঃ পুনঃ কয় ।
সর্ব্বদা ঈশ্বর-তত্ত্ব অচিন্ত্যশক্তি হয় ॥ ৮৮ ॥
আমি ত' জগতে বসি, জগৎ আমাতে ।
না আমি জগতে বসি, না আমা' জগতে ॥ ৮৯ ॥
অচিন্ত্য ঐশ্বর্য্য এই জানিহ আমার ।
এই ত' গীতার অর্থ কৈল পরচার ॥ ৯০ ॥
সেই ত' পুরুষ যাঁর 'অংশ' ধরে নাম ।
চৈতন্যের সঙ্গে সেই নিত্যানন্দ-রাম ॥ ৯১ ॥
এই ত' নবম শ্লোকের অর্থ বিবরণ ।
দশম শ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ৯২ ॥

আদি ১৪ শ্লোকের মধ্যে ১০ম শ্লোকের অর্থ ঃ—

শ্রীস্বরূপগোস্বামি-কড়চা—

যস্যাংশাংশঃ শ্রীল গর্ভোদশায়ী যন্নাভ্যব্জং লোকসংঘাতনালম্ ।
লোকস্রষ্টুঃ সূতিকাধাম ধাতুস্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥৯৩॥

গর্ভোদশায়ীর বর্ণন ঃ—

সেই ত' পুরুষ অনন্তব্রহ্মাণ্ড সৃজিয়া ।
সব অণ্ডে প্রবেশিলা বহু-মূর্ত্তি হঞা ॥ ৯৪ ॥
ভিতরে প্রবেশি' দেখে সব অন্ধকার ।
রহিতে নাহিক স্থান করিল বিচার ॥ ৯৫ ॥
নিজাঙ্গ-স্বেদজল করিল সৃজন ।
সেই জলে কৈল অর্দ্ধ-ব্রহ্মাণ্ড ভরণ ॥ ৯৬ ॥
ব্রহ্মাণ্ড-প্রমাণ পঞ্চাশৎকোটি-যোজন ।
আয়াম, বিস্তার, দুই হয় এক সম ॥ ৯৭ ॥

চৌদ্দভুবনের উৎপত্তি ঃ—

জলে ভরি' অর্দ্ধ তাহা কৈল নিজ-বাস ।
আর অর্দ্ধে কৈল চৌদ্দভুবন-প্রকাশ ॥ ৯৮ ॥

গর্ভসাগরে নিজ বৈকুণ্ঠধাম-প্রকাশ ঃ—

তাঁহাই প্রকট কৈল বৈকুণ্ঠ নিজ-ধাম ।
শেষ-শয়ন-জলে করিল বিশ্রাম ॥ ৯৯ ॥

ঋক্‌সূক্তের স্তবনীয় বস্তু ঃ—

অনন্তশয্যাতে তাঁহা করিল শয়ন ।
সহস্র মস্তক তাঁর সহস্র বদন ॥ ১০০ ॥
সহস্র-চরণ-হস্ত, সহস্র নয়ন ।
সর্ব্ব অবতার-বীজ, জগৎ-কারণ ॥ ১০১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৯। আমি জগতে অবস্থিত এবং জগৎও আমাতে অবস্থিত, আবার, আমি জগতে নাই এবং জগৎও আমাতে নয়—ইহাকে 'অচিন্ত্য অর্থ (ঐশ্বর্য্য)' বলে।

অনুভাষ্য

না। ভগবানের ইচ্ছাশক্তির পরিণামে বিকারবিশিষ্ট জগৎ ; কিন্তু তাঁহাতে কোনপ্রকার জড়বিকার-সম্ভাবনা নাই। আদি, ২য় পঃ ৫২, ৫৪ সংখ্যা দ্রষ্টব্য।

৮৯। ভগবানের অস্তিত্ব ব্যতীত দৃশ্য জগতে কোন অধিষ্ঠানের সম্ভাবনা হয় না। ভগবানে জগৎ অবস্থিত, তাই বলিয়া অচিদ্‌ভোগময় দর্শনের বাহ্যপ্রতীতিকে ভগবান্ বলিয়া মনে করিতে হইবে না, ভোগময় জগৎকে ভগবত্তা জানিতে হইবে না। ভগবদ্বিমুখতারূপ ভোগ বা মায়া ভগবানে অবস্থিত নহে, ভগবদ্বিমুখতা কিছু ভগবদ্বস্তুতে থাকিতে পারে না। অধোক্ষজ ভগবান্ জগতে বা প্রপঞ্চে অবতীর্ণ হইয়াও জাগতিক বা প্রাপঞ্চিক খণ্ড ও নশ্বর বস্তু হন না বা হইতে পারেন না। প্রকট অপ্রকট, উভয় লীলাতেই তাঁহার মায়াতীতত্ব বা মায়াধীশত্ব অর্থাৎ নির্গুণ-বৈকুণ্ঠতা নিত্য বর্ত্তমান। বিভিন্ন লীলাভেদে তিনি জগতে অবতীর্ণ এবং জগতের যাবতীয় বস্তু-সত্তার মূল অধিষ্ঠাতৃদেব।

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৩। যাঁহার নাভিপদ্মের নাল লোকস্রষ্টা বিধাতার সূতিকাধাম ও লোকসমূহের বিশ্রামস্থান, সেই গর্ভোদশায়ী যাঁহার অংশের অংশ, সেই নিত্যানন্দ-রামকে আমি প্রণাম করি।

অনুভাষ্য

জগৎও তাঁহা হইতে পৃথক্ অস্তিত্বযুক্ত হইয়া দ্বিতীয় বস্তু-রূপে অবস্থান করিতে পারে না। বিষ্ণু স্বয়ং কখনও প্রাকৃত জগতে বা মায়ার সহিত সংস্পর্শযুক্ত হন না এবং তাঁহার নিজস্বরূপ এবং তদ্রূপবৈভবও কিছু ভোগময়, পরিমেয় জগৎ বা তদ্‌বিমুখী প্রকৃতির অন্তর্ভুক্ত নহেন—ইহাই স্বেচ্ছাময়, অচিন্ত্য-ঐশ্বর্য্যময় ভগবানের স্বতঃকর্ত্তৃত্ব ও ভগবত্তা।

শ্রীমদ্ভাগবতে ২য় স্কন্ধে নবম অধ্যায়ে চতুঃশ্লোকীর অন্তর্গত "যথা মহান্তি" (৩৪) শ্লোকের বিভিন্ন টীকা-সম্বলিত 'গৌড়ীয় ভাষ্য' এবং (ভাঃ ১১।১৫।৩৬) শ্লোক দ্রষ্টব্য।

৯০। গীতায় (৯।৪-৫)—"'ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্ত-মূর্ত্তিনা। মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্বস্থিতঃ।। ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্। ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ।

৯৩। যন্নাভ্যব্জং (যস্য নাভিকমলং) লোকসঙ্ঘাতনালং (লোকসমূহঃ চতুর্দ্দশলোকং, নালং আধারো, যস্য তৎ) ধাতুঃ লোকস্রষ্টুঃ (ব্রহ্মণঃ) সূতিকাধাম (জন্মগৃহস্বরূপং) শ্রীল-গর্ভোদ-

তাঁহা হইতে বিষ্ণু, ব্রহ্মা ও রুদ্রের উদ্ভব ঃ—

তাঁর নাভিপদ্ম হৈতে উঠিল এক পদ্ম ।
সেই পদ্মে হৈল ব্রহ্মার জন্ম-সদ্ম ॥ ১০২ ॥
সেই পদ্মনালে হৈল চৌদ্দভুবন ।
তেঁহো ব্রহ্মা হঞা সৃষ্টি করিল সৃজন ॥ ১০৩ ॥
বিষ্ণুরূপ হঞা করে জগৎ পালনে ।
গুণাতীত বিষ্ণু—স্পর্শ নাহি মায়া-গুণে ॥ ১০৪ ॥
রুদ্ররূপ ধরি' করে জগৎ সংহার ।
সৃষ্টি-স্থিতি-প্রলয়—ইচ্ছায় যাঁহার ॥ ১০৫ ॥
হিরণ্যগর্ভ, অন্তর্যামী, জগৎ-কারণ ।
যাঁর অংশ করি' করে বিরাট-কল্পন ॥ ১০৬ ॥
হেন নারায়ণ,—যাঁর অংশের অংশ ।
সেই প্রভু নিত্যানন্দ—সর্ব্ব-অবতংস ॥ ১০৭ ॥

অনুভাষ্য

শায়ী (দ্বিতীয়পুরুষাবতারঃ) যস্য নিত্যানন্দরামস্য অংশাংশঃ (কলা), তং (শ্রীনিত্যানন্দরামম্) [অহং] প্রপদ্যে।

৯৪-১০৭। ব্রহ্মসংহিতা (৫।১৪)—'প্রত্যেকমেবমেকাংশাদ্ বিশতি স্বয়ম্।' মধ্য, ২০শ পঃ ২৮৩-২৯৩।

৯৬। ভাঃ ২।১০।১০ শ্লোক দ্রষ্টব্য।

৯৮। চৌদ্দভুবন—ভূ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ ও সত্য—এই সাতটী ঊর্দ্ধলোক এবং তল,অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল ও সুতল—এই সাতটী পাতাল। ভাঃ ২।৫।৩৮-৪২ এবং ভাঃ ১১।৪।৩ শ্লোক দ্রষ্টব্য।

৯৯-১০১। ভাঃ ১।৩।২, ৪, ৫ শ্লোক দ্রষ্টব্য।

তথাপি তেনাপি প্রকারেণ জড়স্য স্বতঃ প্রবৃত্তির্ন সিদ্ধ্যতি। পঙ্গোর্গতিবৈকল্যেঽপি বর্ত্মদর্শন-তদুপদেশাদয়োঽন্ধস্য দৃক্‌শক্তি-বিরহেঽপি তদুপদেশ-গ্রহাদয়ো বিশেষাঃ সন্তি। অয়স্কান্তমণে-শ্চায়ঃসামীপ্যাদয়ঃ। পুরুষস্য তু নিত্যনিষ্ক্রিয়স্য নির্ধর্ম্মকস্য ন কোঽপি বিকারঃ। সন্নিধিমাত্রেণ তস্মিন্‌ স্বীকৃতে তস্য নিত্যত্বা-ন্নিত্যং সর্গো মোক্ষাভাবশ্চ প্রসজ্যেত। কিঞ্চ, পঙ্গ্বন্ধাবুভৌ চেতনৌ অয়স্কান্তায়সী চ দ্বে জড়ে ইতি দৃষ্টান্তবৈষম্যং বিস্ফুটম্‌ ॥ ৭ ॥

যত্তু গুণানামুৎকর্ষাপকর্ষবশেনাঙ্গাভাবাদ্বিশ্বসৃষ্টিরিতি মন্যতে, তন্নিরস্যতি—

"অঙ্গিত্বানুপপত্তেশ্চ" ॥ ৮ ॥

সত্ত্বাদীনাং সাম্যেনাবস্থিতিঃ প্রধানাবস্থা। তস্যাং চ নিরপেক্ষ-স্বরূপাণাং তেষাং কস্যচিদেকস্যাঙ্গিত্বংনোপপদ্যতে, ইতরয়োস্তৎ-সমত্বেন গুণীভাবাসম্ভবাৎ। তথা চ গুণানামঙ্গাঙ্গিভাবাসিদ্ধিঃ। ন চেশ্বরঃ কালো বা তৎকৃৎ, অস্বীকারাৎ। যথাহ কপিলঃ—ঈশ্বরা-সিদ্ধেঃ মুক্তবদ্ধয়োরন্যতরাভাবান্ন তৎসিদ্ধিরিতি। দিক্‌কালা-বাকাশাদিভ্য ইতি চ। ন চ পুরুষস্তৎকৃৎ তস্য তত্রৌদাসীন্যাৎ। তথাচ গুণবৈষম্যহেতুকঃ সর্গো নেতি। কিঞ্চৈবং হেত্বভাবাৎ প্রতিসর্গেঽপি তে বৈষম্যং ভজেরন্‌। আদিসর্গে তু ন ভজে-রন্নিতি ॥ ৮ ॥

ননু কার্য্যানুরোধেন গুণা বিচিত্রস্বভাবা ভবন্তীত্যনুমেয়ম্‌, তেন নোক্তদোষাবকাশ ইতি চেত্তত্রাহ—

"অন্যথানুমিতৌ চ জ্ঞ-শক্তিবিয়োগাৎ" ॥ ৯ ॥

বিচিত্রশক্তিকতয়া গুণানামনুমানেঽপি ন দোষান্নিস্তারঃ। কুতঃ ?—জ্ঞেতি। জ্ঞাতৃত্ববিরহাদিত্যর্থঃ। ইদমহমেবঞ্চ সৃজামীতি বিমর্শাভাবাদিতি যাবৎ। জ্ঞানশূন্যাজ্জড়ান্ন সৃষ্টিরিষ্টকাদেরিবর্ত্তে চেতনাধিষ্ঠানাদিতি।"

সাঙ্খ্যাচার্য্য কপিল তত্ত্বসমূহ এইভাবে সংগ্রহ করিয়াছেন। তাঁহার মতে,—সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিনটী গুণের সাম্যা-

অনুভাষ্য

বস্থাই প্রকৃতি। প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, তাহা হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে পঞ্চতন্মাত্র, তাহা হইতে জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় এবং স্থূল-ভূতসমূহ এবং পুরুষ—সাকল্যে এই পঞ্চবিংশতি তত্ত্ব। সাম্যরূপে অবস্থিত সত্ত্বাদি ত্রিগুণই প্রকৃতি। ঐ তিনটী গুণকে যথাক্রমে সুখ-দুঃখ-মোহাত্মক বলিয়া বুঝিতে হইবে, যেহেতু প্রকৃতির কার্য্যভূত জগতে সুখাদিভাবেরই দর্শন করা যায়। দৃষ্টান্ত যথা—তরুণী রতিদ্বারা পতির সুখদা হন—এইস্থলে 'সাত্ত্বিক' ভাবের প্রকাশ ; তিনি আবার দুঃখদায়িনী হইয়া 'রাজসী', এবং মোহিনী হইয়া 'তামসী' হন। 'উভয় ইন্দ্রিয়'-শব্দে দশটী বহিরিন্দ্রিয় এবং একটী অন্তরিন্দ্রিয় মন,—সর্ব্বসাকল্যে এই একাদশটী ইন্দ্রিয়। প্রকৃতি নিত্যা ও বিভুত্বশালিনী। মূলে মূলের (চেতনের) অভাবপ্রযুক্ত মূল (প্রধান) অমূল অর্থাৎ কারণান্তর-রহিত। ঐ প্রধান অপরিচ্ছিন্ন ও সকলের উপাদান—"সর্ব্বত্র কার্য্যদর্শনাৎ বিভুত্বম্‌" ইত্যাদি সূত্র হইতে ইহা প্রাপ্ত হওয়া যায়। মহত্তত্ত্ব, অহঙ্কারতত্ত্ব ও পঞ্চতন্মাত্র,—এই সাতটী প্রকৃতি-বিকার এবং অহঙ্কারাদির প্রকৃতিও প্রধানের বিকার ; একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ মহাভূত,—এই ষোড়শটী বিকার। পুরুষ পরিণামহীন বলিয়া কাহারও প্রকৃতি বা বিকারও নহেন। ঐ প্রকৃতি নিত্য-বিকারবিশিষ্টা এবং নিজে অচেতন হইয়াও অনেক চেতনজীবের ভোগের ও অপবর্গের হেতু এবং ইন্দ্রিয়াতীত হইয়াও তাহার কার্য্যদ্বারা অনুমিত হয়েন। প্রকৃতি স্বয়ং এক হইয়াও বিষমগুণা বলিয়া পরিণামশক্তিদ্বারা মহদাদি বিচিত্ররচনাময় জগৎ প্রসব করেন। এইরূপেই প্রকৃতি জগন্নিমিত্তোপাদানরূপিণী। পুরুষ নিষ্ক্রিয়, নির্গুণ ও প্রভু। তিনি চিৎস্বরূপ ও প্রতিদেহে ভিন্ন এবং প্রধানের পরিচালন হইতে অনুমেয়, এবং বিকার ও ক্রিয়ার অভাববশতঃ কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-শূন্য। প্রকৃতি ও পুরুষের তত্ত্ব এইরূপ হওয়ায় উভয়ের সান্নিধ্যমাত্রে পরস্পরের ধর্ম্মের বিনিময় হয়—প্রকৃতিতে চৈতন্যের এবং পুরুষে কর্ত্তৃত্ব ও ভোক্তৃত্বের অধ্যাস হইয়া থাকে। এইপ্রকার বিবেকের অভাবেই ভোগ এবং বিবেকেই অপবর্গ অর্থাৎ মোক্ষ। প্রকৃতির প্রতি পুরুষের ঔদাসীন্যময় ধর্ম্ম প্রভৃতি বিষয়সমূহ সোপপত্তিক সূত্রসমূহদ্বারা নিবদ্ধ করা হইয়াছে। এই প্রক্রিয়ায় সাঙ্খ্যকার,—'প্রত্যক্ষ', 'অনুমান' ও 'আগম'—এই তিনটী প্রমাণ মানিয়াছেন। উহাদের সিদ্ধিতেই সর্ব্বসিদ্ধি। (উপমানাদি উহাদেরই অন্তর্গত ; উহারা অতিরিক্ত প্রমাণ নহে।) প্রত্যক্ষসিদ্ধ ও আগমসিদ্ধ অর্থসমূহে অধিক বিসংবাদ নাই। "পরিণামাৎ", "সমন্বয়াৎ", "শক্তিতঃ" প্রভৃতি সূত্রসমূহদ্বারা যে প্রধানের জগৎকারণত্ব অনুমান করা হইয়াছে, এক্ষণে তাহারই নিরাসের প্রয়োজন হইতেছে ; কারণ, উক্ত মতের নিরাসদ্বারা সাঙ্খ্যের সকল মতেরই নিরাস করা যাইবে। তদ্বিষয়ে সংশয়

অনুভাষ্য

এই যে, 'প্রধান'—জগতের নিমিত্ত এবং উপাদান কি না? পূর্ব্বপক্ষ, প্রধানের নিমিত্তত্ব ও উপাদানত্ব, উভয়ই স্বীকার করেন। পূর্ব্বপক্ষ বলেন,—জগতের উপাদানরূপেই সত্ত্বাদিরূপ প্রধানের অনুমান করা হয়। উপাদান—কার্য্যের সমজাতীয়ই হইয়া থাকে; যথা ঘটাদি-কার্য্যের উপাদানরূপে মৃত্তিকাদিকেই সমজাতীয় দেখা গিয়াছে। জড়-বৃক্ষের ফলোৎপাদন ও তাদৃশ জলের চলন-দর্শনে জড় বা অচেতন-প্রধানেরও জগৎকর্ত্তৃত্ব স্থির হয়। অতএব 'প্রধানই জগতের উপাদান ও নিমিত্ত-কারণ'—এই পূর্ব্বপক্ষীয় সিদ্ধান্তের নিরাসার্থ প্রথম সূত্রের অবতারণা করিতেছেন,—

প্রধান—অচেতন, অতএব জড়-প্রধান জগতের উপাদান বা নিমিত্ত-কারণ নহে, যেহেতু এই জগতের বিচিত্র রচনা দেখিয়া চেতনের অধিষ্ঠান ব্যতীত ঐ জড়প্রধানদ্বারা পরিদৃশ্যমান জগতের রচনা সিদ্ধ হয় না, বা অনুমান করা সঙ্গত নহে। এই জগতে চেতন-কর্ত্তৃক অনধিষ্ঠিত ইষ্টকাদির দ্বারা কোনদিনই প্রাসাদাদি-নির্ম্মাণ সিদ্ধ হয় নাই। সূত্রোক্ত 'চ'-শব্দদ্বারা অন্বয়ের অনুপপত্তি সমুচ্চিত হইয়াছে। বাহ্য ঘটাদি পদার্থনিচয় কখনই সুখাদিস্বরূপে অন্বিত নহে ; কারণ, সুখাদি বিষয়সকল আন্তর ধর্ম্ম, সুতরাং বাহ্যবস্তুতে উহাদের অন্বয় হইতে পারে না। বিশেষতঃ ঘটাদি পদার্থ উক্ত সুখাদির হেতু এবং সুখাদিরূপেও উহাদের প্রতীতি নাই ॥ ১ ॥

(দ্বিতীয় সূত্র—) প্রবৃত্তি দর্শন করিয়াও প্রধানের কারণত্ব সঙ্গত হয় না। চেতন-কর্ত্তৃক অধিষ্ঠিত জড়েরই প্রবৃত্তি দৃষ্ট হয়। যাহার অধিষ্ঠান হইলে জড়ের প্রবর্ত্তনা হয়, উহারই যে ঐ প্রবৃত্তি, তাহা নিশ্চিত। রথ ও সারথিই উহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। এইরূপভাবেই 'বৃক্ষ ফল প্রসব করিতেছে' ইত্যাদি প্রধানের কারণতা-সম্বন্ধীয় দৃষ্টান্ত উক্ত হইয়াছে। ঐ স্থলেও চেতনের অধিষ্ঠান স্বীকৃত হইয়া থাকে ; যেহেতু অন্তর্যামী ব্রাহ্মণে উহার উল্লেখ আছে। এই-ভাষ্যমধ্যে তাহা পরে বিস্ফুট করা হইবে। সূত্রোক্ত চ-শব্দ অবধারণে। 'আমি করিতেছি' এই দৃষ্টান্তে চেতনেরই প্রবৃত্তি দেখা যায় বলিয়া জড়ের কর্ত্তৃত্ব সঙ্গত হইতেছে না। যদি বল—প্রকৃতি-পুরুষের সন্নিধিমাত্রে পরস্পরের ধর্ম্মের অধ্যাসবশতঃই জগৎ-রচনা? উত্তর—তাহাও বলা যায় না। আচ্ছা, যে সন্নিধি পরস্পরের ধর্ম্মাধ্যাসের কারণ, ঐ সন্নিধি কি প্রকৃতি ও পুরুষ, উভয়েরই সদ্ভাব, অথবা প্রকৃতি-পুরুষগত কোন বিকার? উত্তর—উহা উভয়ের সদ্ভাব ত' নহেই, কেননা তাহা স্বীকার করিলে মুক্তপুরুষসকলেরও অধ্যাস-প্রসঙ্গ হয়। ঐ সন্নিধি—প্রকৃতিগত বিকারও নহে ; কারণ অধ্যাস-কার্য্যরূপে অভিমত এই প্রকৃতিগত বিকারের অধ্যাস-হেতুত্বের সম্ভাবনা থাকে না। ঐরূপ, উহা পুরুষগত বিকারও নহে, কারণ, তাহা অর্থাৎ পুরুষগত বিকারও অস্বীকার্য্য। অতএব 'প্রধান' জগৎ-কারণ হইতে পারে না ॥ ২ ॥

যদি বল—দুগ্ধ যেরূপ আপনা হইতে দধিরূপে পরিণত হয় এবং একই মেঘনির্ম্মুক্ত জল যেরূপ একরস হইয়াও তাল ও আম্রাদিফলে মধুর ও অম্লাদি বিচিত্র রসরূপে পরিণত হয়, তদ্রূপ একই প্রধান, পুরুষের কর্ম্মবৈচিত্র্যানুসারে দেহ-জগদাদি-রূপে পরিণত হয়? তদুত্তরে বলিতেছেন,—

(তৃতীয় সূত্র—) দুগ্ধ ও জল প্রভৃতি অচেতন-বস্তুসমূহেরও চেতনকর্ত্তৃত্ব অধিষ্ঠিত হইয়াই কার্য্যে প্রবৃত্তি,—আপনা হইতেই প্রবর্ত্তনা থাকিতে পারে না ; কারণ, রথাদি দৃষ্টান্ত হইতে ঐরূপই অনুমিত হয়। অন্তর্যামী ব্রাহ্মণ হইতে ঐ জড়দ্বয়ের চেতনাধিষ্ঠিত-ভাব সিদ্ধ হয় ॥ ৩ ॥

(চতুর্থ সূত্র—)প্রধান ব্যতীত অন্য কারণের অবর্ত্তমানতা পরিত্যক্ত হওয়ায় কেবলমাত্র প্রধানেরই কর্ত্তৃত্ব অসঙ্গত হইতেছে।

'অপি'-শব্দের অর্থ চ-কার অর্থাৎ সমুচ্চয়। সৃষ্টির পূর্ব্বে প্রধান ব্যতীত অন্য হেতুর অসদ্ভাব পরিত্যক্ত হইতেছে বলিয়া কেবল প্রধানেরই নিজ পরিণামকর্ত্তৃত্ব নিরস্ত হইল। প্রধান ব্যতীত তৎপ্রবর্ত্তক বা নিবর্ত্তক অন্য কোন কারণই আদিসৃষ্টির পূর্ব্বে থাকে না,—এইরূপ মতই উপেক্ষিত হইয়াছে ; কারণ, তৎকালে চেতনের সন্নিধানহেতু অন্য কারণ স্বীকার করা হইতেছে। অতএব কেবল জড়কর্ত্তৃত্ববাদ নিরস্ত হইল। বিশেষতঃ ঐরূপ পূর্ব্বপক্ষে প্রলয়েও কার্য্যোৎপত্তি-প্রসঙ্গ হয় ; কারণ, প্রধান ব্যতীত অন্য কারণের অভাব ও প্রধানের সন্নিধি থাকে বলিয়া সৃষ্টিকালের ন্যায় প্রলয়কালেও কার্য্যোৎপত্তির প্রসঙ্গ। অদৃষ্টের উদ্বোধের অভাবহেতু প্রলয়কালে কার্য্যের অভাবও বলা যায় না ; কারণ, তৎকালে সেই অদৃষ্টের উদ্বোধও আসিয়া উপস্থিত হইতে পারে ॥ ৪ ॥

যদি বল, তৃণপল্লবাদি যেরূপ গবাদি (পশু)-কর্ত্তৃক ভক্ষিত হইয়া আপনা হইতেই ক্ষীরাকারে পরিণত হয়, প্রধানও তদ্রূপ মহদাদি তত্ত্বের আকারে পরিণত হইয়া থাকে, তদুত্তরে বলিতেছেন,—

(পঞ্চম সূত্র—) অন্যত্র ক্ষীরাকারে পরিণামের অভাবহেতু প্রধানেরও তৃণাদির ন্যায় স্বভাবতঃ (স্বতঃ) পরিণাম বলা সঙ্গত হয় না।

নিশ্চয়ার্থে চ-শব্দ উদ্দিষ্ট। ঐরূপ পূর্ব্বপক্ষ অসঙ্গত ; কারণ অন্যত্র তাহা দৃষ্ট হয় না ; যেমন বৃষাদি কর্ত্তৃক ভক্ষিত তৃণাদির ক্ষীরাকারে পরিণাম দৃষ্ট হয় না, তদ্রূপ উহা স্বাভাবিক নহে। আরও তৃণাদি যদি স্বভাবতঃই ক্ষীরাত্মক হইয়া পরিণত হইত, তাহা হইলেও চত্বরাদিতেও ঐরূপ ক্ষীরাকারে পরিণাম দৃষ্ট হইত।

অনুভাষ্য

যখন তাহা দৃষ্ট হয় না, তখন কেবল স্বভাবকেই পরিণামের হেতু বলা যায় না ; 'প্রাণিবিশেষের সম্বন্ধে তৃণাদি ক্ষীরাকারে পরিণত হউক্,' এইরূপ সর্ব্বেশ্বরের সঙ্কল্পই উহার কারণ ॥৫॥

জড়ত্বপ্রযুক্ত প্রধানের সম্যক্ স্বতঃ প্রবর্ত্তনা নাই,—ইহাই প্রতিপন্ন হইল। অতঃপর তোমার সন্তোষের জন্য যদিও উহা স্বীকার করি, তাহাতেও যে তোমার কোন অভীষ্ট সিদ্ধ হইতে পারে না, তাহা বলিতেছেন,—

(ষষ্ঠ সূত্র—) প্রধানের স্বাভাবিকী প্রবৃত্তি-স্বীকারেও কোন সার্থকতা নাই। চারিটী সূত্রে 'না'-অর্থ অনুবর্ত্তিত হইবে। 'পুরুষ আমাকে ভোগ করিয়া আমার দোষের অনুভবপূর্ব্বক আমাতে ঔদাসীন্যরূপ মোক্ষ লাভ করিবেন'—এইরূপ ভোগমোক্ষার্থক বলিয়াই প্রধানের প্রবৃত্তি, মনে হয়। উষ্ট্র যেরূপ কেবল পরের জন্যই কুঙ্কুমভার বহন করে, স্বয়ং ভোগ করে না, প্রধানেরও তদ্রূপ কেবল পরের জন্যই প্রবৃত্তি। আর পুরুষও অকর্ত্তা হইয়াও ভোক্তা বলিয়া মনে হয়। অন্নের কর্ত্তা না হইয়াও অন্নভোক্তার যেরূপ অন্নভোগ, পুরুষেরও তদ্রূপ ফলোপভোগ হইয়া থাকে। পূর্ব্বপক্ষের ঐ প্রধান-প্রবৃত্তি মনে করা যুক্তিযুক্ত হয় না ; কারণ তৎস্বীকারেও কোন ফল দেখা যায় না। পুরুষের প্রকৃতিদর্শনরূপ ভোগ ও প্রকৃতির প্রতি ঔদাসীন্যরূপ মোক্ষই প্রবৃত্তির ফল। প্রধানের ভোগ সম্ভব হয় না ; কারণ, চিন্মাত্র, নির্ব্বিকার ও অকর্ত্তা হইয়াও পুরুষের প্রকৃতিদর্শনরূপ সঙ্গবশে বিকারযোগ-হেতু পুরুষেরই ভোগ। প্রধানের অপবর্গও সম্ভব নহে ; কারণ ; প্রবৃত্তির উৎপত্তির পূর্ব্বেও অপবর্গ সিদ্ধ থাকায় উহার ব্যর্থতা হইতেছে। সন্নিধিমাত্রকেই ভোগের হেতু বলিলে, সন্নিধির নিত্যত্ববশতঃ মুক্ত জনগণেরও ভোগ আসিয়া পড়ে ॥ ৬ ॥

যদি বল, গতিশক্তিবিরহিত অথচ দৃষ্টিশক্তিসম্পন্ন পঙ্গু-পুরুষের সন্নিধানে দৃষ্টিশক্তিশূন্য অথচ গতিশক্তিবিশিষ্ট পুরুষও চলনে প্রবৃত্ত হয় এবং যেরূপ অয়স্কান্ত (চুম্বক)-প্রস্তরের সন্নিধানে জড় লৌহও চলিতে থাকে, তদ্রূপ চিন্মাত্র-পুরুষের সন্নিধানে প্রকৃতি অচেতন হইয়াও তৎছায়াপ্রভাবে চেতন-বস্তুর ন্যায় পুরুষের ভোগের নিমিত্ত সৃষ্ট্যাদিতে প্রবৃত্ত হয়, তদুত্তরে বলিতেছেন,—

(সপ্তম সূত্র—) পুরুষ চুম্বকের ন্যায় হইলেও জড়-প্রধানের স্বতঃপ্রবৃত্তি নাই। ঐরূপ হইলেও জড়বস্তুর স্বতঃপ্রবৃত্তি সিদ্ধ হইতেছে না। পঙ্গুর গতিশক্তি না থাকিলেও বর্ত্মপ্রদর্শন ও তদুপদেশ-প্রদানাদি এবং অন্ধের দর্শনশক্তি না থাকিলেও পঙ্গু-প্রদত্ত উপদেশগ্রহণাদি বৈশিষ্ট্য বর্ত্তমান এবং অয়স্কান্তমণির লৌহসামীপ্যাদিও সম্ভব হইতেছে। কিন্তু নিত্য নিষ্ক্রিয় নির্দ্ধর্ম্মক পুরুষের কোনও বিকার হয় না। সন্নিধিমাত্রই বিকার স্বীকার করিলে, সন্নিধির নিত্যত্ববশতঃ নিত্য সৃষ্টির এবং মোক্ষাভাবের প্রসঙ্গ হয়। বিশেষতঃ পঙ্গু ও অন্ধ,—উভয়ই চেতন এবং অয়স্কান্ত ও লৌহ,—উভয়ই জড় বলিয়া দৃষ্টান্তের বৈষম্য পরিস্ফুট হইতেছে ॥ ৭ ॥

অনন্তর গুণসমূহের উৎকর্ষ ও অপকর্ষবশতঃ অঙ্গাঙ্গি-ভাব-হেতু যে বিশ্বসৃষ্টি হয় বলিয়া মনে হয়, তাহা নিরাস করিতেছেন ,—

(অষ্টম সূত্র—) গুণের অঙ্গিত্বই অনুপপন্ন হইতেছে, অতএব ঐরূপ পক্ষ সঙ্গত হইতে পারে না।

সত্ত্বাদি গুণসমূহের সাম্যভাবে অবস্থিতির নামই 'প্রধানাবস্থা'। ঐ অবস্থায় গুণসমূহ নিরপেক্ষস্বরূপ বলিয়া একটী আর একটী গুণের অঙ্গী বলিয়া সিদ্ধ হয় না ; কারণ গুণত্রয়ের একটীকে অঙ্গী বলিয়া স্বীকার করিলে, তদিতর গুণদ্বয়ের তাহার সহিত সমতা-হেতু গুণি-ভাবের অসম্ভাবনা হয়। গুণসমূহের পরস্পর অঙ্গাঙ্গিভাব কখনও সিদ্ধ হয় না। ঈশ্বরকে বা কালকেও উক্ত অঙ্গাঙ্গিভাবের কর্ত্তা বলা যায় না ; কারণ তাহা কেহই স্বীকার করেন না। কপিলই বলিয়াছেন,—'মুক্ত ও বদ্ধের মধ্যে অন্যতরের অভাব-হেতু অর্থাৎ প্রমাণাভাববশতঃ ঈশ্বরাসিদ্ধি ঘটে অর্থাৎ ঈশ্বরসিদ্ধি হয় না।' দিক্ ও কাল আকাশাদি হইতেই উৎপন্ন হয়,—পুরুষ উহাদের কর্ত্তা নহেন ; কারণ, তিনি কর্ত্তৃত্ব-বিষয়ে সম্পূর্ণ উদাসীন। গুণবৈষম্যও সৃষ্টির কারণ নহে। আরও, হেতুর এইরূপ অভাববশতঃ প্রতিসৃষ্টিতেই সেই গুণসমূহ বৈষম্য লাভ করিলেও আদিসৃষ্টিতে বৈষম্য লাভ করিতে পারে না ॥৮॥

যদি বল, কার্য্যের অনুরোধে গুণসমূহ বিচিত্র-স্বভাব হয়, এইরূপ অনুমান করা যায়, তাহাতে পূর্ব্বোক্ত দোষের অবকাশ হয় না, তদুত্তরে বলিতেছেন,—

(নবম সূত্র—) অন্যথা অনুমানেও জড়ের স্বতঃপ্রবৃত্তি নাই অর্থাৎ তাদৃশ বিচিত্রশক্তিবিশিষ্ট বলিয়া গুণসমূহের অনুমানেও দোষের নিস্তার হয় না ; যেহেতু, গুণসমূহ জ্ঞাতৃত্ব (চেতনত্ব) বিহীন, অর্থাৎ তাহাতে 'এই আমি, এইরূপে সৃষ্টি করিতেছি'—এইপ্রকার বিচারেরই অভাব দেখা যাইতেছে। জ্ঞানশূন্য জড়-পদার্থ হইতে কখনই সৃষ্টি সম্ভব হয় না। ইষ্টক-কাষ্ঠাদি অচেতন-বস্তু যেরূপ চেতনের অধিষ্ঠান ব্যতীত কার্য্য করিতে পারে না, তদ্রূপ অচেতন গুণসমূহও চেতন-পরমেশ্বরের শক্তির অধিষ্ঠান ব্যতীত কোন কার্য্য করিতে পারে না।

(২ অঃ, ১ পাঃ)—"স্মৃতিঃ খলু কর্ম্মকাণ্ডোদিতান্যগ্নি-হোত্রাদি-কর্ম্মাণি যথাবৎ স্বীকুর্ব্বতা 'ঋষিং প্রসূতং কপিলম্' ইত্যাদিশ্রুতাপ্তভাবেন পরমর্ষিণা কপিলেন মোক্ষেপ্সুনা জ্ঞান-কাণ্ডার্থোপবৃংহণায় প্রণীতা। "অথ ত্রিবিধদুঃখাত্যন্তনিবৃত্তি-

অনুভাষ্য

রত্যন্তপুরুষার্থঃ","ন দৃষ্টার্থসিদ্ধির্নির্বৃত্তিদর্শনাৎ" ইত্যাদিভিস্তত্র হ্যচেতনং প্রধানমেব স্বতন্ত্রং জগৎকারণামিত্যাদি নিরূপ্যতে— "বিমুক্তমোক্ষার্থম্", "স্বার্থং বা প্রধানস্য", "অচেতনত্বেঽপি ক্ষীরবচ্চেষ্টিতং প্রধানস্য", ইত্যাদিভিঃ। স চ ব্রহ্মকারণতাপরিগ্রহে নির্ব্বিষয়া স্যাৎ, কৃতস্নায়াস্তত্ত্বপ্রতিপত্তিমাত্রবিষয়ত্বাৎ। অতঃ পরমাপ্তকপিলস্মৃত্যবিরোধেন বেদান্তা ব্যাখ্যেয়াঃ। ন চৈবং মন্বাদিস্মৃতীনাং নির্ব্বিষয়তা—তাসাং ধর্ম্মপ্রতিপাদনদ্বারা কর্ম্মকাণ্ডোপবৃংহণে সতি সবিষয়ত্বাদিত্যেবং প্রাপ্তে, ব্রূতে—

"স্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গ ইতি চেন্নান্যস্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গাৎ" ॥ ১ ॥

অবকাশস্যাভাবোঽনবকাশঃ নির্ব্বিষয়তেত্যর্থঃ। সমন্বয়ানুরোধেন বেদান্তেষু ব্যাখ্যাতেষু সাংখ্যস্মৃতিনির্ব্বিষয়তা-দোষাপত্তিরতঃ শ্রুতবিপরীতার্থয়া তে ব্যাখ্যেয়া ইতি চেন্ন। কুতঃ?—অন্যেত্যাদ্যেঃ। তথা সত্যন্যাসাং মন্বাদিস্মৃতীনাং বেদান্তানুসারিণীনাং ব্রহ্মৈর-কারণতাপরাণাং নির্ব্বিষয়তা মহান্ দোষ প্রসজ্যেত। তাসু হি সর্ব্বেশ্বরো জগদুৎপত্ত্যাদিহেতুঃ প্রতিপাদ্যতে, ন তু কাপিলোক্তপ্রকারান্তরত্বসঙ্গতিঃ। তত্র শ্রীমন্মনুঃ—"আসীদিদং তমোভূতমপ্রজ্ঞাতমলক্ষণম্। অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং প্রসুপ্তমিব সর্ব্বতঃ।। ততঃ স্বয়ম্ভুর্ভগবানব্যক্তো ব্যঞ্জয়ন্নিদম্। মহাভূতাদিবৃত্তৌজাঃ প্রাদুরাসীত্তমোনুদঃ।। যোঽসাবতীন্দ্রিয়োঽগ্রাহ্যঃ সূক্ষ্মোঽব্যক্তঃ সনাতনঃ। সর্ব্বভূতময়োঽচিন্ত্যঃ স এষ স্বয়মুদ্বভৌ।। সোঽভিধ্যায় শরীরাৎ স্বাৎ সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ। অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ।। তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভম্। তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ।।" ইত্যাদি। শ্রীপরাশরঃ—"বিষ্ণোঃ সকাশাদুদ্ভূতং জগত্তত্রৈব চ স্থিতম্। স্থিতিসংযম-কর্ত্তাসৌ জগতোঽস্য জগচ্চ সঃ।। যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সন্তত্য বক্ত্রতঃ। তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং জনার্দ্দনঃ।।" ইত্যাদি। এবমন্যেঽপি। ন চাসাং স্মৃতীনাং কর্ম্মকাণ্ডার্থোপবৃংহণেন সাবকাশতা, ব্রহ্মজ্ঞানোদয়ার্থং চিত্তশুদ্ধিমুদ্দিশ্য ধর্ম্মান্ বিদধতীনাং তাসাং জ্ঞানকাণ্ডার্থোপবৃংহণ এব বৃত্তেঃ। চিত্তশোধকতা চৈষাং দৃশ্যতে—"তমেতং বেদানুবচনেন" ইত্যাদৌ-শ্রুতৌ। যত্তু তেষাং বৃষ্টিপুত্রস্বর্গাদি-ফলকত্বং ক্বাপি ক্বাপি বীক্ষ্যতেঽনুভাব্যতে চ, তদপি শাস্ত্রবিশ্রম্ভোৎপাদনেন তত্রৈব চ বিশ্রান্তং, "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি" ইত্যাদেঃ, "নারায়ণপরা বেদাঃ" ইত্যাদেশ্চ। ন চ সাঙ্খ্যস্মৃত্যা বেদান্তার্থোপবৃংহণং শক্যং কর্ত্তুং, শ্রুতিবিরুদ্ধার্থ-প্রতিপাদনাৎ। শ্রুতিসংবাদার্থস্পষ্টীকরণং হ্যপবৃংহণম্। ন চ তস্যামিদমস্তি। তস্মাচ্ছ্রুতিবিরুদ্ধা সাঙ্খ্যস্মৃতিঃ স্বকপোল-কল্পিতানাপ্তেতি ন তদ্ব্যর্থতাদোষাদ্ বিভীমঃ। ন চাপ্তত্বব্যপাশ্রয়কল্পনয়া তৎস্মৃতিপক্ষপাতো যুক্তঃ, তত্ত্বেন ব্যাখ্যাতানাং বহূনাং স্মৃতিষু বিভিন্নার্থাসু পক্ষপাতে সতি বাস্তবার্থানবস্থিতিপ্রসঙ্গাৎ। স্মৃত্যোর্বিপ্রতিপত্তৌ সত্যাং শ্রুতিব্যপাশ্রয়াদন্যো নির্ণয়হেতুর্ন ভবেদতঃ শ্রুত্যনুসারিণ্যেবাদরণীয়েতি। স্মৃতিবলেনাক্ষেপ্তৃন্ স্মৃতিবলেনৈব নিরাকরিষ্যাম ইত্যন্যস্মৃত্যনবকাশাৎ দোষোপন্যাসঃ। যত্তু "ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি" ইতি শ্বেতাশ্বতরশ্রুতেরাপ্তত্বং তস্যেতি, তন্ন ; তস্যা অন্যপরত্বাৎ, শ্রুত্যর্থ-বৈপরীত্যবক্তৃতয়া তদভাবাচ্চ। মনোরাপ্তত্বং তু তৈত্তিরীয়াঃ পঠন্তি—"যদ্বৈ কিঞ্চন মনুরবদত্তদ্ভেষজম্" ইতি। শ্রীপরাশরো হি পুলস্ত্যবশিষ্ঠপ্রসাদাদেব দেবতাপরমার্থধিয়ং প্রাপেতি স্মর্য্যতে। বেদবিরুদ্ধস্মৃতিপ্রবর্ত্তকঃ কপিলো হ্যগ্নিবংশজো জীববিশেষ এব মায়য়া বিমোহিতঃ, ন তু কর্দ্দমোদ্ভূতো বাসুদেবঃ। "কপিলো বাসুদেবাখ্যঃ সাংখ্যং তত্ত্বং জগাদ হ। ব্রহ্মাদিভ্যশ্চ দেবেভ্যো ভৃগ্বাদিভ্যস্তথৈব চ।। তথৈবাসুরয়ে সর্ব্বং বেদার্থৈরুপবৃংহিতম্। সর্ব্ববেদবিরুদ্ধঞ্চ কপিলোঽন্যো জগাদ হ।। সাংখ্যমাসুরয়েঽন্যস্মৈ কুতর্কপরিবৃংহিতম্" ইতি স্মরণাৎ। তস্মাদ্বেদবিরুদ্ধতয়ানাপ্তায়াঃ সাংখ্যস্মৃতের্ব্যর্থতা ন দোষঃ ॥ ১ ॥

"ইতরেষাঞ্চানুপলব্ধেঃ" ॥ ২ ॥

ইতরেষাঞ্চ সাঙ্খ্যস্মৃত্যুক্তানামর্থানাং বেদেঽনুপলম্ভাত্তস্যাঃ নাপ্তত্বম্। তে চ বিভবশ্চিন্মাত্রাঃ পুরুষাস্তেষাং বন্ধমোক্ষৌ প্রকৃতিরেব করোতি। তৌ পুনঃ প্রাকৃতাদেব। সর্ব্বেশ্বরঃ পুরুষবিশেষো নাস্তি। কালস্তত্ত্বং ন ভবতি। প্রাণাদয়ঃ পঞ্চ করণবৃত্তিরূপা ভবন্তীত্যেবমাদয়স্তস্যামেব দ্রষ্টব্যাঃ ॥ ২ ॥

(মর্ম্মানুবাদ—) শ্রুতিতে 'কপিল'- নামক এক আপ্ত ঋষির উল্লেখ দেখা যায়। তিনি বেদোক্ত কর্ম্মকাণ্ডসমূহকে যথাবৎ স্বীকার করিয়া গিয়াছেন। ঐ কপিল ঋষিই জ্ঞানকাণ্ড-বিস্তারের নিমিত্ত সাংখ্যস্মৃতি প্রণয়ন করেন।

সাংখ্যস্মৃতির মতে,—"অথ ত্রিবিধদুঃখাত্যন্ত-নির্বৃত্তিরত্যন্তপুরুষার্থঃ" ইত্যাদি সূত্রে আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখের অত্যন্তনিবৃত্তিই 'অত্যন্তপুরুষার্থ বা মোক্ষ' বলিয়া উক্ত হইয়াছে। উহাতে অচেতন প্রধানকেই স্বতন্ত্রভাবে জগৎকারণ বলিয়া নিরূপণ করা হইয়াছে। কেবল ব্রহ্মকেই যদি জগতের একমাত্র কারণ বলা হয়, তাহা হইলে ঐ সাংখ্যস্মৃতি নির্ব্বিষয় হইয়া পড়ে ; কারণ, আদ্যন্ত সাংখ্যস্মৃতির একমাত্র প্রতিপাদ্য বিষয়ই তত্ত্বসংখ্যামাত্র। অতএব পরম-আপ্ত কপিল-ঋষির মতের অবিরোধেই বেদান্তসমূহের ব্যাখ্যান কর্ত্তব্য হইতেছে। তাহাতে মন্বাদি-প্রচারিত স্মৃতিরও নির্ব্বিষয়তা হইতেছে না ; কারণ, ধর্ম্মের প্রতিপাদনদ্বারা কর্ম্মকাণ্ডের উপবৃংহণ হইলে ঐ সকল স্মৃতির সবিষয়ত্বই হয়। ইহার খণ্ডনার্থ ("স্মৃত্যনবকাশ-দোষপ্রসঙ্গঃ" ইত্যাদি) প্রথমসূত্রের অবতারণা করিতেছেন,—

অবকাশের অভাবই অনবকাশ। 'অনবকাশ'-শব্দের অর্থ—

অনুভাষ্য

নির্ব্বিষয়তা। সমন্বয়ের অনুরোধে বেদান্ত ব্যাখ্যাত হইলে সাংখ্য-স্মৃতির নির্ব্বিষয়তারূপ দোষের আপত্তি হইতেছে। অতএব, যদি বল, যথাশ্রুত অর্থের বিপরীত অর্থেই বেদান্তসমূহ ব্যাখ্যান করা উচিত?—তদুত্তর এই যে, উহা অসম্ভব ; কারণ, ঐরূপ ব্যাখ্যা করিলে, ব্রহ্মৈককারণতাবাদী বেদান্তানুগত মন্বাদিস্মৃতির নির্ব্বিষয়তারূপ মহান্ দোষ আপতিত হয়। ঐ সকল স্মৃতিতে সর্ব্বেশ্বরকেই জগতের উৎপত্ত্যাদির কারণ বলিয়া প্রতিপাদন করা হইয়াছে। ঐ সকল স্মৃতিতে কপিলমুনি যেরূপ তত্ত্বসমূহ বলিয়াছেন, সেরূপ বলা হয় নাই। শ্রীমনু বলিয়াছেন,—"সৃষ্টির পূর্ব্বে সমস্তই তমোময়, অপ্রজ্ঞাত, অলক্ষণ, অপ্রতর্ক্য, অবিজ্ঞেয় ও সুপ্তের ন্যায় অবস্থিত ছিল। তদনন্তর স্বয়ম্ভু ভগবান্ স্বয়ং অব্যক্ত হইয়া এই সংসারকে ব্যক্ত করিবার নিমিত্ত মহাভূতাদি-শক্তিসমন্বিত হইয়া প্রাদুর্ভূত হইয়া পূর্ব্বোক্ত তমোরাশি বিদূরিত করিলেন। তিনি অতীন্দ্রিয়, অগ্রাহ্য, সূক্ষ্ম, অব্যক্ত, সনাতন, সর্ব্বভূতময় ও অচিন্ত্যস্বরূপ। তিনি স্বয়ং প্রাদুর্ভূত হইয়া মনে মনে নিজদেহ হইতে বিবিধ প্রজা সৃষ্টির অভিলাষী হইলেন এবং প্রথমেই জলের সৃষ্টি করিলেন। পরমেশ্বর পরে ঐ বারিতে বীর্য্যাধান করিলেন। ঐ বীর্য্য হইতে সহস্রসূর্য্যের ন্যায় প্রভাযুক্ত সুবর্ণময় অণ্ড উৎপন্ন হইল। ঐ অণ্ডেই সর্ব্বলোক-পিতামহ স্বয়ং ব্রহ্মা উৎপন্ন হইলেন।" পরাশর ঋষিও বলিয়াছেন,—"পরিদৃশ্য-মান জগৎ ভগবান্ বিষ্ণু হইতেই সমুৎপন্ন এবং তদাশ্রয়েই অবস্থিত। তিনিই ইহার পালনকর্ত্তা ও নাশকর্ত্তা, এই জগৎ তাঁহারই শক্তিবিশেষ। ঊর্ণনাভ যেরূপ নিজদেহ হইতেই ঊর্ণাসমূহ (মুখদ্বারা) বিস্তারপূর্ব্বক (তৎসাহায্যে বিহার করিয়া) পরে আপনিই উহাকে গ্রাস করে, ভগবান্ বিষ্ণুও তদ্রূপ নিজশক্তি হইতে জগৎ-প্রপঞ্চের সৃষ্টি করিয়া পরে আবার নিজশক্তিতেই উহাকে বিলীন করিয়া থাকেন।" অপরাপর ঋষিগণও ঐরূপই বলিয়া থাকেন। কর্ম্মকাণ্ডের বিস্তারদ্বারাই সাংখ্যস্মৃতির সবিষয়তা সিদ্ধ হইবে,—এরূপও বলা যায় না ; কারণ ব্রহ্মজ্ঞানোদয়ের নিমিত্ত চিত্তশুদ্ধির উদ্দেশ্যে উহা ধর্ম্ম-বিধানে প্রবৃত্ত। ঐ স্মৃতিসমূহের প্রবৃত্তি জ্ঞানকাণ্ডের বিস্তারের নিমিত্তই বলিতে হইবে। ঐ সকল ধর্ম্মের চিত্তশোধকতাও দৃষ্ট হইয়া থাকে—'তমেতং বেদানুবচনেন' ইত্যাদি শ্রুতিবাক্যই উহার প্রমাণ। 'সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি' এবং 'নারায়ণপরা বেদাঃ' ইত্যাদি শ্রুতিও ঐরূপ অভিপ্রায়ই ব্যক্ত করিতেছে। এইরূপে সাংখ্যস্মৃতির জ্ঞানকাণ্ডের বিস্তারের নিমিত্তই প্রবৃত্তি, অনুমিত হইলেও তদ্দ্বারা বেদান্তার্থের বিস্তার স্বীকার করিতে পারা যায় না ;—কারণ, সাংখ্যস্মৃতিতে শ্রুতি-বিরুদ্ধার্থই প্রতিপাদিত হইয়াছে। শ্রুতি-সংবাদসমূহের অর্থের স্পষ্টীকরণই উহার

অনুভাষ্য

'উপবৃংহণ'। কিন্তু সাংখ্যস্মৃতিতে শ্রুতি-সংবাদার্থের স্পষ্টীকরণ দৃষ্ট হয় না। সুতরাং উহাকে শ্রুতিবিরুদ্ধই বলিতে হইবে। যাহা শ্রুতিবিরুদ্ধ, তাহা স্বকপোলকল্পিত বলিয়া অনাপ্তই হইতেছে। অতএব ঐ অনাপ্ত সাংখ্যস্মৃতির ব্যর্থতা-দোষ অপরিহার্য্য হইয়া উঠে। কোন একটী স্মৃতির অপ্রামাণ্য স্থির করিবার প্রতীক্ষায় অন্যস্মৃতির পক্ষপাত যুক্ত হয় না ; যেহেতু, বিভিন্নার্থ স্মৃতি-সমূহের প্রতি পক্ষপাতী হইলে, নানাভাবে ব্যাখ্যাকারী (গৌতমাদি) অনেকের বহু বহু মত-দর্শনে বাস্তবার্থ-নির্ণয়ে অনবস্থা ঘটে। দুইটী স্মৃতির পরস্পর বিরোধ উপস্থিত হইলে, শ্রুতির আশ্রয়-গ্রহণের প্রতীক্ষা ভিন্ন অপর একটী নির্ণায়ক প্রমাণের সাহায্য-গ্রহণ অসম্ভব হয়। যাহার আশ্রয় গ্রহণ করিতে হইবে, তাহা অবশ্য শ্রুত্যনুগত হওয়াই উচিত। শ্রুতির অনুসারী না হইলে, উহার আদর হইতে পারে না। যাঁহারা স্মৃতির বলেই নিন্দা উত্থাপন করেন, তাঁহাদিগকে সেই স্মৃতিদ্বারাই নিরাকরণ করা হইবে ; তাহাতে অন্য স্মৃতির নির্ব্বিষয়তারূপ দোষের উল্লেখ অবশ্যম্ভাবী। শ্বেতাশ্বতর উপনিষদে 'ঋষিং প্রসূতং কপিলম্' ইত্যাদি বাক্যে এক আপ্ত কপিল ঋষির কথা কথিত হইয়াছে বটে ; কিন্তু সে কপিল ঐ কপিল নহেন, তিনি অন্য কপিল ঋষি। অতএব ঐ সাংখ্যকার-কপিলকে 'অনাপ্ত' বলায় শ্রুতিরও অসম্মান করা হইতেছে না। মনু ও পরাশরের আপ্তত্ব শ্রুতিস্মৃতি-প্রসিদ্ধ। বেদবিরুদ্ধ সাংখ্যস্মৃতির প্রবর্ত্তক কপিল ও কর্দ্দমসুত ভগবান্ কপিল,—এক নহেন। প্রথমোক্ত কপিল—অগ্নিবংশজ মায়ামোহিত জীববিশেষ এবং শেষোক্ত কপিল—বাসুদেবেরই অবতার। পাদ্মে উক্ত হইয়াছে,—'ভগবান্ বাসুদেব কর্দ্দম-ঋষি হইতে কপিলরূপে অবতীর্ণ হইয়া সাংখ্যতত্ত্ব ব্রহ্মাদি দেব-গণকে, ভৃগু প্রভৃতি ঋষিগণকে এবং আসুরি-নামক বিপ্রকে উপদেশ করেন ; তদুক্ত সাংখ্যস্মৃতি বেদার্থদ্বারা উপবৃংহিত। অপর এক কপিলও ঐ আসুরিকেই কুতর্কপরিবৃংহিত স্বকপোল-কল্পিত অপর এক সাংখ্য উপদেশ করিয়াছিলেন।' অতএব বেদবিরুদ্ধ শেষোক্ত অনাপ্ত সাংখ্যস্মৃতিকে ব্যর্থ বলিয়া নির্দ্দেশ করায় কোনই দোষ হইতেছে না ॥ ১ ॥

(দ্বিতীয় সূত্র—) বিশেষতঃ উক্ত সাংখ্যস্মৃতিতে এরূপ কতকগুলি বিষয় উক্ত হইয়াছে, যাহা বেদে প্রাপ্ত হওয়া যায় না। এই কারণেও উক্ত সাংখ্যস্মৃতিকে 'অনাপ্ত' বলা যাইতে পারে। বিষয়গুলি এই—"পুরুষ অর্থাৎ জীবাত্মাসমূহ চিন্মাত্র ও বিভু ; প্রকৃতিই উহাদের বন্ধ ও মোক্ষের কর্ত্রী। 'বন্ধ' ও 'মোক্ষ'—উভয়ই প্রাকৃত, 'সর্ব্বেশ্বর' বলিয়া কোন এক পুরুষ নাই। 'কাল' তত্ত্বই নহে, প্রাণাদি পাঁচটী—ইন্দ্রিয়েরই বৃত্তি"—ইত্যাদি কতকগুলি বেদান্তবিরুদ্ধ বিষয় ঐ সাংখ্যস্মৃতিতেই দেখা যায় ॥ ২ ॥

ঈক্ষণকর্ত্তৃরূপে নিমিত্ত এবং অদ্বৈতরূপে উপাদানরূপী স্রষ্টা ঃ—

'নিমিত্তাংশে' করে তেঁহো মায়াতে ঈক্ষণ ।
'উপাদান' অদ্বৈত করেন ব্রহ্মাণ্ড-সৃজন ॥ ১৭ ॥

সাংখ্য-মত নিরাস ঃ—

যদ্যপি সাংখ্য মানে, 'প্রধান'—কারণ ।
জড় হইতে কভু নহে জগৎ-সৃজন ॥ ১৮ ॥

ভগবচ্ছক্তিতেই প্রকৃতি ক্রিয়াবতী ঃ—

নিজ সৃষ্টিশক্তি প্রভু সঞ্চারি' প্রধানে ।
ঈশ্বরের শক্ত্যে তবে হয়ে ত' নির্ম্মাণে ॥ ১৯ ॥

অদ্বৈতপ্রভুর দুই মূর্ত্তি ঃ—

অদ্বৈত-আচার্য্য—কোটিব্রহ্মাণ্ডের কর্ত্তা ।
আর এক এক মূর্ত্ত্যে ব্রহ্মাণ্ডের ভর্ত্তা ॥ ২০ ॥

ভগবানের অঙ্গ বা অংশস্বরূপ অদ্বৈতপ্রভু ঃ—

সেই নারায়ণের মুখ্য অঙ্গ,—অদ্বৈত ।
'অঙ্গ'-শব্দে অংশ করি' কহে ভাগবত ॥ ২১ ॥

শ্রীমদ্ভাগবত (১০।১৪।১৪)—

নারায়ণস্ত্বং ন হি সর্ব্বদেহিনামাত্মাস্যধীশাখিল-লোকসাক্ষী ।
নারায়ণোঽঙ্গং নর-ভূ-জলায়নাত্তচ্চাপি সত্যং ন তবৈব মায়া॥২২॥

অঙ্গ বা অংশ হইলেও মায়াতীত ঃ—

ঈশ্বরের অঙ্গ, অংশ—চিদানন্দময় ।
মায়ার সম্বন্ধ নাহি, এই শ্লোকে কয় ॥ ২৩ ॥

'অংশ' না বলিয়া 'অঙ্গ' বলিবার তাৎপর্য্য ঃ—

'অংশ' না কহিয়া, কেনে কহ তাঁরে 'অঙ্গ' ।
'অংশ' হৈতে 'অঙ্গ', যাতে হয় অন্তরঙ্গ ॥ ২৪ ॥

'অদ্বৈত'-নামের সার্থকতা ঃ—

মহাবিষ্ণুর অংশ—অদ্বৈত গুণধাম ।
ঈশ্বরে অভেদ, তেঞি 'অদ্বৈত' পূর্ণ নাম ॥ ২৫ ॥

আচার্য্য-নামের সার্থকতা ঃ—

পূর্ব্বে যৈছে কৈল সর্ব্ব-বিশ্বের সৃজন ।
অবতরি' কৈল এবে ভক্তি-প্রবর্ত্তন ॥ ২৬ ॥

অদ্বৈতাবতারে কৃষ্ণভক্তি-প্রচারই তাঁহার কার্য্য ঃ—

জীব নিস্তারিল কৃষ্ণভক্তি করি' দান ।
গীতা-ভাগবতে কৈল ভক্তির ব্যাখ্যান ॥ ২৭ ॥
ভক্তি-উপদেশ বিনু তাঁর নাহি কার্য্য ।
অতএব নাম হৈল 'অদ্বৈত-আচার্য্য' ॥ ২৮ ॥
বৈষ্ণবের গুরু তেঁহো জগতের আর্য্য ।
দুইনাম-মিলনে হৈল 'অদ্বৈত-আচার্য্য' ॥ ২৯ ॥

'কমলাক্ষ'-নামের সার্থকতা ঃ—

কমলনয়নের তেঁহো, যাতে 'অঙ্গ', 'অংশ' ।
'কমলাক্ষ' বলি' ধরে নাম অবতংস ॥ ৩০ ॥

বৈকুণ্ঠে বিষ্ণু ও বৈষ্ণবের সারূপ্য ঃ—

ঈশ্বর-সারূপ্য পায় পারিষদগণ ।
চতুর্ভুজ, পীতবাস, যৈছে নারায়ণ ॥ ৩১ ॥

অদ্বৈতপ্রভুর গুণ-মাহাত্ম্য ঃ—

অদ্বৈত-আচার্য্য—ঈশ্বরের অংশবর্য্য ।
তাঁর তত্ত্ব-নাম-গুণ, সকলি আশ্চর্য্য ॥ ৩২ ॥

অদ্বৈতপ্রভুর মহাপ্রভুকে অবতারণ ঃ—

যাঁহার তুলসীদলে, যাঁহার হুঙ্কারে ।
স্বগণ সহিতে চৈতন্যের অবতারে ॥ ৩৩ ॥
যাঁর দ্বারা কৈল প্রভু কীর্ত্তন প্রচার ।
যাঁর দ্বারা কৈল প্রভু জগৎ নিস্তার ॥ ৩৪ ॥
আচার্য্য গোসাঞির গুণ-মহিমা অপার ।
জীবকীট কোথায় পাইবেক তার পার ॥ ৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২২। আদি, ২য় পঃ ৩০ সংখ্যা দ্রষ্টব্য।

অনুভাষ্য

১৮-১৯। আদি, ৫ম পঃ ৫৮-৬৬ ; মধ্য ২০ পঃ ২৫৯-২৬১, ২৭১, ২৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

২১। আদি, ৩য় পঃ ৬৭ সংখ্যা দ্রষ্টব্য।

২৩। আদি, ৩য় পঃ ৬৯-৭০ সংখ্যা দ্রষ্টব্য।

২৬-২৮। অদ্বৈতপ্রভু সেব্য বিষ্ণুতত্ত্ব হইলেও তাঁহার জীবের মঙ্গলবিধান-কার্য্যরূপ সেবাপ্রবৃত্তিদান ব্যতীত অন্য কৃত্য বা আচরণ নাই। কেবল সেব্যভাবে স্বীয় লীলার প্রচার করিলে জগতের ভোগী লোকসমূহ তদনুকরণে নিরীশ্বর কেবলাদ্বৈতবাদী বা অহংগ্রহোপাসক হইয়া যাইবে,—দেখিয়া ভগবান্ বিষ্ণুর

অনুভাষ্য

সেবকলীলা প্রকটিত করিয়া এই আচার্য্যত্ব প্রদর্শন করাও একটী কার্য্য। আচার্য্যের কৃষ্ণসেবোন্মুখতারূপ আচরণ ব্যতীত অন্য কার্য্য নাই। সেব্যের সেবকরূপে আচরণই আচার্য্যত্বের হেতু—উহাই নৈমিত্তিক অবতারের লীলাবিশেষ। দুরাচার জনগণ আচার্য্যের পবিত্রস্থান ও বেষ কলুষিত করিতে গিয়া ভগবৎসেবা ব্যতীত যে স্বীয় ইন্দ্রিয়তর্পণের তাণ্ডব নৃত্য প্রদর্শন করেন, তাহা সর্ব্বতোভাবে আচার্য্যের দ্বারা তিরস্কৃত।

২৯। শ্রীঅদ্বৈত আচার্য্য বৈষ্ণব-জগতের গুরু এবং সকলেরই মান্য। তাঁহারই পাদপদ্মানুসরণে ভগবদ্ভক্ত বৈষ্ণবগণ তাদৃশ আচরণ অনুসরণ করিয়া হরিসেবা করেন।

৩৩-৩৪। আদি, ৩য় পঃ ৯১, ৯৫-১০৮ সংখ্যা দ্রষ্টব্য।

গৌরের এক অঙ্গ—অদ্বৈত, অন্য অঙ্গ—নিতাই ঃ—

আচার্য্য গোসাঞিং চৈতন্যের মুখ্য অঙ্গ ।
আর এক অঙ্গ তাঁর প্রভু নিত্যানন্দ ॥ ৩৬ ॥

উপাঙ্গাস্ত্র—শ্রীবাসাদি ভক্ত ঃ—

প্রভুর উপাঙ্গ—শ্রীবাসাদি ভক্তগণ ।
হস্তমুখনেত্র-অঙ্গ চক্রাদ্যস্ত্র-সম ॥ ৩৭ ॥

সাঙ্গোপাঙ্গ লইয়া গৌরের নাম-প্রেম-প্রচার ঃ—

এসব লইয়া চৈতন্যপ্রভুর বিহার ।
এসব লইয়া করেন বাঞ্ছিত প্রচার ॥ ৩৮ ॥

লৌকিক রীতি অনুসারে অদ্বৈতের প্রতি গৌরের গুরুতুল্য ব্যবহার—

মাধবেন্দ্রপুরীর ইহোঁ শিষ্য, এই জ্ঞানে ।
আচার্য্য গোসাঞিরে প্রভু গুরু করি' মানে ॥ ৩৯ ॥
লৌকিক লীলাতে ধর্ম্মমর্য্যাদা-রক্ষণ ।
স্তুতি-ভক্ত্যে করে তাঁর চরণ-বন্দন ॥ ৪০ ॥

অদ্বৈতপ্রভুর মহাপ্রভুর প্রতি প্রভু-বুদ্ধি ঃ—

চৈতন্যগোসাঞিকে আচার্য্য করে প্রভু-জ্ঞান ।
আপনাকে করেন তাঁর 'দাস'-অভিমান ॥ ৪১ ॥

কৃষ্ণদাস-অভিমানে ভক্তি-প্রচার ঃ—

সেই অভিমান-সুখে আপনা পাসরে ।
'কৃষ্ণদাস হও'—জীবে উপদেশ করে ॥ ৪২ ॥

কৃষ্ণদাস্যে বৈকুণ্ঠ-আনন্দ ঃ—

কৃষ্ণদাস-অভিমানে যে আনন্দসিন্ধু ।
কোটী ব্রহ্মসুখ নহে তার একবিন্দু ॥ ৪৩ ॥

অদ্বৈতের ও নিত্যানন্দের গৌরদাস্যেই সুখ ঃ—

মুঞি যে চৈতন্যদাস, আর নিত্যানন্দ ।
দাস-ভাব-সম নহে অন্যত্র আনন্দ ॥ ৪৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৯-৪১। অদ্বৈতপ্রভু—মাধবেন্দ্রপুরীর শিষ্য এবং তাঁহার গুরুভাই ঈশ্বরপুরী—মহাপ্রভুর গুরু। এই সম্বন্ধে আচার্য্য-গোঁসাইকে মহাপ্রভু 'গুরু'জ্ঞান করেন। বস্তুতঃ শ্রীচৈতন্য-গোঁসাই—সর্ব্বেশ্বর এবং অদ্বৈতপ্রভু—তাঁহার দাস। এ সম্বন্ধে অদ্বৈত-আচার্য্যপ্রভু আপনাকে 'দাস' অভিমান করিতেন।

অনুভাষ্য

৩৬-৩৮। আদি ৩য় পঃ ৭১-৭৪ সংখ্যা দ্রষ্টব্য।

৩৯। শ্রীমাধবেন্দ্রপুরী শ্রীমধ্বাচার্য্য-সম্প্রদায়ের জনৈক গুরু। তাঁহার শিষ্য—ঈশ্বরপুরী ও শ্রীঅদ্বৈতপ্রভু। শ্রীমাধ্ব-পরম্পরায় শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-শাখা 'শ্রীগৌরগণোদ্দেশে', 'প্রমেয়রত্নাবলী'-তে ও শ্রীগোপালগুরু গোস্বামীর গ্রন্থে উদ্ধৃত হইয়াছে। শ্রীভক্তি-রত্নাকরেও তদুল্লেখ দেখা যায়। শ্রীগৌরগণোদ্দেশে শ্রীমাধ্ব-শাখা এরূপ বর্ণিত আছে—"পরব্যোমেশ্বরস্যাসীচ্ছিষ্যো ব্রহ্মা জগৎপতিঃ। তস্য শিষ্যো নারদোঽভূৎ ব্যাসস্তস্যাপ শিষ্যতাম্।। শুকো ব্যাসস্য শিষ্যত্বং প্রাপ্তো জ্ঞানাবরোধনাৎ। ব্যাসাল্লব্ধ-কৃষ্ণদীক্ষো মধ্বাচার্য্যো মহাযশাঃ।। তস্য শিষ্যোঽভবৎ পদ্মনাভা-চার্য্য-মহাশয়ঃ। তস্য শিষ্যো নরহরিস্তচ্ছিষ্যো মাধবদ্বিজঃ। অক্ষোভ্যস্তস্য শিষ্যোঽভূত্তচ্ছিষ্যো জয়তীর্থকঃ। তস্য শিষ্যো জ্ঞানসিন্ধুঃ তস্য শিষ্যো মহানিধিঃ। বিদ্যানিধিস্তস্য শিষ্যো রাজেন্দ্রস্তস্য সেবকঃ। জয়ধর্ম্মা মুনিস্তস্য শিষ্যো যদ্‌গণ-মধ্যতঃ।। শ্রীমদ্বিষ্ণুপুরী যস্তু ভক্তিরত্নাবলীকৃতিঃ। জয়ধর্ম্মস্য শিষ্যোঽভূদ্‌-ব্রহ্মণ্যঃ পুরুষোত্তমঃ।। ব্যাসতীর্থস্তস্য শিষ্যো যশ্চক্রে বিষ্ণু-সংহিতাম্। শ্রীমান্ লক্ষ্মীপতিস্তস্য শিষ্যো ভক্তিরসাশ্রয়ঃ।। তস্য শিষ্যো মাধবেন্দ্রো যদ্ধর্ম্মোঽয়ং প্রবর্ত্তিতঃ। তস্য শিষ্যোঽভবৎ শ্রীমানীশ্বরাখ্যপুরী যতিঃ।। কলয়ামাস শৃঙ্গারং যঃ শৃঙ্গারফলা-ত্মকঃ। অদ্বৈতঃ কলয়ামাস দাস্যসখ্যে ফলে উভে।। ঈশ্বরাখ্যপুরীং গৌর উররীকৃত্য গৌরবে। জগদাপ্লাবয়ামাস প্রাকৃতাপ্রাকৃতা-ত্মকম্।।"

৪২। ভক্তভাব অঙ্গীকার করিয়া মহাবিষ্ণু আপনার স্বরূপা-ভিমান পরিহারপূর্ব্বক ভগবৎকৈঙ্কর্য্যকে নিজের আনুষ্ঠানিক কার্য্যজ্ঞানে আনন্দানুভব করেন। সেই সেবানন্দদ্বারাই মহাবিষ্ণুর নিজস্বরূপজ্ঞানে (আপনাকে ভোক্তা বলিয়া উপলব্ধিতে) শৈথিল্য। তিনি স্বয়ং আচরণ করিয়া জীবগণকে অনুক্ষণ কৃষ্ণসেবা করিবার প্রবৃত্তি প্রদান করেন। ২৭-২৮ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৩। ব্রহ্মসুখ—'আমি ব্রহ্ম' এই অভেদ-বুদ্ধিতে যে সুখ।

অনুভাষ্য

৪৩-৪৪। আদি, ৭ম পঃ ৮৫, ৯৭-৯৮ সংখ্যা দ্রষ্টব্য। ভঃ রঃ সিঃ পূর্ব্ব-লহরীতে—"ব্রহ্মানন্দো ভবেদেষ চেৎ পরার্দ্ধগুণী-কৃতঃ। নৈতি ভক্তিসুখাম্ভোধেঃ পরমাণুতুলামপি।।" ভাবার্থ-দীপিকায়—"ত্বৎকথামৃত-পাথোধৌ বিহরন্তো মহামুদঃ। কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্ব্বর্গং তৃণোপমম্।।" তত্রাপি চ বিশেষেণ গতি-মণ্বীমন্বিচ্ছতঃ॥ ভক্তিহৃতমনঃপ্রাণান্ প্রেম্ণা তান্ কুরুতে জনান্।। শ্রীকৃষ্ণচরণাম্ভোজসেবা-নির্ব্বৃতচেতসাম্। এষাং মোক্ষায় ভক্তানাং ন কদাচিৎ স্পৃহা ভবেৎ।।" পদ্মপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে—"বরং দেব মোক্ষং ন মোক্ষাবধিং বা, ন চান্যং বৃণেঽহং বরেশাদ-পীহ। ইদং তে বপুর্নাথ গোপালবালং, সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ।। কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্ত্যৈব যদ্বৎ, ত্বয়া মোচিতৌ ভক্তি-ভাজৌ কৃতৌ চ। তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ, ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ।।" হয়শীর্ষীয়-শ্রীনারায়ণব্যূহ-স্তবে —"ন ধর্ম্মং কামমর্থং বা মোক্ষং বা বরদেশ্বর। প্রার্থয়ে তব

দৃষ্টান্তদ্বারা কৃষ্ণদাস্যের সর্ব্বশ্রেষ্ঠতা প্রদর্শন ঃ—

(১) লক্ষ্মীর কৃষ্ণদাস্য যাচ্ঞা ঃ—

পরমপ্রেয়সী লক্ষ্মী হৃদয়ে বসতি।
তেঁহো দাস্য-সুখ মাগে করিয়া মিনতি ॥ ৪৫ ॥

(২) বিষ্ণুপার্ষদগণ এবং ব্রহ্মা, শিব, চতুঃসন, নারদ ও শুকাদিরও কৃষ্ণদাস্য ঃ—

দাস্য-ভাবে আনন্দিত পারিষদগণ।
বিধি, ভব, নারদাদি শুক সনাতন ॥ ৪৬ ॥

(৩) গৌরদাস্যে পাগল নিতাই ঃ—

নিত্যানন্দ অবধূত সবাতে আগল।
চৈতন্যের দাস্য-প্রেমে হইলা পাগল ॥ ৪৭ ॥

(৪) শ্রীবাসাদি মহাজনগণ, সকলেই গৌরদাস ঃ—

শ্রীবাস, হরিদাস, রামদাস, গদাধর।
মুরারি, মুকুন্দ, চন্দ্রশেখর, বক্রেশ্বর ॥ ৪৮ ॥
এসব পণ্ডিতলোক পরম-মহত্ত্ব।
চৈতন্যের দাস্যে সবায় করয়ে উন্মত্ত ॥ ৪৯ ॥

স্বয়ং গৌরদাস বলিয়া ইঁহাদেরও গৌরদাস্যেরই উপদেশ ঃ—

এই মত গায়, নাচে, করে অট্টহাস।
লোকে উপদেশে,—'হও চৈতন্যের দাস' ॥ ৫০ ॥

চৈতন্যগোসাঞি মোরে করে গুরু-জ্ঞান।
তথাপিহ মোর হয় দাস-অভিমান ॥ ৫১ ॥

কৃষ্ণপ্রেমের প্রভাব ঃ—

কৃষ্ণপ্রেমের এই এক অপূর্ব্ব প্রভাব।
গুরু-সম-লঘুকে করায় দাস্যভাব ॥ ৫২ ॥

সিদ্ধানুভূতি প্রমাণ ঃ—

ইহার প্রমাণ শুন—শাস্ত্রের ব্যাখ্যান।
মহদনুভব, যাতে সুদৃঢ় প্রমাণ ॥ ৫৩ ॥

(৫) নন্দ-মহারাজের বৎসল-রসেও কৃষ্ণদাস্য ঃ—

অন্যের কা কথা, ব্রজে নন্দ-মহাশয়।
তার সম 'গুরু' কৃষ্ণের আর কেহ নয় ॥ ৫৪ ॥
শুদ্ধবাৎসল্যে ঈশ্বর-জ্ঞান নাহি তার।
তাহাকেই প্রেমে করায় দাস্য-অনুকার ॥ ৫৫ ॥
তেঁহো রতি-মতি মাগে কৃষ্ণের চরণে।
তাঁহার শ্রীমুখবাণী তাহাতে প্রমাণে ॥ ৫৬ ॥
"শুন উদ্ধব, সত্য, কৃষ্ণ—আমার তনয়।
তেঁহো ঈশ্বর—হেন যদি তোমার মনে লয় ॥ ৫৭ ॥
তথাপি তাঁহাতে রহু মোর মনোবৃত্তি।
তোমার ঈশ্বর-কৃষ্ণে হউক মোর মতি ॥" ৫৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৭। আগল—অগ্রগণ্য।

অনুভাষ্য

পাদাব্জে দাস্যমেবাভিকাময়ে।। পুনঃ পুনর্ব্বরান্ দিৎসুর্বিষ্ণুর্মুক্তিং ন যাচিতঃ। ভক্তিরেব বৃতা যেন প্রহ্লাদং তং নমাম্যহম্।। যদৃচ্ছয়া লব্ধমপি বিষ্ণোর্দাশরথেস্তু যঃ। নৈচ্ছন্মোক্ষং বিনা দাস্যং তস্মৈ হনুমতে নমঃ।।" শ্রীহনুমদ্বাক্যে—"ভববন্ধচ্ছিদে তস্মৈ স্পৃহয়ামি ন মুক্তয়ে। ভবান্ প্রভুরহং দাস ইতি যত্র বিলুপ্যতে।।" শ্রীনারদ-পঞ্চরাত্রে জিতন্ত-স্তোত্রে—"ধর্ম্মার্থ-কাম-মোক্ষেষু নেচ্ছা মম কদাচন। ত্বৎপাদপঙ্কজস্যাধো জীবিতং দীয়তাং মম।। মোক্ষ-সালোক্য-সারূপ্যান্ প্রার্থয়ে ন ধরাধর। ইচ্ছামি হি মহাভাগ কারুণ্যং তব সুব্রত।।" সম্রাট্ কুলশেখর-কৃত "মুকুন্দমালা"-স্তোত্রে—"নাহং বন্দে পদকমলয়োর্দ্বন্দ্বমদ্বন্দ্ব-হেতোঃ, কুম্ভীপাকং গুরুমপি হরে নারকং নাপনেতুম্। রম্যা-রামা-মৃদুতনুলতা-নন্দনে নাভিরন্তুং, ভাবে ভাবে হৃদয়ভবনে ভাবয়েয়ং ভবন্তম্।।" শ্রীমদ্ভাগবতে—৩।২৫।৩৬, ৩।৪।১৫, ৩।২৫।৩৪, ৪।১।২২, ৪।৯।১০, ৪।২০।২৪, ৫।১৪।৪৩, ৬।১১।২৫, ৬।১৭।২৮, ৬।১৮।৭৪, ৭।৬।২৫, ৭।৮।৪২, ৮।৩।২০, ৯।৪।৪৯, ৯।২১।১২, ১০।১৬।৩৭, ১০।৮৭।২১, ১১।১৪।১৪, ১১।২০।৩৪, ১২।৩।৬ প্রভৃতি বহু শ্লোক দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫২। গুরু—বাৎসল্যরসাশ্রিত গুরুবর্গ; সম—সমান (সখ্য-রসাশ্রিত); লঘু—ক্ষুদ্র। কৃষ্ণপ্রেম এই তিনজনকেই দাস্যভাব প্রদান করেন। সুতরাং কৃষ্ণ-চৈতন্যের গুরুগণ, সমানগণ ও লঘুগণ—সকলেই তাঁহার দাস।

৫৮। হে উদ্ধব, যদিও কৃষ্ণকে ঈশ্বর বলিয়া মনে লয়, তথাপি সেই কৃষ্ণে আমার মনোবৃত্তি স্থিত হউক্।

অনুভাষ্য

৫২। জগতে গুরুবর্গ যে অজ্ঞাতভাবে দাস্য করেন, তাহা অনেক সময়ে ঐশ্বর্য্য-প্রধান বুদ্ধিতে বা মর্য্যাদা-মার্গে বুঝা যায় না। এজন্য নারায়ণসেবায় কৃষ্ণপ্রেমার ন্যায় চমৎকারিতা নাই। কৃষ্ণের গুরুগণ দাস্যের উৎকর্ষে অবস্থিত হইবার জন্যই শ্রীগুরুত্ব গ্রহণ করিয়া সেবা করিয়া থাকেন। সম ও লঘু-সম্বন্ধবিশিষ্ট হইয়া দাস্যভাব ঐশ্বর্য্যপ্রধান বুদ্ধিতে বুঝা যায়, কিন্তু গুর্ব্বভিমানে দাস-ভাব-প্রাবল্য একমাত্র কৃষ্ণসেবায় অবস্থিত। সর্ব্বতোভাবে সেবা-প্রবৃত্তিবিশিষ্ট হইয়া প্রচুর পরিমাণে সেবাভিলাষ একমাত্র সর্ব্বসেব্য কৃষ্ণের প্রতিই সম্ভব। নারায়ণের সম ও লঘু, বহু সেবক আছেন। কিন্তু কৃষ্ণের গুরুবর্গ অপূর্ব্ব প্রভাব বিস্তার করিয়া আত্যন্তিক সেবাই করিয়া থাকেন। কৃষ্ণের গুরুজন, কৃষ্ণের সম এবং কৃষ্ণের স্নেহের পাত্র, এই ত্রিবিধ ব্যক্তিই তৎপ্রেমবিশিষ্ট হইয়া কৃষ্ণদাস্যই করিয়া থাকেন,—ইহাই প্রেমের অদ্ভুত বিক্রম।

শ্রীমদ্ভাগবত (১০।৪৭।৬০-৬১)—

মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ ।
বাচোঽভিধায়িনীর্নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষু ॥ ৫৯ ॥
কর্ম্মভির্ভ্রাম্যমাণানাং যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া ।
মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥ ৬০ ॥

(৬) ব্রজসখাগণের সখ্যরসেও কৃষ্ণদাস্য ঃ—

শ্রীদামাদি ব্রজে যত সখার নিচয় ।
ঐশ্বর্য্যজ্ঞান-হীন, কেবল সখ্যময় ॥ ৬১ ॥
কৃষ্ণসঙ্গে যুদ্ধ করে, স্কন্ধে আরোহণ ।
তাঁরা দাস্যভাবে করে চরণ-সেবন ॥ ৬২ ॥

শ্রীমদ্ভাগবত (১০।১৫।১৭)—

পাদসম্বাহনং চক্রুঃ কেচিত্তস্য মহাত্মনঃ ।
অপরে হতপাপ্মানো ব্যজনৈঃ সমবীজয়ন্ ॥ ৬৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৯-৬০। নন্দ কহিলেন,—হে উদ্ধব, আমাদের সমস্ত মানসবৃত্তি শ্রীকৃষ্ণপাদাম্বুজকে আশ্রয় করুক ; আমাদিগের বাক্য-সকল তাঁহার নামকীর্ত্তন করুক এবং আমাদিগের দেহ তাঁহার অভিবাদনে প্রযুক্ত হউক। কর্ম্মফলানুসারে ঈশ্বরের ইচ্ছায় আমাদের যে কোন অবস্থা হউক না কেন, দানাদি শুভানুষ্ঠানের দ্বারা পরম পুরুষ কৃষ্ণে আমাদিগের রতি পরিবর্দ্ধিত হউক্।

৬১। সখ্য দুই প্রকার—'ঐশ্বর্য্যজ্ঞানযুক্ত' ও 'কেবল' অথবা 'অমিশ্র' সখ্য। শ্রীদামাদি ব্রজসখাদিগের 'কেবল' সখ্য—তাঁহারা কৃষ্ণের ঐশ্বর্য্য জানেন না।

৬৩। কৃষ্ণ শয়ন করিলে কোন সখা তাঁহার পাদসম্বাহন করিতে লাগিলেন, কেহ বা বিশুদ্ধ-সখ্যভাবে পল্লব-রচিত ব্যজনদ্বারা বায়ু ব্যজন করিতে লাগিলেন।

অনুভাষ্য

৫৯। ব্রজবাসিগণের সহিত সাক্ষাৎকারের পর তাঁহাদিগকে আমন্ত্রণ করিয়া উদ্ধব দ্বারকায় প্রত্যাবর্ত্তনোদ্যত হইলে নন্দাদি গোপগণ শ্রীকৃষ্ণের প্রতি অনুরাগভরে উদ্ধবকে বলিতেছেন,—

নঃ (অস্মাকং) মনসঃ বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ (কৃষ্ণপাদ-পদ্মাশ্রিতাঃ) স্যুঃ। [অস্মাকং] বাচঃ তু নাম্নাং (তন্নাম্নাম্) অভি-ধায়িনীঃ (কীর্ত্তনপরা ভবন্তু), কায়ঃ (দেহঃ) তৎপ্রহ্বণাদিষু (তস্য কৃষ্ণস্য নমস্কারাদিষু) অস্তু।

৬০। কর্ম্মভিঃ (পাপপুণ্যাদিভিঃ ফলান্বিতৈঃ) ঈশ্বরেচ্ছয়া যত্র ক্বাপি ভ্রাম্যমাণানাং (চতুরশীতিযোনিষু জায়মানানাং) নঃ (অস্মাকং) মঙ্গলাচরিতৈঃ দানৈঃ (তজ্জনিতৈঃ শুভকর্ম্মভিঃ) ঈশ্বরে (ভগবতি) কৃষ্ণে রতিঃ (অনুরাগঃ) অস্তু।

৬৩। তালবনে ধেনুকাসুরের বধের পূর্ব্বে রামকৃষ্ণকে লইয়া গোপবালকগণ পরস্পর এইরূপ ক্রীড়া করিতেছিলেন,—

(৭) ব্রজগোপীগণের মধুররসেও কৃষ্ণদাস্য ঃ—

কৃষ্ণের প্রেয়সী ব্রজে যত গোপীগণ ।
যাঁর পদধূলি করে উদ্ধব প্রার্থন ॥ ৬৪ ॥
যাঁ-সবার উপরে কৃষ্ণের প্রিয় নাহি আন ।
তাঁহারা আপনাকে করে দাসী-অভিমান ॥ ৬৫ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৩১।৬)—

ব্রজজনার্ত্তিহন্ বীর যোষিতাং নিজ-জনস্ময়ধ্বংসনস্মিত ।
ভজ সখে ভবৎকিঙ্করীঃ স্ম নো জলরুহাননং চারু দর্শয় ॥৬৬॥

শ্রীমদ্ভাগবত (১০।৪৭।২১)—

অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে
স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্ ।
ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদা নু ॥ ৬৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৬। হে ব্রজদুঃখনাশক, হে যোষিদ্‌গণের মধ্যে পরম-নায়ক, হে নিজ-জন-সন্দেহ (গর্ব্ব)-দূরকারী মন্দহাস্যময়, হে সখে, আমরা তোমার কিঙ্করী—তোমার মুখপদ্ম আমাদিগকে দর্শন করাও।

৬৭। সম্প্রতি খেদের বিষয় এই যে, আমাদের আর্য্যপুত্র মথুরা-নগরে অবস্থিতি করিতেছেন। হে উদ্ধব, পিতা নন্দের গৃহ ও গোপবান্ধবগণকে তিনি কি স্মরণ করেন? কখনও কি তিনি এই কিঙ্করীদিগের কথা বলেন? আহা! তিনি কি আর অগুরুবৎ-গন্ধযুক্ত হস্ত আমাদের মস্তকে ধারণ করিবেন?

অনুভাষ্য

হতপাপ্মানঃ (বিগতকল্মষাঃ) কেচিৎ গোপবালকাঃ মহাত্মনঃ (ভগবতঃ) তস্য (কৃষ্ণস্য) পাদসম্বাহনং চক্রুঃ ; অপরে [গোপাঃ] ব্যজনৈঃ সমবীজয়ন্ (সম্যক্ অবীজয়ন্)।

৬৬। রাসক্রীড়াকালে কৃষ্ণ অন্তর্হিত হওয়ায় তাঁহার অন্বেষণ করিতে করিতে গোপীগণের গীতি,—

হে ব্রজজনার্ত্তিহন্ (কৃষ্ণানুরাগিজনবিরহক্লেশবিনাশন) বীর (উদারবিগ্রহ), নিজজনস্ময়ধ্বংসনস্মিত (নিজজনানাং রস-বিগ্রহানাং স্ময়ঃ গর্ব্বং তং ধ্বংসয়তি ইতি তথাভূতং স্মিতং হাস্যং যস্য তথাভূত) সখে, স্ম (নিশ্চিতং) ভবৎকিঙ্করীঃ নঃ (অস্মান্) ভজ (অনুবর্ত্তস্ব) ; চারু (মনোহরং) জলরুহাননং (মুখপদ্মং) চ যোষিতাং (গোপীনামস্মাকং) দর্শয়।।

৬৭। ব্রজে উদ্ধবের আগমনে ভ্রমরকে লক্ষ্য করিয়া শ্রীমতীর চিত্রজল্পোক্তি,—

হে সৌম্য! অপি বত আর্য্যপুত্রঃ (নন্দনন্দনঃ) অধুনা কিং মধুপুর্য্যাং (মথুরায়াম্) আস্তে (সুখং নিবসতি)? সঃ পিতৃগেহান্ (পিতৃভ্যাং নন্দযশোদাভ্যাং গেহৈশ্চ সহিতান্) বন্ধূন্ (পর্জ্জন্য-

(৮) এমন কি, সাক্ষাৎ শ্রীরাধারও কৃষ্ণদাস্য ঃ—

তাঁ-সবার কথা রহু,—শ্রীমতী রাধিকা ।
সবা হৈতে সকলাংশে পরম-অধিকা ॥ ৬৮ ॥
তেঁহো যাঁর দাসী হৈঞা সেবেন চরণ ।
যাঁর প্রেমগুণে কৃষ্ণ বদ্ধ অনুক্ষণ ॥ ৬৯ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৩০।৩৯)—

হা নাথ রমণ প্রেষ্ঠ ক্বাসি ক্বাসি মহাভুজ ।
দাস্যাস্তে কৃপণায়া মে সখে দর্শয় সন্নিধিম্ ॥ ৭০ ॥

(৯) মহিষীগণেরও কৃষ্ণদাস্য ঃ—

দ্বারকাতে রুক্মিণ্যাদি যতেক মহিষী ।
তাঁহারাও আপনাকে মানে কৃষ্ণদাসী ॥ ৭১ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৮৩।১১)—

তপশ্চরন্তীমাজ্ঞায় স্বপাদস্পর্শনাশয়া ।
সখ্যোপেত্যোগ্রহীৎ পাণিং সাহং তদ্গৃহমার্জ্জনী ॥ ৭২ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৮৩।৩৯)—

আত্মারামস্য তস্যেমা বয়ং বৈ গৃহদাসিকাঃ ।
সর্ব্বসঙ্গনিবৃত্ত্যাদ্ধা তপসা চ বভূবিম ॥ ৭৩ ॥

(১০) স্বয়ংপ্রকাশ বলরামেরও কৃষ্ণদাস্য ঃ—

আনের কি কথা, বলদেব মহাশয় ।
যাঁর ভাব—শুদ্ধসখ্য-বাৎসল্যাদিময় ॥ ৭৪ ॥
তেঁহো আপনাকে করেন দাস-ভাবনা ।
কৃষ্ণদাস-ভাব বিনু আছে কোন জনা ॥ ৭৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭০। হা নাথ! হা রমণ! হা প্রিয়তম! হা মহাবাহো! আমি তোমার অতিদীনা দাসী, আমাকে নিকটস্থ কর!

অনুভাষ্য

বরীয়স্যুপনন্দাভিনন্দ-সন্নন্দ-নন্দন-রোহিণী-সানন্দানন্দিনী-কণ্ডব-দণ্ডবাদীন্) গোপান্ (সুবলার্জ্জুন-গন্ধর্ব্ব-বসন্ত-শ্রীদামসুদামোজ্জ্বল-কোকিল-সনন্দন-বিদগ্ধাদীন্) চ কিং স্মরতি? ক্বচিৎ (কদাচিৎ) অপি কিঙ্করীণাং (ললিতা-বিশাখা-চিত্রা-চম্পকলতা-তুঙ্গবিদ্যেন্দুলেখা-রঙ্গদেবী-সুদেবী-কলাবতী-শুভাঙ্গদা-হিরণ্যাঙ্গী-রত্নলেখা-শিখাবতী-কন্দর্পমঞ্জরী-ফুল্লকলিকানঙ্গমঞ্জরী-পুণ্ডরীকা-সীতাখণ্ডী-চারুচণ্ডী-সদণ্ডিকা-কুণ্ঠিতা-কলকণ্ঠী-বামচী-মেচকা-হরিদ্রাভা-হরিচ্চেলা-বিতণ্ডিকা-লীলাবতী-সাধিকা-চন্দ্রিকা-মাধবী-বিজয়া-নন্দা-গৌরী-সুধামুখী-বৃন্দা-কৌমুদী-রত্নভবা-রত্নপ্রভাদি-দাসীনাং) নঃ (অস্মাকং শ্রীমতীবৃষভানুকুমারীণাং গান্ধর্ব্বিকানাং) কথাং সঃ গৃণীতে (কিং স্বমুখেনোচ্চারয়তি?) কদা নু অগুরুসুগন্ধং (অগুরুঃ সকাশাদপি সুষ্ঠুগন্ধং যস্য তাদৃশং) ভুজং (স্বভুজং) মূর্দ্ধ্নি অধাস্যৎ (নিধাস্যতি)?

৭০। রাসক্রীড়াকালে অন্যগোপীগণকে পরিত্যাগ করিয়া কৃষ্ণ একমাত্র শ্রীমতী রাধিকার সহিত অন্তর্হিত হইলে অন্য গোপীগণকে কৃষ্ণ-বিরহে বিলাপ করিতে দেখিয়া দৃপ্তিবশতঃ শ্রীমতী স্বীয় চলচ্ছক্তি-রাহিত্য জ্ঞাপন করিয়া কৃষ্ণকে বহন করিতে আদেশ করায় কৃষ্ণের অন্তর্দ্ধানহেতু শ্রীমতীর বিলাপোক্তি,—

হা নাথ, রমণ, প্রেষ্ঠ (সর্ব্বোত্তম), ক্বাসি [ত্বং] ক্বাসি? হে সখে, কৃপণায়াঃ (তব বিরহকাতরায়াঃ দীনায়াঃ) তে (তব) দাস্যাঃ মে (মম) সন্নিধিং (নিজসন্নিধানং) দর্শয় (অবলোকয়)।।

৭২। স্যমন্তপঞ্চকে যাদব ও কৌরব-মহিলাগণ একত্র সম্মিলিত হইলে পরস্পর কৃষ্ণকথা-প্রসঙ্গে দ্রৌপদীর প্রতি কৃষ্ণমহিষী কালিন্দীর বাক্য,—

স্বপাদস্পর্শনাশয়া (স্বস্য শ্রীকৃষ্ণস্য পাদস্পর্শনস্য আশা,

অমৃতপ্রবাহ ভাষ্য

৭২। আমি শ্রীকৃষ্ণপাদস্পর্শ-লালসায় তপস্যা করিতেছিলাম, কৃপাপূর্ব্বক কৃষ্ণ স্বীয় সখার সহিত আসিয়া আমার পাণিগ্রহণ করিলেন। তদবধি আমি ইঁহার গৃহমার্জ্জনকারিণী দাসী।

৭৩। আমরা কত কত তপস্যাদ্বারা সর্ব্বসঙ্গ পরিত্যাগপূর্ব্বক এই আত্মারাম পুরুষের গৃহদাসীত্ব লাভ করিয়াছি!

অনুভাষ্য

তয়া) তপশ্চরন্তীং মা (মাম্) আজ্ঞায় (জ্ঞাত্বা) সঃ কৃষ্ণঃ সখ্যা (অর্জ্জুনেন) সহ উপেত্য (সমীপমাগত্য) পাণিম্ অগ্রহীৎ ; সা অহং তৎ (তস্য) গৃহমার্জ্জনী দাসী।

৭৩। ঐ সময়ে ঐ প্রসঙ্গে দ্রৌপদী-প্রতি কৃষ্ণমহিষী লক্ষ্মণার বাক্য,—

ইমাঃ বয়ং (মহিষ্যঃ) সর্ব্বসঙ্গনিবৃত্ত্যা (সর্ব্বেষু সুখবিত্ত-পুত্রাদিষু সমোক্ষচতুর্ব্বর্গাদিষু বা সঙ্গঃ তস্য নিবৃত্ত্যা উপেক্ষয়া) তপসা (দাসীবৃত্ত্যা) আত্মারামস্য তস্য (কৃষ্ণস্য) অদ্ধা (সাক্ষাৎ) গৃহদাসিকাঃ বভূবিম (আস্মহি)।

৭৫। বলদেব অগ্রজন্মা অর্থাৎ পূজ্য হইয়াও আপনাকে অনুজ কৃষ্ণের সেবক বলিয়াই জানেন। মহাবৈকুণ্ঠে এই স্বয়ংপ্রকাশ বলদেববিগ্রহেরই চতুর্ব্ব্যূহাত্মক প্রকোষ্ঠ—উহাই সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের পরম ঐশ্বর্য্য। মর্য্যাদামার্গে এরূপ সমুন্নত পরমোচ্চ পদবীও কৃষ্ণের ভৃত্যবৃত্তিতে অবস্থিত, সুতরাং গোলোক-বৈকুণ্ঠ ও অসংখ্য ব্রহ্মাণ্ড বা তদভ্যন্তরস্থ কোন সত্ত্বই কৃষ্ণকে ভোগ করিতে বা ভৃত্য করাইতে সমর্থ নহে। কৃষ্ণ ব্যতীত অপর প্রত্যেকেই কৃষ্ণে যে পরিমাণে সেবাপ্রবৃত্তিবিশিষ্ট, সেই পরিমাণেই তিনি অন্যান্য বস্তু অপেক্ষা শ্রেষ্ঠ। কৃষ্ণদাস্য পরিত্যাগ করিয়া যে প্রাণী যে পরিমাণ বিমুখ হইয়াছেন, সেই পরিমাণে তিনি অমঙ্গল আবাহন করিয়াছেন। জড়জগতে কৃষ্ণকে ভোগ করিবার প্রবৃত্তি অথবা কৃষ্ণের সমজ্ঞানে কৃষ্ণের ন্যায় ভোগ

(১১) শেষরূপী অনন্তের দশদেহে কৃষ্ণদাস্য ঃ—

সহস্রবদনে যেঁহো শেষ-সঙ্কর্ষণ ।
দশ দেহ ধরি' করে কৃষ্ণের সেবন ॥ ৭৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৬। দশদেহ—ছত্র, পাদুকা, শয্যা, উপাধান, বসন, ভূষণ, আরাম, আবাস, যজ্ঞসূত্র ও সিংহাসন,—এই দশদেহ।

অনুভাষ্য

করিবার প্রবৃত্তি অভক্তকুলের মূলমন্ত্র হইলেও স্বরূপতঃ সকল কৃষ্ণাশ্রিত জনই নিত্যকাল ভগবৎসেবায় নিযুক্ত। কৃষ্ণসেবা-বৈমুখ্যই জীবকে মৃতকল্প করিয়া তুলে। যখন কৃষ্ণজ্ঞানের উন্মেষ হয়, তৎকালেই ন্যূনাধিক কৃষ্ণদাস্যবৃত্তি জীবমাত্রেই লক্ষিত হয়।

৭৭-৭৮। রুদ্র ও সদাশিব—লঘুভাগবতামৃতে গুণাবতার-বর্ণনপ্রসঙ্গে (১৮-২৪) শ্লোক। রুদ্র—"একাদশব্যূহস্তথাষ্টতনু-রপ্যসৌ। প্রায়ঃ পঞ্চাননস্ত্র্যক্ষো দশবাহুরুদীর্য্যতে।। ক্বচিজ্জীব-বিশেষত্বং হরস্যোক্তং বিধেরিব। তত্তু শেষবদেবাস্তাং তদংশত্বেন কীর্ত্তনাৎ।। হরঃ পুরুষধামত্বান্নির্গুণপ্রায় এব সঃ। বিকারবানিহ তমোযোগাৎ সর্ব্বৈঃ প্রতীয়তে।। যথা শ্রীদশমে (১০।৮৮।৩)—"শিবঃ শক্তিযুতঃ শশ্বৎ ত্রিলিঙ্গো গুণসংবৃতঃ।।" যথা ব্রহ্ম-সংহিতায়াং—(৫।৪৫) "ক্ষীরং যথা দধি বিকারবিশেষযোগাৎ, সঞ্জায়তে ন তু ততঃ পৃথগস্তি হেতোঃ। যঃ শম্ভুতামপি তথা সমুপৈতি কার্য্যাদ্, গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামি।।" বিধে-র্ললাটাজ্জন্মাস্য কদাচিৎ কমলাপতেঃ। কালাগ্নিরুদ্রঃ কল্পান্তে ভবেৎ সঙ্কর্ষণাদপি।। সদাশিবাখ্যা তন্মূর্ত্তিস্তমোগন্ধবিবর্জ্জিতা। সর্ব্বকারণভূতাসাবঙ্গভূতা স্বয়ং প্রভোঃ। বায়ব্যাদিষু সৈবেয়ং শিব-লোকে প্রদর্শিতা।। তথা চ ব্রহ্মসংহিতায়াম্ আদিশিব-কথনে—(৫।৮)—"নিয়তিঃ সা রমা দেবী তৎপ্রিয়া তদ্বশংবদা। তল্লিঙ্গং ভগবান্ শম্ভুর্জ্যোতীরূপঃ সনাতনঃ। যা যোনিঃ সাপরা শক্তিঃ" ইত্যাদি।

শ্রীরুদ্র—একাদশব্যূহ, যথা—অজৈকপাৎ, অহির্ব্রধ্ন, বিরূপাক্ষ, রৈবত, হর, বহুরূপ, দেবশ্রেষ্ঠ ত্র্যম্বক, সাবিত্র, জয়ন্ত, পিনাকী এবং অপরাজিত ; এবং অষ্ট মূর্ত্তি যথা—পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, সূর্য্য, চন্দ্র ও সোমযাজী ; তন্মধ্যে প্রায় রুদ্রই পঞ্চমুখ, ত্রিনয়ন এবং দশবাহু। কোন কোন স্থানে রুদ্রকেও বিধির ন্যায় 'জীববিশেষ' বলিয়া কীর্ত্তন করিয়াছেন। ভগবদংশ-রূপে কীর্ত্তন করায় 'শেষে'র ন্যায় ইঁহারও মীমাংসা করিতে হইবে অর্থাৎ স্বাংশ শিব—ঈশ্বর-কোটি এবং সংহারক রুদ্র—বিভিন্নাংশ জীব। হর ভগবদবতার পুরুষাত্মস্বরূপ বলিয়া বস্তুতঃ নির্গুণ হইয়াও তমোগুণের যোগে অতাত্ত্বিক সর্ব্বসাধারণ লোকের নিকট আপাততঃ বিকারীর ন্যায় প্রতীত হন। যথা শ্রীদশমে—"রুদ্র নিরন্তর গুণসাম্যাবস্থারূপ প্রকৃতিযুক্ত, গুণক্ষোভের পর

(১২) শিবের কৃষ্ণদাস্য ঃ—

অনন্ত ব্রহ্মাণ্ডে রুদ্র—সদাশিবের অংশ ।
গুণাবতার তেঁহো, সর্ব্বদেব-অবতংস ॥ ৭৭ ॥

অনুভাষ্য

গুণত্রয়যুক্ত এবং দূর হইতে গুণত্রয়ে সংবৃত" ইতি। যথা ব্রহ্ম-সংহিতায়—"দুগ্ধ যেমন বিকার-বিশেষের যোগে দধিরূপে পরিণত হয়, কিন্তু সেই দধি স্বকারণ দুগ্ধ হইতে কখনই পৃথক্ বস্তু নয়, তদ্রূপ যিনি সংহারকার্য্যের নিমিত্ত রুদ্ররূপে অবতীর্ণ হন, আমি সেই আদিপুরুষ গোবিন্দকে ভজনা করি।" কোন কল্পে বিধির ললাট হইতে, কোন কল্পে বা বিষ্ণুর ললাট হইতে রুদ্রের উৎপত্তি হয়। কল্পাবসানে সঙ্কর্ষণ হইতেও কালাগ্নি রুদ্রের জন্ম হইয়া থাকে। বায়ুপুরাণাদিতে বৈকুণ্ঠের অন্তর্ভুক্ত শিবলোকে সর্ব্বকারণস্বরূপ ও তমোগুণসম্বন্ধরহিত যে সদাশিব-নাম্নী শিবমূর্ত্তি প্রদর্শিত হইয়াছে, তিনি স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের বিলাস। যথা ব্রহ্মসংহিতায় আদিশিব-কথনে উক্ত হইয়াছে,—"নিয়তা ভগবৎস্বরূপভূতা, অনপায়িনী এবং বশংবদা সেই রমাদেবী যাঁহার প্রেয়সী, সনাতন চৈতন্যবিগ্রহ ভগবান্ শম্ভু সেই স্বয়ংরূপের অঙ্গবিশেষ। যিনি যোনি অর্থাৎ মহামায়া ও মহদাদি-তত্ত্বের উৎপত্তিস্থান, তিনি অপরা অর্থাৎ ত্রিগুণময়ী শক্তি" ইত্যাদি।

শ্রীবলদেব বিদ্যাভূষণ ঃ—বাক্যবিশেলাভাৎ রুদ্রস্যাপি দ্বৈবিধ্যং প্রতিপাদয়িতুমাহ—শ্রীতি। 'সত্ত্বং রজঃ' ইত্যাদি (ভাঃ ১।২।২৩) বাক্যে য ঈশ্বরকোটিরুক্তঃ, তং তাবদাহ—রুদ্র একাদশব্যূহ ইতি। অত্র ভারতবাক্যম্—"অজৈকপাদহির্ব্রধ্নো বিরূপাক্ষোঽথ রৈবতঃ। হরশ্চ বহুরূপশ্চ ত্র্যম্বকশ্চ সুরেশ্বরঃ। সাবিত্রশ্চ জয়ন্তশ্চ পিনাকী চাপরাজিতঃ।।" ইত্যেতৎ। তথাষ্ট-তনুরিতি—"পৃথিবীং সলিলং তেজো বায়ুরাকাশমেব চ। সূর্য্য-চন্দ্রমসৌ সোমযাজী চেত্যষ্টমূর্ত্তয়ঃ।।" ইতি যাদবঃ। প্রায় ইতি—জলাবরণস্থ-রুদ্রস্যৈকমুখত্ববীক্ষণাৎ।

অথ জীবকোটিত্বং তস্যাহ—ক্বচিদিতি। "যং কাময়ে তমুগ্রং কৃণোমি তং ব্রহ্মাণং তমৃষিং তং সুমেধাম্" ইত্যাদিকমৃক্শ্রুতৌ; "অথ পুরুষো হ বৈ নারায়ণোঽকাময়ত—প্রজাঃ সৃজেয়" ইত্যারভ্য, "নারায়ণাদ্ ব্রহ্মা জায়তে, নারায়ণাদ্ রুদ্রো জায়তে, নারায়ণাৎ প্রজাপতির্জায়তে, নারায়ণাদিন্দ্রো জায়তে, নারায়ণা-দষ্টৌ বসবো (জায়ন্তে), নারায়ণাদেকাদশ-রুদ্রা (জায়ন্তে) নারায়ণাদ্দ্বাদশাদিত্যাঃ" (নাঃ উঃ ১) ইত্যাদিকং নারায়ণো-পনিষদি। "একো হ বৈ নারায়ণ আসীন্ন ব্রহ্মা ন ঈশানঃ" ইত্যুপক্রম্য, "তস্য ধ্যানান্তস্থস্য ললাটাৎ ত্র্যক্ষঃ শূলপাণিঃ পুরুষোঽজায়ত বিভ্রচ্ছ্রিয়ং সত্যং ব্রহ্মচর্য্যং তপো বৈরাগ্যম্" (মঃ উঃ ১-২) ইত্যাদিকং মহোপনিষদি। "প্রজাপতিঞ্চ রুদ্রঞ্চাপ্যহমেব সৃজামি বৈ। তৌ হি মাং ন বিজানীতো মম মায়াবিমোহিতৌ।।"

তেঁহো করেন কৃষ্ণের দাস্য-প্রত্যাশ ।
নিরন্তর কহে শিব, 'মুঞি কৃষ্ণদাস' ॥ ৭৮ ॥

অনুভাষ্য

ইতি মোক্ষধর্ম্মে চ। এভির্বাক্যৈর্জন্মোক্তেঃ হরস্য জীবত্বম্। অতঃ প্রলয়শ্চ "ব্রহ্মা শম্ভুস্তথৈবার্কশ্চন্দ্রমাশ্চ শতক্রতুঃ। এবমাদ্যাস্তথৈবান্যে যুক্তা বৈষ্ণবতেজসা।। জগৎকার্য্যাবসানে তু বিযুজ্যন্তে চ তেজসা। বিতেজসশ্চ তে সর্ব্বে পঞ্চত্বমুপযান্তি বৈ।।" ইতি বিষ্ণুধর্ম্মে। "একো হ" ইত্যাদিশ্রুতৌ চ। অন্যথা এতানি কুপ্যেয়ুঃ। দৃষ্টান্তোঽত্র—বিধিরিবেতি। শেষবদিতি—শার্ঙ্গিণঃ শয্যারূপস্তদাধারশক্তিঃ শেষ ঈশ্বরকোটিঃ, ভূধারী তু তদাবিষ্টো জীবঃ। তদংশত্বেনেতি—তৎস্বাংশত্বেন তদ্বিভিন্নাংশত্বেন চ পুরাণেষ্বভিধানাদিত্যর্থঃ।

যস্তু "সত্ত্বং রজস্তমঃ" ইতি পদ্যে পরস্য পুরুষস্যাবির্ভাবো হরঃ পঠিতঃ, স খলু পুরুষধামত্বাৎ—তদাত্মভূতত্বাৎ নির্গুণ এব। প্রায় ইতি—স্বেচ্ছাগৃহীতেন তমসা আবৃতত্বাৎ। অতএব, সর্ব্বৈঃ—অতত্ত্ববিদ্ভিঃ ; বিকারবান্, ইহ—গুণাবতারেষু প্রতীয়তে ; বস্তুতস্তু অবিকারী স ইত্যর্থঃ। তমোযোগাদ্বিকারবান্ প্রতীয়তে, ইত্যত্র প্রমাণমাহ,—শিবঃ শক্তীতি। শিবঃ—রুদ্রঃ, শশ্বৎ—সর্ব্বদা, শক্ত্যা—স্বেচ্ছাগৃহীতয়া গুণসাম্যাবস্থয়া প্রকৃত্যা যুতঃ; গুণক্ষোভে সতি ত্রিলিঙ্গঃ—গুণত্রয়যুক্তঃ, প্রকটৈশ্চ সদ্ভিস্তৈর্গুণৈর্দূরতঃ সংবৃতশ্চেতি। ননু তমঃসংবৃতত্বং তস্য খ্যাতং, ত্রিলিঙ্গত্বমিহ কথমুক্তমিতি চেৎ? উচ্যতে—ত্রয়াণাং গুণানাং মিথঃ সংপৃক্তত্বাৎ সত্ত্বরজসী চ তত্র স্যাতামেবেত্যবিরোধঃ। এতচ্চ বাক্যং লোকপ্রতীত্যনুবাদরূপং বোধ্যম্।

পুরুষধামত্বাৎ নির্গুণত্বং তমোযোগাৎ বিকারবত্ত্বভণিতিঃ, ইত্যত্র প্রমাণং—ক্ষীরং যথেতি। বিকারবিশেষযোগাৎ ক্ষীরং যথা দধি সঞ্জায়তে, ততঃ—ক্ষীরাৎ হেতোঃ দধি, পৃথক্—ভিন্নং, ন অস্তি—ন ভবতি, তথা, যঃ—গোবিন্দঃ, তমোযোগাৎ—স্বেচ্ছাগৃহীত-তমঃ-সম্বন্ধাৎ, শম্ভুর্ভবতি ; ন তু গোবিন্দাৎ শম্ভুরন্য ইত্যর্থঃ। তথা চ বিকারস্যাগন্তুকত্বাৎ স্বরূপে ন তৎপ্রসঙ্গ ইতি।

রুদ্রস্যাবির্ভাবস্থানান্যাহ—বিধেরিতি। বিধের্ললাটাদিতি শতপথাদৌ দৃষ্টং, কমলাপতের্ললাটাদিতি মহোপনিষদি (মঃ উঃ ২), পুরাণেষু চ ; তদিদং কল্পভেদাৎ সম্ভাব্যম্। কালাগ্নিরুদ্র ইতি—"পাতালতলমারভ্য সঙ্কর্ষণমুখানলঃ" (ভাঃ ১১।৩।১০) ইত্যেকাদশোক্তের্বোধ্যম্।

যত্তু কৃষ্ণঃ স্বয়ংপ্রভুঃ, নারায়ণাদয়স্তদ্বিলাস-স্বাংশাঃ, তথা আবেশাশ্চ কেচিৎ, তৎস্বাংশাৎ গর্ভোদশয়াৎ ব্রহ্মা-বিষ্ণু-রুদ্রাঃ, তেষামীশত্বম্, কদাচিৎ ব্রহ্ম-রুদ্রয়োর্জীবত্বঞ্চ, ইতি বচনলাভাৎ শাস্ত্রকৃতা নির্ণীতং, ন তৎ চতুরস্রং ; কিন্তু সদাশিবো মূলং তত্ত্বং স্বয়ংপদাভিমতং, তদেব নারায়ণাদিরূপম্, অতঃ ব্রহ্মাদয়স্ত্রয়স্তস্যৈব কার্য্যভূতাঃ—"অচিন্ত্যমব্যক্তমনন্তরূপং শিবং প্রশান্তমমৃতং ব্রহ্মযোনিম্। তমাদিমধ্যান্তবিহীনমেকং বিভুং চিদানন্দমরূপমদ্ভুতম্।। উমাসহায়ং পরমেশ্বরং প্রভুং ত্রিলোচনং নীলকণ্ঠং প্রশান্তম্। ধ্যাত্বা মুনির্গচ্ছতি ভূতযোনিং সমস্ত সাক্ষিং তমসঃ পরস্তাৎ।। স ব্রহ্মা স শিবঃ সেন্দ্রঃ সোঽক্ষরঃ পরমঃ স্বরাট্। স এব বিষ্ণুঃ স প্রাণঃ স কালাগ্নিঃ স চন্দ্রমাঃ। স এব সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্যং চরাচরম্। জ্ঞাত্বা তং মৃত্যুমত্যেতি নান্যঃ পন্থা বিমুক্তয়ে।।" (কৈঃ উঃ ৬-৯) ইতি কৈবল্যোপনিষদি শ্রবণাৎ। তস্মাদয়ং পক্ষো বরীয়ান্, শ্রৌতত্বাদিতি চেৎ? তত্রাহ—সদেতি। সা মূর্ত্তিঃ স্বয়ং প্রভোঃ—কৃষ্ণস্য অঙ্গভূতা, নারায়ণস্তদ্বিলাস ইত্যর্থঃ। অতএব তৈত্তিরীয়াঃ শিবমচ্যুতং নারায়ণমিত্যেকার্থেন পঠন্তি। শ্রুতৌ, উমা—কীর্ত্তিঃ তৎসহায়ং, ত্রিলোচনং—ত্রিকালজ্ঞং, নীলকণ্ঠং—নীলমণিভূষিতকণ্ঠম্, ইতি ব্যাখ্যেয়ং—প্রতীতার্থানাং তস্মিন্ শিবে অস্বীকারাৎ। বায়ব্যাদিষ্বিতি। শিবলোকে—বৈকুণ্ঠধাম্নি। "অণ্ডৌঘস্য সমন্তাৎ তু" ইত্যাদিভির্বায়বীয়বাক্যৈ-র্নিরূপিতোঽয়ং সদাশিবস্তল্লোকশ্চ সন্দর্ভকৃদ্ভিঃ।

স্বয়ংরূপস্য কৃষ্ণস্যৈব মূর্ত্তিঃ সদাশিব ইত্যত্র নির্ণায়কং বাক্যমাহ—নিয়তিঃ সেতি। আদি-পদেনেদং গ্রাহ্যং—"কামো বীজং মহদ্ধরেঃ। লিঙ্গযোন্যাত্মিকা জাতা ইমা মাহেশ্বরীঃ প্রজাঃ।। শক্তিমান্ পুরুষঃ সোঽয়ং লিঙ্গরূপী মহেশ্বরঃ। তস্মিন্নাবিরভূল্লিঙ্গে মহাবিষ্ণুর্জগৎপতিঃ।।" (ব্রঃ সং ৫।৮-১০) ইতি। অস্যার্থঃ—পূর্ব্বং রময়া রমণমুক্তং, রমা সা কীদৃশী? ইত্যাহ—নিয়তিরিতি—নিয়ম্যতে নিয়তা ভবতি রমণে তস্মিন্নিতি তদনপায়িনী তৎস্বরূপভূতেতি যাবৎ। অত উক্তং—"তৎপ্রিয়া তদ্বশংবদা" ইতি, "ন বিষ্ণুনা বিনা দেবী, নি বিষ্ণুঃ পদ্মজাং বিনা" ইতি হয়শীর্ষ-পঞ্চরাত্রাৎ, "নিত্যৈব সা জগন্মাতা বিষ্ণোঃ শ্রীরনপায়িনী" (বিঃ পুঃ ১।৮।১৫) ইতি বৈষ্ণবাচ্চ। তস্য স্বয়ংরূপস্য ভগবান্ শম্ভুঃ, লিঙ্গং—চিহ্নং ভবতি, "লিঙ্গং চিহ্নেঽনুমানে চ" ইতি বিশ্বঃ। ভগবান্—ষড়ৈশ্বর্য্যবিশিষ্টঃ পরব্যোমাধীশঃ। শং ভাবয়তি স্ব-দ্বিতীয়ব্যূহ-সঙ্কর্ষণাত্মনা প্রকৃতিবিলীনানাং জীবানাং তত্তদুপাধি-সৃষ্ট্যেতি শম্ভুঃ, জ্যোতীরূপঃ—চৈতন্যবিগ্রহঃ। অনেন তদধীশত্বেন কৃষ্ণস্য স্বয়ংরূপত্বং পরিচীয়তে, সাম্নাদিনেব গোর্গোত্বম্। যস্যাসৌ বিলাসঃ স স্বয়ম্, ইত্যতস্তস্য স লিঙ্গমুচ্যতে। যা খলু যোনিঃ—মহদাদ্যুপাদানভূতা, সা ত্বপরাশক্তিঃ—ত্রিগুণেত্যর্থঃ। হরেঃ—তদংশস্য সঙ্কর্ষণস্য, কামঃ—তদ্দিদৃক্ষালক্ষণঃ, মহদাদিসৃষ্টিফলকো ভবতি, ততো বীজং মহদিতি। মহৎ

কৃষ্ণপ্রেমে উন্মত্ত, বিহ্বল দিগম্বর ।
কৃষ্ণ-গুণ-লীলা গায়, নাচে নিরন্তর ॥ ৭৯ ॥

অনুভাষ্য

—অপরিমিতং জীবতত্ত্বং, তস্যামাহিতং ভবতি। অত ইমা মাহেশ্বর্য্যঃ প্রজা লিঙ্গ-যোন্যাত্মিকাঃ—পুরুষ-প্রকৃতিকারণিকা জাতাঃ কথ্যন্তে। প্রকৃতেরুপসর্জ্জনত্বেন তদধীন্যাৎ মাহেশ্বরী-রিতি প্রজা-নাম, ইত্যুপপাদয়তি শক্তিমানিত্যর্দ্ধকেন। অথোক্তার্থমেব স্ফুটয়তি—তস্মিন্নিতি। লিঙ্গে—তদধীশে, তৎসন্নিধৌ। মহাবিষ্ণুঃ—সঙ্কর্ষণঃ। ★

★ শাস্ত্রবাক্য-বিশেষ লাভহেতু শ্রীরুদ্রেরও দ্বিবিধত্ব প্রতিপাদন করিতে বলা হইতেছে—'শ্রী' ইত্যাদি। 'সত্ত্বং রজঃ' (ভাঃ ১।২।২৩) ইত্যাদি বাক্যে "এক পরম পুরুষ (শ্রীকৃষ্ণ) প্রকৃতির সত্ত্ব, রজঃ ও তমঃ গুণত্রয়ে যুক্ত হইয়া যথাক্রমে হরি, বিরিঞ্চি ও হর-রূপে সংজ্ঞিত হন"—ইহাতে যে 'ঈশ্বরকোটি রুদ্র'-সম্বন্ধে উক্ত হইয়াছে, তাঁহার বিষয়ে বলা হইতেছে—'রুদ্র একাদশব্যূহ' ইত্যাদি। এ বিষয়ে মহাভারত-বাক্য যথা,—'অজৈকপাৎ, অহিব্রধ্ন, বিরূপাক্ষ, রৈবত, হর, বহুরূপ. ত্র্যম্বক, সাবিত্র, জয়ন্ত, পিনাকী ও অপরাজিত'—এই একাদশ ব্যূহ। সেইপ্রকার তাঁহার অষ্টতনু, যথা—পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আকাশ, সূর্য্য, চন্দ্র ও সোমযাজী। 'প্রায় রুদ্রের পঞ্চবদন'—এস্থলে জলাবরণস্থ রুদ্রের একবদনহেতু 'প্রায়' বলা হইয়াছে।

৮৩। শ্রীগুরুদেব নাম গান করিলে সেই শ্রীনাম শিষ্যের কর্ণকুহরে প্রবিষ্ট হয়। শ্রীগুরুদেবের অনুসরণে শ্রুত শ্রীনামকে শ্রদ্ধার সহিত হৃদয়ে স্থাপনপূর্ব্বক জপের দ্বারা পূজা করা হয়। শ্রীনাম পূজিত হইলে তিনি স্বয়ং স্বতঃকর্ত্তৃত্ব ধর্ম্ম বিস্তার করিয়া নামজপকারীকে কীর্ত্তনের অধিকার প্রদান করেন। এই সময়েই তিনি নাম গান করিয়া সমগ্র জগৎকে শিষ্য করিতে সমর্থ হন। জগৎ নামকীর্ত্তনের শাসনপ্রভাবে কৃষ্ণনাম-জপ আরম্ভ করে। জপিতে জপিতে জপকারীর হাস্য, ক্রন্দন, নৃত্য ও কীর্ত্তন প্রভৃতি নামভজনপ্রণালী পরিস্ফুট হয়। কেহ কেহ মূঢ়তাবশতঃ "হরে কৃষ্ণ" ষোল নাম—বত্রিশ অক্ষরকে মহামন্ত্র না জানিয়া কেবল-মাত্র জপ্যমন্ত্র-বিচারে সেই মহামন্ত্র কীর্ত্তন করিতে কৃত্রিমভাবে বাধা প্রদান করে। তজ্জন্য, প্রাপ্তপ্রেম ব্যক্তি কৃষ্ণনাম গান করিয়া ভক্তের সহিত কৃষ্ণনামের সম্যক্ কীর্ত্তন করেন ; তাদৃশ কীর্ত্তন-ফলে জগতের লোকসকল কৃষ্ণনামের উপদেশ লাভ করেন। নামশ্রবণ, নামকীর্ত্তনের সঙ্গে সঙ্গেই নামস্মরণ হয়। নাম ও নামী অভিন্ন বলিয়া কৃষ্ণনামজপ-প্রভাবে কৃষ্ণবস্তুতে সেবাপ্রবৃত্তির উদয় হয়—উহাই 'ভাব' নামে কথিত। জাতভাব জনগণ অবিদ্যাবন্ধনগ্রস্ত অনর্থযুক্ত নহেন। তাঁহারা জাতরতি, সুতরাং সামগ্রীচতুষ্টয়ের সম্মিলনে উদিত রসের আস্বাদন করেন। ভাবের ঘনীভূত অবস্থাই 'প্রেমা'।

কৃষ্ণনাম—মহামন্ত্র। পাঞ্চরাত্রিক মন্ত্রসমূহ—'মন্ত্র' নামে খ্যাত। ভগবন্নাম 'মহামন্ত্র' বলিয়া প্রসিদ্ধ।

৮৪। কৃষ্ণপ্রেমা জীব-প্রয়োজনের সর্ব্বশ্রেষ্ঠ ভাব। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ জীবের প্রয়োজনের সহিত পঞ্চমপুরুষার্থ প্রেমার তুলনা করিলে তারতম্যে বুভুক্ষু ও মুমুক্ষুর লভ্যবস্তুকে নশ্বর ও অকিঞ্চিৎকর বলিয়া জানিতে পারা যায়। নশ্বর উপাধি-গত অস্মিতায়, বুভুক্ষা ও মুমুক্ষা-ধর্ম্ম অবস্থিত। ভগবৎপ্রেম—আত্মার নিত্য, অবিকৃত ধর্ম্ম ; তজ্জন্য ভুক্তিমুক্তি-রূপ চতুর্ব্বর্গের প্রয়োজন-বিচারের মূল্য প্রেমার তুলনায় কিছুই নয়।

৮৮। কৃষ্ণপ্রেমহীন অভক্তগণ যে ইন্দ্রিয়-চাঞ্চল্য প্রদর্শন করিয়া হাস্য, ক্রন্দন, নৃত্য ও গীতাদিতে উন্মত্ত হয়, উহা তাহাদিগের অমঙ্গল-প্রাপ্তিরই পরিচয় মাত্র। কৃত্রিম শারীর ও ইন্দ্রিয়-চাঞ্চল্য ভজনশীলের সর্ব্বতোভাবে পরিহার্য্য বিষয়। আত্মার স্বাভাবিকী বৃত্তির উদয়ে যে ভাব ও প্রেমা উপস্থিত হয়, তাহাতেই হাস্য, ক্রন্দন, গান, নৃত্য এবং উৎকণ্ঠা উদিত হয়। এ সবই সেবোন্মুখের অকৃত্রিম চেষ্টা। অজাতপ্রেমা ব্যক্তির ভক্তের উচ্চপদবী গ্রহণ করিবার ধৃষ্টতা জগতে অনর্থ বা জঞ্জাল আনয়ন করে।

শ্রীজীবপ্রভু প্রীতিসন্দর্ভে (৬৬ সংখ্যায়)—"ভগবৎপ্রীতিরূপা বৃত্তির্মায়াদিময়ী ন ভবতি ; কিন্তু স্বরূপশক্ত্যানন্দরূপা, যদানন্দা-পরাধীনঃ শ্রীভগবানপীতি।" ** (৬৯ সংখ্যায়)—'তদেবং প্রীতের্লক্ষণং চিত্তদ্রবস্তস্য চ রোমহর্ষাদিকম্। কথঞ্চিজ্জাতেঽপি চিত্তদ্রবে রোমহর্ষাদিকে বা ন চেদাশয়শুদ্ধিস্তদাপি ন ভক্তেঃ সম্যগাবির্ভাব ইতি জ্ঞাপিতম্। আশয়শুদ্ধির্নাম চান্যতাৎপর্য্য-

নাচ, গাও, ভক্তসঙ্গে কর সঙ্কীর্ত্তন ।
কৃষ্ণনাম উপদেশি' তার' সর্ব্বজন ॥ ৯২ ॥
এত বলি' এক শ্লোক শিখাইল মোরে ।
ভাগবতের সার এই—বলে বারে বারে ॥ ৯৩ ॥

মহাভাগবতের অবস্থা ঃ—

শ্রীমদ্ভাগবত (১১।২।৪০)—

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ ।
হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৯৪ ॥

গুরুর আজ্ঞায় ভজনে দৃঢ় চেষ্টা ঃ—

এই তাঁর বাক্যে আমি দৃঢ় বিশ্বাস ধরি' ।
নিরন্তর কৃষ্ণনাম সঙ্কীর্ত্তন করি ॥ ৯৫ ॥

ভজনফলে স্বতঃকর্ত্তৃত্বময় শ্রীনামপ্রভুর কৃপা ঃ—

সেই কৃষ্ণনাম কভু গাওয়ায়, নাচায় ।
গাহি, নাচি নাহি আমি আপন-ইচ্ছায় ॥ ৯৬ ॥

অনুভাষ্য

পরিত্যাগঃ প্রীতিতাৎপর্য্যঞ্চ। অতএবানিমিত্তা স্বাভাবিকী চেতি তদ্বিশেষণম্।"

ভগবৎপ্রেমরূপা বৃত্তি কখনই মায়াময়ী নহে, পরন্তু আনন্দ-রূপা স্বরূপশক্তি ; যেহেতু শ্রীভগবান্‌ও আনন্দপরাধীন। তাহা হইলে এইপ্রকার প্রীতির লক্ষণই চিত্তের দ্রবতা এবং তৎফলে রোমহর্ষাদি। কিয়ৎপরিমাণে চিত্তদ্রব বা রোমহর্ষাদি-সত্ত্বেও আশয়-শুদ্ধি না হইলে ভক্তির সম্যক্ আবির্ভাব হয় নাই বুঝিতে হইবে। 'আশয়-শুদ্ধি' অর্থে অন্য তাৎপর্য্য পরিত্যাগ এবং প্রীতি-তাৎপর্য্য। অতএব 'অহৈতুকী' ও 'স্বাভাবিকী' ইহার বিশেষণ।

৯২। যাঁহারা শ্রীগুরুদেবের দৃষ্টিতে অধিকার লাভ করেন, তাঁহাদিগকেই শ্রীগুরুদেব সজাতীয়াশয়স্নিগ্ধ ভজনপরায়ণ হরি-জনের সহিত নৃত্য, গীত ও সঙ্কীর্ত্তনাদিতে অধিকার প্রদান করেন। তাঁহারাই শ্রীগুরুদেবের পদানুসরণে স্বীয় ভজনজ্ঞানে জগদুদ্ধার-কার্য্যে নিযুক্ত হন। অনধিকারী জনগণ নির্জ্জনে কৃষ্ণনাম জপ করিবেন। ঐরূপ উপাসনায় অন্যের সহিত সঙ্গাদি নাই। অধিকার-লাভ হইলেই জনসঙ্গ অশুভফল আননয়ন করিতে পারে না ; পক্ষান্তরে, বহির্ম্মুখজনগণও নামের কৃপালাভে সমর্থ হন। এতৎপ্রসঙ্গে—"নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ" বা "অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ। নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে।।" প্রভৃতি শ্লোক আলোচ্য।

৯৪। শ্রীনারদের নিকট বসুদেব ভগবদ্ধর্ম্ম শুনিতে ইচ্ছা করায় শ্রীনারদ-কর্ত্তৃক ঋষভপুত্র নবযোগেন্দ্র ও বিদেহরাজ নিমির উপাখ্যান-বর্ণন-প্রসঙ্গে নবযোগেন্দ্রের অন্যতম 'কবি' নিমিরাজকে বলিলেন,—

এবংব্রতঃ (শ্রবণকীর্ত্তনাদিরূপং সেবনব্রতং যস্য সঃ) স্বপ্রিয়-নামকীর্ত্ত্যা (স্বস্য প্রিয়স্য ভগবতঃ নামকীর্ত্তনাদিনা) জাতানুরাগঃ (জাতঃ অনুরাগঃ যস্য সঃ জাতরতিঃ, অতএব) দ্রুতচিত্তঃ (উৎকণ্ঠিতহৃদয়ঃ) উন্মাদবৎ লোকবাহ্যঃ (লোকানাং বাহ্যঃ হাস্যনিন্দাস্তুত্যাদিষু অপেক্ষারহিতঃ সন্) উচ্চৈঃ হসতি, অথো রোদিতি, রৌতি (ক্রোশতি), গায়তি, নৃত্যতি চ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৪। কৃষ্ণসেবা-ব্রত পুরুষ অবশচিত্ত হইয়া প্রিয়তম শ্রীকৃষ্ণের নামকীর্ত্তনে জাতানুরাগ-বশতঃ শ্লথহৃদয় হন ; উন্মত্তের ন্যায় লোকবাহ্য অর্থাৎ অপেক্ষাশূন্য হইয়া কখনও হাস্য, কখনও রোদন, কখনও চিৎকার, কখনও গান-নৃত্যাদি করেন।

অনুভাষ্য

৯৫-৯৬। শ্রীগুরুদেবের বাক্যে বিশ্বাস করিতে না পারিয়া যে-সকল ব্যক্তি স্বীয় অধিকারের বিপর্য্যয় করেন, তাঁহারা কৃষ্ণ-নাম-সঙ্কীর্ত্তনের অধিকার লাভ করেন না। "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ।।"—এই শ্রুতিবাক্য সমর্থন করিয়া শ্রীগৌরসুন্দর কৃষ্ণসঙ্কীর্ত্তন আরম্ভ করিয়াছিলেন। তাহাতে আনুগত্যসূত্রে তাঁহার গুরুর আদেশ পালন না করিয়া নিরন্তর নামসঙ্কীর্ত্তন বন্ধ করেন নাই। তাদৃশ কৃষ্ণনামপ্রভুর কীর্ত্তন স্বয়ং ইচ্ছা-শক্তি পরিচালনা করিয়া শ্রীগৌরসুন্দরকে নৃত্য ও গান করিতে প্ররোচিত করিয়াছিলেন। শ্রীগৌরসুন্দর শ্রীনামকে জড়পদার্থ-জ্ঞানে অনুগ্রহ করিয়া কীর্ত্তন করেন নাই। যাহারা ইন্দ্রিয়চাঞ্চল্য-বশে কৃষ্ণনামকে তাহাদের ক্রীড়াপুত্তলী-জ্ঞানে শ্রীনামসেবার পরিবর্ত্তে নামের প্রভু হইয়া কর্ত্তৃত্ব করিতে গমন করে, তাহারা ভজনের পরিবর্ত্তে কর্ম্মফলভোগবশে পিত্তবৃদ্ধি করাইয়া শারীরিক অস্বাস্থ্য আনয়ন করে মাত্র।

আমি হিতাহিত-বিবেকহীন মূর্খ ; বেদান্তের শুদ্ধ অর্থ অন্বেষণ করিতে গিয়া শ্রীশঙ্করাচার্য্যের কথিত মায়াবাদ-কুতর্ক আসিয়া পাছে আমার নৈসর্গিক ভজনবৃত্তি বিনষ্ট করে—এই আশঙ্কায় আমার শাঙ্কর-ব্যাখ্যাযুক্ত বেদান্তে অধিকার নাই জানিয়া, কৃষ্ণ-মন্ত্রজপ-দ্বারাই সংসারের অনর্থ-নিবৃত্ত হইয়া মুক্তকুলের উপাস্য কৃষ্ণনাম গ্রহণ করি এবং তৎফলে কৃষ্ণপাদপদ্ম লাভ হয়। বিবাদময় কলিকালে নামগ্রহণ ব্যতীত অন্য কোন ধর্ম্ম নাই। এইসকল আজ্ঞা শ্রীগুরুদেবের নিকট প্রাপ্ত হইয়া নামগ্রহণফলে উন্মত্তপ্রায় হইয়াছিলাম। পরে পুনরায় তাঁহাকে প্রশ্ন করিয়া জানিয়াছি যে, চতুর্ব্বর্গ-ফলাকাঙ্ক্ষিগণের ক্ষুদ্র আশা অপেক্ষা

ব্রহ্মানন্দ ও কৃষ্ণপ্রেমানন্দের পার্থক্য ঃ—

কৃষ্ণনামে যে আনন্দসিন্ধু-আস্বাদন ।
ব্রহ্মানন্দ তার আগে খাতোদক-সম ॥ ৯৭ ॥

হরিভক্তিসুধোদয় (১৪।৩৬)—

ত্বৎসাক্ষাৎকরণাহ্লাদ-বিশুদ্ধাব্ধিস্থিতস্য মে ।
সুখানি গোষ্পদায়ন্তে ব্রাহ্মাণ্যপি জগদ্গুরো ॥ ৯৮ ॥

সন্ন্যাসিগণের চিত্তবৃত্তির ক্রমশঃ পরিবর্ত্তন ও প্রশ্ন ঃ—

প্রভুর মিষ্টবাক্য শুনি' সন্ন্যাসীর গণ ।
চিত্ত ফিরি' গেল, কহে মধুর বচন ॥ ৯৯ ॥

তথাপি ভক্তিতে সামান্য, কিন্তু মায়াবাদে দৃঢ় শ্রদ্ধা ঃ—

"যে কিছু কহিলে তুমি, সর্ব্ব সত্য হয় ।
কৃষ্ণপ্রেমা সেই পায়, যার ভাগ্যোদয় ॥ ১০০ ॥
কৃষ্ণে ভক্তি কর—ইহায় সবার সন্তোষ ।
বেদান্ত না শুন কেনে, তার কিবা দোষ ॥" ১০১ ॥

এত শুনি' হাসি' প্রভু বলিলা বচন ।
"দুঃখ না মানিহ যদি, করি নিবেদন ॥" ১০২ ॥

মায়াবাদী সন্ন্যাসিগণের নম্রতা ঃ—

ইহা শুনি' বলে সর্ব্ব সন্ন্যাসির গণ ।
"তোমাকে দেখিয়ে যৈছে সাক্ষাৎ নারায়ণ ॥ ১০৩ ॥
তোমার বচন শুনি' জুড়ায় শ্রবণ ।
তোমার মাধুরী দেখি' জুড়ায় নয়ন ॥ ১০৪ ॥
তোমার প্রভাবে সবার আনন্দিত মন ।
কভু অসঙ্গত নহে, তোমার বচন ॥" ১০৫ ॥

বেদান্তসম্বন্ধে প্রভুর মত ও ব্যাখ্যা ঃ—

প্রভু কহে, "বেদান্ত সূত্র—ঈশ্বর-বচন ।
ব্যাসরূপে কৈল তাহা শ্রীনারায়ণ ॥ ১০৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৭। খাতোদক—খালের অল্প জল।

৯৮। হে জগদ্গুরো! আমি তোমার স্বরূপের সাক্ষাৎকার লাভ করিয়া আহ্লাদরূপ-বিশুদ্ধসমুদ্রে অবস্থিতি করিতেছি আর সমস্ত সুখ আমার নিকট গোষ্পদস্বরূপ বোধ হইতেছে; ব্রহ্মালয়ে জীবের যে সুখ, তাহাও গোষ্পদস্বরূপ। গোষ্পদে অর্থাৎ গরুর পদচিহ্নে যে গর্ত্ত হয়, তাহাতে যে জল থাকে, তাহা সমুদ্রের তুলনায় অতিক্ষুদ্র।

অনুভাষ্য

পরমোপাদেয় পরমপুরুষার্থরূপ প্রেমাধিকার লাভ হইলে জীবের যে কল্যাণ হয়, তাহার তুলনা নাই। জাত-প্রেম ব্যক্তি স্বভাবক্রমে লোকলজ্জা উপেক্ষা করিয়া উচ্চৈঃস্বরে হাস্য, রোদন, গান ও নর্ত্তন প্রভৃতির সহিত কৃষ্ণকীর্ত্তন করিয়া থাকেন, ইহাকেই 'ভাগবতজীবন' বলিয়া জানিয়াছি। কৃত্রিমভাবে কাপট্যের আশ্রয়ে আমি কোন কার্য্য করি নাই। গুরুদেবের বাক্যে দৃঢ়শ্রদ্ধাবিশিষ্ট হইয়া কৃষ্ণকীর্ত্তন করিয়া থাকি। শ্রীনামই আমাকে কৌপীনধারী বৈদান্তিকগণের গাম্ভীর্য্যের প্রতিপক্ষে গায়ক ও নর্ত্তক করিয়া তুলিয়াছে। ইহাতে আমার নিজের কার্য্যকারকতা অর্থাৎ স্বতঃ-কর্ত্তৃত্ব বা প্রেরণা অল্পই—সবই শ্রীনামপ্রভুর কৃপা।

৯৭। আদি, ৬ষ্ঠ পঃ ৪৩-৪৪ সংখ্যা দ্রষ্টব্য।

৯৮। হে জগদ্গুরো, ত্বৎসাক্ষাৎকরণাহ্লাদবিশুদ্ধাব্ধিস্থিতস্য (তৎ তব সাক্ষাৎকরণেন দর্শনজনিতেন যদাহ্লাদঃ স এব বিশুদ্ধঃ মলরহিতঃ অব্ধিঃ সমুদ্রঃ তস্মিন্ স্থিতস্য) মে (মম) ব্রাহ্মাণি (ব্রহ্মানুভব-জনিতানি) সুখানি অপি গোষ্পদায়ন্তে (গোষ্পদ-বিলস্থ-জলবৎ প্রতীয়ন্তে)।

অনুভাষ্য

১০১। মায়াবাদিগণ শ্রীশঙ্করপাদের শারীরক-ভাষ্যের উদ্দিষ্ট-শাস্ত্রকেই 'বেদান্ত' বলেন ; অর্থাৎ 'বেদান্ত' বলিতে শাঙ্কর-মতাবলম্বিগণ তাঁহাদের আচার্য্যের কৃত কেবলাদ্বৈত-মতমূলক ভাষ্যতাৎপর্য্য-বিশিষ্ট উপনিষৎ ও ব্রহ্মসূত্রকে লক্ষ্য করেন। সদানন্দযোগী-কৃত 'বেদান্তসারে'—"বেদান্তো নাম উপনিষৎ-প্রমাণম্, তদুপকারীণি শারীরক-সূত্রাদীনি চ।।" বস্তুতঃ 'বেদান্ত' বলিলে 'কেবলাদ্বৈতবাদ' বুঝায় না। শ্রীবৈষ্ণবাচার্য্যচতুষ্টয় সকলেই বেদান্তাচার্য্য, কিন্তু শঙ্করমতাবলম্বি-মায়াবাদী নহেন। ভেদদর্শন-রহিত হইয়া কেবলাদ্বৈত-বিচারমূলে যে অহংগ্রহো-পাসনা, তাদৃশ মায়াবাদপন্থিগণ শুদ্ধাদ্বৈত, শুদ্ধদ্বৈত, বিশিষ্টাদ্বৈত, দ্বৈতাদ্বৈত এবং অচিন্ত্যভেদাভেদ স্বীকার করেন না ; পরন্তু কেবলাদ্বৈত-বিচারই যে নির্দ্দোষ বেদান্তমত, তাহা বিশ্বাস করেন। কৃষ্ণে প্রাকৃত দেহ ও মনের দ্বারা যে অনিত্যসেবা অনুষ্ঠিত হয়, তাহাতে মায়াবাদিগণের সন্তুষ্টি হয়, অর্থাৎ তাঁহারা কৃষ্ণভক্তিকে কর্ম্মানুষ্ঠান-বিশেষ বলিয়া জানেন, তজ্জন্য উহাও 'অভক্তি' বলিয়া তাঁহাদের সন্তোষ।

১০৬। সূত্র—"অল্পাক্ষরমসন্দিগ্ধং সারবৎ বিশ্বতোমুখম্। অস্তোভমনবদ্যঞ্চ সূত্রং সূত্রবিদো বিদুঃ।।" (স্কন্দ ও বায়ুপুরাণে)। বেদান্তসূত্র—(১) ব্রহ্মসূত্র, (২) শারীরক, (৩) ব্যাসসূত্র, (৪) বাদরায়ণ-সূত্র, (৫) উত্তর-মীমাংসা ও (৬) বেদান্তদর্শন প্রভৃতি বিভিন্ন নামে পরিচিত চতুরধ্যায়ী, ষোড়শপাদ-বিশিষ্ট সূত্রাকারে গ্রথিত গ্রন্থ। এই গ্রন্থে প্রত্যেক পাদে কতিপয় অধিকরণ আছে। প্রত্যেক অধিকরণে পঞ্চাবয়ব-ন্যায় বর্ত্তমান,—প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন ; অপর ভাষায়—"একো বিষয়-

(১) ঈশ্বর-বাক্য—দোষ-চতুষ্টয়-রহিত ঃ—

ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব ।
ঈশ্বরের বাক্যে নাহি দোষ এইসব ॥ ১০৭ ॥

(২) অভিধা (মুখ্যা)-বৃত্তিতে সবিশেষতত্ত্ব ভগবান্‌ই বেদান্তবেদ্য ঃ—

উপনিষৎ-সহিত সূত্র কহে যেই তত্ত্ব ।
মুখ্যবৃত্ত্যে সেই অর্থ পরম মহত্ত্ব ॥ ১০৮ ॥

গৌণবৃত্তিতে রচিত অসুরমোহন শাঙ্কর-ভাষ্য শ্রবণে সর্ব্বনাশ ঃ—

গৌণবৃত্ত্যে যেবা ভাষ্য করিল আচার্য্য ।
তাহার শ্রবণে নাশ হয় সর্ব্ব কার্য্য ॥ ১০৯ ॥
তাঁহার নাহিক দোষ, ঈশ্বর-আজ্ঞা পাঞা ।
গৌণার্থ করিল, মুখ্য অর্থ আচ্ছাদিয়া ॥ ১১০ ॥

অনুভাষ্য

সন্দেহঃ পূর্ব্বপক্ষাবভাষকঃ। শ্লোকোঽপরস্তু সিদ্ধান্তবাদী সঙ্গতয়ঃ স্ফুটাঃ।।”

বিভিন্ন ভাষ্যমতে,—ইহার ১৬২-২২৩ পর্য্যন্ত অধিকরণ-বিভাগ লক্ষিত হয় ; সূত্র-সংখ্যা—৫২০-৫৬০ পর্য্যন্ত।

‘বেদান্ত’-শব্দে কোষকার ‘হেমচন্দ্র’ বলেন,—ব্রাহ্মণের সহিত উপনিষদংশই ‘বেদান্ত’—বেদাবশিষ্ট বা বেদ-শেষভাগ অর্থাৎ বেদসমূহের অন্ত। বেদের চরমোদ্দেশ্য যে শাস্ত্রে প্রদর্শিত হইয়াছে, তাহাও ‘বেদান্ত’। উপনিষৎ প্রমাণস্বরূপে যে শাস্ত্র ব্যবহৃত এবং তদুপকারক যে সূত্রাদি, তাহাও ‘বেদান্ত’। ‘বেদান্ত-সূত্রকে’ প্রস্থানত্রয়ের অন্যতম ‘ন্যায়-প্রস্থান’ বলা হয়। উপনিষদ্‌-গুলি—‘শ্রুতিপ্রস্থান’, এবং গীতা-ভাগবত-পুরাণাদি—‘স্মৃতি-প্রস্থান’।

শ্রীনারায়ণের নিঃশ্বাস হইতে বেদসমূহ প্রপঞ্চে আগত। শ্রীনারায়ণ-কথিত বেদবিস্তার-শাস্ত্রকেই ‘সাত্বত-পঞ্চরাত্র’ বলে। শ্রীনারায়ণের আবেশাবতার শ্রীব্যাস বা কাহারও মতে (শঃ ভাঃ ৩।৩।৩২) ‘অপান্তরতমা’ ঋষি বেদান্তসূত্রের গুম্ফনকারক। পঞ্চরাত্র ও বেদান্তে একই অভিমত প্রকাশিত আছে,—ইহাই শ্রীগৌরসুন্দরের উক্তি। শ্রীব্যাস-রচিত বলিয়া ইহাকেও শ্রীনারায়ণেরই বাক্য বলিয়া জানিতে হইবে।

শ্রীব্যাসদেব সূত্র-রচনাকালে আরও সাতজন ঋষির প্রণীত বেদান্ত-মতের সমালোচনা করিয়াছেন ; যথা—আত্রেয়, আশ্মরথ্য, ঔড়ুলোমি, কার্ষ্ণাজিনি, কাশকৃৎস্ন, জৈমিনি ও বাদরী। এতদ্ব্যতীত পারাশরী ও কর্ম্মন্দীভিক্ষু-সূত্রদ্বয়ও শ্রীব্যাসের রচিত সূত্রের পূর্ব্ববর্ত্তী গ্রন্থ।

বেদান্তদর্শনের প্রথম অধ্যায়দ্বয়ে ‘সম্বন্ধ’-জ্ঞান, তৃতীয় অধ্যায়ে ‘অভিধেয়’ সাধন-ভক্তি এবং চতুর্থ অধ্যায়ে ‘প্রয়োজন-ফল’ ভগবৎপ্রেমের কথাই বর্ণিত। সূত্রকার ব্যাসের রচিত অকৃত্রিম বেদান্তভাষ্য—শ্রীমদ্ভাগবত। এতদ্ব্যতীত শ্রীমদ্ভাগবতের ন্যূনাধিক অনুগত বৈষ্ণবচার্য্যচতুষ্টয়-প্রণীত ভাষ্য এবং তাঁহা-দিগের সম্প্রদায়ের অধস্তনগণ-রচিত বহুবিধ টীকায় বেদান্তের ভগবদ্ভজন-তৎপরতা কথিত আছে। বিষ্ণুভক্তিরহিত নির্ব্বিশিষ্ট-বিচারপর সম্প্রদায়েও এই বেদান্তসূত্রের আদর পরিলক্ষিত হয়। এই বেদান্তের মায়িক বিচারমুখে যে-সকল ভাষ্যাদি ও তদনুগত টীকা এবং সন্দর্ভাদি পাওয়া যায়, সেইগুলি বিষ্ণুসেবা-রহিত, বাস্তব-সত্য হইতে ভেদ-বিচারযুক্ত।

১০৭। আদি, ২য় পঃ ৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

১০৮-১০৯। মুক্তিকোপনিষদে (৩০-৩৯)—“ঈশকেনকঠ-প্রশ্নমুণ্ডমাণ্ডূক্য-তিত্তিরিঃ। ঐতরেয়শ্চ ছান্দোগ্যং বৃহদারণ্যকং তথা।। ব্রহ্মকৈবল্যজাবালশ্বেতাশ্বো হংস আরুণিঃ। গর্ভো নারায়ণো হংসো বিন্দুর্নাদশিরঃ শিখা।। মৈত্রায়ণী কৌষিতকী বৃহজ্জাবালতাপনী। কালাগ্নিরুদ্রমৈত্রেয়ী সুবালক্ষুরিমন্ত্রিকা।। সর্ব্বসারং নিরালম্বং রহস্যং বজ্রসূচিকম্‌। তেজো নাদধ্যানবিদ্যা-যোগতত্ত্বাত্মবোধকম্‌।। পরিব্রাট্‌ ত্রিশিখী সীতা চূড়া নির্ব্বাণ-মণ্ডলম্‌। দক্ষিণা শরভং স্কন্দং মহানারায়ণাহ্বয়ম্‌।। রহস্যং রাম-তপনং বাসুদেবঞ্চ মুদ্‌গলম্‌। শাণ্ডিল্যং পৈঙ্গলং ভিক্ষুমহচ্ছারী-রকং শিখা।। তুরীয়াতীতসন্ন্যাসপরিব্রাজাক্ষমালিকা। অব্যক্তৈ-কাক্ষরং পূর্ণা সূর্য্যাক্ষ্যধ্যাত্মকুণ্ডিকা।। সাবিত্র্যাত্মা পাশুপাতং পরং-ব্রহ্মাবধূতকম্‌। ত্রিপুরাতপনং দেবী ত্রিপুরা কঠভাবনা। হৃদয়ং কুণ্ডলী-ভস্মরুদ্রাক্ষগণদর্শনম্‌।। তারসারমহাবাক্যপঞ্চব্রহ্মাগ্নি-হোত্রকম্‌। গোপালতপনং কৃষ্ণং যাজ্ঞবল্ক্যং বরাহকম্‌।। শাঠ্যায়নী হয়গ্রীবং দত্তাত্রেয়ং চ গারুড়ম্‌। কলিজাবালিসৌভাগ্যরহস্যো-ক্তাশ্চমুক্তিকা।।”—এই ১০৮ খানি উপনিষৎ।

‘মুখ্যবৃত্তি’-শব্দে অভিধা-বৃত্তি। যে শক্তিদ্বারা কোষ-ব্যাক-রণাদি-প্রসিদ্ধ অর্থের বোধ হয়, তাহা ‘অভিধা’। ‘গৌণবৃত্তি’-শব্দে লক্ষণা-বৃত্তি। যে শক্তিদ্বারা প্রয়োজনবশতঃ বা বহুপ্রয়োগ-বশতঃ প্রকৃত অর্থসম্বন্ধীয় অন্যার্থের বোধ হয়, তাহা ‘লক্ষণা’।

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৮। উপনিষদ্‌—ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডূক্য, তৈত্তিরীয়, ঐতরেয়, ছান্দোগ্য, বৃহদারণ্যক এবং শ্বেতাশ্বতর—এই একাদশ বেদশিরোমণি উপনিষৎ।

সূত্র—ব্রহ্মসূত্র, চারি অধ্যায় ১৬ পাদ। এই দুইটীই শাস্ত্রমধ্যে প্রধান।

১০৮-১১০। এই প্রধানশাস্ত্র, মুখ্যবৃত্তি অর্থাৎ অভিধা-বৃত্তিদ্বারা যে তত্ত্ব শিক্ষা দেন, তাহাই পরম মহৎ। শ্রীশঙ্করাচার্য্য ঐ শাস্ত্রের মুখ্যবৃত্তি পরিত্যাগপূর্ব্বক গৌণবৃত্তি অর্থাৎ লক্ষণা-বৃত্তিদ্বারা কেবলাদ্বৈতবাদ-সিদ্ধান্ত স্থির করিয়া যে ভাষ্য লিখিয়া-

(৩) চিদ্বিলাস-বৈভবময় ভগবান্‌ই শ্রুতি-প্রতিপাদ্য ঃ—

'ব্রহ্ম'-শব্দে মুখ্য অর্থে কহে—'ভগবান্' ।
চিদৈশ্বর্য্য-পরিপূর্ণ, অনূর্দ্ধ-সমান ॥ ১১১ ॥

তাঁহার বিভূতি, দেহ,—সব চিদাকার ।
চিদ্বিভূতি আচ্ছাদিয়া কহে 'নিরাকার' ॥ ১১২ ॥

তত্ত্ববস্তুকে নিরাকার এবং বিষ্ণুদেহাদিকে মায়িক-বিকার বলাই 'মায়াবাদ' ঃ—

চিদানন্দ—দেহ, তাঁর স্থান, পরিবার ।
তাঁরে কহে,—প্রাকৃত-সত্ত্বের বিকার ॥ ১১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ছেন, তাহা শ্রবণ করিলে পারমার্থিক সমস্ত কার্য্যের নাশ হয়। যদি বল, সাক্ষাৎ শিবাবতার শঙ্করস্বামী এরূপ অবৈধ কার্য্য কেন করিলেন? তবে শুন। তিনি ঈশ্বর-আজ্ঞায় ঐ কার্য্যে প্রবৃত্ত হওয়ায় তাঁহার দোষ নাই ; যথা পদ্মপুরাণে শ্রীমহাদেব-বাক্য—"মায়াবাদমসচ্ছাস্ত্রং প্রচ্ছন্নং বৌদ্ধমুচ্যতে। ময়ৈব কল্পিতং দেবি কলৌ ব্রাহ্মণরূপিণা।। ব্রহ্মণশ্চাপরং রূপং নির্গুণং বক্ষ্যতে ময়া। সর্ব্বস্বং জগতোঽপ্যস্য মোহনার্থং কলৌ যুগে।। বেদান্তে তু মহাশাস্ত্রে মায়াবাদমবৈদিকম্। ময়ৈব বক্ষ্যতে দেবি জগতাং নাশকারণাৎ।।" শিবপুরাণে ভগবদ্বাক্য—"দ্বাপরাদৌ যুগে ভূত্বা কলয়া মানুষাদিষু। স্বাগমৈঃ কল্পিতৈস্ত্বঞ্চ জনান্ মদ্বিমুখান্ কুরু ।।"

অনুভাষ্য

ভাষ্য,—যথা, "সূত্রস্থং পদমাদায় বাক্যৈঃ সূত্রানুসারিভিঃ। স্ব-পদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ।।"

উপনিষৎ এবং সূত্রের প্রতিপাদ্য সবিশেষ-তত্ত্বই শ্রেষ্ঠ—উহা মুখ্যা (অভিধা) বৃত্তি অবলম্বন করিয়া প্রদর্শিত হইয়াছে। নির্ব্বিশেষবাদী গৌণী (লক্ষণা) বৃত্তি অবলম্বন করিয়া যে তত্ত্বাভাস প্রদর্শন করেন, তাহা 'তত্ত্ববাদের' পরিবর্তে 'মায়াবাদ'-নামে প্রসিদ্ধ। শ্রীবিষ্ণুস্বামীর শুদ্ধাদ্বৈত-বিচার কেবলাদ্বৈত-বিচারদ্বারা বাধাপ্রাপ্ত হইবার পরেই 'বিশিষ্টাদ্বৈতবাদ' ও শ্রীমধ্বাচার্য্যপাদের 'তত্ত্ববাদ', শ্রৌত-পথাবলম্বনে অতাত্ত্বিকগণের তর্কপন্থামূলক সিদ্ধান্ত খণ্ডন করিয়াছে। শ্রীমহাপ্রভু অভিধা-বৃত্তি অবলম্বনপূর্ব্বক বেদান্তার্থকে আদর করিলেন। শ্রীশঙ্করাচার্য্য লক্ষণাবৃত্তি অবলম্বনপূর্ব্বক যে বেদান্তার্থ নিজভাষ্যে লিখিয়াছেন, তাহাদ্বারা সর্ব্বনাশ হয়। যথা পদ্মপুরাণে,—"শৃণু দেবি প্রবক্ষ্যামি তামসানি যথাক্রমম্। যেষাং শ্রবণমাত্রেণ পাতিত্যং জ্ঞানিনামপি।। অপার্থং শ্রুতিবাক্যানাং দর্শয়ল্লোকগর্হিতম্। কর্ম্মস্বরূপত্যাজ্যত্বমত্র চ প্রতিপাদ্যতে।। সর্ব্বকর্ম্মপরিভ্রংশান্নৈষ্কর্ম্ম্যং তত্র চোচ্যতে। পরাত্ম-জীবয়োরৈক্যং ময়াত্র প্রতিপাদ্যতে।।"

অন্ত্য, ২য় পঃ ৯৪-৯৯ সংখ্যা দ্রষ্টব্য।

১১৩। সদানন্দযোগীন্দ্রকৃত 'বেদান্তসারে'—"বস্তু সচ্চিদা-

আদেশপালক শঙ্করের দোষ না থাকিলেও তদ্ভাষ্য-শ্রবণে জীবের সর্ব্বনাশ ঃ—

তাঁর দোষ নাহি, তেঁহো আজ্ঞাকারী দাস ।
আর যেই শুনে, তার হয় সর্ব্বনাশ ॥ ১১৪ ॥

মায়াধীশ বিষ্ণুকে মায়িক-জ্ঞানই পাষণ্ডতা ঃ—

প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর ।
বিষ্ণুনিন্দা আর নাহি ইহার উপর ॥ ১১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১১-১১৫। বিষয়টী পাঠ করিবামাত্র যে অর্থ মুখ্যরূপে অর্থাৎ স্পষ্টরূপে প্রকাশ পায়, তাহাকে 'মুখ্যার্থ' বলা যায়। "পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে" (৫।১)—ইতি বৃহদারণ্যকে ; "বিচিত্রশক্তিঃ পুরুষঃ পুরাণঃ", "স বৃক্ষকালাকৃতিভিঃ পরোঽন্যো যস্মাৎ প্রপঞ্চঃ পরিবর্ত্ততেঽয়ম্। ধর্ম্মাবহং পাপনুদং ভগেশং" (৬।৬), "বেদাহমেতং পুরুষং মহান্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ" (৩।৮), "পতিং পতীনাং পরমং পরস্তাৎ" (৬।৭), "মহান্ প্রভুর্বৈ পুরুষঃ" (৩।১২), "পরাস্যশক্তির্বিবিধৈব শ্রূয়তে" (৬।৮) ইত্যাদি শ্বেতাশ্বতরে ; "তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ" ইতি ঋগ্বেদে ; "স ঈক্ষাংশ্চক্রে" (৬।৩) ইতি প্রশ্নে ; "স ঐক্ষত" (১।১।১), "স ইমাঁল্লোকানসৃজত" (১।১।২) ইতি ঐতরেয়ে ; "তদ্ধৈষাং বিজজ্ঞৌ তেভ্যো হ প্রাদু-

অনুভাষ্য

নন্দমদ্বয়ং ব্রহ্ম। অজ্ঞানাদি-সকলজড়সমূহঃ অবস্তু। অজ্ঞানন্তু সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ং ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধিভাবরূপং যৎকিঞ্চিদিতি বদন্তি। ইদমজ্ঞানং সমষ্টিব্যষ্ট্যভিপ্রায়েণৈকমনেকমিতি চ ব্যবহ্রিয়তে। ইয়ং সমষ্টিরুৎকৃষ্টোপাধিতয়া বিশুদ্ধসত্ত্ব-প্রধানম্; এতদুপহিতং চৈতন্যং সর্ব্বজ্ঞত্বসর্ব্বেশ্বরত্ব-সর্ব্বনিয়ন্তৃ-ত্বাদিগুণকং সদসদ্ব্যক্তমন্তর্য্যামিজগৎকারণমীশ্বর ইতি চ ব্যপদিশ্যতে। সকলাজ্ঞানাবভাসকত্বাদস্য সর্ব্বজ্ঞত্বম্।"

শাঙ্কর-বৈদান্তিক সদানন্দ সংক্ষেপে 'বেদান্তসার'-গ্রন্থে শঙ্করমত-তাৎপর্য্য লিখিয়াছেন। ইহা এক্ষণে শাঙ্কর-সম্প্রদায়ের অতিমান্য প্রামাণিক আধার। "সচ্চিদানন্দ অদ্বয়বস্তুই ব্রহ্ম ; অজ্ঞানাদি সকলজড়সমূহই অবস্তু। 'অজ্ঞান' বলিতে সৎ ও অসৎ হইতে পৃথক্, অনির্ব্বচনীয়, ত্রিগুণাত্মক, জ্ঞানবিরোধি ভাবরূপ যাহা কিছু, সমস্তই বুঝায়। এই অজ্ঞান সমষ্টি ও ব্যষ্টিভেদে এক এবং অনেকরূপে ব্যবহৃত হয়। এই সমষ্টি উৎকৃষ্ট উপাধি-বিশিষ্ট হইলে 'বিশুদ্ধসত্ত্ব-প্রধান'-নাম লাভ করে। বিশুদ্ধসত্ত্ব-প্রধান অজ্ঞানে প্রতিফলিত হইলে সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বনিয়ন্তা, সদসদব্যক্ত, জীবসমূহের অন্তর্যামী, জগতের কারণ 'ঈশ্বর' সংজ্ঞা

তত্ত্ব-বস্তু—সূর্য্যসদৃশ, জীব—
তৎকিরণ-কণ ঃ—

তত্ত্ব যেন ঈশ্বরের জ্বলিত জ্বলন ।
জীবের স্বরূপ—যৈছে স্ফুলিঙ্গের কণ ॥ ১১৬ ॥

জীব—শক্তি, কৃষ্ণ—শক্তিমৎ-তত্ত্ব ঃ—

জীবতত্ত্ব—শক্তি, কৃষ্ণতত্ত্ব—শক্তিমান্ ।
গীতা-বিষ্ণুপুরাণাদি তাহাতে প্রমাণ ॥ ১১৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

র্ব্বভূব" (৩।২) ইতি তলবকারে ;—এবম্প্রকার বহু বহু বেদবাক্য পাঠ করিবামাত্র ষড়ৈশ্বর্য্য-পরিপূর্ণ, অনূর্দ্ধ, সম-রহিত, এক পরতত্ত্ব ভগবান্ই প্রতীত হয়। তবে যে "অপাণিপাদঃ" (শ্বেঃ ৩।১৯) ইত্যাদি আকার-নিষেধবাক্য পাওয়া যায়, তদ্দ্বারা সেই ভগবানের আকার—চিদাকার, তাঁহার দেহ ও তাঁহার বিভূতি—চিদ্বিভূতি, এই মাত্র বুঝিতে হইবে। আচার্য্যপ্রমুখ মায়াবাদিগণ তাঁহার চিদ্বিভূতি আচ্ছাদন করিয়া তাঁহাকে সত্ত্বগুণের বিকাররূপ 'নিরাকার' বলিয়া স্থির করিয়াছেন। যখন তিনি, তাঁহার স্থান ও তাঁহার পরিবার, সকলই প্রকৃতির অতীত চিদানন্দস্বরূপ, তখন তাঁহাকে কিরূপে প্রাকৃত-সত্ত্বের বিকার বলিয়া উক্তি হইতে পারে? বস্তুতঃ অপ্রাকৃত চিদ্বিভূতিময় তাঁহার আকারও সত্য। এরূপ নিরাকাররূপে বর্ণন করায় আচার্য্যের দোষ কি? যেহেতু তিনি ত' আজ্ঞাকারী দাস ; যথা নারদ পঞ্চরাত্রে—"মাঞ্চ গোপয় যেন স্যাৎ সৃষ্টিরেষোত্তরোত্তরা।" কিন্তু অপর যে ব্যক্তি ওরূপ

অনুভাষ্য

লাভ করে। 'ঈশ্বর'—সকল অজ্ঞানের প্রকাশক বলিয়া 'সর্ব্বজ্ঞ'।" ইঁহাদের মতে, ঈশ্বরত্ব প্রাকৃত-সত্ত্বের অজ্ঞানজ বিকারমাত্র। জীব —মলিনসত্ত্বপ্রধান ও ব্যষ্টি-উপাধিবিশিষ্ট।

১১১-১১৩। মধ্য, ২৫শ পঃ ৩৩-৩৪ সংখ্যা দ্রষ্টব্য।

১১৪। মধ্য, ৬ষ্ঠ পঃ ১৬৯ সংখ্যা দ্রষ্টব্য।

১১৫। সবিশেষ তত্ত্ববস্তুই বিষ্ণু। বিষ্ণুর প্রকৃতিই প্রাকৃত জড়-জগতের মূল। নির্ব্বিশেষ-ব্রহ্মের প্রকৃতি বা মায়াশক্তির বিবর্ত্তবাদ-বিচারে বাস্তব অস্তিত্ব পাওয়া যায় না। বিষ্ণুমায়া-সম্বন্ধে শাস্ত্র ভূরি বর্ণন করিয়াছেন। বিষ্ণু—মায়ার প্রসূত দেব-বিশেষ নহেন। যাঁহারা সেরূপ মনে করেন, তাঁহাদের বিষ্ণুধারণায় বিপর্য্যয় উপস্থিত হইয়াছে। প্রাকৃত-দেবপর্য্যায়ে বিষ্ণু কখনই গণিত হইতে পারেন না। যাঁহারা সেরূপভাবে ভ্রান্ত হন, তাঁহারাই বিষ্ণুকে প্রাকৃত দেবতা বলিয়া জানেন। শ্রীভগবান্ গীতায় তাঁহাদের ভববন্ধন-মোচনের জন্য বলিয়াছেন,—"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে।।" বিষ্ণু—বৈকুণ্ঠ বস্তু। তাঁহাকে প্রকৃতিজাত দেবতা বলিয়া জ্ঞান করিলে বস্তুনির্দ্দেশ-সম্বন্ধে দৌরাত্ম্য করা হয়—

শ্রীমদ্ভগবদ্গীতা (৭।৫)—

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্ ।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ১১৮ ॥

চিৎ, জীব ও মায়া—এই ত্রিবিধা বিষ্ণুশক্তি ঃ—
বিষ্ণুপুরাণ (৬।৭।৬০)—

বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথা পরা ।
অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥ ১১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ব্যাখ্যান শ্রবণ করেন, তাঁহার সর্ব্বনাশ হয়। বিষ্ণুকলেবরকে 'প্রাকৃত' করিয়া মানার ন্যায় বিষ্ণুনিন্দা আর হইতে পারে না।

১১৬-১১৭। ঈশ্বরের তত্ত্বকে জ্বলিত-জ্বলনের সহিত তুলনা করিলে, অনন্তজীবগণকে তাঁহার স্ফুলিঙ্গের কণাস্বরূপ তুলনা করা যায়। তাৎপর্য্য এই যে, ঈশ্বর—চিন্ময়, অসীম, জ্বলিত অগ্নিবিশেষ। অনন্তজীবসকল তাঁহা হইতে স্ফুলিঙ্গের কণাস্বরূপ পৃথক্ তত্ত্ব হইয়া নিঃসৃত হইয়াছে। এস্থলে জীবের স্বরূপ গঠনে মায়ার কোন ক্রিয়া নাই, অর্থাৎ কোন প্রাকৃত ব্যাপার নাই। যদি বল, এরূপ চিৎকণগঠনের প্রয়োজন কি? তবে শুন,—ঈশ্বরের বিচিত্র স্বরূপশক্তির দুইপ্রকার প্রবৃত্তি—অসীম-ক্রিয়াপ্রবৃত্তি ও অণু-ক্রিয়াপ্রবৃত্তি। অসীম-ক্রিয়াপ্রবৃত্তি হইতে ঈশ্বর-স্বরূপও চিজ্জগৎরূপ বৈকুণ্ঠতত্ত্ব ; এই প্রবৃত্তিকে 'চিৎশক্তি' বলে। অণু-ক্রিয়াপ্রবৃত্তি হইতে অণুচৈতন্যরূপ অনন্তজীব ; এই প্রবৃত্তিকে 'জীবশক্তি' বলে। স্বরূপ-শক্তির যদি এই উভয় বৃত্তি না থাকিত, তাহা হইলে তাঁহার পূর্ণতার হানি হইত। পূর্ণৈশ্বর্য্য ভগবানের শক্তিগত অণুক্রিয়ারূপ জীবের অস্তিত্ব অবশ্যম্ভাব্য ও অপরিহার্য্য। অতএব জীবতত্ত্ব হইতেই কৃষ্ণতত্ত্বে শক্তিমত্তা (বিলাস)। জীবতত্ত্ব না থাকিলে কৃষ্ণের পূর্ণ-শক্তিমত্তা স্বীকৃত হইত না। ঈশিতব্যের অভাবে ঈশিতার অভাব হয়।

১১৮। ভূমি, জল, তেজ, বায়ু ও আকাশ—এই পঞ্চভূতরূপ স্থূল-জগৎ ; মন, বুদ্ধি ও অহঙ্কার-রূপ লিঙ্গজগৎ। এই অষ্টপ্রকারে

অনুভাষ্য

উহাই নিন্দা। বিষ্ণু—অধোক্ষজ বস্তু—তিনি প্রাকৃত বস্তুর ন্যায় জড়েন্দ্রিয়-গ্রাহ্য নহেন। তাঁহার দেহ-দেহীর মধ্যে অদ্বয়জ্ঞান অবস্থিত। প্রাকৃত-বস্তুগুলিতে দেহ-দেহি-ভেদ বর্ত্তমান। প্রাকৃত বস্তুগুলি—ভোগের সামগ্রী, কিন্তু বিষ্ণু নিত্যকাল ভোক্তা। 'ভোক্তা'কে 'ভোগ্য' বলিয়া জ্ঞান করিলে অপরাধ হয় এবং জীবের নিত্যসেব্য-বস্তুকে জীবসাম্যে সেবক-জ্ঞানে পরিচয় দিলে তাঁহার নিন্দাই করা হয়।

আদি, ৭ম পঃ ১১২-১১৩ সংখ্যার অনুভাষ্য এবং মধ্য, ২৫শ পঃ ৩৫-৩৯ সংখ্যা দ্রষ্টব্য।

১১৮। ইয়ম্ অপরা (অচিৎপ্রকৃতিঃ জড়ত্বাৎ নিকৃষ্টা)। ইতঃ

ঈশ্বরকে জীবের ন্যায় অজ্ঞানময় বোধও মায়াবাদ ঃ—

হেন জীবতত্ত্ব লঞা লিখি' পরতত্ত্ব ।
আচ্ছন্ন করিল শ্রেষ্ঠ ঈশ্বর-মহত্ত্ব ॥ ১২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বিভক্ত প্রকৃতি—'অপরা' বা 'জড়া' ; ইহার নাম 'মায়া-প্রকৃতি'। ইহা হইতে পৃথক্ আমার আর একটী 'পরা-প্রকৃতি' আছে। সেই প্রকৃতিই জীবস্বরূপ হইয়া এই জগতে পরিপূর্ণ। তাৎপর্য্য এই যে,—ভগবান্ই একমাত্র বস্তু ; তাঁহার একটী 'স্বরূপ' বা 'আত্ম'-শক্তি আছে। সেই স্বরূপশক্তি হইতে পৃথক্প্রায়, অথচ তাহার ছায়ার ন্যায় যে শক্তি প্রতীয়মান হয়, তাহার নাম 'মায়া-শক্তি'। স্থূল ও লিঙ্গময় জড়ব্রহ্মাণ্ড—সেই মায়া-প্রসূত। তাহার অতীত—জীবতত্ত্ব। জীবের শুদ্ধসত্তা, শুদ্ধ অহঙ্কার ও মনোবৃত্তি,—সমস্তই মায়ার অতীত কোন পরা-শক্তি-গঠিত ; অতএব 'জীব'-নির্ম্মাণ-কার্য্যে মায়ার কোন অধিকার ছিল না। মায়া-প্রবিষ্ট হইয়া জীবের যে জড়-ভাবান্বিত অণুবুদ্ধি ও অহঙ্কার প্রতীত হইতেছে, তাহাই কেবল মায়ার কার্য্য। এই মায়া-সম্বন্ধ হইতে পরিষ্কৃত হইয়া স্ব-স্বরূপে জীবের অবস্থানকে 'মুক্তি' বলে। মুক্তি হইলে মায়া-নির্ম্মিত অহঙ্কার পর্য্যন্ত থাকে না ; কিন্তু জীবের স্বতঃসিদ্ধ যে-সকল চিন্ময়ী বৃত্তি আছে, উহারা শুদ্ধরূপে কার্য্য করিতে পারিবে। অতএব জীব—ভগবানের একটী শক্তিবিশেষ।

১১৯। বিষ্ণুশক্তি তিনপ্রকার,—পরা, ক্ষেত্রজ্ঞা ও অবিদ্যা-সংজ্ঞাবিশিষ্টা। বিষ্ণুর পরাশক্তিই 'চিচ্ছক্তি' ; ক্ষেত্রজ্ঞা-শক্তিই জীবশক্তি (যাহাকে মায়ারূপা 'অবিদ্যা' হইতে 'অপরা' [ভিন্না] বলিয়া উক্ত হইয়াছে) ; কর্ম্মসংজ্ঞারূপা অবিদ্যা-শক্তির নাম 'মায়া'।

অনুভাষ্য

(জড়প্রকৃতেঃ) অন্যাং পরাং (চিন্ময়ীং) জীবভূতাং (জীবস্বরূপাং) মে (মম) প্রকৃতিং বিদ্ধি (জানীহি)। হে মহাবাহো, যয়া (চেতনয়া জীবাখ্যয়া শক্ত্যা) ইদং (জড়ং) জগৎ ধার্য্যতে (স্বভোগ্যায় গৃহ্যতে)।

১১৯। বিষ্ণুশক্তিঃ (বিষ্ণোঃ স্বরূপশক্তিঃ) পরা (চিৎস্বরূপা) প্রোক্তা ; তথা ক্ষেত্রজ্ঞাখ্যা (জীবশক্তিঃ চ) পরা প্রোক্তা ; অন্যা অবিদ্যা কর্ম্মসংজ্ঞা (কর্ম্ম যস্যাঃ সংজ্ঞা সা) তৃতীয়া মায়াশক্তিঃ ইষ্যতে।

১২০। ঈশ্বর, জীব ও প্রকৃতিস্বরূপকে অনির্ব্বচনীয় ও অজ্ঞান-বোধে লিখিতে গিয়া শঙ্কর ঈশ্বরের অলৌকিক শ্রেষ্ঠত্ব আচ্ছাদন করিয়াছেন।

শ্রীরামানুজপাদ 'বেদান্তসারে'—"ননু 'আত্মা বা ইদমগ্র-আসীৎ' ইতি প্রাক্সৃষ্টেঃ একত্বাবধারণাৎ কথং সূক্ষ্মচিদচিদ্বিশিষ্টস্য নারায়ণস্য কারণত্বম্? উচ্যতে,—'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎপ্রয়ন্ত্যভিসংবিশন্তি' ইতি। পরিত্যক্তস্থূলাকারাণাং সূক্ষ্মাকারাপত্ত্যা ব্রহ্মণি বৃত্তিঃ প্রতি-পাদ্যতে, ন তু স্বরূপনিবৃত্তিঃ ; 'অক্ষরং তমসি লীয়তে, তমঃ পরে দেবে একীভবতি' ইতি তমঃশব্দ-বাচ্যায়াঃ প্রকৃতেঃ পরমাত্ম-ন্যেকীভাব-শ্রবণাৎ। পৃথগ্গ্রহণরহিতত্বেন বৃত্তিরেকীভাবঃ ; স এব লয়-শব্দার্থঃ ; যথা—বৃক্ষে লীনাঃ পতঙ্গাঃ, বনে লীনাঃ সারঙ্গাঃ।"

যদি বল, 'জগৎসৃষ্টির পূর্ব্বে কেবলমাত্র আত্মা ছিল' (বৃঃ আঃ ১।৪।১), তাহা হইলে কি-প্রকারে সূক্ষ্ম চিদচিৎ-শক্তিবিশিষ্ট নারায়ণের জগতের মূল-কারণত্ব সম্ভব হয়? তদুত্তরে বলা যাইতে পারে, "যাঁহা হইতে এই ভূতসমূহ জাত, যাঁহার দ্বারা পালিত ও যাঁহাতে প্রবিষ্ট হয়" (তৈ, ভৃ, ১ম অঃ) এই তৈত্তিরীয়-বাক্য হইতে প্রতিপন্ন হয় যে, ভূতসকল তাহাদের স্থূল জড়াকার পরিত্যাগ করিয়া মুক্তাবস্থায় সূক্ষ্মাকার গ্রহণপূর্ব্বক ব্রহ্মে নিজ নিজ বৃত্তি (অবস্থিতি) প্রতিপন্ন করে, তাহাদের স্বরূপ ধ্বংস করে না ;—যেহেতু, অবিনাশী আত্মা তমঃ-শব্দবাচ্য প্রকৃতিতে লীন হইলে প্রকৃতির ব্রহ্মের সহিত অভেদ (একীভাব) হয়। তৎকালে প্রকৃতির সহিত ব্রহ্মের পৃথক্ গ্রহণ না হওয়ায় প্রকৃতির সত্ত্ব ব্রহ্মেই অবস্থান করে। 'লয়'-শব্দে এইরূপই বুঝায় ; দৃষ্টান্ত,—যেরূপ, বৃক্ষস্থ পক্ষিগণ বা বনস্থ মৃগগণ বৃক্ষে বা বনে লীন বা অন্তর্নিবিষ্ট থাকে।"

১২১। ব্রহ্মসূত্রকার শ্রীবেদব্যাসের "আনন্দময়োঽভ্যাসাৎ" (ব্রঃ সূঃ ১।১।১২)এই সূত্রকে উপলক্ষ্য করিয়া "অস্মিন্নস্য চ

'শক্তিপরিণামবাদ'ই ব্রহ্মসূত্রে স্বীকৃত ঃ—

ব্যাসের সূত্রেতে কহে 'পরিণাম'-বাদ ।
'ব্যাস ভ্রান্ত'—বলি' তার উঠাইল বিবাদ ॥ ১২১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২০-১২৭। জীবতত্ত্ব—শক্তিবিশেষ। সেই জীবতত্ত্বকে 'অণুচৈতন্য'-রূপে সিদ্ধ না করিয়া 'ব্রহ্ম'রূপে সিদ্ধ করিতে গেলে অবশ্যই ভ্রমময় সিদ্ধান্ত হইবে। শ্রীশঙ্করাচার্য্য ঈশ্বর-আজ্ঞাক্রমে ঈশ্বরত্ব আচ্ছাদন করিবার অভিপ্রায়ে জীবতত্ত্বের সহিত পরতত্ত্বের ঐক্য স্থাপনপূর্ব্বক ভ্রমময় সিদ্ধান্ত প্রচার করিয়াছেন। ব্যাসসূত্রে বস্তুতঃ (শক্তি)-পরিণামবাদ স্বীকৃত। আচার্য্য, পরিণাম-বাদে ঈশ্বরকে বিকারী বলিতে হয়—এই বিতর্ক উঠাইয়া, পরিণাম-বাদ মানিলে ব্যাসকে 'ভ্রান্ত' বলিয়া স্বীকার করিতে হইবে—এই যুক্তি মনে করিয়া 'বিবর্ত্তবাদ' স্থাপন করিয়াছেন। ব্রহ্মসূত্রের দ্বিতীয় অধ্যায়ের প্রথমপাদে "তদনন্যত্বমারম্ভণ-শব্দাদিভ্যঃ" এই ১৪শ সূত্রের ভাষ্যে "বাচারম্ভণং বিকারো নামধেয়ং" (ছাঃ ৬।১।৪) ইত্যাদি বেদবাক্যের উদাহরণ দিয়া পরিণাম-বাদকে

গুরুকে ভ্রান্তজ্ঞানে মায়াবাদীর 'বিবর্ত্তবাদ' ঃ—

পরিণাম-বাদে ঈশ্বর হয়েন বিকারী।
এত কহি' 'বিবর্ত্ত'-বাদ স্থাপনা যে করি ॥ ১২২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

দোষযুক্ত বিকার-বাদ বলিয়া বিতর্ক করিয়াছেন। প্রকৃতপ্রস্তাবে ব্রহ্মসূত্রে ঈশ্বরের ইচ্ছামাত্র তাঁহার অবিচিন্ত্যশক্তির কার্য্য-বিকার-রূপে এইরূপ পরিণাম-বাদ প্রদর্শিত হইয়াছে। পরিণামের লক্ষণ এই,—"স-তত্ত্বতোঽন্যথা-বুদ্ধির্বিকার ইত্যুদাহৃতঃ"। একটী সত্য-তত্ত্ব হইতে অন্য একটী সত্য-তত্ত্বের উদয় হইলে, তাহাতে অন্য-বস্তু বলিয়া যে বুদ্ধি, তাহাই 'বিকার' অর্থাৎ পরিণাম। 'ব্রহ্ম'—একটী সত্যবস্তু ; তাঁহা হইতে 'জীব'রূপ একটী সত্যবস্তু এবং 'মায়িক-ব্রহ্মাণ্ড'রূপ একটী সত্যবস্তু পৃথক্‌রূপে হইয়াছে, এইরূপ বুদ্ধিকে ব্রহ্মের 'বিকার' বা 'পরিণাম' বলে। বিকার বা পরিণামের

অনুভাষ্য

তদ্‌যোগং শাস্তি" (ব্রঃ সূঃ ১।১।১৯) এই সূত্রের ব্যাখ্যা-প্রসঙ্গে শ্রীশঙ্কর যাহা লিখিয়াছেন, তাহার মর্ম্মানুবাদ,—"আনন্দময়-বাক্যে 'ব্রহ্ম'-শব্দ সংযোগ না থাকায় তাঁহাকে মুখ্যব্রহ্ম বলা যায় না। আনন্দময়কে 'ব্রহ্ম' বলিলে অবয়ব-সম্বন্ধহেতু সবিশেষ-ব্রহ্মই বলিতে হয়। কিন্তু 'আনন্দময়' বাক্যের শেষে নির্ব্বিশেষ-ব্রহ্ম অভিহিত আছে। আনন্দময়-শব্দে আনন্দ-প্রচুর অর্থাৎ প্রাচুর্য্যার্থে 'ময়ট্' প্রত্যয় (যে অর্থে চিদ্বিলাসবাদী ভাগবতগণ প্রযুক্ত করিয়াছেন, তাহা) কথিত হইলে তাহাতে দুঃখেরও অস্তিত্ব আছে,—জানা যায় ; কেননা, আধিক আনুসারেই প্রচুর-শব্দের প্রয়োগ হয়, অল্পতা তাহার লক্ষ্য থাকে না। আনন্দময় 'শুদ্ধ-ব্রহ্ম' নহেন বলিয়াই শ্রুতি আনন্দময়ের অভ্যাস (পুনঃ পুনঃ উক্তি) না করিয়া 'আনন্দমাত্রে'র অভ্যাস করিয়াছেন। যদি আনন্দময়ের ব্রহ্মত্ব নিশ্চিত হইত, তাহা হইলে না হয় আনন্দমাত্রের অভ্যাসকে আনন্দময়াভ্যাস বলিয়া কল্পনা করিতে পারিত, কিন্তু অবয়ব-সম্বন্ধ না থাকায় আনন্দময়ের অব্রহ্মত্বই নিশ্চিত আছে : এইসকল হেতুবশতঃ এবং "আনন্দং ব্রহ্ম" ইত্যাদি শ্রুতিতে পরব্রহ্ম-বিষয়ে আনন্দ-শব্দের প্রয়োগ থাকায় স্পষ্ট বুঝা যাইতেছে যে, অন্যান্য শ্রুতিতেও 'আনন্দমাত্র' ব্রহ্মই অভ্যস্ত হইয়াছে, 'আনন্দময়' অভ্যস্ত হয় নাই। যদিও "আনন্দ-ময়মাত্মানম্" শ্রুতিতে আনন্দময়েরই অভ্যাস দৃষ্ট হয়, তথাপি অন্নময়াদির মধ্যে উহা পতিত হওয়ায় আনন্দময়েরও শুদ্ধব্রহ্ম-বোধকতা নিবারিত হইয়াছে। 'আনন্দময়' বাক্যের নিকটেই "তিনি কামনা করিলেন, আমি বহু হইব"—এইরূপ বাক্য থাকিলেও শুদ্ধব্রহ্মের সহিত আনন্দময়ের নিকট-সম্বন্ধ না থাকায় আনন্দ-ময়ের শুদ্ধব্রহ্ম-বোধকতা নাই। তৎপরবর্ত্তী "তিনিই রস" ইত্যাদি

বিবর্ত্তের আশ্রয় ঃ—

বস্তুতঃ পরিণাম-বাদ—সেই সে প্রমাণ।
দেহে আত্মবুদ্ধি—হয় বিবর্ত্তের স্থান ॥ ১২৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

উদাহরণ এই যে,—'দুগ্ধ' একটী সত্যপদার্থ, তাহাই 'দধি'রূপ অন্য সত্যপদার্থরূপে বিকৃত হয়। "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং" (ছাঃ ৬।৮।৭) এইরূপ বেদবাক্যের দ্বারা ব্রহ্মই যে জগৎ, ইহাতে কোন সন্দেহ হয় না। ব্রহ্মের একটী অচিন্ত্যশক্তি আছে, তাহা "পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে" (শ্বেঃ ৬।৮) এই বেদবাক্যে সিদ্ধ হয়। সেই শক্তিক্রমে ব্রহ্মের সত্যধর্ম্মই জগদ্রূপে পরিণত হয়—এরূপ সিদ্ধান্তে কোনপ্রকার দোষ হইতে পারে না। "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" (ছাঃ ৬।২।১), "তদৈক্ষত

অনুভাষ্য

বাক্যেও তৎসাপেক্ষ বলিয়া আনন্দময়-বোধক নহে। "প্রিয়ই তাঁহার মস্তক" ইত্যাদি প্রকার অবয়ব-বোধক শব্দ না থাকায়, নিশ্চয় হইতেছে যে, 'আনন্দ'ই মুখ্যব্রহ্ম, 'আনন্দময়' নহে। যদি বল, সবিশেষ ব্রহ্মই ত' উক্ত শ্রুতির অভিপ্রেত? তদুত্তরে,—তাহা বলিতে পার না—তাহা "অবাঙ্মানসগোচর" অর্থযুক্ত শ্রুতিদ্বারা নিরস্ত, অতএব 'আনন্দময়'-শব্দের 'ময়ট্'-প্রত্যয়—বিকারবোধক, প্রাচুর্য্যবোধক নহে।"

শ্রীপাদ শঙ্কর এইরূপে সূত্রগুলির ব্যাখ্যায় 'ময়ট্' প্রত্যয়টী তুলিয়া দিবার অর্থাৎ উহার বৈয়র্থ্য বা বাহুল্য দেখাইবার জন্য একই বক্তব্য-বিষয়টী ১২-১৯ সূত্রে পুনঃ পুনঃ বলিবার কি প্রয়াসই না করিয়াছেন! এই সম্বন্ধে 'সর্ব্বসংবাদিনী' গ্রন্থে শ্রীমদ্ জীবপ্রভুর উক্তি—"যদি চ সূত্রকারস্য বেদান্তার্থানভিজ্ঞতাং নিগূঢ়মভিপ্রায়তা, তৎপ্রমাদ-মার্জ্জন-স্বচাতুরী-ব্যঙ্গ-ভঙ্গ্যা তৎ "আনন্দময়"-সূত্রমেবং ব্যাখ্যেয়ম্—

'আনন্দময়ঃ' ইত্যত্র "ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠা" ইতি স্বপ্রধানমেব ব্রহ্মোপদিশ্যতে ইতি, তথা বিকারসূত্রে (১।১।১৩) চ 'বিকার'-শব্দেনাবয়বঃ, 'প্রাচুর্য্য'-শব্দেন 'সাদৃশ্যং' ব্যাখ্যেয়ম্, তদা সূত্রকার-স্যাশাব্দিকতৈব চ প্রসজ্যেত—তত্তচ্ছব্দাদিভিস্তত্তদর্থানভিধানাৎ। 'ময়ট্'-প্রত্যয়-বিকার-প্রাচুর্য্যশব্দানামনন্তরনির্দ্দিষ্টানামন্যার্থত্বং ন বা বালকস্যাপি হৃদয়মারোহতি।"

শঙ্করের ভাষ্য পাঠ করিয়া এই ধারণা হয় যে, সূত্রকার শ্রীবেদব্যাস যে বেদান্তের অর্থ বুঝিতে অনভিজ্ঞ ছিলেন, তাহাই যেন তাঁহার নিগূঢ় অভিপ্রায়, এই জন্য সূত্রকার আচার্য্য শ্রীবেদব্যাসের প্রমাদ মার্জ্জনা করিবার ব্যপদেশে শ্রীশঙ্কর নিজ-চাতুর্য্য অবলম্বনপূর্ব্বক ভঙ্গিক্রমে 'আনন্দময়' সূত্রটীকে এইভাবে ব্যাখ্যা করিয়াছেন,—

বিবর্ত্তবাদ-খণ্ডন—(১) অচিন্ত্যশক্তিমান্ ভগবান্ ঃ—

অবিচিন্ত্য-শক্তিযুক্ত শ্রীভগবান্ ।
ইচ্ছায় জগদ্রূপে পায় পরিণাম ॥ ১২৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বহু স্যাং প্রজায়েয়" (ছাঃ ৬।২।৩), "সন্মূলাঃ সৌম্যেমাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ" (ছাঃ ৬।৮।৪), "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং" (ছাঃ ৬।৮।৭) ইত্যাদি ছান্দোগ্য-বাক্যে সেই ব্রহ্ম স্বীয় পরাশক্তি-ক্রমে এই চিজ্জড়াত্মক জগদ্রূপে পরিণত,—ইহাই প্রসিদ্ধ। জগৎ ও জীব 'উপাদেয়', ব্রহ্ম—'উপাদান'। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" (তৈঃ, ভৃঃ ১ অঃ) এই বেদবাক্যে ব্রহ্মের উপাদানত্ব এবং জীব ও জড়ের উপাদেয়ত্ব স্বীকৃত হইয়াছে। পরিণাম-বাদের যথার্থ মর্ম্ম না বুঝিতে পারিলে এই 'জগৎ' ও 'জীব'কে পৃথক্ সত্যতত্ত্ব বলিয়া বোধ হয় না। 'সন্মূলাঃ সৌম্যেমাঃ প্রজাঃ সদায়তনাঃ" (ছাঃ ৬।৮।৪) ইত্যাদি বাক্যে জানা যাইতেছে যে, 'জীব' ও জীবায়তন 'জড়জগৎ' সত্যবস্তু বটে। এস্থলে ব্রহ্মের বিকারিত্ব হইবে—এই নিরর্থক ভয়ে, রজ্জুতে সর্পবুদ্ধি ও

অনুভাষ্য

'আনন্দময়' ইত্যাদি শ্রুতিবাক্যের মধ্যে "ব্রহ্মপুচ্ছ প্রতিষ্ঠা" এই শ্রুতিবাক্যে মুখ্যব্রহ্মই 'উপদিষ্ট' ; ১।১।১৩ সূত্রে বিকার-শব্দে 'অবয়ব' এবং 'প্রাচুর্য্য'-শব্দে 'সাদৃশ্য' ব্যাখ্যা করিব। এইভাবে ব্যাখ্যাত হইলে সূত্রকারের (ব্যাসের) যে শব্দজ্ঞান ছিল না, তাহারই প্রসক্তি হয় ; যেহেতু, তাঁহার ব্যবহৃত-শব্দদ্বারা বেদান্তের সেই সেই অর্থ হয় না। ময়ট্-প্রত্যয় হইতে উৎপন্ন বিকার-প্রাচুর্য্য-শব্দাদির অনন্তর নির্দ্দিষ্ট শব্দসকলের অন্য অর্থই বা কি হইতে পারে? একথা ত' বালকের হৃদয়েও উপস্থিত হয়! অর্থাৎ ময়ট্-প্রত্যয়ে 'বিকার' ও 'প্রাচুর্য্যার্থ' ব্যতীত উহাতে অন্য অর্থ যোজনা করা যে নিতান্ত ভ্রম, তাহা সহজেই বুঝা যায়।

মধ্য, ৬ষ্ঠ পঃ ১৭০-১৭৫ এবং মধ্য ২৫শ পঃ ৪০-৪১ সংখ্যা দ্রষ্টব্য।

১২১-১২৬। শ্রীজীবপ্রভু 'পরমাত্মসন্দর্ভে'—(৫৮ সংখ্যায়) "তদ্বাদে হি সর্ব্বমেব জীবাদি-দ্বৈতমজ্ঞানেনৈব স্ব-স্বরূপে ব্রহ্মণি কল্প্যতে ইতি মতম্। নিরহঙ্কারস্য কেনচিদ্ধর্ম্মান্তরেণাপি রহিতস্য সর্ব্ব-বিলক্ষণস্য চিন্মাত্রস্য ব্রহ্মণস্তু নাজ্ঞানাশ্রয়ত্বং, ন চাজ্ঞান-বিষয়ত্বং ন চ ভ্রমহেতুত্বং সম্ভবতীতি। পরমালৌকিক-বস্তুত্বাদ-চিন্ত্য-শক্তিত্বন্তু সম্ভবেৎ। যৎ খলু চিন্তামণ্যাদাবপি দৃশ্যতে, যয়া ত্রিদোষঘ্নৌষধিবৎ পরস্পরবিরোধিনামপি গুণানাং ধারিণ্যা তস্য নিরবয়বত্বাদিকে সত্যপি সাবয়বাদিকমঙ্গীকৃতং তত্র শব্দশ্চাস্তি প্রমাণম্। "বিচিত্রশক্তিঃ পুরুষঃ পুরাণো, ন চান্যেষাং স্তাদৃশঃ স্যুঃ" ইত্যাদিকঃ শ্বেতাশ্বতরোপনিষদাদৌ। " আত্মেশ্বরোঽতর্ক্য-

(২) প্রাকৃত চিন্তামণির দৃষ্টান্ত ঃ—

তথাপি অচিন্ত্যশক্ত্যে হয় অবিকারী ।
প্রাকৃত চিন্তামণি তাহে দৃষ্টান্ত ধরি ॥ ১২৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

শুক্তিতে রজতবুদ্ধির ন্যায় মিথ্যা-স্বরূপ জীব ও জগৎকে কল্পনা করা প্রতারণা মাত্র। তবে যে মাণ্ডূক্য ইত্যাদি বেদে 'রজ্জুতে সর্পবুদ্ধি' ও 'শুক্তিতে রজতবুদ্ধি' এইসকল উদাহরণ দেখা যায়, তাহার বিশেষ বিশেষ স্থল আছে। জীব—শুদ্ধচিৎকণ। মানব-দেহ-বিশিষ্ট জীব এই জড়দেহে যে আত্মবুদ্ধি করে, ইহাই 'বিবর্ত্তের' স্থল। 'বিবর্ত্ত' এইরূপে ব্যাখ্যাত—"অতত্ত্বতোঽন্যথা-বুদ্ধির্বিবর্ত্ত ইত্যুদাহৃতঃ।" যে বস্তু যাহা নয়, তাহাকে সেই বস্তু বলিয়া প্রতীতি করার নাম 'বিবর্ত্ত'। জীবের পক্ষে 'বিবর্ত্ত' একটী মহাদোষ,—বদ্ধজীব সেই বিবর্ত্তবুদ্ধি-দোষে দূষিত। এইরূপ বিবর্ত্ত-দোষকে মূল-বিশ্বতত্ত্বে ও জীবতত্ত্বে আরোপ করা নিতান্ত অকিঞ্চিৎকর। অবিচিন্ত্য-শক্তিকে ভুলিয়া গেলেই এইরূপ ভ্রমের উদয় হয়। ভগবান্ যেরূপ জগদ্রূপে পরিণত হইয়াছেন, তাহার

অনুভাষ্য

সহস্রশক্তিঃ" ইত্যাদিকঃ শ্রীভাগবতাদিষু। তথা চ ব্রহ্মসূত্রম্ (২।১।২৮)—"আত্মনি চৈবং বিচিত্রাশ্চ হি" ইতি। তত্র দ্বৈতান্যথানুপপত্ত্যাপি ব্রহ্মণ্যজ্ঞানাদিকং কল্পয়িতুং ন শক্যতে, অসম্ভবাদেব। ব্রহ্মণ্যচিন্ত্যশক্তি-সদ্ভাবস্য যুক্তিলব্ধত্বাৎ শ্রুতত্বাচ্চ দ্বৈতান্যথানুপপত্তিশ্চ দূরে গতা। ততশ্চাচিন্ত্যশক্তিরেব দ্বৈতোপ-পত্তৌ কারণং পর্য্যবসীয়তে। তস্মান্নির্ব্বিকারাদি-স্বভাবেন সতো-ঽপি পরমাত্মনোঽচিন্ত্যশক্ত্যা বিশ্বাকারত্বাদিনা পরিণামাদিকং ভবতি, চিন্তামণ্যয়স্কান্তাদীনাং সর্ব্বার্থপ্রসব-লোহচালনাদিবৎ। তদেতদঙ্গীকৃতং শ্রীবাদরায়ণেন—(ব্রঃ সূঃ ২।১।১৭) "শ্রুতেস্তু শব্দ-মূলত্বাৎ" ইতি। ততস্তস্য তাদৃশ-শক্তিত্বাৎ প্রাকৃতবন্মায়া-শব্দস্যেন্দ্রজালবিদ্যাবাচিত্বমপি ন যুক্তম্। কিন্তু 'মীয়তে বিচিত্রং নির্ম্মীয়তে অনয়া' ইতি বিচিত্রার্থকর-শক্তিবাচিত্বম্। তস্মাৎ পরমাত্মপরিণাম এব শাস্ত্রসিদ্ধান্তঃ। ** তত্র চাপরিণতস্যৈব সতোঽচিন্ত্যয়া শক্ত্যা পরিণাম ইত্যসৌ সন্মাত্রতাবভাসমানস্বরূপ-ব্যূহরূপ-দ্রব্যাখ্যশক্তিরূপেণৈব পরিণমতে, ন তু স্বরূপেণেতি গম্যতে। যথৈব চিন্তামণিঃ। ** অতএব ক্বচিদস্য ব্রহ্মোপাদানত্বং ক্বচিৎ প্রধানোপাদানত্বং শ্রূয়তে। ** পূর্ব্বং খলু বারিদর্শনাদ্ বার্য্যাকারা বৃত্তির্জাতাপি তদপ্রসঙ্গসময়ে সুপ্তা তিষ্ঠতি, তত্তুল্য-বস্তুদর্শনেন তু জাগর্ত্তি, তদ্বিশেষানুসন্ধানং বিনা তদভেদেন স্বতন্ত্রতামারোপয়তি, তস্মান্ন বারি মিথ্যা, ন বা তৎস্মরণময়ী তদাকারা বৃত্তির্ন বা তত্তুল্যং মরীচিকাদি বস্তু, কিন্তু তদভেদে-নারোপ এব অযথার্থত্বান্মিথ্যা। স্বপ্নে চ (ব্রঃ সূঃ ৩।২।৩) "মায়ামাত্রন্তু কার্ৎস্ন্যেনানভিব্যক্ত-স্বরূপত্বাৎ" ইতি ন্যায়েন জাগ্রদ্-

নানা রত্নরাশি হয় চিন্তামণি হৈতে ।

তথাপিহ মণি রহে স্বরূপে অবিকৃতে ॥ ১২৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

একটী সামান্য দৃষ্টান্ত আছে। অনেকে বলেন,—প্রাকৃত জগতে 'চিন্তামণি' বলিয়া একটী নিধি আছে, তাহা নানারত্নরাশিকে প্রসব করিয়াও স্বয়ং অবিকৃত-স্বরূপে অবস্থান করে। প্রাকৃতবস্তুতে

অনুভাষ্য

দৃষ্টবস্ত্বাকারায়াং মনোবৃত্তৌ পরমাত্মমায়া তদ্বস্ত্বভেদমারোপয়-তীতি পূর্ব্ববৎ। তস্মাদ্ বস্তুতস্তু ন ক্বচিদপি মিথ্যাত্বম্। শুদ্ধ আত্মনি পরমাত্মনি বা তাদৃশ-তদারোপ এব মিথ্যা, ন তু বিশ্বং মিথ্যেতি। ** কিঞ্চ বিবর্ত্তস্য জ্ঞানাদিপ্রকরণপঠিতত্বেন গৌণ-ত্বাৎ, পরিণামস্য তু স্বপ্রকরণ-পঠিতত্বেন মুখ্যত্বাৎ জ্ঞানাদ্যুভয়-প্রকরণ-পঠিতত্বেন সন্দংশন্যায়সিদ্ধ-প্রাবল্যাচ্চপরিণাম এব শ্রীভাগবত-তাৎপর্য্যমিতি গম্যতে।"

(অর্থাৎ) বিবর্ত্তে বা মিথ্যাবাদের আশ্রয়ে জীব প্রভৃতি যাবতীয় দ্বিতীয়ভাববিশিষ্ট তত্ত্ব ব্রহ্মের নিজস্বরূপে অজ্ঞানদ্বারা কল্পিত হইয়াছে। অন্য কোনপ্রকার ধর্ম্মরহিত, সর্ব্ববিলক্ষণ, অহঙ্কারশূন্য, চিন্মাত্র ব্রহ্মবস্তুর অজ্ঞানাশ্রয়-যোগ্যতা, অজ্ঞান-বিষয়াশ্রিতত্ব ও ভ্রমহেতুত্ব কখনই সম্ভবপর নহে। ব্রহ্মবস্তু—পরম অলৌকিক বস্তু, সুতরাং তাঁহাতে ক্ষুদ্র মানবগণের অচিন্তনীয় শক্তির সম্ভাবনা আছে। প্রাকৃত চিন্তামণি প্রভৃতি বস্তুতেও যখন অলৌকিক শক্তি দৃষ্ট হয়, তখন ব্রহ্মেও অলৌকিক শক্তি নিশ্চয়ই অবস্থিত। বাত, কফ ও পিত্ত—ত্রিবিধ দোষ একাধারে রোগীকে আশ্রয় করিলে যেরূপ পরস্পরবিরোধী ধাতুর শোধনের জন্য ঔষধির ব্যবস্থা হয়, সেইপ্রকার পরস্পর-বিরোধী গুণত্রয়ের ধারিণী শক্তিদ্বারা ব্রহ্মের নিরাকারত্বাদি হইলেও অবয়বাদি স্বীকৃত হয়। তদ্বিষয়ে বেদ-প্রমাণ আছে—"সনাতনপুরুষ—বিচিত্রশক্তি-বিশিষ্ট ; অপরের তাদৃশ শক্তি-সমূহ নাই"—ইহা শ্বেতাশ্বতরে উক্ত হইয়াছে। শ্রীমদ্ভাগবত প্রভৃতিতেও "আত্মা ঈশ্বর অতর্ক্য, সহস্রশক্তিবিশিষ্ট" বলিয়া উক্ত আছে। ব্রহ্মসূত্রেও "আত্মায় এইপ্রকার বিচিত্রতা আছে।" ব্রহ্মে দ্বৈতভাবের সঙ্গতি না থাকায় ব্রহ্মে অজ্ঞানাদির অসম্ভাবনাহেতু কল্পনা করা যাইতে পারে না। "ব্রহ্ম অচিন্ত্যশক্তি-সমন্বিত" এই যুক্তি এবং শ্রুতিবাক্যে তাঁহাতে দ্বৈতানুপপত্তিও দূরে গিয়াছে। তাহা হইলে অচিন্ত্যশক্তিই দ্বৈতোপপত্তির কারণ বলিয়া অবশিষ্ট থাকে। সেজন্য নির্ব্বিকারাদি-স্বভাবসম্পন্ন হইলেও পরমাত্মার অচিন্ত্যশক্তিপ্রভাবে বিশ্বরূপে পরিণামাদি সংঘটিত হয়। যেরূপ চিন্তামণি স্বয়ং বিকারবিশিষ্ট না হইয়া সর্ব্বার্থপ্রসবে সমর্থ,

(৩) শক্তি-পরিণত হইলেও স্বয়ং বিকাররহিত ঃ—

প্রাকৃত-বস্তুতে যদি অচিন্ত্যশক্তি হয় ।

ঈশ্বরের অচিন্ত্যশক্তি,—ইথে কি বিস্ময় ॥ ১২৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

যদি এরূপ অবিচিন্ত্যশক্তি থাকে, তাহা হইলে ঈশ্বরের তদপেক্ষা যে অনন্তগুণবিশিষ্টা একটী অচিন্ত্যশক্তি আছে, ইহাতে বিস্ময়ের বিষয় কি?

অনুভাষ্য

অয়স্কান্তমণি নিজে বিকারবিশিষ্ট না হইয়া অন্য লৌহাদিকে আকর্ষণ-চালনাদি করিতে সমর্থ, তদ্রূপ ব্রহ্মবস্তু বিকৃত না হইয়া ব্রহ্মের বিকারযোগ্য শক্তিই বিকৃত হইয়া বিশ্বাকারে পরিণত হয়। তাহা হইলে ব্রহ্মের তাদৃশী শক্তি থাকায় প্রাকৃতের ন্যায় মায়া-শব্দের ইন্দ্রজালবিদ্যা-বাচকত্বও যুক্ত নহে। কিন্তু, এই মায়াদ্বারা বিচিত্রতা নির্ম্মিত হয় অর্থাৎ বিচিত্রার্থকর-শক্তিবাচ্যত্বই সিদ্ধ হয়। এজন্য পরমাত্মার পরিণামই যে এই বিশ্ব—ইহাই শাস্ত্রসিদ্ধান্ত। ** অপরিণামী সত্যবস্তুরই অচিন্ত্যশক্তিপ্রভাবে পরিণতি হয়। সন্মাত্রত্ব প্রকাশমান্ স্বরূপেরই বিস্তাররূপ দ্রব্যনামক শক্তি ; সেই শক্তিরূপেরই পরিণতি হয়, পরন্তু স্বরূপের পরিণাম ঘটে না। যে-প্রকার চিন্তামণি স্বীয় শক্তি পরিচালনা করিয়াও নিজে কোনপ্রকার বিকারান্তর্ভুক্ত হয় না, তদ্রূপ। ** অতএব কেহ কেহ এই বিশ্বের উপাদান 'ব্রহ্ম', আবার কেহ বা বিশ্বোপাদান 'প্রধান' বলিয়া থাকেন, এরূপ শুনা যায়। ** পূর্ব্বে বারি দর্শন করিয়া বারির সম্বন্ধে ধারণা উদিত হইলেও তাহার অপ্রসঙ্গসময়ে সেইভাব নিদ্রিত থাকে, আবার তত্তুল্য বস্তুর দর্শনে সেই বৃত্তি জাগরূক হয়। সেই বস্তুর বিশেষ অনুসন্ধান ব্যতীত সেই বস্তুকে পূর্ব্ববস্তুর সহ অভেদ বলিয়া স্বেচ্ছাপর হইয়া আরোপ করিলে বারি মিথ্যা হয় না, অথবা স্মরণময়ী-তদাকারা বৃত্তি মিথ্যা হয় না, অথবা বারিতুল্য মরীচিকাদি বস্তু মিথ্যা হয় না ; কিন্তু বারির সহিত অভেদ বলিয়া আরোপই অযথার্থ বা মিথ্যা। স্বপ্নেও (ব্রঃ সূঃ ৩।২।৩) "মায়া-মাত্রই সমগ্র অপ্রকাশিত-স্বরূপ"—এই ন্যায়াবলম্বনে জাগরণ-কালের প্রতীত (দৃষ্ট) বস্তুর আকাররূপিণী মনোবৃত্তিতে পরমাত্ম-মায়া পূর্ব্বের ন্যায় সেই বস্তুতে অভেদ আরোপ করে, তজ্জন্য বস্তুতঃ কিছুই মিথ্যা নহে। শুদ্ধাত্মা পরমাত্মায় তাদৃশ তদারোপই মিথ্যা, বিশ্ব মিথ্যা নহে। ** আরও বিবর্ত্তোদাহরণ জ্ঞানাদি-প্রকরণের মধ্যে উল্লিখিত হওয়ায় গৌণ বলিয়া ও পরিণামবাদ স্বপ্রকরণে পঠিত হওয়ায় মুখ্য বলিয়া এবং জ্ঞানাদি উভয়প্রকরণে পঠিত বলিয়া সন্দংশ-ন্যায়সিদ্ধ-প্রাবল্যহেতু শক্তি-পরিণামকেই শ্রীভাগবত-তাৎপর্য্য বলিয়া জানা যায়।

বেদতরুর বীজ প্রণবই মহাবাক্য ও
ঈশ্বর-স্বরূপ ঃ—

'প্রণব' সে মহাবাক্য—বেদের নিদান।
ঈশ্বরস্বরূপ প্রণব—সর্ব্ববিশ্ব-ধাম ॥ ১২৮ ॥

ঈশ্বর-বাচ্য, প্রণব—বাচক ; 'তত্ত্বমস্যাদি'—বেদের
একাংশ-দ্যোতক মাত্র ঃ—

সর্ব্বাশ্রয় ঈশ্বরের করি প্রণব উদ্দেশ।
'তত্ত্বমসি'-বাক্য হয় বেদের একদেশ ॥ ১২৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৮-১৩২। বেদের মূলবাক্য—প্রণব, সুতরাং তাহাই একমাত্র ব্রহ্মবাচক মহাবাক্য। 'প্রণব'—ঈশ্বরের স্বরূপব্যঞ্জক শব্দ, সুতরাং ঈশ্বরের নিত্যনাম। 'সর্ব্ববিশ্বধাম'—সর্ব্বাশ্রয় ঈশ্বরের উদ্দেশ করে। তবে যে "তত্ত্বমসি" (ছাঃ ৬।৮।৭), "ইদং সর্ব্ব

অনুভাষ্য

১২৮। গীতায়—"ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্মামনুস্মরন্। যঃ প্রযাতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্।।" (৮।১৩) ; "বেদ্যং পবিত্রমোঙ্কারঃ" (৯।১৭) ; "ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ" (১৭।২৩)। (ছাঃ উঃ ১।১।১, ১।৪।১)—"ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীত। ওমিতি হ্যুদ্গায়তি। তস্যোপব্যাখ্যানম্" ; (ছাঃ ১।৫।১—" য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথঃ" ; (অথর্ব্বশিখা ২)—"প্রণবঃ সর্ব্বান্ প্রাণান্ প্রণাময়তি নাময়তি, চৈতস্মাৎ প্রণবশ্চতুর্দ্ধাঽবস্থিত ইতি বেদ দেবযোনির্ধ্যেয়াশ্চেতি সংবর্ত্তা সর্ব্বেভ্যো দুঃখভয়েভ্যঃ সংতারয়তি, তারণাৎ তানি সর্ব্বাণীতি বিষ্ণুঃ সর্ব্বান্ জয়তি ; (মাণ্ডুক্য ১)—"ওমিত্যেদক্ষরমিদং সর্ব্বম্, তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব, যচ্চান্যত্রিক-কালাতীতং তদপ্যোঙ্কার এব।" (তৈঃ, শিঃ, ৮ম অঃ)—"ওমিতি ব্রহ্ম। ওমিতীদং ব্রহ্ম। ওমিতি সামানি গায়ন্তি। ওমিতি ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্নাহ ব্রহ্মোপাপ্নবানীতি। ব্রহ্মৈবাপাপ্নোতি।"

শ্রীভগবৎসন্দর্ভে (৪৮ সংখ্যায়)—"শ্রুতৌ চ প্রণবমুদ্দিশ্য—"ওমিত্যেতদ্ ব্রহ্মণো নেদিষ্ঠং নাম, যস্মাদুচ্চার্য্যমাণ এব সংসারভয়াৎ তারয়তি, তস্মাদুচ্যতে তার ইতি।" তস্মাদ্ ভগবৎস্বরূপমেব নাম। স্পষ্টোঞ্চোক্তং শ্রীনারদপঞ্চরাত্রেঽষ্টাক্ষরমুদ্দিশ্য—"ব্যক্তং হি ভগবানেব সাক্ষান্নারায়ণঃ স্বয়ম্। অষ্টাক্ষর-স্বরূপেণ মুখেষু পরিবর্ত্ততে।।" ইতি ; মাণ্ডূক্যোপনিষৎসু (৪।৪-৭) চ প্রণবমুদ্দিশ্য—"ওঁকার এবেদং সর্ব্বম্। ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বম্।" "প্রণবো হ্যপরং ব্রহ্ম প্রণবশ্চ পরঃ স্মৃতঃ। অপূর্ব্বোঽনন্তরোঽবাহ্যোঽনপরঃ প্রণবোঽব্যয়ঃ।। সর্ব্বস্য প্রণবো হ্যাদির্মধ্যমন্তস্তথৈব চ। এবং হি প্রণবং জ্ঞাত্বা ব্যশ্নুতে তদনন্তরম্।। প্রণবং হীশ্বরং বিদ্যাৎ সর্ব্বস্য হৃদয়ে স্থিতম্। সর্ব্বব্যাপিনমোঙ্কারং মত্বা ধীরো ন শোচতি।। অমাত্রোঽনন্তমাত্রশ্চ দ্বৈতস্যোপশমঃ শিবঃ। ওঁকারো বিদিতো যেন স মুনির্নেতরো জনঃ।।" ন তু পরমেশ্বরস্যৈব তত্তদ্‌যোগ্যতাসম্ভবাদ্ বর্ণমাত্রস্য তথোক্তিঃ স্তুতিরূপৈবেতি মন্তব্যম্। অবতারান্তরবৎ পরমেশ্বরস্যৈব বর্ণরূপেণাবতারোঽয়মিতি অস্মিন্নর্থে তেনৈব শ্রুতিবলেনাঙ্গীকৃতে তদভেদেন তৎসম্ভবাৎ। তস্মান্নামনামিনোরভেদ এব।"

অর্থাৎ 'ওঁ' ইহাই পরব্রহ্মের সর্ব্বাপেক্ষা ঘনিষ্ঠ (মধুরতম) নাম ; উচ্চারণারম্ভ হইতেই যাহা জীবকে সংসার-ভয় হইতে পরিত্রাণ করে, এইজন্য তিনি 'তার' নামেও কথিত। [শ্রীধরস্বামিপাদ ভাগবতের নিজকৃত-টীকার প্রারম্ভে, ওঁকারমুখে আরম্ভ বলিয়া শ্রীমদ্ভাগবতকে 'তারাঙ্কুর' সংজ্ঞা দিয়াছেন।] অতএব শ্রীনাম সাক্ষাৎ ভগবৎস্বরূপই। অষ্টাক্ষরমন্ত্রকে উদ্দেশ করিয়া শ্রীনারদপঞ্চরাত্র স্পষ্টভাবে বলিয়াছেন,—"ইহা প্রসিদ্ধ আছে যে, ভগবান্ শ্রীনারায়ণ স্বয়ংই অষ্টাক্ষরস্বরূপে জীবের মুখে সাক্ষাৎ উদিত হন।" প্রণবকে উদ্দেশ করিয়া মাণ্ডুক্যোপনিষদেও—"চিদ্দর্শনে যাহা কিছু দৃশ্য, সমস্তই ওঁকার—'ওঁ' এই অক্ষর।" "ব্রহ্মের আর একটী আবির্ভাব—প্রণব ; তিনি পরমবস্তু বলিয়া কথিত। তিনি অপূর্ব্ব, অবাধ, অবাহ্য, পরম ও অব্যয়। তিনি সকলের আদি, মধ্য ও অন্ত। এইভাবে প্রণবকে জ্ঞাত হইয়া জীব অমৃত ভোগ করেন। সকলের হৃদয়ে অবস্থিত প্রণবকে ঈশ্বরস্বরূপ বলিয়া জানিবে। ওঁ-কারকে সর্ব্বব্যাপী বিভু অর্থাৎ বিষ্ণুস্বরূপ বলিয়া মনে করিলে বুদ্ধিমান্ ব্যক্তিকে আর শোক করিতে হয় না অর্থাৎ তাঁহার আর শূদ্রত্ব থাকে না। তিনি জড়মাত্রাহীন হইয়াও অনন্তমাত্রাযুক্ত; তাঁহা হইতেই জড়ীয়-দ্বৈতজ্ঞানের উপশম হইয়া অদ্বয়জ্ঞান লাভ হয়, অতএব তিনি পরমমঙ্গল-স্বরূপ।" এস্থলে মনে করিতে হইবে না যে, পরমেশ্বরের পক্ষে অবতাররূপে ঐ সকল মঙ্গলবিধান অসম্ভব বলিয়া একটী জড়ীয় বর্ণ বা অক্ষরমাত্রের ঐরূপ উক্তিতে প্রকৃত সত্য নাই,—উহা কেবল স্তুতিরূপ মাত্র। প্রকৃতপক্ষে, পরমেশ্বরের অপরাপর অবতারের ন্যায় এই প্রণবও তাঁহার বর্ণরূপী অবতার; যেহেতু, এই অর্থ পূর্ব্বোক্ত শ্রুতিবচন-বলেই স্বীকৃত হওয়ায়, তাঁহা হইতে অভিন্ন বলিয়া তৎসম্ভাবনা-হেতু এই অর্থই ঠিক। অতএব ভগবানের নাম ও নামি-ভগবান্—পরস্পর অভিন্ন, ইহাতে সন্দেহ নাই।

ওঁ বা প্রণবই বেদের নিদানস্বরূপ মহাবাক্য। প্রতি বৈদিক মন্ত্রের আদিতে ও অন্তে প্রণব নিহিত। প্রণব—ঈশ্বরস্বরূপ। "অকারেণোচ্যতে কৃষ্ণঃ সর্ব্বলোকৈক-নায়কঃ। উকারেণোচ্যতে রাধা মকারো জীববাচকঃ।।"

'প্রণব' মহাবাক্য—তাহা করি' আচ্ছাদন ।
মহাবাক্যে করি' 'তত্ত্বমসি'র স্থাপন ॥ ১৩০ ॥

বেদাদি-শাস্ত্রে অভিধা-বৃত্তিতে কৃষ্ণই স্বীকৃত ঃ—

সর্ব্ব বেদসূত্রে করে কৃষ্ণের অভিধান ।
মুখ্যবৃত্তি ছাড়ি' কৈল লক্ষণা-ব্যাখ্যান ॥ ১৩১ ॥

নিরপেক্ষ শব্দপ্রমাণই সর্ব্বশ্রেষ্ঠ ঃ—

স্বতঃপ্রমাণ বেদ—প্রমাণ-শিরোমণি ।
লক্ষণা করিলে স্বতঃপ্রমাণতা-হানি ॥ ১৩২ ॥

শঙ্করের ব্যাখ্যা লক্ষণা-বৃত্তিমূলা, সুতরাং কাল্পনিক ঃ—

এইমত প্রতিসূত্রে সহজার্থ ছাড়িয়া ।
গৌণার্থ ব্যাখ্যা করে সব কল্পনা করিয়া ॥" ১৩৩ ॥

প্রভুর প্রতিসূত্রের শাঙ্করভাষ্য-খণ্ডন ও
সন্ন্যাসিগণের চমৎকার ঃ—

এইমতে প্রতিসূত্রে করেন দূষণ ।
শুনি' চমৎকার হৈল সন্ন্যাসীর গণ ॥ ১৩৪ ॥

সন্ন্যাসিগণের স্বীকারোক্তি ও সাম্প্রদায়িক ভাব ঃ—

সকল সন্ন্যাসী কহে,—"শুনহ শ্রীপাদ ।
তুমি যে খণ্ডিলে অর্থ, এ নহে বিবাদ ॥ ১৩৫ ॥
আচার্য্য-কল্পিত অর্থ,—ইহা সবে জানি ।
সম্প্রদায়-অনুরোধে তত্ত্ব ইহা মানি ॥ ১৩৬ ॥

প্রভুকে অভিধা-বৃত্তিতে ব্যাখ্যা করিতে অনুরোধ ঃ—

মুখ্যার্থ ব্যাখ্যা কর, দেখি তোমার বল ।"
মুখ্যার্থে লাগা'ল প্রভু সূত্রসকল ॥ ১৩৭ ॥

প্রভুর ব্যাখ্যা—(১) ভগবান্ কৃষ্ণই 'সম্বন্ধ' ঃ—

"বৃহদ্বস্তু 'ব্রহ্ম' কহি—'শ্রীভগবান্' ।
ষড়্বিধৈশ্বর্য্যপূর্ণ, পরতত্ত্বধাম ॥ ১৩৮ ॥
স্বরূপ-ঐশ্বর্য্যে তাঁর নাহি মায়াগন্ধ ।
সকল বেদের হয় ভগবান্ সে সম্বন্ধ ॥ ১৩৯ ॥
তাঁরে 'নির্ব্বিশেষ' কহি, চিচ্ছক্তি না মানি' ।
অর্দ্ধ স্বরূপ না মানিলে পূর্ণতা হয় হানি ॥ ১৪০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

যদয়মাত্মা", "ব্রহ্মেদং সর্ব্বং" (বৃঃ আঃ ২।৫।১), "আত্মৈবেদ্যং সর্ব্বং" (ছাঃ ৭।২৫।২), "নেহ নানাস্তি কিঞ্চন" (কঠ ২।১।১১, বৃঃ আঃ ৪।৪।১৯) ইত্যাদি বাক্যগুলিকে 'মহাবাক্য' বলা একটী বিষম ভ্রম। কেন না, তন্মধ্যে প্রধান-বাক্যরূপ 'তত্ত্বমসি' বাক্যটী প্রাদেশিক মাত্র ; যেহেতু 'তত্ত্বমসি'-শব্দে যাহা উপদিষ্ট হয়, তাহা কেবল বেদের একদেশব্যাপী উপদেশ। যাহা বেদের সর্ব্বদেশব্যাপী, তাহাই মহাবাক্য, সুতরাং 'প্রণব' বই আর কোনটীই 'মহাবাক্য' হইতে পারে না। এই তত্ত্বকে আচ্ছাদন করিয়া শ্রীশঙ্করাচার্য্য 'তত্ত্বমসি'কে মহাবাক্য বলিয়াছেন। তাদৃশ কল্পিত মহাবাক্য অবলম্বনপূর্ব্বক বেদের সর্ব্বত্র মুখ্যবৃত্তি অর্থাৎ অভিধা-বৃত্তি ছাড়িয়া যে লক্ষণা বা গৌণবৃত্তিদ্বারা ব্যাখ্যান করা হইয়াছে, তাহাতে সর্ব্ববেদসূত্রের কৃষ্ণতত্ত্ব-ব্যাখ্যানকে অকারণ তিরস্কৃত করা হইয়াছে। বেদ যখন স্বতঃপ্রমাণ, তখন তাহার শব্দার্থসকলে লক্ষণা যোজনা করাই স্বতঃসিদ্ধ প্রমাণের প্রমাণতা হানি করা মাত্র।

অনুভাষ্য

১২৯। 'তত্ত্বমসি' শ্রুতি—ছাঃ উঃ ষষ্ঠ প্রঃ, ৮ম—১৬শ খঃ—"স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি" দৃষ্ট হয়। শঙ্কর-প্রবর্ত্তিত চারিটী বৈদিক মহাবাক্যের মধ্যে 'তত্ত্বমসি' একটী।

১৩১। "বেদে রামায়ণে চৈব পুরাণে ভারতে তথা। আদাবন্তে চ মধ্যে চ হরিঃ সর্ব্বত্র গীয়তে।।"

১৩২। আদি, ৭ম পঃ ১০৮ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

১৩৩-১৩৬। মধ্য, ২৫শ পঃ ৪৬-৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৫। হে শ্রীকৃষ্ণচৈতন্য, তুমি পূর্ব্বোক্ত যে বিচার দেখাইয়া শঙ্করের অর্থ খণ্ডন করিলে, তাহা নিরর্থক বিবাদ নয়, অর্থাৎ ভাগ্যবান্ ব্যক্তি তাহাই 'সত্য' বলিয়া গ্রহণ করেন।

১৩৮-১৪০। বৃহদারণ্যকে (৫।১)—"পূর্ণমদঃ" ইত্যাদি বাক্যে ষড়ৈশ্বর্য্যপূর্ণ পরতত্ত্বকে বৃহদ্বস্তু বলা হইয়াছে। পুরাণ-সকলে ভগবৎ-শব্দে সেই সকল লক্ষণ লিখিত হইয়াছে। অতএব বেদে যেখানে যেখানে 'ব্রহ্ম' বলিয়া উক্তি আছে, সেই সেই স্থলে 'শ্রীভগবান্'-শব্দ দিলেই শব্দ চরিতার্থ হয়। অতএব সম্পূর্ণ বেদে ভগবান্ই একমাত্র সম্বন্ধ। ভগবান্ নির্ব্বিশেষ গুণকে ক্রোড়ীভূত করিয়া নিত্য-সবিশেষ। তাঁহাকে 'নির্ব্বিশেষ' বলা,—তাঁহার চিচ্ছক্তি না মানা। ব্রহ্ম চিচ্ছক্তিবিশিষ্ট—সবিশেষ, অতএব অর্দ্ধস্বরূপ না মানিলে পূর্ণতার হানি হয়।

অনুভাষ্য

১৪০। শ্রীরামানুজপাদ 'বেদার্থসংগ্রহে'—"জ্ঞানেন ধর্ম্মেণ স্বরূপমপি নিরূপিতং, ন তু জ্ঞানমাত্রং ব্রহ্মেতি কথমিদমবগম্যতে ইতি চেৎ? "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্" ইত্যাদি জ্ঞাতৃত্ব-শ্রুতেঃ, "পরাহস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে", "বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ" ইত্যাদি-শ্রুতিশতসমধিগতমিদং জ্ঞানস্য ধর্ম্মমাত্রত্বাদ্ধর্ম্মমাত্রস্যৈকস্য বস্তুত্বপ্রতিপাদনানুপপত্তেশ্চ। অতঃ সত্যজ্ঞানাদি-পদানি স্বার্থভূতজ্ঞানাদিবিশিষ্টমেব ব্রহ্ম প্রতিপাদয়ন্তি। তত্ত্বমিতি দ্বয়োরপি পদয়োঃ স্বার্থপ্রহাণেন নির্ব্বিশেষবস্তু-স্বরূপোপস্থাপন-পরত্বে মুখ্যার্থ-পরিত্যাগশ্চ। ঐক্যে তাৎপর্য্যনিশ্চয়ান্ন লক্ষণা-দোষঃ 'সোঽয়ং দেবদত্তঃ' ইতিবৎ। ** অপিচ অর্থভেদ-তৎ-

(২) শ্রবণাদি সাধন-ভক্তিই উপায় বা 'অভিধেয়' ঃ—

ভগবান্-প্রাপ্তি-হেতু যে করি উপায় ।
শ্রবণাদি ভক্তি—কৃষ্ণপ্রাপ্ত্যের সহায় ॥ ১৪১ ॥

সেই সর্ব্ববেদের 'অভিধেয়' নাম ।
সাধনভক্তি হৈতে হয় প্রেমের উদ্গম ॥ ১৪২ ॥

(৩) কৃষ্ণপ্রেমাই উপেয়, 'প্রয়োজন' বা পঞ্চম-পুরুষার্থ ঃ—

কৃষ্ণের চরণে যদি হয় অনুরাগ ।
কৃষ্ণবিনু অন্যত্র তার নাহি রহে রাগ ॥ ১৪৩ ॥

পঞ্চমপুরুষার্থ সেই প্রেম-মহাধন ।
কৃষ্ণের মাধুর্য্য-রস করায় আস্বাদন ॥ ১৪৪ ॥

প্রেমা হৈতে কৃষ্ণ হয় নিজ ভক্তবশ ।
প্রেমা হৈতে পায় কৃষ্ণের সেবা-সুখরস ॥ ১৪৫ ॥

সম্বন্ধাভিধেয়-প্রয়োজনই ব্রহ্মসূত্রের প্রতিপাদ্য ঃ—

সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন-নাম ।
এই তিন অর্থ সর্ব্বসূত্রে পর্য্যবসান ॥" ১৪৬ ॥

সর্ব্বসূত্রের ব্যাখ্যা-শ্রবণে যতিগণের স্তব ঃ—

এইমত সর্ব্বসূত্রের ব্যাখ্যান শুনিয়া ।
সকল সন্ন্যাসী কহে বিনয় করিয়া ॥ ১৪৭ ॥

"বেদময়-মূর্ত্তি তুমি,—সাক্ষাৎ নারায়ণ ।
ক্ষম অপরাধ,—পূর্ব্বে যে কৈলুঁ নিন্দন ॥" ১৪৮ ॥

তাঁহাদের নিরন্তর কৃষ্ণনাম গ্রহণ ঃ—

সেই হৈতে সন্ন্যাসীর ফিরে গেল মন ।
'কৃষ্ণ' 'কৃষ্ণ' নাম সদা করয়ে গ্রহণ ॥ ১৪৯ ॥

প্রভুকর্ত্তৃক অপরাধ-ক্ষমা ও কৃপা ঃ—

এইমতে তাঁ-সবার ক্ষমি' অপরাধ ।
সবাকারে কৃষ্ণনাম করিলা প্রসাদ ॥ ১৫০ ॥

সকলে মিলিয়া মহাপ্রসাদ সম্মান ঃ—

তবে সকল সন্ন্যাসী মহাপ্রভুকে লৈয়া ।
ভিক্ষা করিলেন সবে, মধ্যে বসাইয়া ॥ ১৫১ ॥

ভিক্ষা করি' মহাপ্রভু আইলা বাসাঘর ।
হেন চিত্র-লীলা করে গৌরাঙ্গ-সুন্দর ॥ ১৫২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪১-১৪২। সেই ভগবত্তত্ত্বের চরণাশ্রয় পাইবার জন্য সর্ব্ববেদে সাধন-ভক্তিকে 'অভিধেয়' বলিয়া নির্ণয় করিয়াছেন। শ্রবণাদি নববিধ সাধনভক্তি হইতেই কৃষ্ণপ্রেমের উদ্গম হয়।

১৪৬। 'আমি কে? এই জড় ব্রহ্মাণ্ডই বা কি? ভগবদ্বস্তুই বা কি? এবং আমাদের পরস্পর সম্বন্ধই বা কি?'—এই চারিটী প্রশ্নের সদর্থ পাইলে 'সম্বন্ধ-জ্ঞান' হয়। সম্বন্ধজ্ঞানপ্রাপ্ত পুরুষের কর্ত্তব্য কি?—ইহা পরিজ্ঞাত হইয়া সেই কর্ত্তব্যাবলম্বনকেই সর্ব্বশাস্ত্রের 'অভিধেয়' বলিয়া জানিতে হইবে। কর্ত্তব্যানুষ্ঠানের পর যে রকম ফলপ্রাপ্ত হওয়া যায়, তাহারই নাম 'প্রয়োজন'। ব্রহ্মসূত্রে এই তিন অর্থই উপদিষ্ট হইয়াছে।

ইতি অমৃতপ্রবাহ ভাষ্যে সপ্তম পরিচ্ছেদ।

অনুভাষ্য

সংসর্গবিশেষ-বোধনকৃত-পদবাক্যস্বরূপতা-লব্ধপ্রমাণভাবস্য শব্দস্য নির্ব্বিশেষ-বস্তুবোধনাসামর্থ্যান্ন নির্ব্বিশেষবস্তুনি শব্দঃ প্রমাণম্ । নির্ব্বিশেষ ইত্যাদি শব্দাস্তু কেনচিদ্বিশেষেণ বিশিষ্টতয়াবগতস্য বস্তুনো বস্ত্বন্তরাবগত-বিশেষনিষেধকতয়া বোধকাঃ।"*

১৪৯। কাশীবাসী একদণ্ডী শাঙ্করসম্প্রদায়ের সন্ন্যাসিগণের তাৎকালিক নেতা—শ্রীপ্রকাশানন্দ সরস্বতী। কেহ কেহ ভ্রমবশে ইহার সহিত শ্রীরঙ্গক্ষেত্রবাসী, পরে কাম্যবনবাসী শ্রীপ্রবোধানন্দ সরস্বতীর সাম্যপ্রয়াস করেন। বলাবাহুল্য, প্রবোধানন্দ মহীশূর-দেশাগত রঙ্গক্ষেত্রপ্রবাসী জনৈক রামানুজীয় ত্রিদণ্ডী জীয়ার স্বামী। তিনি 'শ্রীচৈতন্যচন্দ্রামৃত', 'রাধারসসুধানিধি', 'সঙ্গীত-মাধব', বৃন্দাবনশতক', 'নবদ্বীপশতক' প্রভৃতি গ্রন্থ-প্রণেতা। ব্যেঙ্কটভট্ট, তিরুমলয় ভট্ট এবং প্রবোধানন্দ ইঁহারা তিন ভ্রাতা।

** জ্ঞানদ্বারা, ধর্ম্মদ্বারা ব্রহ্মের স্বরূপ নির্ণয় হয়। 'ব্রহ্ম কেবল জ্ঞানমাত্র', এইরূপ নহে। যদি বল, ইহা কি-প্রকারে অবগত হওয়া যায়? 'যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিদ্' ইত্যাদি ব্রহ্মের জ্ঞাতৃত্ব-বিষয়ক শ্রুতি, 'এই ব্রহ্মের পরাশক্তি বেদে নানাপ্রকার বলিয়া শ্রুত হইয়া থাকে', 'বিজ্ঞাতা ব্রহ্মকে কিরূপে জানা যায়'—ইত্যাদি শতশ্রুতিদ্বারা ইহা সমধিগত হয়। জ্ঞান—ধর্ম্মমাত্র, সেহেতু কেবল একটী ধর্ম্ম-মাত্রেরই বস্তুত্ব (অর্থাৎ কেবল এক জ্ঞানমাত্রেরই ব্রহ্মত্ব) প্রতিপাদন হইলে তাহা সঙ্গত হয় না। অতএব ('সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম'—এইরূপে) সত্য, জ্ঞান প্রভৃতি পদসকল স্বীয় অর্থভূত জ্ঞানাদিবিশিষ্টকেই ব্রহ্মরূপে প্রতিপাদন করে। 'তৎ' ও 'ত্বম্'—এই পদদ্বয়েরও নিজস্ব অর্থ লোপদ্বারা নির্ব্বিশেষ-বস্তুর স্বরূপ স্থাপনপর হইলে মুখ্যার্থ (অভিধা-গত অর্থ) পরিত্যাগ হয়। উঁহাদিগের একতাৎপর্য্য নিশ্চয় হওয়ায় 'সেই এই দেবদত্ত'-ন্যায়ে লক্ষণা-দোষ হয় না ('একতাৎপর্য্য'-অর্থে ত্বং-পদার্থ রূপ জীবের অন্তর্যামি-সূত্রে সর্ব্বকারণরূপ তৎ-পদার্থ পরব্রহ্মের জীবাত্মাত্বে বিরোধ হয় না)। ** আরও যে, অর্থভেদ ও তাহার সংসর্গবিশেষে প্রকাশিত, পদ ও বাক্যের স্বরূপতা হইতে যে প্রমাণরূপ শব্দ লাভ হয়, তাহাতে শব্দের নির্ব্বিশেষ-বস্তুর পরিচয়-জ্ঞাপনে সামর্থ্য না হওয়ায় নির্ব্বিশেষ বস্তুতে 'শব্দ'-প্রমাণ হয় না, বলিতে হয়। 'নির্ব্বিশেষ' ইত্যাদি শব্দ কিন্তু কোন বিশেষণদ্বারা বিশিষ্টরূপে জ্ঞাত বস্তুর সম্বন্ধে অন্য অবগত বস্তুর বিশেষের নিষেধকতা মাত্র জ্ঞাপন করে।*

অনুভাষ্য

মহাপ্রভু ইঁহাকে ১৪৩৩ শকাব্দায় চাতুর্ম্মাস্য-কালে রামানুজীয় সম্প্রদায়স্থ দেখিয়াছিলেন। আবার তাঁহার ১৪৩৫ শকাব্দায় কাশীতে তাঁহাকে শাঙ্কর-সম্প্রদায়স্থ দেখা অযৌক্তিক। শ্রীভক্তি-রত্নাকর-গ্রন্থ দ্রষ্টব্য।

অমৃতানুকণা—১৪৯। "কেহ কেহ মায়াবাদী কাশীবাসী প্রকাশানন্দের সহিত বৈষ্ণবাগ্রগণ্য প্রবোধানন্দের একত্ব-স্থাপনে প্রয়াস পা'ন ; আমরা কিন্তু তাঁহাদের কথা কোনও মতে বিশ্বাস করিতে পারিলাম না। কারণ, প্রকাশানন্দ-নামক মায়াবাদী কাশীবাসী সন্ন্যাসীর সম্বন্ধে শ্রীচৈতন্য-ভাগবতে মধ্যখণ্ডে তৃতীয় অধ্যায়ে এরূপ লিখিত আছে,—"এইরূপে নবদ্বীপে প্রভু বিশ্বম্ভর। ভক্তিমুখে ভাসে লই সর্ব্ব অনুচর।। গুপ্ত-বাক্যে তুষ্ট হই' বরাহ-ঈশ্বর। বেদপ্রতি ক্রোধ করি বলয়ে উত্তর।। কাশীতে পড়ায় বেটা 'প্রকাশানন্দ'। সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড।। বাখানয়ে—বেদ মোর, বিগ্রহ না মানে।"

"এই ঘটনা ১৪২৫ শকাব্দের পর হইতে ১৪৩০ শকাব্দের মধ্যে সংঘটিত হয়। শ্রীমন্মহাপ্রভু ১৪৩৩ শকাব্দে শ্রীরঙ্গে শুভাগমন করিয়া (শ্রীব্যেঙ্কট ভট্টাদি) ভ্রাতৃত্রয়ের মধ্যে শ্রীপ্রবোধানন্দপাদকে দেখিতে পান। তাঁহারা তৎকালে 'শ্রী'-সাম্প্রদায়িক শ্রীরামানুজীয় বৈষ্ণব ; সুতরাং বিশিষ্টাদ্বৈতবাদী নিত্য শ্রীনারায়ণ-বিগ্রহের সেবক ; আর প্রকাশানন্দ—তৎকালে শঙ্কর-প্রবর্ত্তিত মায়াবাদের সেবকাগ্রণী। এই দুই ব্যক্তিকে এক করিবার চেষ্টা বা সাম্যপ্রয়াস—বাতুলতা মাত্র। ** শ্রীগোপালভট্ট গোস্বামীর পরমারাধ্য পিতৃব্য ও গুরুদেবকে নিত্যসিদ্ধ ভক্তকুলচূড়ামণি না বলিয়া বিষ্ণুবৈষ্ণববিরোধী মায়াবাদী ও বদ্ধচর বলিয়া লাঞ্ছনা ও নিন্দা করিলে ভীষণ নিরয়জনক বৈষ্ণবাপরাধ হয়। ** শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী স্বীয় দৈন্য ও বিনয়ের বশবর্ত্তী হইয়া শ্রীগোপালভট্টদ্বারা তাঁহার ব্যক্তিগত কথা শ্রীচরিতামৃতে আলোচনা করিতে নিষেধ করায় ও শ্রীল কবিরাজ গোস্বামী তাঁহার আদেশ লঙ্ঘন করেন নাই বলিয়াই বর্ত্তমানকালে এই বিপত্তি দেখা যাইতেছে।" ('শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্'-গ্রন্থের শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর প্রভুপাদ-কৃত 'ভূমিকা')

কেহ কেহ স্বীয় অর্ব্বাচীনতা প্রকাশ করিতে 'ভক্তমাল'-নামক সহজিয়া-গ্রন্থের উদ্ধৃতি দিয়া বলিয়া থাকেন, মহাপ্রভুই স্বয়ং শ্রীপ্রকাশানন্দের নাম 'প্রবোধানন্দ' রাখিয়া তাঁহাকে বৃন্দাবনে প্রেরণ করিয়াছিলেন। আবার কেহ কেহ উক্ত বাক্যের অপ্রামাণিকতা আরও পরিস্ফুট করিতে 'অদ্বৈতপ্রকাশ'-নামক এক অবৈধ-গ্রন্থের আশ্রয় লইয়া থাকেন,—যেখানে কাশীতে প্রকাশানন্দ নয়, প্রবোধানন্দেরই উদ্ধার বর্ণিত হইয়াছে। অথচ শ্রীচৈতন্যমহাপ্রভুর বিষয়ে সর্ব্বাপেক্ষা প্রামাণিক গ্রন্থ শ্রীচৈতন্য-ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত প্রভৃতি গ্রন্থে কাশীতে প্রবোধানন্দ-উদ্ধার বা প্রকাশানন্দের কোন নাম-পরিবর্ত্তন প্রভৃতি ঘৃণাক্ষরেও দৃষ্ট হয় না। বিশেষতঃ যেস্থলে শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ড ৭ম পরিচ্ছেদ ও মধ্যখণ্ড ২৫শ পরিচ্ছেদে দুইবার 'প্রকাশানন্দ-উদ্ধার' বিস্তৃতভাবে বর্ণিত হইয়াছে, অথচ সেস্থলে ঐ প্রকার বক্তব্যের সামান্যতম আভাসও দেখা যায় না। অপরদিকে উক্ত গ্রন্থে—"শুনি' মহাপ্রভু কহে,—শুন, দবিরখাস। তুমি দুইভাই মোর পুরাতন দাস।। আজি হৈতে দুঁহার নাম 'রূপ'-'সনাতন'।" (মধ্য ১।২০৭-২০৮)—এইরূপে শ্রীরূপ-সনাতনের ক্ষেত্রে নাম-পরিবর্ত্তনের উল্লেখ স্পষ্ট দৃষ্ট হয়। সেস্থলে 'প্রকাশানন্দ-উদ্ধার' দুইবার সবিস্তারে বর্ণনাকালেও তাঁহার নাম-পরিবর্ত্তন একটী পয়ারেও প্রকাশিত না থাকায় প্রকাশানন্দের প্রবোধানন্দে রূপান্তরের কল্পনা নিতান্তই নিরর্থক। কেহ বলেন,—শ্রীপ্রবোধানন্দপাদ দৈন্যবশতঃ তাঁহার বিষয় প্রকাশ করিতে নিষেধ করায়, ঐ নাম উল্লেখিত হয় নাই। উক্ত নিষেধাজ্ঞা সন্দেহ নাই সত্য, কিন্তু সেক্ষেত্রে শ্রীপ্রবোধানন্দই পূর্ব্বে প্রকাশানন্দ হইয়া থাকিলে 'প্রকাশানন্দ-উদ্ধার'-প্রসঙ্গ তাহা হইলে প্রবোধানন্দ-সম্বন্ধেই হওয়ায় গ্রন্থকার তাহা সম্পূর্ণরূপে গোপন রাখিতেন। যদি বল, উক্ত উদ্ধার-লীলা বিশেষ গুরুত্বপূর্ণ বলিয়া অবশ্য উল্লেখ্য, তাহা হইলে বক্তব্য এই যে, সে-সময় প্রকাশানন্দের নাম-পরিবর্ত্তন হইয়া থাকিলে তাহা উক্ত উদ্ধার-লীলারই অপরিহার্য্য অঙ্গ হওয়ায় তাহা কখনই অপ্রকাশ্য হইতে পারে না।

শ্রীপ্রকাশানন্দের উদ্ধারের পর মহাপ্রভুর তাঁহাকে বৃন্দাবনে প্রেরণও নিতান্তই কল্পনাভিত্তিক। প্রকাশানন্দ-উদ্ধারকালে শ্রীল সনাতন গোস্বামী কাশীতে উপস্থিত ছিলেন। মহাপ্রভু কাশী হইতে পুরী যাত্রার প্রাক্কালে তাঁহাকে বৃন্দাবনে গমনের আদেশ করিয়াছিলেন, তাহা শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর বর্ণিত উক্ত 'উদ্ধার-লীলা'য় দুইস্থলেই দেখা যায়।—"লোক-নিস্তারিয়া প্রভুর চলিতে হৈল মন। বৃন্দাবনে পাঠাইলা শ্রীসনাতন।।" (আদি ৭।১৬০) ও "সনাতনে কহিলা—তুমি যাহ বৃন্দাবন।" (মধ্য ২৫।১৭৫)। সেস্থলে মহাপ্রভু প্রকাশানন্দকে উদ্ধার করিবার পর বৃন্দাবনে প্রেরণ করিয়া থাকিলে তাহা গ্রন্থকারের গোপন করিবার কোনই কারণ থাকিতে পারে না। বরং উক্ত প্রসঙ্গ মনোযোগ-সহকারে পাঠ করিলে দেখা যায় যে, শ্রীপ্রকাশানন্দ তাঁহার সেই সজাতীয় শিষ্যগণ লইয়া গৌরপ্রেমে প্লাবিত হরিকীর্ত্তন-মুখর 'দ্বিতীয় নদীয়া নগর'-রূপে পরিণত সেই কাশীতেই পরমসুখে নাম-সঙ্কীর্ত্তন ও শ্রীমদ্ভাগবত আলোচনাতেই মগ্ন হইয়াছিলেন—"সব কাশীবাসী করে নাম-সঙ্কীর্ত্তন।। **সন্ন্যাসী, পণ্ডিত করে ভাগবত-বিচার।** বারাণসীপুর প্রভু করিলা নিস্তার।। **বারাণসী হৈল দ্বিতীয় নদীয়া নগর।।**" (মধ্য ২৫।১৫৮-১৬০)। সুতরাং সেস্থলে শ্রীতপনমিশ্রাদি গৌরভক্তগণের ন্যায় শ্রীপ্রকাশানন্দেরও কাশী-ত্যাগের কোন কারণ ছিল না।

কেহ কেহ শ্রীমৎ প্রবোধানন্দ-রচিত 'শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্'-গ্রন্থের বিভিন্ন শ্লোক ও বিশেষতঃ তাঁহার 'রাধারস-সুধানিধি'-গ্রন্থের অন্তিম শ্লোকে জ্ঞানমার্গ তথা মায়াবাদের উল্লেখহেতু বিচার করিয়া থাকেন, তিনি পূর্ব্বে কাশীর মায়াবাদী প্রকাশানন্দ ছিলেন। শ্রীচৈতন্যচন্দ্রামৃতে গ্রন্থকার শ্রীমন্মহাপ্রভুর অসমোর্দ্ধ মহিমা অন্বয়-ব্যতিরেকমুখে বিচার করিতে গিয়া কর্ম্মমার্গের, যোগমার্গের, স্বর্গাভিলাষের, শাস্ত্রাভ্যাসের

প্রভুর বদান্যলীলায় ভক্তগণের আনন্দ ঃ—

চন্দ্রশেখর, তপনমিশ্র, আর সনাতন ।
শুনি' দেখি' আনন্দিত সবাকার মন ॥ ১৫৩ ॥

প্রভুকে দেখিতে আইসে সকল সন্ন্যাসী ।
প্রভুর প্রশংসা করে সব বারাণসী ॥ ১৫৪ ॥

প্রভুর পদার্পণে কাশী ধন্যা ঃ—

বারাণসীপুরী আইলা শ্রীকৃষ্ণচৈতন্য ।
পুরীসহ সর্ব্বলোক হৈল মহাধন্য ॥ ১৫৫ ॥

অসংখ্য লোকের প্রভু-দর্শন ঃ—

লক্ষ লক্ষ লোক আইসে প্রভুকে দেখিতে ।
মহাভিড় হৈল দ্বারে, নারে প্রবেশিতে ॥ ১৫৬ ॥

প্রভু যবে যান বিশ্বেশ্বর-দরশনে ।
লক্ষ লক্ষ লোক আসি' মিলে সেই স্থানে ॥ ১৫৭ ॥

স্নান করিতে যবে যা'ন গঙ্গাতীরে ।
তাহাঞি সকল লোক হয় মহাভিড়ে ॥ ১৫৮ ॥

হরিকীর্ত্তন করাইয়া প্রভুর লোকোদ্ধার ঃ—

বাহু তুলি' প্রভু বলে,—বল হরি হরি ।
হরিধ্বনি করে লোক স্বর্গমর্ত্ত্য ভরি' ॥ ১৫৯ ॥

প্রভুর কাশীত্যাগ ও শ্রীসনাতনকে বৃন্দাবনে প্রেরণ ঃ—

লোক নিস্তারিয়া প্রভুর চলিতে হৈল মন ।
বৃন্দাবনে পাঠাইলা শ্রীসনাতন ॥ ১৬০ ॥

রাত্রি-দিবসে লোকের শুনি' কোলাহল ।
বারাণসী ছাড়ি' প্রভু আইলা নীলাচল ॥ ১৬১ ॥

এই লীলা কহিব আগে বিস্তার করিয়া ।
সংক্ষেপে কহিলাঙ ইহাঁ প্রসঙ্গ পাইয়া ॥ ১৬২ ॥

পঞ্চতত্ত্বরূপে প্রভুর জগদুদ্ধার ঃ—

এই পঞ্চতত্ত্বরূপে শ্রীকৃষ্ণচৈতন্য ।
কৃষ্ণ-নাম-প্রেম দিয়া বিশ্ব কৈল ধন্য ॥ ১৬৩ ॥

স্বয়ং এবং প্রচারকগণদ্বারা ভারতের সর্ব্বত্র নামপ্রেম প্রচার ও লোকোদ্ধার ঃ—

মথুরাতে পাঠাইল রূপ-সনাতন ।
দুই সেনাপতি কৈল ভক্তি-প্রচারণ ॥ ১৬৪ ॥

নিত্যানন্দ-গোসাঞে পাঠাইলা গৌড়দেশে ।
তেঁহো ভক্তি প্রচারিলা অশেষ-বিশেষে ॥ ১৬৫ ॥

আপনে দক্ষিণ দেশ করিলা গমন ।
গ্রামে গ্রামে কৈলা কৃষ্ণনাম-প্রচারণ ॥ ১৬৬ ॥

সেতুবন্ধ পর্য্যন্ত কৈলা ভক্তির প্রচার ।
কৃষ্ণপ্রেম দিয়া কৈলা সবার নিস্তার ॥ ১৬৭ ॥

পঞ্চতত্ত্ব-ব্যাখ্যা-শ্রবণে গৌরতত্ত্ব-জ্ঞানলাভ ঃ—

এই ত' কহিল পঞ্চতত্ত্বের ব্যাখ্যান ।
ইহার শ্রবণে হয় চৈতন্যতত্ত্ব-জ্ঞান ॥ ১৬৮ ॥

অনুভাষ্য

১৬৪-১৬৭। কৃষ্ণপ্রেমদ্বারা ভারতের সর্ব্বত্র সকলকে নিস্তার করিবার উদ্দেশে উত্তর-পশ্চিমদেশে মাথুরমণ্ডলে শ্রীরূপ-সনাতনদ্বারা, গৌড়-বঙ্গদেশে শ্রীনিত্যানন্দদ্বারা এবং স্বয়ং দক্ষিণদেশে সেতুবন্ধ পর্য্যন্ত গ্রামে গ্রামে কৃষ্ণনাম প্রচার করিয়াছিলেন।

ইতি অনুভাষ্যে সপ্তম পরিচ্ছেদ।

পুত্রকলত্রাসক্ত বিষয়িগণের, 'অহং ব্রহ্ম'বাদিগণের, তপস্বীদিগের, গয়ার কর্ম্মকাণ্ডের, কাশীর জ্ঞানকাণ্ডের প্রভৃতির তুচ্ছত্ব দেখাইয়াছেন। কখনও বা তিনি নিজকে উক্ত ভক্তিপ্রতিকূল সমস্ত আচরণাদিতে নিমগ্ন ও গৌরপ্রেম হইতে বঞ্চিত বলিয়া হৃদয়বিদারক নানা আত্মগ্লানি প্রকাশ করিয়াছেন। বৈষ্ণবোচিত দৈন্যের তাৎপর্য্য না বুঝিয়া এবং সরলান্তঃকরণের অভাবহেতু তাঁহারা উক্ত গ্রন্থকারকে শুদ্ধভক্তিপ্রতিকূল সমস্ত মার্গের নিন্দা করিতে দেখিলেও যখনই জ্ঞানমার্গের কথা নিন্দামুখে উল্লেখ করিতে দেখিয়াছেন, তখনই তাঁহাকে মায়াবাদীর কাঠগড়ায় আবদ্ধ করিয়া কাশীর প্রকাশানন্দ-রূপে চিহ্নিত করিতে চেষ্টা করিয়াছেন। তাহারা এইপ্রকার আত্ম ও পরবঞ্চক!

'রাধারস-সুধানিধি'-গ্রন্থের অন্তিমশ্লোকে গ্রন্থকার মায়াবাদ-তাপসন্তপ্ত হৃদয়কে রাধারস-রূপ সুধানিধি (চন্দ্র)-দ্বারা শীতলকারী গৌরসিন্ধুর জয়গান করিয়াছেন—"স জয়তি গৌরপয়োধির্মায়াবাদতাপ-সন্তপ্তম্। হৃন্নভ উদশীতলয়দ্ যো রাধারস-সুধানিধিনা।।" 'মায়াবাদ-তাপসন্তপ্তম্'—ইহাতেই নাকি গ্রন্থকারের পূর্ব্ব 'কাশীবাসী মায়াবাদী প্রকাশানন্দ'-পরিচয় প্রকাশিত হইয়া পড়িয়াছে। 'শ্রীচৈতন্যচরিতামৃত'-গ্রন্থে—যাহাতে বিশেষভাবে 'প্রকাশানন্দ-উদ্ধার' বর্ণিত হইয়াছে, তাহাতে আদৌ প্রকাশানন্দের নিকট মহাপ্রভুকে 'রাধারস'-সম্বন্ধীয় কোন আলোচনাই করিতে দেখা যায় না। প্রবলভাবে নির্ব্বিশেষবিচারগ্রস্ত বিষ্ণু-বৈষ্ণব-বিদ্বেষীবর্য্যের নিকট মহাপ্রভু কেবল ব্রহ্মসূত্রের শাঙ্করভাষ্য খণ্ডনপূর্ব্বক প্রকৃত ভাষ্যরূপে শ্রীমদ্ভাগবতকেই স্থাপন করত সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন, কিন্তু ঐ সকলেরও ঊর্দ্ধে যে পরমনিগূঢ় 'রাধারস'-সম্পুট, তাহার উদ্ঘাটন করেন নাই। প্রকাশানন্দ উদ্ধারের পর মহাপ্রভু মাত্র পাঁচদিন অবস্থান করিয়া পুরী যাত্রা করিয়াছিলেন—"এইমত দিন পঞ্চ লোক নিস্তারিয়া। আর দিন চলিলা প্রভু উদ্বিগ্ন হঞা।।" (মধ্য ২৫।১৭০)। তৎপশ্চাৎ উভয়ের মধ্যে সাক্ষাৎকারের আর প্রমাণ পাওয়া যায় না। সুতরাং প্রকাশানন্দের মায়াবাদ-সন্তপ্ত হৃদয় গৌরপ্রসাদে শীতল হইয়াছিল, সন্দেহ নাই, কিন্তু তাহা নিশ্চয়ই 'রাধারস'-বশতঃ নহে। অপরদিকে, মহাপ্রভু শ্রীরঙ্গমে দীর্ঘ চাতুর্ম্মাস্যকাল অবস্থানপূর্ব্বক ব্যেঙ্কটভট্ট, ত্রিমল্লভট্ট ও শ্রীপ্রবোধানন্দপাদের নিকট ভগবানের ঐশ্বর্য্যবিচার

শ্রীচৈতন্য, নিত্যানন্দ, অদ্বৈত,—তিন জন ।
শ্রীবাস-গদাধর-আদি যত ভক্তগণ ॥ ১৬৯ ॥
সবাকার পাদপদ্মে কোটি নমস্কার ।
যৈছে তৈছে কহি কিছু চৈতন্য-বিহার ॥ ১৭০ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১৭১ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে পঞ্চতত্ত্বাখ্যান-নিরূপণং নাম সপ্তম-পরিচ্ছেদঃ।

অপেক্ষা মাধুর্য্যবিচারের পরাকাষ্ঠা তথা গোপিকাগণের অপার মহিমা এবং তন্মধ্যে শ্রীরাধারই কৃষ্ণবশীকারিত্ব প্রকাশ করিয়া তাঁহাদিগকে শ্রীলক্ষ্মী-নারায়ণের উপাসনা হইতে ক্রমশঃ গোপীনাথ তথা রাধানাথ-কৃষ্ণের প্রতি অনুরক্ত করাইয়াছিলেন। তৎকালে মুখে বেদ স্বীকার করিয়াও জীবের নিত্য বিষ্ণু-সেবকত্বের পরিচয় অস্বীকারদ্বারা শ্রীবিষ্ণুসেবা-বিনাশকারী মায়াবাদের যে ভীষণ প্রবলতা ছিল, এবং তাহাতে শ্রীনারায়ণ-সেবানিষ্ঠ প্রবোধানন্দপাদের যে-হৃদয় সতত সন্তপ্ত হইত, তাহা শ্রীগৌরসিন্ধু হইতে উদিত শ্রীরাধারস-চন্দ্রের কিরণে অর্থাৎ শ্রীরাধার বিষ্ণুসেবাচেষ্টার পরাকাষ্ঠা সন্দর্শনে পরমশীতল হইয়াছিল—ইহাতে কোন সংশয় নাই। সুতরাং কোনপ্রকারেই কাশীর শ্রীপ্রকাশানন্দ ও নিত্যসিদ্ধ ভগবৎ-পার্ষদ শ্রীপ্রবোধানন্দকে একীকরণের প্রয়াস সিদ্ধ হইতে পারে না।

অষ্টম পরিচ্ছেদ

কথাসার—অষ্টম পরিচ্ছেদে শ্রীচৈতন্যনিত্যানন্দের মাহাত্ম্য এইরূপে বর্ণিত হইয়াছে যে, জন্মে জন্মে কৃষ্ণনাম করিলেও নামাপরাধ থাকিলে প্রেমধন লাভ হয় না। ইহাতে বুঝিতে হইবে যে, নামাপরাধীর সাত্ত্বিক বিকারাদি কেবল ছল-মাত্র। যিনি অকপটে চৈতন্য-নিত্যানন্দের নাম লইয়া আনন্দ প্রকাশ করেন, প্রভুদ্বয় তাঁহার হৃদয়কে সাক্ষাৎ নিরপরাধ করিয়াছেন। তখন তাঁহার কৃষ্ণনামে প্রেমোদ্গম হয়। শ্রীবৃন্দাবন-দাস ঠাকুর-কৃত শ্রীচৈতন্যভাগবতে তদীয় সূত্রধৃত শেষলীলা বর্ণিত হইতে বাকী ছিল, শ্রীবৃন্দাবনবাসী বৈষ্ণবগণের আজ্ঞায়, শ্রীল মদনমোহনের আজ্ঞামালা প্রাপ্ত হইয়া কবিরাজ গোস্বামী এই গ্রন্থ রচনা করিয়াছেন। (অঃ প্রঃ ভাঃ)

গৌরের ইচ্ছায় নিতান্ত অযোগ্য ব্যক্তিরও যোগ্যতা-লাভ ঃ—

বন্দে চৈতন্যদেবং তং ভগবন্তং যদিচ্ছয়া ।
প্রসভং নর্ত্ততে চিত্রং লেখরঙ্গে জড়োঽপ্যয়ম্ ॥ ১ ॥
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গৌরচন্দ্র ।
জয় জয় পরমানন্দ নিত্যানন্দ ॥ ২ ॥
জয় জয়াদ্বৈতাচার্য্য জয় কৃপাময় ।
জয় জয় গদাধর পণ্ডিত মহাশয় ॥ ৩ ॥
জয় জয় শ্রীবাসাদি যত ভক্তগণ ।
প্রণত হইয়া বন্দোঁ সবার চরণ ॥ ৪ ॥
মূক কবিত্ব করে যাঁ-সবার স্মরণে ।
পঙ্গু গিরি লঙ্ঘে, অন্ধ দেখে তারাগণে ॥ ৫ ॥

পঞ্চতত্ত্বের মাহাত্ম্য না মানিয়া পৃথক্ বুদ্ধিতে গৌর বা কৃষ্ণপূজা ঘোর অপরাধ ঃ—

এ-সব না মানে যেই পণ্ডিতসকল ।
তা-সবার বিদ্যাপাঠ ভেক-কোলাহল ॥ ৬ ॥
এই সব না মানে যেবা, করে কৃষ্ণভক্তি ।
কৃষ্ণ-কৃপা নাহি তারে, নাহি তার গতি ॥ ৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যে ভগবান্ চৈতন্যদেবের ইচ্ছায় আমি মূর্খ চিত্র-পুত্তলিকার ন্যায় হইয়াও হঠাৎ এই গ্রন্থ-লিখনরূপ নৃত্যকার্য্য আরম্ভ করিয়াছি, তাঁহাকে বন্দনা করি।

৭। এই সব—এই পঞ্চতত্ত্ব না মানিয়া যাঁহারা কৃষ্ণভক্তি করেন, তাঁহাদের প্রতি কৃষ্ণকৃপা হয় না।

অনুভাষ্য

১। যদিচ্ছয়া (যৎ যস্য চৈতন্যদেবস্য ইচ্ছয়া) অয়ম্ (অহং কৃষ্ণদাসঃ) জড়োঽপি (জড়সদৃশোঽপি) লেখরঙ্গে (গ্রন্থরচন-ক্রীড়াকার্য্যে) প্রসভং (হঠাৎ) চিত্রম্ (আশ্চর্য্যং যথা স্যাৎ তথা) নর্ত্ততে, তং [কৃপাময়ং] ভগবন্তং চৈতন্যদেবম্ [অহং] বন্দে (প্রণমামি)।

৭। তারে—তাহার প্রতি।

পূর্ব্বে যেন জরাসন্ধ-আদি রাজাগণ ।
বেদধর্ম্ম করি' করে বিষ্ণুর পূজন ॥ ৮ ॥

কৃষ্ণভক্তি বিনা গৌরভক্তি, গৌরভক্তি বিনা কৃষ্ণভক্তি—অভক্তি ঃ—

কৃষ্ণ নাহি মানে, তাতে দৈত্য করি' মানি ।
চৈতন্য না মানিলে তৈছে দৈত্য তারে জানি ॥ ৯ ॥

প্রভুর সন্ন্যাসলীলার হেতু ঃ—

'মোরে না মানিলে সব লোক হবে নাশ ।'
ইথি লাগি' কৃপার্দ্র প্রভু করিল সন্ন্যাস ॥ ১০ ॥
সন্ন্যাসি-বুদ্ধ্যে মোরে করিবে নমস্কার ।
তথাপি খণ্ডিবে দুঃখ, পাইবে নিস্তার ॥ ১১ ॥

মহাবদান্য গৌরে অভক্তি—আসুর-বৃত্তি ঃ—

হেন কৃপাময় চৈতন্য না ভজে যেই জন ।
সর্ব্বোত্তম হইলেও তারে অসুরে গণন ॥ ১২ ॥

গৌর-নিত্যানন্দের ভজননিমিত্ত সকলকে কবিরাজ গোস্বামীর সনির্ব্বন্ধ অনুরোধ ঃ—

অতএব পুনঃ কহোঁ ঊর্দ্ধবাহু হঞা ।
চৈতন্য-নিত্যানন্দ ভজ কুতর্ক ছাড়িয়া ॥ ১৩ ॥

প্রত্যক্ষ ও অনুমানবাদী তার্কিককেও উপদেশ ঃ—

যদি বা তার্কিক কহে,—'তর্ক সে প্রমাণ ।
তর্কশাস্ত্রে সিদ্ধ যেই, সেই সেব্যমান ॥' ১৪ ॥

গৌরের দয়া সমস্ত দয়া অপেক্ষা অধিকতর চমৎকার ঃ—

শ্রীকৃষ্ণচৈতন্য-দয়া করহ বিচার ।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার ॥ ১৫ ॥

অপরাধ থাকিলে অসংখ্যবার কৃষ্ণের শ্রবণ-কীর্ত্তন বৃথা ঃ—

বহু জন্ম করে যদি শ্রবণ, কীর্ত্তন ।
তবু ত' না পায় কৃষ্ণপদে প্রেমধন ॥ ১৬ ॥

অনুভাষ্য

৯। যেরূপ বিষ্ণুপরতত্ত্ব স্বয়ংরূপ শ্রীকৃষ্ণের ভজন পরিত্যাগ করিয়া তাঁহার প্রতি বিদ্বেষ বা ঔদাসীন্যবশতঃ জরাসন্ধাদির বেদমন্ত্রে বিষ্ণুপূজাও আসুর-ধর্ম্মেই পর্য্যবসিত হইয়াছিল, তদ্রূপ অণুচিদ্ধর্ম্ম বা চৈতন্যদাস্য বিস্মৃত হইয়া জীবের যে বিষ্ণুপূজার চেষ্টা, উহাও উৎপাতময় আসুর-ধর্ম্ম বা অবৈষ্ণবতা মাত্র।

১১। শ্রীচৈতন্যচন্দ্র শ্রীরাধাকৃষ্ণতত্ত্ব হইতে অভিন্ন বস্তু। যে-সকল লোক অজ্ঞতাবশতঃ নিজ নিজ ভোগময় জড়াসক্তির সহিত শ্রীগৌরসুন্দরের লীলাসমূহকে তুল্য মনে করিয়া তাঁহাকে বুঝিতে অক্ষম হইয়াছিল, তাহাদের অসুবিধা চিন্তা করিয়া শ্রীগৌরহরি স্বয়ং লোকচক্ষে যতিধর্ম্ম গ্রহণপূর্ব্বক নির্ব্বোধ জনগণের প্রতি দয়া প্রকাশ করিলেন।

১২। "জীব কেবলমাত্র কৃষ্ণভজন কর"—শ্রীচৈতন্যচন্দ্রের এতাদৃশ দয়া উপলব্ধি করিতেও যাহারা অক্ষম, তাহারা যতই কেন জগতে শ্রেষ্ঠ বলিয়া বিষয়িগণের আদরের বস্তু হউক না, নিশ্চয়ই অসুর অর্থাৎ বিষ্ণুভক্তি-রহিত অবৈষ্ণব। কৃষ্ণভজন ত্যাগ করিয়া চৈতন্য-ভজনে শ্রীচৈতন্যের দয়া নাই—সেই ভজন কলিজাত কাল্পনিক। তদ্রূপ নিরীশ্বর স্মার্ত্ত বা পঞ্চোপাসক-সমাজের অনুগমনে ক্ষুদ্র নশ্বর স্বার্থসিদ্ধির জন্য বিষ্ণুপূজা-প্রয়াসকারীর কৃষ্ণ-চৈতন্যাত্মক ষট্‌তত্ত্বের একটী পরিত্যাগ করিয়া অন্য একটীর প্রতি শ্রদ্ধা বা পূজা, অথবা কৃষ্ণচৈতন্যপ্রভুকে সামান্য মর্ত্ত্যজীবশ্রেষ্ঠ জ্ঞানে কৃষ্ণের সহিত ভেদবুদ্ধিতে গৌরনাম, গৌরমন্ত্র ও গৌরশক্তির প্রতি যে অশ্রদ্ধা, তাহাও আসুরধর্ম্ম অর্থাৎ তত্ত্ববিরুদ্ধ কলিজাত কল্পনামাত্র।

১৪-১৫। মানবগণ নিজ নিজ ভোগময়ী সঙ্কীর্ণ-বুদ্ধিবলে দয়ার এক একটী আদর্শ কল্পনা করেন ; পরন্তু শ্রীচৈতন্যচন্দ্রের দয়া সেই প্রকার নহে।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬। দশবিধ নামাপরাধযুক্ত পুরুষ যদিও বহুজন্ম শ্রবণ ও কীর্ত্তন করেন, তথাপি কৃষ্ণপদে প্রেমধন লাভ করেন না।

অনুভাষ্য

তর্কশাস্ত্র পাঠ করিয়া মানবের ধারণা হয় যে, তর্কের তুল্য স্বরূপনির্দ্ধারণ ও সত্যোদ্ঘাটনে সামর্থ্যবিশিষ্ট অন্য কোন বৃত্তি নাই ; সুতরাং তর্কের হস্তে পড়িয়া জীবের তর্কই একমাত্র পৃষ্ঠপোষক ও পালকের স্থান অধিকার করে ; কিন্তু যে ভিত্তির উপর তর্ক প্রতিষ্ঠিত, তাহার সূক্ষ্ম আলোচনা করিলে বুদ্ধিমান্ জীব জানিতে পারেন যে, তাঁহার লৌকিক জ্ঞানেন্দ্রিয়সমূহ ভগবদ্বিষয়ের অনুধাবন করিতে কত দুর্ব্বল, কতদূর অক্ষম ও অভাববিশিষ্ট! অনেকসময় সে অসত্যকেই তর্কসিদ্ধ সত্য বলিয়া স্থির করে মাত্র ; তজ্জন্য (পরিণামে) কুতর্কফলে তাহার শৃগালযোনি লাভ ঘটে।

তাহা সত্ত্বেও যাঁহারা প্রধানতঃ প্রত্যক্ষ ও অনুমানকেই ভিত্তি বা সম্বল করিয়া বিষয়ের যাথার্থ-নির্দ্ধারণে প্রস্তুত, তাঁহাদিগকেও কবিরাজ গোস্বামী সম্বোধন করিয়া বলিতেছেন যে, যাঁহাদের দৃষ্টি আছে, বিচার-শক্তি আছে, যাঁহারা সর্ব্ববিধ দয়ার যাবতীয় চিত্র অনুভব করিয়াছেন বা দেখিবার সামর্থ্য ও সুযোগ লাভ করিয়াছেন, তাঁহারা সকলপ্রকার দয়ার তালিকা করিয়া শ্রীগৌরহরির দয়ার সহিত তুলনা করিলে জানিতে পারিবেন যে, শ্রীগৌরহরির দয়া কোন সৃষ্টবস্তুতে বা সৃষ্টিকর্ত্তাতে বা অবতারাবলীতে বা অবতারীর মধ্যেও (কৃষ্ণেও) নাই। উদার-বিগ্রহ গৌরহরির দয়া অবশ্যই সর্ব্বাপেক্ষা অধিক বিস্ময় ও চমৎকারিতা আনয়ন করে।

১৬। শ্রীচৈতন্যচরণ আশ্রয় না করিয়া যদি কেহ শ্রবণ-

কৃষ্ণে প্রেমভক্তি—সুদুর্ল্লভা ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।১।৩৬)-ধৃত তন্ত্রবচন—

জ্ঞানতঃ সুলভা মুক্তির্ভুক্তির্যজ্ঞাদিপুণ্যতঃ ।
সেয়ং সাধনসাহস্রৈর্হরিভক্তিঃ সুদুর্ল্লভা ॥ ১৭ ॥

জীবের ভাব ও রতির পূর্ব্ব পর্য্যন্তই কৃষ্ণের মুক্তিপ্রদান, রতি দেখিলে প্রেমভক্তিপ্রদান ঃ—

কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভুক্তি মুক্তি দিয়া ।
কভু ভক্তি না দেন রাখেন লুকাইয়া ॥ ১৮ ॥

কৃষ্ণের সহিত রস-সম্বন্ধ না হইলে মুক্তিমাত্র-লাভ ঃ—

শ্রীমদ্ভাগবত (৫।৬।১৮)—

রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ ক্ব চ কিঙ্করো বঃ ।
অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্ মুকুন্দো
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম্ ॥ ১৯ ॥

কিন্তু উদারবিগ্রহ গৌরসুন্দরের আ-পামরে প্রেমভক্তি প্রদান-লীলা ঃ—

হেন প্রেম শ্রীচৈতন্য দিলা যথা তথা ।
জগাই মাধাই পর্য্যন্ত—অন্যের কা কথা ॥ ২০ ॥
স্বতন্ত্র ঈশ্বর প্রেম—নিগূঢ়-ভাণ্ডার ।
বিলাইল যারে তারে, না কৈল বিচার ॥ ২১ ॥

গৌর-নিতাইর সেবাতেই কৃষ্ণপ্রেমোদয় ঃ—

অদ্যাপিহ দেখ চৈতন্য-নাম যেই লয় ।
কৃষ্ণপ্রেমে পুলকাশ্রু-বিহ্বল সে হয় ॥ ২২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭। জ্ঞানচেষ্টাদ্বারা সহজে মুক্তি হয়, যজ্ঞাদিপুণ্যদ্বারা স্বর্গভোগাদি সুলভ হয় ; কিন্তু সহস্র সহস্র সাধন করিলেও সহজে হরিভক্তি লাভ হয় না। তাৎপর্য্য এই যে, সাধনের সহিত আরও কিছু প্রক্রিয়া (শুদ্ধভক্তের দাস্য ও সম্বন্ধ-জ্ঞান) আছে, তাহা অবলম্বন করিলে হরিভক্তি লাভ হয়।

১৮। ভক্তগণ যদি ভুক্তি-মুক্তি আশা করেন, কৃষ্ণ শুদ্ধভক্তি-তত্ত্বকে লুক্কায়িত রাখিয়া তাঁহাদিগকে ভুক্তি-মুক্তি দিয়া অবসর লাভ করেন। 'ছুটে'—ছাড়িয়া যান।

অনুভাষ্য

কীর্ত্তনাখ্যা ভক্তি আশ্রয় করেন, তাহা হইলে বহুজন্মেও তাঁহার কৃষ্ণপ্রেমপ্রাপ্তির সম্ভাবনা নাই। শ্রীচৈতন্যচন্দ্রের শিক্ষানুসারে যাঁহারা তৃণ হইতেও সুনীচ, তরু অপেক্ষাও সহ্যগুণবিশিষ্ট, স্বয়ং অমানী হইয়া অপরকে মান দিয়া কোনপ্রকার প্রাকৃত অভিমানে ব্যস্ত হন না, তাঁহারা দশাপরাধের হস্ত হইতে মুক্ত হইয়া কৃষ্ণনাম অনুক্ষণ গ্রহণ করিতে সমর্থ হন ও প্রেমলাভ করেন।

তাৎপর্য্য এই যে, জীব—কৃষ্ণসেবাবিমুখ। জড়েন্দ্রিয়ের তৃপ্তি বা নশ্বর স্বার্থের সিদ্ধির নিমিত্ত জড়েন্দ্রিয়গ্রাহ্য বস্তুবিশেষের সংজ্ঞা বা সাধারণ জড়ীয় অক্ষরের ন্যায় বাচক ও বাচ্যরূপ কৃষ্ণনাম ও নামি-কৃষ্ণের মধ্যে ভেদবুদ্ধি স্থাপনপূর্ব্বক আপনাকে শ্রীনামপ্রভুর নিত্যদাস না জানিয়া অসংখ্যবার অপরাধযুক্ত নামাদির উচ্চারণ করিলেও শুদ্ধ-সাধনভক্তি-লভ্য কৃষ্ণপ্রেমা লাভ করিতে পারিবে না। হঃ ভঃ বিঃ ১১শ বিঃ, ২৮৯ শ্লোক-ধৃত পাদ্মবচন—"নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা, শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যম্। তচ্চেদ্দেহদ্রবিণ-জনতা-লোভ-পাষণ্ড-মধ্যে, নিক্ষিপ্তং স্যান্ন ফলজনকং শীঘ্রমেবাত্র বিপ্র।।' ভঃ রঃ সিঃ পূর্ব্ব ২য় লঃ—"অতঃ

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯। নারদ কহিলেন,—হে বৎস যুধিষ্ঠির! ভগবান্ কৃষ্ণচন্দ্র তোমাদের ও যদুদের সম্বন্ধে কখনও পতি, গুরু, দেবতা, প্রিয়-বন্ধু, কুলপতি, কখনও বা কিঙ্করও হন। এস্থলে ইহাই জ্ঞাতব্য যে, ভজনশীল লোকদিগকে মুকুন্দ সহজে 'মুক্তি' দান করেন ; কিন্তু ভজনে যাঁহার কোনপ্রকার নিষ্ঠাচাতুর্য্য আছে, তাহা দেখিলে সেই ভক্তকে 'ভক্তিযোগ' দেন।

২১-২২। শ্রীচৈতন্য-অবতারের এই এক আশ্চর্য্য বিশেষ যে, যে কেহ তাঁহার নিকটস্থ হইবে, তাঁহাকে পাত্রাপাত্র বিচার না করিয়াই নিগূঢ় প্রেমভাণ্ডার দিয়া থাকেন, যেহেতু তিনি স্বতন্ত্র ঈশ্বর। আরও দেখ, চৈতন্যচন্দ্র জগদ্গুরুরূপে অবতীর্ণ হইয়াছেন। অপরাধী হউক্ বা নিরপরাধই হউক্, হে গৌরাঙ্গ! হে কৃষ্ণচৈতন্য!' বলিয়া যে শরণাগত হইয়া তাঁহাকে আহ্বান করে, কৃষ্ণপ্রেমের পুলকাশ্রুতে সে বিহ্বল হইয়া পড়ে।

অনুভাষ্য

শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ।।"

১৭। জ্ঞানতঃ (স্বরূপজ্ঞানেন) [কর্ম্মবন্ধাৎ] মুক্তিঃ, যজ্ঞাদি-পুণ্যতঃ (যজ্ঞেশ্বর-সেবাজনিত-সৌভাগ্যেন) ভুক্তিঃ সুলভা চ। সাধনসাহস্রৈঃ (অন্যাভিলাষিতাযুক্তৈঃ কর্ম্মজ্ঞানাদ্যাবৃতৈঃ প্রচুর-সাধনৈঃ) সা ইয়ং হরিভক্তিঃ সুদুর্ল্লভা।

১৯। ঋষভদেবের চরিত্র বর্ণন-প্রসঙ্গে পরীক্ষিতের প্রতি শুকদেবের বাক্য,—

হে রাজন্, ভগবান্ মুকুন্দঃ (শ্রীকৃষ্ণঃ) ভবতাং (পাণ্ডবানাং) যদূনাং চ পতিঃ (অধীশ্বরঃ পালকঃ), গুরুঃ (উপদেষ্টা), দৈবং (উপাস্যবিগ্রহঃ), প্রিয়ঃ (আত্মা), কুলপতিঃ ; ক্ব চ (কদাচিৎ দৌত্যাদিষু) বঃ (যুষ্মাকং পাণ্ডবানাং) কিঙ্করঃ (আজ্ঞাবহঃ) চ। হে অঙ্গ, এবম্ অস্তু, [তথাপি স ভগবান্] ভজতাং (জনানাং,

নিত্যানন্দ বলিতে হয় কৃষ্ণপ্রেমোদয় ।
আউলায় সকল অঙ্গ, অশ্রু-গঙ্গা বয় ॥ ২৩ ॥

অপরাধ-সত্ত্বে মুক্তকুলের উপাস্য শ্রীকৃষ্ণনামের উদয়াভাব ঃ—

'কৃষ্ণনাম' করে অপরাধের বিচার ।
কৃষ্ণ বলিলে অপরাধীর না হয় বিকার ॥ ২৪ ॥

অপরাধীর পাষাণ-হৃদয়ে ভাব শুদ্ধ নহে, কৃত্রিম মাত্র ঃ—

শ্রীমদ্ভাগবত (২।৩।২৪)—

তদশ্মসারং হৃদয়ং বতেদং, যদ্‌গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো, নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥২৫॥

স্বপ্রকাশ নামপ্রভুর জিহ্বায় উদিত হইয়া কৃষ্ণপ্রেম-প্রদান ঃ—

এক 'কৃষ্ণনামে' করে সর্ব্বপাপ নাশ ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ ॥ ২৬ ॥

শুদ্ধনামের ফল কৃষ্ণপ্রেমার লক্ষণ ঃ—

প্রেমের উদয়ে হয় প্রেমের বিকার ।
স্বেদ-কম্প-পুলকাদি গদ্গদাশ্রুধার ॥ ২৭ ॥
অনায়াসে ভবক্ষয়, কৃষ্ণের সেবন ।
এক কৃষ্ণনামের ফলে পাই এত ধন ॥ ২৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪। নামাপরাধ—যথা, পাদ্মে—(১) সতাং নিন্দা, (২) শ্রীবিষ্ণুসকাশাৎ শিবনামাদেঃ স্বাতন্ত্র্যমননম্, (৩) গুর্ব্ববজ্ঞা, (৪) শ্রুতি-তদনুযায়িশাস্ত্রনিন্দা, (৫) হরিনাম-মহিম্নি অর্থবাদমাত্র-মেতদিতি মননম্, (৬) তত্র প্রকারান্তরেণার্থকল্পনম্, (৭) নামবলেন পাপপ্রবৃত্তিঃ, (৮) অন্যশুভক্রিয়াভির্নাম্নাং সাম্যমননম্, (৯) অশ্রদ্দধানে বিমুখে চ নামোপদেশঃ, (১০) শ্রুতেঽপি নাম্নাং মাহাত্ম্যে তত্রাপ্রীতির্হি। (বিস্তৃত ব্যাখ্যা অনুভাষ্যে দেখ) এই দশটী অপরাধ থাকিলে কৃষ্ণ কৃপা করেন না। অপরাধী ব্যক্তির কৃষ্ণ-নামে প্রকৃত সাত্ত্বিক বিকারাদি হয় না।

অনুভাষ্য

সকামভক্তেভ্য ইতি যাবৎ) মুক্তিং দদাতি, কর্হিচিৎ (কদাপি) [তেভ্যঃ] ভক্তিযোগং ন দদাতি স্ম।

২০। জগাই-মাধাইর ন্যায় পাপিষ্ঠ ও দুর্নীতিপরায়ণ ব্যক্তিও গৌরকৃপা লাভ করিলে পাপ বা দুর্নীতি পরিত্যাগপূর্ব্বক কোন-দিন শ্রীকৃষ্ণপ্রেমা লাভ করিবেন।

২৪। দশ-নামাপরাধ-সম্বন্ধে মূল-শ্লোক—(১) "সতাং নিন্দা নাম্নঃ পরমপরাধং বিতনুতে, যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগর্হাম্। (২) শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদি-সকলং, ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ।। (৩) গুরোরবজ্ঞা (৪) শ্রুতিশাস্ত্রনিন্দনং (৫) তথার্থবাদো (৬) হরিনাম্নি কল্পনম্। (৭) নাম্নো বলাদ্ যস্য হি পাপবুদ্ধির্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ।। (৮) ধর্ম্ম-ব্রত-ত্যাগ-হুতাদি-সর্ব্বশুভক্রিয়া-সাম্যমপি প্রমাদঃ। (৯) অশ্রদ্দধানে বিমুখেঽপ্যশৃণ্বতি যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ।। (১০) শ্রুতেঽপি নাম-মাহাত্ম্যে যঃ প্রীতিরহিতো নরঃ। অহং-মমাদি-পরমো নাম্নি সোঽপ্যপরাধকৃৎ।।"

(১) সাধুবর্গের নিন্দা শ্রীনামের নিকট পরম অপরাধ বিস্তার করে ; যে-সকল নামপরায়ণ সাধু হইতে জগতে কৃষ্ণনাম-মহিমা প্রসিদ্ধি লাভ করেন (প্রচারিত হন), শ্রীনামপ্রভু সেইসকল সাধুগণের নিন্দা কি-প্রকারে সহ্য করিবেন? অতএব সাধুনিন্দা—

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫। হরিনাম গ্রহণ করিলে যাহার হৃদয়ে বিকার, নেত্রে জল ও গাত্রে রোমাঞ্চ না হয়, তাহার হৃদয় প্রস্তরময় অর্থাৎ কঠিন অপরাধদ্বারা তাহার হৃদয় কঠিন হইয়াছে, নামে গলিত হয় না।

২৬। প্রেমের উদয়কারী যে সাধনভক্তি, তাহা প্রকাশ করেন।

অনুভাষ্য

নামাপরাধ, (২) এই সংসারে মঙ্গলময় শ্রীবিষ্ণুর নাম, রূপ, গুণ ও লীলাদিতে যে ব্যক্তি বুদ্ধিদ্বারা পরস্পর ভেদ দর্শন করে, অর্থাৎ প্রাকৃত বস্তুর ন্যায় শ্রীবিষ্ণুর নাম, রূপ, গুণ ও লীলা নামী শ্রীবিষ্ণু হইতে ভিন্ন,—এইরূপ বুদ্ধি করে ; অথবা, শিবাদি দেবতাকে প্রতিদ্বন্দ্বিজ্ঞানে শ্রীবিষ্ণু হইতে স্বতন্ত্র বা অভিন্ন দর্শন করে, তাহার সেই নামের ছলে নামাপরাধ নিশ্চয়ই অহিতকর, (৩) নামতত্ত্ববিৎ গুরুকে প্রাকৃত ও মর্ত্ত্যবুদ্ধিমূলে অসূয়া, (৪) বেদ ও সাত্বত-পুরাণাদির নিন্দা, (৫) হরিনাম-মাহাত্ম্যকে অতি-স্তুতি, (৬) ভগবন্নাম-সমূহকে কল্পনা বলিয়া মনে করা নামাপরাধ, (৭) যাহার নামবলে পাপাচরণে বুদ্ধি হয়, বহু যম, বহু নিয়ম, ধ্যান ধারণাদি কৃত্রিম যোগ-প্রক্রিয়াদ্বারা সেই অপরাধীর নিশ্চয়ই শুদ্ধি হয় না, (৮) ধর্ম্ম, ব্রত, ত্যাগ, হোমাদি প্রাকৃত-শুভকর্ম্মের সহিত অপ্রাকৃত নাম-গ্রহণকে সমান বা তুল্য জ্ঞান করাও অনবধান বা প্রমাদ,—উহাও নামাপরাধ, (৯) শ্রদ্ধাহীন বা নামশ্রবণে বিমুখ ব্যক্তিকে যে উপদেশ দান, তাহা মঙ্গলময় শ্রীনামের নিকট অপরাধ ; (১০) যে ব্যক্তি নামের অদ্ভুত মাহাত্ম্য শুনিয়াও 'আমি' ও 'আমার' এইরূপ দেহাত্মবুদ্ধি-বিশিষ্ট হইয়া শ্রীনাম-গ্রহণ-শ্রবণে প্রীতি বা আদর প্রদর্শন করে না, সেও নামাপরাধী।

২৫। শ্রীসূতমুখে শ্রীশুক-পরীক্ষিৎ-সংবাদ শ্রবণ করিতে করিতে ঋষিগণ আরও অধিক শ্রবণ করিতে অভিলাষী হইয়া হরিকথাশ্রবণ-বিমুখ জনগণের গর্হণ-প্রসঙ্গে শ্রীসূতের প্রতি শৌনক-বাক্য,—

নামাপরাধীর অসংখ্যবার শ্রবণ-কীর্ত্তন নিরর্থক ঃ—

হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার ।
তবু যদি প্রেম নহে, নহে অশ্রুধার ॥ ২৯ ॥
তবে জানি, অপরাধ তাহাতে প্রচুর ।
কৃষ্ণনাম-বীজ তাহে না করে অঙ্কুর ॥ ৩০ ॥

গৌর-নিতাই বা তাঁহাদের নামে অপরাধের বিচার নাই ঃ—

চৈতন্য-নিত্যানন্দে নাহি এসব বিচার ।
নাম লৈতে প্রেম দেন, বহে অশ্রুধার ॥ ৩১ ॥

মহাবদান্য গৌরের ভজন ব্যতীত আর গতি নাই ঃ—

স্বতন্ত্র ঈশ্বর প্রভু অত্যন্ত উদার ।
তাঁরে না ভজিলে কভু না হয় নিস্তার ॥ ৩২ ॥

ব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত-শ্রবণেই জীবের চরম মঙ্গল ঃ—

ওরে মূঢ় লোক, শুন চৈতন্যমঙ্গল ।
চৈতন্য-মহিমা যাতে জানিবে সকল ॥ ৩৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১। যদি কেহ চৈতন্য-নিত্যানন্দকে শ্রদ্ধা করিয়া আশ্রয় করেন, তাহা হইলে তাঁহার ক্ষণকালেই পূর্ব্বাপরাধসকল মার্জ্জিত হয় এবং তাঁহার মুখে কৃষ্ণনামের উদয় হইতে হইতেই তিনি প্রেম দেন।

অনুভাষ্য

যৎ হৃদয়ং গৃহ্যমাণৈঃ (কীর্ত্যমানৈরপি) হরিনামধেয়ৈঃ ন বিক্রিয়েত, বত (অহো!) তৎ ইদং হৃদয়ং অশ্মসারং (নামাপরাধবশাৎ অশ্মবৎ পাষাণখণ্ডতুল্যঃ সারো যস্য তৎ, কঠিনমেব)। অথ যদা বিকারো ভবতি, [তদা] নেত্রে জলং (অশ্রু) গাত্ররুহেষু হর্ষঃ (রোমাঞ্চঃ) ভবতি। (অতিগম্ভীরাণাং মহাভাগবতানাং হরিনামভিঃ চিত্তদ্রবেঽপি বহিরশ্রুপুলকাদীনাম্ অদর্শনাৎ কৃত্রিমাভ্যাসানুকারপরাণাং পিচ্ছিলচিত্তানাং জড়ীয়-প্রতিষ্ঠাভিলাষিণাং সত্ত্বাভাসাদ্যভাবেঽপি বহিঃ কপটাশ্রুপুলকদয়ো দৃশ্যন্তে। অতএব বহুনামগ্রহণেঽপি কনিষ্ঠাধিকারিণাং বিষয়ভোগপ্রবণত্বাৎ কৃত্রিমচিত্তদ্রবভাবো নামাপরাধ-লিঙ্গমেবেতি সন্দর্ভঃ)।

শ্রীমদ্ভাগবতের গৌড়ীয়-ভাষ্যে শ্রীল বিশ্বনাথ-চক্রবর্ত্তি-টীকা, তথ্য ও বিবৃতি দ্রষ্টব্য।

৩১। শ্রীচৈতন্য-নিত্যানন্দাশ্রিত জন "তৃণাদপি" শ্লোকানুসারে নিষ্কপট হইয়া শুদ্ধনামগ্রহণ করিলেই তাঁহাদের প্রেমাশ্রুপাত হইতে দেখা যায়।

কৃষ্ণনাম অপরাধের বিচার করেন, গৌর-নিত্যানন্দের নামে অপরাধের বিচার নাই। অপরাধী কৃষ্ণনাম গ্রহণ করিলে কখনই নাম-ফল (কৃষ্ণপ্রেমা) লাভ করেন না। গৌর-নিত্যানন্দের নামগ্রহণকারী অপরাধী থাকাকালেও নাম করিতে করিতে অপরাধমোচনান্তে নাম-ফল লাভ করেন। ইহার বিচার ও সিদ্ধান্ত এই যে,—গৌরনিত্যানন্দের নিকট কৃষ্ণবিমুখ সাধক কৃষ্ণোন্মুখ হইবার জন্য গমন করেন। আর সাধনসিদ্ধ, অনর্থমুক্ত কৃষ্ণোন্মুখের উচ্চার্য্য কৃষ্ণনাম অনর্থযুক্ত অবস্থায় কখনই ফল (কৃষ্ণপ্রেমা) প্রদান করে না। গৌর-নিত্যানন্দ অনর্থযুক্ত জীবেরও সেব্যবস্তু হওয়ায় তাঁহাদের সেবা ভাগ্যহীন জীবের কৃষ্ণসেবা অপেক্ষা অধিকতর প্রয়োজনীয়। সাধক শিক্ষার অপ্রাপ্তিতে সিদ্ধাভিমানে কৃষ্ণনামের সেবা করিতে উদ্যত হইলে তাহার অনর্থই আসিয়া উপস্থিত হয় ; কিন্তু নিতাই-গৌরের ভজনে সিদ্ধাভিমানের ছলনা না রাখিয়া অনর্থযুক্ত অবস্থায়ও জগদ্গুরু শিক্ষকদ্বয়ের নিকট উপস্থিত হইলে তাঁহারা তাহাদিগকে অনর্থমুক্ত করাইয়া তাঁহাদিগের স্বয়ংরূপ ও স্বয়ংপ্রকাশের স্বরূপ উপলব্ধি করান। তাহাতেই জীবের স্বরূপজ্ঞানের উদয় হয়।

কৃষ্ণনাম ও গৌরনাম,—উভয়ই নামীর সহিত অভিন্ন। কৃষ্ণকে গৌর অপেক্ষা লঘু বা সঙ্কীর্ণ বলিয়া জানিলে, উহাকে অবিদ্যার কার্য্য বলিয়া জানিতে হইবে। প্রকৃতপক্ষে জীবের প্রয়োজন-বিচারে শ্রীগৌর-নিত্যানন্দের নাম গ্রহণের উপযোগিতা অধিকতর। শ্রীগৌরনিত্যানন্দ উদার এবং ঔদার্য্যের অভ্যন্তরে মধুর। কৃষ্ণের উদারতা—কেবল মুক্ত, সিদ্ধ ও আশ্রিতজনগণের উপর ; গৌর-নিত্যানন্দের ঔদার্য্য-স্রোতে অনর্থযুক্ত অপরাধী জীব ভোগময় অপরাধের হস্ত হইতে মুক্ত হইয়া গৌর-কৃষ্ণের পাদপদ্ম লাভ করেন।

৩২। 'শ্রীচৈতন্যভজন' বলিতে কৃষ্ণ ত্যাগ করিয়া রাধা-কৃষ্ণেতর গৌর-ভজন বুঝায় না। তাদৃশ কল্পিত ভজনরূপ মায়ার দাস্যে কৃষ্ণপ্রেম-মাধুর্য্যের অবস্থিতি নাই। শ্রীচৈতন্যের অতিপ্রিয় নিজজন শ্রীস্বরূপ-রূপ-রঘুনাথাদি-আচার্য্যগণকে উল্লঙ্ঘন করিয়া যাহারা কাল্পনিক চেষ্টাদ্বারা গৌরভজন হইল, মনে করে, তাহাদের কখনই নিস্তার হয় না। তাহাদের মায়াকল্পিত দৌরাত্ম্যগুলি রাধা-কৃষ্ণাভিন্ন শ্রীগৌরাঙ্গ-কলেবরে নিযুক্ত হইলে মহাপরাধ ও তৎ-

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৩। চৈতন্যমঙ্গল—বর্দ্ধমান জেলায়, মন্ত্রেশ্বর থানার অন্তর্গত দেনুড় গ্রামনিবাসী শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের 'চৈতন্য-ভাগবত'। ঐ গ্রন্থের পূর্ব্বে 'চৈতন্যমঙ্গল' নাম ছিল। লোচনদাস ঠাকুর নিজকৃত 'চৈতন্যমঙ্গল' গান আরম্ভ করিলে বৃন্দাবনদাস ঠাকুর নিজ গ্রন্থের নাম পরিবর্ত্তন করিলেন—এরূপ প্রসিদ্ধি আছে।

অনুভাষ্য

কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস ।
চৈতন্য-লীলার ব্যাস—বৃন্দাবন-দাস ॥ ৩৪ ॥
বৃন্দাবন-দাস কৈল 'চৈতন্যমঙ্গল' ।
যাঁহার শ্রবণে নাশে সর্ব্ব-অমঙ্গল ॥ ৩৫ ॥

চৈতন্যভাগবত—গৌর-নিতাই-মহিমা ও ভক্তিসিদ্ধান্তের খনি ঃ—

চৈতন্য-নিতাইর যাতে জানিয়ে মহিমা ।
যাতে জানি কৃষ্ণভক্তি-সিদ্ধান্তের সীমা ॥ ৩৬ ॥
ভাগবতে যত ভক্তিসিদ্ধান্তের সার ।
লিখিয়াছেন ইঁহা জানি' করিয়া উদ্ধার ॥ ৩৭ ॥

চৈতন্যভাগবত-শ্রবণে দুর্জ্জনেরও সজ্জনত্ব ঃ—

চৈতন্যমঙ্গল শুনে যদি পাষণ্ডী, যবন ।
সেহ মহাবৈষ্ণব হয় ততক্ষণ ॥ ৩৮ ॥

উহার অলৌকিক রচনা ঃ—

মনুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্য ।
বৃন্দাবন-দাস মুখে বক্তা শ্রীচৈতন্য ॥ ৩৯ ॥

একটী গ্রন্থদ্বারাই জগদুদ্ধার ঃ—

বৃন্দাবনদাস-পদে কোটি নমস্কার ।
ঐছে গ্রন্থ করি' তেঁহো তারিলা সংসার ॥ ৪০ ॥

প্রভুর কৃপাপাত্রী নারায়ণীর সুত—শ্রীবৃন্দাবনদাস ঃ—

নারায়ণী—চৈতন্যের উচ্ছিষ্ট-ভাজন ।
তাঁর গর্ভে জন্মিলা শ্রীদাস-বৃন্দাবন ॥ ৪১ ॥

গৌরচরিত্র-বর্ণনদ্বারা তাঁহার জগদুদ্ধার ঃ—

তাঁর কি অদ্ভুত চৈতন্যচরিত-বর্ণন ।
যাহার শ্রবণে শুদ্ধ কৈল ত্রিভুবন ॥ ৪২ ॥

নিতাই-গৌর-ভজনেই মঙ্গল, জীবকে তজ্জন্য অনুরোধ ঃ—

অতএব ভজ, লোক, চৈতন্য-নিত্যানন্দ ।
খণ্ডিবে সংসার-দুঃখ, পাবে প্রেমানন্দ ॥ ৪৩ ॥

ঠাকুর বৃন্দাবনের প্রথমে সূত্রাকারে, পরে বিস্তৃতভাবে গৌরলীলা-বর্ণন ঃ—

বৃন্দাবন-দাস কৈল 'চৈতন্যমঙ্গল' ।
তাহাতে চৈতন্য-লীলা বর্ণিল সকল ॥ ৪৪ ॥
সূত্র করি' সব লীলা করিল গ্রন্থন ।
পাছে বিস্তারিয়া তাহার কৈল বিবরণ ॥ ৪৫ ॥
চৈতন্যচন্দ্রের লীলা অনন্ত অপার ।
বর্ণিতে বর্ণিতে গ্রন্থ হইল বিস্তার ॥ ৪৬ ॥

কিন্তু গ্রন্থবিস্তার-ভয়ে সূত্রের বিস্তারে অনিচ্ছা ঃ—

বিস্তার দেখিয়া কিছু সঙ্কোচ হৈল মন ।
সূত্রধৃত কোন লীলা না কৈল বর্ণন ॥ ৪৭ ॥

নিতাইর লীলা-বর্ণনে আবেশ হওয়ায় গৌরের শেষলীলার অসম্পূর্ণ বর্ণনা ঃ—

নিত্যানন্দ-লীলা-বর্ণনে হইল আবেশ ।
চৈতন্যের শেষ-লীলা রহিল অবশেষ ॥ ৪৮ ॥

গৌরের শেষলীলা শুনিতে বৃন্দাবনবাসীর ইচ্ছা ঃ—

সেই সব লীলার শুনিতে বিবরণ ।
বৃন্দাবনবাসী ভক্তের উৎকণ্ঠিত মন ॥ ৪৯ ॥

কল্পবৃক্ষতলে রত্নসিংহাসনে শ্রীগোবিন্দের সেবা-বর্ণন ঃ—

বৃন্দাবনে কল্পদ্রুমে সুবর্ণ-সদন ।
মহা-যোগপীঠ তাঁহা, রত্ন-সিংহাসন ॥ ৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪১। নারায়ণী—শ্রীবাস পণ্ডিতের ভ্রাতৃকন্যা। তিনি শিশু-কালে মহাপ্রভুর কীর্ত্তনান্তে ভোজন-উচ্ছিষ্ট প্রাপ্ত হইতেন।

অনুভাষ্য

ফলে নরকগতি দ্রুত বাড়িয়া যায়। তখন তাহারা রাধাকৃষ্ণ-সেবা-পরায়ণ ভক্তগণের দোষোদ্ঘাটন করিতে গিয়া শ্রীরূপাদি আচার্য্য-চরণে অপরাধ করে এবং প্রকাশ করে যে,—শ্রীগৌরাঙ্গকে তাহারা মুখে 'অবতারী' বলিয়া অন্যান্য নৈমিত্তিক-মনোধর্ম্ম প্রচারকের ন্যায় কেবল একজন সাধু বলিয়া মনে করে।

৩৪। শ্রীবৃন্দাবনদাস—ভাষ্যকার-সম্পাদিত শ্রীচৈতন্য-ভাগবতের ভূমিকায় "ঠাকুরের জীবনী" দ্রষ্টব্য।

৩৬। শ্রীমদ্ভাগবত ভক্তিসিদ্ধান্তের আকর-গ্রন্থ, কিন্তু উহা সুবিস্তৃত বলিয়া তাহার সারাংশ অনেকে গ্রহণ করিতে অসমর্থ হন। শ্রীবৃন্দাবনদাস ঠাকুর সেই সারাংশ স্ব-রচিত 'শ্রীচৈতন্য-ভাগবত' গ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন। কৃষ্ণভক্তি-সিদ্ধান্তবিদ্গণই শ্রীনিতাই-গৌরের মহিমা সুষ্ঠুরূপে জানিতে সমর্থ। ভক্তিসিদ্ধান্ত ব্যতীত যে ভক্তিদেবী সেবিত হইতে পারেন না, ইহাই সকল ভক্তিগ্রন্থ তারস্বরে বলিয়াছেন।

৪১। শ্রীনারায়ণীদেবী সম্বন্ধে শ্রীকবিকর্ণপূর শ্রীগৌর-গণোদ্দেশদীপিকায় লিখিয়াছেন,—"অম্বিকায়াঃ স্বসা যাসীন্নাম্না শ্রীল-কিলিম্বিকা। কৃষ্ণোচ্ছিষ্টং প্রভুঞ্জানা সেয়ং নারায়ণী মতা।।" শ্রীকৃষ্ণের স্তন্যদাত্রী—'অম্বিকা", তাঁহার ভগিনী—'কিলিম্বিকা'। তিনি কৃষ্ণের উচ্ছিষ্ট ভোজন করিতেন। ইনিই শ্রীগৌরাবতারে 'নারায়ণী দেবী'।

শ্রীবাসের ভ্রাতুষ্পুত্রী নারায়ণীর গর্ভজাত সন্তানই ঠাকুর শ্রীবৃন্দাবন। জননী-ঠাকুরাণী শ্রীগৌরসুন্দরের বিঘসাশী বা কৃপাপাত্রী। তাঁহার পরিচয়েই ঠাকুর মহাশয় পরিচিত, সুতরাং পূর্ব্বপুরুষের পরিচয় বৈষ্ণবের পরিচয়ে আবশ্যক নহে বলিয়া উহা পরিত্যক্ত হইয়াছে।

তাতে বসি' আছে সদা ব্রজেন্দ্রনন্দন ।
'শ্রীগোবিন্দ-দেব' নাম সাক্ষাৎ মদন ॥ ৫১ ॥
রাজসেবা হয় তাঁহা বিচিত্র প্রকার ।
দিব্য সামগ্রী, দিব্য বস্ত্র, অলঙ্কার ॥ ৫২ ॥
সহস্র সেবক সেবা করে অনুক্ষণ ।
সহস্র-বদনে সেবা না যায় বর্ণন ॥ ৫৩ ॥

তাঁহার সেবাধ্যক্ষ শ্রীহরিদাস পণ্ডিতের সদ্‌গুণ বর্ণন ঃ—

সেবার অধ্যক্ষ—শ্রীপণ্ডিত হরিদাস ।
তাঁর যশঃ-গুণ সর্ব্বজগতে প্রকাশ ॥ ৫৪ ॥
সুশীল, সহিষ্ণু, শান্ত, বদান্য, গম্ভীর ।
মধুর-বচন, মধুর-চেষ্টা, মহাধীর ॥ ৫৫ ॥
সবার সম্মান-কর্ত্তা, করেন সবার হিত ।
কৌটিল্য-মাৎসর্য্য-হিংসা শূন্য তাঁর চিত ॥ ৫৬ ॥
কৃষ্ণের যে সাধারণ সদ্‌গুণ পঞ্চাশ ।
সে-সব গুণের তাঁর শরীরে নিবাস ॥ ৫৭ ॥

শ্রীমদ্ভাগবত (৫।১৮।১২)—

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ ।
হরাবভক্তস্য কুতো মহদ্‌গুণা
মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ৫৮ ॥

পণ্ডিত হরিদাসের পরিচয় ও গুরুপরম্পরা ঃ—

পণ্ডিত-গোসাঞির শিষ্য—অনন্ত আচার্য্য ।
কৃষ্ণপ্রেমময়-তনু, উদার, সর্ব্ব-আর্য্য ॥ ৫৯ ॥
তাঁহার অনন্ত গুণ কে করু প্রকাশ ।
তাঁর প্রিয় শিষ্য ইঁহো—পণ্ডিত হরিদাস ॥ ৬০ ॥

তাঁহার নিতাই-গৌরে অনুরাগ ঃ—

চৈতন্য-নিত্যানন্দে তাঁর পরম বিশ্বাস ।
চৈতন্য-চরিতে তাঁর পরম উল্লাস ॥ ৬১ ॥

বৈষ্ণবে গাঢ় প্রীতি ঃ—

বৈষ্ণবের গুণগ্রাহী, না দেখয়ে দোষ ।
কায়মনোবাক্যে করে বৈষ্ণব-সন্তোষ ॥ ৬২ ॥

বৈষ্ণবসভায় তাঁহার চৈতন্যভাগবত পাঠ ঃ—

নিরন্তর শুনে তেঁহো 'চৈতন্যমঙ্গল' ।
তাঁহার প্রসাদে শুনেন বৈষ্ণবসকল ॥ ৬৩ ॥
কথায় সভা উজ্জ্বল করে, যেন পূর্ণচন্দ্র ।
নিজ-গুণামৃতে বাড়ায় বৈষ্ণব-আনন্দ ॥ ৬৪ ॥

গ্রন্থকারকে গৌরের শেষলীলা বর্ণিতে আদেশ ঃ—

তেঁহো অতি কৃপা করি' আজ্ঞা দিল মোরে ।
গৌরাঙ্গের শেষলীলা বর্ণিবার তরে ॥ ৬৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৭। কৃষ্ণের সাধারণ সদ্‌গুণ পঞ্চাশটী। "অয়ং নেতা সুরম্যাঙ্গঃ" ইত্যাদি (ভঃ রঃ সিঃ, দঃ বিঃ ১ল) ঐ পঞ্চাশৎগুণ বর্ণিত আছে।

অনুভাষ্য

৫৪। পণ্ডিত শ্রীহরিদাস—শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীর শিষ্য শ্রীঅনন্তাচার্য্যই ইঁহার শ্রীগুরুদেব। পরবর্ত্তী ৫৯-৬৫ সংখ্যা ও অনুভাষ্য দ্রষ্টব্য।

৫৮। পরমভক্ত প্রহ্লাদের গুণ বর্ণন করিতে গিয়া শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিৎকে বলিতেছেন,—

যস্য (ভক্তস্য) ভগবতি (শ্রীবিষ্ণৌ) অকিঞ্চনা (নিষ্কামা) ভক্তিঃ (আনুকূল্যেন সেবনপ্রবৃত্তিঃ) অস্তি (বিদ্যতে), তত্র (তস্মিন্ ভক্তে) সুরাঃ (সর্ব্বে দেবাঃ) সর্ব্বৈঃ গুণৈঃ (নিখিল-সদ্‌গুণ-রাশিভিঃ সহ) সমাসতে (সম্যগ্ আসতে নিত্যং বসন্তি)। অসতি (অনিত্য বিষয়সুখে) মনোরথেন (মনোধর্ম্মেণ) বহিঃ ধাবতঃ (ভোগ-প্রবৃত্তস্য) হরৌ অভক্তস্য (অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞান-যোগপন্থিনঃ, অতঃ গৃহাদ্যাসক্তস্য জনস্য হরিভক্ত্যসম্ভবাৎ) কুতঃ মহদ্‌গুণাঃ (মহতাং গুণাঃ জ্ঞানবৈরাগ্যাদয়ঃ, শ্রেষ্ঠসদ্‌গুণরাশয়ঃ বা ভবন্তি ইতি শেষঃ)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৮। শ্রীকৃষ্ণে যাঁহার কেবলা ভক্তি, সমস্তগুণসহিত দেবতাবর্গ তাঁহাতে অবস্থিত। যিনি হরিভক্তিবিহীন, তাঁহার মন সর্ব্বদা অসৎ বহির্বিষয়ে ধাবিত হয়, তাঁহার পক্ষে মহদ্‌গুণ-সকল অসম্ভব।

৫৯। পণ্ডিত গোসাঞি—শ্রীগদাধর পণ্ডিত।

অনুভাষ্য

৫৯-৬০। অষ্টসখীর অন্যতমা 'সুদেবী সখী' গৌরাবতারে (১) শ্রীঅনন্তাচার্য্য ; যথা, গৌরগণোদ্দেশে ১৬৫ শ্লোক—"অনন্তাচার্য্য-গোস্বামী যা সুদেবী পুরা ব্রজে।" শ্রীপুরুষোত্তমের প্রসিদ্ধ 'গঙ্গামাতা মঠ'—ইঁহারই শাখাবিশেষ। তাঁহাদের গুরুপরম্পরায় ইনি 'বিনোদ-মঞ্জরী' বলিয়া উক্ত আছেন। (২) ইঁহার শিষ্য শ্রীহরিদাস পণ্ডিত গোস্বামী, নামান্তর, 'শ্রীরঘু গোপাল'—শ্রীরাসমঞ্জরী। তাঁহার শিষ্যা—(৩) শ্রীলক্ষ্মীপ্রিয়া (গঙ্গামাতার মাতুলানী)। (৪) শ্রীগঙ্গামাতা—পুটিয়া রাজকন্যা; ইনি জয়পুরের কৃষ্ণমিশ্রের নিকট হইতে 'শ্রীরসিকরায়' বিগ্রহ আনিয়া পুরুষোত্তমে সার্ব্বভৌমের গৃহে তাঁহার সেবা প্রকাশ করেন। (৫) শ্রীবনমালী, (৬) শ্রীভগবান্‌দাস (বঙ্গবাসী), (৭) শ্রীমধুসূদনদাস (উৎকলবাসী), (৮) শ্রীনীলাম্বরদাস, (৯)

ঐরূপ আদেশকারী অপর ভক্তগণের পরিচয় ঃ—

কাশীশ্বর গোসাঞির শিষ্য—গোবিন্দ গোসাঞি ।
গোবিন্দের প্রিয়সেবক তাঁর সম নাঞি ॥ ৬৬ ॥
যাদবাচার্য্য গোসাঞি শ্রীরূপের সঙ্গী ।
চৈতন্যচরিতে তেঁহো অতি বড় রঙ্গী ॥ ৬৭ ॥
পণ্ডিত-গোসাঞির শিষ্য—ভূগর্ভ গোসাঞি ।
গৌরকথা বিনা তাঁর মুখে অন্য নাই ॥ ৬৮ ॥
তাঁর শিষ্য—গোবিন্দ-পূজক চৈতন্যদাস ।
মুকুন্দানন্দ চক্রবর্ত্তী, প্রেমী কৃষ্ণদাস ॥ ৬৯ ॥
আচার্য্য গোসাঞির শিষ্য—চক্রবর্ত্তী শিবানন্দ ।
নিরবধি তাঁর চিত্তে শ্রীচৈতন্যানন্দ ॥ ৭০ ॥
আর যত বৃন্দাবনে বৈসে ভক্তগণ ।
শেষ-লীলা শুনিতে সবার হৈল মন ॥ ৭১ ॥
মোরে আজ্ঞা করিলা সবে করুণা করিয়া ।
তাঁ-সবার বোলে লিখি নির্লজ্জ হইয়া ॥ ৭২ ॥

বৈষ্ণবাদেশে সসম্ভ্রমে শ্রীমদনগোপালের আজ্ঞা-যাচ্ঞা ঃ—

বৈষ্ণবের আজ্ঞা পাঞা চিন্তিত-অন্তরে ।
মদনগোপালে গেলাঙ আজ্ঞা মাগিবারে ॥ ৭৩ ॥

অর্চ্চক গোসাঞিদাসদ্বারা যাচ্ঞা করিতেই সর্ব্ববৈষ্ণবসম্মুখে মদনগোপালের আজ্ঞা-মালা পতন ঃ—

দরশন করি কৈলুঁ চরণ বন্দন ।
গোসাঞিদাস পূজারী করে চরণ-সেবন ॥ ৭৪ ॥
প্রভুর চরণে যদি আজ্ঞা মাগিল ।
প্রভুকণ্ঠ হৈতে মালা খসিয়া পড়িল ॥ ৭৫ ॥
সর্ব্ব বৈষ্ণবগণ হরিধ্বনি দিল ।
গোসাঞিদাস আনি' মালা মোর গলে দিল ॥ ৭৬ ॥

আজ্ঞা-মালা লাভেই এই গ্রন্থ-লেখায় প্রবৃত্তি ঃ—

আজ্ঞামালা পাঞা আমার হইল আনন্দ ।
তাহাই করিনু এই গ্রন্থের আরম্ভ ॥ ৭৭ ॥

গ্রন্থরচনায় মদনমোহনেরই সম্পূর্ণ কর্ত্তৃত্ব বা প্রেরণা ঃ—

এই গ্রন্থ লেখায় মোরে 'মদনমোহন' ।
আমার লিখন যেন শুকের পঠন ॥ ৭৮ ॥
সেই লিখি, মদনগোপাল মোরে যে লিখায় ।
কাষ্ঠের পুত্তলী যেন কুহকে নাচায় ॥ ৭৯ ॥
কুলাধিদেবতা মোর—মদনমোহন ।
যাঁর সেবক—রঘুনাথ, রূপ, সনাতন ॥ ৮০ ॥

গ্রন্থকারের ঠাকুর বৃন্দাবনদাসকে বৈষ্ণবোচিত গুরুবুদ্ধি ও প্রণতি ঃ—

বৃন্দাবন-দাসের পাদপদ্ম করি' ধ্যান ।
তাঁর আজ্ঞা লঞা লিখি যাহাতে কল্যাণ ॥ ৮১ ॥
চৈতন্যলীলাতে 'ব্যাস'—বৃন্দাবন-দাস ।
তাঁর কৃপা বিনা অন্যে না হয় প্রকাশ ॥ ৮২ ॥

গ্রন্থকারের দৈন্যোক্তি ঃ—

মূর্খ, নীচ, ক্ষুদ্র মুঞি বিষয়-লালস ।
বৈষ্ণবাজ্ঞা-বলে করি এতেক সাহস ॥ ৮৩ ॥
শ্রীরূপ-রঘুনাথ-চরণের এই বল ।
যাঁর স্মৃতে সিদ্ধ হয় বাঞ্ছিতসকল ॥ ৮৪ ॥

অনুভাষ্য

শ্রীনরোত্তমদাস, (১০) শ্রীপীতাম্বরদাস, (১১) শ্রীমাধবদাস, (১২) ইহার শিষ্য বর্ত্তমানকালে গঙ্গামাতা মঠের মহান্ত।

৬৬। শ্রীকাশীশ্বর (পণ্ডিত) গোস্বামী—শ্রীঈশ্বরপুরীর শিষ্য; কাঞ্জিলাল কানুবংশোদ্ভব বাৎস্যগোত্রীয় বাসুদেব ভট্টাচার্য্যের পুত্র। উপাধি—চৌধুরী। ইঁহার ভাগিনেয়—বল্লভপুরের শ্রীরুদ্র-পণ্ডিত (১০৬ সংখ্যা দ্রষ্টব্য)। শ্রীরামপুর ষ্টেশন হইতে ১ মাইল দূরে চাতরা-গ্রামে ইঁহার প্রতিষ্ঠিত শ্রীরাধাগোবিন্দ ও শ্রীগৌরাঙ্গ-বিগ্রহ আছেন। ইনি খুব বলবান্ ছিলেন—প্রত্যহ জগন্নাথ-দর্শনে শ্রীমন্মহাপ্রভুর গমনকালে ইঁনি অগ্রবর্ত্তী হইয়া লোকের ভিড় ঠেলিয়া পথ সুগম করিয়া দিতেন (আদি ১০ম পঃ ১৩৮-১৪২; মধ্য, ১২শ পঃ ২০৭ ; ১৩শ পঃ ৮৯ সংখ্যা দ্রষ্টব্য)। পুরুষোত্তমে ইনি ভক্তগণের কীর্ত্তনান্তে প্রসাদ পরিবেশন করিতেন। মহাপ্রভুর সহিত ইঁহার মিলন-প্রসঙ্গ—মধ্য, ১০ম পঃ ১৩৪, ১৮৫ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৮। আমি যে চৈতন্যচরিতামৃত লিখিলাম, তাহা শ্রীমদন-মোহনের প্রেরণাক্রমে ; অতএব শুকপক্ষি-পাঠের ন্যায় আমার নিজের কোন মাহাত্ম্য নাই।

ইতি অমৃতপ্রবাহ ভাষ্যে অষ্টম পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

বর্ত্তমান সেবাধ্যক্ষ—শ্রীশিবচন্দ্র চৌধুরী, ইনি কাশীশ্বর গোস্বামি-প্রভুর ভ্রাতৃবংশীয়। এই স্থানে সেবার জন্য প্রত্যহ ৯ সের চাউলের বন্দোবস্ত আছে। গ্রামের সন্নিকটেই পূর্ব্বকাল হইতে শ্রীবিগ্রহের সেবার জন্য সম্পত্তির বন্দোবস্ত ছিল। কিন্তু তাঁহার ভ্রাতৃবংশীয়গণ সেই সকল সম্পত্তি রাজদ্বারে নষ্ট করিয়া ফেলিয়াছেন। সেবার বন্দোবস্ত এখন ভাল নাই। শ্রীগৌর-

শ্রীরূপ-রঘুনাথ-পদে যাঁর আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৮৫ ॥

অনুভাষ্য

গণোদ্দেশে (১৩৭ ও ১৬৬ শ্লোকে)—বৃন্দাবনে যিনি কৃষ্ণ-ভৃত্য 'ভৃঙ্গার', অথবা যিনি 'শশিরেখা', তিনিই গৌরাবতারে কাশীশ্বর (?)।

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে গ্রন্থকরণে বৈষ্ণবাজ্ঞারূপকথনং নামাষ্টম-পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

৬৯। ভূগর্ভের (আদি ১২শ পঃ ৮১) শিষ্য—চৈতন্যদাস, মুকুন্দদাস ও কৃষ্ণদাস। শিবানন্দ—আদি ১২শ পঃ ৮৭ সংখ্যা।

ইতি অনুভাষ্যে অষ্টম পরিচ্ছেদ।

নবম পরিচ্ছেদ

কথাসার—নবম পরিচ্ছেদে ভক্তিকে তরুরূপে বর্ণন করত একটী রহস্যের উদ্ভাবন করিয়াছেন। বিশ্বম্ভর-গৌরাঙ্গকে মূল-বৃক্ষ করিয়া ভক্তিতরুর মালাকার ও তৎফলের দাতা-ভোক্তা বলিয়া বর্ণন করিয়াছেন। শ্রীনবদ্বীপধামে ঐ ফলবৃক্ষ-রোপণের আরম্ভ, পরে পুরুষোত্তম, বৃন্দাবন ইত্যাদি অন্য স্থানে ঐরূপ প্রেমফলোদ্যান বাড়ান হইয়াছিল। শ্রীমাধবেন্দ্রপুরী ঐ বৃক্ষের প্রথম অঙ্কুর ; তাঁহার শিষ্য শ্রীঈশ্বরপুরী ঐ অঙ্কুর পুষ্ট করিলেন। মহাপ্রভু চৈতন্যদেব মালী হইয়া আবার নিজ অচিন্ত্যশক্তি-বলে ঐ বৃক্ষের স্কন্ধ। পরমানন্দপুরী প্রভৃতি নয়জন সন্ন্যাসী ঐ বৃক্ষের মূল। মূল-স্কন্ধের উপর শ্রীঅদ্বৈত ও শ্রীনিত্যানন্দরূপ আরও দুই স্কন্ধ হইল। সেই স্কন্ধদ্বয় হইতে নানাপ্রকার শাখা-উপশাখাগণ বাহির হইয়া জগৎকে বেষ্টন করিল। এই বৃক্ষের প্রেমফল সর্ব্বত্র যাহাকে তাহাকে দান করা হইল। এইপ্রকার ভক্তিবৃক্ষ রোপণ করিয়া তাহার ফলাস্বাদনদ্বারা জগৎকে মাতাল করিলেন। এই বর্ণনটী রূপক। (অঃ প্রঃ ভাঃ)

গৌর-কৃপায় অসম্ভব সম্ভব ঃ—

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্গুরুম্ ।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখম্ ॥ ১ ॥
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গৌরচন্দ্র ।
জয় জয়াদ্বৈত জয় জয় নিত্যানন্দ ॥ ২ ॥
জয় জয় শ্রীবাসাদি গৌরভক্তগণ ।
সর্ব্বাভীষ্ট-পূর্ত্তি হেতু যাঁহার স্মরণ ॥ ৩ ॥
শ্রীরূপ, সনাতন, ভট্ট-রঘুনাথ ।
শ্রীজীব, গোপালভট্ট, দাস-রঘুনাথ ॥ ৪ ॥
এসব-প্রসাদে লিখি চৈতন্য-লীলাগুণ ।
জানি বা না জানি, করি আপন-শোধন ॥ ৫ ॥

মালাকার—মহাপ্রভু স্বয়ং ঃ—

মালাকারঃ স্বয়ং কৃষ্ণঃ প্রেমামরতরুঃ স্বয়ম্ ।
দাতা ভোক্তা তৎফলানাং যস্তং চৈতন্যমাশ্রয়ে ॥ ৬ ॥

মালাকার হইবার কারণ—অভিধেয়াধিদেবত্বের সার্থকতা ঃ—

প্রভু কহে, আমি 'বিশ্বম্ভর' নাম ধরি ।
নাম সার্থক হয়, যদি প্রেমে বিশ্ব ভরি ॥ ৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যাঁহার অনুকম্পা লাভ করিয়া কুক্কুরও মহাসমুদ্র সন্তরণ করিতে সমর্থ হয়, সেই জগদ্গুরু কৃষ্ণচৈতন্যদেবকে আমি বন্দনা করি।

অনুভাষ্য

১। যস্য (চৈতন্যদেবস্য) অনুকম্পয়া (প্রসাদেন) শ্বা (কুক্কুরঃ) অপি মহাব্ধিং (মহাসমুদ্রং) সুখং সন্তরেৎ (সন্তরণেন তৎপারং গচ্ছেৎ), তং জগদ্গুরুং (সর্ব্বজগতাং গুরুং পূজ্যং) শ্রীকৃষ্ণচৈতন্যদেবম্ [অহং] বন্দে।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫। আপন-শোধন—নিজের শুদ্ধির জন্য।

৬। শ্রীচৈতন্য স্বয়ংই প্রেমরূপ-দেবতরু, স্বয়ংই তাহার মালাকার। যিনি সেই বৃক্ষের ফলসমূহের দাতা ও ভোক্তা, সেই শ্রীকৃষ্ণচৈতন্যকে আমি আশ্রয় করি।

অনুভাষ্য

৬। যঃ (চৈতন্যদেবঃ) স্বয়ং মালাকারঃ (উদ্যানরক্ষকঃ) স্বয়ং কৃষ্ণপ্রেমামরতরুঃ (কৃষ্ণস্য প্রেমৈব অমরতরুঃ অবিনাশী বৃক্ষঃ) তৎফলানাং (কল্পবৃক্ষস্য প্রেমফলানাং) দাতা, ভোক্তা চ, [স্বয়ম্ এব] তং চৈতন্যম্ [অহম্] আশ্রয়ে (প্রপদ্যে)।

নবদ্বীপে ভক্তিফলোদ্যান রচনা ঃ—

এত চিন্তি' লৈলা প্রভু মালাকার-ধর্ম্ম ।
নবদ্বীপে আরম্ভিলা ফলোদ্যান-কর্ম্ম ॥ ৮ ॥
শ্রীচৈতন্য মালাকার পৃথিবীতে আনি' ।
ভক্তি-কল্পতরু রোপিলা সিঞ্চি' ইচ্ছা-পানি ॥ ৯ ॥

তাহার প্রথম অঙ্কুর—শ্রীমাধবেন্দ্রপুরী ঃ—

জয় শ্রীমাধবপুরী কৃষ্ণপ্রেমপূর ।
ভক্তিকল্পতরুর তেঁহো প্রথম অঙ্কুর ॥ ১০ ॥

ঈশ্বরপুরীতে বৃদ্ধিপ্রাপ্তি ঃ—

শ্রীঈশ্বরপুরী-রূপে অঙ্কুর পুষ্ট হৈল ।
আপনে চৈতন্যমালী স্কন্ধ উপজিল ॥ ১১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০। শ্রীমাধবপুরী—ইঁহার নাম মাধবেন্দ্রপুরী। ইঁনি শ্রীমধ্বাচার্য্যের সম্প্রদায়ে একজন প্রসিদ্ধ সন্ন্যাসী। ইঁহার অনুশিষ্য শ্রীচৈতন্যদেব। শ্রীমধ্ব-সম্প্রদায়ে ইঁহার পূর্ব্বে প্রেমভক্তির কোন লক্ষণ ছিল না। ইঁহার কৃত "অয়ি দয়ার্দ্রনাথ" শ্লোকে মহাপ্রভুর শিক্ষিত তত্ত্ব বীজরূপে ছিল।

১১। ঈশ্বরপুরী—মহাপ্রভুর মন্ত্রগুরু ঈশ্বরপুরী কুমারহট্টে অর্থাৎ হালিসহর-গ্রামে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। তিনি মাধবেন্দ্রপুরীর শিষ্য।

অনুভাষ্য

১১। শ্রীঈশ্বরপুরী—কুমারহট্টে (ই, বি, আর, লাইনে হালিসহর ষ্টেশন) বিপ্রকুলে উদ্ভূত ও শ্রীমাধবেন্দ্রপুরীর প্রিয়তম শিষ্য। অন্ত্য, ৮ম পঃ ২৬-২৯ সংখ্যা—"ঈশ্বরপুরী করে শ্রীপদসেবন। স্বহস্তে করেন মল-মূত্রাদি মার্জ্জন।। নিরন্তর কৃষ্ণনাম করায় স্মরণ। কৃষ্ণনাম, কৃষ্ণলীলা শুনায় অনুক্ষণ।। তুষ্ট হঞা পুরী তাঁরে কৈল আলিঙ্গন। বর দিল কৃষ্ণে তোমার হউক্ প্রেমধন।। সেই হৈতে ঈশ্বরপুরী প্রেমের সাগর।"

ঈশ্বরপুরী শ্রীমহাপ্রভুকে গয়ায় দশাক্ষর-মন্ত্রে দীক্ষা দিবার পূর্ব্বে নবদ্বীপ-নগরে আসিয়া গোপীনাথাচার্য্যের গৃহে কতিপয় মাস বাস করেন, সেইকালে মহাপ্রভুর সহিত তিনি আলাপ করেন ও নিজকৃত 'কৃষ্ণলীলামৃত'-গ্রন্থ শ্রবণ করান। চৈঃ ভাঃ আদি, ৭ম অঃ দ্রষ্টব্য।

শ্রীমন্মহাপ্রভু যখন কুমারহট্টে শ্রীপাদ ঈশ্বরপুরীর জন্মস্থান দর্শন করিতে আগমন করেন, তখন তিনি জীবকুলকে শ্রীগুরু-ভক্তি শিক্ষা দিবার জন্য—"সেই স্থানের মৃত্তিকা আপনে প্রভু তুলি'। লইলেন বহির্ব্বাসে বান্ধি' এক ঝুলি।।" (চৈঃ ভাঃ আঃ, ১২শ অঃ) এই লীলা প্রদর্শন করিয়াছিলেন। সেই সময় হইতে ঈশ্বরপুরীর স্থান দর্শন করিতে আসিয়া সকলেই সেই স্থানের মৃত্তিকা লইয়া যান।

অচিন্ত্যশক্তিপ্রভাবে মালী হইয়াও স্বয়ং স্কন্ধ এবং সকলশাখার আশ্রয় ঃ—

নিজাচিন্ত্যশক্ত্যে মালী হঞা স্কন্ধ হয় ।
সকল শাখার সেই স্কন্ধ মূলাশ্রয় ॥ ১২ ॥

নয়জন সন্ন্যাসী—নয়টী মূল ঃ—

পরমানন্দ পুরী, আর কেশব ভারতী ।
ব্রহ্মানন্দ পুরী, আর ব্রহ্মানন্দ ভারতী ॥ ১৩ ॥
বিষ্ণু পুরী, কেশব পুরী, পুরী কৃষ্ণানন্দ ।
শ্রীনৃসিংহ তীর্থ, আর পুরী সুখানন্দ ॥ ১৪ ॥
এই নব মূল নিকসিল বৃক্ষমূলে ।
এই নব মূলে বৃক্ষ করিল নিশ্চলে ॥ ১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪। 'পুরী'-সন্ন্যাসিগণ সকলেই শ্রীঈশ্বরপুরীর সম্বন্ধে আত্মীয়বর্গ। 'ভারতী'-সন্ন্যাসিগণ—মহাপ্রভুর সন্ন্যাসদাতা গুরু কেশব ভারতীর সম্বন্ধে আত্মীয়বর্গ।

অনুভাষ্য

১৩। পরমানন্দপুরী—ত্রিহুত দেশোৎপন্ন বিপ্র এবং শ্রীমাধবেন্দ্রপুরীর শিষ্য এবং শ্রীমন্মহাপ্রভুর পরম প্রিয়পাত্র। (চৈঃ ভাঃ অন্ত ১১শ অঃ) "সন্ন্যাসীর মধ্যে ঈশ্বরের প্রিয়পাত্র। আর নাহি এক পুরী গোসাঞি সে মাত্র।। দামোদরস্বরূপ, পরমানন্দ-পুরী। সন্ন্যাসিপার্ষদে এই দুই অধিকারী।। নিরবধি নিকটে থাকেন দুইজন। প্রভুর সন্ন্যাসে করে দণ্ডের গ্রহণ।। পুরী ধ্যানপর, দামোদরের কীর্ত্তন। ** ।। যত প্রীতি ঈশ্বরের পুরী-গোসাঞিরে। দামোদর-স্বরূপেরেও তত প্রীতি করে।।"

পরমানন্দ পুরীর দর্শনে প্রভুর উক্তি—(চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় পঃ) "আজি ধন্য লোচন, সফল আজি জন্ম। সফল আমার আজি হৈল সর্ব্বধর্ম্ম।। প্রভু বলে আজি মোর সফল সন্ন্যাস। আজি মাধবেন্দ্র মোরে হইলা প্রকাশ।। কথোক্ষণে অন্যোঽন্যে করেন প্রণাম। পরমানন্দপুরী চৈতন্যের প্রিয়ধাম।।"

পরমানন্দপুরী পুরুষোত্তমে শ্রীমন্দিরের পশ্চিমদিকে একটী মঠ ও কূপ করিয়া বাস করেন। কূপে জল ভাল না হওয়ায় মহাপ্রভু বলিলেন. (চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় অঃ)—"মহাপ্রভু জগন্নাথ মোরে দেহ এই বর। গঙ্গা প্রবেশুক এই কূপের ভিতর।। প্রভু বলে, শুনহ সকল ভক্তগণ। এ কূপের জলে যে করিবে স্নান পান।। সত্য সত্য হবে তার গঙ্গাস্নান-ফল। কৃষ্ণে ভক্তি হবে তার পরম নির্ম্মল।। প্রভু বলে, আমি যে আছিয়ে পৃথিবীতে। নিশ্চয়ই জানিহ পুরী-গোসাঞির প্রীতে।।" গৌরগণোদ্দেশে (১১৮ শ্লোক)—"পুরী শ্রীপরমানন্দো য আসীদুদ্ধবঃ পুরা।"

কেশবভারতী—শ্রীশঙ্কর-প্রবর্ত্তিত দশনামী দণ্ডিগণের

পরমানন্দপুরী মধ্যমূল ঃ—

মধ্যমূল পরমানন্দ পুরী মহাধীর ।
এই নব মূলে বৃক্ষ করিল সুস্থির ॥ ১৬ ॥

তাহাদিগের দ্বারা অসংখ্য শাখা ও উপশাখা ঃ—

স্কন্ধের উপরে বহু শাখা নিকসিল ।
উপরি উপরি শাখা অসংখ্য হইল ॥ ১৭ ॥
বিশ বিশ শাখা করি' এক এক মণ্ডল ।
মহা-মহা-শাখা ছাইল ব্রহ্মাণ্ড সকল ॥ ১৮ ॥
একৈক শাখাতে উপশাখা শত শত ।
যত উপজিল শাখা কে গণিবে কত ॥ ১৯ ॥
মুখ্য মুখ্য শাখাগণের নাম গণন ।
আগে তা' করিব, শুন বৃক্ষের বর্ণন ॥ ২০ ॥

মূলস্কন্ধের দুইদিকে দুইটী স্কন্ধ—নিতাই ও অদ্বৈত ঃ—

শাখার উপরে হৈল বৃক্ষ-দুই স্কন্ধ ।
এক 'অদ্বৈত' নাম, আর 'নিত্যানন্দ' ॥ ২১ ॥

শিষ্য-প্রশিষ্যরূপ শাখা-উপশাখা-পরম্পরায় বিস্তার ঃ—

সেই দুইস্কন্ধে শাখা যত উপজিল ।
তার উপশাখাগণে জগৎ ছাইল ॥ ২২ ॥
বড় শাখা, উপশাখা, তার উপশাখা ।
জগৎ ব্যাপিল তার কে করিবে লেখা ॥ ২৩ ॥
শিষ্য, প্রশিষ্য, আর উপশিষ্যগণ ।
জগৎ ব্যাপিল তার নাহিক গণন ॥ ২৪ ॥
উড়ুম্বর-বৃক্ষ যেন ফলে সর্ব্ব অঙ্গে ।
এই মত ভক্তিবৃক্ষে সর্ব্বত্র ফল লাগে ॥ ২৫ ॥

তাহা হইতে মালাকার গৌরের কৃষ্ণ-প্রেমামৃত ফল-বিতরণ-লীলা ঃ—

মূলস্কন্ধের শাখা আর উপশাখাগণে ।
লাগিল যে প্রেমফল,—অমৃতকে জিনে ॥ ২৬ ॥

বিনামূল্যে প্রেমফল-বিতরণ ঃ—

পাকিল যে প্রেমফল অমৃত-মধুর ।
বিলায় চৈতন্যমালী, নাহি লয় মূল ॥ ২৭ ॥
ত্রিজগতে যত আছে ধন-রত্নমণি ।
একফলের মূল্য করি' তাহা নাহি গণি ॥ ২৮ ॥

পাত্রাপাত্র-নির্ব্বিশেষে বিতরণ ঃ—

মাগে বা না মাগে কেহ, পাত্র বা অপাত্র ।
ইহার বিচার নাহি জানে, দেয় মাত্র ॥ ২৯ ॥

অনুভাষ্য

অন্যতম 'ভারতী'-সম্প্রদায়ভুক্ত। সরস্বতী, ভারতী ও পুরী—এই সম্প্রদায়ত্রয় দক্ষিণাপথের শৃঙ্গেরী মঠাধীন। শ্রীকেশব-ভারতী কাটোয়ার শাখামঠে তৎকালে অধিষ্ঠিত ছিলেন। কেহ কেহ বলেন, ইনি ব্রহ্মসন্ন্যাসী হইলেও শ্রীমাধ্ব-সম্প্রদায়স্থ শ্রীমাধবেন্দ্রপুরীপাদের মন্ত্রশিষ্য এবং বৈষ্ণবসন্ন্যাসী। বর্দ্ধমান জেলার অধীন কান্দরা ডাকঘরের অন্তর্গত খাটুন্দি-গ্রামে তাঁহার দেবসেবা ও মঠ স্থাপিত আছে। মঠাধিকারিগণের মতে, তাঁহারা কেশবভারতীর বংশ ; কেশবের পুত্র (মতান্তরে শিষ্য)—নিশাপতি ও ঊষাপতি। নিশাপতির বংশে শ্রীনকড়িচন্দ্র বিদ্যারত্ন সেবাধিকারিরূপে বর্ত্তমান আছেন ও হুগলী বৈঁচির নিকট রাখাল-দাসপুরে ঊষাপতির বংশ আছেন। ইঁহারা কেশব ভারতীর পূর্ব্বাশ্রমের বংশ হইতেও পারেন। কাহারও মতে, কেশব ভারতীর ভ্রাতা, মতান্তরে—তচ্ছিষ্য মাধব ভারতীর শিষ্য—বলভদ্র, তিনিও ভারতী হইয়াছিলেন। তাঁহার পূর্ব্বাশ্রমের দুই সন্তান—মদন ও গোপাল। মদন—আউরিয়ায় ও গোপাল—দেন্দুড়ে বাস করিতেন। মদনের বংশে 'ভারতী' ও গোপালের বংশে 'ব্রহ্মচারী' উপাধি। উভয় বংশের অনেকেই আছেন। গৌরগণোদ্দেশে ৫২ শ্লোক—"মথুরায়াং যজ্ঞসূত্রং পুরা কৃষ্ণায় যো মুনিঃ। দদৌ সান্দীপনিঃ সোঽভূৎ অদ্য কেশবভারতী।।" ১১৭ শ্লোক—" ইতি কেচিৎ প্রভাষন্তেঽক্রূরঃ কেশবভারতী।।"

অনুভাষ্য

১৪৩২ শকাব্দায় কাটোয়ায় ইনি নিমাই পণ্ডিতকে সন্ন্যাস দান করেন। বৈষ্ণবমঞ্জুষা—২য় সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীব্রহ্মানন্দ পুরী—শ্রীমহাপ্রভুর নবদ্বীপলীলায় কীর্ত্তনের সঙ্গী ছিলেন। সন্ন্যাসগ্রহণের পূর্ব্বে ও তৎকালে মহাপ্রভু তাঁহাকে বিশেষ বিশ্বাস করিতেন। নীলাচলেও তিনি সঙ্গী হইয়া আসিয়াছিলেন।

শ্রীব্রহ্মানন্দ ভারতী—যেকালে ইনি নীলাচলে প্রভুর দর্শনে গিয়াছিলেন, তৎকালে তাঁহার পরিধেয় বসন মৃগচর্ম্ম-নির্ম্মিত ছিল। শ্রীমহাপ্রভু তাঁহার নিকট স্বয়ং উপস্থিত হইয়া ছদ্ম করিয়া ভারতীকে দেখিতে ইচ্ছা করিয়াছেন শুনিয়া ব্রহ্মানন্দ চর্ম্মাম্বর ত্যাগ করিয়া কাষায়-বহির্ব্বাস গ্রহণ করেন। ইনি মহাপ্রভুর নিকট কিছুদিন নীলাচলে বাস করিয়াছিলেন।

১৪। কেশবপুরী, কৃষ্ণানন্দপুরী, নৃসিংহতীর্থ ও সুখানন্দ-পুরী—গৌরগণোদ্দেশে (৯৭-১০০ শ্লোক) "কৃষ্ণানন্দঃ কেশবশ্চ শ্রীদামোদর-রাঘবৌ। অনন্তশ্চ সুখানন্দো গোবিন্দো রঘুনাথকঃ।। পর্য্যুপাধিক্রমাৎ জ্ঞেয়া অণিমাদ্যষ্টসিদ্ধয়ঃ। জায়ন্তেয়াঃ স্থিতা ঊর্দ্ধরেতসঃ সমদর্শিনঃ। নব ভাগবতাঃ পূর্ব্বং শ্রীভাগবত-সংহিতাঃ।। প্রত্যুৎপুর্জ্জনকং তেঽদ্য ভূত্বা সন্ন্যাসিনঃ সদা। প্রভুণা গৌরহরিণা বিহরন্তি স্ম তে যথা। শ্রীনৃসিংহানন্দতীর্থঃ শ্রীসত্যা-নন্দভারতী। শ্রীনৃসিংহ-চিদানন্দ-জগন্নাথা হি তীর্থকাঃ।।"

২৭। মূল—মূল্য।

দীনদুঃখী জীবের উদ্ধার ঃ—

অঞ্জলি অঞ্জলি ভরি' ফেলে চতুর্দ্দিশে ।
দরিদ্র কুড়াঞা খায়, মালাকার হাসে ॥ ৩০ ॥

মালাকার কহে,—শুন, বৃক্ষ-পরিবার ।
মূলশাখা-উপশাখা যতেক প্রকার ॥ ৩১ ॥

চৈতন্য-বৃক্ষের সর্ব্বাঙ্গই চেতনময় এবং চেতনময় ফলাস্বাদনে অচেতন জীবের চৈতন্য ঃ—

অলৌকিক বৃক্ষ করে সর্ব্বেন্দ্রিয়-কর্ম্ম ।
স্থাবর হইয়া ধরে জঙ্গমের ধর্ম্ম ॥ ৩২ ॥

এ বৃক্ষের অঙ্গ হয় সব সচেতন ।
বাড়িয়া ব্যাপিল সবে সকল ভুবন ॥ ৩৩ ॥

নামপ্রেমপ্রচার একাকী অসম্ভব দেখিয়া সকলকে অবিচারে বিতরণে আদেশ ঃ—

একলা মালাকার আমি কাহাঁ কাহাঁ যাব ।
একলা বা কত ফল পাড়িয়া বিলাব ॥ ৩৪ ॥

একলা উঠাঞা দিতে হয় পরিশ্রম ।
কেহ পায়, কেহ না পায়, রহে মনে ভ্রম ॥ ৩৫ ॥

অতএব আমি আজ্ঞা দিলুঁ সবাকারে ।
যাঁহা তাঁহা প্রেমফল দেহ' যারে তারে ॥ ৩৬ ॥

একলা মালাকার আমি কত ফল খাব ।
না দিয়া বা এই ফল আর কি করিব ॥ ৩৭ ॥

আত্ম-ইচ্ছামৃতে বৃক্ষ সিঞ্চি নিরন্তর ।
তাহাতে অসংখ্য ফল বৃক্ষের উপর ॥ ৩৮ ॥

প্রেমাস্বাদনে জীবের অমৃতত্ব-প্রাপ্তি ঃ—

অতএব সব ফল দেহ' যারে তারে ।
খাইয়া হউক্ লোক অজর অমরে ॥ ৩৯ ॥

গৌরের দয়া দেখিয়া গৌরনাম-কীর্ত্তনেই জীবের নিত্য মঙ্গল ঃ—

জগৎ ব্যাপিয়া মোর হবে পুণ্য খ্যাতি ।
সুখী হইয়া লোক মোর গাহিবেক কীর্ত্তি ॥ ৪০ ॥

ভারতভূমিতে জন্মিয়া মানবমাত্রেরই মানবকে নিত্যদয়া বা কৃষ্ণোন্মুখী করা অবশ্য কর্ত্তব্য ঃ—

ভারতভূমিতে হৈল মনুষ্য-জন্ম যার ।
জন্ম সার্থক করি' কর পর-উপকার ॥ ৪১ ॥

কায়মনোবাক্যে জীবকে কৃষ্ণভক্তিতে উন্মুখী করাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ দয়া বা মঙ্গলাচরণ ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।২২।৩৫)—

এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু ।
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় আচরণং সদা ॥ ৪২ ॥

বিষ্ণুপুরাণ (৩।১২।৪২)—

প্রাণিনামুপকারায় যদেবেহ পরত্র চ ।
কর্ম্মণা মনসা বাচা তদেব মতিমান্ ভজেৎ ॥ ৪৩ ॥

মালী মনুষ্য আমার নাহি রাজ্য-ধন ।
ফল-ফুল দিয়া করি' পুণ্য উপার্জ্জন ॥ ৪৪ ॥

বৃক্ষের নির্হেতুকদয়া-দর্শনে, মূল কল্পবৃক্ষ হইবার ইচ্ছা ঃ—

মালী হঞা বৃক্ষ হইলাঙ এই ত' ইচ্ছাতে ।
সর্ব্বপ্রাণীর উপকার হয় বৃক্ষ হৈতে ॥ ৪৫ ॥

অনুভাষ্য

৪০। যেরূপ সংসারে পুণ্যপ্রভাবে লোকসমূহ সুখী হয়, পাপের প্রসারণে মনুষ্যের দুঃখ বৃদ্ধি হয়, পুণ্যবানের পবিত্র চরিত্র কীর্ত্তিত হয়, পাপীর দৌরাত্ম্য-কথা লোকে মুখে আনিতেও ইচ্ছা করে না, সেইরূপ কৃষ্ণপ্রেম প্রাপ্ত হইয়া জগতের লোক সুখী হইলে প্রেমপ্রদাতার সুখ্যাতিই বৃদ্ধি পাইবে।

৪১। পবিত্র ভারতবর্ষে নরকুলে জন্মগ্রহণ করিয়া জগতের প্রকৃত নিত্য উপকার করাই সর্ব্বাপেক্ষা পবিত্র দেশে ও সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ প্রাণিমধ্যে শরীর ধারণ করার সফলতা।

৪২। বস্ত্রহরণ-লীলান্তে নিজ-সখা গোপবালকগণের সহিত বহুদূর গমন করিয়া বৃক্ষতলে বসিয়া বিশ্রাম-কালে বৃক্ষসমূহের পরোপকার বা দয়া-প্রবৃত্তি ও সহিষ্ণুতা-দর্শনে উহাদিগকে লক্ষ্য করিয়া সখাগণের প্রতি শ্রীকৃষ্ণের বাক্য,—

সদা প্রাণৈঃ অর্থৈঃ ধিয়া বাচা [সর্ব্বতোভাবেন] দেহিষু

অমৃতপ্রবাহ ভাষ্য

৪২। প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্যদ্বারা পরের প্রতি নিরন্তর শ্রেয় আচরণ করাই দেহধারী জীবের জন্মসাফল্য।

৪৩। কর্ম্ম, মন ও বাক্যদ্বারা ইহকাল ও পরকাল-সম্বন্ধে প্রাণীদিগের যাহা উপকারার্থ হয়, তাহাই বুদ্ধিমান্ লোক আচরণ করেন।

অনুভাষ্য

(জীবেষু) শ্রেয় আচরণং (নিত্য-মঙ্গলানুষ্ঠানং ভগবদ্বৈমুখ্যাপনোদনপূর্ব্বক-তদুন্মুখীকরণেন নিত্য-দয়ায়াঃ সুষ্ঠু প্রদর্শনমিত্যর্থঃ)—এতাবৎ এব ইহ (সংসারে) দেহিনাং (জীবানাং) জন্মসাফল্যং [ভবতীতি শেষঃ]।

৪৩। মতিমান্ (বুদ্ধিমান্ জনঃ) যৎ এব কর্ম্ম ইহ (জগতি) পরত্র (অমুত্র) চ, প্রাণিনাম্ উপকারায় (নিত্যমঙ্গলায়) ভবতি, তদেব (ভগবদ্ভক্ত্যুন্মুখি-সুকৃতোৎপাদনমেব) কর্ম্মণা, মনসা, বাচা (কায়মনোবাক্যেন) ভজেৎ।

শ্রীমদ্ভাগবত (১০।২২।৩৩)—

অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবিনাম্ ।
সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ ॥ ৪৬ ॥

তাহা শুনিয়া বৃক্ষাঙ্গগণের আনন্দ ঃ—

এই আজ্ঞা কৈল যদি চৈতন্য-মালাকার ।
পরম আনন্দ পাইল বৃক্ষ-পরিবার ॥ ৪৭ ॥

অধিকার-নির্ব্বিশেষে প্রেমফল-বিতরণ ঃ—

যেই যাঁহা তাঁহা দান করে প্রেমফল ।
ফলাস্বাদে মত্ত লোক হইল সকল ॥ ৪৮ ॥
মহামাদক প্রেমফল পেট ভরি' খায় ।
মাতিল সকল লোক—হাসে, নাচে, গায় ॥ ৪৯ ॥
কেহ গড়াগড়ি যায়, কেহ ত' হুঙ্কার ।
দেখি' আনন্দিত হঞা হাসে মালাকার ॥ ৫০ ॥

জীবকে নিজানুরূপ কৃষ্ণপ্রেমার্পণদ্বারা মহাভাগবতকরণ ঃ—

এই মালাকার খায় এই প্রেমফল ।
নিরবধি মত্ত রহে, বিবশ-বিহ্বল ॥ ৫১ ॥
সর্ব্বলোকে মত্ত কৈলা আপন-সমান ।
প্রেমে মত্ত লোক বিনা নাহি দেখি আন ॥ ৫২ ॥

অধম নিন্দকাদিরও কৃষ্ণপ্রেমপ্রাপ্তি-ফলে উদ্ধার ঃ—

যে যে পূর্ব্বে নিন্দা কৈল, বলি' মাতোয়াল ।
সেই ফল খায়, নাচে, বলে—ভাল, ভাল ॥ ৫৩ ॥
এই ত' কহিলুঁ প্রেমফল-বিতরণ ।
এবে শুন, ফলদাতা যে যে শাখাগণ ॥ ৫৪ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৫৫ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে ভক্তিকল্পতরুবর্ণনং নাম নবমঃ পরিচ্ছেদঃ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৬। বৃক্ষদিগকে উদ্দেশ করিয়া কহিতেছেন,—অহো! ইঁহারা সকল প্রাণীর উপজীবন। ইঁহাদের জন্ম সফল। ইঁহাদের নিকট হইতে অর্থীসকল বিমুখ হইয়া যায় না। ইঁহারা সুজনগণের ন্যায় ব্যবহার করেন।

ইতি অমৃতপ্রবাহ ভাষ্যে নবম পরিচ্ছেদ।

অনুভাষ্য

৪৬। বস্ত্রহরণ-লীলান্তে নিজ-সখা গোপবালকগণের সহিত বহুদূর গমন করিয়া বৃক্ষতলে বসিয়া বিশ্রাম করিতে করিতে বৃক্ষগণের সহিষ্ণুতা ও সর্ব্বদা পরোপকার-প্রবৃত্তি দেখিয়া উহাদিগকে লক্ষ্য করিয়া সখাগণের প্রতি শ্রীকৃষ্ণের বাক্য,—

অহো এষাং (বৃক্ষাণাং) সর্ব্বপ্রাণ্যুপজীবনং (সর্ব্বেষাং প্রাণিনাম্ উপজীবনং) জন্ম সুজনস্য ইব বরং (শ্রেষ্ঠং),—যেষাং (যেভ্যঃ) অর্থিনঃ (প্রার্থিনঃ) বিমুখাঃ (বিফলাভীষ্টাঃ সন্তঃ) ন যান্তি (প্রত্যাবর্ত্তন্তে)।

ইতি অনুভাষ্যে নবম পরিচ্ছেদ।

দশম পরিচ্ছেদ

কথাসার—দশম পরিচ্ছেদে শ্রীমন্মহাপ্রভুর নিজশাখা-বর্ণন। (অঃ প্রঃ ভাঃ)

গৌরভক্ত-বন্দনা ঃ—

শ্রীচৈতন্যপদাম্ভোজ-মধুপেভ্যো নমো নমঃ ।
কথঞ্চিদাশ্রয়াদ্ যেষাং শ্বাপি তদ্গন্ধভাগ্ভবেৎ ॥ ১ ॥

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। শ্রীচৈতন্যপাদপদ্মমধুপদিগকে আমি বারবার নমস্কার করি। তাঁহাদিগকে কোনপ্রকারে আশ্রয় করিলে কুক্কুরও সেই পাদপদ্মগন্ধ লাভ করে।

অনুভাষ্য

১। শ্রীচৈতন্যপদাম্ভোজমধুপেভ্যঃ (শ্রীচৈতন্যস্য পদাম্ভোজয়োঃ মধুঃ ভক্তিরসং পিবন্তি যে মধুপাঃ ভৃঙ্গাঃ তেভ্যঃ গৌরভক্তেভ্যঃ) নমো নমঃ ;—যেষাং কথঞ্চিৎ (কেনচিৎ অপি প্রকারেণ) আশ্রয়াৎ শ্বা (কুক্কুরঃ—ভোগাপরঃ ভগবদ্ভক্তৌ শ্রদ্ধাহীনঃ) অপি তদ্-গন্ধভাক্ (তয়োঃ গৌরপদকমলয়োঃ গন্ধং ভজতি প্রাপ্নোতি ইতি গৌরভক্তিমান্) ভবেৎ।

গৌর-কল্পতরুর মূলশাখা-বর্ণন ঃ—

এই মালীর—এই বৃক্ষের অকথ্য কথন ।
এবে শুন মুখ্য-শাখার নাম-বিবরণ ॥ ৩ ॥

গৌরভক্তে গুরু-লঘু-ভেদ নাই ঃ—

চৈতন্য-গোসাঞির যত পারিষদচয় ।
লঘু-গুরু-ভাব তাঁর না হয় নিশ্চয় ॥ ৪ ॥

যত যত মহান্ত কৈলা তাঁ-সবার গণন ।
কেহ করিবারে নারে জ্যেষ্ঠ-লঘু-ক্রম ॥ ৫ ॥

অতএব তাঁ-সবারে করি' নমস্কার ।
নাম-মাত্র করি, দোষ না লবে আমার ॥ ৬ ॥

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্য-প্রেমামরতরোঃ প্রিয়ান্ ।
শাখারূপান্ ভক্তগণান্ কৃষ্ণপ্রেমফলপ্রদান্ ॥ ৭ ॥

(১—ক, খ, গ, ঘ) শ্রীবাস-শ্রীরামাদি ভ্রাতৃচতুষ্টয়-শাখা ঃ—

শ্রীবাস পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত ।
দুই ভাই—দুই শাখা, জগতে বিদিত ॥ ৮ ॥

শ্রীপতি, শ্রীনিধি—তাঁর দুই সহোদর ।
চারি ভাইর দাস-দাসী, গৃহ-পরিকর ॥ ৯ ॥

তাঁহাদের ঐকান্তিকী গৌরভক্তি ঃ—

দুই শাখার উপশাখায় তাঁ-সবার গণন ।
যাঁর গৃহে মহাপ্রভুর সদা সঙ্কীর্ত্তন ॥ ১০ ॥

সবংশে করেন যাঁরা চৈতন্যের সেবা ।
গৌরচন্দ্র বিনা নাহি জানে দেবী-দেবা ॥ ১১ ॥

(২) শ্রীচন্দ্রশেখর-শাখা ঃ—

'আচার্য্যরত্ন'-নাম ধরে বড় এক শাখা ।
তাঁর পরিকর, তাঁর শাখা-উপশাখা ॥ ১২ ॥

আচার্য্যরত্নের নাম 'শ্রীচন্দ্রশেখর' ।
যাঁর ঘরে দেবী-ভাবে নাচিলা ঈশ্বর ॥ ১৩ ॥

(৩) শ্রীপুণ্ডরীক-শাখা ঃ—

পুণ্ডরীক বিদ্যানিধি—বড়শাখা জানি ।
যাঁর নাম লঞা প্রভু কান্দিলা আপনি ॥ ১৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭। শ্রীকৃষ্ণচৈতন্যরূপ প্রেমকল্পবৃক্ষের কৃষ্ণপ্রেমফলদাতা শাখারূপ তৎপ্রিয় ভক্তগণকে আমি বন্দনা করি।

অনুভাষ্য

৭। শ্রীকৃষ্ণচৈতন্যপ্রেমামরতরোঃ (গৌরপ্রেম-দেববৃক্ষস্য) কৃষ্ণপ্রেমফলপ্রদান্ শাখারূপান্ প্রিয়ান্ ভক্তগণান্ অহং বন্দে।

৮-১১। শ্রীবাস—গৌরগণোদ্দেশে (৯০ শ্লোক)—"শ্রীবাস-পণ্ডিতো ধীমান্ যঃ পুরা নারদো মুনিঃ। পর্ব্বতাখ্যো মুনিবরো য আসীন্নারদপ্রিয়ঃ। শ্রীরামপণ্ডিতঃ শ্রীমান্ তৎকনিষ্ঠসহোদরঃ।।" "নাম্নাম্বিকা ব্রজে ধাত্রী স্তন্যদাত্রী স্থিতা পুরা। সৈবেয়ং 'মালিনী' নাম্নী শ্রীবাসগৃহিণী মতা।।"* শ্রীবাসেরই ভ্রাতৃসুতা—ঠাকুর-বৃন্দাবন-জননী নারায়ণী দেবী।

শ্রীবাস শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাস গ্রহণের পর নবদ্বীপের বাসস্থান ছাড়িয়া কুমারহট্টে বাস করিয়াছিলেন,—এ কথা চৈতন্য-ভাগবতাদি-গ্রন্থপাঠে (অন্ত্য ৫ম অঃ) জানা যায়।

১৩। শ্রীচন্দ্রশেখর,—শ্রীমান্ নবনিধির অন্যতম, অথবা চন্দ্র (?)। ইঁহারই গৃহে মহাপ্রভুর দেবীভাবে নৃত্যাভিনয় হইয়াছিল (চৈঃ ভাঃ মধ্য, ১৮ অঃ)। এই চন্দ্রশেখরের গৃহই সম্প্রতি 'ব্রজপত্তন'-নামে সুপ্রসিদ্ধ। ইনি পূর্ব্বেই শ্রীনিত্যানন্দের প্রমুখাৎ শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাস-কথা জ্ঞাত হইয়াছিলেন (চৈঃ ভাঃ মধ্য,

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩। শ্রীচন্দ্রশেখর আচার্য্যরত্ন—কোন কোন গ্রন্থমতে শ্রীমন্মহাপ্রভুর মেসো।

১৪। শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি—চট্টগ্রামবাসী।

অনুভাষ্য

২৬ অঃ) এবং সন্ন্যাসকালে শ্রীনিত্যানন্দ ও মুকুন্দদত্তের সঙ্গে কাটোয়ায় উপস্থিত থাকিয়া সন্ন্যাসকালোচিত কার্য্যাদি সম্পাদন করিয়াছিলেন এবং নবদ্বীপে ফিরিয়া আসিয়া প্রভুর সন্ন্যাস-গ্রহণ-সংবাদ সকলকে বলিয়াছিলেন। ইঁহার গৃহে মহাপ্রভুর কীর্ত্তনের কথা—চৈঃ ভাঃ মধ্য, ৮মঃ অঃ, কাজীদলন-কালে নগরকীর্ত্তন-সঙ্গে ও শ্রীধর-কৃপাকালে ইঁহার উপস্থিতি—মধ্য, ২৩শ পঃ দ্রষ্টব্য। ইঁনি গৌড়দেশ হইতে শ্রীক্ষেত্রে ভক্তগণসহ গমন করিতেন।

১৪। শ্রীপুণ্ডরীক বিদ্যানিধি,—গৌরগণোদ্দেশে ৫৪ শ্লোক—"বৃষভানুতয়া খ্যাতঃ পুরা যো ব্রজমণ্ডলে। অধুনা পুণ্ডরী-কাক্ষো বিদ্যানিধি-মহাশয়ঃ।। স্বকীয়ভাবমাস্বাদ্য রাধা-বিরহ-কাতরঃ। চৈতন্যঃ পুণ্ডরীকাক্ষময়ে তাতাবদৎ স্বয়ম্।। 'প্রেমনিধি' তয়া খ্যাতিং গৌরো যস্মৈ দদৌ সুধীঃ। মাধবেন্দ্রস্য শিষ্যত্বাৎ গৌরবঞ্চ সদাকরোৎ। রত্নাবতী তু তৎপত্নী কীর্ত্তিদা কীর্ত্তিতা বুধৈঃ।।"* ইঁহার পিতার নাম—'বাণেশ্বর', (মতান্তরে 'শুক্লাম্বর'

** যিনি পূর্ব্বে শ্রীনারদমুনি ছিলেন, তিনিই এখন শ্রীবাস পণ্ডিতরূপে খ্যাত। নারদ-প্রিয় শ্রীপর্ব্বতমুনিই শ্রীবাসের কনিষ্ঠ ভ্রাতা শ্রীরাম পণ্ডিত। পূর্ব্বে যিনি ব্রজে শ্রীকৃষ্ণের স্তন্যদাত্রী ধাত্রী-মাতা 'অম্বিকা' ছিলেন, তিনিই এখন শ্রীবাস-পত্নী শ্রীমালিনীদেবী।*

** পূর্ব্বে যিনি ব্রজমণ্ডলে বৃষভানুরূপে খ্যাত ছিলেন, তিনিই অধুনা পুণ্ডরীকাক্ষ বিদ্যানিধি। স্বকীয়ভাব অবলম্বন করত রাধাভাবে বিরহকাতর শ্রীচৈতন্যমহাপ্রভু পুণ্ডরীকাক্ষকে স্বয়ং পিতা বলিয়া সম্বোধন করিয়াছিলেন। শ্রীগৌরসুন্দর তাঁহাকে 'প্রেমনিধি' উপাধি দিয়াছিলেন এবং শ্রীমাধবেন্দ্র-পুরীপাদের শিষ্য বলিয়া তাঁহাকে সর্ব্বদা সম্মান করিতেন। তাঁহার পত্নী 'রত্নাবতী' কিন্তু পণ্ডিতগণদ্বারা 'কীর্ত্তিদা'-বলিয়াই কথিত হইতেন।*

(৪) শ্রীগদাধর-শাখা ঃ—

বড় শাখা—গদাধর পণ্ডিত-গোসাঞি ।
তেঁহো লক্ষ্মীরূপা, তাঁর সম কেহ নাই ॥ ১৫ ॥
তাঁর শিষ্য-উপশিষ্য,—তাঁর উপশাখা ।
এইমত সব শাখা-উপশাখার লেখা ॥ ১৬ ॥

(৫) শ্রীবক্রেশ্বর-মহিমা ও শাখা ঃ—

বক্রেশ্বর পণ্ডিত—প্রভুর বড় প্রিয় ভৃত্য ।
এক-ভাবে চব্বিশ প্রহর যাঁর নৃত্য ॥ ১৭ ॥
আপনে মহাপ্রভু গায় যাঁর নৃত্যকালে ।
প্রভুর চরণ ধরি' বক্রেশ্বর বলে ॥ ১৮ ॥

অনুভাষ্য

ব্রহ্মচারী) ও মাতার নাম—গঙ্গাদেবী। মতান্তরে, বাণেশ্বর—শিবরাম গঙ্গোপাধ্যায়ের বংশজাত। বিদ্যানিধির পিতা ঢাকা-জেলার বাঘিয়া-গ্রাম-নিবাসী বারেন্দ্র-শ্রেণীর বিপ্র ছিলেন বলিয়া তথাকার রাঢ়ীয় বিপ্রসমাজ তাঁহাকে গ্রহণ করেন নাই ; এই কারণে তাঁহার শাক্ত অধস্তনগণ 'একঘরে' হইয়া সমাজের 'একঘরে' লোকদিগকেই যাজন করিয়া আসিতেছেন। ইদানীন্তন তাঁহাদের মধ্যে একজন 'সরোজানন্দ গোস্বামী' নাম-ধারণপূর্ব্বক বৃন্দাবনে অবস্থান করিতেছেন। তাঁহাদের বংশের একটী বিশেষত্ব এই যে, ভ্রাতৃগণের মধ্যে একজনেরই পুত্র জন্মে, অন্যান্য ভ্রাতৃগণের হয় কন্যা জন্মে, নতুবা আদৌ সন্তান হয় না ; এজন্যই এই বংশটি তত বিস্তৃতি লাভ করে নাই। চট্টগ্রামের ছয় ক্রোশ উত্তরে 'হাট-হাজারি' নামে একটী থানা আছে। উহার এক ক্রোশ পূর্ব্বে 'মেখলাগ্রামে' ইঁহার পূর্ব্ব-নিবাস ছিল। চট্টগ্রাম-সহর হইতে স্থলপথে অশ্বযানে বা গো-যানে, অথবা জলপথে নৌকা বা ষ্টিমার-যোগে যাওয়া যায়। ষ্টিমারে অন্নপূর্ণার ঘাট, তথা হইতে শ্রীপাট—দুই মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

বিদ্যানিধির ভজনমন্দিরটী—অধুনা নিতান্ত জীর্ণ ও অপরিষ্কৃত ; সংস্কৃত না হইলে শীঘ্রই লুপ্ত হইবার সম্ভাবনা। মন্দিরগাত্রে ইষ্টকফলকে দুইটী শ্লোক খোদিত আছে ; অক্ষরগুলি বিকৃত হওয়ায় পাঠোদ্ধার বা অর্থোপলব্ধি হয় না। এই মন্দিরটীর ৪০০/৫০০ হস্ত দূরে দক্ষিণ-পূর্ব্বদিকে আর একটী মন্দির দেখা যায় ; উহার গাত্রস্থিত ইষ্টক-ফলক-লিপিরও পাঠোদ্ধার হয় না। ইহারই সম্মুখে ১৫/২০ হস্ত দূরে উত্তরপার্শ্বে আর একটী মন্দিরের অবস্থানের কথা পতিত বহু ইষ্টকখণ্ড-দর্শনে জানা যায়। প্রবাদ,—উহাই মুকুন্দ দত্তের ভজনমন্দির ছিল।

মহাপ্রভু ইঁহাকে 'বাপ' বলিয়া ডাকিতেন এবং 'প্রেমনিধি' নাম দিয়াছিলেন। ইনি শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামীর গুরু ও শ্রীদামোদর স্বরূপের সুহৃৎ। অবোধ জীবকে সতর্ক করিয়া মঙ্গল শিক্ষা দিবার উদ্দেশে পণ্ডিত-গোস্বামী বিদ্যানিধিকে প্রথমে বিষয়ি-জ্ঞানে ভুল বুঝিবার অভিনয় করিয়া পরিশেষে তাঁহার নিকট দীক্ষাভিনয়-লীলা প্রদর্শন করিয়াছেন। শ্রীজগন্নাথদেব-কর্ত্তৃক তাঁহার গণ্ডদেশে চপেটাঘাত-বৃত্তান্ত—চৈঃ ভাঃ অন্ত্য, ১১শ পঃ দ্রষ্টব্য।

পুণ্ডরীকের বংশে শ্রীহরকুমার স্মৃতিতীর্থ ও শ্রীকৃষ্ণকিঙ্কর বিদ্যালঙ্কার অধুনা বর্ত্তমান আছেন। (বৈষ্ণব-মঞ্জুষা—১ম সংখ্যা দ্রষ্টব্য।

১৫-১৬। গদাধরপণ্ডিত গোসাঞি (গৌঃ গঃ ১৪৭, ১৫৩ শ্লোক)—"শ্রীরাধাপ্রেমরূপা যা পুরা বৃন্দাবনেশ্বরী। সা শ্রীগদাধরো গৌরবল্লভঃ পণ্ডিতাখ্যকঃ।। নির্ণীতঃ শ্রীস্বরূপৈর্যো ব্রজলক্ষ্মীতয়া যথা। পুরা বৃন্দাবনে লক্ষ্মীঃ শ্যামসুন্দর-বল্লভা। সাদ্য গৌরপ্রেম-লক্ষ্মীঃ শ্রীগদাধরপণ্ডিতঃ। রাধামনুগতা যত্তল্ললিতাপ্যনুরাধিকা। অতঃ প্রাবিশদেষা তং গৌরচন্দ্রোদয়ে যথা।।"*

আদি ১২শ পঃ শেষভাগে গদাধর-শাখা দ্রষ্টব্য।

১৭। শ্রীবক্রেশ্বর পণ্ডিত—গৌরগণোদ্দেশে ৭১ শ্লোক—"ব্যূহস্তূর্য্যোঽনিরুদ্ধোঃ যঃ স বক্রেশ্বরপণ্ডিতঃ। কৃষ্ণাবেশজ-নৃত্যেন প্রভোঃ সুখমজীজনৎ।। সহস্রগায়কান্মহ্যং দেহি ত্বং করুণাময়। ইতি চৈতন্যপাদে য উবাচ মধুরং বচঃ। স্বপ্রকাশ-বিভেদেন শশিরেখা তমাবিশৎ।।"

শ্রীধ্যানচন্দ্র গোস্বামী প্রভু লিখিয়াছেন,—"রাধাকৃষ্ণরস-প্রকাশনপরং গানাবলীভূষিতং, বৃন্দারণ্যসুখপ্রচারজনিতং স্তম্ভাদি-ভাবান্বিতম্। শ্রীগৌরাঙ্গমহাপ্রভো রসমিলন্নৃত্যাবতারাঙ্কুরং শ্রীবক্রেশ্বরপণ্ডিতং দ্বিজবরং চৈতন্যভক্তং ভজে।। নিত্যং তিষ্ঠতি তত্রৈব তুঙ্গবিদ্যা সমুৎসুকা। বিপ্রলব্ধাত্মামাপন্না শ্রীকৃষ্ণে রতিযুক্ সদা।। অস্যা বয়ঃ প্রমাণং স্যাৎ অসৌ গৌররসে পুনঃ। বক্রেশ্বর ইতি খ্যাতমাপন্না হি কলৌ যুগে।।"* ইনি শ্রীবাস-অঙ্গনে ও চন্দ্রশেখর-ভবনে মহাপ্রভুর কীর্ত্তনে নর্ত্তন করিতেন। দেবানন্দের

** পূর্ব্বে যিনি বৃন্দাবনেশ্বরী প্রেমরূপা শ্রীমতী রাধিকা ছিলেন, তিনিই অধুনা গৌরপ্রিয় শ্রীগদাধর-পণ্ডিত। তিনি শ্রীস্বরূপ-দামোদর প্রভুকর্ত্তৃক ব্রজলক্ষ্মীরূপে নির্ণীত হইয়াছেন। পূর্ব্বের শ্যামসুন্দর-বল্লভা বৃন্দাবন-লক্ষ্মীই এই লীলায় গৌরপ্রেম-লক্ষ্মী শ্রীগদাধর-পণ্ডিত। 'চৈতন্যচন্দ্রোদয়'-গ্রন্থ-অনুসারে শ্রীরাধার অনুগতা বলিয়া 'অনুরাধা'-রূপে খ্যাতা শ্রীললিতাদেবী গদাধর পণ্ডিতে প্রবেশ করিয়াছেন।*

** চতুর্ব্যূহ-মধ্যে যিনি অনিরুদ্ধ, তিনিই বক্রেশ্বর পণ্ডিত। কৃষ্ণাবেশ-জনিত নৃত্যদ্বারা তিনি প্রভুর সুখবিধান করিতেন। তিনি মধুরবাক্যে শ্রীচৈতন্যদেবকে বলিতেন,—'হে করুণাময়! তুমি আমাকে সহস্র গায়ক প্রদান কর।' শ্রীশশিরেখা স্বীয় প্রকাশবিশেষে তাঁহাতে প্রবেশ করিয়াছিলেন।*

"দশসহস্র গন্ধর্ব্ব মোরে দেহ' চন্দ্রমুখ।
তারা গায়, মুঞিঁ নাচি—তবে মোর সুখ॥" ১৯॥
প্রভু বলেন—তুমি মোর পক্ষ এক শাখা।
আকাশে উড়িয়া যাঙ, পাঙ আর পাখা॥ ২০॥

(৬) শ্রীজগদানন্দের মাহাত্ম্য ঃ—

পণ্ডিত জগদানন্দ প্রভুর প্রাণরূপ।
লোকে খ্যাত যেঁহো সত্যভামার স্বরূপ॥ ২১॥
প্রীত্যে করিতে চাহে প্রভুরে লালন-পালন।
বৈরাগ্য-লোক-ভয়ে প্রভু না মানে কখন॥ ২২॥
দুইজনে খট্‌মটি লাগায় কোন্দল।
তাঁর প্রীত্যের কথা আগে কহিব সকল॥ ২৩॥

(৭) শ্রীরাঘব পণ্ডিত-শাখা ঃ—

রাঘব-পণ্ডিত—প্রভুর আদ্য অনুচর।
তাঁর শাখা মুখ্য এক,—মকরধ্বজ কর॥ ২৪॥

তাঁহার ভগিনী দময়ন্তীর গুণরাশি ঃ—

তাঁহার ভগিনী দময়ন্তী প্রভুর প্রিয় দাসী।
প্রভুর ভোগসামগ্রী যে করে বারমাসি॥ ২৫॥
সে-সব সামগ্রী যত ঝালিতে ভরিয়া।
রাঘব লইয়া যা'ন গুপত করিয়া॥ ২৬॥
বারমাস তাহা প্রভু করেন অঙ্গীকার।
'রাঘবের ঝালি' বলি' প্রসিদ্ধি যাহার॥ ২৭॥
সে-সব সামগ্রী আগে করিব বিস্তার।
যাহার শ্রবণে ভক্তের বহে অশ্রুধার॥ ২৮॥

(৮) শ্রীগঙ্গাদাস ঃ—

প্রভুর অত্যন্ত প্রিয়—পণ্ডিত গঙ্গাদাস।
যাঁহার স্মরণে হয় সর্ব্ববন্ধ-নাশ॥ ২৯॥

(৯) শ্রীপুরন্দর আচার্য্য ঃ—

চৈতন্য-পার্ষদ—শ্রীআচার্য্য পুরন্দর।
পিতা করি' যাঁরে বলে গৌরাঙ্গসুন্দর॥ ৩০॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০। প্রভু বলেন,—তুমি আমার একটী পক্ষ ; আর একটী তোমার মত পক্ষ পাইলে আমি আকাশে উড়িয়া যাইতাম।

২৩। অন্ত্য ৪র্থ, ৭ম, ১২শ ও ১৩শ পঃ দেখুন।

অনুভাষ্য

নিকট প্রভুর বক্রেশ্বর-মাহাত্ম্য-কথন—চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় অঃ দ্রষ্টব্য।

শ্রীবক্রেশ্বর সম্বন্ধে উৎকল-কবি শ্রীগোবিন্দকৃত শ্রীগৌর-কৃষ্ণোদয়ে—"প্রভোঃ প্রথমশিষ্য ইত্যর্থ বিমৃশ্য বক্রেশ্বরং নিবেশ্য চ তদাশ্রমে নিজনিজং নিবাসং যযৌ।"

ইহার শিষ্য—শ্রীগোপালগুরু, তৎশিষ্য—শ্রীধ্যানচন্দ্র। উৎকল-প্রদেশে শ্রীবক্রেশ্বরের শিষ্য-সম্প্রদায়ের মধ্যে অধিকাংশই গৌড়ীয়-বৈষ্ণব বলিয়া পরিচয় দেন।

২১। জগদানন্দ—গৌরগণোদ্দেশে ৫১ শ্লোক—"কেনাবান্তরভেদেন ভেদং কুর্ব্বন্তি সাত্বতাঃ। সত্যভামা প্রকাশোঽপি জগদানন্দপণ্ডিতঃ।।" ইনি শ্রীবাস-অঙ্গনে ও চন্দ্রশেখর-ভবনে প্রভুর কীর্ত্তনসঙ্গী ছিলেন। প্রভুর সন্ন্যাসান্তে উড়িষ্যায় গমনকালে দণ্ড বহিতেন ও ভিক্ষা করিতেন।

২৪। রাঘবপণ্ডিত—গৌরগণোদ্দেশে (৪৪ শ্লোক)—"ধনিষ্ঠা ভক্ষ্যসামগ্রীং কৃষ্ণায়াদাদ্‌ব্রজেঽমিতাম্‌। সৈব সাম্প্রতং গৌরাঙ্গপ্রিয়ো রাঘবপণ্ডিতঃ।।" *

ই, বি, আর, লাইনে শিয়ালদহ-ষ্টেশন হইতে সোদপুর-ষ্টেশন, তথা হইতে এক মাইল পশ্চিমে গঙ্গাতীরে পাণিহাটী-গ্রামে রাঘবভবন। রাঘব-পণ্ডিতের সমাধির উপর লতাকুঞ্জ-বেষ্টিত একটী উচ্চ বেদী বাঁধান হইয়াছে। যে-স্থানে সমাধি, তাহারই উত্তরদিকে একটী ভগ্নপ্রায় জীর্ণ গৃহে অযত্ন-সেবিত শ্রীমদন-মোহন বিগ্রহ বিরাজমান। পাণিহাটীর বর্ত্তমান জমিদার শ্রীশিব-চন্দ্র রায় চৌধুরীর তত্ত্বাবধানে এই সেবার বন্দোবস্ত চলিতেছে।

মকরধ্বজ—গৌরগণোদ্দেশে (১৪১ শ্লোক)—"নটশ্চন্দ্র-মুখঃ প্রাগ্‌ যঃ স করো মকরধ্বজঃ।।" ইনি পাণিহাটী-গ্রামের অধিবাসী ছিলেন।

২৫। দময়ন্তী—গৌরগণোদ্দেশে (১৬৭ শ্লোক)—"গুণমালা ব্রজে যাসীদ্দময়ন্তী তু তৎস্বসা।।"

২৭। অন্ত্য, ১০ম পঃ 'ঝালির' বর্ণনা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৮। আগে—অন্ত্য ১০ম পঃ দেখুন।

অনুভাষ্য

২৯। গঙ্গাদাস পণ্ডিত—গৌরগণোদ্দেশে (৫৩ শ্লোক)—

শ্রীধ্যানচন্দ্র গোস্বামীর বর্ণনানুসারে—শ্রীরাধাকৃষ্ণ-রসপ্রকাশপর গানাবলী যাঁহার ভূষণ, বৃন্দাবন-রসতত্ত্ব প্রচারকালে স্তম্ভাদি-ভাবে যিনি শোভিত হন, শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর রসাত্মক-নৃত্য প্রকাশে যিনি অঙ্কুর-স্বরূপ, সেই শ্রীচৈতন্যভক্ত দ্বিজবর শ্রীবক্রেশ্বর পণ্ডিতকে ভজনা করি। তাঁহাতেই সদা-উৎসুকা শ্রীমতী তুঙ্গবিদ্যা নিত্য বিরাজিতা। সর্ব্বদা শ্রীকৃষ্ণে রতিযুক্তা ও বিপ্রলম্ভ-ভাবান্বিতা শ্রীতুঙ্গবিদ্যা পুনরায় কলিযুগে গৌররসে 'বক্রেশ্বর'-নামে খ্যাতা হইয়াছেন।

* *ব্রজে শ্রীকৃষ্ণকে যিনি অমিতপরিমাণে খাদ্যসামগ্রী প্রদান করিতেন, সেই ধনিষ্ঠাই সম্প্রতি গৌরাঙ্গপ্রিয় শ্রীরাঘবপণ্ডিত।*

(১০) শ্রীদামোদর পণ্ডিত-শাখা ঃ—

দামোদর পণ্ডিত-শাখা প্রেমেতে প্রচণ্ড ।
প্রভুর উপরে যেঁহো কৈল বাক্যদণ্ড ॥ ৩১ ॥
দণ্ড-কথা কহিব আগে বিস্তার করিয়া ।
দণ্ডে তুষ্ট প্রভু তাঁরে পাঠাইলা নদীয়া ॥ ৩২ ॥

(১১) শ্রীশঙ্কর পণ্ডিত-মাহাত্ম্য ও শাখা ঃ—

তাঁহার অনুজ শাখা—শঙ্কর পণ্ডিত ।
'প্রভু-পাদোপাধান' যাঁর নাম বিদিত ॥ ৩৩ ॥

(১২) শ্রীসদাশিব পণ্ডিত ঃ—

সদাশিব-পণ্ডিত যাঁর প্রভুপদে আশ ।
প্রথমেই নিত্যানন্দের যাঁর ঘরে বাস ॥ ৩৪ ॥

(১৩) শ্রীপ্রদ্যুম্ন ব্রহ্মচারী ঃ—

শ্রীনৃসিংহ-উপাসক—প্রদ্যুম্ন ব্রহ্মচারী ।
প্রভু তাঁর নাম কৈলা 'নৃসিংহানন্দ' করি' ॥ ৩৫ ॥

(১৪) শ্রীনারায়ণ পণ্ডিত ঃ—

নারায়ণ-পণ্ডিত এক বড়ই উদার ।
চৈতন্যচরণ বিনু নাহি জানে আর ॥ ৩৬ ॥

(১৫) শ্রীমান্ পণ্ডিত-শাখা ঃ—

শ্রীমান্পণ্ডিত শাখা—প্রভুর নিজ ভৃত্য ।
দেউটি ধরেন, যবে প্রভু করেন নৃত্য ॥ ৩৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩২। আগে—অন্ত্য ৩য় পঃ দেখুন।

অনুভাষ্য

"পুরাসীৎ রঘুনাথস্য যো বশিষ্ঠমুনির্গুরুঃ। স প্রকাশ-বিশেষেণ গঙ্গাদাস-সুদর্শনৌ।।" ঐ ১১১ শ্লোক—✱✱ "গঙ্গাদাস প্রভুপ্রিয়ঃ। আসীন্নিধুবনে প্রাগ্ যো দুর্ব্বাসা গোপিকা-প্রিয়ঃ।।" ✱

৩০। পুরন্দর আচার্য্য—চৈঃ ভাঃ অন্ত্যঃ, ৫ম অঃ—'প্রভু আইলেন মাত্র পণ্ডিতের ঘর। বার্ত্তা পাই' আইলা আচার্য্য পুরন্দর।। তাহানে দেখিয়া প্রভু পিতা করি' বলে। প্রেমাবেশে মত্ত তানে করিলেন কোলে।। পরম-সুকৃতি সে আচার্য্য পুরন্দর। প্রভু দেখি' কান্দে অতি হই অসম্বর।।'

৩১-৩২। দামোদর পণ্ডিত—গৌরগণোদ্দেশে (১৬৯ শ্লোক)—"শৈব্যা যাসীৎ ব্রজে চণ্ডী স দামোদরপণ্ডিতঃ। কুতশ্চিৎ কার্য্যতো দেবী প্রাবিশত্তং সরস্বতী।।" ◆ প্রভুর আজ্ঞায় দামোদর আইর (শচীমাতার) দর্শনে গৌড়ে আসিয়া পুনরায় রথযাত্রার প্রাক্কালে ভক্তগণসহ পুরুষোত্তমে যাইতেন (চৈঃ ভাঃ অন্ত্য, ৯ম অঃ)। শচীদেবীর কৃষ্ণভক্তির কথা জিজ্ঞাসা করিলে প্রভুর প্রতি দামোদরপণ্ডিতের উত্তর—চৈঃ ভাঃ অন্ত্য, ১০ম অঃ দ্রষ্টব্য। অন্ত্যলীলা, তৃতীয় পরিচ্ছেদে দামোদরের প্রভুর প্রতি বাক্যদণ্ড-বৃত্তান্ত দ্রষ্টব্য।

৩৩। শঙ্কর পণ্ডিত—গৌরগণোদ্দেশে (১৫৭ শ্লোক)—"যস্যা বক্ষসি সুষ্বাপ কৃষ্ণো বৃন্দাবনে পুরা। সা শ্রীভদ্রাদ্য গৌরাঙ্গ-প্রিয়ঃ শঙ্করপণ্ডিতঃ।।"✱ অন্ত্য, ১৯পঃ ৬৭-৭৪ সংখ্যা দ্রষ্টব্য।

পণ্ডিতদামোদরের প্রতি মহাপ্রভুর সগৌরব-প্রীতি এবং তদনুজ পণ্ডিতশঙ্করের প্রতি মহাপ্রভুর কেবল শুদ্ধপ্রেম ছিল—মধ্য, ১১পঃ ১৪৬-১৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

৩৪। সদাশিব পণ্ডিত—চৈঃ ভাঃ অন্ত্য, ৯অঃ—(শ্রীরথযাত্রা-সময়ে)—"সদাশিব পণ্ডিত চলিলা শুদ্ধমতি। যাঁর ঘরে পূর্ব্বে নিত্যানন্দের বসতি।।"

ইনি নবদ্বীপবাসী প্রভুর কীর্ত্তনের সঙ্গী। গয়া হইতে ফিরিয়া আসিয়া ইঁহাকে ও অন্যান্য ভক্তকে শুক্লাম্বর-গৃহে মহাপ্রভু নিজের কৃষ্ণ-ভজনের কথা বলিয়াছিলেন। চন্দ্রশেখর-গৃহে লক্ষ্মীবেশে নাচিবার সময় ইঁহাকে কাচ-সজ্জাদি করিতে বলিয়াছিলেন (চৈঃ ভাঃ মধ্য, ১৮অঃ)।

৩৫। প্রদ্যুম্ন ব্রহ্মচারী—অন্ত্য, ২য় পঃ—"প্রদ্যুম্ন ব্রহ্মচারী তাঁর নিজনাম। 'নৃসিংহানন্দ' নাম তাঁর কৈল গৌরধাম।।" পাণিহাটীর রাঘবের গৃহ হইতে আসিয়া কুমারহট্টে শিবানন্দের বাটীতে মহাপ্রভু ইঁহার হৃদয়-মধ্যে 'আবির্ভূত' হইয়া জগন্নাথ, নৃসিংহ ও নিজের—তিনজনের ভোগ গ্রহণ করিয়াছিলেন (চৈঃ চঃ অন্ত্য, ২য় ৪৮-৭৮ পঃ)। কুলিয়া হইতে মহাপ্রভুর বৃন্দাবন-গমন-সংবাদ-শ্রবণে ইনি ধ্যানমগ্ন চিত্তে কুলিয়া হইতে বৃন্দাবন পর্য্যন্ত পথ বাঁধিলে পর ধ্যানভঙ্গ হওয়ায় ইনি ভক্তগণকে বলিয়াছিলেন,—'প্রভু এবার কানাইর নাটশালা পর্য্যন্ত যাইবেন, বৃন্দাবন যাইবেন না' (মধ্য, ১পঃ ৫৫-৬২)। গৌরগণোদ্দেশে ৭৪ শ্লোক—"আবেশশ্চ তথা জ্ঞেয়ো মিশ্রে প্রদ্যুম্নসংজ্ঞকে।" (চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় অঃ)—"যাঁহার শরীরে নৃসিংহের পরকাশ" এবং (অন্ত্য, ৯ অঃ)—"সাক্ষাৎ নৃসিংহ যাঁর সনে কথা কয়।"

৩৬। নারায়ণ পণ্ডিত—শ্রীবাসের ভ্রাতা শ্রীরাম পণ্ডিতের

✱ পূর্ব্বে যিনি শ্রীরঘুনাথ-গুরু শ্রীবশিষ্টমুনি ছিলেন, তিনিই অধুনা প্রকাশ-বিশেষে শ্রীগঙ্গাদাস ও শ্রীসুদর্শন। পূর্ব্বে যিনি নিধুবনে গোপিকা-প্রিয় শ্রীদুর্ব্বাসা ছিলেন, তিনিই প্রভুপ্রিয় শ্রীগঙ্গাদাস।

◆ ব্রজে যিনি প্রখরা শৈব্যা ছিলেন, তিনিই শ্রীদামোদর পণ্ডিত। কোন কার্য্যবশতঃ সরস্বতীদেবীও তাঁহাতে প্রবিষ্টা।

✱ বৃন্দাবনে শ্রীকৃষ্ণ যাঁহার বক্ষে নিদ্রা যাইতেন, সেই শ্রীভদ্রাই অধুনা শ্রীশঙ্কর পণ্ডিত।

(১৬) শ্রীশুক্লাম্বর ব্রহ্মচারী ঃ—

শুক্লাম্বর-ব্রহ্মচারী বড় ভাগ্যবান্ ।
যাঁর অন্ন মাগি' কাড়ি' খাইলা ভগবান্ ॥ ৩৮ ॥

(১৭) শ্রীনন্দন-আচার্য্য-শাখা ঃ—

নন্দন-আচার্য্য-শাখা জগতে বিদিত ।
লুকাইয়া দুই প্রভুর যাঁর ঘরে স্থিত ॥ ৩৯ ॥

(১৮) শ্রীমুকুন্দ দত্ত-শাখা ঃ—

শ্রীমুকুন্দ-দত্ত শাখা—প্রভুর সমাধ্যায়ী ।
যাঁহার কীর্ত্তনে নাচে চৈতন্য-গোসাঞি ॥ ৪০ ॥

(১৯) শ্রীবাসুদেবদত্ত ঠাকুরের গুণরাশি ঃ—

বাসুদেব দত্ত—প্রভুর ভৃত্য মহাশয় ।
সহস্র-মুখে যাঁর গুণ কহিলে না হয় ॥ ৪১ ॥

অনুভাষ্য

সহিত তিনি শ্রীমহাপ্রভুর দর্শনে নীলাচলে গিয়াছিলেন। চৈঃ ভাঃ অন্ত্য, ৯ম অঃ ৯৩ সংখ্যা দ্রষ্টব্য।

৩৭। শ্রীমান্ পণ্ডিত—শ্রীনবদ্বীপবাসী, প্রভুর প্রথম কীর্ত্তনের সঙ্গী। কাচের দিন দেবীভাবে ও সর্ব্বত্র প্রভুর নৃত্যকালে মশাল জ্বালিয়াছিলেন। চৈঃ ভাঃ মধ্য, ১৮ অঃ—'আদ্যাশক্তি'-বেশে নাচে প্রভু গৌরসিংহ। সুখে দেখে তাঁর যত চরণের ভৃঙ্গ।। সম্মুখে দেউটী ধরে পণ্ডিত শ্রীমান্।।"

৩৮। শুক্লাম্বর ব্রহ্মচারী—শ্রীনবদ্বীপবাসী এবং প্রভুর প্রথম কীর্ত্তনের সঙ্গী। গয়া হইতে ফিরিয়া মহাপ্রভু ভক্তগণকে ইঁহারই গৃহে মিলিত হইয়া ইঁহার নিকট কৃষ্ণের আখ্যান শুনিবার জন্য অনুরোধ করিয়াছিলেন (চৈঃ ভাঃ মধ্য, ১ম অঃ)। নবদ্বীপ-লীলায় মহাপ্রভু ইঁহারই ভিক্ষালব্ধ চাউলের অন্ন পরমানন্দে কাড়িয়া লইয়া ভোজন করিতেন (চৈঃ ভাঃ মধ্য ১৬ ও ২৫ অঃ)। গৌরগণোদ্দেশে ১৯১ শ্লোকে—"শুক্লাম্বরো ব্রহ্মচারী পুরাসীদ্ যজ্ঞপত্নিকা। প্রার্থয়িত্বা যদন্নং শ্রীগৌরাঙ্গো ভুক্তবান্ প্রভুঃ। কেচিদাহুর্ব্রহ্মচারী যাজ্ঞিকব্রাহ্মণঃ পুরা।।"*

৩৯। নন্দন আচার্য্য—নবদ্বীপবাসী, প্রভুর কীর্ত্তনের সঙ্গী। শ্রীনিত্যানন্দ প্রভু অবধূত-বেশে নানা তীর্থভ্রমণান্তে ইঁহারই গৃহে প্রথমে আসিয়া উপস্থিত হন। তথায় মহাপ্রভু ভক্তগণের সহিত মিলিত হন। মহাপ্রকাশের দিবস মহাপ্রভু অদ্বৈতপ্রভুকে আনিতে রামাই পণ্ডিতকে পাঠান। অদ্বৈতাচার্য্য নন্দনাচার্য্যের গৃহে লুকাইয়া থাকিলে সর্ব্বান্তর্যামী গৌরসুন্দর তাহা জানিতে পারেন। শ্রীমহাপ্রভুও একদিন ইঁহার গৃহে লুকাইয়াছিলেন। চৈঃ ভাঃ মধ্য, ৬ ও ১৭ অধ্যায় দ্রষ্টব্য।

৪০। শ্রীমুকুন্দদত্ত—জন্ম চট্টগ্রাম-জেলার পটিয়া-থানার অন্তর্গত 'ছন্হরা'-গ্রামে—বিদ্যানিধির শ্রীপাট 'মেখলা গ্রাম' হইতে দশ ক্রোশ দূরবর্ত্তী। গৌরগণোদ্দেশে ১৪০ শ্লোকে—"ব্রজে স্থিতৌ গায়কৌ যৌ মধুকণ্ঠ-মধুব্রতৌ। মুকুন্দবাসুদেবৌ তৌ দত্তৌ গৌরাঙ্গগায়কৌ।।" বিদ্যাশিক্ষাকালে সহপাঠী মুকুন্দের সহিত নিমাই ন্যায়ের ফাঁকি লইয়া ঝগড়া করিতেন (চৈঃ ভাঃ আদি ৭ম ও ৮ম অঃ)। গয়া হইতে আসিয়া কৃষ্ণপ্রেম-মত্ত প্রভুকে মুকুন্দ ভাগবত-শ্লোক পড়িয়া আনন্দ দান করিতেন। ইঁহারই চেষ্টায় সঙ্গী শ্রীগদাধরপণ্ডিত-গোস্বামী শ্রীবিদ্যানিধির নিকট দীক্ষিত হন (মধ্য, ৭ম অঃ)। শ্রীবাস-অঙ্গনে ইনি কীর্ত্তন করিলে মহাপ্রভু নৃত্য করিতেন। 'সাতপ্রহরিয়া' ভাবকালে ইনি 'অভিষেক' গাহিয়া-ছিলেন। মুকুন্দের প্রতি দণ্ড ও কৃপা (চৈঃ ভাঃ মধ্য, ১০ অঃ)। চন্দ্রশেখর-গৃহে প্রভুর লক্ষ্মীবেশে নৃত্য-লীলায় প্রথমে ইনি গান ধরিয়াছিলেন। স্বীয় সন্ন্যাস-গ্রহণের কথা নিত্যানন্দপ্রভুকে বলিবার পর মুকুন্দের গৃহে গিয়া উপস্থিত হইলে সকল কথা শুনিয়া মুকুন্দ প্রভুকে আরও কিছুদিন নবদ্বীপে কীর্ত্তনলীলা করিবার জন্য অনুরোধ করিলেন (চৈঃ ভাঃ মধ্য ২৫ অঃ)। প্রভুর সন্ন্যাস কথা নিত্যানন্দমুখে গদাধর ও চন্দ্রশেখরের সহিত মুকুন্দও জানিতে পারিয়া তাঁহাদের সহিত কাটোয়ায় গিয়া কীর্ত্তন ও প্রভুর সন্ন্যাসোচিত ক্রিয়া সম্পাদন ও প্রভুর সন্ন্যাসান্তে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ নিতাই, গদাধর ও গোবিন্দের সহিত মিলিত হইয়া গমন (মধ্য, ২৬ অঃ, অন্ত্য ১ম অঃ) এবং এইরূপে প্রভুর পশ্চাৎ পশ্চাৎ পুরুষোত্তম পর্য্যন্ত গমন (অন্ত্য ২য় অঃ দ্রষ্টব্য)। জলেশ্বরে গমনকালে নিত্যানন্দ-কর্ত্তৃক প্রভুর দণ্ডভঙ্গকালে উপস্থিত থাকিয়া প্রভুর কিছু পরেই জলেশ্বর উপস্থিত হন। প্রতিবর্ষে ভক্তগণসহ গৌড়দেশ হইতে প্রভুদর্শনার্থে নীলাচলে আসিতেন।

৪১। শ্রীবাসুদেব দত্ত—চট্টগ্রামে ইঁহার জন্ম, মুকুন্দ দত্তের ভ্রাতা। (চৈঃ ভাঃ অন্ত্য, ৯ অঃ)—"যাঁর স্থানে কৃষ্ণ হয় আপনে বিক্রয়।" কুমারহট্টে শ্রীবাস-গৃহে অবস্থানকালে (চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ)—"হেন সে প্রভুর প্রীতি দত্তের বিষয়। প্রভু বলে,—আমি বাসুদেবের নিশ্চয়।। ** এ শরীর বাসুদেব দত্তের আমার।। দত্ত আমা' যথা বেচে, তথাই বিকাই। সত্য, সত্য, ইহাতে অন্যথা কিছু নাই।। সত্য আমি কহি, শুন, বৈষ্ণবমণ্ডল। এ দেহ আমার বাসুদেবের কেবল।।" ইঁহারই অনুগৃহীত যদুনন্দন আচার্য্য—শ্রীরঘুনাথদাস গোস্বামীর দীক্ষাগুরু (অন্ত্য, ৬ষ্ঠ পঃ ১৬১)। ইঁহার

** পূর্ব্বে যিনি যাজ্ঞিক পত্নী ছিলেন, তিনিই শুক্লাম্বর ব্রহ্মচারী, যাঁহার নিকট হইতে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু অন্ন প্রার্থনা করিয়া ভোজন করিয়াছিলেন। কাহারও মতে তিনি পূর্ব্বে যাজ্ঞিক ব্রাহ্মণ ছিলেন।*

জগতে যতেক জীব, তার পাপ লঞা ।
নরক ভুঞ্জিতে চাহে জীব ছাড়াইয়া ॥ ৪২ ॥

(২০) নামাচার্য্য ঠাকুর হরিদাসের গুণরাশি ও তৎশাখা ঃ—

হরিদাস ঠাকুর-শাখার অদ্ভুত চরিত ।
তিনলক্ষ নাম তেঁহো লয়েন অপতিত ॥ ৪৩ ॥
তাঁহার অনন্ত গুণ,—কহি দিঙ্মাত্র ।
আচার্য্য গোসাঞি যাঁরে ভুঞ্জায় শ্রাদ্ধপাত্র ॥ ৪৪ ॥
প্রহ্লাদ-সমান তাঁর গুণের তরঙ্গ ।
যবন-তাড়নেও যাঁর নাহিক ভ্রূভঙ্গ ॥ ৪৫ ॥
তেঁহো সিদ্ধি পাইলে তাঁর দেহ লঞা কোলে ।
নাচিল চৈতন্যপ্রভু মহাকুতূহলে ॥ ৪৬ ॥
তাঁর লীলা বর্ণিয়াছেন বৃন্দাবনদাস ।
যেবা অবশিষ্ট, আগে করিব প্রকাশ ॥ ৪৭ ॥

(২০ক) হরিদাসশিষ্য সত্যরাজ খাঁ (বসু) প্রভৃতি ঃ—

তাঁর উপশাখা,—যত কুলীনগ্রামী জন ।
সত্যরাজ আদি—তাঁর কৃপার ভাজন ॥ ৪৮ ॥

(২১) শ্রীমুরারি গুপ্ত-মহিমা ও শাখা ঃ—

শ্রীমুরারি গুপ্ত-শাখা—প্রেমের ভাণ্ডার ।
প্রভুর হৃদয় দ্রবে শুনি' দৈন্য যাঁর ॥ ৪৯ ॥
প্রতিগ্রহ নাহি করে, না লয় কার ধন ।
আত্মবৃত্তি করি' করে কুটুম্ব ভরণ ॥ ৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৩। অপতিত—বিধিভঙ্গ-রহিতরূপে।

অনুভাষ্য

ব্যয়বাহুল্য-প্রবৃত্তি দেখিয়া প্রভুকর্ত্তৃক শিবানন্দ-সেনকে ইঁহার 'সরখেল' হইয়া ব্যয়সমাধানার্থ আদেশ (মধ্য, ১৫ পঃ ৯৩-৯৬)। জীবের দুঃখ দর্শনে ইঁহার মহাপ্রভুর নিকট প্রার্থনা (১৫শ ১৫৯-১৮০) দ্রষ্টব্য।

ই, আই, আর, লাইনে পূর্ব্বস্থলী-ষ্টেশন হইতে ১ মাইল দূরে ঠাকুর বৃন্দাবনের জন্মভূমি মামগাছি-গ্রামে ইঁহার প্রতিষ্ঠিত শ্রীমদনগোপাল অদ্যাপি বর্ত্তমান। সেবায় নিতান্ত অযত্ন হইতেছে। সেবার ঔজ্জ্বল্যবিধান বাঞ্ছনীয়।

৪৩-৪৭। শ্রীহরিদাস ঠাকুর—(চৈঃ ভাঃ আদি ২ অঃ)— "বূঢ়নে হইলা অবতীর্ণ হরিদাস। ** কতদিন থাকি' আইলা গঙ্গাতীরে। আসিয়া রহিল ফুলিয়ায় শান্তিপুরে।।"—যবনকর্ত্তৃক দৌরাত্ম্য-প্রসঙ্গ—চৈঃ ভাঃ ১১ অধ্যায়ে বর্ণিত। হরিদাসের দৈন্যোক্তি ও প্রভুর কৃপা—চৈঃ ভাঃ মধ্য, ১০ অঃ ; দ্বারে দ্বারে নামপ্রচার—মধ্য, ১৩ অঃ ; চন্দ্রশেখর-গৃহে অভিনয়কালে হরিদাসের কোটালবেশ—চৈঃ ভাঃ মধ্য, ১৮ অঃ, বেনাপোলে হরিনাম-ভজন ও পরীক্ষা—চৈঃ চঃ অন্ত্য ৩ পঃ এবং হরিদাস-নির্য্যাণ—অন্ত্য, ১১ পঃ বর্ণিত।

২৪ পরগণার অন্তর্গত (বর্ত্তমান বাংলাদেশের অন্তর্গত খুলনা-জেলা) সাতক্ষীরা-মহকুমায় 'বূঢ়ন'-নামক এক পরগণা আছে, তথায় ঠাকুরের প্রাকট্য হইয়াছিল কিনা—জানা যায় না।

৪৮। সত্যরাজ খান—ইনি কুলীনগ্রামের গুণরাজ খানের পুত্র ও রামানন্দ বসুর পিতা। কুলীনগ্রামে ঠাকুর হরিদাস চাতুর্ম্মাস্যকাল বাস করিয়া ভজন করিয়াছিলেন এবং বসুবংশীয়গণকে কৃপা বিতরণ করিয়াছিলেন। প্রতিবর্ষে জগন্নাথদেবের পট্টডোরী আনিবার জন্য মহাপ্রভুর কৃপাদেশ-লাভ (মধ্য, ১৪ পঃ) এবং গৃহস্থের কর্ত্তব্য-জিজ্ঞাসা-প্রসঙ্গে বৈষ্ণব, বৈষ্ণবতর ও বৈষ্ণবতমের অধিকার-তারতম্য ও লক্ষণ-শ্রবণ (মধ্য ১৫ পঃ ১০২-১০৯, ১৬ পঃ ৬৭-৭৫ সংখ্যা দ্রষ্টব্য)। তাঁহার ভজন-স্থানে এক্ষণে শ্রীমহাপ্রভুর বিগ্রহ আছেন।

কুলীনগ্রাম—হাওড়া বর্দ্ধমান কর্ড লাইনে 'জৌগ্রাম' ষ্টেশন হইতে ২ মাইলের মধ্যে কুলীনগ্রাম। কুলীনগ্রামের মাহাত্ম্য সম্বন্ধে মহাপ্রভুর উক্তি—আদি, ১০ম পঃ ৮২-৮৩ এবং মধ্য ১০ম পঃ ১০০-১০১ সংখ্যা দ্রষ্টব্য।

৪৯। শ্রীমুরারিগুপ্ত—'শ্রীচৈতন্যচরিত' গ্রন্থের লেখক। শ্রীহট্টের বৈদ্যবংশজাত ও পরে নবদ্বীপ-প্রবাসী হইয়াছিলেন। ইনি মহাপ্রভু অপেক্ষা বয়োজ্যেষ্ঠ। ইঁহার গৃহে মহাপ্রভু বরাহরূপ দেখাইয়াছিলেন (চৈঃ ভাঃ মধ্য, ৩য় অঃ) এবং মহাপ্রকাশাবস্থায় শ্রীরামরূপ তাঁহাকে দর্শন করান (চৈঃ ভাঃ মধ্য, ১০ অঃ)। শ্রীবাসের গৃহে নিত্যানন্দসহ উপবিষ্ট গৌরসুন্দরের মধ্যে মুরারি-গুপ্তের প্রথমে গৌরকে প্রণাম ও পরে নিত্যানন্দকে দণ্ডবৎ। 'তুমি ব্যবহার ব্যতিক্রম করিয়া নমস্কার করিয়াছ' মুরারিকে প্রভুর এইরূপ উক্তি এবং রাত্রিতে স্বপ্নযোগে তাঁহার নিকট নিত্যানন্দ-তত্ত্ব-কীর্ত্তন। পরদিবস প্রাতে মুরারির প্রথমে নিত্যানন্দের ও পরে মহাপ্রভুর চরণ-বন্দনা। মুরারিকে চর্ব্বিত তাম্বূল-প্রদান। একদিন শ্রীমহাপ্রভুর উদ্দেশে মুরারির ঘৃতান্ন-প্রদান, পরদিবস প্রাতে মহাপ্রভুর বহু অন্ন-গ্রহণে অজীর্ণহেতু মুরারির নিকট চিকিৎসার্থ আগমন। 'মুরারির জলপাত্রের জলই উহার ঔষধ' এই বলিয়া প্রভুর জলপান ; শ্রীবাস-ভবনে মহাপ্রভুর চতুর্ভুজ-মূর্ত্তি-ধারণ, মুরারির গরুড়-ভাব এবং প্রভুর তৎস্কন্ধে আরোহণ। প্রভুর অপ্রাকট্যে বিরহ অসহ্য হইবে ভাবিয়া প্রভুর প্রকটকালেই

অমৃতপ্রবাহ ভাষ্য

৫০। আত্মবৃত্তি—স্ব-বর্ণবৃত্তি, মুরারিগুপ্তের কবিরাজী (ব্যবসায়)।

চিকিৎসা করেন যারে হইয়া সদয়।
দেহরোগ, ভবরোগ,—দুই তার ক্ষয় ॥ ৫১ ॥

(২২) শ্রীমান্ সেন ঃ—

শ্রীমান্ সেন প্রভুর সেবক প্রধান।
চৈতন্য-চরণ বিনু নাহি জানে আন ॥ ৫২ ॥

(২৩) শ্রীগদাধরদাস-শাখা ঃ—

শ্রীগদাধরদাস-শাখা সর্ব্বোপরি।
কাজীগণের মুখে যেঁহ বোলাইল হরি ॥ ৫৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৩। গদাধরদাস—এঁড়িয়াদহবাসী।

অনুভাষ্য

মুরারির দেহত্যাগে সঙ্কল্প এবং অন্তর্যামী প্রভুকর্ত্তৃক তাঁহাকে উহা হইতে নিবারণ-প্রসঙ্গ (চৈঃ ভাঃ মধ্য ২০ অঃ)। একদিন প্রভুর ভাবাবেশে এবং মুরারিগুপ্তের গৃহে প্রভুর বরাহ-মূর্ত্তি প্রাকট্য, তদ্দর্শনে মুরারির স্তুতি (চৈঃ ভাঃ অন্ত্য, ৪ অঃ); মুরারি গুপ্তের দৈন্যোক্তি—মধ্য ১১ পঃ ১৫২-১৫৮; মুরারির শ্রীরামনিষ্ঠা—মধ্য ১৫ পঃ ১৩৭-১৫৭ সংখ্যা দ্রষ্টব্য।

৫২। শ্রীমান্ সেন—ইনি নবদ্বীপবাসী প্রভুসঙ্গী।

৫৩। শ্রীগদাধর দাস—কলিকাতা হইতে ৪ ক্রোশ উত্তরে ভাগীরথীতীরে 'এঁড়িয়াদহ' গ্রাম; দাস গদাধর মহাপ্রভুর অপ্রকটের পর নবদ্বীপ হইতে কাটোয়ায় (ভক্তিরত্নাকর ৭ম তঃ) পরে তথা হইতে এই গ্রামে আসিয়া বাস করেন। ইনি শ্রীরাধার কান্তি; শ্রীল পণ্ডিতগোস্বামী যেমন শ্রীমতী বৃষভানুনন্দিনীরূপা, শ্রীল গদাধর-দাসও তেমনই শ্রীমতীর অঙ্গশোভা। "রাধাভাব-দ্যুতিসুবলিত" গৌরের তিনি দ্যুতি-স্বরূপ। গৌরগণোদ্দেশে তিনি বৃষভানুনন্দিনীর বিভূতিরূপ বলিয়া নির্দ্দিষ্ট। তিনি গৌর ও নিত্যানন্দ, উভয়ের গণেই গণিত হন। গৌরগণ—ব্রজের মধুর-রসের রসিক, নিত্যানন্দগণ—শুদ্ধভক্তি-প্রধান সখ্যাদিরসের রসিক। শ্রীদাস গদাধর নিত্যানন্দগণ হইলেও সখ্যভাবময় গোপাল নহেন; তিনি মধুর-রসিক ছিলেন। কাটোয়ায় তাঁহার গৌরার্চ্চা ছিল।

১৪৩৪শকে শ্রীনিত্যানন্দপ্রভু যেকালে নীলাচল হইতে গৌড়দেশে ভক্তি-প্রচারের জন্য শ্রীমহাপ্রভু-কর্ত্তৃক অনুরুদ্ধ হন, তৎকালে গদাধর তাঁহার প্রচার-কার্য্যে একজন প্রধান সহায় হন (আদি ১১পঃ ১৩-১৪)। শ্রীগদাধরদাস সকলকে হরিনাম করিতে উপদেশ করিতেন। সেই গ্রামের কাজী কীর্ত্তন-বিরোধী ছিলেন। শ্রীদাস গদাধর একদিন রাত্রিকালে কীর্ত্তন করিতে করিতে কাজী-উদ্ধারের মানসে তাহার গৃহে উপস্থিত হইয়া হরিনাম উচ্চারণ করিতে অনুরোধ করেন; তদুত্তরে কাজী 'আগামী কল্য হরি বলিব' বলায় গদাধরদাস প্রেমসুখপূর্ণ হইয়া বলেন,—"**

(২৪) শ্রীশিবানন্দ সেন-শাখা ঃ—

শিবানন্দ সেন—প্রভুর ভৃত্য অন্তরঙ্গ।
প্রভুস্থানে যাইতে সবে লয়েন যাঁর সঙ্গ ॥ ৫৪ ॥
প্রতি বর্ষে প্রভুর গণ সঙ্গেতে লইয়া।
নীলাচলে চলেন পথে পালন করিয়া ॥ ৫৫ ॥

প্রভুর তিনরূপে অবতীর্ণ হইয়া কৃপা ঃ—

ভক্তে কৃপা করেন প্রভু এ তিন স্বরূপে।
'সাক্ষাৎ', 'আবেশ' আর 'আবির্ভাব'-রূপে ॥ ৫৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৬। সকলভক্তের নিকট একরূপ দর্শন দিয়া 'সাক্ষাৎ' কৃপা করিতেন, কিন্তু নকুল ব্রহ্মচারীর দেহে সময় সময় 'আবিষ্ট' হইতেন; প্রদ্যুম্ন ব্রহ্মচারীর দেহে শ্রীচৈতন্যের 'আবির্ভাব' হইত।

অনুভাষ্য

আর কালি কেনে। এইত' বলিলা হরি আপন-বদনে।।" গৌর-গণোদ্দেশে—"রাধা-বিভূতিরূপা যা চন্দ্রকান্তিঃ পুরা ব্রজে। সঃ শ্রীগৌরাঙ্গ-নিকটে দাসবংশ্যো গদাধরঃ।। পূর্ণানন্দা সাদ্য ব্রজে যাসীদ্বলদেবপ্রিয়াগ্রণী। সাপি কার্য্যবশাদেব প্রাবিশত্তং গদাধরম্।।" নীলাচল হইতে গৌড়াগমন-পথে শ্রীদাস-গদাধর শ্রীরাধাভাবে মহাঅট্ট-হাস্যসহ দধি-বিক্রেত্রী হইয়া স্বীয় বাহ্য পরিচয় ভুলিয়া-ছিলেন—ইহা নিত্যানন্দপ্রভু দেখিয়াছিলেন। কখনও গদাধর গোপীভাবে বিভোর হইয়া গাঙ্গতোয়পূর্ণ কুম্ভ মস্তকে লইয়া দুধ বিক্রয় করিতেন। শ্রীমন্মহাপ্রভু যে-বার গৌড়মণ্ডল হইয়া শ্রীবৃন্দাবন যাইবার ইচ্ছা করেন, সেকালে পাণিহাটী-গ্রামে রাঘব-ভবনে উপস্থিত হন। তখন "রাঘব-মন্দিরে শুনি' শ্রীগৌরসুন্দর। গদাধরদাস ধাই' আইলা সত্বর।। প্রভুও দেখিয়া গদাধর সুকৃতিরে। শ্রীচরণ তুলিয়া দিলেন তাঁর শিরে।।" (চৈঃ ভাঃ অন্ত্য ৫ অঃ)। এঁড়িয়াদহে গদাধরের ভবনে তাঁহার প্রকটকালে 'বাল-গোপাল' মূর্ত্তি ছিলেন। শ্রীমাধব ঘোষ গোপালবিগ্রহের সম্মুখে শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীদাস গদাধরের সাহায্যে 'দানখণ্ড' অভিনয়ের দ্বারা নৃত্যগীত করেন (চৈঃ ভাঃ অন্ত্য, ৫ অঃ)। শ্রীগদাধরের তিরোভাবে ঐ গ্রামে তাঁহার সমাধি হয়। সমাধিটী সংযোগি-বৈষ্ণবগণের অধিকারে ছিল। কালনার সিদ্ধ শ্রীভগবান্ দাস বাবাজী মহারাজের অনুজ্ঞা-মতে কলিকাতা নারিকেলডাঙ্গা নিবাসী পরলোকপ্রাপ্ত মধুসূদন মল্লিক তথায় পাটবাটী স্থাপন-পূর্ব্বক ১২৫৬ সালে 'শ্রীরাধাকান্ত' বিগ্রহ-সেবার ব্যবস্থা করেন। তৎপুত্র বলাই মল্লিক ১৩১২ সালে শ্রীগৌর-নিতাইয়ের একটী সেবা প্রতিষ্ঠিত করিয়াছেন। মন্দিরের সিংহাসনে শ্রীগৌর-নিত্যানন্দ-বিগ্রহ ও শ্রীরাধাকৃষ্ণের মূর্ত্তি বিরাজমান, সিংহাসনের নীচে একটী সংস্কৃত শ্লোক খোদিত। একটী গোপেশ্বর শিবলিঙ্গও

'সাক্ষাতে' সকল ভক্তে দেখি নির্ব্বিশেষ ।
নকুল ব্রহ্মচারি-দেহে প্রভুর 'আবেশ' ॥ ৫৭ ॥
'প্রদ্যুম্ন ব্রহ্মচারী' তাঁর আগে নাম ছিল ।
'নৃসিংহানন্দ' নাম প্রভু পাছে ত' রাখিল ॥ ৫৮ ॥
তাঁহাতে হইল চৈতন্যের 'আবির্ভাব' ।
অলৌকিক ঐছে প্রভুর অনেক স্বভাব ॥ ৫৯ ॥

আস্বাদিল এসব রস সেন শিবানন্দ ।
বিস্তারি' কহিব আগে এসব আনন্দ ॥ ৬০ ॥

(২৪ক) শিবানন্দের পুত্র-ভৃত্যাদি শাখা ঃ—

শিবানন্দের উপশাখা—তাঁর পরিকর ।
পুত্র-ভৃত্য-আদি করি' চৈতন্য-কিঙ্কর ॥ ৬১ ॥

অনুভাষ্য

তথায় প্রতিষ্ঠিত আছেন। মন্দিরের দ্বারদেশে একটী প্রস্তরফলকে উপরিউক্ত কথাগুলি খোদিত আছে।

বৈষ্ণব-মঞ্জুষা-সমাহৃতি (১ম সংখ্যা) দ্রষ্টব্য।

৫৬। 'সাক্ষাৎ'—স্বয়ংরূপ গৌরসুন্দর ; 'আবেশ'—নকুল ও প্রদ্যুম্ন ব্রহ্মচারীতে ; 'আবির্ভাব'—(চৈঃ চঃ অন্ত্য ২।৩৪-৩৫) "শচীর মন্দিরে আর নিত্যানন্দ-নর্ত্তনে। শ্রীবাস-কীর্ত্তনে, আর রাঘব-ভবনে।। এই চারি ঠাঁই প্রভুর সদা 'আবির্ভাব'। প্রেমাবিষ্ট হয় প্রভুর সহজ স্বভাব।।"

গৌরগণোদ্দেশের মতে—'নকুল ব্রহ্মচারী' ও প্রদ্যুম্ন মিশ্রের মধ্যে প্রভুর 'আবির্ভাব' ও 'আবেশ' হইয়াছিল ; যথা (৭৪ শ্লোক)—"আবির্ভাবো গৌরহরের্নকুল-ব্রহ্মচারিণি। আবেশশ্চ তথা জ্ঞেয়ো মিশ্রে প্রদ্যুম্নসংজ্ঞকে।।"

৫৭। প্রত্যক্ষভাবে সমস্ত ভক্তকে পরস্পর বৈশিষ্ট্য-বিহীন অর্থাৎ একই প্রকার সেবক বা অভিন্নরূপে দেখা যায় কিন্তু নকুল ব্রহ্মচারীর মধ্যে শ্রীমন্মহাপ্রভুর আবেশ হওয়ায় তাঁহাকে ঠিক শ্রীগৌরসুন্দরের ন্যায় অন্যান্য সকল ভক্ত অপেক্ষা অধিকতর অলৌকিক ঈশ্বর-চেষ্টাযুক্ত কৃষ্ণপ্রেমময়রূপে শ্রীশিবানন্দ সেন প্রভৃতি ভক্ত দর্শন করিলেন।

নকুল ব্রহ্মচারী—ইঁহার পূর্ব্বনিবাস—কালনার নিকট 'পিয়ারীগঞ্জ' নামক পল্লীতে। চৈঃ চঃ অন্ত্য ২য় পঃ ৩-৮৩ সংখ্যায় ইঁহার প্রসঙ্গ উল্লিখিত আছে।

৫৮। চৈঃ চঃ আদি ১০ম পঃ ৩৫ ও চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় ও ৮ম অধ্যায় দ্রষ্টব্য।

৬১। শিবানন্দ সেন—কুমারহট্ট বা হালিসহর-নিবাসী ও প্রভুর ভক্ত। তথা হইতে ১।।০ (দেড়) মাইল দূরে কাঁচড়াপাড়ায় ইঁহার প্রতিষ্ঠিত গৌরগোপাল বিগ্রহ আছেন (শ্রীকৃষ্ণরায়ের মন্দিরে অদ্যাপি বর্ত্তমান)। তাঁহার পুত্র পরমানন্দ (পুরীদাস) গৌরগণোদ্দেশে লিখিয়াছেন (১৭৬ শ্লোক)—"পুরা বৃন্দাবনে বীরা দূতী সর্ব্বাশ্চ গোপিকাঃ। নিনায় কৃষ্ণনিকটং সেদানীং জনকো মম।।" * ইনি প্রতিবর্ষে গৌড়দেশ হইতে ভক্তগণকে পথপ্রদর্শন করিয়া যাতায়াত-ব্যয় বহন ও তত্ত্বাবধানপূর্ব্বক মহাপ্রভুর নিকট নীলাচলে লইয়া যাইতেন (মধ্য ১৬ পঃ ১৯-২৬)। ইঁহার তিনপুত্র—চৈতন্যদাস, রামদাস ও পরমানন্দ (কবিকর্ণপূর)। কর্ণপূরের দীক্ষাগুরুদেব (ইঁহার গুরু-পুরোহিত) শ্রীনাথ পণ্ডিত সম্বন্ধে ১০৭ সংখ্যা দ্রষ্টব্য। বাসুদেব দত্তের ব্যয়বাহুল্য দেখিয়া মহাপ্রভু ইঁহাকে তাঁহার সরখেল (তত্ত্বাবধায়ক) রূপে থাকিবার জন্য আদেশ করিয়াছিলেন (মধ্য, ১৫ পঃ ৯৩-৯৭ সংখ্যা)। শ্রীমহাপ্রভু 'সাক্ষাৎ', 'আবেশ' ও 'আবির্ভাব'রূপ ত্রিবিধ উপায়ে ভক্তগণকে কৃপা করেন ; সেই তিন রস শিবানন্দ-সেন পরীক্ষা করিয়া আস্বাদন করেন (অন্ত্য, ২য়ঃ পঃ) এবং ইঁহার গৌরচরণ-দর্শনপিপাসু কুকুরের কথা—অন্ত্য, ১ম পঃ বর্ণিত আছে। রঘুনাথদাস গোস্বামী প্রভু যখন প্রভু-দর্শনে নীলাচলে পলায়ন করিলেন, তখন গোবর্দ্ধন ইঁহার নিকট পত্র পাঠাইয়া পুত্র রঘুনাথের সংবাদ জানিয়া পুনরায় পুত্রের সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য পাচক ভৃত্য ও বহুমুদ্রা পাঠাইলে শিবানন্দ পরবৎসর তাহাদিগকে নীলাচলে লইয়া যান (অন্ত্য ৬ পঃ ২৪৫-২৬৭)। একদা নীলাচলে শিবানন্দ, প্রভুকে নিমন্ত্রণ করিয়া গুরুতর ভোজন করাইলে প্রভুর চিত্ত প্রসন্ন না হওয়ায় পরদিন তৎপুত্র চৈতন্যদাস, প্রভুকে হজমকারক দ্রব্যাদি ভোজন করাইয়া প্রভুর সন্তোষ বিধান করেন (অন্ত্য, ১০ম পঃ ১২৪-১৫১)। একবার নীলাচল-গমন উপলক্ষে ঘাটি-সমাধানের পর নিত্যানন্দ-প্রমুখ সকলে বাসস্থান না পাইয়া নিকটবর্ত্তী গ্রামে বৃক্ষতলে অবস্থান করিতে বাধ্য হওয়ায়, নিতাই ক্ষুধার্ত্ত ও ক্রুদ্ধের অভিনয় করিয়া 'শিবানন্দের পুত্রত্রয় মরুক্' বলিয়া অভিশাপ দিলে, পত্নী অকল্যাণাশঙ্কায় কাঁদিতে আরম্ভ করিলেন। শিবানন্দ ঘাটি হইতে আসিয়া সব বৃত্তান্ত শুনিয়া পত্নীকে স্বীয় ভাগ্যের প্রশংসা কীর্ত্তন করিয়া নিতাইর নিকট আসিতেই নিতাইর পাদপ্রহার-সৌভাগ্য লাভ করিলেন। শিবানন্দের ভাগিনেয় শ্রীকান্ত ইহা দেখিয়া অভিমানপূর্ব্বক একাকী প্রভু-সকাশে গমন করিলে অন্তর্যামী প্রভু তাহাকে ক্ষমা ও সান্ত্বনা করিলেন। সেইবারই পুরীদাসের মুখে প্রভু পাদাঙ্গুষ্ঠ দিলে প্রথমে তাঁহার মৌনব্রত, পরে অন্যদিন প্রভুর আজ্ঞায় শ্লোক-রচনা (অন্ত্য, ১৬ পঃ ১৫-৭৫)। তৎকালে

* *পূর্ব্বে যিনি বৃন্দাবনে গোপীগণকে শ্রীকৃষ্ণের নিকট লইয়া যাইতেন, সেই বীরাদূতীই অধুনা আমার পিতা শ্রীশিবানন্দ।*

তাঁহার পুত্রত্রয় ঃ—

চৈতন্যদাস, রামদাস, আর কর্ণপূর ।
তিন পুত্র শিবানন্দের প্রভুর ভক্তশূর ॥ ৬২ ॥

(২৪খ) শিবানন্দসেনের ভাগিনেয়দ্বয় ঃ—

শ্রীবল্লভসেন, আর সেন শ্রীকান্ত ।
শিবানন্দ-সম্বন্ধে প্রভুর ভক্ত একান্ত ॥ ৬৩ ॥

(২৫) শ্রীগোবিন্দানন্দ ও (২৬) শ্রীগোবিন্দ দত্ত ঃ—

প্রভুপ্রিয় গোবিন্দানন্দ—মহাভাগবত ।
প্রভুর কীর্ত্তনীয়া আদি—শ্রীগোবিন্দ দত্ত ॥ ৬৪ ॥

(২৭) শ্রীবিজয়দাস ও (২৮) অকিঞ্চন কৃষ্ণদাস ঃ—

শ্রীবিজয়দাস-নাম প্রভুর আখরিয়া ।
প্রভুরে অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া ॥ ৬৫ ॥
'রত্নবাহু' বলি' প্রভু থুইল তাঁর নাম ।
অকিঞ্চন প্রভুর প্রিয় কৃষ্ণদাস-নাম ॥ ৬৬ ॥

(২৯) শ্রীধরের গুণরাশি ঃ—

খোলা-বেচা শ্রীধর প্রভুর প্রিয়দাস ।
যাঁহা-সনে প্রভু করে নিত্য পরিহাস ॥ ৬৭ ॥
প্রভু যাঁর নিত্য লয় থোড়-মোচা-ফল ।
যাঁর ফুটা-লৌহপাত্রে প্রভু পিলা জল ॥ ৬৮ ॥

(৩০) শ্রীভগবান্ পণ্ডিত ঃ—

প্রভুর অতিপ্রিয় দাস ভগবান্ পণ্ডিত ।
যাঁর দেহে কৃষ্ণ পূর্ব্বে হৈল অধিষ্ঠিত ॥ ৬৯ ॥

অনুভাষ্য

গোবিন্দকে প্রভুর আজ্ঞা—"শিবানন্দের প্রকৃতি, পুত্র যাবৎ হেথায়। আমার অবশেষ-পাত্র তারা যেন পায়।। (অন্ত্য, ১২ পঃ ১৫-৫৩)।

৬২। চৈতন্যদাস—শিবানন্দের জ্যেষ্ঠপুত্র। ইঁহার কৃত কৃষ্ণকর্ণামৃতের টীকা-সহ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অনুবাদ 'শ্রীসজ্জনতোষণী' পত্রিকায় প্রকাশিত হইয়াছে। অভিজ্ঞের মতে, ইঁনিই 'চৈতন্যচরিত' নামক সংস্কৃত ভাষায় মহাকাব্যের প্রণেতা—কবিকর্ণপূর নহেন।

রামদাস—মধ্যম পুত্র। গৌরগণোদ্দেশে ১৪৫ শ্লোক—"বৃন্দাবনে যৌ বিখ্যাতৌ শুকৌ দক্ষ-বিচক্ষণৌ। তাবদ্য জাতৌ মজ্জ্যেষ্ঠৌ চৈতন্যরামদাসকৌ।।"

কর্ণপূর—পরমানন্দদাস, পুরীদাস বা কবিকর্ণপূর। ইনি অদ্বৈতশাখা শ্রীনাথ পণ্ডিতের শিষ্য, ইনি 'আনন্দবৃন্দাবন'-চম্পূ, 'অলঙ্কার-কৌস্তুভ', 'শ্রীচৈতন্যচরিত' (?) মহাকাব্য, 'শ্রীচৈতন্য-চন্দ্রোদয়'-নাটক, 'গৌরগণোদ্দেশ-দীপিকা' প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন। ইনি ১৪৪৮ শকাব্দে জন্মগ্রহণ করিয়া ১৪৯৮ শকাব্দ পর্য্যন্ত গ্রন্থাদি রচনা করেন।

৬৩। শ্রীবল্লভসেন ও শ্রীকান্ত সেন—শিবানন্দের ভাগিনেয়। পুরীতে আসিবার কালে মাতুল শিবানন্দকে নিত্যানন্দপ্রভু গালি-শাপ ও লাথি মারায় ইনি অভিমান করিয়া দল ছাড়িয়া মহা-প্রভুর নিকট পূর্ব্বেই আসিয়াছিলেন। সর্ব্বজ্ঞ প্রভু তাহা জানিলেন এবং নীলাচলে বাসকাল পর্য্যন্ত গোবিন্দকে তাঁহার নিজ প্রসাদ দিবার (জন্য) অনুমতি করিলেন। রথযাত্রাকালে সাত সম্প্র-দায়ের মধ্যে মুকুন্দের সম্প্রদায়ে এই দুই ভাই কীর্ত্তনীয়া ছিলেন। (মধ্য, ১৩ পঃ ৪১)। গৌরগণোদ্দেশে ১৭৪ শ্লোক—"ব্রজে কাত্যায়নী যাসীদদ্য শ্রীকান্তসেনকঃ।"

৬৪। গোবিন্দানন্দ—প্রথম কীর্ত্তনে নবদ্বীপে মহাপ্রভুর সঙ্গী। শ্রীধরের গৃহে জলপানের দিবস ইনি ক্রন্দন করিয়াছিলেন। রথযাত্রায় ইনি পুরুষোত্তম গিয়াছিলেন।

গোবিন্দ দত্ত—নবদ্বীপে প্রভুর কীর্ত্তনের সঙ্গী, মূল-গায়ক হইয়া মহাপ্রভুর সঙ্গে কীর্ত্তন করিতেন (চৈঃ ভাঃ অন্ত্য ৯ম অঃ)—"মূল হঞা যে কীর্ত্তন করে প্রভুসনে।" ইঁহার শ্রীপাট—খড়দহের দক্ষিণ-সীমাস্থিত 'সুখচর' গ্রামে।

৬৫। বিজয়দাস—নবদ্বীপবাসী লিপিকার ; নবনিধির অন্যতম। ইনি প্রভুকে অনেক গ্রন্থ লিখিয়া দিয়াছেন। তজ্জন্য গৌরহরি তাঁহাকে 'রত্নবাহু' নাম দিয়াছিলেন। শুক্লাম্বর-গৃহে মহাপ্রভু বিজয়কে কৃপা করেন—চৈঃ ভাঃ মধ্য ২৫ অঃ দ্রষ্টব্য।

৬৬। অকিঞ্চন কৃষ্ণদাস—নবদ্বীপবাসী, প্রভুর সঙ্গী। রথ-যাত্রায় পুরুষোত্তম আসিয়াছিলেন। চৈঃ ভাঃ অন্ত্য ৯ম অঃ দ্রষ্টব্য।

৬৭-৬৮। শ্রীধর—নবদ্বীপবাসী কদলীকাননোপজীবী দরিদ্র বিপ্র। চৈঃ ভাঃ আদি ৮ম অঃ—শ্রীধরের সহিত কাড়াকাড়ি, মধ্য ৯ম অঃ—প্রভুর 'সাতপ্রহরিয়া' ভাবে শ্রীধরের প্রতি কৃপা এবং কাজীদলন-কালে কীর্ত্তন শুনিয়া শ্রীধরের নৃত্য (মধ্য ২৩ অঃ আদিতে) এবং (মধ্য ২৩ অঃ শেষে)—ছিদ্রযুক্ত জীর্ণ লৌহ-পাত্রে প্রভুর পরমানন্দে জলপান এবং (মধ্য ১৬ অঃ)—সন্ন্যাসের পূর্ব্বরাত্রে শ্রীধরপ্রদত্ত লাউ শচীদেবীদ্বারা রন্ধন করাইয়া ভোজন-প্রসঙ্গ দ্রষ্টব্য। পুরুষোত্তমে রথযাত্রা উপলক্ষে গমন করিতেন। কর্ণপূরের মতে, ইনি দ্বাদশ গোপালের অন্যতম সখা কুসুমাসব-গোপাল—গৌরগণোদ্দেশে ১৩৩ শ্লোক—"খোলাবেচা-তয়া খ্যাতঃ পণ্ডিতঃ শ্রীধরো দ্বিজঃ। আসীদ্ব্রজে হাস্যকরো যো নাম্না কুসুমাসবঃ।।"

৬৯। ভগবান্ পণ্ডিত—চৈঃ ভাঃ অন্ত্য, ৯ম অঃ—"চলিলেন লেখক পণ্ডিত ভগবান্। যাঁর দেহে কৃষ্ণ হইয়াছিলা অধিষ্ঠান।।"

(৩১) শ্রীজগদীশ পণ্ডিত ও (৩২) হিরণ্য ঃ—

জগদীশ পণ্ডিত, আর হিরণ্য মহাশয় ।
যারে কৃপা কৈল বাল্যে প্রভু দয়াময় ॥ ৭০ ॥
এই দুই-ঘরে প্রভু একাদশী-দিনে ।
বিষ্ণুর নৈবেদ্য মাগি' খাইল আপনে ॥ ৭১ ॥

(৩৩) শ্রীপুরুষোত্তম ও (৩৪) শ্রীসঞ্জয় ঃ—

প্রভুর পড়ুয়া দুই,—পুরুষোত্তম, সঞ্জয় ।
ব্যাকরণে দুই শিষ্য—দুই মহাশয় ॥ ৭২ ॥

(৩৫) শ্রীবনমালী পণ্ডিত-শাখা ঃ—

বনমালী পণ্ডিত শাখা বিখ্যাত জগতে ।
সোণার মুষল হল যে দেখিল প্রভুর হাতে ॥ ৭৩ ॥

(৩৬) শ্রীবুদ্ধিমন্ত খান ঃ—

শ্রীচৈতন্যের অতি প্রিয় বুদ্ধিমন্ত খান ।
আজন্ম আজ্ঞাকারী তেঁহো সেবক-প্রধান ॥ ৭৪ ॥

(৩৭) শ্রীগরুড় পণ্ডিত ঃ—

গরুড় পণ্ডিত লয় শ্রীনাম-মঙ্গল ।
নাম-বলে বিষ যাঁরে না করিল বল ॥ ৭৫ ॥

(৩৮) শ্রীগোপীনাথ সিংহ ঃ—

গোপীনাথ সিংহ—এক চৈতন্যের দাস ।
অক্রূর বলি' প্রভু যাঁরে কৈলা পরিহাস ॥ ৭৬ ॥

(৫ক) দেবানন্দ পণ্ডিত শাখা ঃ—

ভাগবতী দেবানন্দ বক্রেশ্বর-কৃপাতে ।
ভাগবতের ভক্তি-অর্থ পাইল প্রভু হৈতে ॥ ৭৭ ॥

অনুভাষ্য

৭০-৭১। জগদীশ পণ্ডিত—গৌরগণোদ্দেশে ১৯২ শ্লোক—"অপরে যজ্ঞপত্ন্যৌ শ্রীজগদীশ-হিরণ্যকৌ। একাদশ্যাং যয়োরন্নং প্রার্থয়িত্বাঽঘসৎ প্রভুঃ।।" ১৪৩ শ্লোক—"আসীদ্ব্রজে চন্দ্রহাসো নর্ত্তকো রসকোবিদঃ। সোঽয়ং নৃত্যবিনোদী শ্রীজগদীশাখ্যপণ্ডিতঃ।।" চৈঃ চঃ আদি, ১১ পঃ ৩০ ও ১৪ পঃ ৩৯ সংখ্যা এবং চৈঃ ভাঃ আদি, ৪র্থ অঃ—একাদশী-তিথিতে প্রভুর হিরণ্য-জগদীশের গৃহস্থিত বিষ্ণুনৈবেদ্য-ভোজন বর্ণিত। চৈঃ ভাঃ অন্ত্য, ৬ অঃ—"জগদীশ পণ্ডিত পরম জ্যোতির্ধাম। সপার্ষদে নিত্যানন্দ যাঁর ধনপ্রাণ।।'

হিরণ্যপণ্ডিত—চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—নবদ্বীপে হিরণ্য-পণ্ডিত নামে এক সুব্রাহ্মণের গৃহে নিত্যানন্দ একাকী বহুমূল্য অলঙ্কার পরিয়া অবস্থান করিলে এক দস্যুপতি তাঁহার শ্রীঅঙ্গ হইতে সেইসকল অপহরণ করিবার জন্য পুনঃ পুনঃ চেষ্টা করিয়াও শেষে বিফল মনোরথ হইয়া নিতাইর চরণে শরণ গ্রহণ করে।

৭২। পুরুষোত্তম ও সঞ্জয়—এই পণ্ডিতদ্বয় নবদ্বীপবাসী ; প্রথমে পড়ুয়া, পরে কীর্ত্তনারম্ভে সঙ্গী। চৈঃ ভাঃ আদি, ১০ম অধ্যায়ে—"অনেক জন্মের ভৃত্য মুকুন্দ সঞ্জয়। পুরুষোত্তম দাস হেন (হন) যাঁহার তনয়।। প্রতিদিন সেই ভাগ্যবন্তের আলয়। পড়াইতে গৌরচন্দ্র করেন বিজয়।। চণ্ডীগৃহে গিয়া প্রভু বসেন প্রথমে। তবে শেষে শিষ্যগণ আইসেন ক্রমে।।" চৈঃ ভাঃ অন্ত্য ৮ম অধ্যায়ে—"পুরুষোত্তম সঞ্জয় চলিলা হর্ষমনে। যে প্রভুর মুখ্য শিষ্য পূর্ব্ব অধ্যয়নে।।" অতএব চৈঃ ভাঃ বর্ণনমতে মুকুন্দ-সঞ্জয়ের পুত্র—পুরুষোত্তম সঞ্জয় ; কিন্তু কবিরাজ গোস্বামী 'পুরুষোত্তম' ও 'সঞ্জয়' নামক দুইজন ব্যক্তি বলিবার উদ্দেশ্যে এই দুইটী শব্দ তিনবার ব্যবহার করিয়া চৈতন্যভাগবতের ধারণা শুদ্ধ করিয়াছেন।

৭৩। বনমালী পণ্ডিত—"চলিলেন বনমালী পণ্ডিত মঙ্গল। যে দেখিল সুবর্ণের শ্রীহলমুষল।।" গৌরগণোদ্দেশে ১৪৪ শ্লোক—"বেণুঞ্চ মুরলীং যোঽধাৎ নাম্না মালাধরো ব্রজে। সোঽধুনা বনমালাখ্যাঃ পণ্ডিতো গৌরবল্লভঃ।।" * প্রভুর বলদেবভাব ইনি দর্শন করিয়াছিলেন—চৈঃ চঃ আদি, ১৭ পঃ ১১৯ ও চৈঃ ভাঃ অন্ত্য, ৮ম অঃ। শ্রীবাসের বাটীতে বিষ্ণুখট্টার উপর আরোহণ-পূর্ব্বক নিত্যানন্দ-প্রভুর নিকট হইতে হলমুষল লইয়া যে লীলা প্রদর্শন করেন, তাহাতে বনমালী পণ্ডিত ঐদিনে প্রভুর হস্তে স্বর্ণ-হলমুষল দেখিলেন, এরূপ কথার উল্লেখ নাই।

৭৪। বুদ্ধিমন্ত খান—নবদ্বীপবাসী জনৈক ধনবান্ ভক্ত। ইনি প্রভুর রাজপণ্ডিত সনাতনমিশ্রের কন্যা বিষ্ণুপ্রিয়াদেবীর সহিত দ্বিতীয়বার বিবাহের যাবতীয় ব্যয়ভার বহন করিয়াছিলেন। প্রভুর বায়ুব্যাধি হইলে তাঁহার চিকিৎসা করান। জলক্রীড়ায় ও কীর্ত্তনে সঙ্গী ছিলেন এবং চন্দ্রশেখর-গৃহে প্রভুর মহালক্ষ্মীকাচের অভিনয়ে বস্ত্রাদি ভূষণ সংগ্রহ করেন। রথযাত্রায় নীলাচলে গিয়াছিলেন।

৭৫। গরুড় পণ্ডিত,—নবদ্বীপবাসী প্রভুর সঙ্গী। চৈঃ ভাঃ অন্ত্য, ৯ম অঃ—"চলিলেন শ্রীগরুড় পণ্ডিত হরিষে। নামবলে যাঁরে না লঙ্ঘিল সর্পবিষে।।" গৌরগণোদ্দেশে ১৭ শ্লোক—"গরুড় পণ্ডিতঃ সোঽদ্য গরুড়ো যঃ পুরা শ্রুতঃ।।"

৭৬। গোপীনাথ সিংহ,—চৈঃ ভাঃ অন্ত্য, ৮ম অঃ—(রথযাত্রায়) "চলিলেন গোপীনাথ সিংহ মহাশয়। 'অক্রূর' করিয়া যাঁরে গৌরচন্দ্র কয়।।" গৌরগণোদ্দেশে ১১৭ শ্লোক—"পুরা যোঽক্রূরনামাসীৎ স গোপীনাথসিংহকঃ।।"

* *মালাধর-নামক যিনি ব্রজে বেণু ও মুরলী ধারণ করিতেন, তিনিই অধুনা গৌরপ্রিয় শ্রীবনমালী পণ্ডিত।*

শ্রীখণ্ডবাসী—(৩৯) মুকুন্দ, (৩৯ক) রঘুনন্দন, (৪০) নরহরি, (৪১) চিরঞ্জীব, (৪২) সুলোচন ঃ—

খণ্ডবাসী মুকুন্দদাস, শ্রীরঘুনন্দন ।
নরহরি দাস, চিরঞ্জীব, সুলোচন ॥ ৭৮ ॥

এই সব মহাশাখা—চৈতন্য-কৃপাধাম ।
প্রেম-ফল-ফুল করে যাঁহা তাঁহা দান ॥ ৭৯ ॥

কুলীনগ্রামবাসী—(২০খ) রামানন্দ, (২০গ) যদুনাথ, (২০ঘ) পুরুষোত্তম, (২০ঙ) শঙ্কর, (২০চ) বিদ্যানন্দ ঃ—

কুলীনগ্রামবাসী সত্যরাজ, রামানন্দ ।
যদুনাথ, পুরুষোত্তম, শঙ্কর, বিদ্যানন্দ ॥ ৮০ ॥

(২০ছ) বাণীনাথ বসু আদি কুলীন-গ্রামবাসীর মাহাত্ম্য ঃ—

বাণীনাথ বসু আদি যত গ্রামী জন ।
সবেই চৈতন্যভৃত্য,—চৈতন্য-প্রাণধন ॥ ৮১ ॥

প্রভু কহে,—'কুলীনগ্রামের যে হয় কুক্কুর ।
সেই মোর প্রিয়, অন্য জন রহু দূর ॥ ৮২ ॥

কুলীনগ্রামীর ভাগ্য কহনে না যায় ।
শূকর চরায় ডোম, সেহ কৃষ্ণ গায়' ॥' ৮৩ ॥

(৪৩) শ্রীসনাতন, (৪৪) শ্রীরূপ ও (৪৫) শ্রীঅনুপম-শাখা ঃ—

অনুপম বল্লভ, শ্রীরূপ, সনাতন ।
এই তিন শাখা বৃক্ষের পশ্চিমে গণন ॥ ৮৪ ॥

অনুভাষ্য

৭৭। দেবানন্দ—চৈঃ ভাঃ মধ্য, ২১ অঃ—"সার্ব্বভৌম-পিতা বিশারদ মহেশ্বর। তাঁহার জাঙ্গালে গেলা প্রভু বিশ্বম্ভর।। সেইখানে দেবানন্দপণ্ডিতের বাস।" চৈঃ চঃ মধ্য, ১ম পঃ—"কুলিয়া-গ্রামে কৈল দেবানন্দেরে প্রসাদ।" ইনি মুমুক্ষু হইয়া ভাগবত পাঠ করিতেন। একদিন ইঁহার পাঠকালে শ্রীবাস পণ্ডিত ক্রন্দন করিতে আরম্ভ করিলে, তাঁহার পাষণ্ড ছাত্রগণ শ্রীবাসকে বিতাড়িত করেন (চৈঃ ভাঃ মধ্য, ৯ ও ২১ অঃ)। বহুপরে একদিন মহাপ্রভু ঐ পথে আসিয়া দেবানন্দকে ভাগবত ব্যাখ্যা করিতে দেখিয়া ক্রোধবশে বৈষ্ণবে শ্রদ্ধাহীন দেবানন্দকে তীব্র ভর্ৎসনা করিলেন। দেবানন্দের মহাপ্রভুতেও বিশ্বাস ছিল না। তাঁহার বহু সৌভাগ্যক্রমে একবার বক্রেশ্বর পণ্ডিত তাঁহার গৃহে অবস্থান করিয়া কৃষ্ণকীর্ত্তন করিলে দেবানন্দ বক্রেশ্বর-প্রসাদে প্রভুর মহিমা অবগত হন এবং প্রভু তাঁহাকে ভাগবতের ভক্তি ব্যাখ্যা করিতে বলেন। ইনি ব্রজের নন্দের সভা-পণ্ডিত ভাগুরিমুনি গৌঃ গঃ ১০৬ শ্লোক দ্রষ্টব্য।

৭৮। মুকুন্দদাস,— ইনি নারায়ণদাসের পুত্র এবং নরহরি সরকার ঠাকুরের জ্যেষ্ঠভ্রাতা ; ইঁহার মধ্যম ভ্রাতার নাম মাধবদাস। ইঁহার পুত্র রঘুনন্দন। রঘুনন্দনের বংশাবলী আজও কাটোয়া হইতে চারিমাইল পশ্চিমে শ্রীখণ্ড-গ্রামে বাস করিতেছেন। রঘুনন্দনের পুত্র কানাই ; তাঁহার দুই পুত্র—মদন রায় (নরহরি ঠাকুরের শিষ্য) ও বংশীবদন। এই বংশে অদ্যাবধি কিঞ্চিদধিক চারিশত ব্যক্তি জাত হইয়াছেন। তাঁহাদের ধারাবাহিক বংশপ্রণালী শ্রীখণ্ডে আছে। গৌরগণোদ্দেশদীপিকায় ১৭০ শ্লোক—"ব্রজাধিকারিণী যাসীদ্‌বৃন্দা দেবী তু নামতঃ। সা শ্রীমুকুন্দদাসোঽদ্য খণ্ডবাসঃ প্রভুপ্রিয়ঃ।।" ইঁহার অত্যাশ্চর্য্য কৃষ্ণপ্রেম বর্ণন—এই গ্রন্থের মধ্য পঞ্চদশ পরিচ্ছেদে (১১৩-১৩১) সংখ্যা দ্রষ্টব্য।

রঘুনন্দন—ইনি শ্রীগৌরবিগ্রহের সেবা করিতেন (ভক্তি-রত্নাকর অষ্টম তরঙ্গ দ্রষ্টব্য)। গৌরগণোদ্দেশে ৭০ শ্লোক—"ব্যূহস্তৃতীয়ঃ প্রদ্যুম্নঃ প্রিয়নর্ম্মোসখোঽভবন্। চক্রে লীলাসহায়ং যো রাধামাধবয়োর্ব্রজে।।" ইনি ৩য় ব্যূহ প্রদ্যুম্ন বিষ্ণু ('মুকুন্দদাস' দ্রষ্টব্য)। 'ভক্তিরত্নাকর' গ্রন্থে নবমতরঙ্গে শ্রীখণ্ডের মহোৎসবের বিবরণ দ্রষ্টব্য।

নরহরিদাস সরকার ঠাকুর,—গৌরগণোদ্দেশে ১৭৭ শ্লোকে—"পুরা মধুমতী প্রাণসখী বৃন্দাবনে স্থিতা। অধুনা নরহর্য্যাখ্যঃ সরকারঃ প্রভোঃ প্রিয়ঃ।।" ইঁহারই শিষ্য—ঝামটপুরের নিকটস্থ কোগ্রাম-নিবাসী শ্রীচৈতন্যমঙ্গল-প্রণেতা শ্রীলোচনদাস ঠাকুর। ঐ গ্রন্থে শ্রীগদাধর ও শ্রীনরহরি শ্রীমহাপ্রভুর অতিশয় প্রিয় বলিয়া বর্ণিত। চৈতন্যভাগবতের মধ্যে খণ্ডবাসিগণের তাদৃশ সবিশেষ উল্লেখ পাওয়া যায় না।

চিরঞ্জীব ও সুলোচন,—ইঁহারা উভয়েই খণ্ডবাসী। তাঁহাদের স্থান আজও শ্রীখণ্ডে দেখা যায়। ইঁহাদের বংশ বিদ্যমান আছেন। চিরঞ্জীব সেনের দুই পুত্র ; জ্যেষ্ঠ—রামচন্দ্র কবিরাজ—শ্রীনিবাসাচার্য্যের শিষ্য ও ঠাকুরমহাশয়ের সঙ্গী। কনিষ্ঠ—পদকর্ত্তা গোবিন্দদাস কবিরাজ। চিরঞ্জীবের পত্নী সুনন্দা ও শ্বশুর দামোদর সেন কবিরাজ (খণ্ডবাসী)। চিরঞ্জীব পূর্ব্বে ভাগীরথী-তীরে কুমারনগর গ্রামে বাস করিতেন (ভক্তিরত্নাকর)। চিরঞ্জীব,—ব্রজের চন্দ্রিকা। গৌঃ গঃ ১৯৭ ও ২০৭ শ্লোক —"খণ্ডবাসৌ নরহরেঃ সাহচর্য্যান্মহত্তরৌ। গৌরাঙ্গৈকান্তশরণৌ চিরঞ্জীব-সুলোচনৌ।।"

৮০। 'রামানন্দবসু'—গৌরগণোদ্দেশে—"কলকণ্ঠিসুকণ্ঠ্যৌ যে ব্রজে গান্ধর্ব্বনাটিকে। রামানন্দ-বসুঃ সত্যরাজশ্চাপি যথা-যথম্।।" যদুনাথ, পুরুষোত্তম, শঙ্কর, বিদ্যানন্দ প্রভৃতি সকলেই বসুবংশজাত। এই বসুবংশের সকলেই কৃষ্ণভক্ত এবং কৃষ্ণলীলা-অভিনয়ে সুদক্ষ ছিলেন। অদ্যাপিও কৃষ্ণলীলাভিনয়ের স্মৃতি রক্ষিত হইতেছে। ইঁহারা হরিদাস ঠাকুরের অনুগত শুদ্ধভক্ত। পূর্ব্বোল্লিখিত ৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

৮৪। অনুপম,—শ্রীজীব গোস্বামীর পিতা এবং শ্রীসনাতন ও শ্রীরূপ গোস্বামিদ্বয়ের অনুজ। ইঁহার পূর্ব্ব নাম 'শ্রীবল্লভ'

অনুভাষ্য

এবং শ্রীমহাপ্রভুর প্রদত্ত নাম—'অনুপম'। গৌড়ের বাদশাহের কর্ম্ম করায় ইঁহাদিগের 'মল্লিক' উপাধি। "অনুপম মল্লিক,—তাঁর নাম শ্রীবল্লভ।। শ্রীরূপ গোসাঞির ছোট ভাই পরম বৈষ্ণব।।"—চৈঃ চঃ মধ্য ১৯শ পঃ ৩৬ সংখ্যা। ভরদ্বাজ-গোত্রীয় জগদ্‌গুরু 'সর্ব্বজ্ঞ'-নামক এক মহাত্মা দ্বাদশ শক-শতাব্দীতে কর্ণাটদেশে ব্রাহ্মণ-রাজবংশে সমুদিত হন। তাঁহার পুত্র অনিরুদ্ধের রূপেশ্বর ও হরিহর-নামক তনয়দ্বয় জন্মে। কিন্তু তাঁহারা উভয়েই রাজ্য হইতে বঞ্চিত হইলে জ্যেষ্ঠ রূপেশ্বর শিখরভূমিতে বাস স্থাপন করেন। রূপেশ্বরের পুত্র পদ্মনাভ গঙ্গাতীরে 'নৈহাটী' নামক গ্রামে বাস করিয়া পাঁচটী পুত্র লাভ করেন। তন্মধ্যে সর্ব্বকনিষ্ঠ মুকুন্দের পুত্র মহা সদাচারী কুমারদেব—সনাতন, রূপ ও অনুপমের জনক। কুমারদেব বাক্লা-চন্দ্রদ্বীপে বাস করেন। তদানীন্তন 'যশোহর' প্রদেশের অন্তর্গত 'ফতেয়াবাদ' নামক স্থানে তাঁহার আলয় ছিল। তাঁহার কতিপয় পুত্রের মধ্যে তিনটী পুত্র বৈষ্ণব-ধর্ম্ম গ্রহণ করেন। শ্রীবল্লভ চন্দ্রদ্বীপ হইতে নিজ জ্যেষ্ঠ-ভ্রাতা শ্রীরূপ ও শ্রীসনাতনের সহিত গৌড়ে 'রামকেলি' গ্রামে কর্ম্মোপলক্ষে বাস করিয়াছিলেন। এখানেই শ্রীজীব গোস্বামীর জন্ম হয়। নবাব সরকারে কার্য্য করায় তিনজনেই 'মল্লিক' উপাধি লাভ করেন। শ্রীমহাপ্রভু যেকালে রামকেলিতে গিয়াছিলেন, সেইসময়ে অনুপমের সহিত তাঁহার প্রথম সাক্ষাৎ হয়। শ্রীরূপ-গোস্বামী বিষয়-কার্য্য ত্যাগ করিয়া শ্রীমহাপ্রভুর চরণোদ্দেশে শ্রীবৃন্দাবনে যাইবার কালে বল্লভ তাঁহার সঙ্গী হন। প্রয়াগে মহাপ্রভুর সহিত মিলন-বর্ণন—মধ্য, ১৯ পঃ দ্রষ্টব্য।

শ্রীমহাপ্রভুর নিকট হইতে শ্রীরূপ ও অনুপম বৃন্দাবনে গিয়াছিলেন। উহা শ্রীমহাপ্রভুর সনাতনের প্রতি উক্তিতেই জানা যায়,—"রূপ-অনুপম দুঁহে বৃন্দাবন গেলা।" তৎকালে সুবুদ্ধি রায় মথুরা-নগরীতে শুষ্ক কাষ্ঠ বিক্রয়পূর্ব্বক তদ্দ্বারা নিজের পোষণ ও অন্যান্য বৈষ্ণবের পরিচর্য্যা করিতেছিলেন। শ্রীরূপ ও অনুপম তাঁহার নিকট পৌঁছিলে তিনি বিশেষ প্রীত হইয়া তাঁহাদিগকে সঙ্গে লইয়া বৃন্দাবনস্থ দ্বাদশবন ভ্রমণ করিয়াছিলেন। বৃন্দাবনে ভ্রাতৃদ্বয় একমাসকাল থাকিয়া শ্রীসনাতন গোস্বামীর অনুসন্ধানার্থ গঙ্গাতীর-পথে প্রয়াগে আসিলেন ; কিন্তু শ্রীসনাতন রাজপথে মথুরায় আগমন করায় ভ্রাতৃত্রয় সম্মিলিত হইতে পারিলেন না। সুবুদ্ধিরায় অনুপম ও রূপের কথা সনাতনকে জানাইলেন। অনুপম ও শ্রীরূপ, উভয়েই কাশীতে আসিয়া মহাপ্রভুর নিকট সকল কথা শুনিয়া দশদিবস পরে গৌড়ে যাত্রা করিলেন। তথায় বৈষয়িক ব্যবস্থা সমাধানপূর্ব্বক শ্রীমহাপ্রভুর আজ্ঞামত উভয়েই নীলাচলে যাত্রা করেন। ১৪৩৬ শকাব্দে পথে গঙ্গাতীরে অনুপমের শ্রীরামচন্দ্রের ধাম লাভ হইল। শ্রীরূপ গোস্বামী তাঁহার অনুজের প্রাপ্তি-সংবাদ শ্রীমন্মহাপ্রভুকে নীলাচলে জ্ঞাপন করিলেন। বল্লভ শ্রীরামোপাসক থাকায় শ্রীমন্মহাপ্রভুর প্রদর্শিত ব্রজভজনের পথ সর্ব্বতোভাবে গ্রহণ করিতে পারেন নাই। তিনি শ্রীমন্মহাপ্রভুকে সাক্ষাৎ শ্রীরামচন্দ্র বলিয়া জানিতেন। ভক্তিরত্নাকর-গ্রন্থে অনুপমের বিষয় এইরূপ লিখিত আছে—"অনুপম-নাম থুইল শ্রীগৌরসুন্দর। সদা মত্ত রঘুনাথ-বিগ্রহ-সেবনে। রঘুনাথ বিনা যেঁই অন্য নাহি জানে।। সাক্ষাৎ শ্রীরঘুনাথ—চৈতন্য গোসাঞি।।"

শ্রীরূপ—গৌরগণোদ্দেশে ১৮০ শ্লোক—"শ্রীরূপমঞ্জরী খ্যাতা যাসীদ্ বৃন্দাবনে পুরা। সাদ্য রূপাখ্যগোস্বামী ভূত্বা প্রকটতামিয়াৎ।।" ভক্তিরত্নাকরে ১ম তরঙ্গে—"শ্রীরূপ গোস্বামী গ্রন্থ ষোড়শ করিল। (১) কাব্য 'হংসদূত', আর (২) 'উদ্ধবসন্দেশ'। (৩) কৃষ্ণজন্মতিথিবিধি' বিধান অশেষ।। (৪-৫) 'গণোদ্দেশ-দীপিকা' বৃহৎ-লঘুদ্বয়। (৬) 'স্তবমালা', (৭) 'বিদগ্ধমাধব'—রসময়।। (৮) 'ললিতমাধব'—বিপ্রলম্ভের অবধি। 'দানলীলা কৌমুদী' আনন্দ-মহোদধি।। (৯) 'দানকেলিকৌমুদী' বিদিত এই নাম। (১০) 'ভক্তিরসামৃতসিন্ধু' গ্রন্থ অনুপম।। (১১) 'শ্রীউজ্জ্বল-নীলমণি' গ্রন্থ রসপূর। প্রযুক্তা (১২) 'আখ্যাতচন্দ্রিকা' গ্রন্থ সুমধুর।। (১৩) 'মথুরা-মহিমা', (১৪) পদ্যাবলী' এ বিদিত। (১৫) 'নাটকচন্দ্রিকা', (১৬) 'লঘুভাগবতামৃত'।। বৈষ্ণব-ইচ্ছায় একাদশ শ্লোক কৈল। কৃষ্ণদাস কবিরাজে বিস্তারিতে দিল।। পৃথক্ পৃথক্ স্তব গোস্বামী বর্ণিল। শ্রীজীব-সংগ্রহে 'স্তবমালা' নাম হৈল।। সংক্ষেপে করিল আর বিরুদ্‌লক্ষণ। 'গোবিন্দ-বিরুদাবলী' তাহার লক্ষণ।।" চৈঃ চঃ মধ্য, ১ম পঃ ৩৫-৪৪ এবং অন্ত্য ৪র্থ পঃ ২১৯-২৩১ সংখ্যা দ্রষ্টব্য। শ্রীরূপের বিষয় ত্যাগ—মধ্য, ১৯ পঃ ৪ সংখ্যা ; ধনবিভাগ ৭ ; প্রয়াগে আসিয়া প্রভুসহ মিলন ৩৭ ও ৪৫ ; অনুপমসহ বল্লভভট্টের গৃহে প্রসাদ-সেবা ৮৮ ; প্রয়াগে প্রভুর নিকট শিক্ষা ১৩৫-২৩৩, প্রভুকর্ত্তৃক বৃন্দাবন-গমনে আদেশ ২৩৭, পুনরায় রূপের গৌড়ে আগমন ও অনুপমের গঙ্গা-প্রাপ্তি—অন্ত্য ১ম পঃ ৩৭ সংখ্যা, শ্রীক্ষেত্রে ঠাকুর হরিদাসের কুটীরে আগমন ও সগণ প্রভুসহ মিলন ৪৮ ও ৫৪ ; প্রভুকর্ত্তৃক শ্রীরূপের হস্তাক্ষর-প্রশংসা, প্রভুর হৃদয়-ভাবানুযায়ী শ্লোক এবং ললিতমাধব ও বিদগ্ধমাধবের রচনারম্ভ ও শ্রীরামরায়-কর্ত্তৃক প্রশংসা ৬৮-১৯২ ; প্রভুর ভক্তিশাস্ত্র-প্রকাশে ইচ্ছা ও শ্রীরূপকে বৃন্দাবনে যাইতে আজ্ঞা ২০২, ২১৬ ; রূপের বৃন্দাবনে গমন ২১১ ; এবং সনাতনপ্রভুর বৃন্দাবন-গমনে তৎসহ মিলন—অন্ত্য, ৪ পঃ ২১৩ এবং গৌর-আজ্ঞা-পালন ২১৭-২২২ সংখ্যা দ্রষ্টব্য।

সনাতন—গৌরগণোদ্দেশে ১৮১ শ্লোক—"যা রূপমঞ্জরী-প্রেষ্ঠা পুরাসীদ্রতিমঞ্জরী। সোচ্যতে নামভেদেন লবঙ্গমঞ্জরী বুধৈঃ।। সাদ্য গৌরাভিন্নতনুঃ সর্ব্বারাধ্যঃ সনাতনঃ। তমেব

(৪৪ক) শ্রীজীব ঃ—

তাঁর মধ্যে রূপ-সনাতন—বড় শাখা।
অনুপম, জীব, রাজেন্দ্রাদি—উপশাখা ॥ ৮৫ ॥

অনুভাষ্য

প্রাবিশৎ কার্য্যান্মুনিরত্নঃ সনাতনঃ।।"* ভক্তিরত্নাকরে প্রথম তরঙ্গে—"শ্রীসনাতনের গুরু বিদ্যাবাচস্পতি। মধ্যে মধ্যে রাম-কেলি-গ্রামে তাঁর স্থিতি।। সর্ব্বশাস্ত্র অধ্যয়ন করিলা যাঁর ঠাঁই। যৈছে গুরুভক্তি কহি,—ঐছে সাধ্য নাই।। যবন দেখিলে পিতা প্রায়শ্চিত্ত করয়। হেন যবনের সঙ্গ নিরন্তর হয়।। করি' মুখা-পেক্ষা যবনের গৃহে যান। এহেতু আপনা মানে ম্লেচ্ছের সমান।। ইথে অতি দীনহীন আপনা মানয়।। যবে মগ্ন হন দৈন্য-সমুদ্র মাঝারে। ম্লেচ্ছাদিক হইতে নীচ মানে আপনারে।। নীচজাতি-সঙ্গে সদা নীচ ব্যবহার। এই হেতু "নীচজাত্যাদিক" উক্তি তাঁর।। বিপ্ররাজ হইয়া মহাখেদযুক্ত অন্তরে। আপনাকে বিপ্রজ্ঞান কভু নাহি করে।।" ভক্তিরত্নাকর ১ম তরঙ্গে—"সনাতন গোস্বামীর গ্রন্থ-চতুষ্টয়। টীকাসহ 'ভাগবতামৃত'-খণ্ডদ্বয়।। হরিভক্তিবিলাস-টীকা 'দিক্‌প্রদর্শিনী'। 'বৈষ্ণব-তোষণী'-নাম দশম-টিপ্পনী।। 'লীলাস্তব' দশম-চরিত যারে কয়। সনাতন গোস্বামীর এই চতুষ্টয়।।" চৌদ্দশত সপ্ত ছয়ে (১৪৭৬) সম্পূর্ণ বৃহৎ (অর্থাৎ বৈষ্ণবতোষণী)। পনরশত চারিশকে (১৫০৪) লঘুতোষণী সুসম্মত।। (মহাপ্রভু) রামানন্দদ্বারে কন্দর্পের দর্প নাশে। দামোদর-দ্বারে নৈরপেক্ষ্য পরকাশে।। হরিদাস-দ্বারে সহিষ্ণুতা জানাইল। সনাতন-রূপ-দ্বারে দৈন্য প্রকাশিল।।"

সনাতনের বিষয়ত্যাগের উপায় চিন্তন—মধ্য, ১৯শ পঃ ১৩; পীড়ার ভাণে ভাগবতালোচনা ১৫ ; বাদসাহের তদ্দর্শনে আগমন ১৮ ; বাদসাহ-কর্ত্তৃক বন্ধন ২৭ ; বাদসাহের সহিত উড়িষ্যা-দেশে যুদ্ধে যাইতে অস্বীকার ২৯ ; গৃহত্যাগকালে রূপের সনাতন-সকাশে কারাগৃহে পত্র-প্রেরণ ৬২ ও ২০শ পঃ ৩ ; কারারক্ষককে উৎকোচদানে মুক্তি ৪ ; একমাত্র ভৃত্য ঈশানসহ পলায়ন ও অষ্টমোহর দানে দস্যুপতির কবল হইতে আত্মরক্ষা ও তৎসাহায্যে পর্ব্বতাতিক্রমণ ও ঈশানকে বিদায় দিয়া একাকী গমন ১৬-২৫ ; হাজিপুরে ভগিনীপতি শ্রীকান্তের সহিত মিলন ও তথায় অবস্থান করিতে অস্বীকার, তাঁহার নিকট হইতে ভোট-কম্বল গ্রহণ ৩৮-৪৪ ; বারাণসীতে আগমন ও চন্দ্রশেখর-গৃহে প্রভুসহ মিলন ৫১ ; ক্ষৌরকর্ম্ম করাইয়া বেশ পরিবর্ত্তনপূর্ব্বক তপনমিশ্র-প্রদত্ত পুরাতন বস্ত্রের বহির্ব্বাস ও কৌপীনগ্রহণ ৬৮-৭৭ ; মহারাষ্ট্রীয় বিপ্রগৃহে ভিক্ষা ৭৯ ; প্রভুর নিকট তত্ত্বজিজ্ঞাসা ও প্রভুর শিক্ষা—(১) সম্বন্ধ-জ্ঞান—২০শ পঃ ৯৮ হইতে ২১শ পঃ সম্পূর্ণ, (২) অভিধেয়-বিচার—২২ পঃ সম্পূর্ণ, (৩) প্রয়োজন-বিচার—২৩ পঃ ৩-৯৩ ; সনাতনকে ভক্তিসিদ্ধান্ত (লিখন), লুপ্ততীর্থোদ্ধার, বৈষ্ণবস্মৃতি সংকলনদ্বারা বৈষ্ণবসমাজ-সংস্থাপন এবং ভক্তিশাস্ত্র-প্রচারে আদেশ ৯৭ ; আশীর্ব্বাদ ১১৮; তাঁহার নিকটে 'আত্মারাম' শ্লোকের প্রথমে ১৮ প্রকার, পরে ৬১ প্রকার অর্থ-ব্যাখ্যা ২৪ পঃ ৪-৩০৮ ; সনাতনের রাজপথ দিয়া মথুরা গমন ও সুবুদ্ধিরায়ের সহিত মিলন ২০৩-২০৪ ; পুনরায় সনাতনের ঝারিখণ্ডপথে নীলাচলে আগমন—অন্ত্য, ৪র্থ পঃ ৩ ; রথচক্রে দেহত্যাগ-সঙ্কল্প ১২ ; হরিদাসসহ মিলন ও সগণ প্রভুর দর্শন ১৪-২২ ; অনুপমের গঙ্গাপ্রাপ্তি ও মাহাত্ম্য-শ্রবণ ৩০-৪৭ ; সনাতনের দেহত্যাগ-সঙ্কল্পে প্রভুর অমত ৫৪-৬৫ ; সনাতন গোস্বামীর দ্বারা প্রভুর স্বপ্রয়োজন-সাধনেচ্ছা ৭৬-৮৮ ; সনাতনের হরিদাস ঠাকুরের মহিমা-বর্ণন ১০০-১০৩ ; মর্য্যাদামার্গীয় জগন্নাথসেবকগণের স্পর্শভয়ে তপ্তবালির উপর দিয়া প্রভু-সকাশে গমন ও তদ্দর্শনে প্রভুর সন্তোষ ১১৫-১৩১; জগদানন্দের কথায় বৃন্দাবন-গমনে আদেশ প্রার্থনা ১৪১-১৫৫; প্রভুকর্ত্তৃক সনাতনের স্তুতি ১৬৩-১৭০ ; সনাতনের অপ্রাকৃত দেহে প্রভুর প্রীতি ও আলিঙ্গন, ফলে দিব্যদেহ-প্রাপ্তি ১৭২-১৯৮ ; একবৎসর নীলাচলে থাকিতে প্রভুর আদেশ ২০০ ; বৃন্দাবনে প্রেরণ ২০৭ ; ও শ্রীরূপসহ বহুকাল পরে বৃন্দাবনে গিয়া মিলন ২১৩ ; গৌরের আজ্ঞাপালন ২১৭-২২২ সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীরূপ ও শ্রীসনাতন গোস্বামীর শ্রীপাট শ্রীরামকেলি ('গুপ্ত বৃন্দাবন')—বর্ত্তমান সহর ইংরেজবাজার (মালদহ) হইতে প্রায় ৮ মাইল দক্ষিণে অবস্থিত। সেখানে নিম্নলিখিত দ্রষ্টব্যস্থান আছে, যথা ;—

(১) শ্রীমদনমোহন বিগ্রহ—শ্রীসনাতনকর্ত্তৃক প্রতিষ্ঠিত বিগ্রহ। (২) কেলিকদম্ব বৃক্ষ—এই বৃক্ষের তলদেশে শ্রীমন্ মহাপ্রভুর সহিত নিশীথে শ্রীরূপ ও শ্রীসনাতন গোস্বামীর সাক্ষাৎ হয় ও সপার্ষদ মহাপ্রভু ভক্তগণকে প্রেমামৃত দান করিয়াছিলেন বলিয়া প্রবাদ। (৩) রূপসাগর—শ্রীরূপ গোস্বামিপ্রভু-কর্ত্তৃক প্রতিষ্ঠিত বৃহৎ সরোবর। এই সরোবরটী পঙ্কোদ্ধার ও শ্রীরাম-কেলিপাটের লুপ্তকীর্ত্তি উদ্ধারের জন্য মালদহে ইং ৮।৬।১৯২৪ তারিখে "রামকেলি-সংস্কার-সমিতি" প্রতিষ্ঠিত হইয়াছে।

৮৫। জীব—গৌরগণোদ্দেশে ২০৩ শ্লোক—"সুশীলঃ পণ্ডিতঃ শ্রীমান্ জীবঃ শ্রীবল্লভাত্মজঃ।" ১৯৫ শ্লোকে—ইনি ব্রজলীলায় বিলাসমঞ্জরী। শ্রীজীব বাল্যকালে শ্রীমদ্ভাগবতের

শ্রীরূপ-সনাতন-শাখার বিস্তৃতি ও কার্য্য ঃ—

মালীর ইচ্ছায় শাখা বহুত বাড়িল।
বাড়িয়া পশ্চিমদেশ সব আচ্ছাদিল ॥ ৮৬ ॥

* *পূর্ব্বে যিনি শ্রীরূপমঞ্জরী-প্রেষ্ঠা রতিমঞ্জরী ছিলেন এবং পণ্ডিতগণ-কর্ত্তৃক নামভেদে লবঙ্গমঞ্জরী বলিয়া কথিত হন, তিনিই অধুনা গৌরাভিন্ন-তনু সর্ব্বপূজিত শ্রীসনাতন গোস্বামী। মুনিরত্ন শ্রীসনাতন কার্য্যবশতঃ তাহাতে প্রবিষ্ট হইয়াছেন।*

অনুভাষ্য

অনুরাগী ছিলেন ; পরে নবদ্বীপে আগমনপূর্ব্বক শ্রীনিত্যানন্দের অনুসরণে শ্রীনবদ্বীপ-ধাম-পরিক্রমা ও দর্শন করিয়া কাশীতে গমনপূর্ব্বক মধুসূদন বাচস্পতির নিকট সর্ব্বশাস্ত্র অধ্যয়ন করেন ; তৎপরে বৃন্দাবনে গমন করিয়া শ্রীরূপ-সনাতনের আশ্রিত হইলেন। (শ্রীভক্তিরত্নাকরে প্রথম তরঙ্গে)—"শ্রীজীবের গ্রন্থ পঞ্চবিংশতি বিদিত।(১)'হরিনামামৃত ব্যাকরণ দিব্যরীত।।(২)'সূত্রমালিকা' (৩) 'ধাতুসংগ্রহ' সুপ্রকার। (৪) 'কৃষ্ণার্চ্চাদীপিকা'-গ্রন্থ অতি চমৎকার।। (৫) 'গোপালবিরুদাবলী' (৬) 'রসামৃতশেষ'। (৭) 'শ্রীমাধব-মহোৎসব' সর্ব্বাংশে বিশেষ।। (৮) 'শ্রীসঙ্কল্পকল্পবৃক্ষ'-গ্রন্থের প্রচার। (৯) 'ভাবার্থসূচক'-চম্পূ অতি চমৎকার।। (১০) 'গোপালতাপনী-টীকা' (১১) টীকা 'ব্রহ্মসংহিতার'। (১২) 'রসামৃত-টীকা', (১৩) 'শ্রীউজ্জ্বল-টীকা' আর।। (১৪) 'যোগসার-স্তবের টীকা'তে সুসঙ্গতি। (১৫) 'অগ্নিপুরাণস্থ শ্রীগায়ত্রী-ভাষ্য' তথি।। (১৬) পদ্মপুরাণোক্ত 'শ্রীকৃষ্ণের পদচিহ্ন'। (১৭) 'শ্রীরাধিকা-কর-পদস্থিত চিহ্ন' ভিন্ন।। (১৮) 'গোপালচম্পূ'—পূর্ব্ব-উত্তর-বিভাগেতে।(১৯-২৫) সপ্ত-সন্দর্ভ বিখ্যাত ভাগবত-রীতি। (ক্রম-তত্ত্ব-ভগবৎ-পরমাত্ম-কৃষ্ণ-ভক্তি-প্রীতি।।)"

ইনি শ্রীরূপসনাতনাদির অপ্রকটের পর সোৎকল গৌড়-মাথুর-মণ্ডলের গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের সর্ব্বশ্রেষ্ঠ আচার্য্য-পদে অধিষ্ঠিত থাকিয়া সকলকে শ্রীগৌরসুন্দর-প্রচারিত সত্য কীর্ত্তন করিয়া হরিভজন করাইতেন। মধ্যে মধ্যে ইনি ভক্তগণসহ ব্রজধাম পরিক্রমা করিতেন এবং মথুরায় বিঠ্ঠল-দেব দর্শন করিতে যাইতেন। শ্রীল কবিরাজ গোস্বামী ইঁহার প্রকটকালেই চৈতন্যচরিতামৃত রচনা করেন। ইনি কিছুকাল পরে গৌড়দেশ হইতে আগত শ্রীনিবাস, নরোত্তম ও দুঃখী কৃষ্ণদাসকে যথাক্রমে 'আচার্য্য', 'ঠাকুর' ও 'শ্যামানন্দ' নাম প্রদান করিয়া রচিত যাবতীয় গোস্বামি-শাস্ত্রাদিসহ গৌড়দেশে নামপ্রেম-প্রচারার্থ প্রেরণ করেন। প্রথমে গ্রন্থাপহরণ-সংবাদ ও পরে তদুদ্ধার-সংবাদ শ্রবণ করেন। ইনি শ্রীনিবাস-শিষ্য রামচন্দ্র সেনকে ও তদনুজ গোবিন্দকে 'কবিরাজ' নাম প্রদান করেন। ইনি প্রকট থাকিতে শ্রীল জাহ্নবী দেবী কতিপয় ভক্তবৃন্দসহ বৃন্দাবনে আগমন করিয়াছিলেন। গৌড়দেশ হইতে ভক্তগণ আসিলে ইনি তাঁহাদের প্রসাদ-সেবা ও বাসস্থান নির্দ্দিষ্ট করিয়া দিতেন। ইঁহার শিষ্য শ্রীকৃষ্ণদাস অধিকারী স্বকৃত গ্রন্থে শ্রীরূপ-সনাতন-জীব প্রভুগণের গ্রন্থের তালিকা প্রদান করিয়াছেন।

অনভিজ্ঞ প্রাকৃত সহজিয়া-সম্প্রদায়ে শ্রীজীব গোস্বামী প্রভুর বিরুদ্ধে তিনটী অপবাদ প্রচলিত আছে, তদ্দ্বারা কৃষ্ণবৈমুখ্যহেতু হরিগুরুবৈষ্ণব-বিরোধ-মূলে অবশ্যই তাহাদের অপরাধ বর্দ্ধিত হয় মাত্র।

অনুভাষ্য

(১) জড়প্রতিষ্ঠাভিক্ষু এক দিগ্বিজয়ী পণ্ডিত নিষ্কিঞ্চন শ্রীরূপ-সনাতনের নিকট হইতে জয়পত্র লিখাইয়া গুরুবর্গের (শ্রীরূপ-সনাতনের) মূর্খতা জ্ঞাপন করিয়া শ্রীজীবকেও জয়পত্র লিখিয়া দিতে বলেন। শ্রীজীবপ্রভু তাহা শুনিয়া দিগ্বিজয়ীকে পরাজিত করিয়া গুরুর অপবাদকারীর জিহ্বা স্তম্ভিত করিয়া গুরুদেবের পদ-নখশোভার মর্য্যাদা প্রদর্শনপূর্ব্বক প্রকৃত "গুরু-দেবতাত্মা" শিষ্যের আদর্শ প্রদর্শন করেন। ঐ সকল সহজিয়া বলেন,—শ্রীজীবের এতাদৃশ আচরণে তাঁহার তৃণাদপি সুনীচতা ও মানদ-ধর্ম্মের বিরোধহেতু শ্রীরূপ গোস্বামী প্রভু তাঁহাকে তীব্র ভর্ৎসনাপূর্ব্বক পরিত্যাগ করেন, পরে শ্রীসনাতন-গোস্বামিপ্রভুর ইঙ্গিতে পুনরায় শ্রীজীবপ্রভুকে গ্রহণ করেন।

ঐ গুরুবৈষ্ণব-বিরোধিগণ কৃষ্ণকৃপায় যেদিন আপনাদিগকে গুরুবৈষ্ণবের নিত্যদাস বলিয়া জানিবেন, সেইদিন শ্রীজীবপ্রভুর কৃপা লাভ করিয়া প্রকৃত 'তৃণাদপি সুনীচ' ও 'মানদ' হইয়া হরিনাম-কীর্ত্তনে অধিকারী হইবেন।

(২) কোন কোন অনভিজ্ঞ বলেন,—কবিরাজগোস্বামী প্রভুর 'চরিতামৃত' রচনা-সৌষ্ঠব ও অপ্রাকৃত ব্রজরস-মাহাত্ম্য দর্শনে স্বীয় প্রতিষ্ঠা ক্ষুণ্ণ হইবে আশঙ্কায় শ্রীজীবের হিংসার উদয় হওয়ায় তিনি মূল 'চরিতামৃত'খানা কূপমধ্যে নিক্ষেপ করেন। কবিরাজগোস্বামী তাহা শ্রবণ করিয়া প্রাণ বিসর্জ্জন করেন। তাঁহার শিষ্য মুকুন্দ-নামক এক ব্যক্তি পূর্ব্বে মূল পাণ্ডুলিপি নকল করিয়া রাখিয়াছিলেন বলিয়া পুনরায় চরিতামৃত প্রকাশিত হইলেন, নতুবা চরিতামৃত-গ্রন্থ জগৎ হইতে লুপ্ত হইত।

এরূপ হেয় বৈষ্ণব-বিদ্বেষমূলক কল্পনা—নিতান্ত মিথ্যা ও অসম্ভব।

(৩) অপর কোন কোন ইন্দ্রিয়তর্পণ-তৎপর ব্যভিচারী বলেন,—শ্রীজীবপ্রভু শ্রীরূপগোস্বামীর মতানুযায়ী ব্রজগোপীগণের 'পারকীয়' রস স্বীকার না করিয়া 'স্বকীয়'-রসের অনুমোদন করায় তিনি রসিক ভক্ত ছিলেন না, সুতরাং তাঁহার আদর্শ গ্রাহ্য নহে।

প্রকটকালে স্বীয় অনুগতগণের মধ্যে কোন কোন ভক্তকে 'স্বকীয় রসে' রুচিবিশিষ্ট দেখিয়া তাঁহাদের মঙ্গলের নিমিত্ত তাঁহাদের অধিকার বুঝিয়া এবং পাছে অনধিকারী ব্যক্তিগণ অপ্রাকৃত পরম-চমৎকারময় পারকীয়-ব্রজরসের সৌন্দর্য্য ও মহিমা বুঝিতে না পারিয়া স্বয়ং তাদৃশ অনুষ্ঠান করিতে গিয়া ব্যভিচার আনয়ন করে, তজ্জন্য বৈষ্ণবাচার্য্য শ্রীজীবপ্রভু স্বকীয়-বাদ স্বীকার করিয়াছেন, কিন্তু ইহাতে তাঁহাকে অপ্রাকৃত পারকীয় ব্রজরসের বিরোধী বলিয়া বুঝিতে হইবে না, কেননা, তিনি স্বয়ং শ্রীরূপানুগবর,—সাক্ষাৎ শ্রীল কবিরাজ গোস্বামীর শিক্ষাগুরু-বর্গের অন্যতম।

সমগ্র ভারতের উদ্ধার ঃ—

আ-সিন্ধুনদী-তীর আর হিমালয়।
বৃন্দাবন-মথুরাদি যত তীর্থ হয় ॥ ৮৭ ॥

সকলের প্রেমোন্মত্ততা ঃ—

দুই শাখার প্রেমফলে সকল ভাসিল।
প্রেমফলাস্বাদে লোক উন্মত্ত হইল ॥ ৮৮ ॥

(১) ভক্ত্যাচার-প্রবর্ত্তন ঃ—

পশ্চিমের লোক সব মূঢ় অনাচার।
তাহাঁ প্রচারিল দুঁহে ভক্তি-সদাচার ॥ ৮৯ ॥

(২) লুপ্ততীর্থোদ্ধার ও (৩) শ্রীমূর্ত্তি-পূজা-প্রচার ঃ—

শাস্ত্রদৃষ্টে কৈল লুপ্ততীর্থের উদ্ধার।
বৃন্দাবনে কৈল শ্রীমূর্ত্তি-পূজার প্রচার ॥ ৯০ ॥

(৪৫) শ্রীরঘুনাথদাস ঃ—

মহাপ্রভুর প্রিয় ভৃত্য—রঘুনাথদাস।
সর্ব্ব ত্যজি' কৈল প্রভুর পদতলে বাস ॥ ৯১ ॥

শ্রীস্বরূপের আনুগত্যে শ্রীরঘুনাথের গৌরসেবা ঃ—

প্রভু সমর্পিল তাঁরে স্বরূপের হাতে।
প্রভুর গুপ্তসেবা কৈল স্বরূপের সাথে ॥ ৯২ ॥

শ্রীগৌর ও স্বরূপের অপ্রকটে বৃন্দাবনাগমন ঃ—

ষোড়শ বৎসর কৈল অন্তরঙ্গ-সেবন।
স্বরূপের অন্তর্দ্ধানে আইলা বৃন্দাবন ॥ ৯৩ ॥
বৃন্দাবনে দুই ভাইর চরণ দেখিয়া।
গোবর্দ্ধনে ত্যজিব দেহ ভৃগুপাত করিয়া ॥ ৯৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৯। পশ্চিমপ্রদেশের লোক সব যবন-সংসর্গে একটু কর্ত্তব্য-বিমূঢ় এবং বঙ্গদেশীয় সদাচারের তুলনায় অনেকটা আচার-রহিত। তাঁহারা ঐ সময় মুসলমানদিগের সংসর্গে একটু অধিক অনাচারী হইয়াছিলেন। শ্রীরূপ-সনাতনের কৃপায় তাঁহাদের সদাচারে প্রবৃত্তি হইল।

অনুভাষ্য

৯১। রঘুনাথদাস—আনুমানিক ১৪১৬ শকাব্দায় হুগলী জেলার অন্তঃপাতী 'শ্রীকৃষ্ণপুর' গ্রামে শৌক্রকায়স্থকুলে হিরণ্য মজুমদারের অনুজ গোবর্দ্ধনের গৃহে জন্মগ্রহণ করেন।

সপ্তগ্রাম হইতে শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভুর প্রকটভূমি 'শ্রীকৃষ্ণপুর'—এক মাইলের কিছু বেশী এবং ত্রিশবিঘা-ষ্টেশন হইতে প্রায় ১৷৷০ মাইল হইবে। এইস্থানে শ্রীল দাসগোস্বামী প্রভুর পূর্ব্বাশ্রমের পিতা শ্রীগোবর্দ্ধন দাসের প্রতিষ্ঠিত বলিয়া প্রসিদ্ধ শ্রীরাধাগোবিন্দ-শ্রীবিগ্রহ বিরাজিত। শ্রীমন্দিরের সম্মুখে একটী বিস্তৃত প্রাঙ্গণ ; কোনও নাট্যমন্দির নাই, কেবল একটী জগমোহন আছে। কলিকাতা সিমলা-নিবাসী শ্রীযুক্ত হরিচরণ ঘোষ এক বৎসর পূর্ব্বে মন্দিরটী সংস্কার বিধান করিয়া দিয়াছেন। মন্দির-প্রাঙ্গণটী প্রাকারপরিবেষ্টিত। যে গৃহে শ্রীবিগ্রহ বিরাজিত, তাহারই সংলগ্ন একটী ক্ষুদ্র গৃহে শ্রীল দাস গোস্বামী প্রভুর 'ভজনাসন' বলিয়া একটী নাতি-উচ্চ প্রস্তর আসন (১৷৷০ হাত দীর্ঘ, ১০ হাত প্রস্থ ও ৫০ হাত উচ্চ) নির্দ্দিষ্ট হইয়া থাকে। প্রবাদ, এই আসনে উপবেশন করিয়া শ্রীল দাসগোস্বামী প্রভু ভজন করিতেন। মন্দিরের পাশে স্বল্পতোয়া স্রোতোহীনা সরস্বতী-নদী কৃশা ও মলিনার ন্যায় বিরাজিতা।

পিতৃগণ বৈষ্ণবপ্রায় থাকিয়া বিশিষ্ট ধনী ছিলেন। ইঁহার দীক্ষাগুরু—যদুনন্দন আচার্য্য। সংসারে প্রবেশ করিয়া অনতি-

অমৃতপ্রবাহ ভাষ্য

৯০। লুপ্ততীর্থ—শ্রীশ্রীরাধাকুণ্ডাদি লুপ্ততীর্থ।

শ্রীমূর্ত্তি—শ্রীমদনমোহন, শ্রীগোবিন্দ, শ্রীগোপীনাথ প্রভৃতি ৭ মূর্ত্তি-পূজার প্রচার করেন।

৯২-৯৩। 'গুপ্তসেবা'—যে-সকল সেবাকার্য্যে বাহিরের লোকের অধিকার থাকে না। প্রভুর স্নান, ভোজন, বিশ্রাম, কীর্ত্তনাদি-কালে যে-সকল অভীষ্ট প্রিয়সেবার প্রয়োজন, তাহাই পুনরায় 'অন্তরঙ্গ-সেবা' নামে কথিত হইয়াছে।

৯৪। ভৃগুপাত করিয়া—পর্ব্বতের উচ্চসানু হইতে পড়িয়া।

অনুভাষ্য

বিলম্বেই ইনি শ্রীমহাপ্রভুর আশ্রয়প্রার্থী হন। কিছুদিন পরেই ১৪৩৯ শকাব্দায় সুযোগ বুঝিয়া গৃহ হইতে পুরুষোত্তম গমন করিয়া শ্রীচৈতন্যদেবের সুশীতল পদ লাভ করিয়া দামোদর-স্বরূপের অনুগত রহিলেন। সেখানে ষোল বৎসর থাকিয়া প্রভুর অপ্রকটে শ্রীবৃন্দাবনে আসিয়া শ্রীরূপ-সনাতনের নিকট বাস করেন। ভক্তিরত্নাকরে প্রথম তরঙ্গে—"রঘুনাথদাস গোস্বামীর গ্রন্থত্রয়। 'স্তবমালা' নাম 'স্তবাবলী' যারে কয়।। 'শ্রীদান-চরিত', 'মুক্তাচরিত' মধুর।"

ইনি সুদীর্ঘ জীবন লাভ করেন। শ্রীনিবাসাচার্য্য বৃন্দাবন হইতে গ্রন্থাদি লইয়া ফিরিবার পূর্ব্বে শ্রীদাস গোস্বামীর কৃপা লাভ করেন; যথা ঐ ষষ্ঠ তরঙ্গে—"অতিক্ষীণ শরীর, দুর্ব্বল ক্ষণে ক্ষণে। করয়ে ভক্ষণ কিছু দুই চারিদিনে।। দিবানিশি না জানয়ে শ্রীনাম-গ্রহণে। নেত্রে নিদ্রা নাই, অশ্রুধারা দু'নয়নে।। শ্রীনিবাস দাস-গোস্বামীর সন্দর্শনে। আপনা মানয়ে ধন্য পড়িয়া চরণে।। শ্রীদাস গোস্বামী শ্রীনিবাসে আলিঙ্গিলা। শ্রীনিবাস শ্রীগৌড়গমন নিবেদিলা।। শুনি' শ্রীগোস্বামী মুখে অনুমতি দিল।" এই ঘটনা ১৫১২ শকাব্দের পর। গৌরগণোদ্দেশে ১৮৬ শ্লোক—"দাস-

শ্রীরূপ-সনাতনসহ মিলন ঃ—

এই ত' নিশ্চয় করি' আইল বৃন্দাবনে ।
আসি' রূপ-সনাতনের বন্দিল চরণে ॥ ৯৫ ॥

শ্রীরূপ-সনাতনের তৃতীয় ভাই ঃ—

তবে দুই ভাই তাঁরে মরিতে না দিল ।
নিজ তৃতীয় ভাই করি' নিকটে রাখিল ॥ ৯৬ ॥
মহাপ্রভুর লীলা যত বাহির-অন্তর ।
দুই ভাই তাঁর মুখে শুনে নিরন্তর ॥ ৯৭ ॥

তাঁহার দৈনিক কৃত্য ঃ—

অন্ন-জল ত্যাগ কৈল অন্য-কথন ।
পল দুই-তিন মাঠা করেন ভক্ষণ ॥ ৯৮ ॥
সহস্র দণ্ডবৎ করে, লয় লক্ষ নাম ।
দুই সহস্র বৈষ্ণবেরে নিত্য পরণাম ॥ ৯৯ ॥
রাত্রিদিনে রাধাকৃষ্ণের মানস-সেবন ।
প্রহরেক মহাপ্রভুর চরিত্র-কথন ॥ ১০০ ॥
তিন সন্ধ্যা রাধাকুণ্ডে অপতিত স্নান ।
ব্রজবাসী বৈষ্ণবেরে আলিঙ্গন দান ॥ ১০১ ॥
সার্দ্ধ সপ্ত প্রহর করে ভক্তির সাধনে ।
চারি দণ্ড নিদ্রা, সেহ নহে কোনদিনে ॥ ১০২ ॥

গ্রন্থকারের রূপ-রঘুনাথের নিত্যদাসাভিমান ঃ—

তাঁহার সাধন-রীতি শুনিতে চমৎকার ।
সেই রূপ-রঘুনাথ প্রভু যে আমার ॥ ১০৩ ॥
ইঁহা সবার যৈছে হৈল প্রভুর মিলন ।
আগে বিস্তারিয়া তাহা করিব বর্ণন ॥ ১০৪ ॥

(৪৬) শ্রীগোপালভট্ট-শাখা ঃ—

শ্রীগোপালভট্ট—এক শাখা সর্ব্বোত্তম ।
রূপ-সনাতন-সঙ্গে যাঁর প্রেম-আলাপন ॥ ১০৫ ॥

অনুভাষ্য

শ্রীরঘুনাথস্য পূর্ব্বাখ্যা রসমঞ্জরী। অমুং কেচিৎ প্রভাষন্তে শ্রীমতীং রতিমঞ্জরীম্। ভানুমত্যাখ্যয়া কেচিদাহুস্তং নামভেদতঃ।।"*

৯৮। মাঠা—ঘোল।

১০৩। শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীল দাসগোস্বামী ও শ্রীরূপ গোস্বামীকে 'আমার প্রভু' বলিয়া জানিতেন এবং প্রতি পরিচ্ছেদের শেষভাগে 'শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ। চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস।।' লিখিয়াছেন। কেহ 'রঘুনাথ'-শব্দে শ্রীরঘুনাথ ভট্টকে বুঝাইতে চাহেন এবং রঘুনাথভট্টকে কবিরাজগোস্বামীর পাঞ্চরাত্রিক-দীক্ষাগুরু বলিতে চাহেন ; তাহার প্রমাণাভাব। কবিরাজ-শাখা-গুরুপরম্পরায় রঘুনাথ ভট্টকে দীক্ষাগুরু বলিয়া যে উল্লেখ দেখা যায়, তাহা বিশিষ্ট সত্যের পরিচয় নহে।

১০৪। শ্রীরূপসহ প্রভুর মিলন—মধ্য, ১৯শ পঃ ৪৫ সংখ্যা, শ্রীসনাতনসহ প্রভুর মিলন—মধ্য, ২০শ পঃ ৫১ সংখ্যা এবং শ্রীরঘুনাথসহ প্রভুর মিলন—অন্ত্য, ৬ষ্ঠ পঃ, ১৯১ সংখ্যা দ্রষ্টব্য।

১০৫। শ্রীগোপালভট্ট—ইনি রঙ্গক্ষেত্র-প্রবাসী ব্যেঙ্কট ভট্টের পুত্র এবং (পূর্ব্বে রামানুজীয়, পরে গৌড়ীয়) প্রবোধানন্দের শিষ্য। ১৪৩৩ শকাব্দায় মহাপ্রভুর শ্রীরঙ্গক্ষেত্রে শ্রীসম্প্রদায়ী বেঙ্কট-ভট্টের গৃহে চাতুর্ম্মাস্য-ব্রত উপলক্ষে অবস্থানকালে ইনি প্রভুকে প্রাণ ভরিয়া সেবা করিয়াছিলেন। ইঁহার পিতৃব্য ত্রিদণ্ডী শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতীর নিকট দীক্ষা গ্রহণ করেন, যথা—হঃ ভঃ বিঃ ১ম বিঃ, ২য় শ্লোক—"ভক্তের্বিলাসাংশ্চিনুতে প্রবোধানন্দস্য শিষ্যো ভগবৎপ্রিয়স্য। গোপালভট্টো রঘুনাথদাসং সন্তোষয়ন্ রূপ-সনাতনৌ চ।।" ভক্তিরত্নাকরে ১ম তরঙ্গে—'গোপালের মাতা পিতা মহাভাগ্যবান্। শ্রীচৈতন্যপদে যে সঁপিল মনঃপ্রাণ।। বৃন্দাবনে যাইতে পুত্রেরে আজ্ঞা দিয়া। দোঁহে সঙ্গোপন হৈলা প্রভু সোঙরিয়া।। কতদিনে গোপাল গেলেন বৃন্দাবন। রূপ-সনাতন সঙ্গে হইল মিলন।।"** (নীলাচলে প্রভুকে) "লিখিলেন পত্রীতে শ্রীরূপ-সনাতন। গোপালভট্টের বৃন্দাবনে আগমন।।" (প্রভু) "লিখয়ে পত্রীতে প্রিয় রূপ-সনাতনে। পাইল আনন্দ গোপালের আগমনে।। নিজভ্রাতাসম গোপাল ভট্টেরে জানিবে।" ** "গোপালের নামে শ্রীগোস্বামী সনাতন। করিল শ্রীহরিভক্তি-বিলাস-বর্ণন।। শ্রীরূপগোস্বামী প্রাণসম জানে। শ্রীরাধারমণ-সেবা করাইল তানে।।"** (কবিরাজ গোস্বামীকে) "শ্রীগোপাল ভট্ট হৃষ্ট হইয়া আজ্ঞা দিল। গ্রন্থে নিজ প্রসঙ্গ বর্ণিতে নিষেধিল।। কবিরাজ তাঁর আজ্ঞা নারে লঙ্ঘিবার। নামমাত্র লিখে, অন্য না করে প্রচার।। নিরন্তর অতি দীন মানে আপনারে।"—"প্রাচীন মুখে এইসব শুনিল" (গ্রন্থকার ঘনশ্যামদাসের উক্তি)। ষট্সন্দর্ভের মধ্যে তত্ত্বসন্দর্ভের আদিতে (শ্রীরূপ-সনাতনের প্রণামান্তে)—

অমৃতপ্রবাহ ভাষ্য

১০০। রাত্রিদিনে রাধাকৃষ্ণের মানস-সেবন—হরিনামের (কীর্ত্তনের) সহিত অষ্টকালীন সেবায় মনন।

১০৪। আগে—রঘুনাথসহ প্রভুর মিলন অন্ত্য ৬ষ্ঠ পঃ দ্রষ্টব্য।

---

* *শ্রীরঘুনাথদাস গোস্বামীর পূর্ব্বনাম শ্রীরসমঞ্জরী। তাঁহাকে কেহ কেহ শ্রীরতিমঞ্জরী বলিয়া থাকেন। নামভেদে কেহ তাঁহাকে ভানুমতীও বলেন।*

(৪৭) শঙ্করারণ্য-শাখা, (৪৭ক) মুকুন্দ, (৪৭খ) কাশীনাথ, (৪৭গ) রুদ্র ঃ—

শঙ্করারণ্য—আচার্য্য-বৃক্ষের এক শাখা।
মুকুন্দ, কাশীনাথ, রুদ্র,—উপশাখা লেখা ॥ ১০৬ ॥

অনুভাষ্য

"কোঽপি তদ্বান্ধবো ভট্টো দক্ষিণ-দ্বিজ-বংশজঃ। বিবিচ্য ব্যলিখদ্‌-গ্রন্থং লিখিতাদ্বৃদ্ধবৈষ্ণবৈঃ।। তস্যাদ্যং গ্রন্থনালেখং ক্রান্ত-ব্যুৎক্রান্ত-খণ্ডিতম্। পর্য্যালোচ্যাথ পর্য্যায়ং কৃত্বা লিখতি জীবকঃ।।" অর্থাৎ শ্রীমধ্ব-শ্রীরামানুজ-শ্রীধরস্বামী প্রভৃতি প্রাচীন বৈষ্ণবাচার্য্যগণের লিখিত গ্রন্থাদি হইতে বিচারাদি সঙ্কলন করিয়া শ্রীরূপ-সনাতন প্রভুদ্বয়ের প্রিয় সুহৃৎ দাক্ষিণাত্যবাসী দ্বিজকুলোদ্ভূত শ্রীগোপাল-ভট্ট একখানি গ্রন্থ লেখেন ; তাহাতে কোথায়ও ক্রমভাবে, কোথায়ও ব্যুৎক্রম অর্থাৎ ক্রমভঙ্গভাবে, কোথায়ও বা খণ্ড-খণ্ডভাবে যাহা লিখিত ছিল, তাহা ক্ষুদ্র জীব আমি, পর্য্যালোচনা করিয়া ক্রমানুসারে যথাযথ লিখিতেছি। 'ভগবৎ' প্রভৃতি অন্যান্য সন্দর্ভের প্রারম্ভেও এইরূপ কথা আছে। ইনি—'সৎক্রিয়াসার-দীপিকা'-রচক, 'হরিভক্তিবিলাস'-সম্পাদক ও ষট্‌সন্দর্ভের পূর্ব্ব লেখক। "করিলেন কৃষ্ণকর্ণামৃতের টিপ্পনী। বৈষ্ণবের পরম আনন্দ যাহা শুনি'।।" ইনি শ্রীরাধারমণ-বিগ্রহের স্থাপনকর্ত্তা। গৌরগণোদ্দেশে ১৮৪ শ্লোক—"অনঙ্গমঞ্জরী যাসীৎ সাদ্য গোপালভট্টকঃ। ভট্টগোস্বামিনং কেচিৎ আহুঃ শ্রীগুণ-মঞ্জরী।।" শ্রীনিবাসাচার্য্য ও গোপীনাথ পূজারী—ইঁহার শিষ্য।

১০৬। শঙ্করারণ্য—গৌরগণোদ্দেশে ৬০ শ্লোক—"অস্যা-গ্রজস্ত্বকৃতদারপরিগ্রহঃ সন্ সঙ্কর্ষণঃ স ভগবান্ ভুবি বিশ্বরূপঃ। স্বীয়ং মহঃ কিল পুরীশ্বরমাপয়িত্বা পূর্ব্বং পরিব্রজিত এব তিরোবভূব।।"* ইনি ১৪৩২ শকাব্দায় শোলাপুর জেলান্তর্গত পাণ্ডেরপুর-তীর্থে অপ্রকট হন—চৈঃ চঃ মধ্য, ৯ম পঃ ২৯৯-৩০০ সংখ্যা দ্রষ্টব্য।

মুকুন্দ (মুকুন্দসঞ্জয়)—ইঁহার গৃহে বিশ্বম্ভর পাঠশালা করিয়া-ছিলেন ও ইঁহার পুত্র পুরুষোত্তম প্রভুর ছাত্র ছিলেন।

কাশীনাথ—বিশ্বম্ভরের বিবাহে সংযোগকর্ত্তা ব্রাহ্মণ পণ্ডিত। তিনি রাজপণ্ডিত সনাতনকে তৎকন্যা বিষ্ণুপ্রিয়াদেবীর সহিত প্রভুর বিবাহ দিবার পরামর্শ দেন। গৌরগণোদ্দেশে ৫০ শ্লোক—"যশ্চ সত্রাজিতা বিপ্রঃ প্রহিতো মাধবং প্রতি। সত্যোদ্বাহায় কুলকঃ শ্রীকাশীনাথ এব সঃ।।"◆

(৪৮) শ্রীনাথ পণ্ডিত ঃ—

শ্রীনাথ পণ্ডিত—প্রভুর কৃপার ভাজন।
যাঁর কৃষ্ণসেবা দেখি' বশ ত্রিভুবন ॥ ১০৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৭। শ্রীনাথ পণ্ডিত—কাঁচড়াপাড়া-নিবাসী।

অনুভাষ্য

রুদ্র—গৌরগণোদ্দেশে ১৩৫ শ্লোক—"বরূথপঃ সখা নাম্না কৃষ্ণচন্দ্রস্য যো ব্রজে। আসীৎ স এব গৌরাঙ্গবল্লভঃ রুদ্র-পণ্ডিতঃ।।"✱

বল্লভপুর—কমলাকর পিপ্পলাইর শ্রীপাট মাহেশের একমাইল উত্তরে। এই স্থানে একটী বৃহৎ মন্দিরে কাশীশ্বর গোস্বামীর ভাগিনেয় শ্রীরুদ্ররাম পণ্ডিতের স্থাপিত শ্রীরাধাবল্লভ জীউ বিরাজিত। রুদ্ররাম পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা যদুনন্দন বন্দোপাধ্যায় মহাশয়ের বংশধর 'চক্রবর্ত্তিগণ' শ্রীরাধাবল্লভ জীউর বর্ত্তমান সেবায়েত। পূর্ব্বে রথযাত্রার কালে মাহেশ হইতে শ্রীজগন্নাথদেব বল্লভপুরে শ্রীরাধাবল্লভ জীউর মন্দিরে আসিতেন, কিন্তু ১২৬২ সাল হইতে উক্ত বিগ্রহের সেবায়েতগণের মনোমালিন্যফলে ঐ প্রথা উঠিয়া গিয়াছে।

১০৭। শ্রীনাথ পণ্ডিত—গৌঃ গঃ ২১১—"ব্যাচকার পারি-পাট্যাৎ যো ভাগবত-সংহিতাম্। কুমারহট্টে যৎকীর্ত্তিঃ কৃষ্ণদেবো বিরাজতে।।"☆

কুমারহট্ট হইতে প্রায় ১৷৷০ মাইল দূরে কাঁচড়াপাড়ায় সেন শিবানন্দের স্থান। সেই স্থানে শিবানন্দের প্রতিষ্ঠিত 'শ্রীগৌর-গোপাল' বিগ্রহ, শ্রীনাথবিপ্র-প্রতিষ্ঠিত 'শ্রীকৃষ্ণরায়' নামক শ্রীরাধাকৃষ্ণমূর্ত্তি একটী সুবৃহৎ মন্দিরে বিরাজ করিতেছেন। মন্দিরের সম্মুখে বৃহৎ প্রাঙ্গণ, ভোগরন্ধনের গৃহ, অতিথিশালা প্রভৃতি বর্ত্তমান। প্রাঙ্গণটী উচ্চ প্রাকার-পরিবেষ্টিত। মাহেশের মন্দির হইতেও এই শ্রীমন্দির বৃহৎ। ১৭০৮ শকাব্দে বর্ত্তমান মন্দিরটী প্রস্তুত হয়। মন্দিরের সম্মুখে একটী অনুষ্টুপ্ শ্লোকে মন্দির-প্রতিষ্ঠাতার নাম, তাঁহার পিতা, পিতামহের নাম ও তারিখ খোদিত রহিয়াছে। কলিকাতা-পাথুরিয়াঘাটা-নিবাসী পরলোকগত নিমাই মল্লিক নামক জনৈক ধনকুবের এই মন্দির নির্ম্মাণ করিয়া দেন। শ্রীঅদ্বৈতাচার্য্যের শিষ্য—শ্রীনাথ পণ্ডিত, শ্রীনাথ পণ্ডিতের অনুগৃহীত—শিবানন্দের তৃতীয় পুত্র—গৌরগণোদ্দেশ-লেখক

** শ্রীগৌরাগ্রজ যিনি বিশ্বরূপ-নামে খ্যাত, তিনি ভগবান্ সঙ্কর্ষণ। তিনি দার পরিগ্রহ না করিয়া পূর্ব্বেই সন্ন্যাসগ্রহণ করত স্বীয় তেজ শ্রীঈশ্বরপুরীতে স্থাপনপূর্ব্বক অন্তর্হিত হইয়াছেন।*

◆ রাজা সত্রাজিৎ সত্যভামার বিবাহ-জন্য যে কুলক-নামক ব্রাহ্মণকে মাধবের নিকট পাঠাইয়াছিলেন, তিনিই অধুনা কাশীনাথ।

✱ ব্রজে বরূথপ-নামক শ্রীকৃষ্ণসখাই অধুনা গৌরপ্রিয় শ্রীরুদ্রপণ্ডিত।

☆ তিনি পরিপাটীর সহিত ভাগবত-সংহিতা ব্যাখ্যা করিতেন। কুমারহট্টে তাঁহার কীর্ত্তি শ্রীকৃষ্ণদেব-বিগ্রহরূপে বিরাজমান।

(৪৯) শ্রীজগন্নাথ আচার্য্য ঃ—

জগন্নাথ আচার্য্য প্রভুর প্রিয় দাস।
প্রভুর আজ্ঞাতে তেঁহো কৈল গঙ্গাবাস ॥ ১০৮ ॥

(৫০) কৃষ্ণদাস, (৫১) শেখর পণ্ডিত, (৫২) কবিচন্দ্র ও (৫৩) ষষ্ঠীবর ঃ—

কৃষ্ণদাস বৈদ্য, আর পণ্ডিত শেখর।
কবিচন্দ্র, আর কীর্ত্তনীয়া ষষ্ঠীবর ॥ ১০৯ ॥

(৫৪) শ্রীনাথ মিশ্র, (৫৫) শুভানন্দ, (৫৬) শ্রীরাম, (৫৭) ঈশান, (৫৮) শ্রীনিধি, (৫৯) গোপীকান্ত, (৬০) ভগবান্ মিশ্র ঃ—

শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, ঈশান।
শ্রীনিধি, শ্রীগোপীকান্ত, মিশ্র ভগবান্ ॥ ১১০ ॥

(৬১) সুবুদ্ধি মিশ্র, (৬২) হৃদয়ানন্দ, (৬৩) কমলনয়ন, (৬৪) মহেশ পণ্ডিত, (৬৫) শ্রীকর, (৬৬) মধুসূদন ঃ—

সুবুদ্ধি মিশ্র, হৃদয়ানন্দ, কমলনয়ন।
মহেশ পণ্ডিত, শ্রীকর, শ্রীমধুসূদন ॥ ১১১ ॥

(৬৭) পুরুষোত্তম, (৬৮) শ্রীগালীম, (৬৯) জগন্নাথদাস, (৭০) শ্রীচন্দ্রশেখর, (৭১) দ্বিজ হরিদাস ঃ—

পুরুষোত্তম, শ্রীগালীম, জগন্নাথদাস।
শ্রীচন্দ্রশেখর বৈদ্য, দ্বিজ হরিদাস ॥ ১১২ ॥

(৭২) রামদাস, (৭৩) কবিদত্ত, (৭৪) গোপালদাস, (৭৫) রঘুনাথ, (৭৬) শার্ঙ্গঠাকুর ঃ—

রামদাস, কবিদত্ত, শ্রীগোপালদাস।
ভাগবতাচার্য্য, ঠাকুর সারঙ্গদাস ॥ ১১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৮। গঙ্গাবাস—শ্রীনবদ্বীপান্তবর্ত্তী 'অলকানন্দা'র তটে 'গঙ্গাবাস' নামক গ্রামের পত্তন করেন।

অনুভাষ্য

পরমানন্দ কবিকর্ণপূর। সম্ভবতঃ কবিকর্ণপূরের সময় শ্রীকৃষ্ণরায়-বিগ্রহ প্রকাশিত হইয়াছেন। কিংবদন্তী এইরূপ যে, মুর্শিদাবাদ হইতে বীরচন্দ্র প্রভুকর্ত্তৃক আনীত একটী সুবৃহৎ সুরম্য প্রস্তর হইতে বল্লভপুরের শ্রীরাধাবল্লভ-বিগ্রহ, খড়দহের শ্রীশ্যামসুন্দর বিগ্রহ ও কাঁচড়াপাড়ার শ্রীকৃষ্ণরায় বিগ্রহ প্রকাশিত হইয়াছেন।

সেন শিবানন্দের প্রাচীন স্থান—গঙ্গাতীরে, তথায় ভগ্নপ্রায় ক্ষুদ্র মন্দির ছিল। শুনা যায়, নিমাই মল্লিক কাশী যাইতেছিলেন, তিনি এই স্থানে নামিয়া শ্রীকৃষ্ণরায়ের মন্দিরের ভগ্নাবস্থা স্বচক্ষে দর্শন করিয়া বর্ত্তমান সুবৃহৎ মন্দির নির্ম্মাণ করেন।

১০৮। জগন্নাথাচার্য্য—গৌঃ গঃ ১১১—"আচার্য্যঃ শ্রীজগন্নাথো গঙ্গাবাসঃ প্রভুপ্রিয়ঃ। আসীন্নিধুবনে প্রাগ্ যো দুর্ব্বাসা গোপিকাপ্রিয়ঃ।।"

১০৯-১১০। কবিচন্দ্র ও শ্রীনাথ মিশ্র—গৌঃ গঃ ১৭১—"শ্রীনাথমিশ্রশ্চিত্রাঙ্গী কবিচন্দ্রো মনোহরা।"

শুভানন্দ—ইনি ব্রজের মালতী ; রথাগ্রে নর্ত্তনকালে সাত-সম্প্রদায়ের মধ্যে শ্রীবাস ও নিত্যানন্দের দলের অন্যতম গায়ক ছিলেন এবং ভাবাবিষ্ট প্রভুর মুখনিঃসৃত ফেন পান করিয়াছিলেন (মধ্য ১৩ পঃ ১১০ সংখ্যা দ্রষ্টব্য)। গৌঃ গঃ ১৯৭ ও ১৯৯ শ্লোক দ্রষ্টব্য।

ঈশান—চৈঃ ভাঃ মধ্য, ৮ম অঃ—"সেবিলেন সর্ব্বকাল আইরে ঈশান। চতুর্দ্দশলোকমধ্যে মহা-ভাগ্যবান্।।" বৈষ্ণব-বন্দনায়—"বন্দিব ঈশানদাস করযোড় করি'। শচীঠাকুরাণী যাঁরে স্নেহ কৈল বড়ি।।" ভক্তিরত্নাকর ১২শ তরঙ্গে—"নিমাই চাঁদের অতি প্রিয় সে ঈশান।।"

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৩। ভাগবতাচার্য্য—বরাহনগর-নিবাসী। এখনও তাঁহার আশ্রমকে 'ভাগবতাচার্য্যের পাট' বলে।

ঠাকুর সারঙ্গ দাস—মামগাছি-নিবাসী।

অনুভাষ্য

১১১। সুবুদ্ধি মিশ্র—গৌঃ গঃ ১৯৪ ও ২০১—ব্রজের গুণচূড়া। ইঁহার শ্রীপাট—শ্রীখণ্ড হইতে ৩ মাইল পশ্চিমে 'বেলগাঁ'। এস্থানে শ্রীনিতাইগৌর-বিগ্রহ আছেন। ইঁহার বর্ত্তমান বংশধর—শ্রীগোবিন্দচন্দ্র গোস্বামী।

কমলনয়ন—গৌঃ গঃ ২০৫ ও ১৯৬—ব্রজের গন্ধোন্মাদা।

মহেশ পণ্ডিত—আদি ১১ পঃ ৩২ সংখ্যা দ্রষ্টব্য।

১১২। চন্দ্রশেখর বৈদ্য—কাশীতে থাকাকালে মহাপ্রভু ইঁহার গৃহে বাস করেন। ইঁহার লিখনবৃত্তি ছিল। আদি ৭ম পঃ ৪৫ ও অনুভাষ্য ; ১০ম পঃ ১৫২, ১৫৪ ; মধ্য, ১৭শ পঃ ৯২, ১৯শ পঃ ২৪১-২৪৩ ; মধ্য ২০শ পঃ ৪৬-৫৩, ৬৭-৭১ ; ২৫শ পঃ ৬২, ১৭২ সংখ্যা দ্রষ্টব্য।

দ্বিজ হরিদাস—অষ্টোত্তরশতনামের রচয়িতা কি না, তদ্বিষয়ে প্রশ্ন হয়। কাঞ্চনগড়িয়ানিবাসী ইঁহার পুত্রদ্বয় শ্রীদাম ও গোকুলানন্দ—শ্রীনিবাস আচার্য্য প্রভুর শিষ্য। কাঞ্চনগড়িয়া মুর্শিদাবাদ জেলায় আজিমগঞ্জ হইতে ৫ম ষ্টেশন 'বাজারসাউ' ষ্টেশন হইতে ৫ মাইলের মধ্যে অবস্থিত।

১১৩। শ্রীগোপাল দাস—গৌঃ গঃ ১৫৮—"পুরা শ্রীতারকা-পাল্যৌ যে স্থিতে ব্রজমণ্ডলে। তে সাম্প্রতং জগন্নাথ-শ্রীগোপালৌ প্রভোঃ প্রিয়ৌ।।"

ভাগবতাচার্য্য—গৌঃ গঃ ২০৩—"নির্ম্মিতা পুস্তিকা যেন 'কৃষ্ণপ্রেমতরঙ্গিণী'। শ্রীমদ্ভাগবতাচার্য্যো গৌরাঙ্গাত্যন্তবল্লভঃ।।" চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"তবে প্রভু আইলেন বরাহনগরে। মহাভাগ্যবন্ত এক ব্রাহ্মণের ঘরে।। সেই বিপ্র বড় সুশিক্ষিত

(৭৭) জগন্নাথতীর্থ, (৭৮) জানকীনাথ, (৭৯) গোপাল আচার্য্য, (৮০) দ্বিজ বাণীনাথ ঃ—

জগন্নাথ তীর্থ, বিপ্র শ্রীজানকীনাথ ।
গোপাল আচার্য্য আর বিপ্র বাণীনাথ ॥ ১১৪ ॥

(৮১)গোবিন্দ, (৮২) মাধব, (৮৩) বাসুদেব ঃ—

গোবিন্দ, মাধব, বাসুদেব—তিন ভাই ।
যাঁ-সবার কীর্ত্তনে নাচে চৈতন্য-নিতাই ॥ ১১৫ ॥

(৮৪) অভিরাম ঠাকুর ঃ—

রামদাস অভিরাম—সখ্য-প্রেমরাশি ।
ষোলসাঙ্গের কাষ্ঠ তুলি' যে করিল বাঁশী ॥ ১১৬ ॥

নিতাইসহ অভিরাম, মাধব ও বাসুঘোষের গৌড়ে নামপ্রচার এবং মহাপ্রভুর সহিত গোবিন্দের অবস্থান ঃ—

প্রভুর আজ্ঞায় নিত্যানন্দ গৌড়ে চলিলা ।
তাঁর সঙ্গে তিনজন প্রভু-আজ্ঞায় আইলা ॥ ১১৭ ॥
শ্রীরামদাস, মাধব, আর বাসুদেব ঘোষ ।
প্রভু-সঙ্গে রহে গোবিন্দ পাইয়া সন্তোষ ॥ ১১৮ ॥

(৭৬), (৪১), (৩৯ক), (৮৫) মাধবাচার্য্য, (৮৬) কমলাকান্ত, (৮৭) যদুনন্দন ঃ—

ভাগবতাচার্য্য, চিরঞ্জীব, শ্রীরঘুনন্দন ।
শ্রীমাধবাচার্য্য, কমলাকান্ত, শ্রীযদুনন্দন ॥ ১১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৪। বাণীনাথ বিপ্র—চম্পাহাটী-নিবাসী।

১১৫। গোবিন্দ—অগ্রদ্বীপে গোপীনাথের স্থাপক।

১১৬। অভিরাম—খানাকুল-কৃষ্ণনগর-বাসী।

অনুভাষ্য

ভাগবতে। প্রভু দেখি' ভাগবত লাগিল পড়িতে।। শুনিয়া তাহার ভক্তিযোগের পঠন। আবিষ্ট হইলা গৌরচন্দ্র নারায়ণ।। প্রভু বলে, ভাগবত এমত পড়িতে। কভু নাহি শুনি আর কাহারো মুখেতে।। এতেকে তোমার নাম 'ভাগবতাচার্য্য'। ইহা বই আর কোন না করিহ কার্য্য।।" ইঁহার নাম 'রঘুনাথ' বলা হয়—ইঁহার পাটবাটী—বরাহনগর-মালিপাড়ায় (কলিকাতা হইতে প্রায় ৩৷৷০ মাইল উত্তরে) গঙ্গাতীরে। এই জীর্ণ পাটবাটীর বর্ত্তমান সেবক—পরলোকগত রাজচন্দ্র গাঙ্গুলির পুত্র ধীরেন্দ্র গাঙ্গুলি।

ঠাকুর সারঙ্গদাস—অপর নাম শার্ঙ্গ ঠাকুর। শার্ঙ্গপাণি ও শার্ঙ্গধর বলিয়াও তাঁহাকে কেহ কেহ বলেন। ইনি নবদ্বীপের অন্তর্গত মোদদ্রুমদ্বীপে বাস করিয়া গঙ্গাতীরে নির্জ্জনে ভজন করিতেন। ভগবানের পুনঃ পুনঃ প্রেরণাক্রমে তিনি শিষ্য স্বীকার করিতে বাধ্য হইয়া স্থির করিলেন যে, যাঁহার সহিত আগামী-কল্য প্রাতে দেখা হইবে, তাঁহাকেই তিনি শিষ্যত্বে গ্রহণ করিবেন। ঘটনাক্রমে পরদিবস প্রত্যূষে ভাগীরথী-স্নানকালে তাঁহার পাদ-দেশে একটী মৃতদেহ সংলগ্ন হওয়ায় তাঁহাকেই পুনর্জীবন প্রদান করিয়া শিষ্যত্বে গ্রহণ করেন। ইনিই 'শ্রীঠাকুর মুরারি'-নামে প্রসিদ্ধি লাভ করেন। ইঁহার অনুগগণ বংশপরম্পরায় সম্প্রতি 'শর'-নামক গ্রামে বাস করিতেছেন। শ্রীশার্ঙ্গের নামের সহিত মুরারির কথা সংশ্লিষ্ট হইয়াছে। 'শার্ঙ্গমুরারি' বলিয়া প্রসিদ্ধি এখনও সর্ব্বত্র শুনা যায়।

সম্প্রতি শার্ঙ্গঠাকুরের একটী প্রাচীন সেবা মামগাছি গ্রামে আছে। অল্পদিন হইল, শ্রীঠাকুরের একটী মন্দির প্রাচীন বকুল-বৃক্ষের সম্মুখে নির্ম্মিত হইয়াছে। সেবার বন্দোবস্ত আরও ভাল হওয়া প্রার্থনীয়।

অনুভাষ্য

গৌঃ গঃ ১৭২ শ্লোক—"ব্রজে নান্দীমুখী যাসীৎ সাদ্য সারঙ্গঠকুরঃ। প্রহ্লাদো মন্যতে কৈশ্চিন্মৎপিতা স ন মন্যতে।।"

১১৪। জগন্নাথ তীর্থ—আদি, ৯ পঃ ১৪ (অনুভাষ্য) দ্রষ্টব্য।

বাণীনাথ—গৌঃ গঃ ২০৪ শ্লোক—"বাণীনাথদ্বিজশ্চম্পা-হট্টবাসী প্রভোঃ প্রিয়ঃ।" ইনি ব্রজের কামলেখা। চম্পাহট্ট বা চাঁপাহাটি—বর্দ্ধমান জেলার পূর্ব্বস্থলী থানা ও সমুদ্রগড় ডাক-ঘরের অন্তর্গত ক্ষুদ্র গণ্ডগ্রাম। এই প্রাচীন শ্রীপাটের সেবায় নিতান্ত বিশৃঙ্খলা ও অবহেলা দর্শন করিয়া বঙ্গাব্দ ১৩২৮ সালে শ্রীপরমানন্দ ব্রহ্মচারিপ্রমুখ প্রাচীন নবদ্বীপ-শ্রীমায়াপুরস্থিত শ্রীচৈতন্য মঠের সেবকগণ এই পাটবাটীর সংস্কার সাধনপূর্ব্বক একটী নূতন মন্দির নির্ম্মাণ করিয়াছেন। তাহাতে শ্রীবাণীনাথ-প্রতিষ্ঠিত প্রমাণাকার নয়ন-মনোভিরাম বিগ্রহদ্বয় শ্রীগৌর-গদাধর যথা-শাস্ত্র অর্চ্চিত হইতেছেন। ই, আই, আর, লাইনে সমুদ্রগড় বা নবদ্বীপ ষ্টেশন হইতে ২ মাইল দূরে চাঁপাহাটীতে শ্রীগৌর-গদাধরের শ্রীমন্দির।

১১৫। গোবিন্দ, মাধব ও বাসুদেব ঘোষ—এই তিন ভাই উত্তর-রাঢ়ীয় শৌক্রকায়স্থকুলোদ্ভূত। চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"সুকৃতি মাধবঘোষ কীর্ত্তনে তৎপর। হেন কীর্ত্তনীয়া নাহি পৃথিবী-ভিতর।। যাহারে কহেন বৃন্দাবনের গায়ন। নিত্যানন্দস্বরূপের মহাপ্রিয়তম।। মাধব, গোবিন্দ, বাসুদেব—তিন ভাই। গাইতে লাগিলা, নাচে ঈশ্বর নিতাই।।" গৌঃ গঃ ১৮৮ শ্লোক—"কলাবতী', 'রসোল্লাসা', 'গুণতুঙ্গা' ব্রজে স্থিতা। শ্রীবিশাখাকৃতং গীতং গায়ন্তি স্মাদ্য তা মতাঃ।। গোবিন্দ-মাধবানন্দ-বাসুদেবা যথাক্রমম্।" শ্রীক্ষেত্রে রথাকর্ষণকালে মহাপ্রভুর সহিত ৭টী কীর্ত্তন-সম্প্রদায়ের মধ্যে একটীতে এই তিন ভাই মূল গায়ক ছিলেন এবং সাক্ষাৎ বক্রেশ্বর পণ্ডিতকে প্রধান নর্ত্তকরূপে লাভ করিয়াছিলেন (মধ্য, ১৩ পঃ ৪২-৪৩)।

১১৭। মধ্য, ১৫ পঃ ৪২-৪৩ সংখ্যা দ্রষ্টব্য।

১১৮। রামদাস—আদি ১১ পঃ ১৩-১৬, ও মধ্য, ১৫ পঃ ৪২-৪৩ সংখ্যা দ্রষ্টব্য।

(৮৮) জগাই, (৮৯) মাধাই ঃ—

মহা-কৃপাপাত্র প্রভুর জগাই, মাধাই ।
'পতিতপাবন' নামের সাক্ষী দুই ভাই ॥ ১২০ ॥

অসংখ্য গৌড়ীয়ভক্তমধ্যে উল্লিখিত বৈষ্ণবগণ কতিপয়মাত্র ঃ—

গৌড়দেশ-ভক্তের কৈল সংক্ষেপ কথন ।
অনন্ত চৈতন্যভক্ত না যায় গণন ॥ ১২১ ॥

গৌড় ও ওড্র, উভয়ত্র ইঁহাদের গৌরসেবা ঃ—

নীলাচলে এইসব ভক্ত প্রভুসঙ্গে ।
দুই স্থানে প্রভু-সেবা কৈল নানারঙ্গে ॥ ১২২ ॥

শুধু নীলাচলে মিলিত সেবকগণের উল্লেখ ঃ—

কেবল নীলাচলে প্রভুর যে যে ভক্তগণ ।
সংক্ষেপে করিয়ে কিছু সে-সব কথন ॥ ১২৩ ॥
নীলাচলে প্রভুসঙ্গে সব ভক্তগণ ।
সবার অধ্যক্ষ—প্রভুর মর্ম্ম দুইজন ॥ ১২৪ ॥

সর্ব্বপ্রধান—(১) শ্রীপরমানন্দ ও (২) শ্রীস্বরূপ ঃ—

পরমানন্দপুরী, আর স্বরূপ দামোদর ।
গদাধর, জগদানন্দ, শঙ্কর, বক্রেশ্বর ॥ ১২৫ ॥
দামোদর পণ্ডিত, ঠাকুর হরিদাস ।
রঘুনাথ বৈদ্য, আর রঘুনাথদাস ॥ ১২৬ ॥
ইত্যাদিক পূর্ব্বসঙ্গী বড় ভক্তগণ ।
নীলাচলে রহি' প্রভুর করেন সেবন ॥ ১২৭ ॥
আর যত ভক্তগণ গৌড়দেশবাসী ।
প্রত্যব্দে প্রভুরে দেখে নীলাচলে আসি' ॥ ১২৮ ॥
নীলাচলে প্রভুসহ প্রথম মিলন ।
সেই ভক্তগণের এবে করিয়ে গণন ॥ ১২৯ ॥

(৩) সার্ব্বভৌম-শাখা, (৪) গোপীনাথাচার্য্য ঃ—

বড়শাখা এক,—সার্ব্বভৌম ভট্টাচার্য্য ।
তাঁর ভগ্নীপতি শ্রীগোপীনাথাচার্য্য ॥ ১৩০ ॥

অনুভাষ্য

১১৯। মাধবাচার্য্য—ব্রজের মাধবী—গৌঃ গঃ ১৬৯, নিত্যানন্দশাখা এবং নিত্যানন্দপ্রভুর কন্যা শ্রীমতী গঙ্গাদেবীর ভর্ত্তা। ইনি নিত্যানন্দ-গণ পুরুষোত্তমের (নাগর) নিকট দীক্ষা-গ্রহণ করিয়াছিলেন। কথিত আছে, গঙ্গাদেবীর বিবাহকালে নিত্যানন্দ-প্রভু মাধবকে পাঁজিনগর দান করেন। ইঁহার শ্রীপাট—জীরাট্ (ই, আই, আর, লাইনে ঐ নামে ষ্টেশনের নিকটে), ১১ পঃ ৩৮ সংখ্যা দ্রষ্টব্য।

কমলাকান্ত—অদ্বৈতগণের কমলাকান্ত বিশ্বাস।

যদুনন্দনাচার্য্য—অদ্বৈতশাখা (অন্ত্য, ৬ পঃ ১৬০-১৬৯)।

১২০। জগাই ও মাধাই—গৌঃ গঃ ১১৫ শ্লোকে—"বৈকুণ্ঠে দ্বারপালৌ যৌ জয়াদ্যবিজয়ান্তকৌ। তাবদ্য জাতৌ স্বেচ্ছাতঃ শ্রীজগন্নাথ-মাধবৌ।।" ইঁহারা উভয়েই নবদ্বীপবাসী এবং শৌক্র ব্রাহ্মণ হইয়াও দস্যুবৃত্তি ও অন্যান্য সর্ব্বপ্রকার পাপে লিপ্ত ছিলেন। পরে শ্রীমহাপ্রভু ও শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপায় হরিনাম লাভ করিয়া দুইজনে 'মহাভাগবত' হন। মাধাইর বংশ আছে,—তাঁহারা কুলীন ব্রাহ্মণ। আকাইহাট যাইবার পথে কাটোয়া হইতে ১ মাইল দক্ষিণে 'ঘোষহাট' বা মাধাইতলা-গ্রামে জগাই-মাধাইর সমাজ আছে। শুনা যায়, গোপীচরণ দাস বাবাজী প্রায় ২০০ বৎসর পূর্ব্বে ইঁহার উদ্ধার করিয়া শ্রীনিতাইগৌর শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন।

১২৬। রঘুনাথ বৈদ্য—চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ (পানিহাটীতে)—"রঘুনাথ বৈদ্য আইলেন ততক্ষণে। পরমবৈষ্ণব, অন্ত নাহি যাঁর গুণে।।" নিত্যানন্দের সহিত গৌড়ে আসিতে পথে সহগামিগণের ব্রজভাব—চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"রঘুনাথ বৈদ্য উপাধ্যায় মহামতি। হইলেন মূর্ত্তিমতী যেহেন রেবতী।।" ঐ অন্ত্য, ষষ্ঠ অঃ—"যাঁর দৃষ্টিপাতে কৃষ্ণে হয় রতি মতি।" চৈঃ চঃ আদি, ১১শ পঃ ২২সংখ্যা দ্রষ্টব্য। ইনি পুরীতে সমুদ্রকূলে ছিলেন এবং তথাকার 'স্থাননিরূপণ' নামক গ্রন্থ প্রণয়ন করেন।

১৩০। সার্ব্বভৌম ভট্টাচার্য্য—'বাসুদেব'—ইঁহার নাম। ইনি বর্ত্তমান নবদ্বীপ বা চাঁপাহাটী হইতে ২॥০ মাইল দূরে 'বিদ্যানগর' নামক পল্লীর প্রসিদ্ধ অধিবাসী মহেশ্বর বিশারদের পুত্র। কথিত আছে, তদানীন্তন ভারতের সর্ব্বপ্রধান নৈয়ায়িক, মিথিলার বিখ্যাত ন্যায়-বিদ্যালয়ের প্রধান অধ্যাপক পক্ষধর মিশ্রের নিকট হইতে সমগ্র ন্যায়শাস্ত্র কণ্ঠস্থ করিয়া নবদ্বীপে ন্যায়ের বিদ্যালয় স্থাপন-পূর্ব্বক অধ্যাপনা আরম্ভ করেন। ন্যায়-শাস্ত্রের ইতিহাসে ইহা যুগান্তর প্রবর্ত্তন করিয়াছে। তদবধি নবদ্বীপ মিথিলাকে গৌরবহীন করিয়া অদ্যাপি সমগ্র ভারতে সর্ব্বপ্রধান ন্যায়-বিদ্যাপীঠ বলিয়া পরিচিত। কাহারও মতে, ইঁহারই ছাত্র সুবিখ্যাত নৈয়ায়িক 'দীধিতি'কার রঘুনাথ-শিরোমণি। যাহা হউক, (সার্ব্বভৌম) ন্যায় ও বেদান্তশাস্ত্রে প্রচুর পাণ্ডিত্য লাভ করিয়া গার্হস্থ্যাশ্রমে থাকিয়াও ক্ষেত্র-সন্ন্যাস গ্রহণপূর্ব্বক নীলাচলে বেদান্তের অধ্যাপনা করাইতেন। মহাপ্রভুকে শাঙ্কর-ভাষ্যানুমোদিত বেদান্ত শ্রবণ করাইয়া, পরে প্রভুর নিকট হইতে প্রকৃত বেদান্তার্থ অবগত হন। ইনি প্রভুর ষড়্ভুজ মূর্ত্তি দর্শন করেন। তাঁহার রচিত 'চৈতন্য-শতকে' গৌর-ভক্তি প্রকটিত আছে ; বিশেষতঃ, "বৈরাগ্যবিদ্যা নিজভক্তিযোগ" শ্লোকদ্বয় সার্ব্বভৌমের পাণ্ডিত্যের সীমা। প্রভুর সার্ব্বভৌমের সহিত সাক্ষাৎকার ও তাহার সহিত বিচার ও

(৫) কাশীমিশ্র, (৬) প্রদ্যুম্নমিশ্র, (৭) রায় ভবানন্দ।

কাশীমিশ্র, প্রদ্যুম্নমিশ্র, রায় ভবানন্দ।
যাঁহার মিলনে প্রভু পাইলা আনন্দ ॥ ১৩১ ॥
আলিঙ্গন করি' তাঁরে বলিল বচন।
তুমি পাণ্ডু, পঞ্চপাণ্ডব—তোমার নন্দন ॥ ১৩২ ॥

(৮) শ্রীরায়-রামানন্দাদি পঞ্চভ্রাতা ঃ—

রামানন্দ রায়, পট্টনায়ক গোপীনাথ।
কলানিধি, সুধানিধি, নায়ক বাণীনাথ ॥ ১৩৩ ॥
এই পঞ্চপুত্র তোমার—মোর প্রিয়পাত্র।
রামানন্দ-সহ মোর দেহ-ভেদ মাত্র ॥ ১৩৪ ॥

অনুভাষ্য

উদ্ধার-বৃত্তান্ত—মধ্য, ষষ্ঠ পঃ দ্রষ্টব্য। গৌঃ গঃ ১১৯ শ্লোক—"ভট্টাচার্য্যঃ সার্ব্বভৌমঃ পুরাসীদ্ গীষ্পতির্দিবি।"

গোপীনাথ আচার্য্য—নবদ্বীপবাসী প্রভুর সঙ্গী বিপ্র। ইঁনি সার্ব্বভৌমের ভগিনীপতি। গৌঃ গঃ ১৭৮ শ্লোক—"পুরা প্রাণসখী যাসীন্নাম্না রত্নাবলী ব্রজে। গোপীনাথাখ্যকাচার্য্যো নির্ম্মলত্বেন বিশ্রুতঃ।।"* কাহারও মতে, ইনি ব্রহ্মা। গৌঃ গঃ ৭৫ শ্লোক—গোপীনাথাচার্য্যনাম্না ব্রহ্মা জ্ঞেয়ো জগৎপতিঃ। নবব্যূহে তু গণিতো যস্তন্ত্রে তন্ত্রবেদিভিঃ।।"

১৩১। কাশীমিশ্র—রাজপুরোহিত। ইঁহারই গৃহে মহাপ্রভুর নীলাচলে অবস্থিতি। পরে সেইস্থান শ্রীবক্রেশ্বর পণ্ডিত লাভ করিয়া তাঁহার শিষ্য শ্রীগোপালগুরু গোস্বামীর সময়ে 'শ্রীরাধাকান্ত' বিগ্রহ স্থাপন করেন। গৌঃ গঃ ১৯৩ শ্লোক—"মথুরায়াং পুরা যাসীৎ সৈরিন্ধ্রী কৃষ্ণবল্লভা। সাদ্য নীলাচলবাসঃ কাশীমিশ্রঃ প্রভোঃ প্রিয়ঃ।।"

প্রদ্যুম্ন মিশ্র—উড়িষ্যাবাসী। চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"শ্রীপ্রদ্যুম্ন মিশ্র কৃষ্ণসুখের সাগর। আত্মপদ যাঁরে দিলা শ্রীগৌরসুন্দর।।" অন্ত্য, ৯ম অঃ—"শ্রীপ্রদ্যুম্নমিশ্র প্রেমভক্তির প্রধান।" (চৈঃ চঃ মধ্য, ১০ পঃ ৪৩)—"প্রদ্যুম্নমিশ্র ইহঁ বৈষ্ণব-প্রধান। জগন্নাথের 'মহাসোয়ার' ইহঁ 'দাস' নাম।।" অশৌক্র-ব্রাহ্মণকুলোদ্ভূত মহাভাগবত শ্রীরামানন্দের নিকট শৌক্রব্রাহ্মণকুলোদ্ভব প্রদ্যুম্নমিশ্রের হরিকথা-শ্রবণরূপ শিষ্যত্ব প্রদান করিয়া প্রভুর কৃপা-প্রসঙ্গ—অন্ত্য, ৫ম পঃ দ্রষ্টব্য।

ভবানন্দ রায়—শ্রীরামানন্দ রায়ের পিতা। পুরী হইতে পশ্চিমে ছয়ক্রোশ দূরে ব্রহ্মগিরি বা আলালনাথের নিকট ইঁহার বাসস্থান। ইনি জাতিতে শৌক্রকরণ। তাঁহার পঞ্চপুত্র—১৩৩ সংখ্যা দ্রষ্টব্য। তিনি পূর্ব্বে 'পাণ্ডুরাজ' বলিয়া পরিচিত।

১৩৪। রামানন্দরায়—গৌরগণোদ্দেশে ১২০-১২৪ শ্লোক—"প্রিয়নর্ম্মসখঃ কশ্চিদর্জ্জুনঃ পাণ্ডবোঽর্জ্জুনঃ। মিলিত্বা সমভূদ্রামানন্দরায়ঃ প্রভোঃ প্রিয়ঃ।। অতো রাধাকৃষ্ণভক্তিপ্রেম-তত্ত্বাদিকং কৃতী। রামানন্দো গৌরচন্দ্রং প্রত্যবর্ণয়দন্বহম্।। ললিতেত্যাহুরেকে যত্তদেকে নানুমন্যন্তে। ভবানন্দং প্রতি প্রাহ গৌরো যস্ত্বং পৃথাপতিঃ।। গোপ্যার্জ্জুনীয়য়া সার্দ্ধমেকীভূয়াপি পাণ্ডবঃ। অর্জ্জুনো যদ্রায়-রামানন্দ ইত্যাহুরুত্তমাঃ।। অর্জ্জুনীয়াভবত্তূর্ণং অর্জ্জুনোঽপি চ পাণ্ডবঃ। ইতি পাদ্মোত্তরখণ্ডে ব্যক্তমেব বিরাজতে।। তস্মাদেতত্ত্রয়ং রামানন্দ-রায়-মহাশয়ঃ।।"* কাহারও মতে ইনি বিশাখা দেবী (মধ্য, ৮ম এবং অন্ত্য, ৫ম পঃ দ্রষ্টব্য)। অন্তরঙ্গ-ভক্তমধ্যে ইঁহার স্থান অত্যন্ত উচ্চে। প্রভুর উক্তি—"আমি ত' সন্ন্যাসী, আপনা বিরক্ত করি' মানি। দর্শন দূরে, প্রকৃতির নাম যদি শুনি।। তবহিঁ বিকার পায় মোর তনু মন। প্রকৃতি-দর্শনে স্থির হয় কোন্ জন।। নির্ব্বিকার দেহ-মন কাষ্ঠ-পাষাণ সম। আশ্চর্য্য তরুণী-স্পর্শে নির্ব্বিকার মন।। এক রামানন্দের হয় এই অধিকার। তাতে জানি,—অপ্রাকৃত দেহ তাঁহার।। তাঁহার মনের ভাব তিনিই জানে মাত্র। তাহা জানিবারে আর দ্বিতীয় নাহি পাত্র।। ** গৃহস্থ হঞা নহে রায় ষড়্‌বর্গের বশে। বিষয়ী হইয়া সন্ন্যাসীরে উপদেশে।।"

শ্রীস্বরূপ ও ইঁহার সহিত মহাপ্রভু শেষলীলায় নিরন্তর শ্রীকৃষ্ণবিরহিণী রাধার মহাভাব-বৈচিত্র্যসমূহ আস্বাদন করিতেন (মধ্য, ২য় পঃ ৭৭); ইঁহার শুদ্ধসখ্যে প্রভু বশীভূত (ঐ ৭৮)। সার্ব্বভৌমের উক্তি—"রামানন্দ রায় আছে গোদাবরী-তীরে। অধিকারী হয়েন তেঁহো বিদ্যানগরে।। পৃথিবীতে রসিক ভক্ত নাহি তাঁর সমা।। পাণ্ডিত্য আর ভক্তিরস,—দুঁহের তেঁহো সীমা।।" শ্রীরামরায়ের সহিত প্রভুর মিলন ও রায়ের মুখে সাধ্য-সাধন-তত্ত্ব কীর্ত্তন করাইয়া শ্রবণ, প্রভুর রসরাজ-মহাভাব-রূপ প্রদর্শন, প্রভুর উক্তি,—"আমি এক বাতুল, তুমি দ্বিতীয় বাতুল।

** পূর্ব্বে যিনি ব্রজে রত্নাবলী-নামা প্রাণসখী ছিলেন, তিনিই অধুনা গোপীনাথাচার্য্য-নামে বিখ্যাত হইয়াছেন। তন্ত্রবাদিগণ যাঁহাকে তন্ত্রে নবব্যূহ-মধ্যে গণনা করেন, সেই জগৎপতি ব্রহ্মা গোপীনাথাচার্য্য বলিয়া জানিতে হইবে।*

** শ্রীকৃষ্ণের প্রিয়নর্ম্মসখা শ্রীঅর্জ্জুন এবং পাণ্ডব-অর্জ্জুন মিলিত হইয়া গৌরপ্রিয় শ্রীরামানন্দ রায় হইয়াছেন। অতএব কৃতী রামানন্দ প্রতিদিনই গৌরচন্দ্রের নিকট রাধাকৃষ্ণতত্ত্ব, ভক্তিতত্ত্ব, প্রেমতত্ত্ব প্রভৃতি বর্ণনা করিতেন। কেহ তাঁহাকে শ্রীললিতা বলিয়া থাকেন, কিন্তু তাহা আবার কেহ বলেন না, যেহেতু শ্রীগৌরসুন্দর ভবানন্দ-প্রতি বলিয়াছিলেন,—'তুমি কুন্তীপতি রাজা পাণ্ডু'। বিজ্ঞগণ বলেন,—অর্জ্জুনীয়-নাম্নী গোপী ও পাণ্ডুপুত্র অর্জ্জুন একীভূত হইয়া শ্রীরায়রামানন্দ হইয়াছেন। পাদ্মোত্তর-খণ্ডে ইহা ব্যক্ত আছে যে, অর্জ্জুনীয়া অর্জ্জুন হইয়াছিলেন। অতএব শ্রীললিতাদেবী (অথবা প্রিয়নর্ম্মসখা অর্জ্জুন?), শ্রীমতী অর্জ্জুনীয়া এবং পাণ্ডব-অর্জ্জুন—এই তিনজনের মিলিত-রূপ শ্রীরায়-রামানন্দ।*

(৯) রাজা প্রতাপরুদ্র, (১০) কৃষ্ণানন্দ, (১১) পরমানন্দ মহাপাত্র, (১২) শিবানন্দ ঃ—

প্রতাপরুদ্র রাজা, আর ওড্র কৃষ্ণানন্দ ।
পরমানন্দ মহাপাত্র, ওড্র শিবানন্দ ॥ ১৩৫ ॥

অনুভাষ্য

অতএব তোমায় আমায় হই সমতুল।।" রামরায়কে রাজকার্য্য ত্যাগ করিয়া শ্রীক্ষেত্রে যাইবার জন্য আজ্ঞা (মধ্য, ৮ম পঃ) ; প্রভুর দাক্ষিণাত্যে প্রচারান্তে রামরায় সহ পুনর্ম্মিলন ও প্রভুকে নীলাচলে প্রেরণ করিয়া (মধ্য, ৯ পঃ ৩১৯-৩৩৫) পরে নীলাচলে প্রভুসহ মিলন (মধ্য, ১১শ পঃ ১৫) ; রাজা প্রতাপরুদ্রকে প্রভুর কৃপা পাওয়াইবার জন্য রায়ের যত্ন (মধ্য, ১২ পঃ ৪১-৫৭), রথযাত্রা-দিবসে কীর্ত্তনান্তে সার্ব্বভৌম সহ জলকেলি (মধ্য, ১৪ পঃ ৮২) ; প্রভুকে বৃন্দাবনে যাইতে দিতে অনিচ্ছা (ঐ ১৬ পঃ, ১০, ৮৫), অবশেষে প্রভুর অনুরোধে বাধ্য হইয়া অনুমোদন ও কটকে রাজার সহিত প্রভুর মিলন (ঐ ১০৫) ; রেমুণা হইতে রায়কে প্রভুর বিদায়-দান (ঐ ১৫৩) ; বৃন্দাবনে না গিয়া প্রভুর গৌড়দেশ হইয়া নীলাচলে রায়ের সহিত মিলন (ঐ ২৫৪) ; শ্রীরূপের সহিত রসালোচনা ও রূপের কবিত্ব প্রশংসা—অন্ত্য, ১ম পঃ ১১৫-১৯৬ ; রামরায়ের ও সনাতনের বৈরাগ্য সাম্য (ঐ ২০১) ; শ্রীরাধাকৃষ্ণ-প্রেমরসপাত্র—সাড়ে তিনজনের অন্যতম (অন্ত্য, ২য় ১০৬) ; সনাতনের সহিত মিলন (অন্ত্য, ৪র্থ ১১০) ; প্রভুর প্রেরিত প্রদ্যুম্নমিশ্রকে কৃষ্ণকথা কীর্ত্তন ; প্রভুকর্ত্তৃক রায়ের প্রশংসা (অন্ত্য ৫ম ৪-৮৫) ; "সুবল যৈছে পূর্ব্বে কৃষ্ণসুখের সহায়। গৌরসুখ-দানহেতু তৈছে রাম রায়।।" (অন্ত্য, ৬ পঃ ৯) ; "কহনে না যায় রায়রামানন্দের প্রভাব। রায়-প্রসাদে জানিলাম ব্রজের শুদ্ধভাব।।" (৭ পঃ ৩৬) ; "রামানন্দরায়—কৃষ্ণরসের নিদান। তেঁহ জানাইল, কৃষ্ণ স্বয়ং ভগবান্।।" (ঐ ২৩) ; শেষলীলায় রামরায় ও স্বরূপের নিকট কৃষ্ণবিরহ-বিলাপ-রসগীতাস্বাদন (অন্ত্য, ১৪-২০ পঃ)। ইনি 'শ্রীজগন্নাথ-বল্লভ' নাটক রচনা করিয়াছিলেন।

১৩৫। প্রতাপরুদ্র—গঙ্গাবংশীয় (গজপতি) উৎকল সম্রাট্। কটকে ইঁহার রাজধানী ছিল। ইনি মহাপ্রভুর গুণাবলী শ্রবণ করিয়া দীনবেশে অনেক সেবা ও উৎকণ্ঠার পর রামরায় ও সার্ব্বভৌমের সাহায্যে তাঁহার কৃপা লাভ করেন। গৌঃ গঃ ১১৮ শ্লোক—"ইন্দ্রদ্যুম্নো মহারাজো জগন্নাথার্চ্চকঃ পুরা। জাতঃ প্রতাপরুদ্রঃ সন্ সম ইন্দ্রেণ সোঽধুনা।।" তাঁহার ইচ্ছাক্রমে কর্ণপূরের 'চৈতন্যচন্দ্রোদয়' নাটক লিখিত হয়।

পরমানন্দ মহাপাত্র—চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"উৎকলে জন্মিয়াছিল যত অনুচর। সবে চিনিলেন নিজ প্রাণের ঈশ্বর।। শ্রীপরমানন্দ মহাপাত্র মহাশয়। যাঁর তনু শ্রীচৈতন্য,—ভক্তি-রসময়।।"

(১৩) ভগবান্ আচার্য্য, (১৪) ব্রহ্মানন্দ ভারতী, (১৫) শিখি ও (১৬) মুরারি মাহিতি ঃ—

ভগবান্ আচার্য্য, ব্রহ্মানন্দাখ্য ভারতী ।
শ্রীশিখি মাহিতি, আর মুরারি মাহিতি ॥ ১৩৬ ॥

অনুভাষ্য

১৩৬। ভগবান্ আচার্য্য—হালিসহরবাসী, পুত্রের নাম—রঘুনাথ (ভক্তিরত্নাকর)। ইনি খঞ্জ ছিলেন। মধ্য ১০ পঃ ১৮৪—"**ভগবান্ আচার্য্য। প্রভুপদে রহিলা দুঁহে ছাড়ি' সর্ব্ব কার্য্য।।" অন্ত্য, ২য় পঃ—"পুরুষোত্তমে প্রভুপাশে ভগবান্ আচার্য্য। পরম পণ্ডিত তেঁহো সুপণ্ডিত আর্য্য।। সখ্যভাবাক্রান্ত-চিত্ত গোপ-অবতার। স্বরূপ গোসাঞিসহ সখ্য-ব্যবহার।। একান্তভাবে আশ্রি-য়াছে চৈতন্য-চরণ। মধ্যে মধ্যে প্রভুর তেঁহো করে নিমন্ত্রণ।।" ইঁহারই গৃহে প্রভুর ভিক্ষাকালে ছোটহরিদাস মাধবীদেবীর নিকট হইতে সূক্ষ্ম তণ্ডুল ভিক্ষা-উপলক্ষে প্রকৃতি সম্ভাষণ করায় মহাপ্রভু তাঁহাকে বর্জ্জন করেন (অন্ত্য, ২য় ১০১-১৬৬ সংখ্যা দ্রষ্টব্য)। ইনি অত্যন্ত উদার ও সরল ছিলেন, ইঁহার পিতা শতানন্দ খাঁ যেমন ভয়ানক বিষয়ী ছিলেন, ইঁহার অনুজ গোপাল ভট্টাচার্য্য তদ্রূপ মায়াবাদী ছিলেন। তিনি কাশীতে মায়াবাদ ভাষ্য অধ্যয়ন করিয়া পুরীতে জ্যেষ্ঠের নিকট গমন করিলে, ইঁনি স্নেহবশতঃ তাহার নিকট মায়াবাদ শুনিতে চাহিলেও উহা ভক্তিবিরোধী বলিয়া শ্রীস্বরূপকর্ত্তৃক নিবারিত হন (অন্ত্য ২য় পঃ ৮৯-১০০)। একদিন ইঁহার পূর্ব্বপরিচিত এক বঙ্গদেশীয় 'যদ্বা তদ্বা' কবি একটী ভক্তিসিদ্ধান্ত-বিরোধী নাটক রচনা করিয়া আনিয়া ইঁহার বাসায় অবস্থান করিয়া প্রভুকে উহা শুনাইতে ইচ্ছা করিলেন। শ্রীস্বরূপের সন্দেহ সত্ত্বেও তাঁহাকে ঐ নাটক শুনিবার জন্য ইনি অত্যন্ত অনুরোধ করায় তৎকর্ত্তৃক নান্দীশ্লোক পঠিত হইতেই শ্রীস্বরূপ তাঁহার নাটকে প্রচুর ভক্তিসিদ্ধান্ত-বিরোধ প্রদর্শন করিলেন। অবশেষে কবি ভক্তগণের চরণে শরণ গ্রহণ করেন (অন্ত্য, ৫ম পঃ ৯১-১৬৬)। চৈঃ ভাঃ অন্ত্য ৩য় অঃ দ্রষ্টব্য। গৌরগণোদ্দেশে ৭৪ শ্লোক—"আচার্য্যো ভগবান্ খঞ্জঃ কলা গৌরস্য কথ্যতে।"

শিখি মাহিতি—গৌঃ গঃ ১৮৯ শ্লোক—"রাগলেখা কলা-কেল্যৌ রাধাদাস্যৌ পুরা স্থিতে। তে জ্ঞেয়ে শিখিমাহাতী তৎস্বসা মাধবী ক্রমাৎ।।"* ইনি ও ইঁহার ভগিনী উভয়েই প্রভুর উৎকল-বাসী অন্তরঙ্গ অধিকারী ভক্ত ; যথা—চৈতন্যচরিত-মহাকাব্যে

** পূর্ব্বে রাগলেখা ও কলাকেলী-নাম্নী যে দুই শ্রীরাধাদাসী ছিলেন, তাঁহারাই অধুনা যথাক্রমে শিখি মাহিতি এবং তৎভগ্নী মাধবী বলিয়া জানিতে হইবে।*

(১৭) মাধবীদেবী ঃ—

মাধবীদেবী—শিখি মাহিতির ভগিনী ।
শ্রীরাধার দাসীমধ্যে যাঁর নাম গণি ॥ ১৩৭ ॥

(১৮) কাশীশ্বর, (১৯) গোবিন্দ ঃ—

ঈশ্বরপুরীর শিষ্য—ব্রহ্মচারী কাশীশ্বর ।
শ্রীগোবিন্দ-নাম তাঁর প্রিয় অনুচর ॥ ১৩৮ ॥

তাঁর সিদ্ধিকালে দোঁহে তাঁর আজ্ঞা পাঞা ।
নীলাচলে প্রভুস্থানে মিলিল আসিয়া ॥ ১৩৯ ॥

গোবিন্দ ও কাশীশ্বরের গৌর-সেবা ঃ—

গুরুর সম্বন্ধে মান্য কৈল দুঁহাকারে ।
তাঁর আজ্ঞা মানি' সেবা দিলেন দোঁহারে ॥ ১৪০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৮। গোবিন্দ ও কাশীশ্বর—ঈশ্বরপুরীর শিষ্য। ঈশ্বরপুরীর সিদ্ধিপ্রাপ্তি-কালে তাঁহার আজ্ঞামতে নীলাচলে মহাপ্রভুর নিকট আসেন।

অনুভাষ্য

১৩ সর্গ ৮৯-১০৯—পুরুষোত্তমক্ষেত্রে শিখি মাহিতি (মহান্তি) নামক এক বিমল চিত্ত করুণহৃদয় মহাত্মা বাস করেন। তিনি নীলাচলতিলক শ্রীজগন্নাথের দাসস্বরূপ। 'মুরারি মাহিতি' নামক ইহার কনিষ্ঠ ভ্রাতা, এবং তাঁহার কনিষ্ঠা ভগিনী শুদ্ধবুদ্ধিমতী মাধবীদেবী। প্রিয় কনিষ্ঠ ভ্রাতা ও কনিষ্ঠা ভগিনী, উভয়েই গৌরসুন্দরের প্রতি অনুরক্ত ছিলেন। তাঁহাদের সহজাত নিশ্চলা শুভবুদ্ধি কখনই শ্রীগৌরসুন্দরের বিস্মৃতি পোষণ করে নাই। সম্প্রতি বৃন্দাবনচন্দ্র কৃষ্ণ গৌরচন্দ্ররূপে এই ধরণীতলে উদিত হইয়া এই ভ্রাতাভগিনীর শুভ গৌরস্নেহরাশি নিয়ত বিধান করিতেছেন। নীলাচলেন্দ্র জগন্নাথের প্রেমভৃত্য নিজ-অগ্রজ শিখি মাহিতিকে শ্রীগৌরসুন্দরের ভজন করাইবার নিমিত্ত ইঁহাদের নিরতিশয় যত্ন দেখা গিয়াছিল, কিন্তু শিখি মাহিতি কিছুতেই গৌরভজনে রত হইলেন না।

অপর একদিবস অনুজগণের উপদেশক্রমে ও নিয়ত বহু মানসিক আলোচনা করিতে করিতে নিদ্রিত হইলে তিনি রজনী-শেষে চকিত হইয়া 'গৌরপাদপদ্মদর্শনকারী অনুজগণ তাঁহাকে জাগরিত করিতেছে' এইরূপ একটী স্বপ্ন দর্শন করিলেন। এই আশ্চর্য্য স্বপ্নদর্শনে পুলকপ্রযুক্ত ও হর্ষহেতু দ্বিগুণ চকিত হইয়া ক্রমশঃ অশ্রুপূর্ণ নয়নদ্বয় উন্মীলনপূর্ব্বক অনুজদ্বয়কে দেখিলেন। জাগ্রত হইয়াই সমীপাগত ঐ মহৎ অনুজদ্বয়কে দেখিতে পাইয়া অতি হৃষ্টান্তঃকরণে তাঁহাদিগকে আলিঙ্গন করিলেন। ইহাতে তাঁহারা সকলেই বিস্মিত হইলেন। শিখি মাহিতি তাঁহাদিগকে কহিতে লাগিলেন,—"ভাই, আমি যে স্বপ্ন দেখিয়াছি, তোমরা তাহা শ্রবণ কর, উহা অতি বিচিত্র। শ্রীশচীসুতের মহিমা যে অপ্রমেয়, অদ্যই কেবল আমার তাহাতে প্রত্যয় হইল। দেখিলাম, গৌরসুন্দর নীলাচলেন্দ্রকে দর্শনপূর্ব্বক তাঁহাতে ক্ষণে ক্ষণে প্রবেশ ও পুনঃ পুনঃ বহির্গত হইয়া আবার তাঁহাকে দেখিতেছেন—এইরূপ লীলা বিস্তার করিতেছেন। কি আশ্চর্য্য! আমি এখনও পরমেশ্বর গৌরসুন্দরকে তদবস্থই দেখিতেছি, আমার লোচন কি ভ্রান্ত হইতেছে? হায়! সেই অসীম কৃপাসিন্ধু গৌরসুন্দর আমাকে জগন্নাথদেবের সমীপগত দেখিয়া আমার নাম গ্রহণপূর্ব্বক, দীর্ঘ উন্নত ললিত বাহুদ্বারা আমাকে যেন আলিঙ্গন করিলেন। এইরূপে উৎপুলকিতাঙ্গ হইয়া শিখি অশ্রুপূর্ণলোচনে প্রেমগদ্গদ বাক্যে ঐ সকল কথা বলিতে বলিতে তথা হইতে বহির্গত হইলেন। মুরারি ও মাধবী জ্যেষ্ঠের এই কথা শুনিয়া তাঁহাকে প্রভুর দর্শন-নিমিত্ত জগন্নাথদর্শনে যাইতে কহিলেন। তখন তিনজনেই সম্মত হইয়া নীলাচল-পতির দর্শনজন্য গমন করিলেন। মুরারি ও মাধবী প্রভুকে জগমোহনে দর্শন করিয়া আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন, কিন্তু অগ্রজ শিখিমাহিতি প্রভুকে স্বপ্নে যেমন দেখিয়াছিলেন, চতুর্দ্দিকে গৌরসুন্দরকে ঠিক তদ্রূপভাব-বিশিষ্ট দর্শন করায় তাঁহার হৃদয় প্রেমে উৎফুল্ল হইল। মহাবদান্য মহাপ্রভুও তাঁহাকে 'তুমি মুরারির অগ্রজ' এই বলিয়া বাহুযুগলদ্বারা আলিঙ্গন করিলেন ; শিখি মাহিতিও গৌরসেবাময় বুদ্ধিযুক্ত হইয়া অতিশয় সুখ লাভ করিলেন। তদবধি শিখি মাহিতি গৌরপাদ-পদ্মগন্ধে সমস্ত ভুলিয়া গিয়া অভীষ্টদেব শ্রীগৌরের সেবা করিতে লাগিলেন।

মুরারি মাহিতি—মধ্য, ১০ম পঃ ৪৪—"মুরারি মাহিতি ইহঁ শিখি-মাহিতির ভাই। তোমার চরণ বিনা অন্য গতি নাই।।"

১৩৭। মাধবী দেবী—(অন্ত্য, ২য় পঃ ১০৪-১০৬)—"প্রভু লেখা করে যাঁরে রাধিকার গণ। জগতের মধ্যে পাত্র—সাড়ে তিনজন।। স্বরূপ গোসাঞি, আর রায় রামানন্দ। শিখি মাহিতি—তিন, তাঁর ভগিনী—অর্দ্ধজন।।"

১৩৮। গোবিন্দ—মহাপ্রভু নিজ-সেবক। গৌঃ গঃ ১৩৭—"পুরা বৃন্দাবনে চেটৌ স্থিতৌ ভৃঙ্গার-ভঙ্গুরৌ। শ্রীকাশীশ্বর-গোবিন্দৌ তৌ জাতৌ প্রভু-সেবকৌ।।"* প্রভুর সহিত ঈশ্বর-পুরী-শিষ্য গোবিন্দের মিলন—(মধ্য, ১০ম পঃ ১৩১-১৪৮)। 'গোবিন্দাদ্যের শুদ্ধদাস্যরসে' প্রভু বশীভূত—(মধ্য, ২য় পঃ ৭৮)। প্রভুর সেবার জন্য প্রভুর দেহ অতিক্রম করিয়া গমনেও

** যাঁহারা পূর্ব্বে বৃন্দাবনে ভৃঙ্গার ও ভঙ্গুর-নামক যে দুই 'চেট' ছিলেন, তাঁহারাই শ্রীগৌরসেবক কাশীশ্বর ও গোবিন্দ।*

অঙ্গসেবা গোবিন্দেরে দিলেন ঈশ্বর ।
জগন্নাথ দেখিতে আগে চলে কাশীশ্বর ॥ ১৪১ ॥
অপরশ যায় গোসাঞি মনুষ্য-গহনে ।
মনুষ্য ঠেলি' পথ করে কাশী বলবানে ॥ ১৪২ ॥

(২০) রামাই, (২১) নন্দাই ঃ—

রামাই-নন্দাই—দোঁহে প্রভুর কিঙ্কর ।
গোবিন্দের সঙ্গে সেবা করে নিরন্তর ॥ ১৪৩ ॥
বাইশ ঘড়া জল দিনে ভরেন রামাই ।
গোবিন্দের আজ্ঞায় সেবা করেন নন্দাই ॥ ১৪৪ ॥

(২২) কালাকৃষ্ণদাস বিপ্র ঃ—

কৃষ্ণদাস-নাম শুদ্ধ কুলীন ব্রাহ্মণ ।
যারে সঙ্গে লৈয়া কৈল দক্ষিণ গমন ॥ ১৪৫ ॥

(২৩) বলভদ্র ভট্ট ঃ—

বলভদ্র ভট্টাচার্য্য—ভক্তি-অধিকারী ।
মথুরা-গমনে প্রভুর যেঁহো ব্রহ্মচারী ॥ ১৪৬ ॥

(২৪) বড় হরিদাস, (২৫) ছোট হরিদাস ঃ—

বড় হরিদাস, আর ছোট হরিদাস ।
দুই কীর্ত্তনীয়া রহে মহাপ্রভুর পাশ ॥ ১৪৭ ॥

(২৬) রামভদ্র, (২৭) সিংহেশ্বর, (২৮) তপনাচার্য্য, (২৯) রঘুনাথ, (৩০) নীলাম্বর ঃ—

রামভদ্রাচার্য্য, আর ওড্র সিংহেশ্বর ।
তপন আচার্য্য, আর রঘু, নীলাম্বর ॥ ১৪৮ ॥

(৩১) সিঙ্গাভট্ট, (৩২) কামাভট্ট, (৩৩) শিবানন্দ, (৩৪) কমলানন্দ ঃ—

সিঙ্গাভট্ট, কামাভট্ট, দন্তুর শিবানন্দ ।
গৌড়ে পূর্ব্বে ভৃত্য প্রভুর প্রিয় কমলানন্দ ॥ ১৪৯ ॥

(৩৫) অচ্যুতানন্দ ঃ—

অচ্যুতানন্দ—অদ্বৈত-আচার্য্য তনয় ।
নীলাচলে রহে প্রভুর চরণ আশ্রয় ॥ ১৫০ ॥

(৩৬) গঙ্গাদাস, (৩৭) বিষ্ণুদাস ঃ—

নির্লোম গঙ্গাদাস, আর বিষ্ণুদাস ।
এই সবের প্রভুসঙ্গে নীলাচলে বাস ॥ ১৫১ ॥

কাশীপ্রবাসী—(১) চন্দ্রশেখর, (২) তপনমিশ্র, (৩) শ্রীরঘুনাথ ভট্ট ঃ—

বারাণসী-মধ্যে প্রভুর ভক্ত তিনজন ।
চন্দ্রশেখর বৈদ্য, আর মিশ্র তপন ॥ ১৫২ ॥
রঘুনাথ ভট্টাচার্য্য—মিশ্রের নন্দন ।
প্রভু যবে কাশী আইলা দেখি' বৃন্দাবন ॥ ১৫৩ ॥

শ্রীভট্ট রঘুনাথের বিবরণ ঃ—

চন্দ্রশেখর-গৃহে কৈল দুইমাস বাস ।
তপন-মিশ্রের ঘরে ভিক্ষা দুই মাস ॥ ১৫৪ ॥
রঘুনাথ বাল্যে কৈল প্রভুর সেবন ।
উচ্ছিষ্ট-মার্জ্জন আর পাদ-সম্বাহন ॥ ১৫৫ ॥
বড় হৈলে নীলাচলে গেলা প্রভুর স্থানে ।
অষ্টমাস রহিল ভিক্ষা দেন কোন দিনে ॥ ১৫৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪২। অপরশ—বিনা স্পর্শ করিয়া।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে দশম পরিচ্ছেদ ।

অনুভাষ্য

গোবিন্দের দ্বিধা ছিল না, কিন্তু নিজের জন্য তৎকার্য্যে অপরাধ-ভয়—"গোবিন্দ কহে, আমার সেবা সে নিয়ম। অপরাধ হউক্ কিংবা নরকে গমন।।"—মধ্য ১০ম পঃ ৮২-১০০ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৩। রামাই ও নন্দাই—গৌঃ গঃ ১৩৯—"পয়োদ-বারিদৌ প্রাগ্ যৌ নীরসংস্কারকারিণৌ। তাবদ্য ভৃত্যৌ রামায়ির্নন্দায়িশ্চেতি বিশ্রুতৌ।।"* ইঁহারা গোবিন্দের আনুগত্যে প্রভুর সেবা করিতেন।

১৪৫। কৃষ্ণদাস—মধ্য, ৭ম ও ৯ম পরিচ্ছেদে ইঁহার প্রসঙ্গ বর্ণিত আছে। জলপাত্র বহিবার উদ্দেশে এই সরল বিপ্র প্রভুর সহিত দক্ষিণে যান। মালাবার দেশে ভট্টথারিগণ ইঁহাকে স্ত্রীরূপে মোহিত করিয়া আবদ্ধ করিবার চেষ্টা করে দেখিয়া গৌরহরি তাঁহাকে উদ্ধার করিয়া নীলাচলে প্রত্যাগত হইয়া বিদায় দেন।

১৪৬। বলভদ্র ভট্টাচার্য্য—ব্রজের মধুরেক্ষণা। সন্ন্যাসিগণের পাকাদি ব্যবহারিক কর্ম্মকাণ্ড নিষিদ্ধ। তাঁহারা গৃহস্থের নিকট ঐ গুলি গ্রহণ ও স্বীকার করেন। সন্ন্যাসিগণ—গুরু, ব্রহ্মচারিগণ—শিষ্য। বলভদ্র মহাপ্রভুর নিকট বৃন্দাবনগমনকালীয় ব্রহ্মচারীর কার্য্য করিয়াছিলেন।

১৪৭। ছোট হরিদাস—ইঁহার প্রসঙ্গ অন্ত্য, ২য় পঃ দ্রষ্টব্য।

১৫০। অচ্যুতানন্দ—আদি, ১২ পঃ ১৩ সংখ্যা দ্রষ্টব্য।

১৫২। তপনমিশ্র—মহাপ্রভু যেকালে বঙ্গদেশে গিয়াছিলেন, তৎকালে ইনি সাধন ও সাধ্যতত্ত্ব জিজ্ঞাসা করিয়া প্রভুর নিকট হইতে হরিনাম লাভ করেন ; পরে প্রভুর আজ্ঞায় কাশীতে বাস করেন। কাশীবাসকালে প্রভু ইঁহারই গৃহে ভিক্ষা স্বীকার করিতেন।

* *পূর্ব্বে যাঁহারা জলসংস্কারকারী পয়োদ ও বারিদ ছিলেন, সেই দুই ভৃত্য রামাই ও নন্দাই নামে বিখ্যাত হইয়াছেন।*

প্রভুর আজ্ঞা পাঞা বৃন্দাবনেরে আইলা ।
আসিয়া শ্রীরূপ-গোসাঞির নিকটে রহিলা ॥ ১৫৭ ॥
তাঁর স্থানে রূপ-গোসাঞি শুনেন ভাগবত ।
প্রভুর কৃপায় তেঁহো কৃষ্ণপ্রেমে মত্ত ॥ ১৫৮ ॥

শাখা-প্রশাখা-ক্রমে অসংখ্য গৌরভক্তদ্বারা ত্রিভুবনোদ্ধার ঃ—

এইমত সংখ্যাতীত চৈতন্য-ভক্তগণ ।
দিঙ্মাত্র লিখি, সম্যক্ না যায় কথন ॥ ১৫৯ ॥
একৈক-শাখাতে লাগে কোটি কোটি ডাল ।
তার শিষ্য-উপশিষ্য, তার উপডাল ॥ ১৬০ ॥

সকল ভরিয়া আছে প্রেম-ফুল-ফলে ।
ভাসাইল ত্রিজগৎ কৃষ্ণপ্রেম-জলে ॥ ১৬১ ॥
এক এক শাখার শক্তি অনন্ত মহিমা ।
'সহস্র বদনে' যার দিতে নারে সীমা ॥ ১৬২ ॥
সংক্ষেপে কহিল মহাপ্রভুর ভক্তগণ ।
সমগ্র বলিতে নারে 'সহস্র-বদন' ॥ ১৬৩ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১৬৪ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং মূলস্কন্ধ-শাখাবর্ণনং নাম দশম-পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

১৫৩-১৫৮। রঘুনাথ ভট্টাচার্য্য—ছয় গোস্বামীর অন্যতম এবং তপন মিশ্রের পুত্র। আনুমানিক ১৪২৫ শকে তাঁহার জন্ম। ভাগবত-শাস্ত্রে ইঁহার সবিশেষ কৃতিত্ব। অন্ত্য, ১৩ পঃ "রঘুনাথ ভট্ট পাকে অতি সুনিপুণ। যেই রান্ধে সেই হয় অমৃত-সমান।। পরম সন্তোষে প্রভু করেন ভোজন। প্রভুর অবশিষ্ট পাত্র ভট্টের ভক্ষণ।। অষ্টমাস রহি' প্রভু ভট্টে বিদায় দিল। 'বিবাহ না করিহ' বলি' নিষেধ করিল।। 'বৃদ্ধ মাতাপিতা যাই' করহ সেবন। বৈষ্ণব-পাশ ভাগবত কর অধ্যয়ন।। পুনরপি একবার আসিহ নীলাচলে।' এত বলি' কণ্ঠমালা দিল তাঁর গলে।।" "চারি বৎসর ঘরে পিতা-মাতার সেবা কৈল। বৈষ্ণব-পণ্ডিত-ঠাঁই ভাগবত পড়িল।। পিতা-মাতায় কাশী পাইলে উদাসীন হঞা। পুনঃ প্রভুর ঠাঁই আইলা গৃহাদি ছাড়িয়া।।" "আমার আজ্ঞায়, রঘুনাথ, যাহ বৃন্দাবনে। তাঁহা যাঞা রহ রূপ-সনাতন-স্থানে।। ভাগবত পড়, সদা লহ কৃষ্ণনাম। অচিরে করিবেন কৃপা কৃষ্ণ ভগবান্।। এত বলি' প্রভু তাঁরে আলিঙ্গন কৈলা। প্রভুর কৃপাতে কৃষ্ণপ্রেমমত্ত হৈলা।। চৌদ্দহাত জগন্নাথের তুলসীর মালা। সেই মালা, ছুটাপান প্রভু তাঁরে দিলা।।" "রূপ-গোসাঞির সভায় করে ভাগবত পঠন। ভাগবত পড়িতে আউলায় তাঁর মন।। পিকস্বর কণ্ঠ, তাতে রাগের বিভাগ। এক শ্লোক পড়িতে ফিরায় চারি রাগ।। নিজ-শিষ্যে কহি' গোবিন্দের মন্দির করাইল। বংশী-মকর-কুণ্ডলাদি ভূষণ করি' দিল।। গ্রাম্যবার্ত্তা না শুনে, না কহে জিহ্বায়। কৃষ্ণকথা-পূজাদিতে অষ্টপ্রহর যায়।। বৈষ্ণবের নিন্দ্যকর্ম্ম নাহি পাড়ে কাণে। সবে কৃষ্ণভজন করে,—এইমাত্র জানে।।" গৌঃ গঃ ১৮৫ শ্লোক—রঘুনাথাখ্যকো ভট্টঃ পুরা যা রাগমঞ্জরী। কৃত-শ্রীরাধিকাকুণ্ড-কুটীরবসতিঃ স তু।।"

ইতি অনুভাষ্যে দশম পরিচ্ছেদ।

একাদশ পরিচ্ছেদ

কথাসার—একাদশপরিচ্ছেদে প্রভু-নিত্যানন্দের গণসকল বর্ণিত হইয়াছে। (অঃ প্রঃ ভাঃ)

নিত্যানন্দ-গণসমূহের নমস্কার ঃ—

নিত্যানন্দ-পদাম্ভোজ-ভৃঙ্গান্ প্রেমমধূন্মদান্ ।
নত্বাখিলান্ তেষু মুখ্যা লিখ্যন্তে কতিচিন্ময়া ॥ ১ ॥

জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য ।
তাঁহার চরণাশ্রিত যেই, সেই ধন্য ॥ ২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। প্রেমরূপ মধুপানোন্মত্ত নিত্যানন্দপাদপদ্মের ভৃঙ্গ-সকলকে নমস্কার করিয়া তন্মধ্যে কয়েকটী মুখ্যভক্তের নামোল্লেখ করিতেছি।

অনুভাষ্য

১। প্রেমমধূন্মদান্ (প্রেম এব মধু তেন উন্মদান্) অখিলান্ (সর্ব্বান্) নিত্যানন্দপদাম্ভোজভৃঙ্গান্ (প্রভুপাদপদ্মভ্রমরান্) নত্বা (প্রণম্য) তেষু (ভক্তেষু) কতিচিৎ মুখ্যাঃ [ভক্তাঃ] ময়া লিখ্যন্তে।

জয় জয় শ্রীঅদ্বৈত, জয় নিত্যানন্দ ।
জয় জয় মহাপ্রভুর সর্ব্বভক্তবৃন্দ ॥ ৩ ॥

নিত্যানন্দ-স্কন্ধের শাখা-বর্ণন ঃ—

তস্য শ্রীকৃষ্ণচৈতন্য-সৎপ্রেমামরশাখিনঃ ।
ঊর্দ্ধস্কন্ধাবধূতেন্দোঃ শাখারূপান্ গণান্নুমঃ ॥ ৪ ॥

মহাপ্রভুর অভিপ্রায়-মতে নিত্যানন্দ-শাখার বৃদ্ধি ও প্রাধান্য ঃ—

শ্রীনিত্যানন্দ-বৃক্ষের স্কন্ধ-গুরুতর ।
তাহাতে জন্মিল শাখা-প্রশাখা বিস্তর ॥ ৫ ॥
মালাকারের ইচ্ছা-জলে বাড়ে শাখাগণ ।
প্রেম-ফুল-ফলে ভরি' ছাইল ভুবন ॥ ৬ ॥
অসংখ্য অনন্ত গণ কে করু গণন ।
আপনা শোধিতে কহি মুখ্য মুখ্য জন ॥ ৭ ॥

(১) শ্রীবীরচন্দ্র গোসাঞি-শাখা ঃ—

শ্রীবীরভদ্র গোসাঞি—স্কন্ধ-মহাশাখা ।
তাঁর উপশাখা যত, অসংখ্য তার লেখা ॥ ৮ ॥

তাঁহার মাহাত্ম্য—স্বয়ং বিষ্ণু হইয়াও বৈষ্ণব-চেষ্টা ঃ—

ঈশ্বর হইয়া কহায় মহাভাগবত ।
বেদধর্ম্মাতীত হঞা বেদধর্ম্মে রত ॥ ৯ ॥
অন্তরে ঈশ্বর-চেষ্টা, বাহিরে নির্দ্দম্ভ ।
চৈতন্যভক্তি-মণ্ডপে তেঁহো মূলস্তম্ভ ॥ ১০ ॥
অদ্যাপি যাঁহার কৃপা-মহিমা হইতে ।
চৈতন্য-নিত্যানন্দ গায় সকল জগতে ॥ ১১ ॥
সেই বীরভদ্র-গোসাঞির চরণ-শরণ ।
যাঁহার প্রসাদে হয় অভীষ্ট-পূরণ ॥ ১২ ॥

(২) ঠাকুর অভিরাম (গোপাল-১), (৩) দাস গদাধর ঃ—

শ্রীরামদাস আর, গদাধর দাস ।
চৈতন্য-গোসাঞির ভক্ত রহে তাঁর পাশ ॥ ১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪। শ্রীকৃষ্ণচৈতন্যরূপ প্রেমকল্পতরুর ঊর্দ্ধস্কন্ধরূপ শ্রীঅবধূত নিত্যানন্দচন্দ্রের শাখারূপ গণসকলকে নমস্কার করি।

৬। মালাকারের—শ্রীমহাপ্রভুর।

৯। বীরচন্দ্রপ্রভু—শ্রীসঙ্কর্ষণের যে পয়োব্ধিশায়ী ব্যূহ, তৎ-স্বরূপ সাক্ষাৎ ঈশ্বর হইয়াও আপনাকে বৈষ্ণবাভিমান করিতেন।

১৩। রামদাস—অভিরাম দাস।

অনুভাষ্য

৪। শ্রীকৃষ্ণচৈতন্যসৎপ্রেমামরশাখিনঃ (শ্রীকৃষ্ণচৈতন্য এব সতঃ নিত্যস্থিতস্য প্রেমামরবৃক্ষস্য গৌরনামধেয়স্য অবিনাশিন-স্তরোঃ তস্য) ঊর্দ্ধস্কন্ধাবধূতেন্দোঃ (ঊর্দ্ধস্কন্ধরূপঃ নিত্যানন্দপ্রভুঃ এব ইন্দুঃ চন্দ্রঃ তস্য) শাখারূপান্ গণান্ (শাখারূপগণান্) নুমঃ (নমস্কুর্ম্মঃ)।

৮। শ্রীবীরভদ্র গোসাঞি—ইনি শ্রীনিত্যানন্দপ্রভুর পুত্র ও জাহ্নবা-মাতার শিষ্য এবং বসুধার গর্ভজাত। (গৌঃ গঃ ৬৭ শ্লোক)—"সঙ্কর্ষণস্য যো ব্যূহঃ পয়োব্ধিশায়ি-নামকঃ। স এব বীরচন্দ্রোঽভূচ্চৈতন্যাভিন্নবিগ্রহঃ।।"* হুগলীজেলার অন্তর্গত ঝামটপুর-গ্রামনিবাসী ইঁহারই শিষ্য যদুনাথাচার্য্যের ঔরসে বিদ্যুন্মালার (লক্ষ্মীর) গর্ভজাত কন্যা শ্রীমতীকে এবং তাঁহাদের পালিতকন্যা নারায়ণীকে ইনি বিবাহ করেন। ভক্তিরত্নাকর ১৩ তরঙ্গ দ্রষ্টব্য। গোপীজনবল্লভ, রামকৃষ্ণ ও রামচন্দ্র—এই তিনজন শিষ্যই ইঁহার পুত্র বলিয়া প্রসিদ্ধি লাভ করেন। কনিষ্ঠ রামচন্দ্র খড়দহে বাস করেন ; তিনি শাণ্ডিল্য-গোত্রীয় শুদ্ধশ্রোত্রিয় 'বটব্যাল'। জ্যেষ্ঠ গোপীজনবল্লভ বর্দ্ধমান জেলায় মানকরের নিকট 'লতা' গ্রামে এবং মধ্যম রামকৃষ্ণ মালদহের নিকট গয়েশপুরে বাস করেন। যদি ইঁহাদের তিনজনের গোত্র এবং গ্রামের পরিচয় এক থাকে, তাহা হইলে বীরভদ্রের ঔরসজাত-পুত্রত্বে কেহই সন্দেহ করিতে পারে না। রামচন্দ্রের চারিপুত্র ; জ্যেষ্ঠ পুত্র রাধামাধবের তৃতীয় তনয়—যাদবেন্দ্র, তৎসুত—নন্দকিশোর, তৎপুত্র—নিধিকৃষ্ণ, তৎসুত—চৈতন্যচাঁদ, তৎপুত্র—কৃষ্ণমোহন, তৎসুত—জগন্মোহন, তৎপুত্র—ব্রজনাথ এবং তাঁহার পুত্র—পরলোকগত শ্যামলাল গোস্বামী।

১৩। গদাধর দাস—আদি, ১০ পঃ ৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীরামদাস (অভিরাম)—ঠাকুর অভিরাম নিত্যানন্দৈক-প্রাণ দ্বাদশগোপালের অন্যতম ব্রজের 'শ্রীদাম' সখা ; গৌঃ গঃ ১২৬ শ্লোক—"পুরা শ্রীদাম-নামাসীদভিরামোঽধুনা মহান্। দ্বাত্রিংশতা জনৈরেব বাহ্যং কাষ্ঠমুবাহ যঃ।।"* আদি ১০ম পঃ ১১৬-১১৮ সংখ্যা দ্রষ্টব্য।

ভক্তিরত্নাকরে (চতুর্থ তরঙ্গে) শ্রীল অভিরাম ঠাকুরের কথা লিখিত আছে। অভিরাম ঠাকুর পাষণ্ডদলনবানা নিত্যানন্দের

---

* *শ্রীসঙ্কর্ষণের অংশরূপ যে ক্ষীরোদশায়ী বিষ্ণু, তিনিই অধুনা শ্রীচৈতন্যাভিন্ন বিগ্রহ শ্রীবীরচন্দ্র।*

* *পূর্ব্বে যিনি মহাত্মা শ্রীদাম ছিলেন, তিনিই অধুনা অভিরাম হইয়াছেন। তিনি বত্রিশজনের দ্বারা বহনযোগ্য কাষ্ঠ (বংশীরূপে) বহন করিয়াছিলেন।*

অনুভাষ্য

আদেশে আচার্য্য ও ভক্তিধর্ম্মপ্রচারক ছিলেন। "অভিরাম গোস্বামীর প্রতাপ প্রচণ্ড। যাঁরে দেখি' কাঁপে সদা দুর্জ্জয় পাষণ্ড।। নিত্যানন্দ-আবেশে উন্মত্ত নিরন্তর। জগতে বিদিত যাঁর কৃপা মনোহর।।" ইনি প্রণাম করিলে বিষ্ণুশিলা বা বিষ্ণু-অর্চ্চা ব্যতীত অন্যান্য শিলা বা মূর্ত্তি বিদীর্ণ ও চূর্ণ হইয়া যাইত বলিয়া একটী প্রবাদ অদ্যাপি প্রচলিত।

হাওড়া-আমতা-লাইনে চাঁপাডাঙ্গা-ষ্টেশন হইতে প্রায় দশ মাইল দক্ষিণপশ্চিম-কোণে 'হেলানার হাট' অতিক্রম করিয়া খানাকুল-কৃষ্ণনগরে অভিরাম ঠাকুরের শ্রীপাট। বর্ষাকালে পথ জলমগ্ন হয় বলিয়া বি, এন, আর, লাইনে কোলাঘাট হইতে স্টীমারে রাণীচক ; তথা হইতে ৭৷৷০ মাইল উত্তরে খানাকূল। অভিরাম ঠাকুরের শ্রীপাট যে কৃষ্ণনগরে অবস্থিত, তাহা খানা বা দ্বারকেশ্বর নদীর কূলে অবস্থিত বলিয়া উহা 'খানাকূল-কৃষ্ণনগর' নামে অভিহিত হইয়া থাকে।

মন্দিরের বাহিরে দ্বারের নিকট একটী বকুল বৃক্ষ ; এই স্থানটী 'সিদ্ধবকুলকুঞ্জ' নামে অভিহিত। শুনা যায়, এই স্থানে সর্ব্বপ্রথম অভিরাম ঠাকুর আসিয়া উপবেশন করেন।

শ্রীমন্দিরাভ্যন্তরে শ্রীবলদেব, শ্রীমদনমোহন (একক) একখানি সওয়া হাত উচ্চ ও প্রায় একহাত প্রশস্ত কষ্টিপাথরে বস্ত্রহরণলীলা, কদম্ববৃক্ষ, যমুনা ও ধেনুবৎসগণসহ শ্রীগোপীনাথ-বিগ্রহ এক সঙ্গে খোদিত রহিয়াছেন—এইরূপ অর্চ্চা-বিগ্রহ, এতদ্ব্যতীত নৃত্যাবেশে অভিরামঠাকুরের একটী শ্রীমূর্ত্তি (চরণ-যুগল অবিস্তৃত) ও শ্রীব্রজবল্লভ (যুগল)-মূর্ত্তি সিংহাসনে বিরাজ করিতেছেন। ইহা ব্যতীত শ্রীশালগ্রাম ও শ্রীগোপালমূর্ত্তিও আছেন। শ্রীঅভিরাম ঠাকুর মন্দিরের সম্মুখস্থিত পুষ্করিণী খননকালে উক্ত গোপীনাথবিগ্রহ প্রাপ্ত হইয়াছিলেন বলিয়া কিংবদন্তী প্রচলিত। তদবধি উক্ত পুষ্করিণীটী "অভিরামকুণ্ড" নামে বিদিত। বর্ত্তমানে যে-মন্দিরে শ্রীবিগ্রহ বিরাজ করিতেছেন, তাহারই ঠিক দক্ষিণে একটী পুরাতন নবরত্ন-মন্দির। মন্দিরের উচ্চদেশে একটী প্রস্তরফলকে ১১৮১ সালে ঐ মন্দিরটী নির্ম্মিত হইয়াছে বলিয়া খোদিত রহিয়াছে। মন্দির-নির্ম্মাতার কোনও নামোল্লেখ নাই। শুনা যায়, পার্শ্বস্থ গ্রামের পরলোকগত 'নছিরামসিংহ গইলা' নামক এক ব্যক্তি ঐ মন্দির প্রস্তুত করাইয়া দিয়াছিলেন এবং পূর্ব্বে এখানে শ্রীবিগ্রহ বিরাজ করিতেন ও মন্দির-নির্ম্মাণের পূর্ব্বে খড়ের ঘরে এইস্থানেই শ্রীবিগ্রহ সেবিত হইতেন।

শ্রীগোপীনাথের মন্দিরের উত্তরেই স্থানীয় কায়স্থ চৌধুরী-গণের প্রতিষ্ঠিত শ্রীরাধাবল্লভ জীউর প্রাচীন মন্দির।

বর্ত্তমান মন্দিরের প্রস্তর-ফলকে খোদিত রহিয়াছে—"শ্রীশ্রীগোপীনাথ জিউ সন ১২১৯ সাল মাঘ মাহা মন্দির তৈয়ারী। সন ১৩০৮ সালে মেরামত মাহা বৈশাখ।" শুনা যায়, হুগলী জেলার আরামবাগ থানার মাধবপুরবাসী পরলোকগত পুণ্ডরীকাক্ষ রায়-নামক এক ব্যক্তি উহা নির্ম্মাণ করিয়া দেন। পুরাতন মন্দিরের সম্মুখে একটী বিস্তৃত পাকা নাটমন্দির। মেদিনীপুর জেলার ধীবরগণ ১২৬৩ সালে এই নাটমন্দির নির্ম্মাণ করেন ; উহা ভগ্ন হইলে ১৩২০ সালে পুনরায় উঁহারা সংস্কার করিয়া দেন।

সেবায়েতগণের নিকট হইতে জানা যায় যে, শ্রীল অভিরাম ঠাকুরের সময় হইতেই এখানে সিদ্ধচাউল-ভোগের ব্যবস্থা প্রচলিত রহিয়াছে, এমন কি, মুড়ির পর্য্যন্ত ভোগ হইয়া থাকে। আর একটী অভিনব প্রথা এই যে, ঠাকুরকে শয়ন দিবার সময় মন্দিরের দরজা খোলা থাকে ও সর্ব্বসমক্ষে শয়ন দেওয়া হয়। অধুনা প্রাতঃকালে ঠাকুরের মঙ্গল আরতি করিবার রীতি নাই।

বর্ত্তমানে ৩৬/৩৭ ঘর সেবায়েত আছেন। কথিত আছে, মন্দিরমধ্যে লোহার সিন্দুকে শ্রীল অভিরাম ঠাকুরের প্রসিদ্ধ "শ্রীজয়মঙ্গল" চাবুক আছেন এবং উহা উক্ত সেবায়েতগণের সমস্ত চাবিদ্বারা উক্ত সিন্দুকে আবদ্ধ : উহা—দুই হাত দীর্ঘ এবং জরি দিয়া জড়ান—মহোৎসবের সময় সকল সেবায়েত-গণের একসঙ্গে অভিমত হইলে উহা বাহির করা হয়। "শ্রীজয়মঙ্গল" চাবুকের কথা ভক্তিরত্নাকরে (৪র্থ তরঙ্গে) লিখিত আছে যে, ঐ চাবুক দিয়া অভিরাম ঠাকুর যাহাকে আঘাত করিতেন, তাঁহারই কৃষ্ণপ্রেমের উদয় হইত। একদা শ্রীনিবাসাচার্য্য অভিরাম-ভবনে আগমন করিলে ঠাকুর অভিরাম তিনবার শ্রীনিবাসের গাত্রে ঐ চাবুক স্পর্শ করাইলেন। তখন অভিরাম-পত্নী বিপ্রকন্যা মালিনী দেবী হাসিয়া ঠাকুরের হাত ধরিয়া বলিলেন,—"ঠাকুর, ধৈর্য্য ধর ; শ্রীনিবাস—বালক, তোমার চাবুকের স্পর্শে অধীর হইয়া পড়িবে।"

হুগলী জেলার অন্তর্গত কৃষ্ণনগর, আমতা এবং বাঁকুড়া জেলার অন্তর্গত বিষ্ণুপুর, কোতলপুর প্রভৃতি গ্রামে ইঁহার বংশ্যগণ (শৌক্র বা শিষ্য-শাখাগত?) বিদ্যমান।

রত্নেশ্বর-শিষ্য 'অভিরামদাস' নামক জনৈক ব্যক্তি 'শাখা-নির্ণয়' গ্রন্থে 'ঠাকুর অভিরামের' শিষ্যবর্গের নাম ও স্থান-বিবরণ এইরূপ দিয়াছেন,—(১) খানাকুলে কৃষ্ণদাস ঠাকুরের বাস ; (বংশ লুপ্ত)। (২) কৈয়ড় নামক গ্রামে (বর্দ্ধমান হইতে ১০ মাইল দক্ষিণ-পশ্চিমদিকে) বেদগর্ভ -নামক ভক্তের বাস ; অধুনা তথায় ইঁহার বংশধরগণ বিগ্রহসেবা করিতেছেন। (৩) বুড়নগ্রামে হরিদাসের বাস (ইঁহার বিশেষ সংবাদ অজ্ঞাত)। (৪) হেলাল (?) গ্রামে (খানাকুল হইতে প্রায় দুই মাইল উত্তরে, খানানদীর তীরে) পাখিয়া-গোপালদাসের বাস ; অধুনা তথায় তাঁহার সমাজ

নিতাই-সহ উভয়ের গৌড়ে প্রচার ঃ—

নিত্যানন্দে আজ্ঞা দিল যবে গৌড়ে যাইতে ।
মহাপ্রভু এই দুই দিল তাঁর সাথে ॥ ১৪ ॥

(৪) মাধব ও (৫) বাসুঘোষ ঠাকুর ঃ—

অতএব দুইগণে দুঁহার গণন ।
মাধব, বাসুদেব ঘোষের এই বিবরণ ॥ ১৫ ॥

অভিরামের লীলা ঃ—

রামদাস—মুখ্যশাখা, সখ্য-প্রেমরাশি ।
ষোলসাঙ্গের কাষ্ঠ যে তুলি' কৈল বাঁশী ॥ ১৬ ॥

দাস-গদাধরের অলৌকিকী চেষ্টা ঃ—

গদাধর দাস গোপীভাবে পূর্ণানন্দ ।
যাঁর ঘরে দানকেলি কৈল নিত্যানন্দ ॥ ১৭ ॥

মাধব ঘোষের কীর্ত্তন ঃ—

শ্রীমাধব ঘোষ—মুখ্য কীর্ত্তনীয়াগণে ।
নিত্যানন্দপ্রভু নৃত্য করে যাঁর গানে ॥ ১৮ ॥

বাসুঘোষের কীর্ত্তন ঃ—

বাসুদেব-গীতে করে প্রভুর বর্ণনে ।
কাষ্ঠ-পাষাণ দ্রবে যাহার শ্রবণে ॥ ১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪-১৫। ইঁহারা নিত্যানন্দের পার্ষদস্বরূপ। যে সময় মহাপ্রভু নিত্যানন্দ-প্রভুকে গৌড়ে যাইতে আজ্ঞা দিয়াছিলেন, তখন রামদাস ও গদাধর দাসকে সঙ্গে দিয়াছিলেন। অতএব সেই দুইজনকে একবার মহাপ্রভুর গণের মধ্যে ধরা গিয়াছে, আবার নিত্যানন্দের গণেও ধরা গেল। মাধব ও বাসুঘোষের সেইরূপ দুই গণে গণনা।

অনুভাষ্য

বলিয়া পরিচিত একটী ক্ষুদ্র ভগ্ন মন্দির বর্ত্তমান, কিন্তু শ্রীবিগ্রহ নাই। (৫) মেদিনীপুর-জেলার রামজীবনপুরের নিকট পাইক-মালিটা (?)-গ্রামে 'গুস্ফ-নারায়ণে'র বাস ; ইঁহার বংশধরগণ বর্ত্তমান। (৬) সীতানগরে দাড়িয়া মোহনের বাস ; (স্থান ও পাত্র, উভয়ের অবস্থান অজ্ঞাত)। (৭) ময়নামুড়িতে (বাঁকুড়ায়) সত্যরাঘবের বাস ; (ইঁহার বংশধরগণের বাস অজ্ঞাত)। (৮) সালিখায় (হাওড়ার নিকট?) রজনী পণ্ডিতের বাস ; (ইঁহারও বংশধরগণের অবস্থান অজ্ঞাত)। (৯) ভাঙ্গামোড়ায় (তারকেশ্বর হইতে প্রায় ৪ মাইল উত্তর-পশ্চিমে) সুন্দরানন্দের বাস ; ইঁহার বংশধরগণ আছেন। (১০) দ্বীপগ্রামে (অবস্থান অজ্ঞাত) কৃষ্ণানন্দ অবধূতের বাস ; ইঁহার কোন বংশ ছিলেন কিনা সন্দেহ। (১১) সোনাতলা (লী)-গ্রামে (হুগলী বা হাওড়া জেলায়?) রঙ্গণ-কৃষ্ণদাসের বাস ; (বংশ লুপ্ত)। (১২) মালদহে মুরারিদাসের বাস ; (ইঁহার বংশধরগণের বাস অজ্ঞাত)। (১৩) পাণিহাটীতে মোহনঠাকুরের বাস ; (ইঁহার বংশাবলী-সংবাদ অজ্ঞাত)। (১৪) রাধানগরে (খানাকুল-কৃষ্ণনগরের দক্ষিণে) যদু হালদারের বাস; ইঁহার বংশ লুপ্ত হওয়ায় ইঁহার প্রতিষ্ঠিত বিগ্রহ শ্রীবলরাম অদ্যাপি শ্রীগোপীনাথের সহিত সেবিত হইতেছেন। (১৫) অনন্তনগরে (খানাকুলের নিকট) হরিমাধবের বাস ; (বংশ লুপ্ত)। (১৬) মাহেশে (শ্রীরামপুরের নিকট?) গোপালদাসের বাস (বংশ অজ্ঞাত)। (১৭) কোটরায় (খানাকুল-থানার নিকট) অচ্যুত পণ্ডিতের বাস (বংশধর বর্ত্তমান)। (১৮) পাটলা-গ্রামে লক্ষ্মী-নারায়ণের বাস ; (বংশ লুপ্ত)। (১৯) পুরীতে গোপীনাথ-দাসের বাস (সংবাদ অজ্ঞাত)। (২০) চুণাখালি পরগণায় (মাহেশের নিকট) নন্দকিশোরের বাস; (বংশ অজ্ঞাত)। (২১) পাতাগ্রামে (বর্দ্ধমান জেলার পাটুল?) বিদুর ব্রহ্মচারীর বাস ; বংশ বর্ত্তমান। (২২) বিনুপাড়ায় রাম-কৃষ্ণের বাস (স্থান ও পাত্র, উভয়ের সংবাদ অজ্ঞাত)। (২৩) গৌরাঙ্গপুরে (শ্রীপাট হইতে প্রায় ৪ মাইল উত্তরে) কমলাকরের বাস, নিকটে তদীয় সমাজ আছে এবং বংশধরগণ শ্রীনিতাই-গৌর-বিগ্রহের সেবক। (২৪) বিশ্বগ্রামে বলরাম ঠাকুরের বাস (স্থান ও পাত্র, উভয়ই অজ্ঞাত)। (২৪৷৷০) শ্রীনিবাস আচার্য্যপ্রভু (অভিরামের অতি প্রিয়তম ও স্নেহকৃপা-পাত্র ছিলেন, অথচ দীক্ষিত নহেন বলিয়াই বোধ হয় অর্দ্ধ-শিষ্যরূপে গণিত)। চৈত্র-কৃষ্ণা সপ্তমী-তিথিতে মহোৎসব-উপলক্ষে এইস্থানে বহুলোকের সমাগম হয়।

১৫। গোবিন্দঘোষ, বাসুঘোষ—গোবিন্দঘোষ-ঠাকুরের অতি প্রিয়তম বিগ্রহ শ্রীগোপীনাথ অদ্যাপি বর্দ্ধমান জেলান্তর্গত দাঁইহাট ও পাটুলীর নিকটে অগ্রদ্বীপে বর্ত্তমান এবং পিতৃশ্রাদ্ধে সন্তানের ন্যায় ভক্তের অপ্রকট-তিথিতে পিণ্ড প্রদান করিয়া থাকেন। নদীয়া কৃষ্ণনগরের রাজবংশের তত্ত্বাবধানে ইঁহার সেবা চলিয়া আসিতেছে। প্রতিবর্ষে কৃষ্ণনগরে বৈশাখ মাসে 'বারদোলের' সময় অপর এগারটী শ্রীবিগ্রহের সহিত ইনিও রাজধানীতে আনীত হন এবং দোলের পর পুনরায় অগ্রদ্বীপে নীত হন।

বাসুঘোষের পদাবলীতে প্রাকৃত-সহজিয়াগণের ইন্দ্রিয়-তৃপ্তিকর বহু গৌরনাগরীপদ প্রক্ষিপ্ত হইয়াছে; প্রকৃতপক্ষে ঐগুলি কখনই বিপ্রলম্ভরসিক গৌরভক্ত বাসুঘোষের পদ নহে বা হইতে পারে না। সাধক ঐগুলি বর্জ্জন করিবেন। আদি, ১০ পঃ ১১৫ সংখ্যা দ্রষ্টব্য।

(৬) মুরারি-চৈতন্যদাস ঃ—

মুরারি-চৈতন্যদাসের অলৌকিক-লীলা ।
ব্যাঘ্র-গালে চড় মারে, সর্প-সনে খেলা ॥ ২০ ॥

শুদ্ধভক্ত ব্রজসখাগণই নিতাইর গণ ঃ—

নিত্যানন্দের গণ যত,—সব ব্রজসখা ।
শৃঙ্গ-বেত্র-গোপবেশ, শিরে শিখিপাখা ॥ ২১ ॥

(৭) রঘুনাথ বৈদ্য ঃ—

রঘুনাথ বৈদ্য উপাধ্যায় মহাশয় ।
যাঁহার দর্শনে কৃষ্ণপ্রেমভক্তি হয় ॥ ২২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০। মুরারি-চৈতন্যদাস—বর্দ্ধমান জেলার গলশী ষ্টেশন হইতে একক্রোশ দূরে সর্-বৃন্দাবনপুর গ্রামে ইঁহার জন্ম। নবদ্বীপ-ধামান্তর্গত মোদদ্রুম বা মাউগাছি-গ্রামে আসিয়া ইঁহার নাম 'শার্ঙ্গ' (সারঙ্গ) মুরারিচৈতন্যদাস হইয়াছিল। ইঁহার বংশীয়গণ এখনও সরের পাটে বাস করেন।

অনুভাষ্য

২০। মুরারিচৈতন্যদাস—চৈঃ ভাঃ অন্ত্য, ৫ম অঃ—"বাহ্য নাহি শ্রীচৈতন্যদাসের শরীরে। ব্যাঘ্র তাড়াইয়া যান বনের ভিতরে।। কখন চড়েন সেই ব্যাঘ্রের উপরে। কৃষ্ণের প্রসাদে ব্যাঘ্র লঙ্ঘিতে না পারে।। মহা-অজগর সর্প লই' নিজকোলে। নির্ভয়ে চৈতন্যদাস থাকে কুতূহলে।। ব্যাঘ্রের সহিত খেলা খেলেন নির্ভয়। হেন কৃপা করে অবধূত মহাশয়।। চৈতন্যদাসের আত্মবিস্মৃতি সর্ব্বথা। নিরন্তর কহেন আনন্দে মনঃকথা।। দুই তিন দিন মজ্জি' জলের ভিতরে। থাকেন, কোথাও দুঃখ না হয় শরীরে।। জড়প্রায় অলক্ষিত বেশ-ব্যবহার। পরম উদ্দাম সিংহ-বিক্রম অপার।। চৈতন্যদাসের যত ভক্তির বিকার। কত বা কহিতে পারি,—সকলি অপার।। যোগ্য শ্রীচৈতন্যদাস মুরারি পণ্ডিত। যাঁর বাতাসেও কৃষ্ণ পাইয়ে নিশ্চিত।।"

২১। শ্রীনিত্যানন্দপ্রভুর আশ্রিত ভক্তগণ, সকলেই ব্রজের সখ্যরসাশ্রিত। তাঁহাদের সকলেরই গোপাল-বেশ। প্রভুর পত্নী ঈশ্বরী জাহ্নবা-মাতা—ব্রজের অনঙ্গমঞ্জরী এবং শ্রীমতী রাধিকার কনিষ্ঠা ভগিনী। গৌরগণোদ্দেশে ৬৬ শ্লোক—"কেচিৎ শ্রীবসুধা-দেবীং কলাবপি বিবৃণ্বতে। অনঙ্গমঞ্জরীং কেচিৎ জাহ্নবীঞ্চ প্রচক্ষতে।। উভয়ন্ত সমীচীনং পূর্ব্বন্যায়াৎ সতাং মতম্।।" জাহ্নবা-মাতার আশ্রিত ভক্তগণও নিত্যানন্দগণে গৃহীত হন।

২৩। সুন্দরানন্দ—চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"প্রেমরসসমুদ্র সুন্দরানন্দ নাম। নিত্যানন্দস্বরূপের পার্ষদ-প্রধান।।" গৌঃ গঃ ১২৭—"পুরা সুদাম-নামাসীদদ্য ঠক্কুরসুন্দরঃ।" ইনি দ্বাদশ-গোপালের অন্যতম 'সুদাম'।

(৮) সুন্দরানন্দ (গোপাল-২) ঃ—

সুন্দরানন্দ—নিত্যানন্দের শাখা, ভৃত্য মর্ম্ম ।
যাঁর সঙ্গে নিত্যানন্দ করে ব্রজনর্ম্ম ॥ ২৩ ॥

(৯) কমলাকর পিপ্পলাই (গোপাল-৩) ঃ—

কমলাকর পিপ্পলাই—অলৌকিক রীত ।
অলৌকিক প্রেম তাঁর ভুবনে বিদিত ॥ ২৪ ॥

(১০) সূর্য্যদাস ও (১১) কৃষ্ণদাস সরখেল ঃ—

সূর্য্যদাস সরখেল, তাঁর ভাই কৃষ্ণদাস ।
নিত্যানন্দে দৃঢ় বিশ্বাস, প্রেমের নিবাস ॥ ২৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪। কমলাকর পিপ্পলাইর বংশীয়গণ মাহেশের শ্রীজগন্নাথ-দেবের সেবক।

অনুভাষ্য

ইঁহার শ্রীপাট—মহেশপুর গ্রাম—ই,বি, আর, লাইনে 'মাজ-দিয়া' (পূর্ব্বে 'শিবনিবাস' নাম ছিল) ষ্টেশন হইতে ১৪ মাইল পূর্ব্ব দিকে ; অধুনা যশোহর-জেলায় অবস্থিত। এই স্থানটীতে প্রাচীন স্মৃতিচিহ্ন একমাত্র সুন্দরানন্দের জন্মভিটা ভিন্ন আর কিছু নাই। গ্রামের প্রান্তে শ্রীপাটে জনৈক বাউল বাস করেন। শ্রীমন্দির ও শ্রীবিগ্রহাদি, সমস্তই অল্পদিনের। বর্ত্তমানে মহেশপুরে শ্রীশ্রীরাধাবল্লভ ও শ্রীশ্রীরাধারমণের সেবা হয়। উহার নিকটে বেত্রবতী নদী। সুন্দরানন্দ ঠাকুর চিরকুমার ছিলেন, এ জন্য তাঁহার বংশ নাই। জ্ঞাতিভ্রাতাদের এবং সেবায়েত-শিষ্যবংশ বর্ত্তমান আছেন। বীরভূম-জেলায় মঙ্গলডিহি-গ্রামে সুন্দরানন্দের জ্ঞাতি-বংশ আছেন। তথায় শ্রীশ্রীবলরাম-জীউর সেবা হয়। সুন্দরানন্দ-ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধাবল্লভ-বিগ্রহ বহরমপুর সৈদাবাদের গোস্বামিগণ লইয়া যান, পরে বর্ত্তমান বিগ্রহ প্রতিষ্ঠিত হন। অধুনা মহেশপুরের জমিদার মহাশয়গণ ইঁহার সেবায়েত। মাঘী-পূর্ণিমার দিবস সুন্দরানন্দ-ঠাকুরের তিরোভাব-উৎসব হইয়া থাকে।

২৪। কমলাকর পিপ্পলাই—গৌঃ গঃ ১২৮ শ্লোক—"কমলা-কর-পিপ্পলাই-নামাসীদ্ যো মহাবলঃ।।" ইনি দ্বাদশ গোপালের অন্যতম 'মহাবল' ; ইঁহারই প্রতিষ্ঠিত মাহেশের শ্রীজগন্নাথ-বিগ্রহ। মাহেশ-স্থিত শ্রীজগন্নাথদেবের মন্দির ই, আই, আর, লাইনে শ্রীরামপুর-ষ্টেশন হইতে প্রায় ২৷৷০ মাইল হইবে।

কমলাকরের পুত্রের নাম চতুর্ভুজ ; চতুর্ভুজের দুই পুত্র—নারায়ণ ও জগন্নাথ ; নারায়ণের পুত্র—জগদানন্দ ; তাঁহার পুত্র—রাজীবলোচন। তাঁহার সময় জগন্নাথদেবের সেবার অর্থ-কৃচ্ছ্রতা হয়। ঢাকার নবাব ওয়ালিশ সা (সুজা?) ১০৬০ সালে জগন্নাথদেবকে ১১৮৫ বিঘা জমি প্রদান করেন। মাহেশের দেড় ক্রোশ পশ্চিমে জগন্নাথপুর গ্রামে ঐ জমি আছে। জগন্নাথদেবের নাম হইতেই ঐ মৌজার নাম 'জগন্নাথপুর' হইয়াছে।

(১২) গৌরীদাস পণ্ডিত (গোপাল-৪) ঃ—

শ্রীগৌরীদাস পণ্ডিতে প্রেমোদ্দণ্ড-ভক্তি ।
কৃষ্ণপ্রেমা দিতে, নিতে, ধরে মহাশক্তি ॥ ২৬ ॥

অনুভাষ্য

প্রবাদ আছে,—কমলাকরের কনিষ্ঠভ্রাতা নিধিপতি পিপ্পলাই জ্যেষ্ঠভ্রাতাকে অনুসন্ধান করিতে করিতে মাহেশে আসিয়া কমলাকরকে দেখিতে পাইলেন। তিনি কোনও প্রকারেই তাঁহাকে দেশে ফিরাইয়া নিতে সমর্থ না হইয়া অবশেষে নিজ পরিবার ও ভ্রাতৃপরিবারবর্গের সহিত মাহেশে আসিয়া বাস করিতে লাগিলেন। এখনও মাহেশগ্রামে কমলাকর পিপ্পলাইর বংশীয় শ্রীযুক্ত প্রসাদদাস অধিকারী প্রভৃতি প্রায় ত্রিশঘর দ্বিজ বাস করিতেছেন।

কিংবদন্তী এই যে,—'ধ্রুবানন্দ' নামে জনৈক উদাসীন বৈষ্ণব পুরুষোত্তম-ক্ষেত্রে গিয়া নিজহস্তে পাক করিয়া শ্রীজগন্নাথদেবকে ভোগ দিবার প্রবল ইচ্ছা করায়, রাত্রে স্বপ্নে দেখিলেন যে, শ্রীজগন্নাথদেব তাঁহার নিকট আবির্ভূত হইয়া তাঁহাকে গঙ্গাতীরে মাহেশ-গ্রামে গিয়া শ্রীজগন্নাথ-প্রতিষ্ঠাপনানন্তর তাঁহাকে নিত্য নিজহস্তে ভোগপ্রদানপূর্ব্বক মনস্কাম পূর্ণ করিতে বলিলেন। ধ্রুবানন্দ মাহেশে উপস্থিত হইয়া গঙ্গাজলে শ্রীজগন্নাথ, বলরাম ও সুভদ্রাদেবী ভাসিতেছেন দেখিতে পাইয়া শ্রীবিগ্রহত্রয়কে জল হইতে উত্তোলনপূর্ব্বক গঙ্গাতীরে কুটীর নির্ম্মাণ করিয়া তাঁহাদের সেবা করিতে লাগিলেন। তাঁহার অপ্রকটকালে কোন্ ব্যক্তি শ্রীজগন্নাথের উপযুক্ত সেবক হইবেন, এই চিন্তা তাঁহার হৃদয় অধিকার করায় তিনি স্বপ্নে শ্রীজগন্নাথদেবের আদেশপ্রাপ্ত হইলেন যে, সুন্দরবনের নিকট 'খালিজুলি'-গ্রামনিবাসী 'শ্রীকমলাকর পিপ্পলাই' নামক শ্রীজগন্নাথদেবের একজন পরম ভক্ত বৈষ্ণব-শিরোমণি পরদিবস প্রাতে মাহেশে আগমন করিলে তাঁহাকে যেন সেবাভার দেওয়া হয়। ধ্রুবানন্দ পরদিবস প্রাতে কমলাকরের সাক্ষাৎ পাইয়া শ্রীজগন্নাথদেবের সেবাভার প্রদান করিলেন। কমলাকর শ্রীজগন্নাথদেবের সেবায় অধিকার লাভ করিবার পর 'অধিকারী' উপাধি লাভ করিয়া আসিতেছেন। রাঢ়ীয়শ্রেণীস্থ শৌক্রব্রাহ্মণগণের পঞ্চান্নপ্রকার গ্রামীর মধ্যে 'পিপ্পলাই' অন্যতম।

২৫। সূর্য্যদাস সরখেল—ভক্তিরত্নাকর দ্বাদশ তরঙ্গে—"নবদ্বীপ হইতে অল্পদূর 'শালিগ্রাম'। তথা বৈসে পণ্ডিত সূর্য্যদাস নাম।। গৌড়ে রাজা যবনের কার্য্যে সুসমর্থ। 'সরখেল' খ্যাতি, উপার্জ্জিল বহু অর্থ।। সূর্য্যদাস—চারিভ্রাতা অতি শুদ্ধাচার। বসুধা-জাহ্নবা-নামে তাঁর কন্যাদ্বয়।।" গৌঃ গঃ ৬৫—"শ্রীবারুণী-রেবত-বংশসম্ভবে, তস্য প্রিয়ে দ্বে বসুধা চ জাহ্নবী। শ্রীসূর্য্যদাসস্য মহাত্মনঃ সুতে, কুকুদ্মিরূপস্য চ সূর্য্যতেজসঃ।।"

বড়গাছি—ই, বি, আর, লাইনে 'মুড়াগাছা'-ষ্টেশন হইতে ২ মাইল দূরে বড়গাছি বা বহিরগাছি—ধর্ম্মদহ-গ্রামের পরপারে 'গুড়গুড়ে' খালের তীরে। ইহার নিকটেই শালিগ্রাম ও রুকুণপুর।

কৃষ্ণদাস সরখেল—গৌরীদাস পণ্ডিত ও সূর্য্যদাস সরখেলের কনিষ্ঠভ্রাতা। ইনি নিত্যানন্দের বিবাহাধিবাসে বড়গাছি হইতে শালিগ্রামে যান। 'ভক্তিরত্নাকর' দ্বাদশ তরঙ্গে—"নানা দ্রব্য লৈয়া বিপ্রগণের সহিতে। কৃষ্ণদাস পণ্ডিত আইলা বাটী হইতে।।"

২৬। শ্রীগৌরীদাস পণ্ডিত—হরিহোড়ের পুত্র রাজা কৃষ্ণদাসের পৃষ্ঠপোষিত। ব্রজের দ্বাদশ গোপালের অন্যতম 'সুবল-সখা'। পূর্ব্বনিবাস—ই, বি, আর, লাইনে মুড়াগাছা-ষ্টেশনের কিছুদূরে শালিগ্রামে, পরে অম্বিকা-কালনায়। গৌঃ গঃ ১২৮—"সুবলো যঃ প্রিয়শ্রেষ্ঠঃ স গৌরীদাসপণ্ডিতঃ।" চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"গৌরীদাসপণ্ডিত পরম ভাগ্যবান্। কায়মনোবাক্যে নিত্যানন্দ যাঁর প্রাণ।।" "সরখেল সূর্য্যদাস পণ্ডিত উদার। তাঁর ভ্রাতা গৌরীদাস পণ্ডিত প্রচার।। শালিগ্রাম হৈতে জ্যেষ্ঠ ভ্রাতারে কহিয়া। গঙ্গাতীরে কৈলা বাস 'অম্বিকা' আসিয়া।।" তাঁহার সাড়ে বাইশ শাখা—১। শ্রীনৃসিংহচৈতন্য, ২। কৃষ্ণদাস, ৩। বিষ্ণুদাস, ৪। বড় বলরামদাস, ৫। গোবিন্দ, ৬। রঘুনাথ, ৭। বড়ু গঙ্গাদাস, ৮। আউলিয়া গঙ্গারাম, ৯। যাদবাচার্য্য, ১০। হৃদয়চৈতন্য, ১১। চান্দ হালদার, ১২। মহেশ পণ্ডিত, ১৩। মুকুট রায়, ১৪। ভাতুয়া গঙ্গারাম, ১৫। আউলিয়া চৈতন্য, ১৬। কালিয়া কৃষ্ণদাস, ১৭। পাতুয়া গোপাল, ১৮। বড় জগন্নাথ, ১৯। নিত্যানন্দ, ২০। ভাবি, ২১। জগদীশ, ২২। রাইয়া কৃষ্ণদাস, ২২।।০। অন্নপূর্ণা। গৌরীদাস পণ্ডিতের জ্যেষ্ঠপুত্র—(বড়) বলরাম এবং কনিষ্ঠ—রঘুনাথ। রঘুনাথের পুত্র—মহেশ পণ্ডিত ও গোবিন্দ ; কন্যা—অন্নপূর্ণা। শালিগ্রামবাসী শ্রীকংসারি মিশ্রের ('ঘোষাল'-পদবী ও 'বাৎস্য'-গোত্র) ছয় পুত্র—(১) দামোদর, (২) জগন্নাথ, (৩) সূর্য্যদাস সরখেল (বসুধা-জাহ্নবার পিতা), (৪) গৌরীদাস, (৫) কৃষ্ণদাস সরখেল, (৬) নৃসিংহচৈতন্য। কংসারি মিশ্রের জ্ঞাতি-বংশ্যগণের কেহ কেহ এখনও শালিগ্রামে বাস করেন। গৌরীদাস পণ্ডিত বা হৃদয়চৈতন্যের বংশ নাই। কেহ কেহ বলেন, যাঁহারা আছেন, তাঁহারা গৌরীদাস পণ্ডিতের বা হৃদয়চৈতন্যের শিষ্যশাখাবংশ। জাহ্নবাদেবী শ্রীবৃন্দাবনে গিয়া স্বীয় খুল্লতাতের বা গৌরীদাস

গৌর-নিতাইগত প্রাণ গৌরীদাস পণ্ডিত ঃ—

নিত্যানন্দে সমর্পিল জাতি-কুল-পাঁতি ।
শ্রীচৈতন্য-নিত্যানন্দে করি' প্রাণপতি ॥ ২৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭। পাঁতি—পংক্তি-ভোজন।

ইতি অমৃতপ্রবাহভাষ্যে একাদশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

(১৩) পুরন্দর পণ্ডিত ঃ—

নিত্যানন্দ প্রভুর প্রিয়—পণ্ডিত পুরন্দর ।
প্রেমার্ণব-মধ্যে ফিরে যৈছন মন্দর ॥ ২৮ ॥

অনুভাষ্য

পণ্ডিতের সমাজ দেখিয়া ক্রন্দন করিয়াছিলেন—"গৌরীদাস পণ্ডিতের সমাধি দেখিতে। বহে বারিধারা নেত্রে, নারে নিবারিতে।।" (ভক্তিরত্নাকর, ১১ তরঙ্গ দ্রষ্টব্য)।

গৌরীদাসের শিষ্য—হৃদয়চৈতন্য ; হৃদয়চৈতন্যের শিষ্য—অন্নপূর্ণাদেবীর পুত্র গোপীরমণ। ইঁহার বংশাবলীই সম্প্রতি কালনার মহাপ্রভুর অধিকারিগণ।

শান্তিপুরের অপরপারে গঙ্গার তীরে বর্দ্ধমান জেলায় শ্রীপাট অম্বিকা-কালনা—ইহা একটী মহকুমা ও ক্ষুদ্র সহর। হাওড়া-ব্যাণ্ডেল-বারহারোয়া লাইনে কালনাকোর্ট ষ্টেশন হইতে প্রায় এক ক্রোশ পূর্ব্বদিকে শ্রীপাট—বর্দ্ধমানের রাজার নূতন সমাজ-বাটী বা বাজারের নিকটেই অবস্থিত। গৌরীদাসের দেবালয়ের প্রবেশপথে একটী অপূর্ব্ব তেঁতুলবৃক্ষ। ঐ তেঁতুলবৃক্ষের তলে মহাপ্রভু ও গৌরীদাস পণ্ডিতের সম্মিলন হইয়াছিল বলিয়া প্রকাশ। দেবালয়টী শ্বেতপ্রস্তর-মণ্ডিত এবং গৃহের তিনটী প্রকোষ্ঠে এইরূপভাবে শ্রীবিগ্রহগণ আছেন,—(১) শ্রীগৌরীদাস, (২) শ্রীরাধাকৃষ্ণ, (৩) গৌর-নিত্যানন্দ, (৪) শ্রীজগন্নাথ, (৫) শ্রীবলরাম ও (৬) শ্রীরামসীতা। পণ্ডিত গৌরীদাসের বাড়ীর পশ্চিমদিকে শ্রীসূর্য্যদাস পণ্ডিতের দেবালয় ও কিছুদূরে সিদ্ধ ভগবান্‌দাস বাবাজীর আশ্রম।

যে স্থানে বর্ত্তমান দেবালয় তাহাকে 'অম্বিকা' বলে, তদুত্তরে কালনা ; এজন্য উভয় মিলিয়া 'অম্বিকা-কালনা' নাম। শুনা যায়, শ্রীমহাপ্রভুর শ্রীহস্তবাহিত বৈঠা এবং শ্রীহস্তলিখিত গীতাখানা (ভঃ রঃ ৭ম তঃ দ্রষ্টব্য) অদ্যাপি মন্দিরে বর্ত্তমান।

২৮। পুরন্দর পণ্ডিত—(চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"পুরন্দর পণ্ডিত পরম শান্ত দান্ত। নিত্যানন্দস্বরূপের বল্লভ একান্ত।।' অন্ত্য, ৫ম অঃ—"তবে আইলেন প্রভু খড়দহ-গ্রামে। পুরন্দর পণ্ডিতের দেবালয়-স্থানে।। খড়দহ-গ্রামে প্রভু নিত্যানন্দ রায়। যত নৃত্য করিলেন কথন না যায়।। পুরন্দর পণ্ডিতের পরম উন্মাদ। বৃক্ষের উপরি চড়ি' করে সিংহনাদ।। মুঞি রে 'অঙ্গদ' বলি' লম্ফ দিয়া পড়ে।।"

২৯। পরমেশ্বর বা পরমেশ্বরী-দাস—চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"নিত্যানন্দ-জীবন পরমেশ্বরদাস। যাঁহার বিগ্রহে নিত্যানন্দের বিলাস।।" অন্ত্য, ৫ম অঃ—"কৃষ্ণদাস, পরমেশ্বর দাস,—দুইজন। গোপভাবে হৈ হৈ করে সর্ব্বক্ষণ।। পুরন্দর পণ্ডিত, পরমেশ্বরীদাস। যাঁহার বিগ্রহে গৌরচন্দ্রের প্রকাশ।। সত্বরে ধাইয়া আইলেন সেইক্ষণে। প্রভু দেখি' প্রেমযোগে কান্দে দুইজনে।।"

(১৪) পরমেশ্বরীদাস (গোপাল-৫) ঃ—

পরমেশ্বরদাস—নিত্যানন্দৈক-শরণ ।
কৃষ্ণভক্তি পায়, তাঁরে যে করে স্মরণ ॥ ২৯ ॥

অনুভাষ্য

ইনি কিছুকাল খড়দহে ছিলেন। গৌঃ গঃ ১৩২—"নাম্নার্জ্জুনঃ সখা প্রাগ্ যো দাসঃ শ্রীপরমেশ্বরঃ।" ইনি দ্বাদশ গোপালের অন্যতম 'অর্জ্জুন' সখা। শ্রীজাহ্নবা-ঈশ্বরীর খেতুরি-মহোৎসব-গমনকালে পরমেশ্বর সঙ্গে ছিলেন (ভক্তিরত্নাকরে দশমতরঙ্গ)। ইনি আটপুরে জাহ্নবা-মাতার আদেশে 'শ্রীরাধা-গোপীনাথ' বিগ্রহ প্রতিষ্ঠা করেন (ঐ, ১৩ তরঙ্গ দ্রষ্টব্য)।

শ্রীবৈষ্ণব-বন্দনায়—"পরমেশ্বর-দাস ঠাকুর বন্দিব সাবধানে। শৃগালে লওয়ান নাম সঙ্কীর্ত্তন-স্থানে।।" ভক্তিরত্নাকর ত্রয়োদশ তরঙ্গে পরমেশ্বরী-ঠাকুরের কথা আছে।

পরমেশ্বরী-ঠাকুরের শ্রীপাট আটপুর—হাওড়া-আমতা রেল-লাইনে চাঁপাডাঙ্গা-শাখায় আটপুর-ষ্টেশনের এবং বর্দ্ধমানরাজ তেজ বাহাদুরের দেওয়ান পরলোকগত কৃষ্ণকুমার মিত্রের স্থাপিত শ্রীরাধাগোবিন্দের প্রাচীন মন্দিরের নিকটবর্ত্তী। পূর্ব্বে ইহার 'বিশখালা' নাম ছিল।

মন্দিরের সম্মুখেই বহুলছায়াপূর্ণ একসঙ্গে দুইটী বকুল বৃক্ষ ও পৃথক্ একটী কদম্ব বৃক্ষ এবং তদুভয়ের মধ্যপ্রদেশে পরমেশ্বরী ঠাকুরের সমাধি ও তদুপরি তুলসীমঞ্চ সুশোভিত। যে বকুলবৃক্ষ-দ্বয় শ্রীল পরমেশ্বরী ঠাকুরের সময়ে ছিল, তাহারই শাখা হইতে বর্ত্তমানের বৃক্ষদ্বয় উৎপন্ন হইয়াছে বলিয়া প্রবাদ। প্রতি বৎসর কদম্ববৃক্ষে একটী ফুল হয়, তদ্দ্বারা শ্রীবিগ্রহের শ্রীচরণ-পূজা হয়।

পরমেশ্বরী-ঠাকুর—বৈদ্যকুলোদ্ভূত। তাঁহার ভ্রাতৃবংশীয়গণই শ্রীপাটের বর্ত্তমান সেবায়েত। হুগলী-জেলার চণ্ডীতলা-ডাকঘরের অন্তর্গত গরলগাছা-গ্রামেও ইঁহাদের কেহ কেহ বর্ত্তমান। কিছুদিন পূর্ব্বেও ইঁহাদের অনেক শৌক্রব্রাহ্মণ-শিষ্য ছিল। কালপ্রভাবে সাংসারিক লোকের ন্যায় ইঁহারা বৈদ্যব্যবসায় অবলম্বন করায় ব্রাহ্মণবংশীয় সকলেই ধীরে ধীরে ইঁহাদিগের শিষ্যত্ব পরিত্যাগ করিয়াছেন। ইঁহাদের উপাধি—'অধিকারী'। শ্রীরাধিকাপ্রসন্ন অধিকারী কবিরাজ মহাশয় ও নটবর অধিকারী মহাশয়ের বিধবা ও পুত্র-সন্তানহীনা শাশুড়ীই শ্রীপাটের বর্ত্তমান সেবায়েত। ইঁহাদের জ্ঞাতিবর্গের 'গুপ্ত' উপাধি।

ইঁহারা নিজদিগকে সাধারণ 'বৈদ্য' অভিমান করিয়া দেবল-ব্রাহ্মণের দ্বারা ঠাকুর পূজা করাইতেছেন। অধুনা আটঘর সেবায়েত আছেন এবং আটঘর মিলিত হইয়া দুইঘর হইয়াছেন। পূর্ব্বে বিগ্রহ-সেবার জন্য প্রচুর জমির ব্যবস্থা ছিল, কিন্তু সমস্ত

(১৫) জগদীশ পণ্ডিত ঃ—

শ্রীজগদীশ পণ্ডিত হয় জগতপাবন।
কৃষ্ণপ্রেমামৃত বর্ষে, যে বর্ষা ঘন ॥ ৩০ ॥

অনুভাষ্য

জমিই ইঁহারা হারাইয়াছেন। এক্ষণে সামান্য দেবোত্তরদ্বারা অতি কষ্টের সহিত শ্রীবিগ্রহসেবা চলিতেছে।

মন্দিরে একই সিংহাসনে শ্রীবলদেব ও শ্রীরাধাগোপীনাথ শ্রীবিগ্রহ অবস্থান করিতেছেন, দেখা যায়। সম্ভবতঃ বলদেব-বিগ্রহ পরে প্রতিষ্ঠিত। সম-সিংহাসনে শ্রীবলদেব ও শ্রীমতীসহ শ্রীকৃষ্ণবিগ্রহের অবস্থান—তত্ত্ববিরোধপূর্ণ ব্যাপার। বৈশাখী-পূর্ণিমায় পরমেশ্বরী-ঠাকুরের তিরোভাবোৎসব হয়।

৩০। শ্রীজগদীশ পণ্ডিতের শ্রীপাট—যশড়া-গ্রাম—নদীয়া জেলার চাকদহ ষ্টেশন হইতে (ই, বি, আর, লাইনে) এক মাইলের মধ্যে। চৈঃ ভাঃ আদি, ৪র্থ অঃ ও চৈঃ চঃ আদি, ১৪শ পঃ ৩৯ সংখ্যা দ্রষ্টব্য। যশড়া শ্রীপাটের বিবরণে জানা যায় যে, জগদীশ ভট্ট পূর্ব্বদেশে গৌহাটী-অঞ্চলে আবির্ভূত হন। তাঁহার পিতা কমলাক্ষ—গয়ঘর বন্দ্যঘটীয় ভট্টনারায়ণের সন্তান। জগদীশের পিতা-মাতা উভয়েই পরম বিষ্ণুভক্তিপরায়ণ গৃহস্থ ছিলেন। মাতা-পিতার অপ্রকটের পর জগদীশ স্বীয় ভার্য্যা 'দুঃখিনী' ও ভ্রাতা মহেশকে সঙ্গে লইয়া স্বীয় জন্মভূমি পরিত্যাগ করেন এবং গঙ্গাতীরে বাস ও বৈষ্ণবসঙ্গে কাল কাটাইবার জন্য শ্রীমায়াপুরে শ্রীজগন্নাথ মিশ্রের গৃহের নিকট আসিয়া বাস করেন। গৌরসুন্দর জগদীশকে হরিনাম প্রচারের জন্য নীলাচলে যাইতে আদেশ করেন। জগদীশ পণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর আদেশে নীলাচলে নামপ্রচারকালে জগন্নাথদেবের নিকট প্রার্থনা-ফলে জগন্নাথদেবের শ্রীমূর্ত্তি লইয়া আসিয়া আধুনিক চাকদহ-থানার অধীন গঙ্গাতীরস্থ যশড়া-গ্রামে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করেন। প্রবাদ আছে যে, জগদীশ পণ্ডিত পুরুষোত্তম হইতে এই জগন্নাথ-মূর্ত্তি যশড়া-গ্রামে একটী যষ্ঠিতে বহন করিয়া লইয়া আসেন। অদ্যাপি একটী যষ্ঠি জগদীশ পণ্ডিতের 'জগন্নাথবিগ্রহ-আনা যষ্ঠি' বলিয়া যশড়ার সেবায়েত-গণকর্ত্তৃক প্রদর্শিত হইয়া থাকে।

শ্রীগৌর-নিত্যানন্দপ্রভু সপার্ষদে দুইবার যশড়া-গ্রামে আগমনপূর্ব্বক সঙ্কীর্ত্তনবিহার, হরিকথা-কীর্ত্তন ও মহামহোৎসব করিয়াছিলেন বলিয়া কথিত আছে।

জগদীশ পণ্ডিত গৃহস্থ লীলাভিনয় করিয়াছিলেন। তাঁহার একমাত্র পুত্রের নাম 'রামভদ্র গোস্বামী'।

পূর্ব্বে গঙ্গাতীরে বটবৃক্ষের নীচে জগন্নাথ-মূর্ত্তি প্রতিষ্ঠিত ছিলেন; পরে গোয়াড়ী-কৃষ্ণনগরের রাজা-কৃষ্ণচন্দ্র মন্দির প্রস্তুত করাইয়া দেন। কৃষ্ণনগরের রাজার নির্ম্মিত মন্দিরটী জীর্ণ হইলে স্থানীয় উমেশচন্দ্র মজুমদারের সহধর্ম্মিণী মোক্ষদা দাসী ১৩২৪ সালে বর্ত্তমান মন্দিরের সংস্কার করিয়া দেন—একটী প্রস্তর-ফলকে খোদিত রহিয়াছে। সেই মন্দিরটী—চূড়াবিহীন সাধারণ-গৃহাকার। সম্মুখে একটী নাতিবিস্তৃত প্রাঙ্গণ। মন্দিরে শ্রীজগন্নাথ-দেব, শ্রীরাধাবল্লভজীউ ও জগদীশের পত্নী দুঃখিনী-মাতার স্থাপিত গৌরগোপাল-মূর্ত্তি বিরাজিত।

মহাপ্রভু যখন যশড়ার জগদীশের গৃহ পবিত্র করিয়া নীলাচলে গমনোদ্যত হইলেন, তখন দুঃখিনী গৌরসুন্দরের বিরহে অত্যন্ত কাতর হওয়ায় মহাপ্রভু গৌরগোপাল-বিগ্রহরূপে যশড়া-গ্রামে দুঃখিনীর সেবা গ্রহণ করিতে স্বীকৃত হন। তদবধি শ্রীগৌর-গোপাল-বিগ্রহ (পীতবর্ণ দারুময়ী গোপাল-মূর্ত্তি) তথায় সেবিত হইতেছেন।

এ স্থান হইতে গঙ্গা প্রায় এক ক্রোশ দূরে সরিয়া গিয়াছে। যশড়া-গ্রামে কিছুকাল কালনার সিদ্ধ ভগবান্ দাস বাবাজী মহাশয় ভজন করিয়াছিলেন। পরে এই স্থান হইতে বাবাজী মহাশয় কালনায় গিয়া বাস করেন। কালনা হইতেও তিনি এইস্থানে সময় সময় আসিতেন। তখন বিজয়চন্দ্র গোস্বামী মহাশয় শ্রীজগন্নাথদেবের সেবায়েত ছিলেন। শ্রীপাটের বর্ত্তমান সেবায়েত—শ্রীললিতমোহন গোস্বামী। ইঁহারা বাড়ুয্যে; ইঁহাদের মাতুল—গাঙ্গুলী-বংশ্য। গদাধর-নামক জনৈক বৈষ্ণবকবি-রচিত জগদীশ পণ্ডিত গোস্বামীর সূচক-গান অদ্যাপি যশড়া-গ্রামে গীত হইয়া থাকে। গানটীতে অল্পাক্ষরে জগদীশ পণ্ডিতের জীবন-বৃত্তান্ত গ্রথিত আছে। খঞ্জ-ভগবানের পুত্র রঘুনাথাচার্য্য, জগদীশ পণ্ডিত গোস্বামীর শিষ্য ছিলেন।

জগদীশ পণ্ডিতের তিরোভাব-দিন—পৌষী শুক্লা তৃতীয়া। প্রতি বৎসর পৌষী শুক্লা দ্বাদশীতে জগদীশ পণ্ডিতের জন্মোৎসব হয় ও স্নানযাত্রা উপলক্ষে বহুলোক সমবেত হন।

(১৬) ধনঞ্জয় পণ্ডিত (গোপাল-৬) ঃ—

নিত্যানন্দ-প্রিয়ভৃত্য পণ্ডিত ধনঞ্জয়।
অত্যন্ত বিরক্ত, সদা কৃষ্ণপ্রেমময় ॥ ৩১ ॥

অনুভাষ্য

৩১। পণ্ডিত ধনঞ্জয়—ইঁহার নিবাস কাটোয়ার নিকট শীতল-গ্রামে। ইঁনি দ্বাদশ-গোপালের অন্যতম 'বসুদাম'-সখা। গৌঃ গঃ ১২৭—"বসুদামসখা যশ্চ পণ্ডিতঃ শ্রীধনঞ্জয়ঃ।" চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"ধনঞ্জয় পণ্ডিত মহান্ত বিলক্ষণ। যাঁহার হৃদয়ে নিত্যানন্দ অনুক্ষণ।।"

শীতলগ্রাম—বর্দ্ধমান-জেলান্তর্গত মঙ্গলকোট-থানায় ও কৈচর-ডাকঘরের অন্তর্গত। বর্দ্ধমান হইতে কাটোয়া-লাইট্-রেলে কাটোয়া হইতে ৯ মাইল কৈচর-ষ্টেশনে নামিয়া ১ মাইল উত্তর-

(১৭) মহেশ পণ্ডিত (গোপাল-৭) ঃ—

মহেশ পণ্ডিত—ব্রজের উদার গোপাল ।
ঢক্কাবাদ্যে নৃত্য করে প্রেমে মাতোয়াল ॥ ৩২ ॥

(১৮) পুরুষোত্তম পণ্ডিত (গোপাল-৮) ঃ—

নবদ্বীপে পুরুষোত্তম পণ্ডিত মহাশয় ।
নিত্যানন্দ-নামে যাঁর মহোন্মাদ হয় ॥ ৩৩ ॥

অনুভাষ্য

পূর্ব্ব-কোণে। দেবালয়টী খড়ের ঘরের, চারিদিকে মাটির প্রাচীর। বহুকাল পূর্ব্বে 'বাজারবন কাবাশী'-গ্রামের মল্লিকবাবুরা শ্রীবিগ্রহের একটী পাকা গৃহ করিয়া দিয়াছিলেন। ৬৪/৬৫ বৎসর হইল, সে-মন্দির ভাঙ্গিয়া গিয়াছে। প্রাচীন মন্দিরের ভিত্তি এখনও বর্ত্তমান। প্রবেশপথের বামদিকে একটী তুলসীবেদী,—উহাই ধনঞ্জয় পণ্ডিতের সমাধি-বেদী। পশ্চিমদ্বারী গৃহমধ্যে শ্রীধনঞ্জয়-সেবিত শ্রীগোপীনাথ, শ্রীশ্রীনিতাই-গৌর এবং শ্রীদামোদর-বিগ্রহ আছেন। দেবালয় হইতে অল্পদূরে একটী বাগানে শ্রীবিগ্রহ লইয়া গিয়া প্রতিবর্ষে মাঘ-মাসের মাঝামাঝি তিরোভাব-উৎসব হয়। কেহ কেহ বলেন, ধনঞ্জয় পণ্ডিতের প্রকৃত জন্মভূমি—চট্টগ্রাম জেলায় 'জাড়'-গ্রামে। ইঁনি তথা হইতে শীতল-গ্রামে ও সাঁচড়া-পাঁচড়া-গ্রামে শ্রীবিগ্রহ-সেবা প্রকাশ করেন।

কথিত আছে, ইনি কিছুদিন নবদ্বীপে মহাপ্রভুর সহিত সঙ্কীর্ত্তন করিয়া শীতল-গ্রামে প্রত্যাবর্ত্তন করেন এবং তথা হইতে শ্রীবৃন্দাবনধাম-দর্শনে গমন করেন। বৃন্দাবন যাইবার পূর্ব্বে বর্ত্তমান মেমারী-ষ্টেশনের তিন ক্রোশ দক্ষিণে অবস্থিত সাঁচড়াপাঁচড়া-গ্রামে কিছুকাল অবস্থানপূর্ব্বক তথায় স্বীয় সহযাত্রী শিষ্যকে শ্রীসেবা প্রকাশ করিতে অনুমতি দিয়া তিনি বৃন্দাবনে গমন করেন। এজন্য সাঁচড়াপাঁচড়া-গ্রামকেও লোকে "ধনঞ্জয়ের পাট" বলিয়া থাকেন। অধুনা এই গ্রামে ধনঞ্জয় পণ্ডিতের কোন নিদর্শনই নাই; কিন্তু শীতল-গ্রামেই তাঁহার প্রধান শ্রীপাট। বৃন্দাবন হইতে প্রত্যাগমনপূর্ব্বক ইনি জলন্দি-গ্রামে দেবসেবা করেন এবং তথা হইতে পুনরায় শীতলগ্রামে আসিয়া শ্রীগৌরাঙ্গদেবের সেবা প্রকাশ করেন।

শুনা যায়, ধনঞ্জয়ের বংশ নাই। সঞ্জয়-নামে তাঁহার এক ভ্রাতা ছিলেন। ইঁহার পুত্রের নাম—রামকানাই ঠাকুর। সঞ্জয়ের শ্রীপাট—বর্দ্ধমান-জেলার ৪/৫ ক্রোশ পূর্ব্বে লোকনগর ডাক-ঘরের অন্তর্গত জলন্দি-গ্রামে। সঞ্জয়ের বংশধরগণের মধ্যে এক্ষণে শ্রীনীলমণি ঠাকুর ও শ্রীরাখালচন্দ্র ঠাকুর প্রভৃতি এবং দৌহিত্র-সন্তান শ্রীকানাইলাল মুখোপাধ্যায় প্রভৃতি জলন্দি-গ্রামেই বাস করিতেছেন। ঐ স্থানে শ্রীরাধাগোবিন্দের সেবা আছে। বর্ত্তমান বোলপুরের অতি নিকটে মুলুক-গ্রামে উক্ত রামকানাইয়ের শ্রীপাট ; সেবায়েত—শ্রীযুগলকিশোর মুখোপাধ্যায় ও শ্রীগৌর-কিশোর মুখোপাধ্যায় ঐ স্থানে বাস করেন। কেহ কেহ বলেন, সঞ্জয় ধনঞ্জয়ের শিষ্য ছিলেন। শীতল-গ্রামে এক্ষণে যাঁহারা সেবায়েত আছেন, তাঁহারা—ধনঞ্জয় পণ্ডিতের শিষ্যের বংশধর। ধনঞ্জয়-শিষ্য জীবনকৃষ্ণের স্থাপিত প্রাচীন বিগ্রহ শ্রীশ্যামসুন্দর-জীউ এক্ষণে গোপালরায় চৌধুরীর বাটীতে আছেন।

৩২। মহেশ পণ্ডিত—ইঁহার শ্রীপাট বঙ্গাব্দ ১৩৩৪ সালের প্রথম কয়েকমাস পর্য্যন্ত পালপাড়ায় অবস্থিত ছিল। তৎপরে চাকদহের নিকট কাঠালপুলি-গ্রামে স্থানান্তরিত হইয়াছে (গৌড়ীয় ৬ষ্ঠ বর্ষ (খণ্ড), ১৩ সংখ্যায় 'প্রাপ্তপত্র' দ্রষ্টব্য)। ইনি দ্বাদশ-গোপালের অন্যতম 'মহাবাহু' সখা। গৌঃ গঃ ১২৯—"মহেশ-পণ্ডিতঃ শ্রীমন্মহাবাহুর্ব্রজে সখা।" চৈঃ ভাঃ অন্ত্য, ৬ষ্ঠ অঃ—"মহেশ পণ্ডিত অতি পরম মহান্ত।।"

পালপাড়া—নদীয়া-জেলায় ই, বি, আর লাইনের চাকদহ-ষ্টেশন হইতে একমাইল দক্ষিণে জঙ্গলের মধ্যে অবস্থিত। গঙ্গা এস্থান হইতে দূরে। পূর্ব্বে জিরাটের পূর্ব্বপারে মসিপুর বা যশীপুর (?) নামক স্থানে মহেশ পণ্ডিতের বাস ছিল। কিন্তু মসিপুর গঙ্গাগর্ভগত হওয়ায় সেস্থান হইতে সুখসাগরের নিকটবর্ত্তী বেলেডাঙ্গায় মহেশ পণ্ডিতের প্রতিষ্ঠিত শ্রীবিগ্রহ কিছুকাল ছিলেন, পরে গঙ্গার ভাঙ্গনে বেলেডাঙ্গারও ধ্বংস হইলে পালপাড়ার জমিদার নবকুমার চট্টোপাধ্যায় সেই শ্রীবিগ্রহ তদানীন্তন সেবায়েত বাবাজী রামকৃষ্ণদাসকে বলিয়া পালপাড়ায় আনয়ন করেন ও তথায় মন্দির নির্ম্মাণ করিয়া দেন। নবকুমার বাবুর পুত্র রজনীবাবু ১৮৮৩ খৃষ্টাব্দে মন্দিরের জমিগুলি হরে-কৃষ্ণদাস বাবাজীকে রেজিষ্ট্রী করিয়া দেন। তদবধি 'পালপাড়া-পাট' নাম চলিয়া আসিতেছে। পালপাড়া—পাঁচনগর-পরগণার অন্তর্গত। বেলেডাঙ্গা, বেরিগ্রাম, সুখসাগর, চান্দুড়ে, মনসাপোতা, পালপাড়া প্রভৃতি চৌদ্দটী মৌজা পাঁচনগরে থাকায় উহাকে কেহ কেহ 'নাগরদেশ' বলেন। কাহারও কাহারও মতে, এই মহেশ পণ্ডিত যশড়া-শ্রীপাটের জগদীশ পণ্ডিতের কনিষ্ঠ ভ্রাতা। তাঁহারা বলেন যে, জগদীশ, হিরণ্য ও এই মহেশ পণ্ডিত—তিনভ্রাতা ছিলেন। জগদীশ—জ্যেষ্ঠ, হিরণ্য—মধ্যম ও মহেশ—কনিষ্ঠ। এই মহেশ পণ্ডিতই শ্রীজগদীশের ভ্রাতা কি না, এ বিষয়ে প্রামাণিক গ্রন্থে উল্লেখ না থাকায় ইহার সত্যতা সন্দেহার্হ।

শ্রীমহেশ পণ্ডিত শ্রীনিত্যানন্দের সহিত পাণিহাটী-মহোৎসবে উপস্থিত ছিলেন ও উৎসবের পর শ্রীনিত্যানন্দ-সঙ্গে সপ্তগ্রামে গিয়াছিলেন। ভক্তিরত্নাকর ৮ম তরঙ্গে দেখা যায় যে, শ্রীনরোত্তম ঠাকুর যখন খড়দহে আগমন করিয়াছিলেন, তখন শ্রীমহেশ পণ্ডিত সেইস্থানে উপস্থিত ছিলেন।

(১৯) বলরামদাস ঃ—

বলরামদাস—কৃষ্ণপ্রেমরসাস্বাদী ।
নিত্যানন্দ-নামে হয় পরম উন্মাদী ॥ ৩৪ ॥

(২০) যদুনাথ কবিচন্দ্র ঃ—

মহাভাগবত যদুনাথ কবিচন্দ্র ।
যাঁহার হৃদয়ে নৃত্য করে নিত্যানন্দ ॥ ৩৫ ॥

অনুভাষ্য

শ্রীপাটের মন্দিরটী সামান্য গৃহাকারে বর্ত্তমান। জীর্ণ মন্দিরে শ্রীগৌরনিত্যানন্দ-শ্রীমূর্ত্তি, শ্রীগোপীনাথ, শ্রীমদনমোহন, শ্রীরাধা-গোবিন্দ ও শালগ্রাম বিরাজিত। মন্দিরের সম্মুখে মহেশ পণ্ডিতের ফুলসমাজ-বেদী। এখন ভিক্ষাদ্বারাই সেবা-নির্ব্বাহ হইয়া থাকে। স্থানীয় শ্রীকালীকৃষ্ণ চক্রবর্ত্তী বার্ষিক ২৫্ টাকা করিয়া সাহায্য করেন। শ্রীমহেশ পণ্ডিতের কোন বংশাবলী বর্ত্তমান নাই। বর্ত্তমান সেবায়েত—শ্রীসনাতনদাস বাবাজী।

৩৩। পুরুষোত্তম পণ্ডিত—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"পণ্ডিত পুরুষোত্তম নবদ্বীপে জন্ম। নিত্যানন্দস্বরূপের মহাভৃত্য মর্ম্ম।।" ইনি দ্বাদশ-গোপালের অন্যতম 'স্তোককৃষ্ণ'। গৌঃ গঃ ১৩০ শ্লোক—"স্তোককৃষ্ণঃ সখা প্রাগ্ যো দাসঃ শ্রীপুরুষোত্তমঃ।" কেহ বলেন, ইঁহারই শ্রীপাট—সুখসাগরে।

৩৪। বলরাম দাস—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"প্রেমরসে মহামত্ত বলরামদাস। যাঁহার বাতাসে সব পাপ যায় নাশ।।"

৩৫। যদুনাথ কবিচন্দ্র—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"যদুনাথ কবিচন্দ্র—প্রেমরসময়। নিরবধি নিত্যানন্দ যাঁহার হৃদয়।।" ঐ মধ্য, ১ম অঃ—"রত্নগর্ভ আচার্য্য বিখ্যাত যাঁর নাম। নিত্যানন্দ-প্রভুর বাপের সঙ্গী, জন্ম—একগ্রাম।। তিন পুত্র—তাঁর কৃষ্ণপদ-মকরন্দ। কৃষ্ণানন্দ, জীব, যদুনাথ কবিচন্দ্র।।"

৩৬। কৃষ্ণদাস—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"রাঢ়ে জন্ম মহাশয় বিপ্র কৃষ্ণদাস। নিত্যানন্দ-পরিষদে যাঁহার বিলাস।।"

৩৭। কালা কৃষ্ণদাস—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"প্রসিদ্ধ কালিয়া কৃষ্ণদাস ত্রিভুবনে। গৌরচন্দ্র লভ্য হয় যাঁহার স্মরণে।।" গৌঃ গঃ ১৩২—"কালঃ শ্রীকৃষ্ণদাসঃ স যো লবঙ্গঃ সখা ব্রজে।" ইনি দ্বাদশগোপালের অন্যতম 'লবঙ্গ' সখা। ইঁহার শ্রীপাট 'আকাইহাট'-গ্রাম—বর্দ্ধমান-জেলায় কাটোয়া-থানা ও ডাকঘরের অন্তর্গত এবং কাটোয়া হইতে 'নবদ্বীপ-কাটোয়া' রাজপথের ধারে অবস্থিত। ই, আই, আর, লাইনে ব্যাণ্ডেল-জংসন হইতে কাটোয়া-ষ্টেশনে নামিয়া দুই মাইল, অথবা কাটোয়ার পূর্ব্ব ষ্টেশন দাঁইহাটে নামিয়া প্রায় এক মাইল পথ। আকাইহাট-গ্রামটী অতীব ক্ষুদ্র বলিয়া লোকজনের বাস বিরল। শ্রীপাট অধুনা শ্রীহীন। কালা-কৃষ্ণদাস ঠাকুরের সমাধি-মন্দিরটী কড়িকাঠ ভাঙ্গিয়া চাপা

(২১) দ্বিজ কৃষ্ণদাস ঃ—

রাঢ়ে যাঁর জন্ম কৃষ্ণদাস দ্বিজবর ।
শ্রীনিত্যানন্দের তেঁহো পরম কিঙ্কর ॥ ৩৬ ॥

(২২) কালাকৃষ্ণদাস (গোপাল-৯) ঃ—

কালা-কৃষ্ণদাস বড় বৈষ্ণবপ্রধান ।
নিত্যানন্দ-চন্দ্র বিনা নাহি জানে আন ॥ ৩৭ ॥

অনুভাষ্য

পড়িয়াছে। রাস্তা হইতে আম্রবাগানের মধ্য দিয়া যাইলে সম্মুখে একটী ভগ্ন কুঠুরি দেখা যায়। কুঠুরির মধ্যে শ্রীবিগ্রহের শূন্য বেদী এবং কুঠুরির পূর্ব্ব-দক্ষিণকোণে একটী খড়ের চালা, তাহার মধ্যে সেবায়েতগণের সমাজ। বর্ত্তমান সেবায়েত—হরেরামদাস বাবাজী। দক্ষিণে একটী পুষ্করিণী—ইহাই "নূপুরকুণ্ড"। প্রবাদ, এই পুষ্করিণীতে শ্রীখণ্ডের মুকুন্দাত্মজ রঘুনন্দন ঠাকুরের, কাহারও মতে, নিত্যানন্দপ্রভুর নূপুর পতিত হইয়াছিল। শুনা যায়, ঐ নূপুর এবং আকাইহাট-শ্রীপাটের শ্রীরাধাবল্লভ ও শ্রীগোপাল-জীউ, আকাইহাট হইতে তিনক্রোশ দূরে কড়ুই-গ্রামে মহান্ত বাটীতে অদ্যাপি আছেন। ১২০০ সালের হস্তাক্ষর-লিখিত একখানি শ্রীচৈতন্যভাগবত এবং ১১৭১ সালের লিখিত একখানি শ্রীচরিতামৃত আছে। চৈত্রমাসে কৃষ্ণদ্বাদশী—বারুণীর দিবস—এখানে শ্রীকালাকৃষ্ণদাস ঠাকুরের তিরোভাব-উৎসব সম্পন্ন হয়।

পাবনা-জেলান্তর্গত সুপ্রসিদ্ধ বেড়াবন্দরের প্রায় তিন মাইল পশ্চিমে ইচ্ছামতী-নদীর উত্তর-তীরে সোনাতলা-গ্রামনিবাসী 'গোস্বামী' মহাশয়গণের মতে,—কালাকৃষ্ণদাস ঠাকুর—বরেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণকুলোদ্ভূত ভরদ্বাজ-গোত্র এবং ভাদড়-গ্রামী। আকাই-হাট হইতে কালাকৃষ্ণদাস ঠাকুর হরিনাম প্রচার উপলক্ষে পাবনা আগমন করেন। যে-স্থানে তিনি আশ্রম করেন, সেই মাঠে এখনও গৃহাদির ভগ্ন চিহ্ন আছে। পরে এই স্থানে তাঁহার জ্ঞাতিগণও আগমন করেন। আকাইহাটে বারেন্দ্র-ব্রাহ্মণ না থাকায় তিনি এই দেশেই বিবাহ করেন এবং কিছুদিন পরে তিনি পুনরায় আকাইহাটে ও শ্রীবৃন্দাবনে গমন করেন।

সোনাতলা-গ্রামে অবস্থানকালে তাঁহার 'শ্রীমোহনদাস'-নামে এক পুত্র জন্মে ; তাঁহাকে মাতুলালয়ে সোনাতলা বা ভাদুটী-মথুরাপুর-গ্রামে রাখিয়া এবং সমুদয় সম্পত্তি তাঁহাকে প্রদান করিয়া তিনি সস্ত্রীক শ্রীবৃন্দাবনে গমন করেন। শ্রীবৃন্দাবনেও তাঁহার গৌরাঙ্গদাস-নামে আর এক পুত্র জন্মে। শ্রীবৃন্দাবনে জন্মহেতু গৌরাঙ্গদাসের অপর নাম বৃন্দাবনদাস। পরে জ্যেষ্ঠপুত্র মোহনদাসের নিকট তাঁহাকেও পাঠাইয়া দেন এবং সম্পত্তির ছয়আনা অংশ লইতে আদেশ করেন। গৌরাঙ্গদাস শ্রীবৃন্দাবনের শ্রীগোবিন্দজীউর অনুরূপ শ্রীকালাচাঁদ-বিগ্রহ প্রকাশপূর্ব্বক জ্যেষ্ঠ-ভ্রাতার সহিত সেবা করিতে থাকেন।

(২৩) সদাশিব কবিরাজ, (২৪) পুরুষোত্তম (গোপাল-১০) ঃ—

শ্রীসদাশিব কবিরাজ—বড় মহাশয় ।
শ্রীপুরুষোত্তমদাস—তাঁহার তনয় ॥ ৩৮ ॥

'নাগর' পুরুষোত্তম ঃ—

আজন্ম নিমগ্ন নিত্যানন্দের চরণে ।
নিরন্তর বাল্যলীলা করে কৃষ্ণ-সনে ॥ ৩৯ ॥

(২৫) কানু ঠাকুর ঃ—

তাঁর পুত্র—মহাশয় শ্রীকানু ঠাকুর ।
যাঁর দেহে রহে কৃষ্ণ-প্রেমামৃতপূর ॥ ৪০ ॥

(২৬) উদ্ধারণ ঠাকুর (গোপাল-১১) ঃ—

মহাভাগবত-শ্রেষ্ঠ দত্ত উদ্ধারণ ।
সর্ব্বভাবে সেবে নিত্যানন্দের চরণ ॥ ৪১ ॥

অনুভাষ্য

কালা-কৃষ্ণদাস ঠাকুরের শ্রীবিজয়গোবিন্দ গোস্বামিপ্রমুখ বংশধরগণ পাবনা-জেলায় সোনাতলা প্রভৃতি স্থানে আজও বর্ত্তমান।

সোনাতলা-গ্রামস্থিত আশ্রমবাটীর ভিটা, মন্দিরের ইট এবং পুষ্করিণীর ঘাট এখনও দেখা যায়। এখানকার শ্রীবিগ্রহ—শ্রীকালাচাঁদজীউ পালাক্রমে কালাকৃষ্ণদাসের বংশধরগণের দ্বারাই সেবিত হন। এস্থানে অগ্রহায়ণ-মাসে কৃষ্ণা দ্বাদশীতে কালাকৃষ্ণ-দাস ঠাকুরের তিরোভাব-উৎসব হয়।

৩৮-৩৯। সদাশিব কবিরাজ ও নাগর পুরুষোত্তম—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"সদাশিব কবিরাজ মহাভাগ্যবান্। যাঁর পুত্র শ্রীপুরুষোত্তম দাস নাম।। বাহ্য নাহি পুরুষোত্তম দাসের শরীরে। নিত্যানন্দচন্দ্র যাঁর হৃদয়ে বিহরে।।" গৌঃ গঃ ১৫৬—"পুরা চন্দ্রাবলী যাসীদ্ ব্রজে কৃষ্ণপ্রিয়া পরা। অধুনা গৌড়দেশে সা কবিরাজঃ সদাশিবঃ।।" ১৩১ শ্লোক—"সদাশিবসুতো নাম্না নাগরঃ পুরুষোত্তমঃ। বৈদ্যবংশোদ্ভবো নাম্না দামা যোবল্লবো ব্রজে।।" সদাশিব কবিরাজের পিতা কংসারি সেন—কৃষ্ণলীলায় ব্রজের 'রত্নাবলী' সখী। কেহ বলেন, কংসারি সেনের নিবাস—ই, আই, আর, লাইনে গুপ্তিপাড়ায়, কিন্তু অধুনা তাহার কোন চিহ্ন তথায় দেখিতে পাওয়া যায় না। যাহা হউক, ইঁহাদের ন্যায় চারি পুরুষ ধরিয়া সিদ্ধ গৌরভক্ত অন্যত্র বিরল।

শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট পূর্ব্বে চাকদহ ও শিমুরালি-ষ্টেশন হইতে সমদূরবর্ত্তী সুখসাগরে ছিল। প্রথমে বেলেডাঙ্গা-গ্রাম ধ্বংস হইলে, সুখসাগরে শ্রীপুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ-সকল আনীত হন। পরে তাহাও গঙ্গাগর্ভজাত হইলে ঐ স্থানে শ্রীজাহ্নবা-মাতার যে গাদি ছিল, সেই গাদির শ্রীবিগ্রহগণের সহিত পুরুষোত্তম ঠাকুরেরও শ্রীবিগ্রহ সাহেবডাঙ্গা বেড়িগ্রামে আনীত হন। বেড়িগ্রামও ধ্বংস হইলে জাহ্নবা-মাতার গাদির শ্রীবিগ্রহ-সমূহের সহিত পুরুষোত্তম ঠাকুরের শ্রীবিগ্রহ প্রায় পঞ্চাশ বৎসর যাবৎ চান্দুড়ে-গ্রামে বিরাজ করিতেছেন।

ভাগীরতী-তীরে চান্দুড়ে-গ্রাম—নদীয়া-জেলার অন্তর্গত ও চাকদহ-থানার অধীন এবং ই, বি, আর, লাইনে 'সিমুরালি'-ষ্টেশন হইতে এক মাইল দূরে এবং 'পালপাড়া' হইতে এক মাইল পথ।

পুরাতন সুখসাগর নদীগর্ভজাত হওয়ায় নূতন সুখসাগর এই চান্দুড়ে-গ্রাম হইতে ৩/৪ মাইল দূরে কালীগঞ্জের দক্ষিণে অবস্থিত।

শ্রীনিত্যানন্দ প্রভুর জামাতা—শ্রীমতী গঙ্গাদেবীর ভর্ত্তা—জিরাট-নিবাসী শ্রীমাধবাচার্য্য (মাধব চট্টোপাধ্যায়) কাহারও মতে শ্রীনিত্যানন্দ প্রভুর, কাহারও মতে শ্রীজাহ্নবাদেবীর এবং কাহারও মতে এই পুরুষোত্তম ঠাকুরের শিষ্য ছিলেন। 'বৈষ্ণব-বন্দনা'-লেখক শ্রীদেবকীনন্দন দাস যে ইঁহারই শিষ্য ছিলেন, তদ্বিষয়ে 'বৈষ্ণব-বন্দনা'য় স্পষ্ট উল্লেখ আছে।

বর্ত্তমান মন্দিরটী মৃন্ময়-প্রাচীরযুক্ত একটী খড়ের গৃহ। মন্দিরগৃহে শ্রীজগন্নাথ, বলরাম, সুভদ্রা, নিতাই-গৌর—দুই দুইটী বিগ্রহ, গোপীনাথ, জাহ্নবা-মাতা, বালগোপাল, রাধাগোবিন্দ—পাঁচটী যুগল, রেবতী ও বলরাম এবং শালগ্রাম বিরাজিত। ইঁহার মধ্যে কয়েকটী শ্রীমূর্ত্তি পুরুষোত্তম ঠাকুরের প্রতিষ্ঠিত, আর বাকী শ্রীমূর্ত্তি জাহ্নবাদেবীর গাদির,—কেহ কেহ এইরূপ বলিয়া থাকেন। এই শ্রীপাটটী 'বসু-জাহ্নবা'র শ্রীপাট নামেও খ্যাত। চাঁন্দুড়ে-শ্রীপাটের নিম্নলিখিত সেবায়েত মহান্তগণের নাম পাওয়া যায়,—(১) গোপালদাস মহান্ত, (২) রামকৃষ্ণ, (৩) বিহারিদাস, (৪) রামদাস, (৫) গোপালদাস ও (৬) বর্ত্তমান বৃদ্ধ সেবায়েত—সীতানাথ দাস।

৪০। কানু ঠাকুর—কেহ কেহ ইঁহাকে দ্বাদশগোপালের অন্যতম বলেন। ইঁহার নিবাস—বোধখানা। ই, বি, আর, সেণ্ট্রাল সেক্সনে 'ঝিকরগাছা-ঘাট' ষ্টেশনে নামিয়া কপোতাক্ষ-নদ দিয়া নৌকাপথে অথবা স্থলপথে ২ বা ২৷৷০ মাইল দূরে শ্রীপাট বোধখানা।

ঠাকুর কানাইর উর্দ্ধতন চতুর্থপুরুষ শ্রীকংসারি সেনের নাম 'সম্বরারি'। দেবকীনন্দন বৈষ্ণব-বন্দনায় ঠাকুর কানাইর উর্দ্ধতন চারি পুরুষের নামোল্লেখ করিয়াছেন,—

"শ্রীকংসারি সেন বন্দোঁ সেন শ্রীবল্লভ। সদাশিব কবিরাজ বন্দোঁ এক মনে। নিরন্তর প্রেমোন্মাদ, বাহ্য নাহি জানে। ইষ্টদেব

অনুভাষ্য

বন্দোঁ শ্রীপুরুষোত্তম নাম। কে কহিতে পারে তাঁর গুণ অনুপাম।।"

সদাশিবের পুত্র পুরুষোত্তম ঠাকুর। পুরুষোত্তম ঠাকুরের পুত্রই কানুঠাকুর। কানুঠাকুরের বংশীয়গণ পুরুষোত্তম ঠাকুরকে 'নাগর পুরুষোত্তম' হইতে পৃথক্ ব্যক্তি বলিয়া থাকেন। তাঁহারা বলেন, 'দাস-পুরুষোত্তম' বলিয়া যিনি গৌরগণোদ্দেশে উল্লিখিত হইয়াছেন এবং যিনি ব্রজলীলায় 'স্তোককৃষ্ণ', তিনিই কানুঠাকুরের পিতা কিন্তু গৌরগণোদ্দেশে,—বৈদ্যবংশোদ্ভুত সদাশিবের পুত্র পুরুষোত্তমই 'নাগর পুরুষোত্তম' বলিয়া লিখিত হইয়াছে। এই নাগর-পুরুষোত্তম ব্রজলীলায় 'দাম'-নামক সখা। কানুঠাকুরের বংশীয়গণের মধ্যে এইরূপ কিংবদন্তী চলিত আছে যে, গঙ্গার পূর্ব্বতীরে 'সুখসাগর' নামক-গ্রামে পুরুষোত্তম ঠাকুরের বাস ছিল। পুরুষোত্তমের পত্নীর নাম 'জাহ্নবা' ছিল। ঠাকুর কানাই-এর আবির্ভাবের পরেই জাহ্নবা অপ্রকট হন। নিত্যানন্দ প্রভু পুরুষোত্তম ঠাকুরের পত্নী-বিয়োগ-বার্ত্তা জানিতে পারিয়া পুরুষোত্তমের গৃহে আগমন করেন এবং দ্বাদশ বর্ষের শিশুকে স্বীয় ভবন খড়দহে লইয়া যান।

কানুঠাকুরের বংশীয়গণের মতানুসারে ১৪৫৭ শকে, বাং ৯৪২ সালে আষাঢ়ী শুক্ল-দ্বিতীয়ায় বৃহস্পতিবারে রথযাত্রার দিনে ঠাকুর কানাই আবির্ভূত হইয়াছেন। শিশুকাল হইতে ঠাকুরের কৃষ্ণভক্তি-পরায়ণতা দেখিয়া নিত্যানন্দপ্রভু তাঁহার নাম 'শিশুকৃষ্ণদাস' রাখিয়াছিলেন।

শিশু কৃষ্ণদাস পঞ্চম বর্ষে ঈশ্বরী জাহ্নবা-মাতার সহিত শ্রীবৃন্দাবন-ধামে গমন করেন। শ্রীজীব গোস্বামিপ্রমুখ ব্রজবাসিগণ শিশুকৃষ্ণদাসের ভাবাদি-দর্শনে তাঁহাকে 'ঠাকুর কানাই' নাম প্রদান করেন। জনশ্রুতি আছে যে, বৃন্দাবনে ঠাকুর কানাই যখন কীর্ত্তনানন্দে বিহ্বল হইয়া নৃত্য করিতেছিলেন, তখন তাঁহার দক্ষিণ পদের একটী নূপুর পদ হইতে অন্তর্হিত হইয়া যায়। ঠাকুর কানাই তখন বলেন,—'যে-স্থানে এই নূপুর পতিত হইয়াছে, আমি সেই স্থানে বাস করিব।' যশোহর-জেলায় 'বোধখানা'-নামক গ্রামে ঐ নূপুর পতিত হইয়াছিল বলিয়া শুনা যায়, তদবধি ঠাকুর কানাইর বোধখানা আসিয়া বাস।

ইঁহাদের বংশ-পরম্পরায় আর একটী জনশ্রুতি আছে যে, শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের কয়েকশত বর্ষপূর্ব্বে সদাশিবের কোন পূর্ব্বপুরুষ-কর্ত্তৃক 'প্রাণবল্লভ' বিগ্রহ সেবিত হইয়া আসিতেছেন। এই 'প্রাণবল্লভ' এখনও বোধখানায় সেবিত হইতেছেন।

'বর্গীর হাঙ্গামা'র সময় ঠাকুর কানাইয়ের জ্যেষ্ঠ পুত্রের সন্তানগণ-ভিন্ন বংশীবদনপ্রমুখ অন্য পুত্রগণ বোধখানা ত্যাগ করিয়া পলায়ন করেন এবং নদীয়া-জেলার অন্তর্গত 'ভাজনঘাট'-নামক গ্রামে গিয়া বাস করেন। ঠাকুর কানাইয়ের কনিষ্ঠ সন্তানগণের মধ্যে 'হরিকৃষ্ণ গোস্বামী' নামে জনৈক ব্যক্তি 'বর্গীর হাঙ্গামা' মিটিবার পর বোধখানায় আসেন। ইনি 'প্রাণবল্লভ' নামে আর একটী নূতন বিগ্রহ স্থাপন করেন। এখনও বোধখানা-গ্রামে ঠাকুর কানাইর জ্যেষ্ঠ সন্তানের বংশ্যগণের মধ্যে প্রাচীন "শ্রীপ্রাণবল্লভে"র এবং কনিষ্ঠ পুত্রের বংশ্যগণের মধ্যে নূতন-প্রতিষ্ঠিত 'প্রাণবল্লভে'র সেবা হইতেছে। ভাজনঘাটে "শ্রীরাধাবল্লভ" বিগ্রহ সেবিত হইতেছেন। প্রেমবিলাস-গ্রন্থে দৃষ্ট হয় যে, কানুঠাকুর খেতরির উৎসবে জাহ্নবা-দেবী ও বীরভদ্রপ্রভুর সহিত তথায় উপস্থিত ছিলেন।

পুরুষোত্তম ঠাকুর ও কানু ঠাকুরের বহু শৌক্র-ব্রাহ্মণ শিষ্য ছিল। পুরুষোত্তম ঠাকুরের শৌক্র-ব্রাহ্মণ শিষ্যগণের মধ্যে প্রধান চারিজনের নাম এইরূপ উল্লিখিত আছে,—

"তস্য প্রিয়তমাঃ শিষ্যাশ্চত্বারো ব্রাহ্মণোত্তমাঃ। শ্রীমুখো মাধবাচার্য্যো যাদবাচার্য্য-পণ্ডিতঃ।। দৈবকীনন্দন-দাসঃ প্রখ্যাতো গৌড়মণ্ডলে। যেনৈব রচিতা পুস্তী শ্রীমদ্বৈষ্ণব-বন্দনা।।" এই মাধবাচার্য্য—শ্রীনিত্যানন্দপ্রভুর কন্যা গঙ্গাদেবীর স্বামী। পুরুষোত্তমের প্রতিষ্ঠিত শ্রীবিগ্রহসমূহ সুখসাগর-গ্রাম ধ্বংসের পর চান্দুড়িয়ায় আনীত হইয়া বর্ত্তমানে জিরাটের গঙ্গা-বংশ্যগণের তত্ত্বাবধানে তাঁহার অন্যান্য বিগ্রহের সহিত সেবিত হইতেছেন। পুরুষোত্তম ঠাকুরের শ্রীপাট "বসু-জাহ্নবার" শ্রীপাট নামেও অভিহিত।

কানু ঠাকুরের শিষ্যগণ মেদিনীপুর-জেলায় শিলাবতী-নদীর ধারে গড়বেতা-নামক গ্রামে বাস করেন। সামবেদীয় কৌথুমী-শাখার রাঢ়ীশ্রেণীয় 'শ্রীরাম' নামক একটী ব্রাহ্মণ কানাই ঠাকুরের প্রসিদ্ধ শিষ্য ছিলেন।

৪১। উদ্ধারণ দত্ত—গৌঃ গঃ ১২৯ শ্লোক—"সুবাহুর্যো ব্রজে গোপো দত্তউদ্ধারণাখ্যকঃ।" ইঁহার নিবাস—হুগলী-জেলার অন্তর্গত ত্রিশবিঘা-ষ্টেশনের নিকটবর্ত্তী সরস্বতী-নদীর তটস্থিত 'সপ্তগ্রামে'। পূর্ব্বে 'সপ্তগ্রাম' বলিতে বাসুদেবপুর, বাঁশবেড়িয়া, কৃষ্ণপুর, নিত্যানন্দপুর, শিবপুর, শঙ্খনগর ও সপ্তগ্রাম—ইহাদের সমষ্টি বুঝাইত। চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"উদ্ধারণ দত্ত মহা-বৈষ্ণব উদার। নিত্যানন্দ-সেবায় যাঁহার অধিকার।।" অন্ত্য, ৫ম অঃ—"কতদিন থাকি' নিত্যানন্দ খড়দহে। সপ্তগ্রাম আইলেন সর্ব্বগণ সহে।। উদ্ধারণ দত্ত ভাগ্যবন্তের মন্দিরে। রহিলেন প্রভুবর ত্রিবেণীর তীরে।। কায়মনোবাক্যে নিত্যানন্দের চরণ। ভজিলেন অকৈতবে দত্ত উদ্ধারণ।। যতেক বণিককুল উদ্ধারণ হৈতে। পবিত্র হইল, দ্বিধা নাহিক ইহাতে।।" ইনি শৌক্র সুবর্ণ-বণিক-কুলোদ্ভুত।

(২৭) বৈষ্ণবানন্দ আচার্য্য ঃ—

আচার্য্য বৈষ্ণবানন্দ ভক্তি-অধিকারী ।
পূর্ব্বে নাম ছিল যাঁর 'রঘুনাথ পুরী' ॥ ৪২ ॥

(২৮) বিষ্ণুদাস, নন্দন, গঙ্গাদাস—ভ্রাতৃত্রয় ঃ—

বিষ্ণুদাস, নন্দন, গঙ্গাদাস,—তিন ভাই ।
পূর্ব্বে যাঁর ঘরে ছিলা ঠাকুর নিতাই ॥ ৪৩ ॥

(২৯) পরমানন্দ উপাধ্যায়, (৩০) জীবপণ্ডিত ঃ—

নিত্যানন্দভৃত্য—পরমানন্দ উপাধ্যায় ।
শ্রীজীব পণ্ডিত নিত্যানন্দ-গুণ গায় ॥ ৪৪ ॥

(৩১) পরমানন্দ গুপ্ত ঃ—

পরমানন্দ গুপ্ত—কৃষ্ণভক্ত মহামতি ।
পূর্ব্বে যাঁর ঘরে নিত্যানন্দের বসতি ॥ ৪৫ ॥

(৩২) নারায়ণ, (৩৩) কৃষ্ণদাস, (৩৪) মনোহর, (৩৫) দেবানন্দ ঃ—

নারায়ণ, কৃষ্ণদাস, আর মনোহর ।
দেবানন্দ—চারি ভাই নিতাই-কিঙ্কর ॥ ৪৬ ॥

(৩৬) হোড় কৃষ্ণদাস ঃ—

হোড় কৃষ্ণদাস—নিত্যানন্দপ্রভু-প্রাণ ।
শ্রীনিত্যানন্দ-পদ বিনা নাহি জানে আন ॥ ৪৭ ॥

অনুভাষ্য

সপ্তগ্রামে শ্রীউদ্ধারণ ঠাকুরের প্রতিষ্ঠিত ও স্বহস্ত-সেবিত মহাপ্রভুর ষড়্ভুজ-মূর্ত্তি। তাঁহার দক্ষিণে শ্রীনিত্যানন্দ ও বামে শ্রীগদাধর বিরাজিত। শ্রীরাধাগোবিন্দ-মূর্ত্তি, শ্রীশালগ্রাম ও সিংহাসন-বেদীর নিম্নে শ্রীউদ্ধারণ ঠাকুর মহাশয়ের আলেখ্য অর্চ্চিত হইতেছেন। বর্ত্তমান শ্রীমন্দিরের সম্মুখে একটী বৃহৎ নাটমন্দির। নাটমন্দিরের প্রতিস্তম্ভে স্মৃতিরক্ষক প্রস্তরফলকে মন্দির-নির্ম্মাতা ও শ্রীপাটের সংস্কারকগণের নাম খোদিত রহিয়াছে। নাটমন্দিরের সম্মুখেই একটী সুশীতল ছায়াপূর্ণ মাধবী-মণ্ডপ। মাধবী-মণ্ডপের দুইপার্শ্বে দুইটী স্তম্ভ—একটীতে উদ্ধারণ ঠাকুর মহাশয়ের আলেখ্য ও অপরটীতে প্রস্তর-ফলকে চতুর্যুগের চারিটী তারকব্রহ্মনাম খোদিত রহিয়াছে।

১২৮৩ সালে নিতাইদাস বাবাজী-নামক জনৈক ভিক্ষু শ্রীপাটের জন্য ১২ বিঘা জমি সংগ্রহ করেন। তৎপর কাহারও কাহারও বিশেষ চেষ্টায় শ্রীপাটের সেবা কিছুদিন চলিলেও ক্রমশঃ সেবার বিশৃঙ্খলা উপস্থিত হয়। পরে ১৩০৬ সালে হুগলীর ভূতপূর্ব্ব সাবজজ্ বলরাম মল্লিক ও কলিকাতা-নিবাসী বহু ধনী সুবর্ণবণিকের সমবেত চেষ্টায় সম্প্রতি শ্রীপাটের সেবার কিছু পরিপাট্য দেখা যায়।

অর্দ্ধশতাব্দী পূর্ব্বে একটী ভগ্ন কুটীরে হুগলী-বালি-নিবাসী পরলোকগত জগমোহন দত্ত-প্রতিষ্ঠিত শ্রীল উদ্ধারণ ঠাকুরের দারুময়ী শ্রীমূর্ত্তি বিরাজিত ছিলেন। সেই শ্রীমূর্ত্তি এখন সপ্তগ্রাম-শ্রীপাটে নাই। তাঁহার আলেখ্যই এখন পূজিত হইতেছেন। অনুসন্ধানে শুনা গেল, উদ্ধারণ ঠাকুরের পূর্ব্বের শ্রীমূর্ত্তি এখন হুগলী-বালি-নিবাসী শ্রীমদন দত্ত মহাশয়ের বাড়ীতে এবং ঠাকুরের সেবিত শ্রীশালগ্রাম ঐ গ্রামে শ্রীনাথ দত্তের গৃহে আছেন।

ঠাকুর উদ্ধারণ কাটোয়া হইতে ১॥০ মাইল উত্তরে 'নৈহাটী'-গ্রামের রাজার দেওয়ান ছিলেন। দাঁইহাট-ষ্টেশনের নিকট অদ্যাপি ঐ রাজবংশ্যগণের প্রাসাদের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। ঠাকুর রাজকার্য্য উপলক্ষে যে স্থানে বাস করিতেন, তাহা আজও 'উদ্ধারণপুর' নামে অভিহিত। ঠাকুরের প্রতিষ্ঠিত এখানকার শ্রীনিতাইগৌর-বিগ্রহ বনওয়ারীবাদের রাজধানীতে নীত হইয়াছেন বলিয়া কথিত। এই স্থানের মন্দিরের পশ্চিমে, (কাহারও মতে, বৃন্দাবনে) ঠাকুরের সমাধি বর্ত্তমান। কাহারও মতে, ঠাকুরের পিতার নাম—শ্রীকর, মাতার নাম—ভদ্রাবতী এবং পুত্রের নাম—শ্রীনিবাস।

৪২। বৈষ্ণবানন্দ আচার্য্য—চৈঃ ভাঃ—"আচার্য্য বৈষ্ণবানন্দ পরম উদার। পূর্ব্বে 'রঘুনাথপুরী'-নাম খ্যাতি যাঁর।।" গৌঃ গঃ ৯৭—রঘুনাথপুরীকে অষ্টপুরীর নামোল্লেখে অণিমাদি অষ্ট-সিদ্ধির অন্যতম নিরূপণ করিয়াছেন।

৪৩। বিষ্ণুদাস, নন্দন ও গঙ্গাদাস—ইঁহারা তিনভাই—নবদ্বীপবাসী ভট্টাচার্য্য। বিষ্ণুদাস ও গঙ্গাদাস, নীলাচলে মহাপ্রভুর নিকট কিছুদিন ছিলেন। (আদি, ১০ পঃ ১৫১ সংখ্যা) নন্দনাচার্য্যের গৃহে মহাপ্রভু ও অদ্বৈতপ্রভু লুকাইয়া ছিলেন। নবদ্বীপে আসিয়া শ্রীনিত্যানন্দপ্রভুও কিছুদিন বাস করেন। চৈঃ ভাঃ অন্ত্য ষষ্ঠ অঃ—"চতুর্ভুজ পণ্ডিত-নন্দন গঙ্গাদাস। পূর্ব্বে যাঁর ঘরে নিত্যানন্দের বিলাস।।"

৪৪। পরমানন্দ উপাধ্যায়—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"পরমানন্দ উপাধ্যায়—বৈষ্ণব একান্ত।"

শ্রীজীব পণ্ডিত—নিত্যানন্দপিতা হাড়াই ওঝার বাল্যবন্ধু রত্নগর্ভ আচার্য্যের মধ্যমপুত্র। চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"মহা-ভাগ্যবন্ত জীবপণ্ডিত উদার। যাঁর ঘরে নিত্যানন্দচন্দ্রের বিহার।।" ইনি ব্রজের ইন্দিরা—গৌঃ গঃ ১৬৯ শ্লোক।

৪৫। পরমানন্দ গুপ্ত—চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ—"প্রসিদ্ধ পরমানন্দ গুপ্ত মহাশয়। পূর্ব্বে যাঁর ঘরে নিত্যানন্দের আলয়।।" গৌঃ গঃ ১৯৪ ও ১৯৯ শ্লোক—ইনি ব্রজের মঞ্জুমেধা—"পরমানন্দ-গুপ্তো যৎকৃতা কৃষ্ণস্তবাবলী।"

৪৬। নারায়ণ, কৃষ্ণদাস, মনোহর ও দেবানন্দ—চৈঃ ভাঃ

(৩৭) নকড়ি, (৩৮) মুকুন্দ, (৩৯) সূর্য্য, (৪০) মাধব, (৪১) শ্রীধর, (গোপাল-১২), (৪২) রামানন্দ, (৪৩) জগন্নাথ, (৪৪) মহীধর ঃ—

নকড়ি, মুকুন্দ, সূর্য্য, মাধব, শ্রীধর।
রামানন্দ বসু, জগন্নাথ, মহীধর ॥ ৪৮ ॥

(৪৫) শ্রীমন্ত, (৪৬) গোকুলদাস, (৪৭) হরিহরানন্দ, (৪৮) শিবাই, (৪৯) নন্দাই, (৫০) পরমানন্দ ঃ—

শ্রীমন্ত, গোকুলদাস, হরিহরানন্দ।
শিবাই, নন্দাই, অবধূত পরমানন্দ ॥ ৪৯ ॥

(৫১) বসন্ত, (৫২) নবনী, (৫৩) গোপাল, (৫৪) সনাতন, (৫৫) বিষ্ণাই, (৫৬) কৃষ্ণানন্দ, (৫৭) সুলোচন ঃ—

বসন্ত, নবনী হোড়, গোপাল, সনাতন।
বিষ্ণাই হাজরা, কৃষ্ণানন্দ, সুলোচন ॥ ৫০ ॥

(৫৮) কংসারি, (৫৯) রামসেন, (৬০) রামচন্দ্র, (৬১) গোবিন্দ, (৬২) শ্রীরঙ্গ, (৬৩) মুকুন্দ ঃ—

কংসারি সেন, রামসেন, রামচন্দ্র কবিরাজ।
গোবিন্দ, শ্রীরঙ্গ, মুকুন্দ, তিন কবিরাজ ॥ ৫১ ॥

(৬৪) পীতাম্বর, (৬৫) মাধবাচার্য্য, (৬৬) দামোদর, (৬৭) শঙ্কর, (৬৮) মুকুন্দ, (৬৯) জ্ঞানদাস, (৭০) মনোহর ঃ—

পীতাম্বর, মাধবাচার্য্য, দাস দামোদর।
শঙ্কর, মুকুন্দ, জ্ঞানদাস, মনোহর ॥ ৫২ ॥

(৭১) গোপাল, (৭২) রামভদ্র, (৭৩) গৌরাঙ্গদাস, (৭৪) নৃসিংহচৈতন্য, (৭৫) মীনকেতন ঃ—

নর্ত্তক গোপাল, রামভদ্র, গৌরাঙ্গদাস।
নৃসিংহচৈতন্য, মীনকেতন রামদাস ॥ ৫৩ ॥

(৭৬) শ্রীঠাকুর বৃন্দাবনদাস ঃ—

বৃন্দাবনদাস—নারায়ণীর নন্দন।
'চৈতন্য-মঙ্গল' যেঁহো করিল রচন ॥ ৫৪ ॥

ব্যাসদেবকর্ত্তৃক শ্রীমদ্ভাগবতে কৃষ্ণলীলা ও চৈতন্যভাগবতে গৌরলীলা-বর্ণন ঃ—

ভাগবতে কৃষ্ণলীলা বর্ণিলা বেদব্যাস।
চৈতন্য-লীলাতে ব্যাস—বৃন্দাবনদাস ॥ ৫৫ ॥

অনুভাষ্য

অন্ত্য, ষষ্ঠ অঃ—"কৃষ্ণদাস, দেবানন্দ—দুই শুদ্ধমতি। নিত্যানন্দপ্রিয় 'মনোহর','নারায়ণ'। 'কৃষ্ণদাস', 'দেবানন্দ'—এই চারিজন।।"

৪৭। হোড় কৃষ্ণদাস—"বড়গাছি-নিবাসী সুকৃতি কৃষ্ণদাস। যাঁহার মন্দিরে নিত্যানন্দের বিলাস।।" এবং বড়গাছির মাহাত্ম্য (চৈঃ ভাঃ অন্ত্য, ষষ্ঠ অঃ)—নবনী হোড় দ্রষ্টব্য।

৫০। নবনী হোড়—বড়গাছি-নিবাসী হরি হোড়ের পুত্র রাজা কৃষ্ণদাস হোড়। বড়গাছি (বহিরগাছি)—ই, বি, আর, লালগোলা-ঘাট লাইনে মুড়াগাছা-ষ্টেশন হইতে দুই মাইল দূরে,—ধর্ম্মদহের অপরপারে 'গুড়গুড়ে'-খালের তীরে অবস্থিত। ইঁহার নিকটবর্ত্তী শালিগ্রামে রাজা কৃষ্ণদাসের উদ্‌যোগে শ্রীনিত্যানন্দ প্রভুর বিবাহ হয় (ভক্তিরত্নাকর ১২ তরঙ্গ)। 'রুকুণপুর' বহিরগাছি হইতে কিছুদূরে অবস্থিত। তাঁহার পুত্র নবনী হোড়। ইঁহার বংশ্যগণ এক্ষণে রুকুণপুরে আছেন। ইঁহারা শৌক্রদক্ষিণ-রাঢ়ীয় কায়স্থ, ব্রহ্মসংস্কারবিশিষ্ট থাকিয়া সর্ব্ববর্ণের দীক্ষাপ্রদান-কার্য্য করিয়া থাকেন। বড়গাছিতে পূর্ব্বকালে গঙ্গা ছিল, এক্ষণে উহা 'কাল্‌শির খাল' নামে খ্যাত।

কৃষ্ণানন্দ—৩৫ সংখ্যা দ্রষ্টব্য।

৫১। কংসারি সেন—ইনি ব্রজের 'রত্নাবলী'। গৌঃ গঃ ১৯৪ ও ২০০ শ্লোক এবং 'সদাশিব কবিরাজ' (আঃ ১১।৩৮) দ্রষ্টব্য।

রামচন্দ্র কবিরাজ—খণ্ডবাসী চিরঞ্জীবের ও সুনন্দার পুত্র ও শ্রীনিবাসাচার্য্যের শিষ্য এবং ঠাকুর নরোত্তমের প্রিয়বন্ধু। ঠাকুর নরোত্তম ইঁহার সঙ্গ জন্মে জন্মে প্রার্থনা করিয়াছেন। ইঁহার কনিষ্ঠ ভ্রাতা গোবিন্দ কবিরাজ। ইঁহার কৃষ্ণভক্তি-দর্শনে শ্রীজীব গোস্বামিপ্রভু বৃন্দাবনে ইঁহাকে 'কবিরাজ' নাম প্রদান করেন। ইঁনি আজন্ম সংসারে বিরাগী এবং ঠাকুর মহাশয় ও শ্রীনিবাসাচার্য্য প্রভুর প্রচার ও ভজনের প্রধান ও প্রিয়তম সঙ্গী ছিলেন। ইঁনি প্রথমে শ্রীখণ্ডে, পরে ভাগীরথীতীরে 'কুমারনগরে' আসিয়া বাস করেন (ভক্তিরত্নাকর দ্রষ্টব্য)।

গোবিন্দ কবিরাজ—খণ্ডবাসী চিরঞ্জীবের কনিষ্ঠ পুত্র এবং রামচন্দ্র কবিরাজের ভ্রাতা। ইনি প্রথমে শাক্ত ছিলেন ; পরে শ্রীনিবাসাচার্য্যপ্রভুর নিকট দীক্ষিত হন। ইনি প্রথমে শ্রীখণ্ডে, পরে কুমারনগরে, পরে পদ্মার দক্ষিণ তীরে "তেলিয়া বুধরি" গ্রামে আসিয়া বাস করেন। ইঁহার কবিত্ব-দর্শনে ইঁহাকেও শ্রীজীব গোস্বামিপ্রভু 'কবিরাজ' নাম প্রদান করেন। ইঁনি "সঙ্গীতমাধব" নাটক ও "গীতামৃত" প্রভৃতি গ্রন্থের প্রণেতা (ভক্তিরত্নাকর নবম তরঙ্গ দ্রষ্টব্য)।

৫৩। মীনকেতন রামদাস—গৌঃ গঃ ৬৮ শ্লোক—"মীনকেতন-রামাদির্ব্যূহঃ সঙ্কর্ষণোঽপরঃ।।"*

** শ্রীমীননিকেতন রামদাস (শ্রীকৃষ্ণের) আদিব্যূহ-বলদেবের অপর রূপ সঙ্কর্ষণ (অর্থাৎ শ্রীনিত্যানন্দাভিন্ন-বিগ্রহ)।*

বীরভদ্রগোসাঞি-শাখা—সর্ব্বশ্রেষ্ঠ ঃ—

সর্ব্বশাখা-শ্রেষ্ঠ বীরভদ্র গোসাঞি ।
তাঁর উপশাখা যত, তার অন্ত নাহি ॥ ৫৬ ॥

অসংখ্য নিত্যানন্দগণ ঃ—

অনন্ত নিত্যানন্দগণ—কে করু গণন ।
আত্মপবিত্রতা-হেতু লিখিলাঙ কত জন ॥ ৫৭ ॥

তাঁহাদের কৃষ্ণপ্রেমদানে জগদুদ্ধার ঃ—

এই সর্ব্বশাখা পূর্ণ—পক্ক প্রেমফলে ।
যারে দেখে, তারে দিয়া ভাসাইল সকলে ॥ ৫৮ ॥

তাঁহাদের অব্যবহিত কৃষ্ণপ্রীতি-চেষ্টা ঃ—

অনর্গল প্রেম সবার, চেষ্টা অনর্গল ।
প্রেম দিতে, কৃষ্ণ দিতে সবে ধরে মহাবল ॥ ৫৯ ॥
সংক্ষেপে কহিলাঙ এই নিত্যানন্দগণ ।
যাঁহার অবধি না পায় 'সহস্রবদন' ॥ ৬০ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৬১ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে নিত্যানন্দ-স্কন্ধ-শাখাবর্ণনং নাম একাদশ-পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

৫৪। বৃন্দাবন দাস—গৌঃ গঃ ১০৯—"বেদব্যাসো য এবাসীদ্দাসো বৃন্দাবনোঽধুনা। সখা যঃ কুসুমাপীড়ঃ কার্য্যতস্তং তমাবিশৎ।।"* ইনি শ্রীবাসের ভ্রাতৃসুতা নারায়ণীর পুত্র এবং 'চৈতন্যভাগবতে'র লেখক। ভাষ্যকারকৃত চৈতন্যভাগবতের ভূমিকায় "ঠাকুরের জীবনী" শীর্ষক প্রবন্ধ দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে একাদশ পরিচ্ছেদ।

দ্বাদশ পরিচ্ছেদ

কথাসার—এই দ্বাদশ পরিচ্ছেদে অদ্বৈতপ্রভুর শাখাসকল বর্ণন করিয়া তন্মধ্যে শ্রীঅচ্যুতানন্দের মতানুযায়ী বৈষ্ণবগণকে 'সারগ্রাহী' এবং অপর সকলকে 'অসার' বলিয়া নির্দ্দেশ করিলেন। অবশেষে শ্রীগদাধর পণ্ডিত-গোস্বামীর শাখা বর্ণন করিয়া এই পরিচ্ছেদ সমাপ্ত করিয়াছেন। মধ্যে শ্রীঅদ্বৈতনন্দন গোপাল মিশ্র এবং অদ্বৈতদাস কমলাকান্ত বিশ্বাসের আখ্যায়িকা-দ্বয় বর্ণিত হইয়াছে। প্রথম জীবনে গুণ্ডিচা-মন্দির সংস্কার-সময়ে শ্রীগোপালের প্রেমমূর্চ্ছা এবং শ্রীমহাপ্রভু কৃপায় মূর্চ্ছাভঙ্গ বর্ণিত হইয়াছে। আচার্য্যকিঙ্কর কমলাকান্ত বিশ্বাস রাজা প্রতাপরুদ্রের নিকট অদ্বৈতপ্রভুর ঋণশোধের জন্য তিনশত টাকা ভিক্ষা করেন; তাহা জানিতে পারিয়া মহাপ্রভু ঐ বাউলিয়া বিশ্বাসকে দণ্ডপ্রদান-পূর্ব্বক অদ্বৈতাচার্য্যের অনুরোধে শোধন করেন। (অঃ প্রঃ ভাঃ)

সারগ্রাহী ও অসারগ্রাহি-ভেদে দ্বিবিধ অদ্বৈতদাসগণ ঃ

অদ্বৈতাঙ্ঘ্র্যব্জভৃঙ্গাংস্তান্ সারাসারভৃতোঽখিলান্ ।
হিত্বাঽসারান্ সারভৃতো নৌমি চৈতন্যজীবনান্ ॥ ১ ॥
জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য ।
জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈত ধন্য ॥ ২ ॥

গৌরভক্ত সারগ্রাহী অদ্বৈতদাসগণের বন্দনা ঃ—

শ্রীচৈতন্যামরতরোর্দ্বিতীয়স্কন্ধরূপিণঃ ।
শ্রীমদদ্বৈতচন্দ্রস্য শাখারূপান্ গণান্নুমঃ ॥ ৩ ॥
বৃক্ষের দ্বিতীয় স্কন্ধ—আচার্য্য গোসাঞি ।
তাঁর যত শাখা হইল, তার লেখা নাঞি ॥ ৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। শ্রীঅদ্বৈতপ্রভুর অনুগতজন দুইপ্রকার, অর্থাৎ 'সারগ্রাহী' ও 'অসারবাহী'। তন্মধ্যে অসারবাহিদিগকে পরিত্যাগ করিয়া সমস্ত সারগ্রাহী চৈতন্যদাসদিগকে প্রণাম করি।

৩। শ্রীচৈতন্যাখ্য অমরতরুর দ্বিতীয়স্কন্ধরূপী অদ্বৈতপ্রভুর শাখাস্বরূপ গণসকলকে নমস্কার করি।

অনুভাষ্য

১। সারাসারভৃতঃ (সারঃ অদ্বৈতানুগো গৌরহরিজনঃ, অসারঃ তদনুগাভিমানী গৌরহরি-বিমুখজনঃ, তৌ বিভ্রতীতি তান্) অখিলান্ (সর্ব্বান্) অদ্বৈতাঙ্ঘ্র্যব্জভৃঙ্গান্ (অদ্বৈতস্য অঙ্ঘ্রী এব অব্জে তয়োঃ ভৃঙ্গান্ ভ্রমরান্ অদ্বৈতসেবকান্) [মত্বা] অসারান্ (তদনুগপ্রায়ান্ শুদ্ধভক্তিরহিতান্ মায়াবাদিনঃ) হিত্বা (ত্যক্ত্বা) চৈতন্যজীবানান্ (চৈতন্য এব জীবনং যেষাং তান্ গৌরপ্রাণান্) সারভৃতঃ (সারগ্রাহিণঃ ভাগবতান্) নৌমি (নমস্করোমি)।

৩। শ্রীচৈতন্যামরতরোঃ (গৌরামরবৃক্ষস্য) দ্বিতীয়স্কন্ধ-

* *শ্রীবেদব্যাসই অধুনা শ্রীবৃন্দাবনদাস ঠাকুর। কুসুমাপীড়-নামক সখা তাঁহাতে কার্য্যবশতঃ প্রবিষ্ট হইয়াছেন।*

গৌরকৃপায় সারগ্রাহী অদ্বৈতদাসগণেরই বিস্তার ঃ—

চৈতন্য-মালীর কৃপাজলের সেচনে।
সেই জলে পুষ্ট স্কন্ধ বাড়ে দিনে দিনে ॥ ৫ ॥
তেঁহো তোমার সাধ্য-সাধন করিবে নিশ্চয় ।
সাক্ষাৎ ঈশ্বর তেঁহো,—নাহিক সংশয় ॥" ১৩ ॥

প্রভুর নিকট স্বপ্নবৃত্তান্ত-বর্ণন ঃ—

স্বপ্ন দেখি' মিশ্র আসি' প্রভুর চরণে ।
স্বপ্নের বৃত্তান্ত সব কৈল নিবেদনে ॥ ১৪ ॥

প্রভুর হরিনামকেই সাধ্য-সাধনরূপে কীর্ত্তন ঃ—

প্রভু তুষ্ট হঞা সাধ্য-সাধন কহিল ।
'নাম-সঙ্কীর্ত্তন কর',—উপদেশ কৈল ॥ ১৫ ॥

তাঁহাকে কাশীগমনে আদেশ ঃ—

তাঁর ইচ্ছা,—"প্রভুসঙ্গে নবদ্বীপে বসি' ।
প্রভু আজ্ঞা দিল,—"তুমি যাও বারাণসী ॥ ১৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬। পণ্ডিতদিগকে সর্ব্বশাস্ত্রে পরাজয় করিলেও তাঁহার বিনয়ভঙ্গী-কৌশলে পণ্ডিতদিগের দুঃখ হয় না।

১০। সাধ্য-সাধন—সাধনদ্বারা যাহা সাধিত হয়, তাহার নাম 'সাধ্য' ; সাধ্যবস্তু যে-উপায় অবলম্বন করিলে পাওয়া যায়, তাহার নাম 'সাধন'।

অনুভাষ্য

৪। কৈশোর—একাদশবর্ষ হইতে পঞ্চদশ-বর্ষমিতকাল কিশোর, তদ্ভাবান্বিত।

১১। (ভাঃ ৭।১৩।৮)—"** গ্রন্থান্ নৈবাভ্যসেদ্বহূন্। ন ব্যাখ্যামুপযুঞ্জীত **" অর্থাৎ বহু গ্রন্থকলাভ্যাস করিবে না বা শাস্ত্রব্যাখ্যা-জীবী হইবে না—চরমকল্যাণার্থীর (ভগবদ্-ভজনেচ্ছুর) সর্ব্বাগ্রে এই প্রলোভন পরিত্যাজ্য—ভঃ রঃ সিঃ পূর্ব্ব, ২ লঃ। (ভাঃ ১১।২১।৩০, ৩৬)—"এবং পুষ্পিতয়া বাচা ব্যাক্ষিপ্তমনসাং নৃণাম্। মানিনাঞ্চাতিলুব্ধানাং মদ্বার্ত্তাপি ন রোচতে।। শব্দব্রহ্ম-সুদুর্ব্বোধং প্রাণেন্দ্রিয়মনোময়ম্। অনন্তপারং গম্ভীরং দুর্ব্বিগাহ্যং সমুদ্রবৎ।।" অর্থাৎ কর্ম্ম ও জ্ঞানকাণ্ডপোষক শাস্ত্রবিপণীকারগণের নিষ্কাম-ভগবদ্ভক্তি-বিরোধী, মধুপুষ্পিত (মনোহর) এবং মাৎসর্য্য ও ফলভোগ-তাৎপর্য্যময় বাক্যসমূহ শ্রবণ বা পাঠ করিবার ফলে অনভিজ্ঞ তরলমতি কোমলশ্রদ্ধ ব্যক্তিগণ জীবের নিত্যসাধন ও নিত্যসাধ্য কৃষ্ণভক্তি ও কৃষ্ণপ্রেমার পরম মহিমা ও সৌন্দর্য্য বুঝিতে না পারিয়া অনাদি-

অমৃতপ্রবাহ ভাষ্য

১১-১৩। শাস্ত্র অনেক। ঐ ঐ শাস্ত্রে যাহাকে 'সাধ্য' ও যাহাকে 'সাধন' বলিয়া নির্ণয় করা হইয়াছে, তাহা পৃথক্ পৃথক্ দেখা যায়। বহু শাস্ত্র পড়িতে গেলে,—কোন্ সাধ্য শ্রেষ্ঠ, কোন্ সাধন শ্রেষ্ঠ,—তাহা স্থির করিতে না পারিয়া চিত্তে ভ্রম হয়। তপনমিশ্রের চিত্তে এরূপ ভ্রম হওয়ায় নিমাইপণ্ডিতের নিকট যাইতে ও তাঁহার নিকট সাধ্য-সাধন নিশ্চয় করিয়া লইতে স্বপ্নাদেশ হইয়াছিল। মিশ্রকে স্বপ্নে আরও বলিয়াছিল যে, 'নিমাই পণ্ডিত যে সাক্ষাৎ ঈশ্বর, তাহাতে কোন সংশয় করিও না।'

১৫। প্রভু কহিলেন,—অভেদ-ব্রহ্মজ্ঞান বা স্বর্গাদি-ভুক্তি—জীবের সাধ্যবস্তু নয় ; কৃষ্ণপ্রেমই জীবের একমাত্র সাধ্যবস্তু। কর্ম্ম ও জ্ঞান,—ইহারা উক্ত সাধ্যবস্তু-প্রাপ্তির সাধন বা উপায় নহে। শুদ্ধা কৃষ্ণনামাশ্রয়া ভক্তিই সাধ্যবস্তু পাইবার একমাত্র উপায়।

অনুভাষ্য

বহির্ম্মুখতা-নিবন্ধন অতিসহজেই কর্ম্মী ও জ্ঞানীর আনুগত্য স্বীকার করিয়া জীবের নির্ম্মৎসর হিতৈষী শুদ্ধকৃষ্ণভক্তের প্রসাদলাভে বঞ্চিত হয়। সুতরাং ভক্ত্যুন্মুখী সুকৃতির অভাবে একমাত্র নিত্যকল্যাণ-পথ শুদ্ধভক্তি হইতে সুদূরে বিক্ষিপ্ত হইয়া অবশেষে অশেষ দুর্গতি এবং দুর্দ্দশার চরমসীমায় উপনীত হয়। যে-সময় শ্রীগৌরসুন্দর বারাণসী-ধামে শ্রীসনাতন গোস্বামী প্রভুর প্রশ্নের উত্তরে সাধ্য-সাধনতত্ত্ব কীর্ত্তন করিয়াছিলেন, তৎকালে

তাঁহা আমা-সঙ্গে তোমার হবে দরশন।"
আজ্ঞা পাঞা মিশ্র কৈল কাশীতে গমন ॥ ১৭ ॥

ভাবিকালে কাশীতে প্রভু-সেবা সৌভাগ্য এবং শ্রীসনাতনের প্রশ্নে প্রভুর শ্রীমুখে সাধ্য-সাধন-তত্ত্বের পূর্ণ-মীমাংসা-শ্রবণ-সৌভাগ্য ঃ—

প্রভুর অনন্ত-লীলা বুঝিতে না পারি।
স্বসঙ্গ ছাড়াঞা কেনে পাঠান কাশীপুরী ॥ ১৮ ॥

পূর্ব্ববঙ্গবাসী সকলেরই মঙ্গল ঃ—

এই মত বঙ্গের লোকের কৈল সবার হিত।
'নাম' দিয়া ভক্ত কৈল, পড়াঞা পণ্ডিত ॥ ১৯ ॥
এই মত বঙ্গে প্রভু করে নানা লীলা।
এথা নবদ্বীপে লক্ষ্মী বিরহে দুঃখী হৈলা ॥ ২০ ॥

প্রভুর বিচ্ছেদ-কালসর্প-দংশনে লক্ষ্মীর অপ্রাকট্য ঃ—

প্রভুর বিরহ-সর্প লক্ষ্মীরে দংশিল।
বিরহ-সর্প-বিষে তাঁর পরলোক হৈল ॥ ২১ ॥

অন্তর্যামী প্রভুর দেশে প্রত্যাবর্ত্তন ঃ—

অন্তরে জানিলা প্রভু, যাতে অন্তর্যামী।
দেশেরে আইলা প্রভু শচী-দুঃখ জানি' ॥ ২২ ॥

প্রভু-মুখে তত্ত্বজ্ঞান-শ্রবণে শচীর দুঃখ-লাঘব ঃ—

ঘরে আইলা প্রভু বহু লঞা ধন-জন।
তত্ত্ব কহি' কৈল শচীর দুঃখ বিমোচন ॥ ২৩ ॥

প্রভুর বিদ্যাবিলাস ঃ—

শিষ্যগণ লঞা পুনঃ বিদ্যার বিলাস।
বিদ্যা-বলে সবা জিনি' ঔদ্ধত্য প্রকাশ ॥ ২৪ ॥

রাজপণ্ডিত সনাতন-কন্যা শ্রীবিষ্ণুপ্রিয়ার সহিত বিবাহ ও কেশব-কাশ্মীরীর পরাজয় ঃ—

তবে বিষ্ণুপ্রিয়া-ঠাকুরাণীর পরিণয়।
তবে ত' করিল প্রভু দিগ্বিজয়ী জয় ॥ ২৫ ॥

ঠাকুর বৃন্দাবনদাসকে সম্মান-দান ঃ—

বৃন্দাবন-দাস ইহা করিয়াছেন বিস্তার।
স্ফুট নাহি করে দোষ-গুণের বিচার ॥ ২৬ ॥

কেশব-কাশ্মীরীর শ্লোকের দোষগুণ-বিচার ঃ—

সেই অংশ কহি, তাঁরে করি' নমস্কার।
যা' শুনি' দিগ্বিজয়ী কৈল আপনা ধিক্কার ॥ ২৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯। নাম দিয়া অর্থাৎ "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।।"—এই কৃষ্ণনাম দিয়া বঙ্গবাসিগণকে ভক্ত করিলেন এবং শাস্ত্র পড়াইয়া অনেককে পণ্ডিত করিলেন।

২১। প্রভুর বিচ্ছেদক্লেশ সর্পমূর্ত্তি ধারণ করিয়া লক্ষ্মীকে দংশন করিলে তিনি পরলোক অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ লোকরূপ স্বীয় বৈকুণ্ঠধামে গমন করিলেন।

অনুভাষ্য

তপনমিশ্র তথায় উপস্থিত থাকিয়া উহা শ্রবণ করিয়া স্বীয় সংশয়ের মীমাংসা প্রাপ্ত হন। নানা শাস্ত্র ও নানা গুরুব্রুবের আনুগত্য-স্বীকারকারী অবোধ জীবের মঙ্গলের জন্য মহাপ্রভু স্বভক্ত তপনমিশ্রের চরিত্রে (এই সংশয়-মীমাংসাদ্বারা) শিক্ষা দিলেন।

২৫। দিগ্বিজয়ী—কাশ্মীর-দেশীয় 'কেশব' নামক পণ্ডিত। ইনি তৎকালে ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থানে নিজ-প্রতিভাদ্বারা পণ্ডিতগণকে জয় করিবার মানসে বহির্গত হইয়া অবশেষে গৌড়দেশে নবদ্বীপে উপস্থিত হইয়া শ্রীগৌরসুন্দরের নিকট পরাজিত হইবার পর শ্রীমন্মহাপ্রভুর তত্ত্ব অবগত হইয়া নিম্বার্ক-সম্প্রদায়ে ভগবদ্ভজনের জন্য প্রবেশ করেন। তিনি নিম্বার্ক-রচিত বেদান্ত-দর্শনের 'পারিজাত'- ভাষ্যের টীকাকার শ্রীনিবাসাচার্য্যের

অমৃতপ্রবাহ ভাষ্য

২৩। তত্ত্ব কহি' পাঠান্তরে 'তত্ত্বজালে—"কে কস্য পতি-পুত্রাদ্যাঃ" অর্থাৎ কে কাহার পতি, কে কাহার পুত্র, কে কাহার পত্নী' এইরূপ তত্ত্বজ্ঞানরূপ জাল বিস্তার করিয়া শচীর দুঃখ বিমোচন করিলেন।

২৫। দিগ্বিজয়ী—কাশ্মীর-দেশীয় 'কেশব-মিশ্র'-নামক পণ্ডিত। তিনি মহাপ্রভুর নিকট শিক্ষিত হইবার পর শ্রীনিম্বাদিত্যের সম্প্রদায়ে আচার্য্যত্ব লাভ করিয়া তৎকৃত বেদান্ত-পারিজাতাদি ভাষ্যের টিপ্পনী করিয়াছেন।

অনুভাষ্য

'বেদান্ত-কৌস্তুভ' টীকার 'কৌস্তুভপ্রভা' নাম্নী টিপ্পনী রচনা করিয়াছেন। ভক্তিরত্নাকরে দ্বাদশতরঙ্গে—"নিম্বাদিত্যের শিষ্য-পরম্পরা—১। শ্রীনিবাসাচার্য্য, ২। বিশ্বাচার্য্য, ৩। পুরুষোত্তম, ৪। বিলাস, ৫। স্বরূপ, ৬। মাধব, ৭। বলভদ্র, ৮। পদ্ম, ৯। শ্যাম, ১০। গোপাল, ১১। কৃপা, ১২। দেবাচার্য্য, ১৩। সুন্দরভট্ট, ১৪। পদ্মনাভ, ১৫। উপেন্দ্র, ১৬। রামচন্দ্র, ১৭। বামন, ১৮। কৃষ্ণ, ১৯। পদ্মাকর, ২০। শ্রবণ, ২১। ভুরি, ২২। মাধব, ২৩। শ্যাম, ২৪। গোপাল, ২৫। বলভদ্র, ২৬। গোপীনাথ, ২৭। কেশব, ২৮। গোকুল, ২৯। কেশব কাশ্মীরী। (ঐ ভঃ রঃ) "সরস্বতী-দেবীর করিয়া মন্ত্র জপ। হৈল সর্ব্ব বিদ্যাস্ফূর্ত্তি বাড়িল প্রতাপ।। সর্ব্বদিশা জয় করি' 'দিগ্বিজয়ী' খ্যাতি। কাশ্মীর-দেশস্থ

দিগ্বিজয়ী-পরাজয়-বৃত্তান্ত ; দিগ্বিজয়ীর আগমন ঃ—

জ্যোৎস্নাবতী রাত্রি, প্রভু শিষ্যগণ সঙ্গে ।
বসিয়াছেন গঙ্গাতীরে বিদ্যার প্রসঙ্গে ॥ ২৮ ॥
হেনকালে দিগ্বিজয়ী তাহাঁই আইলা ।
গঙ্গারে বন্দন করি' প্রভুরে মিলিলা ॥ ২৯ ॥

প্রভুর মানদ ধর্ম্ম ঃ—

বসাইলা তারে প্রভু আদর করিয়া ।
দিগ্বিজয়ী কহে মনে অবজ্ঞা করিয়া ॥ ৩০ ॥

দিগ্বিজয়ীর অভিমানমূলে প্রভুকে তাচ্ছিল্য-প্রদর্শন ঃ—

"ব্যাকরণ পড়াহ, নিমাঞি পণ্ডিত—তোমার নাম ।
বাল্যশাস্ত্রে লোকে তোমার কহে গুণগ্রাম ॥ ৩১ ॥
ব্যাকরণ-মধ্যে, জানি, পড়াহ কলাপ ।
শুনিলুঁ ফাঁকিতে তোমার শিষ্যের সংলাপ ॥" ৩২ ॥

প্রভুর দৈন্যোক্তি ও গঙ্গার স্তব করিতে অনুরোধ ঃ—

প্রভু কহে,—"ব্যাকরণ পড়াই—অভিমান করি ।
শিষ্যেতে না বুঝে, আমি বুঝাইতে নারি ॥ ৩৩ ॥
কাঁহা তুমি সর্ব্বশাস্ত্রে কবিত্বে প্রবীণ ।
কাহাঁ আমি সবে শিশু—পড়ুয়া নবীন ॥ ৩৪ ॥
তোমার কবিত্ব কিছু শুনিতে হয় মন ।
কৃপা করি' কর যদি গঙ্গার বর্ণন ॥" ৩৫ ॥

দিগ্বিজয়ীর শতশ্লোকে গঙ্গার স্তব-বর্ণন ঃ—

শুনিয়া ব্রাহ্মণ গর্ব্বে বর্ণিতে লাগিলা ।
ঘটী একে শত শ্লোক গঙ্গার বর্ণিলা ॥ ৩৬ ॥

প্রভু-কর্ত্তৃক প্রশংসা ও মান-দান ঃ—

শুনিয়া কহিল প্রভু বহুত সৎকার ।
"তোমা-সম পৃথিবীতে কবি নাহি আর ॥ ৩৭ ॥
তোমার কবিতা-শ্লোক বুঝিতে কার শক্তি ।
তুমি ভাল জান অর্থ কিংবা সরস্বতী ॥ ৩৮ ॥

স্তবমধ্যে একটী শ্লোক ব্যাখ্যা করিতে অনুরোধ ঃ—

এক শ্লোকের অর্থ যদি কর নিজ-মুখে ।
শুনি' সব লোক তবে পায় বড়সুখে ॥" ৩৯ ॥

অলৌকিক শ্রুতিধর প্রভুর শতশ্লোকের মধ্য হইতে
এক শ্লোক-আবৃত্তি ঃ—

তবে দিগ্বিজয়ী ব্যাখ্যার শ্লোক পুছিল ।
শত-শ্লোকের এক শ্লোক প্রভু ত' পড়িল ॥ ৪০ ॥

কেশব-কাশ্মীরীর গঙ্গা-মাহাত্ম্য-শ্লোক ঃ—
দিগ্বিজয়ি-বাক্য—

মহত্ত্বং গঙ্গায়াঃ সততমিদমাভাতি নিতরাং
যদেষা শ্রীবিষ্ণোশ্চরণকমলোৎপত্তিসুভগা ।
দ্বিতীয়-শ্রীলক্ষ্মীরিব সুরনরৈরর্চ্চ্যচরণা
ভবানীভর্ত্তুর্যা শিরসি বিভবত্যদ্ভুতগুণা ॥ ৪১ ॥

"এই শ্লোকের অর্থ কর"—প্রভু যদি কহিল ।
বিস্মিত হঞা দিগ্বিজয়ী প্রভুকে পুছিল ॥ ৪২ ॥

প্রভুর স্মৃতিশক্তি-দর্শনে দিগ্বিজয়ীর বিস্ময় ও জিজ্ঞাসা ঃ—

ঝঞ্ঝাবাত-প্রায় আমি শ্লোক পড়িল ।
তার মধ্যে শ্লোক তুমি কৈছে কণ্ঠে কৈল ॥ ৪৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩২। তুমি 'কলাপ'-নামক ব্যাকরণ পড়াইয়া থাক এবং তোমার শিষ্যদিগের ব্যাকরণের ফাঁকিতে অর্থাৎ জটিল প্রশ্ন-বিষয়ে সংলাপ অর্থাৎ বিশেষ আলাপ থাকে, তাহা শুনিয়াছি।

৩৬। ঘটী একে—এক ঘটিকার মধ্যে।

অনুভাষ্য

অতি শিষ্ট বিপ্রজাতি।। সর্ব্ব ত্যাগ করি' প্রভু-আজ্ঞায় চলিলা। ** বর্ণি লীলাভোগ 'লঘুকেশব' নামেতে।।" বৈষ্ণব-মঞ্জুষা (১ম সংখ্যা) দ্রষ্টব্য।

৩১। বাল্যশাস্ত্র—ব্যাকরণ ; যেহেতু সর্ব্বশাস্ত্রের অধ্যয়নের পূর্ব্বে ভাষাজ্ঞানের জন্য ব্যাকরণ-শাস্ত্রে অধ্যাপনা হইবার নিয়মই প্রচলিত।

৪১। গঙ্গায়াঃ ইদং মহত্ত্বং সততং (নিত্যং) নিতরাং (নিঃসংশয়েন) আভাতি (প্রকাশতে) ; যৎ (যস্মাৎ) এষা (গঙ্গা) শ্রীবিষ্ণোশ্চরণকমলোৎপত্তিসুভগা (শ্রীবিষ্ণোশ্চরণকমলাভ্যাং ভগবৎপাদপদ্মাভ্যাং উৎপত্তিঃ সৃষ্টিঃ, তয়া সুশোভনং ভগং

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৭। করিল সৎকার—সম্মান করিলেন।

৩৮। কিবা—কিংবা, অথবা।

৪০। কোন্ শ্লোকটী ব্যাখ্যা করিতে হইবে, জিজ্ঞাসা করিলেন।

৪১। এই গঙ্গাদেবীর মহত্ত্ব সর্ব্বদা দেদীপ্যমান, যেহেতু ইনি অতি সৌভাগ্যবতী। ইনি শ্রীবিষ্ণু-চরণ-কমল হইতে উৎপন্ন হইয়াছেন, আর ইনি লক্ষ্মীদেবীর দ্বিতীয় স্বরূপের ন্যায় সুরনরগণদ্বারা অর্চ্চিত-চরণ হইয়াছেন। ইনি অদ্ভুত-গুণবতী, ভবানীস্বামী মহাদেবের উপর প্রভাব প্রাপ্ত হইয়াছেন।

অনুভাষ্য

ঐশ্বর্য্যং যস্যাঃ সা) দ্বিতীয়-শ্রীলক্ষ্মীরিব (সৌন্দর্য্য-শালিনী দ্বিতীয়কমলা ইব) সুরনরৈঃ (দেব-মানবাদ্যৈঃ) অর্চ্চ্যচরণাঃ (সেবিতপদাঃ) ভবানীভর্ত্তুঃ (ভবান্যাঃ ভর্ত্তা স্বামী তস্য গিরিশস্য ভবস্যেত্যর্থঃ) শিরসি (মস্তকে) যা (গঙ্গা) বিভবতি ; [অতঃ ইয়ম্] অদ্ভুতগুণা (চমৎকারগুণশালিনী)।

প্রভুর সবিনয় উত্তর ঃ—

প্রভু কহে,—"দেবের বরে তুমি—'কবিবর'।
ঐছে দেবের বরে কেহ হয় 'শ্রুতিধর' ॥" ৪৪ ॥

দিগ্বিজয়ীর ব্যাখ্যা ঃ—

শ্লোকের অর্থ কৈল বিপ্র পাইয়া সন্তোষ।
প্রভু কহে—"কহ শ্লোকের কিবা গুণ-দোষ ॥" ৪৫ ॥

প্রভুর অনুরোধে স্বীয় শ্লোকের নির্দোষত্ব-নির্দেশ ও গুণ-বর্ণনা ঃ—

বিপ্র কহে, "শ্লোকে নাহি দোষের প্রকাশ।
উপমালঙ্কার গুণ, কিছু অনুপ্রাস ॥ ৪৬ ॥

প্রভুর ও কবির উক্তি ও প্রত্যুক্তি ঃ—

প্রভু কহেন,—"কহি, যদি না করহ রোষ।
কহ তোমার শ্লোকে কিবা আছে দোষ ॥ ৪৭ ॥

প্রভুকর্ত্তৃক প্রশংসা ও কবিতার গুণ-দোষ বিচারে অনুরোধ ঃ—

প্রতিভার বাক্য তোমার, দেবতা সন্তোষে।
ভালমতে বিচারিলে জানি গুণ-দোষে ॥ ৪৮ ॥
তাতে ভাল করি' শ্লোক করহ বিচার।"
কবি কহে,—"যে কহিলে সেই বেদসার ॥ ৪৯ ॥

দিগ্বিজয়ীর প্রভুকে কাব্যরসে অনভিজ্ঞ-জ্ঞানে বিদ্রূপ ঃ—

বৈয়াকরণ তুমি, নাহি পড় অলঙ্কার।
তুমি কি জানিবে এই কবিত্বের সার ॥" ৫০ ॥

প্রভুর উক্তি ঃ—

প্রভু কহেন,—"অতএব পুছিয়ে তোমারে।
বিচারিয়া গুণ-দোষ বুঝাহ আমারে ॥ ৫১ ॥
নাহি পড়ি অলঙ্কার, করিয়াছি শ্রবণ।
তাতে এই শ্লোকে দেখি বহু দোষ-গুণ ॥" ৫২ ॥

কবির অনুরোধে প্রভুকর্ত্তৃক শ্লোকের গুণ-দোষ-বিচার ঃ—

কবি কহে,—"কহ দেখি, কোন্ গুণ-দোষ।"
প্রভু কহেন,—"কহি, শুন, না করিহ রোষ ॥ ৫৩ ॥

পঞ্চ দোষ ও পঞ্চ গুণ ঃ—

পঞ্চ দোষ এই শ্লোকে পঞ্চ অলঙ্কার।
ক্রমে আমি কহি, শুন, করহ বিচার ॥ ৫৪ ॥

শ্লোকের পঞ্চ দোষ ; ১ম দোষের ব্যাখ্যা ঃ—

'অবিমৃষ্ট-বিধেয়াংশ'—দুই ঠাঞি চিহ্ন।
'বিরুদ্ধমতি', 'ভগ্নক্রম', 'পুনরাত্ত',—দোষ তিন ॥৫৫॥
'গঙ্গার মহত্ত্ব'—শ্লোকে মূল 'বিধেয়'।
ইদং-শব্দে 'অনুবাদ'—পাছে অবিধেয় ॥ ৫৬ ॥
'বিধেয়' আগে কহি' পাছে কহিলা 'অনুবাদ'।
এই লাগি' শ্লোকের অর্থ করিয়াছে বাধ ॥ ৫৭ ॥

একাদশী-তত্ত্বে ধৃত ন্যায়—

অনুবাদমনুক্ত্বৈব ন বিধেয়মুদীরয়েৎ।
ন হ্যলব্ধাস্পদং কিঞ্চিৎ কুত্রচিৎ প্রতিতিষ্ঠতি ॥ ৫৮ ॥

দ্বিতীয় দোষের ব্যাখ্যা ঃ—

'দ্বিতীয় শ্রীলক্ষ্মী' ইহাঁ 'দ্বিতীয়ত্ব' বিধেয়।
সমাসে গৌণ হৈল, শব্দার্থ গেল ক্ষয় ॥ ৫৯ ॥
'দ্বিতীয়' শব্দ—বিধেয়, তাহা পড়িল সমাসে।
'লক্ষ্মীর সমতা' অর্থ করিল বিনাশে ॥ ৬০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৬। উপমালঙ্কার—উপমা দেখাইয়া আলঙ্কারিক গুণ প্রকাশ করা। অনুপ্রাস—শেষচরণে অনেকগুলি 'ভ' এর সন্নিকট সন্নিবেশদ্বারা যে শব্দ-চাতুর্য্য দেখান হইয়াছে, তাহা।

৪৮। নূতন নূতন প্রকারে বাক্য-বিন্যাস করিবার যে বুদ্ধিশক্তি, তাহাকে 'প্রতিভা' বলে। তুমি এই শ্লোকে সেই বুদ্ধির পরিচয় দিয়া দেবগণকেও সন্তুষ্ট করিয়াছ; অর্থাৎ তোমার প্রতিভাশক্তি এই কাব্যে প্রচুর। কিন্তু ভাল করিয়া বিচার করিলে গুণদোষ দেখা যাইবে।

৫০। বৈয়াকরণ অথবা ব্যাকরণবিৎ অর্থাৎ (কেবলমাত্র) বাল্যবিদ্যায় বিশারদ—অলঙ্কারাদি-শাস্ত্র-বিচারে অসমর্থ।

৫২। আমি অলঙ্কার পড়ি নাই, কিন্তু পণ্ডিতদের মুখে শ্রবণ করিয়াছি, তাহাতেই এই শ্লোকে অনেক দোষ-গুণ দেখিতেছি।

৫৪-৮৪। "মহত্ত্বং গঙ্গায়াঃ"-এই শ্লোকে পাঁচটী অলঙ্কার আছে, তাহা গুণ ; এবং পাঁচটী দোষ আছে অর্থাৎ দুই স্থানে 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' দোষ, আবার তিনস্থানে 'বিরুদ্ধমতি', 'পুনরুক্তি' ও 'ভগ্নক্রম'-দোষ আছে। প্রথম 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' দোষ এই যে, এই শ্লোকে গঙ্গার মহত্ত্বই মূল-বিধেয় এবং 'ইদং' শব্দ—অনুবাদ ; এই স্থলে 'গঙ্গার মহত্ত্ব' আগে লিখিয়া 'ইদং'-শব্দ পশ্চাৎ লেখা অবৈধ হইয়াছে। অনুবাদ অর্থাৎ পরিজ্ঞাত বিষয় আগে না লিখিলে, অর্থের হানি হয়। দ্বিতীয় 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' দোষ এই যে, 'দ্বিতীয়-শ্রীলক্ষ্মীরিব'—এই প্রয়োগে 'দ্বিতীয়ত্ব'—বিধেয় অর্থাৎ অপরিজ্ঞাত বিষয়, তাহা অগ্রে লিখিয়া সমাস করায় অর্থ গৌণ হইয়া নষ্ট হইল ; অর্থাৎ লক্ষ্মীর সমতা-প্রকাশই অর্থের তাৎপর্য্য ছিল ; তাহা সমাস-দোষে বিনষ্ট হইয়া গেল। তৃতীয় দোষটী 'বিরুদ্ধমতি-কৃত', তাহা 'ভবানীভর্ত্তুঃ' এই শব্দে দৃষ্ট হইবে ; এরূপ প্রয়োগে 'ভবানী'-শব্দে মহাদেবের পত্নীকে বুঝায়, 'ভবানীভর্ত্তা'-শব্দে ভবানীর দ্বিতীয়ভর্ত্তা,—এইরূপ দ্বিতীয়মতি উদিত হয়। এইরূপ শব্দ-ব্যবহারে কাব্য

অনুভাষ্য

৫৮। আদি, দ্বিতীয় পরিচ্ছেদ, ৭৪ সংখ্যা দ্রষ্টব্য।

'অবিমৃষ্ট-বিধেয়াংশ'—এই দোষ নাম।
আর এক দোষ আগে, শুন সাবধান ॥ ৬১ ॥

তৃতীয় দোষের ব্যাখ্যা ঃ—

'ভবানীভর্ত্তুঃ'-শব্দ দিলে পাইয়া সন্তোষ।
'বিরুদ্ধমতি'-কৃত নাম এই মহাদোষ ॥ ৬২ ॥
ভবানী-শব্দে কহে মহাদেবের গৃহিণী।
তাঁর ভর্ত্তা কহিলে দ্বিতীয় ভর্ত্তা জানি ॥ ৬৩ ॥
'শিবপত্নীর ভর্ত্তা'—ইহা শুনিতে বিরুদ্ধ।
'বিরুদ্ধমতি'-শব্দ শাস্ত্রে কভু নহে শুদ্ধ ॥ ৬৪ ॥

ইহার অন্য একটী দৃষ্টান্ত ঃ—

'ব্রাহ্মণ-পত্নীর ভর্ত্তা-হস্তে দেহ দান'।
শব্দ শুনিলেই হয় দ্বিতীয়-ভর্ত্তা জ্ঞান ॥ ৬৫ ॥

চতুর্থ দোষের ব্যাখ্যা ঃ—

'বিভবতি' ক্রিয়ার বাক্য—সাঙ্গ, পুনঃ বিশেষণ।
'অদ্ভুতগুণা'—এই পুনরায় দূষণ ॥ ৬৬ ॥

পঞ্চম দোষের ব্যাখ্যা ঃ—

তিন পাদে অনুপ্রাস দেখি অনুপম।
এক পাদে নাহি, এই দোষ 'ভগ্নক্রম' ॥ ৬৭ ॥

পঞ্চদোষে শ্লোকের মহিমা-হানি ঃ—

যদ্যপি এই শ্লোকে আছে পঞ্চ অলঙ্কার।
এই পঞ্চদোষে শ্লোক কৈল ছারখার ॥ ৬৮ ॥
দশ অলঙ্কারে যদি এক শ্লোক হয়।
এক দোষে সব অলঙ্কার হয় ক্ষয় ॥ ৬৯ ॥

উপমা ঃ—

সুন্দর শরীর যৈছে ভূষণে ভূষিত।
এক শ্বেতকুষ্ঠে যৈছে করয়ে বিগীত ॥ ৭০ ॥

ভরতমুনি-বাক্য—

রসালঙ্কারবৎ কাব্যং দোষযুক্ চেদ্বিভূষিতম্।
স্যাদ্বপুঃ সুন্দরমপি শ্বিত্রেণৈকেন দুর্ভগম্ ॥ ৭১ ॥

শ্লোকের পঞ্চগুণ ঃ—

পঞ্চ অলঙ্কারের এবে শুনহ বিচার।
দুই শব্দালঙ্কার, তিন অর্থ-অলঙ্কার ॥ ৭২ ॥

১ম ও ২য় গুণ—উভয়ই শব্দালঙ্কার ঃ—

শব্দালঙ্কারে—তিনপদে আছে অনুপ্রাস।
'শ্রীলক্ষ্মী'-শব্দে 'পুনরুক্তবদাভাস' ॥ ৭৩ ॥
প্রথম চরণে পঞ্চ 'ত'-কারের পাঁতি।
তৃতীয় চরণে হয় পঞ্চ 'রেফ'-স্থিতি ॥ ৭৪ ॥
চতুর্থ চরণে চারি 'ভ'-কার-প্রকাশ।
অতএব শব্দালঙ্কার অনুপ্রাস ॥ ৭৫ ॥
'শ্রী'-শব্দে, 'লক্ষ্মী'-শব্দে—এক বস্তু উক্ত।
পুনরুক্তবদাভাসে, নহে পুনরুক্ত ॥ ৭৬ ॥
'শ্রীযুত লক্ষ্মী' অর্থে অর্থের বিভেদ।
পুনরুক্তবদাভাসে শব্দালঙ্কার-ভেদ ॥ ৭৭ ॥

৩য়, ৪র্থ ও ৫ম গুণ—তিনটীই অর্থালঙ্কার ঃ—

'লক্ষ্মীরিব' অর্থালঙ্কার—উপমা-প্রকাশ।
আর অর্থালঙ্কার আছে, নাম—'বিরোধাভাস' ॥৭৮॥
'গঙ্গাতে কমল জন্মে'—সবার সুবোধ।
'কমলে গঙ্গার জন্ম'—অত্যন্ত বিরোধ ॥ ৭৯ ॥
'ইহাঁ বিষ্ণুপাদপদ্মে গঙ্গার উৎপত্তি'।
বিরোধালঙ্কার ইহার মহা-চমৎকৃতি ॥ ৮০ ॥
ঈশ্বর-অচিন্ত্যশক্ত্যে গঙ্গার প্রকাশ।
ইহাতে বিরোধ নাহি, বিরোধ-আভাস ॥ ৮১ ॥

কৃষ্ণের অচিন্ত্যশক্তির পরিচয় ঃ—

শ্রীভগবৎ-শ্রীকৃষ্ণচৈতন্যপাদোক্ত শ্লোক—

অম্বুজমম্বুনি জাতং কচিদপি ন জাতমম্বুজাদম্বু।
মুরভিদি তদ্বিপরীতং পাদাম্ভোজান্মহানদী জাতা ॥ ৮২ ॥

গঙ্গার মহত্ত্ব—সাধ্য, সাধন তাহার।
বিষ্ণুপাদোৎপত্তি—'অনুমান'-অলঙ্কার ॥ ৮৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

'বিরুদ্ধমতিকৃত'-দোষে দূষিত হইয়া পড়ে। চতুর্থ দোষ এই যে, 'বিভবতি' ক্রিয়ায় বাক্য শেষ হইল, সে স্থলে 'অদ্ভুতগুণ' বিশেষণ দেওয়া 'পুনরুক্তি'-দোষ হইল। পঞ্চম দোষ—'ভগ্নক্রম'; ১ম, ৩য়, ৪র্থ—এই তিনপাদে 'ত'কার, 'র'কার ও 'ভ'কারের অনুপ্রাস আছে, ২য় পাদে অনুপ্রাস নাই, ইহাই 'ভগ্নক্রম'-দোষ। পঞ্চালঙ্কার-গুণসত্ত্বেও এই পাঁচ দোষে শ্লোকটী ছারখার হইল। দশালঙ্কারযুক্ত শ্লোকে যদি একটী দোষও থাকে, তাহা হইলে শ্বেতকুষ্ঠযুক্ত, ভূষণ-ভূষিত সুন্দর শরীরের ন্যায় তাহা বিগীত অর্থাৎ নিন্দিত হয়। এখন গুণের কথা বলি,—তোমার এই

অনুভাষ্য

৭০। বিগীত—নিন্দিত।

৭১। বিভূষিতং (সমলঙ্কৃত) সুন্দরং (মনোহরম্) অপি বপুঃ (শরীরং) যথা একেন শ্বিত্রেণ (শ্বেতাখ্যকুষ্ঠরোগেণ) দুর্ভগং (শ্রীরহিতং মলিনং) স্যাৎ, তথা রসালঙ্কারবৎ (রসঃ শৃঙ্গারাদিঃ অলঙ্কারঃ অনুপ্রাসোপমাদিঃ, তাভ্যাং যুক্তং) কাব্যং (রসাত্মকং বাক্যং) চেৎ (যদি) দোষযুক্ ভবতি, তথা দুর্ভগং (শ্রীহীনং) জ্ঞেয়ম্।

স্থূল এই পঞ্চ দোষ, পঞ্চ অলঙ্কার ।
সূক্ষ্ম বিচারিয়ে যদি আছয়ে অপার ॥ ৮৪ ॥

অদোষদর্শী প্রভুকর্ত্তৃক কবিকে উৎসাহ-দান ঃ—

প্রতিভা, কবিত্ব তোমার দেবতা-প্রসাদে ।
অবিচার কাব্যে অবশ্য পড়ে দোষ বাধে ॥ ৮৫ ॥
বিচার করিলে কবিত্ব হয় সুনির্ম্মল ।
সালঙ্কার হৈলে অর্থ করে ঝলমল ॥" ৮৬ ॥

দিগ্বিজয়ীর বিস্মিত মনে বিচার ঃ—

শুনিয়া প্রভুর বাক্য দিগ্বিজয়ী বিস্মিত ।
মুখে না নিঃসরে বাক্য, প্রতিভা—স্তম্ভিত ॥ ৮৭ ॥
কহিতে চাহয়ে কিছু না আইসে উত্তর ।
তবে বিচারয়ে মনে হইয়া ফাঁফর ॥ ৮৮ ॥
'পড়ুয়া বালক কৈল মোর বুদ্ধি লোপ ।
জানি—সরস্বতী মোরে করিয়াছেন কোপ ॥ ৮৯ ॥

প্রভুর অলৌকিক ব্যাখ্যাকে—বাগ্‌দেবীকৃত বলিয়া ধারণা ঃ—

যে ব্যাখ্যা করিল, সে মনুষ্যের নহে শক্তি ।
নিমাঞি-মুখে রহি' বলে আপনে সরস্বতী ॥' ৯০ ॥

প্রভুর প্রতি কবির উক্তি ঃ—

এত ভাবি' কহে,—"শুন, নিমাঞি পণ্ডিত ।
তব ব্যাখ্যা শুনি' আমি হইলাঙ বিস্মিত ॥ ৯১ ॥
অলঙ্কার নাহি পড়, নাহি শাস্ত্রাভ্যাস ।
কেমনে এ সব অর্থ করিলে প্রকাশ ॥" ৯২ ॥

ইহা শুনি' মহাপ্রভু অতি বড় রঙ্গী ।
তাঁহার হৃদয় জানি' কহে করি' ভঙ্গী ॥ ৯৩ ॥

ব্যাখ্যা-নৈপুণ্যের কারণরূপে সরস্বতীকে প্রভুর নির্দ্দেশ ঃ—

"শাস্ত্রের বিচার ভাল-মন্দ নাহি জানি ।
সরস্বতী যাহা বলায়, সেই বলি বাণী ॥" ৯৪ ॥

সরস্বতীর উপর দিগ্বিজয়ীর অভিমান ঃ—

ইহা শুনি' দিগ্বিজয়ী করিল নিশ্চয় ।
'শিশুদ্বারে দেবী মোরে করিল পরাজয় ॥ ৯৫ ॥
আজি তাঁরে নিবেদিব, করি' জপ-ধ্যান ।
শিশুদ্বারে কৈল মোরে এত অপমান !!' ৯৬ ॥

গ্রন্থকারকর্ত্তৃক ঘটনার মূলকারণ-নির্দ্দেশ ঃ—

বস্তুতঃ সরস্বতী অশুদ্ধ শ্লোক করাইল ।
বিচার-সময় তাঁর বুদ্ধি আচ্ছাদিল ॥ ৯৭ ॥

কবির পরাভবে শিষ্যগণের হাসি ও প্রভুর তন্নিবারণ ঃ—

তবে শিষ্যগণ সব হাসিতে লাগিল ।
তা'-সবা নিষেধি' প্রভু কবিকে কহিল ॥ ৯৮ ॥

কবিকে প্রভুর সম্মান-দান ঃ—

"তুমি মহাপণ্ডিত হও, কবি-শিরোমণি ।
যাঁর মুখে বাহিরায় ঐছে কাব্যবাণী ॥ ৯৯ ॥
তোমার কবিত্ব যেন গঙ্গাজল-ধার ।
তোমাসম কবি কোথা নাহি দেখি আর ॥ ১০০ ॥

জয়দেব, কালিদাস ও ভবভূতির কবিত্বেও দোষ ঃ—

ভবভূতি, জয়দেব আর কালিদাস ।
তাঁ-সবার কবিত্বে হয় দোষের প্রকাশ ॥ ১০১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

শ্লোকে দুইটী শব্দালঙ্কার ও তিনটী অর্থালঙ্কার আছে—(১ম) তিনপাদে যে অনুপ্রাস আছে, তাহা 'শব্দালঙ্কার'। (২য়) "শ্রীলক্ষ্মী" এই প্রয়োগে পুনরুক্তি-দোষ হয় না, 'পুনরুক্তিবদাভাস'রূপ শব্দালঙ্কার হয়। 'শ্রী' ও 'লক্ষ্মী'কে একবস্তু বলিয়া জ্ঞান করিলে কোন প্রকার দোষ নাই ; 'শ্রীযুত লক্ষ্মী'—এরূপ অর্থ করিলে অর্থের বিভেদ হয় বটে, তাহাতে যে পুনরুক্ত্যাভাস হয়, উহা শব্দালঙ্কার-বিশেষ। (৩য়) 'লক্ষ্মীরিব' এই প্রয়োগে উপমালঙ্কাররূপ অর্থালঙ্কার। (৪র্থ) আর একটী 'বিরোধাভাস'-রূপ অর্থালঙ্কার আছে, তাহা বিষ্ণুচরণ-কমলোৎপন্ন গঙ্গা-সম্বন্ধে। জল হইতেই কমলের উৎপত্তি হইয়া থাকে, কিন্তু কমল হইতে জলের উৎপত্তি—এইরূপ বিরুদ্ধ কথা হইতে 'বিরোধালঙ্কার' উৎপন্ন হয়। ঈশ্বরের অচিন্ত্যশক্তিতে গঙ্গার প্রকাশ হওয়ায় ইহাতে বিরোধমাত্র নাই, কেবল 'বিরোধাভাস' আছে, তাহাই অলঙ্কার। (৫ম) গঙ্গার মহত্ত্বরূপ সাধ্যবস্তুকে সাধন করিতেছে

অমৃতপ্রবাহ ভাষ্য

যে বাক্যে অর্থাৎ বিষ্ণুপাদোৎপত্তি-বাক্যে, সেই বাক্যই 'অনুমান' অলঙ্কার।

৭১। বিভূষিত সুন্দর বপু শ্বিত্রযুক্ত হইলে যেরূপ দুর্ভগ হয়, রসালঙ্কারযুক্ত কাব্যও দোষযুক্ত হইলে তদ্রূপ হয়।

৮২। জলেই পদ্ম জন্মে, পদ্ম হইতে কখনও জলের জন্ম হয়

অনুভাষ্য

৮২। অম্বুনি (জলে) অম্বুজং (পদ্মং) জাতম্ (উৎপন্নম্) ; ক্বচিৎ (কুত্র) অপি অম্বুজাৎ (পদ্মাৎ) অম্বু (জলং) ন জাতম্ ; কিন্তু মুরভিদি (মুরারৌ কৃষ্ণে) তদ্বিপরীতং (কার্য্যকারণ-ভাবয়োর্বৈষম্যং) দৃশ্যতে, যতঃ (কৃষ্ণপাদপদ্মাৎ) মহানদী (গঙ্গা) জাতা (নিঃসৃতা)।

৮৫। কাব্যের যদি বিচার করা না যায়, তাহা হইলে অবশ্য উহার দোষ সহজে দৃষ্ট হয় না।

১০১। ভবভূতি বা শ্রীকণ্ঠ—ইনি 'মালতীমাধব', 'উত্তর-

শ্লোক-রচনাই প্রকৃত গুণ ঃ—

দোষ-গুণ-বিচারে এই অল্প করি' মানি ।
কবিত্ব-করণে শক্তি, তাঁহি সে বাখানি ॥ ১০২ ॥

প্রভুর দৈন্যোক্তি ঃ—

শৈশব-চাপল্য কিছু না লবে আমার ।
শিষ্যের সমান মুঞি না হঙ তোমার ॥ ১০৩ ॥

প্রভুর তাঁহাকে সবিনয়-বাক্যে বিদায়-দান ঃ—

আজি বাসা' যাহ, কালি মিলন আবার ।
শুনিব তোমার মুখে শাস্ত্রের বিচার ॥" ১০৪ ॥

রাত্রে কবির সরস্বতীর-আরাধনা ঃ—

এইমতে নিজ-ঘরে গেলা দুই জন ।
কবি রাত্রে কৈল সরস্বতী-আরাধন ॥ ১০৫ ॥

সরস্বতীর উপদেশে প্রভুকে ঈশ্বর-বুদ্ধি ঃ—

সরস্বতী রাত্রে তাঁরে উপদেশ কৈল ।
সাক্ষাৎ ঈশ্বর করি' প্রভুরে জানিল ॥ ১০৬ ॥

প্রাতে প্রভুপদে শরণ-গ্রহণ ও প্রভুর কৃপা ঃ—

প্রাতে আসি' প্রভুপদে লইল শরণ ।
প্রভু কৃপা কৈল, তাঁর খণ্ডিল বন্ধন ॥ ১০৭ ॥

দিগ্বিজয়ীর সুকৃতি ঃ—

ভাগ্যবন্ত দিগ্বিজয়ী সফল-জীবন ।
বিদ্যা-বলে পাইল মহাপ্রভুর চরণ ॥ ১০৮ ॥
এ সব লীলা বর্ণিয়াছেন বৃন্দাবনদাস ।
যে কিছু করিল ইহাঁ, বিশেষ প্রকাশ ॥ ১০৯ ॥
চৈতন্য-গোসাঞির লীলা—অমৃতের ধার ।
সর্ব্বেন্দ্রিয়-তৃপ্তি হয় শ্রবণে যাহার ॥ ১১০ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১১১ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে কৈশোরলীলা-সূত্র-বর্ণনং নাম ষোড়শ-পরিচ্ছেদঃ।

অমৃতপ্রবাহ ভাষ্য

না। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, শ্রীকৃষ্ণে ইহার বিপরীত দেখা যায়, তাঁহার পাদপদ্ম হইতে মহানদী গঙ্গা জন্ম লাভ করিয়াছেন।

১০৭। বন্ধন—পণ্ডিতাভিমানরূপ মায়া-বন্ধন।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে ষোড়শ পরিচ্ছেদ।

অনুভাষ্য

চরিত', 'বীরচরিত' প্রভৃতি সংস্কৃতনাটক-প্রণেতা। ভোজরাজার রাজ্যকালে ইঁহার উদয়-কাল। ইনি পদ্মনগর-নিবাসী ভট্ট-গোপাল-নামক কাশ্যপ-গোত্রীয় শ্রোত্রীয় বিপ্রের পৌত্র নীল-কণ্ঠের পুত্র।

কালিদাস—সম্রাট্ বিক্রমাদিত্যের সভার স্বনামপ্রসিদ্ধ নবরত্নের অন্যতম মহাকবি। ইঁহার রচিত 'রঘুবংশ', 'কুমারসম্ভব', 'অভিজ্ঞান-শকুন্তল', 'মেঘদূত' প্রভৃতি প্রায় ত্রিশ-চল্লিশখানি সংস্কৃত মহাকাব্য, নাটক ও অন্যান্য বিষয়ক গ্রন্থ আছে।

জয়দেব—আদি, ১৩শ পঃ ৪২ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে ষোড়শ পরিচ্ছেদ।

সপ্তদশ পরিচ্ছেদ

কথাসার—সপ্তদশ পরিচ্ছেদে মহাপ্রভুর ষোলবর্ষ বয়স হইতে সন্ন্যাস-গ্রহণ পর্য্যন্ত সমস্ত লীলা সূত্ররূপে লিখিবার তাৎপর্য্য এই যে, ব্যাসাবতার বৃন্দাবনদাস ঠাকুর শ্রীচৈতন্য-ভাগবতে ঐ সকল লীলা বিশেষরূপে বর্ণন করিয়াছেন। তবে, যে যে স্থলে বৃন্দাবনদাস ঠাকুর কোন অংশ ছাড়িয়াছেন, তাহারই কিছু সবিশেষ-বর্ণন এই পরিচ্ছেদে দেখা যায়। আম্রমহোৎসব-লীলাটী ও কাজির সহিত মহাপ্রভুর কথোপকথন বিশেষরূপে কথিত হইয়াছে। অবশেষে দেখাইলেন যে, যশোদানন্দন শচীনন্দন হইয়া চতুর্ব্বিধ ভক্তভাব আস্বাদন করিয়াছেন। রাধার প্রেমরসের মাধুর্য্য আস্বাদন করিতে রাধার ভাব অঙ্গীকারপূর্ব্বক একান্তরূপে গোপীভাব স্বীকার করিয়াছেন। যতপ্রকার ভক্তভাব আছে, তন্মধ্যে গোপীভাব শ্রেষ্ঠ; যেহেতু গোপীভাবে ব্রজেন্দ্র-নন্দন ব্যতীত আর কাহারও ভজনীয়ত্বের প্রকাশ নাই। শ্রীকৃষ্ণ কৌতুকক্রমে চতুর্ভুজ হইলে গোপীসকল তাঁহাকে নমস্কার-মাত্র করিয়া নিরস্ত হইলেন। সাধারণ গোপীভাবে কৃষ্ণমূর্ত্তি ব্যতীত অন্যান্য মূর্ত্ত্যাদির পরিত্যাগ হয় মাত্র। কিন্তু গোপীজন-শিরোমণি শ্রীমতী রাধিকার ভাব সর্ব্বাপেক্ষা উচ্চ। রাধাকে দর্শন করিয়া শ্রীকৃষ্ণ চতুর্ভুজতা রাখিতে পারিলেন না। ব্রজেশ্বর নন্দ—

এ (গৌর) লীলায় পিতা জগন্নাথ ; ব্রজেশ্বরী যশোদা—শচীমাতা। চৈতন্য গোঁসাই—সাক্ষাৎ নন্দসুত অর্থাৎ নন্দসুতের প্রকাশ বা বিলাস নহেন, স্বয়ং নন্দসুত। নিত্যানন্দপ্রভুর বাৎসল্য, দাস্য ও সখ্য—এই তিন ভাব ; অদ্বৈতপ্রভুর সখ্য ও দাস্য—এই দুইটী ভাব। আর আর সকলে নিজ নিজ পূর্ব্বাধিকার-ক্রমে মহাপ্রভুর সেবা করেন। একই তত্ত্ব—বংশীমুখ, গোপ-বিলাসী, শ্যামরূপে কৃষ্ণ ; আবার কভু দ্বিজ, কভু সন্ন্যাসিবেশে গৌররূপে কৃষ্ণচৈতন্য। এখন বিরোধের স্থল এই যে, যিনি কৃষ্ণ, তিনিই গোপী হইতেছেন। অবশ্য এই চিন্তাটী সুদুর্ব্বোধ বটে ; কিন্তু কৃষ্ণের অচিন্ত্যশক্তিতে ইহাও সম্ভব হয়। ইহাতে তর্ক করা বৃথা, যেহেতু অচিন্ত্য ভাবেতে তর্কের যোজনা করা নিতান্ত মূর্খতার কার্য্য। এই পরিচ্ছেদের শেষে কবিরাজ গোস্বামী—ব্যাস যেরূপ ভাগবতে করিয়াছেন, তদনুকরণে এই আদিলীলার সপ্তদশ পরিচ্ছেদের অনুবাদ পৃথক্ পৃথক্ লিখিয়াছেন। (অঃ প্রঃ ভাঃ)

গৌরকৃপায় অশুচিজনেরও শুচিতা ঃ—

বন্দে স্বৈরাদ্ভুতেহং তং চৈতন্যং যৎপ্রসাদতঃ।
যবনাঃ সুমনায়ন্তে কৃষ্ণনামপ্রজল্পকাঃ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

কৈশোর-লীলার সূত্র করিল গণন।
যৌবন-লীলার সূত্র করি অনুক্রম ॥ ৩ ॥

যৌবনে বিবিধ লীলা-বিলাস ঃ—

বিদ্যা-সৌন্দর্য্য-সদ্বেশ-সম্ভোগ-নৃত্য-কীর্ত্তনৈঃ।
প্রেমনাম-প্রদানৈশ্চ গৌরো দীব্যতি যৌবনে ॥ ৪ ॥

যৌবন-লীলা ঃ—

যৌবন-প্রবেশে অঙ্গের অঙ্গ বিভূষণ।
দিব্য বস্ত্র, দিব্য বেশ, মাল্য-চন্দন ॥ ৫ ॥

বিদ্যার ঔদ্ধত্যে কাহোঁ না করে গণন।
সকল পণ্ডিত জিনি' করে অধ্যাপন ॥ ৬ ॥

বায়ুব্যাধি-ছলে কৈল প্রেম পরকাশ।
ভক্তগণ লঞা কৈল বিবিধ বিলাস ॥ ৭ ॥

গয়ায় ঈশ্বরপুরীসহ মিলন ও দীক্ষাভিনয় ঃ—

তবে ত' করিলা প্রভু গয়াতে গমন।
ঈশ্বরপুরীর সঙ্গে তথাই মিলন ॥ ৮ ॥

দীক্ষা-অনন্তরে হৈল প্রেমের প্রকাশ।
দেশে আগমন পুনঃ, প্রেমের বিলাস ॥ ৯ ॥

দীক্ষান্তে নবদ্বীপ-লীলা, অদ্বৈতের বিশ্বরূপ-দর্শন ঃ—

শচীকে প্রেমদান, তবে অদ্বৈত-মিলন।
অদ্বৈত পাইল বিশ্বরূপ-দরশন ॥ ১০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যাঁহার প্রসাদে যবনগণও সচ্চরিত্র হইয়া কৃষ্ণনাম জপ করিয়া থাকেন, সেই স্বচ্ছন্দ অদ্ভুতচেষ্টাবিশিষ্ট শ্রীচৈতন্যদেবকে আমি বন্দনা করি।

৪। বিদ্যা, সৌন্দর্য্য, সদ্বেশ, সম্ভোগ, নৃত্য, কীর্ত্তন, প্রেম ও নাম-দানদ্বারা গৌরচন্দ্র যৌবনকালে শোভাপ্রাপ্ত হইয়াছেন।

৭। অধ্যয়ন ও অধ্যাপন সমাপ্ত করিয়া শুদ্ধভক্তি প্রচার করিবার জন্য গৌরচন্দ্র কিছুদিন বায়ু-ব্যাধি ছল করিয়া ছাত্রদিগকে সর্ব্বত্র কৃষ্ণনাম ব্যাখ্যা করিয়া, সকল ব্যাকরণ-সূত্রে কৃষ্ণসম্বন্ধ দেখাইয়া, তাহাদিগকে অধ্যয়ন-কার্য্য হইতে নিরস্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন।

৮-৯। 'পরলোকগত পিতার গয়াশ্রাদ্ধ করিব'—এই মানসে মহাপ্রভু অনেকগুলি ছাত্রের সহিত গয়াযাত্রা করিলেন। পথিমধ্যে জ্বর হওয়ায় ব্রাহ্মণের পাদোদক পান করত সেই ব্যাধি হইতে মুক্ত হইলেন। এই লীলাদ্বারা সংসারি-লোকের পক্ষে ব্রাহ্মণ-সম্মানের কর্ত্তব্যতা প্রদর্শন করিয়াছিলেন। গয়ায় পৌঁছিয়া শ্রীঈশ্বরপুরীর নিকটে কৃষ্ণমন্ত্র-দীক্ষা গ্রহণ করিলেন। সেই মন্ত্রগ্রহণ হইতে মহাপ্রভুর প্রেম প্রকাশ পাইতে লাগিল। গয়া-কার্য্য সমাপ্ত করিয়া শ্রীধাম নবদ্বীপে আসিয়া প্রেম প্রচার করিতে লাগিলেন।

১০। একদিবস মহাপ্রভু শ্রীবাসের বাটীতে বিষ্ণুখট্টার উপর বসিয়া বলিলেন যে, মদীয় জননী অদ্বৈতাচার্য্যের নিকট বৈষ্ণবা-

অনুভাষ্য

১। যৎ (যস্য চৈতন্যদেবস্য) প্রসাদতঃ (অনুকম্পয়া) যবনাঃ (ম্লেচ্ছাঃ) কৃষ্ণনামপ্রজল্পকাঃ (নামোচ্চারণনিষ্ঠাপরাঃ সন্তঃ) সুমনায়ন্তে (সুমনসঃ ইব আচরন্তি) তং স্বৈরাদ্ভুতেহং (স্বৈরা স্বতন্ত্রা অদ্ভুতা অলৌকিকী ঈহা 'চেষ্টা' যস্য তং স্মার্ত্ত-বিধি-লঙ্ঘনসমর্থং) চৈতন্যম্ অহং বন্দে।

৪। গৌরঃ যৌবনে (পঞ্চদশবর্ষাতিক্রান্তে যৌবন-প্রাকট্যে) বিদ্যা-সৌন্দর্য্য-সদ্বেশ-সম্ভোগ-নৃত্যকীর্ত্তনৈঃ (পরমার্থজ্ঞানলাবণ্য-সাধুবেশবসনমাল্যচন্দনাদিসম্ভোগনৃত্যকীর্ত্তনাদিঃ এতৈঃ) প্রেম-নাম-প্রদানৈঃ (প্রেম্ণা সহ কৃষ্ণনামবিতরণৈঃ) দীব্যতি (ক্রীড়তি)।

৭। চৈঃ ভাঃ আদি, ১২শ অঃ দ্রষ্টব্য।

৮। চৈঃ ভাঃ আদি, ১৭শ অঃ দ্রষ্টব্য।

৯। চৈঃ ভাঃ আদি, ১৭শ অঃ ও মধ্য ১ম অঃ দ্রষ্টব্য।

১০। শচীকে প্রেমদান—চৈঃ ভাঃ মধ্য, ২২ অঃ ও অদ্বৈত-

প্রভুর অভিষেক তবে করিল শ্রীবাস ।
খাটে বসি' প্রভু কৈল ঐশ্বর্য্য-প্রকাশ ॥ ১১ ॥

শ্রীনিত্যানন্দসহ মিলন ঃ—

তবে নিত্যানন্দ-স্বরূপের আগমন ।
প্রভুকে মিলিয়া পাইলা ষড়্ভুজ-দর্শন ॥ ১২ ॥

নিতাইকে প্রভুর ষড়্ভুজ, চতুর্ভুজ ও দ্বিভুজ-রূপ-প্রদর্শন ঃ—

প্রথমে ষড়্ভুজ তাঁরে দেখাইল ঈশ্বর ।
শঙ্খচক্রগদাপদ্ম-শার্ঙ্গ-বেণুধর ॥ ১৩ ॥

পাছে চতুর্ভুজ হৈলা, তিন অঙ্গ বক্র ।
দুই হস্তে বেণু বাজায়, দুই হস্তে শঙ্খ-চক্র ॥ ১৪ ॥
তবে ত' দ্বিভুজ কেবল বংশীবদন ।
শ্যাম-অঙ্গ পীতবস্ত্র ব্রজেন্দ্রনন্দন ॥ ১৫ ॥

গৌরই নিত্যানন্দ-বলরাম ঃ—

তবে নিত্যানন্দ-গোসাঞির ব্যাস-পূজন ।
নিত্যানন্দাবেশে কৈল মুষল-ধারণ ॥ ১৬ ॥

শচীর স্বপ্নদর্শন ও জগাই-মাধাইর উদ্ধার ঃ—

তবে শচী দেখিল, রামকৃষ্ণ—দুই ভাই ।
তবে নিস্তারিল প্রভু জাগাই-মাধাই ॥ ১৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

পরাধ করিয়াছেন। সেই অপরাধ না ক্ষমাইলে, অদ্বৈত-কর্ত্তৃক ক্ষমাপিত না হইলে তিনি প্রেমভক্তি প্রাপ্ত হইবেন না। ভক্তগণ তাহা শুনিয়া অদ্বৈতপ্রভুকে আনিলে পর, শ্রীঅদ্বৈত (আইর মাহাত্ম্য কীর্ত্তন করিতে করিতে) প্রেমাবিষ্ট হইয়া পড়িলেন। শচীদেবী সেই অবসরে অদ্বৈতের চরণধূলি লইয়া নিরপরাধিনী হইলেন। তখন, "প্রসন্ন হইয়া প্রভু বলে জননীরে। এখন সে বিষ্ণুভক্তি হইল তোমারে।। অদ্বৈতের স্থানে অপরাধ নাহি আর।" সেই হইতে শচীদেবী প্রেমভক্তি পাইলেন।

একদিবস প্রেমাবিষ্ট অদ্বৈত শ্রীবাস-অঙ্গনে প্রভুকে কহিলেন যে, 'পূর্ব্বে আপনি অর্জ্জুনকে যে বিশ্বরূপ দেখাইয়াছিলেন, তাহা আমাকে দেখান।' তাহাতে প্রভু দয়া করিয়া বিশ্বরূপ দেখাইলেন।

১১। একদিবস শ্রীবাসের বাটীতে সকল ভক্তলোক মিলিয়া মহাপ্রভুকে অভিষেক করিলেন। মহাপ্রভু বিষ্ণুখট্টায় বসিয়া তাঁহার রাজরাজেশ্বর-ঐশ্বর্য্য প্রকাশ করিলেন। অনেক ভক্তগণ সেই সময় কীর্ত্তন করিলেন। এদিকে অদ্বৈতাদি ভক্তগণ মহাপ্রভুকে ষোড়শ উপচারে পূজা করিতে লাগিলেন। প্রভু, যাঁহার যে অভিলাষ, তাঁহাকে সেইরূপ বর দান করিতে লাগিলেন।

১২। শ্রীনিত্যানন্দপ্রভু বীরভূম-জেলার 'একচক্রা'-গ্রামে পদ্মাবতী-গর্ভে হাড়াইপণ্ডিতের পুত্ররূপে জন্মগ্রহণ করেন। নিত্যানন্দ একটু বড় হইলে একটী সন্ন্যাসী আসিয়া হাড়াই-পণ্ডিতের নিকট হইতে নিত্যানন্দকে ভিক্ষা করিয়া লইলেন। তদবধি সেই সন্ন্যাসীর সহিত নিত্যানন্দ বহুদেশ ভ্রমণ করিতে করিতে মথুরামণ্ডলে অনেকদিন বাস করিলেন। মহাপ্রভুর আকর্ষণে প্রভু-নিত্যানন্দ শ্রীনবদ্বীপে আসিয়া নন্দন-আচার্য্যের গৃহে অবস্থিতি করিলেন। মহাপ্রভু ভক্তবৃন্দের সহিত নিত্যানন্দকে তথা হইতে স্বীয় স্থানে আনয়ন করিলেন।

১৩-১৫। একদিন মহাপ্রভু নিত্যানন্দপ্রভুকে শঙ্খ, চক্র, গদা, পদ্ম, শার্ঙ্গ ও বেণুধারী ষড়্ভুজ দেখাইয়া, পরে দুই হাতে শঙ্খ, চক্র ও দুই হাতে বংশীধারণপূর্ব্বক চতুর্ভুজ দেখাইলেন। অবশেষে কেবল বংশীধারী শ্রীকৃষ্ণমূর্ত্তি দেখাইলেন—শ্রীচৈতন্য-মঙ্গল, মধ্য।

১৬। মহাপ্রভুর আদেশে শ্রীনিত্যানন্দপ্রভু পূর্ণিমা-রজনীতে ব্যাসপূজা করিবেন বলিয়া শ্রীবাসের দ্বারা দ্রব্যাদির আয়োজন করাইলেন। সঙ্কীর্ত্তন করিতে করিতে নিত্যানন্দপ্রভু পুষ্পমালা মহাপ্রভুর গলায় অর্পণ করিলেন। সেই সময় নিত্যানন্দ প্রভু ষড়্ভুজ দেখিয়াছিলেন। ব্যাসপূজার আর কিছুই হইল না।

বলরাম-আবেশে ব্যাসপূজার পূর্ব্বরাত্রে শ্রীবাসের গৃহে সঙ্কীর্ত্তন-সময়ে মহাপ্রভু বিষ্ণুখট্টার উপর বসিয়া নিত্যানন্দের নিকট হলমুষল মাগিলেন। নিত্যানন্দপ্রভু নিজের হাত তাঁহার হস্তে দিলে ভক্তগণ সে-সময় হল ও মুষল প্রত্যক্ষ করিলেন।

১৭। একরাত্রে শচীদেবী স্বপ্নে দেখিলেন যে, তাঁহার গৃহস্থিত কৃষ্ণ-বলরাম, দুইমূর্ত্তি গৌরাঙ্গ-নিত্যানন্দের সহিত নৈবেদ্য

অনুভাষ্য

মিলন—ঐ মধ্য, ৬ অঃ, অদ্বৈতের বিশ্বরূপ-দর্শন ঐ মধ্য, ২৪ অঃ দ্রষ্টব্য।

১১। শ্রীবাসগৃহে বিষ্ণুখট্টায় প্রভুর 'সাতপ্রহরিয়া' ভাব—চৈঃ ভাঃ মধ্য, নবম অধ্যায় দ্রষ্টব্য।

১২। নিত্যানন্দমিলন—চৈঃ ভাঃ মধ্য, তৃতীয় অধ্যায় এবং শ্রীবাসগৃহে শ্রীব্যাস-পূজা উপলক্ষে নিত্যানন্দের মহাপ্রভুকে ষড়্ভুজ (শঙ্খ, চক্র, গদা, পদ্ম, শ্রীহল ও মুষলহস্ত)-দর্শন—চৈঃ ভাঃ মধ্য, ৫ম অঃ দ্রষ্টব্য।

১৬। নিত্যানন্দের ব্যাসপূজা ও প্রভুর মুষলধারণ—চৈঃ ভাঃ মধ্য, পঞ্চম অধ্যায় দ্রষ্টব্য।

১৭। নিতাই-গৌরকে রামকৃষ্ণরূপে শচীর স্বপ্নদর্শন—চৈঃ ভাঃ মধ্য, অষ্টম অধ্যায় এবং জগাই-মাধাই-উদ্ধার—চৈঃ ভাঃ মধ্য, ১৩শ অধ্যায় দ্রষ্টব্য।

প্রভুর 'সাতপ্রহরিয়া' ভাব ঃ—

তবে সপ্তপ্রহর ছিলা প্রভু ভাবাবেশে ।
যথা তথা ভক্তগণ দেখিল বিশেষে ॥ ১৮ ॥

মুরারিগৃহে বরাহাবেশ ঃ—

বরাহ-আবেশ হৈলা মুরারি-ভবনে ।
তাঁর স্কন্ধে চড়ি' প্রভু নাচিলা অঙ্গনে ॥ ১৯ ॥

শুক্লাম্বরের মাধুকরী-ভিক্ষালব্ধ তণ্ডুল-ভোজন ঃ—

তবে শুক্লাম্বরের কৈল তণ্ডুল ভক্ষণ ।
'হরের্নাম' শ্লোকের কৈল অর্থ বিবরণ ॥ ২০ ॥

হরিনাম বিনা জীবের গতি নাই ঃ—

বৃহন্নারদীয় পুরাণ (৩৮।১২৬)—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্ ।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ ২১ ॥

হরের্নাম-শ্লোকের ব্যাখ্যা ঃ—

কলিকালে নামরূপে কৃষ্ণ-অবতার ।
নাম হৈতে হয় সর্ব্বজগৎ-নিস্তার ॥ ২২ ॥

দার্ঢ্য লাগি' 'হরের্নাম'-উক্তি তিনবার ।
জড়লোক বুঝাইতে পুনঃ 'এব'-কার ॥ ২৩ ॥

'কেবল'-শব্দে পুনরপি নিশ্চয়-করণ ।
জ্ঞান-যোগ-তপ আদি কর্ম্ম-নিবারণ ॥ ২৪ ॥

অন্যথা যে মানে, তার নাহিক নিস্তার ।
নাহি, নাহি, নাহি,—তিন উক্ত 'এব'-কার ॥ ২৫ ॥

নাম লইবার প্রণালী ঃ—

তৃণ হৈতে নীচ হঞা সদা লবে নাম ।
আপনি নিরভিমানী, অন্যে দিবে মান ॥ ২৬ ॥

তরুসম সহিষ্ণুতা বৈষ্ণব করিবে ।
ভর্ৎসনা-তাড়নে কাকে কিছু না বলিবে ॥ ২৭ ॥

কাটিলেই তরু যেন কিছু না বলয় ।
শুকাইয়া মরে, তবু জল না মাগয় ॥ ২৮ ॥

এইমত বৈষ্ণব কারে কিছু না মাগিবে ।
অযাচিত-বৃত্তি, কিম্বা শাক-ফল খাইবে ॥ ২৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

কাড়াকাড়ি করিতেছেন। পরদিন গৌরাঙ্গের ইচ্ছাক্রমে শচীদেবী নিত্যানন্দকে তাঁহার গৃহে ভোজন করিতে বলিলেন। বিশ্বম্ভর ও নিত্যানন্দ যখন ভোজন করিতেছিলেন, তখন শচীদেবী দেখিলেন, সাক্ষাৎ কৃষ্ণ ও বলরাম ভোজন করিতেছেন, তদ্দর্শনে শচীর প্রেমমূর্চ্ছা হয়।

জগাই ও মাধাই নবদ্বীপে জন্মগ্রহণ করিয়া বহুবিধ পাপে রত ছিল। মহাপ্রভুর আজ্ঞায় নিত্যানন্দ ও হরিদাস গৃহে গৃহে নাম প্রচার করিতে গিয়া ঐ দুই মদ্যপ ব্যক্তির কোপে পড়িলেন। তাহারা উন্মত্ত হইয়া তাঁহাদিগকে তাড়া করিলে তাঁহারা পলাইলেন। অন্য দিবসে মাধাই নিত্যানন্দের মস্তকে ভগ্নভাণ্ড মারিয়া আঘাত করিল। জগাই সে-কার্য্যে কিছু দুঃখিত হইল। মহাপ্রভু তাহা শুনিয়া সশিষ্যে তথায় উপস্থিত হইয়া জগাই-মাধাইকে দণ্ড দিবার জন্য উদ্যত হইলেন। করুণাময় গৌরাঙ্গ জগাইর ভদ্র-ব্যবহার শ্রবণ করত তাহাকে প্রেমালিঙ্গন দিলেন। ভগবদ্দর্শন ও স্পর্শনক্রমে সেই দুই পাপীর চিত্ত-পরিবর্ত্তন হইলে প্রভু তাহাদিগকে হরিনাম দিয়া উদ্ধার করিলেন।

১৮। একদিন শ্রীবাসের গৃহে মহাপ্রভু বিষ্ণুখট্টায় বসিলে ভক্তগণ 'সহস্রশীর্ষপুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ' ইত্যাদি পুরুষ-সূক্ত পাঠ করিয়া গঙ্গাজলে তাঁহার অভিষেক ও বিবিধোপচারে পূজা করিয়া বহুবিধ খাদ্যদ্রব্য তাঁহাকে ভোজন করিতে দিলেন। প্রভু সেই ভক্তদত্ত সামগ্রীসকল ভক্ষণ করিতে লাগিলেন। সেইদিবস তাঁহার সপ্ত প্রহর পর্য্যন্ত ঐ ভাবের আবেশ ছিল এবং সর্ব্বাবতারের ভাব দেখাইয়াছিলেন। ভক্তগণের পূর্ব্ব গুহ্য সংবাদসকল ব্যক্ত করিয়া সকলের সন্দেহ দূর করিয়া সকল-কেই বর দান করিলেন। এই ভাবকে কেহ কেহ 'সাতপ্রহরিয়া ভাব', কেহ কেহ 'মহাপ্রকাশ'ও বলে।

১৯। একদিন মহাপ্রভু 'শূকর! শূকর!' বলিয়া চিৎকার করিতে করিতে স্বয়ং বরাহরূপ ধারণপূর্ব্বক মুরারিগুপ্তের ভবনে প্রবেশ করিলেন। জলপূর্ণ একটী পাত্রকে (গাড়ু) পৃথিবীর উত্তোলনের ন্যায় দশনদ্বারা উঠাইয়া জলপান করিয়াছিলেন। কোনদিন প্রভু আবার মুরারির স্কন্ধে চড়িয়া বহু নৃত্য করিয়াছিলেন।

২০। শুক্লাম্বর ব্রহ্মচারী—শ্রীনবদ্বীপের গঙ্গাতীরবাসী। মহা-প্রভুর নৃত্যকালে তিনি ভিক্ষার চাউলের ঝুলির সহিত আসিয়া

অনুভাষ্য

১৮। শ্রীবাসগৃহে প্রভুর সপ্তপ্রহর-ভাব, তৎকালে প্রভুর অভিষেক-কালে জল-আনয়নকারিণী 'দুঃখী'-নামক এক ভাগ্য-বতী নারীকে প্রভুর 'সুখী'-নাম-প্রদান, খোলাবেচা শ্রীধরের মহা-প্রকাশদর্শন, মুরারিগুপ্তের রামরূপদর্শন, ঠাকুর হরিদাসের প্রতি প্রসাদ, অদ্বৈতের নিকট গীতার সত্যপাঠ-কথন এবং মুকুন্দের প্রতি কৃপা প্রভৃতি—চৈঃ ভাঃ মধ্য, নবম অধ্যায় দ্রষ্টব্য।

১৯। মুরারিগুপ্তের গৃহে প্রভুর বরাহাবেশ—চৈঃ ভাঃ মধ্য, ৩য় অঃ দ্রষ্টব্য।

২০। প্রভু-কর্ত্তৃক শুক্লাম্বরের ভিক্ষালব্ধ তণ্ডুল-ভক্ষণ—চৈঃ ভাঃ মধ্য, ১৬শ অঃ দ্রষ্টব্য।

২১। আদি,৭ম পঃ ৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

সদা নাম লইবে, যথা-লাভেতে সন্তোষ ।
এইমত আচার করে ভক্তিধর্ম্ম-পোষ ॥ ৩০ ॥

শ্রীমুখের বাণী ঃ—

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রোক্ত শিক্ষাষ্টকান্তর্গত পদ্য—

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা ।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥ ৩১ ॥

এই শ্লোকানুযায়ী চলিতে কবিরাজ গোস্বামীর সকলকে সনির্ব্বন্ধ অনুরোধ ঃ—

ঊর্দ্ধবাহু করি' কহোঁ, শুন, সর্ব্বলোক ।
নাম-সূত্রে গাঁথি' পর কণ্ঠে এই শ্লোক ॥ ৩২ ॥
প্রভু-আজ্ঞায় কর এই শ্লোক আচরণ ।
অবশ্য পাইবে তবে শ্রীকৃষ্ণচরণ ॥ ৩৩ ॥

এক বৎসর-ব্যাপি শ্রীবাসগৃহে সঙ্কীর্ত্তন ঃ—

তবে প্রভু শ্রীবাসের গৃহে নিরন্তর ।
রাত্রে সঙ্কীর্ত্তন কৈল এক সম্বৎসর ॥ ৩৪ ॥

প্রতীপ পাষণ্ডীর প্রবেশ নিষেধ ঃ—

কপাট দিয়া কীর্ত্তন করে পরম আবেশে ।
পাষণ্ডী হাসিতে আইসে, না পায় প্রবেশে ॥ ৩৫ ॥

শ্রীবাসকে হিংসা ও বিদ্বেষ ঃ—

কীর্ত্তন শুনি' বাহিরে তারা জ্বলি' পুড়ি' মরে ।
শ্রীবাসেরে দুঃখ দিতে নানা যুক্তি করে ॥ ৩৬ ॥

শ্রীবাসের বিরুদ্ধে গোপাল-চাপালের কাণ্ড ঃ—

একদিন বিপ্র, নাম—'গোপাল চাপাল' ।
পাষণ্ডি-প্রধান সেই দুর্ম্মুখ, বাচাল ॥ ৩৭ ॥
ভবানী-পূজার সব সামগ্রী লঞা ।
রাত্রে শ্রীবাসের দ্বারে স্থান লেপাঞা ॥ ৩৮ ॥
কলার পাত উপরে থুইল ওড়-ফুল ।
হরিদ্রা, সিন্দূর আর রক্তচন্দন, তণ্ডুল ॥ ৩৯ ॥
মদ্যভাণ্ড-পাশে ধরি' নিজ-ঘরে গেল ।
প্রাতঃকালে শ্রীবাস তাহা ত' দেখিল ॥ ৪০ ॥

শ্রীবাসকে শক্তির উপাসক-প্রতিপাদনে চেষ্টা ঃ—

বড় বড় লোকেরে আনিল বোলাইয়া ।
সবারে কহে শ্রীবাস হাসিয়া হাসিয়া ॥ ৪১ ॥
"নিত্য রাত্রে করি আমি ভবানী-পূজন ।
আমার মহিমা দেখ, ব্রাহ্মণ-সজ্জন ॥" ৪২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

উপস্থিত হইলেন। ভক্তবাৎসল্যবশতঃ প্রভু তাঁহার ঝুলি হইতে ভিক্ষার চাউলসকল লইয়া মহাপ্রেমে ভক্ষণ করিতে লাগিলেন।

৩১। যিনি তৃণাপেক্ষা আপনাকে ক্ষুদ্রজ্ঞান করেন, যিনি তরুর ন্যায় সহিষ্ণু হন, নিজে মানশূন্য ও অপরলোককে সম্মান প্রদান করেন, তিনিই সদা হরিকীর্ত্তনের অধিকারী।

৩২-৩৩। গ্রন্থকার বলিতেছেন,—ওহে সর্ব্বজনগণ, আমি ঊর্দ্ধবাহু হইয়া বলিতেছি, তোমরা শ্রবণ কর। কৃষ্ণনাম-মালায় এই শ্লোককে গাঁথিয়া লইয়া কণ্ঠে ধারণ কর। তাৎপর্য্য এই যে, অধিকারী না হইয়া নামগ্রহণ করিলে 'নামাভাস' বা 'নামাপরাধ' হয়। তাহাতে জীবের পক্ষে নামের ফল যে 'কৃষ্ণপ্রেম', তাহা লাভ হয় না। মহাপ্রভু-কৃত এই 'তৃণাদপি' শ্লোকে যে, উপদেশ প্রদত্ত হইয়াছে, তদনুসারে আচরণ করিতে করিতে হরিনাম কর; তাহা হইলে অবশ্য শ্রীকৃষ্ণচরণ পাইবে।

৩৫-৪৫। যে-সময়ে মহাপ্রভু শ্রীবাসের অঙ্গনে দ্বার রুদ্ধ করিয়া কীর্ত্তনানন্দ আস্বাদন করিতেন, সেই সময় নগরবাসী বহির্ম্মুখ অনেক ব্রাহ্মণ বৈষ্ণবদিগকে পরিহাস করিবার জন্য অনেকপ্রকার চেষ্টা করিতেন। 'গোপাল চাপাল'-নামক কোন বাচাল ভট্টাচার্য্য দেবীপূজার সজ্জা, কলাপাত, জবাফুল ও রক্তচন্দন ইত্যাদি মদ্যভাণ্ডের সহিত রুদ্ধদ্বারের বাহিরে রাখিয়া গিয়াছিল। প্রাতঃকালে শ্রীবাসপণ্ডিত তাহা দেখিয়া পরিহাস-পূর্ব্বক সকলকে কহিলেন,—'দেখ দেখ, আমি নিত্য রাত্রে ভবানীর পূজা করিয়া থাকি, ইহাতে আমার 'শাক্ত'-পরিচয়ের যে মহিমা, তাহা জানিতে পারিলে।' শিষ্টলোকসকল তাহা দর্শন

অনুভাষ্য

২৬-৩০। অন্ত্য, ২০শ পঃ ২২-২৬ সংখ্যা দ্রষ্টব্য।

৩১। তৃণাদপি (সর্ব্বপদদলিত-গুরুভাবরহিতাৎ তৃণাদপি) সুনীচেন (সর্ব্বতোভাবেন নীচেন প্রাকৃতমর্য্যাদা-রহিতভাব-সমন্বিতেন জনেন) তরোরপি (বৃক্ষাদপি) সহিষ্ণুনা (সহনগুণ-যুক্তেন জনেন) অমানিনা (স্বয়ং মাননীয়োঽপি তাদৃশ-প্রাকৃত-মর্য্যাদা-পরিত্যাগেন) মানদেন (অন্যেভ্যঃ মানরহিতেভ্যঃ অযোগ্যেভ্যঃ অপি মানং গৌরবং প্রদেন এবম্ভূতেন জনেন) সদা (নিত্যকালং) হরিঃ [এব] কীর্ত্তনীয়ঃ (অধরৌষ্ঠজিহ্বাদৌ উচ্চারণীয়ঃ)।

৩২-৩৩। নামসূত্রে গাঁথি—শ্রীহরিনামরূপ-সূত্রে মালা বা রক্ষাকবচ গাঁথিবার দ্রব্য—প্রাকৃতাভিমান-রাহিত্যরূপ ভাব-চতুষ্টয়; যথা—(১) সুনীচত্ব, (২) সহিষ্ণুত্ব, (৩) অমানিত্ব, (৪) মানদত্ব। প্রাকৃতাভিমানে সর্ব্বদা হরিনাম-কীর্ত্তন সম্ভবপর নহে। জড়ের অভিমানগুলি হরিনামের প্রতিবন্ধক। অভিমান-চতুষ্টয় রহিত হইলে শুদ্ধজীব সর্ব্বদা হরিনাম করিতে পারেন। এরূপ সাধন-ভক্তির অনুশাসনরূপ আজ্ঞা প্রতিপালন করিলে হরিনাম-কীর্ত্তন-ফলে শ্রীকৃষ্ণচরণ অবশ্য পাইবে।

স্থানীয় ভদ্রলোকের মনঃক্ষোভ ও স্থান-শুদ্ধীকরণ ঃ—

তবে সব শিষ্টলোক করে হাহাকার ।
'ঐছে কর্ম্ম হেথা কৈল কোন্ দুরাচার ॥' ৪৩ ॥
হাড়িকে আনিয়া সব দূর করাইল ।
জল-গোময় দিয়া সেই স্থান লেপাইল ॥ ৪৪ ॥

বৈষ্ণবাপরাধের ফলে গোপাল-চাপালের কুষ্ঠ ঃ—

তিন দিন রহি' সেই গোপাল-চাপাল ।
সর্ব্বাঙ্গে হইল কুষ্ঠ, বহে রক্তধার ॥ ৪৫ ॥
সর্ব্বাঙ্গ বেড়িল কীটে, কাটে নিরন্তর ।
অসহ্য বেদনা, দুঃখে জ্বলয়ে অন্তর ॥ ৪৬ ॥

গঙ্গাতীরে অবস্থান ও প্রভুর নিকট উদ্ধার-কামনা ঃ—

গঙ্গাঘাটে বৃক্ষতলে রহে ত' বসিয়া ।
এক দিন বলে কিছু প্রভুকে দেখিয়া ॥ ৪৭ ॥
"গ্রাম-সম্বন্ধে আমি তোমার মাতুল ।
ভাগিনা, মুই কুষ্ঠব্যাধিতে হঞাছি ব্যাকুল ॥ ৪৮ ॥
লোক সব উদ্ধারিতে তোমার অবতার ।
মুঞি বড় দুঃখী, মোরে করহ উদ্ধার ॥" ৪৯ ॥

উহার বৈষ্ণবাপরাধহেতু প্রভুর সক্রোধ বচন ও উদ্ধারে অসম্মতি ঃ—

এত শুনি' মহাপ্রভুর হইল ক্রুদ্ধ মন ।
ক্রোধাবেশে বলে তারে তর্জ্জন-বচন ॥ ৫০ ॥
"আরে পাপি, ভক্তদ্বেষি, তোরে না উদ্ধারিমু ।
কোটিজন্ম এই মতে কীড়ায় খাওয়াইমু ॥ ৫১ ॥
শ্রীবাসে করাইলি তুই ভবানী-পূজন ।
কোটি জন্ম হবে তোর রৌরবে পতন ॥ ৫২ ॥
পাষণ্ডী সংহারিতে মোর এই অবতার ।
পাষণ্ডী সংহারি' ভক্তি করিমু সঞ্চার ॥" ৫৩ ॥

বৈষ্ণবাপরাধীর নিয়ত কষ্টভোগহেতু সহজে মৃত্যু নাই ঃ—

এত বলি' গেলা প্রভু করিতে গঙ্গাস্নান ।
সেই পাপী দুঃখ ভোগে, না যায় পরাণ ॥ ৫৪ ॥

প্রভুর আগমনে উহার শরণাগতি ঃ—

সন্ন্যাস করিয়া যবে প্রভু নীলাচলে গেলা ।
তথা হৈতে যবে কুলিয়া গ্রামে আইলা ॥ ৫৫ ॥
তবে সেই পাপী প্রভুর লইল শরণ ।
হিত-উপদেশ কৈল হইয়া করুণ ॥ ৫৬ ॥

শ্রীবাসপণ্ডিতের নিকট অপরাধ-ক্ষমার জন্য প্রভুর উপদেশ ঃ—

"শ্রীবাস পণ্ডিতের স্থানে আছে অপরাধ ।
তথা যাহ, তেঁহো যদি করেন প্রসাদ ॥ ৫৭ ॥

শরণাগতির পর পুনরায় পাপাচরণ নিষেধ ঃ—

তবে তোমার হবে এই পাপ-বিমোচন ॥
যদি পুনঃ ঐছে নাহি কর আচরণ ॥" ৫৮ ॥

গোপাল-চাপালের শ্রীবাস-চরণে শরণ গ্রহণ ও অপরাধ-মোচন ঃ—

তবে বিপ্র লইল শ্রীবাসের শরণ ।
তাঁহার কৃপায় হৈল পাপ-বিমোচন ॥ ৫৯ ॥

আর এক দুর্ব্বুদ্ধি বিপ্রের প্রভুকে শাপ-প্রদান-কার্য্য ঃ—

আর এক বিপ্র আইল কীর্ত্তন দেখিতে ।
দ্বারে কপাট,—না পাইল ভিতরে যাইতে ॥ ৬০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

করিয়া অত্যন্ত দুঃখিত হইলেন এবং হাড়ি ডাকাইয়া সেই মদ্যাদি কদর্য্য দ্রব্যসকল দূরে নিক্ষেপ করত জল-গোময়দ্বারা সেই স্থান পরিশুদ্ধ করিলেন। সেই বৈষ্ণবাপরাধে গোপাল-চাপালের গলৎকুষ্ঠ-রোগ হইয়াছিল।

অনুভাষ্য

৩৭। চৈতন্যভাগবতে 'গোপাল চাপালের' বৃত্তান্ত পাওয়া যায় না।

৪১। বোলাইয়া—ডাকিয়া।

৫২। ভবানীপূজা যে অবৈষ্ণবের কৃত্য অর্থাৎ বৈষ্ণবের কৃত্য নহে, তাহা প্রভু গর্হণপূর্ব্বক মানবকে অন্তরে বহ্বীশ্বরবাদ পোষণকারী অর্থাৎ বহুদেবদেবীর উপাসনার পক্ষপাতী প্রাকৃত বিদ্ধবৈষ্ণবকে 'দুঃসঙ্গ' বলিয়া জ্ঞান করিতে শিক্ষা দিলেন।

৫৪। ভোগে—ভোগ করে।

৫৫। 'কুলিয়া'-গ্রাম—বর্ত্তমান 'নবদ্বীপ সহর'। "সবে গঙ্গা মধ্যে নদীয়ায় কুলিয়ায়"—চৈঃ ভাঃ অন্ত্য, ৩য় অঃ ; কুলিয়া—গঙ্গার পশ্চিমপারে ও নবদ্বীপ—পূর্ব্বপারে। 'ভক্তিরত্নাকর'—দ্বাদশ তরঙ্গ, 'চৈতন্যচরিত মহাকাব্য', 'চৈতন্যচন্দ্রোদয়-নাটকে' ও 'চৈতন্যভাগবতে' গঙ্গার পশ্চিম-তীরস্থিত কুলিয়ার উল্লেখ দ্রষ্টব্য। কোলদ্বীপের অন্তর্গত কুলিয়া-গ্রামে অদ্যাবধি 'কুলিয়ার গঞ্জ' বলিয়া একটী পল্লী আছে; 'কুলিয়ার দহ' বলিয়া জলস্রোত আছে, তাহা বর্ত্তমান মিউনিসিপ্যাল-সহর নবদ্বীপের মধ্যে। গঙ্গার পশ্চিমপারে শ্রীমহাপ্রভুর সময়ে 'কুলিয়া' ও 'পাহাড়পুর' নামে গ্রাম ছিল। উহা 'বাহির দ্বীপে'র মাঠের মধ্যে। কিন্তু তৎকালে এবং তদবধি গঙ্গার পূর্ব্বপারস্থিত 'অন্তর্দ্বীপে'ই নবদ্বীপ ছিল। উহা শ্রীমায়াপুরে 'দ্বীপের মাঠ' বলিয়া অদ্যাপি প্রসিদ্ধ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৫। কুলিয়াগ্রাম—গঙ্গার পূর্ব্বপারে তৎকালে নবদ্বীপ ছিল, অপরপারে কুলিয়া-গ্রাম এক্ষণে 'নবদ্বীপ'-নামে খ্যাত।

ফিরি' গেল বিপ্র ঘরে মনে দুঃখ পাঞা ।
আর দিন প্রভুকে কহে গঙ্গায় দেখিয়া ॥ ৬১ ॥
"শাপিব তোমারে মুঞি, পাঞাছি মনোদুঃখ ।"
পৈতা ছিণ্ডিয়া শাপে প্রচণ্ড দুর্ম্মুখ ॥ ৬২ ॥
"সংসার-সুখ তোমার হউক বিনাশ ।"
শাপ শুনি' মহাপ্রভুর হইল উল্লাস ॥ ৬৩ ॥
প্রভুর শাপ-বার্ত্তা শুনে হঞা শ্রদ্ধাবান্ ।
ব্রহ্মশাপ হৈতে তার হয় পরিত্রাণ ॥ ৬৪ ॥

মুকুন্দের দণ্ডানুগ্রহ ঃ—

মুকুন্দ-দত্তেরে কৈল দণ্ড-পরসাদ ।
খণ্ডিল তাহার চিত্তে সব অবসাদ ॥ ৬৫ ॥

অদ্বৈতের দণ্ড-প্রসাদ ঃ—

আচার্য্য-গোসাঞিরে প্রভু করে গুরুভক্তি ।
তাহাতে আচার্য্য বড় হয় দুঃখমতি ॥ ৬৬ ॥
ভঙ্গী করি' জ্ঞানমার্গ করিল ব্যাখ্যান ।
ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজ্ঞান ॥ ৬৭ ॥
তবে আচার্য্য-গোসাঞির আনন্দ হইল ।
লজ্জিত হইয়া প্রভু প্রসাদ করিল ॥ ৬৮ ॥

মুরারিগুপ্তের ঐকান্তিকী শ্রীরামনিষ্ঠা ঃ—

মুরারিগুপ্ত-মুখে শুনি' রাম-গুণগ্রাম ।
ললাটে লিখিল তাঁর 'রামদাস' নাম ॥ ৬৯ ॥

শ্রীধর-গৃহে লৌহপাত্রে জলপান ও বরপ্রদান ঃ—

শ্রীধরের লৌহপাত্রে কৈল জলপান ।
সমস্ত ভক্তেরে দিল ইষ্ট বরদান ॥ ৭০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৫। প্রভুর মহাপ্রকাশের দিবস মুকুন্দদত্ত দ্বারের বাহিরে পড়িয়াছিলেন। প্রভু এক এক করিয়া অন্য ভক্তগণকে প্রসাদ করিলে, তাঁহারা মুকুন্দদত্ত বাহিরে আছে, একথা প্রভুকে জানাইলেন। প্রভু কহিলেন,—'আমি মুকুন্দদত্তের প্রতি শীঘ্র প্রসন্ন হইব না, কেননা, সে-ব্যক্তি ভক্তগণের নিকটে 'শুদ্ধভক্তি'র কথা বলে এবং মায়াবাদীদের নিকটে বসিয়া যোগবাশিষ্ট-লিখিত 'মায়াবাদ' স্বীকার করে ; তাহাতে আমার সর্ব্বদা দুঃখ হয়।' মুকুন্দদত্ত বাহির হইতে সে কথা শুনিয়া কহিল,—'ধন্য আমি, যেহেতু জগত্তারণ মহাপ্রভু শীঘ্রই না করুন, কোনকালেও আমার প্রতি কৃপা করিবেন।' মুকুন্দদত্তের মায়াবাদীর সঙ্গ-পরিত্যাগে দৃঢ়তা জানিতে পারিয়া প্রভু তাঁহাকে তৎক্ষণাৎ নিকটে আনাইয়া প্রসন্নতা প্রকাশ করিলেন। এই কার্য্যে মায়াবাদি-সঙ্গরূপ অপরাধের দণ্ড দানপূর্ব্বক শুদ্ধভক্তসঙ্গের ফলস্বরূপ প্রসাদ করিলেন।

৬৬-৬৮। অদ্বৈতাচার্য্য মহাপ্রভুর গুরু ঈশ্বরপুরীর গুরুভাই, তন্নিবন্ধন প্রভু স্বীয় দাস হইলেও তাঁহাকে গুরুবৎ ভক্তি করেন। অদ্বৈত মহাপ্রভুর সেইরূপ গৌরবপ্রদানকার্য্যে দুঃখিত হইয়া মহাপ্রভুর দণ্ডপ্রসাদ লইবার জন্য শান্তিপুরে গিয়া কতকগুলি দুর্ভাগা ব্যক্তির নিকট জ্ঞানমার্গ ব্যাখ্যা করিতে লাগিলেন। তচ্ছ্রবণে প্রভু ক্রোধাবিষ্ট হইয়া শান্তিপুরে গিয়া অদ্বৈতপ্রভুকে উত্তমরূপে প্রহার করিলেন। সেই প্রহার লাভ করিয়া অদ্বৈত-প্রভু এই বলিয়া নাচিতে লাগিলেন,—"দেখ, আজ আমার বাঞ্ছা সফল হইল। মহাপ্রভু কৃপণতাপূর্ব্বক আমাকে গুরুজ্ঞান করিতেন ; অদ্য নিজদাস ও শিষ্যজ্ঞানে আমাকে মায়াবাদরূপ দুর্ম্মতি হইতে রক্ষা করিবার চেষ্টা করিলেন।" অদ্বৈতাচার্য্যের এই ভঙ্গি দেখিয়া প্রভু লজ্জিত হইয়া তাঁহার প্রতি প্রসন্ন হইলেন।

৬৯। একদিন মহাপ্রভু রামমন্ত্রোপাসক মুরারিগুপ্তকে শ্রীরামের স্তবপাঠ করিতে বলিলেন। মুরারি মহাপ্রেমে রামাষ্টক পাঠ করিলেন,—'ইত্থং নিশম্য রঘুনন্দনরাজসিংহশ্লোকাষ্টকং স ভগবান্ চরণং মুরারেঃ। বৈদ্যস্য মূর্দ্ধ্নি বিনিধায় লিলেখ ভালে ত্বং 'রামদাস' ইতি ভো ভব মৎ-প্রসাদাৎ।'

৭০। প্রথম নগরকীর্ত্তন-রাত্রে কাজিকে উদ্ধার করিলে পর চাঁদকাজি কীর্ত্তনের সঙ্গে সঙ্গে শ্রীধরের অঙ্গন পর্য্যন্ত আসিয়া-

অনুভাষ্য

কাঁচড়াপাড়ার নিকটে যে 'কুলিয়া'-নামক গ্রাম আছে, উহা উপরিউক্ত কুলিয়া-গ্রাম বা 'অপরাধ-ভঞ্জনের পাট' নহে। ধামবিদ্বেষমূলে কল্পনা ও ভ্রমবশে মাত্র কয়েক বর্ষ হইল, তাদৃশ মিথ্যা-ধারণার উৎপত্তি হইয়াছে।

৬৪। মায়াধীশ প্রভুকে শাপাদির অধীন বা যমদণ্ড্য ও কর্ম্ম-ফলাধীন জীব জানিয়া পাষণ্ডতা আবাহন করিবার পরিবর্ত্তে নিত্যসেব্য পরমেশ্বর বলিয়া জানিলেই জীবের অনাদি-কৃষ্ণ-বহির্ম্মুখতা দূর হয়। এই ঘটনা চৈতন্যভাগবতে নাই।

৬৫। মুকুন্দের দণ্ডকৃপা—চৈঃ ভাঃ মধ্য, ১০ম অঃ দ্রষ্টব্য।

৬৯। চৈতন্যমঙ্গল মধ্যখণ্ড—'রামং জগত্রয়গুরুং সততং ভজামি।' "এইমতে রঘুবীরাষ্টক শ্লোক শুনি'। মুরারি-মস্তকে পদ দিলা ত' আপনি।। 'রামদাস' বলি' নাম লিখিলা কপালে। মোর পরসাদে তুমি 'রামদাস' হইলে।। ইহা বলি' রাম-রূপ দেখাইল তারে। স্তব করে মুরারি পড়িয়া পদতলে।।" মুরারিগুপ্তের প্রতি প্রভুর কৃপা—চৈঃ ভাঃ মধ্য, ১০ অঃ দ্রষ্টব্য।

৭০। শ্রীধরের লৌহপাত্রে প্রভুর জলপান—চৈঃ ভাঃ মধ্য, ২৩ অঃ দ্রষ্টব্য।

ঠাকুর হরিদাসকে কৃপা, শচীর অপরাধ-মোচনাভিনয় ঃ—

হরিদাস ঠাকুরের করিল প্রসাদ ।
আচার্য্য-স্থানে মাতার খণ্ডাইল অপরাধ ॥ ৭১ ॥

এক পাষণ্ড ছাত্রের শ্রীনামে অর্থবাদ ঃ—

ভক্তগণে প্রভু নাম-মহিমা কহিল ।
শুনিয়া পড়ুয়া তাহাঁ অর্থবাদ কৈল ॥ ৭২ ॥
নামে স্তুতিবাদ শুনি' প্রভুর হৈল দুঃখ ।
সবারে নিষেধিল,—"ইহার না দেখিহ মুখ ॥"৭৩॥

সগণ সবস্ত্র গঙ্গাস্নান ও একমাত্র অভিধেয় ভক্তির মহিমা কীর্ত্তন ঃ—

সগণে সচেলে গিয়া কৈল গঙ্গাস্নান ।
ভক্তির মহিমা তাহাঁ করিল ব্যাখ্যান ॥ ৭৪ ॥
জ্ঞান-কর্ম্ম-যোগ-ধর্ম্মে নহে কৃষ্ণ বশ ।
কৃষ্ণবশ-হেতু এক—কৃষ্ণপ্রেম-রস ॥ ৭৫ ॥

শ্রীমদ্ভাগবত (১১।১৪।২০)—

না সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব ।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা ॥ ৭৬ ॥

মুরারিকে প্রশংসা ঃ—

মুরারিকে কহে প্রভু,—কৃষ্ণ বশ কৈলা ।
শুনিয়া মুরারি শ্লোক কহিতে লাগিলা ॥ ৭৭ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৮১।১৬)—

ক্বাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক্ব কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ ।
ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ ॥ ৭৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ছিলেন। সেইখানে কীর্ত্তনবিশ্রাম হইলে মহাপ্রভু কৃপা করিয়া শ্রীধরের ফুটা-লৌহপাত্রে যে জল ছিল, তাহা 'ভক্তদত্ত জল' বলিয়া পান করিলেন। কাজি সেইস্থল হইতে ফিরিয়া গেলেন। মায়াপুরের উত্তর-পূর্ব্বাংশে সেই স্থানটীকে এখন পর্য্যন্ত 'কীর্ত্তন-বিশ্রামস্থান' বলিয়া থাকে।

৭১। মহাপ্রকাশ-দিবসে হরিদাসকে মহাপ্রভু আলিঙ্গন করিয়া তাঁহাকে প্রহ্লাদের অবতার নির্দ্দেশ করত বরদান করেন।

বিশ্বরূপ সন্ন্যাস করায় শচীমাতা অদ্বৈত-আচার্য্যকে দোষারোপ করিয়াছিলেন। তাহাতে তাঁহার যে বৈষ্ণবাপরাধ হয়, তাহা, জননীকে আচার্য্যের পদধূলি লওয়াইয়া খণ্ডন করেন।

৭২-৭৩। একদিন মহাপ্রভু ভক্তগণের নিকট নামের অপার মহিমা বর্ণন করিলেন, তাহা শুনিয়া কোন দুর্ভাগা পড়ুয়া কহিল,—'এইসকল নাম-মহিমা প্রকৃত নয় ; শাস্ত্রে নামের স্তুতিবাদ মাত্র করিয়াছেন।' এইপ্রকার নাম-মহিমার অন্যার্থ করিলে নামে 'অর্থবাদরূপ' নামাপরাধ হয়। নামাপরাধ-তুল্য অন্য কোনপ্রকার অপরাধ ভয়ঙ্কর নহে। সেই অপরাধি-পড়ুয়ার মুখ দর্শন করিতে নিষেধ করিয়া প্রভু সগণে সচেলে অর্থাৎ সবস্ত্রে গঙ্গাস্নান করিলেন। তাৎপর্য্য এই,—নামাপরাধীর মুখ দেখিলে সবস্ত্রে স্নান করা উচিত—ইহাই শিক্ষা।

অনুভাষ্য

৭১। ঠাকুর হরিদাসকে কৃপা—চৈঃ ভাঃ মধ্য, ১০ম এবং শচীমাতাকে প্রভুর কৃপা—চৈঃ ভাঃ মধ্য, ২২ অধ্যায়।

৭২। সাক্ষাৎ কৃষ্ণাভিন্ন শ্রীনামপ্রভুর মহিমাকে 'অতিস্তুতি' 'অপ্রকৃত' অতএব 'অসত্য'-জ্ঞানে ভেদবুদ্ধির নামই 'অর্থবাদ' বা (মিথ্যা) স্তুতিবাদ, অথবা নিন্দাবাদ—উহা নিতান্ত পাষণ্ডতা বা নাস্তিকতা অর্থাৎ ঈশ্বর-বিরোধ-মাত্র।

৭৬। শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিলেন,—

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৬। হে উদ্ধব, আমার প্রতি প্রবলা ভক্তি যেরূপ আমাকে বাধ্য করিতে পারে, অষ্টাঙ্গ-যোগ, অভেদ-ব্রহ্মবাদরূপ সাংখ্যজ্ঞান, ব্রাহ্মণের স্বশাখা-অধ্যয়নরূপ স্বাধ্যায়, সর্ব্ববিধ তপস্যা ও ত্যাগরূপ সন্ন্যাসাদি-দ্বারা আমি সেরূপ বাধ্য হই না।

৭৮। কোথায় আমি অতি পাপিষ্ঠ দরিদ্র, কোথায় শ্রীনিকেতন কৃষ্ণ! অযোগ্য ব্রাহ্মণ-সন্তান জানিয়া তিনি আমাকে আলিঙ্গন করিলেন,—ইহা অতি আশ্চর্য্যের বিষয়।

অনুভাষ্য

হে উদ্ধব, যোগঃ (মরুন্নিয়মজ-যমনিয়মাসনপ্রাণায়ামাদিঃ), সাংখ্যং (কপিলকথিতং তত্ত্বসংখ্যানং), ধর্ম্মঃ (বর্ণাশ্রমধর্ম্মঃ). স্বাধ্যায়ঃ (বেদাধ্যয়নং), তপঃ, ত্যাগঃ (সন্ন্যাসঃ), [তথা] মাং ন সাধয়তি (বশীকরোতি) যথা মম উর্জ্জিতা (বর্দ্ধিতা) ভক্তিঃ [মাং বশীকরোতি]।

৭৭। মহাপ্রভু মুরারিকে বলিলেন,—'তুমি তোমার নিজ প্রেমভক্তিদ্বারা কৃষ্ণকে বাধ্য করিয়াছ।' মুরারি তদুত্তরে 'সুদামা'-বিপ্রকথিত ভাগবতোক্ত শ্লোকটী উচ্চারণ করিয়া প্রত্যুত্তর দিলেন।

৭৮। গৃহগমনরত 'শ্রীদাম' বা 'সুদামা' বিপ্রের মনে মনে উক্তি.—"দরিদ্রঃ (সমৃদ্ধিরহিতঃ) পাপীয়ান্ (পাপসহিতঃ) অহং ক্ব ? শ্রীনিকেতনঃ (ঐশ্বর্য্যমূলবিগ্রহঃ নিখিলপুণ্যাশ্রয়ঃ) কৃষ্ণঃ ক্ব ? অহং ব্রহ্মবন্ধুঃ (শৌক্রবিপ্রাধমঃ) [তয়া কৃষ্ণেন] বাহুভ্যাং পরিরম্ভিতঃ (আলিঙ্গিতঃ)। (অযোগ্যে ময়ি ব্রহ্মবন্ধৌ কৃষ্ণালিঙ্গনং কদাপি ন সম্ভবতীতি কৃষ্ণস্য মহত্ত্বমেব দর্শিতং বক্তুর্দৈন্য-ব্যঞ্জকঞ্চ)।

৭৭-৭৮। মহাপ্রভুর কথিত বাক্য অনুকূলভাবে স্বীকার করিলে 'কৃষ্ণবশকারিত্ব-শক্তি মুরারির নাই, কৃষ্ণের নিজভক্ত-বাৎসল্যগুণে তিনি অযোগ্য দাসকে অবান্তর গৌণবিষয়ান্তরের

প্রভুর আম্রবৃক্ষ-রোপণ ও ফলদান-কাহিনী ঃ—

একদিন প্রভু সব ভক্তগণ লঞা।
সঙ্কীর্ত্তন করি' বৈসে শ্রমযুক্ত হঞা ॥ ৭৯ ॥
এক আম্রবীজ প্রভু অঙ্গনে রোপিল।
ততক্ষণে জন্মিয়া বৃক্ষ বাড়িতে লাগিল ॥ ৮০ ॥
দেখিতে দেখিতে বৃক্ষ লাগিল ফলিতে।
পাকিল অনেক ফল, সবেই বিস্মিতে ॥ ৮১ ॥
শত দুই ফল প্রভু শীঘ্র পাড়াইল।
প্রক্ষালন করি' কৃষ্ণে ভোগ লাগাইল ॥ ৮২ ॥
রক্ত-পীতবর্ণ,—নাহি অষ্ঠি-বল্কল।
একজনের পেট ভরে—খাইলে এক ফল ॥ ৮৩ ॥
দেখিয়া সন্তুষ্ট হৈলা শচীর নন্দন।
সবাকে খাওয়াল আগে করিয়া ভক্ষণ ॥ ৮৪ ॥
অষ্ঠি-বল্কল নাহি,—অমৃত-রসময়।
এক ফল খাইলে রসে উদর পূরয় ॥ ৮৫ ॥
এইমত প্রতিদিন ফলে বারমাস।
বৈষ্ণব খায়েন ফল,—প্রভুর উল্লাস ॥ ৮৬ ॥
এইসব লীলা করে শচীর নন্দন।
অন্য লোক নাহি জানে বিনা ভক্তগণ ॥ ৮৭ ॥
এই মত বারমাস কীর্ত্তন-অবসানে।
আম্রমহোৎসব প্রভু করে দিনে দিনে ॥ ৮৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৯-৮৬। কোনদিবস প্রভু ভক্তগণের সহিত নগরকীর্ত্তনে শ্রমযুক্ত হইয়া যে স্থানে পৌঁছিয়াছিলেন, তথাকার সেই ভক্তের অঙ্গনে এক আম্রবীজ রোপণ করিলে তৎক্ষণাৎ ফল হইয়া আম্র-মহোৎসব হইল। সেই স্থানটী সম্প্রতি 'আম্রঘট্ট' (আমঘাটা) বলিয়া প্রসিদ্ধ।

অনুভাষ্য

উপলক্ষণে অভাবনীয় সৌভাগ্যের অধিকারী করেন,—এইরূপ ভাবিয়াই ঐ শ্লোকের উচ্চারণ।

মহাপ্রভুর কথিত বাক্য নিজস্বার্থের প্রতিকূল জানিয়া তদ্রহিত করিবার উদ্দেশে এই শ্লোক উচ্চারিত হইয়া থাকিলে মুরারিগুপ্ত বলিলেন,—'আমি কৃষ্ণবশ করিতে সম্পূর্ণ অযোগ্য, কৃষ্ণবশ করিতে পারিলাম না।' শ্রীদামা-বিপ্র দরিদ্রতা, পাপপ্রবণতা, অব্রাহ্মণতা প্রভৃতি নিজ অযোগ্যতাসমূহ উল্লেখ করিয়া কৃষ্ণালিঙ্গনরূপ নিজ-সৌভাগ্য প্রখ্যাপন করিয়াছিলেন, কিন্তু মুরারিগুপ্ত ভাবিতেছেন,—'সেরূপভাবেও আমি অযোগ্য।'

দশম-টিপ্পনী 'বৈষ্ণব-তোষণী'তে শ্লোকটীর অর্থ এইরূপ কথিত হইয়াছে,—"ক্কেতি। পাপীয়ান্ দুর্ভগঃ ; কৃষ্ণঃ সাক্ষাৎ ভগবান্ ; এবং কৃষ্ণত্ব-পাপীয়স্ত্বয়োস্তথা দারিদ্র্য-শ্রীনিকেতত্বয়োর্বিরোধঃ, তথাপি ব্রহ্মবন্ধুঃ বিপ্রকুলজাত ইতি বাহুভ্যাং দ্বাভ্যামেব পরিরম্ভিতঃ পরিরব্ধঃ। 'স্ম'—বিস্ময়ে। এবং পরিরম্ভে বিপ্রত্বমেব কারণমুক্তং, ন তু সখ্যং, তত্রাত্মনোঽতীবাযোগ্যত্বমননাৎ। অতো ভগবতো ব্রহ্মণ্যতৈব শ্লাঘিতা, ন তু ভক্তবৎসলতাপীতি।"*

ইহার পূর্ব্বশ্লোকে সুদামার ভাব এরূপ লিপিবদ্ধ আছে যে,—

অনুভাষ্য

যে-বক্ষে প্রাণাধিকা কমলা বিরাজ করেন, সেই বক্ষদ্বারা ব্রাহ্মণ-সম্বন্ধীয় প্রীতি-বশে ব্রহ্মণ্যদেব মাদৃশ লক্ষ্মীহীন দরিদ্রকে আলিঙ্গন করিলেন। এই শ্লোকের ভাবানুসারে উদ্ধৃত পরশ্লোকের টীকায় উক্ত হইয়াছে যে,—'বিপ্রত্বই আলিঙ্গনের কারণ,—সখ্যত্ব নহে ; এবং দৈন্যক্রমে সুদামা-বিপ্র স্বয়ং নিতান্ত অযোগ্য, তিনি স্বয়ং ব্রাহ্মণবৃত্ত নহেন, কেবল ভগবান্ই ব্রহ্মণ্যতার শ্রেষ্ঠত্ব ও নিজের উপাদেয়ত্ব প্রদর্শনের জন্য একজন ব্রহ্মবন্ধুকেও তাদৃশ প্রীতি দেখাইলেন—ইহাই বিস্ময়ের বিষয়। সুদামা-বিপ্র নিজ-দৈন্য ও নিজের অনুৎকর্ষতা জ্ঞাপন করিবার উদ্দেশে আপনাকে 'ব্রহ্মবন্ধু' বলিয়া গর্হণ করিলেন এবং ব্রহ্মবন্ধুর প্রতিও কৃষ্ণের অসামান্য অনুগ্রহ আছে, ইহা ব্যক্ত করিয়া নিজের দৈন্য ও ব্রহ্মস্বভাবের প্রকৃত পরিচয় দিলেন। এতদ্দ্বারা সুদামাবিপ্র নিজেদের মাহাত্ম্য-ত্যাগের জ্বলন্ত আদর্শই দেখাইলেন। ব্রহ্মবন্ধুত্ব—নিজত্ব বা নিজের কৃতিত্ব নহে, পরন্তু ব্রহ্মবন্ধুত্বরূপ বিষয়ান্তরই—যাহা সুদামাবিপ্রের নিজ-সম্পত্তি নহে, উহাই—কৃষ্ণপ্রীতির কারণ ; নিজমহত্ত্ব বা নিজের কৃষ্ণভক্তি, কৃষ্ণকে তাদৃশ-কার্য্যে বাধ্য করে নাই।

মুরারিগুপ্তও তাদৃশভাবাবলম্বনে নিজমহত্ত্ব আবরণ করিয়া দৈন্য প্রদর্শন করিলেন। মুরারিগুপ্ত তাৎকালিক সামাজিক-দৃষ্টিতে শৌক্রশূদ্রমাত্র, 'ব্রহ্মবন্ধু'-শব্দবাচ্য নহেন। তবে "স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা" এই (ভাঃ ১।৪।২৫) শ্লোকের তাৎপর্য্য বিচারপূর্ব্বক মুরারিগুপ্ত শূদ্রসাম্যে দ্বিজবন্ধুত্বেরও উপমা গ্রহণ করিয়াছিলেন।

** "ক্বাহং দরিদ্রঃ'-শ্লোকের অর্থ বলিতেছেন। আমি 'পাপীয়ান্'—ভাগ্যহীন এবং কৃষ্ণ—সাক্ষাৎ ভগবান্। এইরূপে কৃষ্ণত্ব ও পাপীয়ত্ব যেরূপ পরস্পর বিরুদ্ধ, তদ্রূপ দারিদ্র্য ও শ্রীনিকেতনত্ব। তথাপি ব্রাহ্মণাধম আমি বিপ্রকুল-জাত, এইহেতু 'বাহুভ্যাং'—দুই বাহুদ্বারাই 'পরিরম্ভিত'—আলিঙ্গিত। এইপ্রকার আলিঙ্গনের যে কারণ, তাহা বিপ্রত্বই, সখ্যভাবে নহে—এস্থলে ইহা নিজের অতীব অযোগ্যতা মননহেতু উক্ত হইয়াছে। অতএব এই শ্লোকে ভগবানের ব্রহ্মণ্যতাই প্রশংসিত হইয়াছে, তাঁহার ভক্তবাৎসল্য নহে।*

কীর্ত্তনকালে প্রভুর মেঘবর্ষণ-নিবারণ ঃ—

কীর্ত্তন করিতে প্রভু, আইলা মেঘগণ ।
আপন-ইচ্ছায় কৈল মেঘ নিবারণ ॥ ৮৯ ॥

শ্রীবাসের বিষ্ণুসহস্রনাম পাঠ ঃ—

একদিন প্রভু শ্রীবাসে আজ্ঞা দিল ।
'বৃহৎ সহস্রনাম' পড়, শুনিতে মন হৈল ॥ ৯০ ॥

প্রভুর নৃসিংহাবেশ-লীলা ঃ—

পড়িতে আইলা স্তবে নৃসিংহের নাম ।
শুনিয়া আবিষ্ট হৈলা প্রভু গুণধাম ॥ ৯১ ॥

পাষণ্ডের একমাত্র শাস্তা শ্রীনৃসিংহের আবেশে প্রভুর পাষণ্ডি-দ্রাবণ ঃ—

নৃসিংহ-আবেশে প্রভু হাতে গদা লঞা ।
পাষণ্ডী মারিতে যায় নগরে ধাইয়া ॥ ৯২ ॥
নৃসিংহ-আবেশ দেখি' মহাতেজোময় ।
পথ ছাড়ি' ভাগে লোক পাঞা বড় ভয় ॥ ৯৩ ॥

প্রভুর ক্রোধ-সম্বরণ ও করুণা ঃ—

লোক-ভয় দেখি' প্রভুর বাহ্য হইল ।
শ্রীবাস-গৃহেতে গিয়া গদা ফেলাইল ॥ ৯৪ ॥
শ্রীবাসে কহেন প্রভু করিয়া বিষাদ ।
"লোক ভয় পায়,—মোর হয় অপরাধ ॥" ৯৫ ॥

শ্রীবাসের উক্তি, গৌরনামে অপরাধ ক্ষয় ঃ—

শ্রীবাস বলেন,—"যে তোমার নাম লয় ।
তার কোটি অপরাধ সব হয় ক্ষয় ॥ ৯৬ ॥

গৌরদর্শনে সংসার-ধ্বংস ঃ—

অপরাধ নাহি, কৈলে লোকের নিস্তার ।
যে তোমা' দেখিল, তার ছুটিল সংসার ॥" ৯৭ ॥
এত বলি' শ্রীবাস করিল সেবন ।
তুষ্ট হঞা প্রভু আইলা আপন-ভবন ॥ ৯৮ ॥

মহাভাগ্যবান্ শৈবের স্কন্ধে আরূঢ় প্রভুর শিবাবেশ ঃ—

আর দিন শিবভক্ত শিবগুণ গায় ।
প্রভুর অঙ্গনে নাচে, ডম্বুরু বাজায় ॥ ৯৯ ॥
মহেশ-আবেশ হৈলা শচীর নন্দন ।
তার স্কন্ধে চড়ি' নৃত্য কৈল বহুক্ষণ ॥ ১০০ ॥

নৃত্যপরায়ণ ভিক্ষুককে প্রেমদান ঃ—

আর দিন এক ভিক্ষুক আইলা মাগিতে ।
প্রভুর নৃত্য দেখি' নৃত্য লাগিলা করিতে ॥ ১০১ ॥
প্রভু সঙ্গে নৃত্য করে পরম উল্লাসে ।
প্রভু তারে প্রেম দিল, প্রেমরসে ভাসে ॥ ১০২ ॥

জ্যোতিষীকে প্রভুর নিজ-পূর্ব্বপরিচয়-জিজ্ঞাসা ঃ—

আর দিনে জ্যোতিষ এক সর্ব্বজ্ঞ আইল ।
তাহারে সম্মান করি' প্রভু প্রশ্ন কৈল ॥ ১০৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৯। একদিন মহাপ্রভু দূরভূমিতে সঙ্কীর্ত্তন করিতেছিলেন, সেই সময় অত্যন্ত মেঘাড়ম্বর হইল। প্রভু ইচ্ছা করিয়া সেই মেঘকে যাইতে আজ্ঞা দেওয়ায় মেঘ তৎক্ষণাৎ অপসারিত হইল। এই কারণে সেই গঙ্গাচরভূমিকে 'মেঘের চর' বলিয়া বলিত। সম্প্রতি গঙ্গার স্রোতের পরিবর্ত্তনক্রমে 'বেলপুখুরিয়া'-গ্রাম সেই 'মেঘের চরে' স্থানান্তরিত হইয়াছে। বেলপুখুরিয়া পূর্ব্বে যেখানে ছিল, সে-স্থানের বর্ত্তমান নাম 'তারণবাস' ও 'টোটা' হইয়াছে।

অনুভাষ্য

ছান্দোগ্যোপনিষৎ-টীকায় শঙ্করাচার্য্য 'ব্রহ্মবন্ধু'-ব্যাখ্যায় বলিয়াছেন,—"ব্রাহ্মণান্ বন্ধূন্ ব্যপদিশতি, ন স্বয়ং ব্রাহ্মণবৃত্তঃ।" (ভাঃ ১।৭।৫৭)—"বপনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপনং তথা। এষ হি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ।।" কূর্ম্মপুরাণে—"শূদ্রপ্রেষ্যো ভৃতো রাজ্ঞা বৃষলো গ্রামযাজকঃ। বধবন্ধোপজীবী চ ষড়েতে ব্রহ্মবন্ধবঃ।।' ব্রহ্মবন্ধু বা কেবল শৌক্রব্রাহ্মণত্ব নিজ-যোগ্যতার পরিচয় নহে, পরন্তু তাহাতে বস্ত্বন্তর-সাপেক্ষত্বই সিদ্ধ হয়।

৭৯-৮৬। এই ঘটনা চৈতন্যভাগবতে নাই।

৮৯। চৈতন্যমঙ্গল মধ্যখণ্ড—"দিন অবসান, সন্ধ্যা ধন্য দিগন্তর। আচম্বিতে মেঘারম্ভ গগনমণ্ডল।। ঘন ঘন গরজয় গম্ভীর নিনাদে। দেখিয়া বৈষ্ণবগণ গণিল প্রমাদে।। তবে মহাপ্রভু সে মন্দিরা করি' করে। নামগুণ-সঙ্কীর্ত্তন করে উচ্চৈঃস্বরে।। দেবলোক কৃতার্থ করিব হেন মনে। ঊর্দ্ধমুখ চাহে প্রভু আকাশের পানে।। দূরে গেল মেঘগণ প্রকাশ আকাশ। হরিষে বৈষ্ণবগণের বাড়িল উল্লাস।। নিরমল ভেল শশী-রঞ্জিত রজনী। অনুগত গুণ গায় নাচয়ে আপনি।।"

৯০-৯৫। চৈতন্যমঙ্গল মধ্যখণ্ড—"পিতৃকর্ম্ম করে সেই শ্রীবাসপণ্ডিত। শুনয়ে 'সহস্রনাম' অতি শুদ্ধচিত।। হেনকালে সেই ঠাঁঞি গেলা গৌরহরি। শুনয়ে 'সহস্রনাম' মনোরথ পূরি।। শুনিতে শুনিতে ভেল নৃসিংহ-আবেশ। ক্রোধে রাঙা দু'নয়ন, ঊর্দ্ধ ভেল কেশ।। পুলকিত সব অঙ্গ অরুণ বরণ। ঘনঘন হুঙ্কার সিংহের গর্জ্জন।। আচম্বিতে গদা লঞা ধাইল সত্বর। দেখিয়া সকল লোক কাঁপিল অন্তর।। সব সম্বরিয়া প্রভু বসিলা আসনে। না জানি, কি অপরাধ ভৈগেলা আমার।।"

৯৩। ভাগে—পলায়ন করে। এই ঘটনা চৈতন্যভাগবতে নাই।

৯৯-১০০। চৈঃ ভাঃ মধ্য, অষ্টম অঃ দ্রষ্টব্য।

"কে আছিলুঁ পূর্ব্বজন্মে আমি, কহ গণি'।"
গণিতে লাগিলা সর্ব্বজ্ঞ প্রভুবাক্য শুনি' ॥ ১০৪ ॥

জ্যোতিষীর প্রভুকে পরমেশ্বর-জ্ঞান ঃ—

গণি' ধ্যানে দেখে সর্ব্বজ্ঞ,—মহাজ্যোতির্ম্ময়।
অনন্ত বৈকুণ্ঠ-ব্রহ্মাণ্ড—সবার আশ্রয় ॥ ১০৫ ॥
পরমতত্ত্ব, পরব্রহ্ম, পরম-ঈশ্বর।
দেখি' প্রভুর মূর্ত্তি সর্ব্বজ্ঞ হইল ফাঁফর ॥ ১০৬ ॥
বলিতে না পারে কিছু, মৌন হইল।
প্রভু পুনঃ প্রশ্ন কৈল, কহিতে লাগিল ॥ ১০৭ ॥
"পূর্ব্বজন্মে ছিলা তুমি পরম-আশ্রয়।
পরিপূর্ণ ভগবান্—সর্ব্বৈশ্বর্য্যময় ॥ ১০৮ ॥
পূর্ব্বে যৈছে ছিলা তুমি এবেং সেরূপ।
দুর্ব্বিজ্ঞেয় নিত্যানন্দ—তোমার স্বরূপ ॥" ১০৯ ॥

প্রভুর নিজ গোপপরিচয় প্রদান ঃ—

প্রভু হাসি' কৈলা,—'তুমি কিছু না জানিলা।
পূর্ব্বে আমি ছিলাম জাতিতে গোয়ালা ॥ ১১০ ॥
গোপগৃহে জন্ম ছিল, গাভীর রাখাল।
সেই পুণ্যে হৈলাঙ আমি ব্রাহ্মণ-ছাওয়াল ॥"১১১॥

জ্যোতিষীর শরণ গ্রহণ ও প্রেমলাভ ঃ—

সর্ব্বজ্ঞ কহে,—"আমি তাহা ধ্যানে দেখিলাঙ।
তাহাতে ঐশ্বর্য্য দেখি' ফাঁফর হইলাঙ ॥ ১১২ ॥
সেইরূপে এইরূপে দেখি একাকার।
কভু ভেদ দেখি, এই মায়ায় তোমার ॥ ১১৩ ॥

জ্যোতিষীকে কৃপা ও প্রেমদান ঃ—

যে হও, সে হও তুমি, তোমাকে নমস্কার।"
প্রভু তারে প্রেম দিল, কৈল পুরস্কার ॥ ১১৪ ॥

প্রভুর বলদেবাবেশে যমুনাকর্ষণ-লীলা ঃ—

একদিন প্রভু বিষ্ণুমণ্ডপে বসিয়া।
'মধু আন', 'মধু আন' বলেন ডাকিয়া ॥ ১১৫ ॥
নিত্যানন্দ-গোসাঞি প্রভুর আবেশ জানিল।
গঙ্গাজল-পাত্র আনি' সম্মুখে ধরিল ॥ ১১৬ ॥
জল পান করিয়া নাচে হঞা বিহ্বল।
যমুনাকর্ষণ-লীলা দেখয়ে সকল ॥ ১১৭ ॥

চন্দ্রশেখর আচার্য্যরত্নের প্রভুকে বলদেবরূপে দর্শন ঃ—

মদমত্ত-গতি বলদেব-অনুকার।
আচার্য্য শেখর তাঁরে দেখে রামাকার ॥ ১১৮ ॥

বনমালী আচার্য্যের প্রভুহস্তে স্বর্ণহল-দর্শন ঃ—

বনমালী আচার্য্য দেখে সোণার লাঙ্গল।
সবে মিলি' নৃত্য করে আনন্দে বিহ্বল ॥ ১১৯ ॥
এইমত নৃত্য হইল চারি প্রহর।
সন্ধ্যায় গঙ্গাস্নান করি' সবে গেলা ঘর ॥ ১২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১১। গাভীদিগকে সেবা করিলে পুণ্য হয় ; আমি রাখাল হইয়া পূর্ব্বজন্মে গাভী সেবা করিয়া যে পুণ্যার্জ্জন করিয়াছিলাম, তজ্জন্য (তৎফলে) আমি এবার 'ব্রাহ্মণ' হইয়াছি।

অনুভাষ্য

১০৩। সর্ব্বজ্ঞ—ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই ত্রিকালবিৎ।

১০৪। অদ্যাপি পূর্ব্ববঙ্গে (বিশেষতঃ ঢাকা-বিভাগে) 'ছিল', 'ছিলে' ও 'ছিলাম' প্রভৃতি ক্রিয়াবিভক্তিস্থলে 'আছিল', 'আছিলা' ও 'আছিলাম' ব্যবহৃত হইয়া আসিতেছে।

১১০-১১১। সর্ব্বজ্ঞ জ্যোতিষীর সহিত প্রভুর রহস্যবাক্য।

১০৩-১১৪। জ্যোতিষীর বৃত্তান্ত চৈতন্যভাগবতে দৃষ্ট হয় না।

১১৬। চৈঃ ভাঃ মধ্য, ২৬ অঃ দ্রষ্টব্য।

১১৭। বলদেব গোকুলে গমনপূর্ব্বক চৈত্র ও বৈশাখমাসে গোপীজনে পরিবৃত হইয়া বাস করেন। বারুণী পান করত বলদেব জলক্রীড়ার জন্য যমুনাকে নিকটে আহ্বান করিলেন। (ভাঃ ১০।৬৫।২৫-৩০, ৩৩)—"স আজুহাব যমুনাং জলক্রীড়ার্থ-মীশ্বরঃ। নিজং বাক্যমনাদৃত্য মত্ত ইত্যাপগাং বলঃ। অনাগতাং হলাগ্রেণ কুপিতো বিচকর্ষ হ।। পাপে ত্বং মামনাদৃত্য যন্নায়াসি ময়াহুতা। নেষ্যে ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা কামচারিণীম্।। এবং নির্ভর্ৎসিতা ভীতা যমুনা যদুনন্দনম্। উবাচ চকিতা বাচং পতিতা পাদয়োর্নৃপ।। রাম রাম মহাবাহো ন জানে তব বিক্রমম্। যস্যৈকাংশেন বিধৃতা জগতী জগতঃ পতে।। পরং ভাবং ভগবতো ভগবন্মামজানতীম্। মোক্তুমর্হসি বিশ্বাত্মন্ প্রপন্নাং ভক্তবৎসল।। ততো ব্যমুঞ্চৎ যমুনাং যাচিতো ভগবান্ বলঃ। বিজগাহ জলং স্ত্রীভিঃ করেণুভিরিবেভরাট্।। অদ্যাপি দৃশ্যতে রাজন্ যমুনাকৃষ্ট-বর্ত্মনা। বলস্যানন্তবীর্য্যস্য বীর্য্যং সূচয়তীব হি।।"

১১৯। চৈতন্যমঙ্গল মধ্যখণ্ড—"বনমালী-নাম তার পুত্র এক সঙ্গে। বিপ্রকুলে জন্ম, বৈসে পূর্ব্বদেশ বঙ্গে।। দেখিলেক কাঞ্চন-নির্ম্মিত কলেবর। রত্নবিভূষিত যেন সুমেরু-শিখর।। হলায়ুধ-

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৭। যমুনাকর্ষণলীলা—বলদেব একদিন যমুনার প্রতি ক্রুদ্ধ হইয়া হলমুষলদ্বারা যমুনাকে কর্ষণ করিয়াছিলেন। মহাপ্রভু বলদেবাবেশে যখন "মধু আন, মধু আন" বলিলেন, সে-সময়ে অপর সকলে পূর্ব্বোক্ত যমনুাকর্ষণ-লীলা দেখিতেছিল।

প্রভুর আজ্ঞায় সকলের গৃহে গৃহে কৃষ্ণকীর্ত্তন ঃ—

নগরিয়া লোকে প্রভু যবে আজ্ঞা দিলা ।
ঘরে ঘরে সঙ্কীর্ত্তন করিতে লাগিলা ॥ ১২১ ॥

নামগীতি ঃ—

'হরি হরয়ে নমঃ, কৃষ্ণ যাদবায় নমঃ ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন ॥'১২২ ॥
মৃদঙ্গ-করতাল সঙ্কীর্ত্তন-মহাধ্বনি ।
'হরি' 'হরি'-ধ্বনি বিনা অন্য নাহি শুনি ॥ ১২৩ ॥

কীর্ত্তন-বিরোধী যবন ও কাজী ঃ—

শুনিয়া যে ক্রুদ্ধ হৈল সকল যবন ।
কাজী-পাশে আসি' সব কৈল নিবেদন ॥ ১২৪ ॥

কাজীর খোলভাঙ্গা, কীর্ত্তনবিরোধ ও নিষেধাজ্ঞা ঃ—

ক্রোধে সন্ধ্যাকালে কাজী এক ঘরে আইল ।
মৃদঙ্গ ভাঙ্গিয়া লোকে কহিতে লাগিল ॥ ১২৫ ॥
"এতকাল প্রকটে কেহ না কৈল হিন্দুয়ানি ।
এবে যে উদ্যম চালাও কার বল জানি' ॥ ১২৬ ॥
কেহ কীর্ত্তন না করিহ সকল নগরে ।
আজি আমি ক্ষমা করি' যাইতেছোঁ ঘরে ॥ ১২৭ ॥
আর যদি কীর্ত্তন করিতে লাগ পাইমু ।
সর্ব্বস্ব দণ্ডিয়া তার জাতি যে লইমু ॥" ১২৮ ॥

ক্ষুব্ধ সজ্জনগণের প্রভু-সমীপে আবেদন ঃ—

এত বলি' কাজী গেল,—নগরিয়া লোক ।
প্রভু-স্থানে নিবেদিল পাঞা বড় শোক ॥ ১২৯ ॥

প্রভুর ক্রোধ ও সকলকে সঙ্কীর্ত্তনে আদেশ ঃ—

প্রভু আজ্ঞা দিল—"যাহ, করহ কীর্ত্তন ।
মুঞি সংহারিমু আজি সকল যবন ॥" ১৩০ ॥
ঘরে গিয়া সব লোক করয়ে কীর্ত্তন ।
কাজীর ভয়ে স্বচ্ছন্দ নহে, চমকিত মন ॥ ১৩১ ॥
তা-সবার অন্তরে ভয় প্রভু মনে জানি' ।
কহিতে লাগিলা লোকে শীঘ্র ডাকি' আনি' ॥১৩২॥
"নগরে নগরে আজি করিমু কীর্ত্তন ।
সন্ধ্যাকালে কর সবে নগর মণ্ডন ॥ ১৩৩ ॥
সন্ধ্যাতে দেউটি সবে জ্বাল ঘরে ঘরে ।
দেখ, কোন্ কাজী আসি মোরে মানা করে ॥১৩৪॥
এত কহি' সন্ধ্যাকালে চলে গৌররায় ।
কীর্ত্তনের কৈল প্রভু তিন সম্প্রদায় ॥ ১৩৫ ॥

তিন সম্প্রদায়ে কীর্ত্তন বিভাগ ঃ—

আগে সম্প্রদায়ে নৃত্য করে হরিদাস ।
মধ্যে নাচে আচার্য্য-গোসাঞি পরম উল্লাস ॥১৩৬॥
পাছে সম্প্রদায়ে নৃত্য করে গৌরচন্দ্র ।
তাঁর সঙ্গে নাচি' বুলে প্রভু নিত্যানন্দ ॥ ১৩৭ ॥
বৃন্দাবন-দাস ইহা 'চৈতন্যমঙ্গলে' ।
বিস্তারি' বর্ণিয়াছেন, চৈতন্য-কৃপাবলে ॥ ১৩৮ ॥

কীর্ত্তনমুখে নবদ্বীপ-নগর ভ্রমণ ঃ-

এইমত কীর্ত্তন করি' নগরে ভ্রমিলা ।
ভ্রমিতে ভ্রমিতে প্রভু কাজীদ্বারে গেলা ॥ ১৩৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২১। নগরে নাম প্রচার করিবার সময় প্রভু শ্রীবাস-অঙ্গনের নিকটবর্ত্তী নগরবাসীদিগকে প্রথমে করতালির সহিত হরিনাম করিতে আজ্ঞা দেন ; ক্রমশঃ মৃদঙ্গ-করতালাদি বাজিতে লাগিল। সেই হইতে দ্বারে দ্বারে সঙ্কীর্ত্তন প্রচারিত হইয়া চলিয়া আসিতেছে।

১২৬। বক্তিয়ার খিলিজির আগমনের পর চাঁদকাজী পর্য্যন্ত নবদ্বীপে হিন্দুয়ানী অত্যন্ত খর্ব্ব হইয়া পড়িয়াছিল। যাঁহাদের বাস্তবিক হিন্দুধর্ম্মে আস্থা ছিল, তাঁহারা চুপে-চাপে একবার "হরি হরি" বলিয়া চুপ করিয়া থাকিতেন। কাজী এইজন্য বলিয়াছিলেন,—'এতকাল হিন্দুয়ানি প্রকট ছিল না, এখন কাহার বলে এরূপ উদ্যম চালাইতেছ?'

অনুভাষ্য

বেশে নাচে তিনলোক-নাথ।।" আদি, ১০ম পঃ ৭৩ সংখ্যায় উল্লিখিত 'বনমালী পণ্ডিত'ও প্রভুর হস্তে সোণার হলমুষল দেখিয়াছিলেন। তাঁহার "পণ্ডিত"-পদবী, আর ইঁহার "আচার্য্য"-পদবী উভয়েই কি এক, না, পৃথক্ ব্যক্তি?

১২৪। নাগরিকগণের কৃষ্ণকীর্ত্তন ও কাজীর ক্রোধ এবং কাজীর উদ্ধার—চৈঃ ভাঃ মধ্য, ২৩ অঃ দ্রষ্টব্য।

কাজী—ফৌজদার, চাঁদকাজী। পূর্ব্বে জমিদার, রাজা বা মণ্ডলেরাই ভূমির কর আদায় করিতেন। দণ্ডবিধান ও শাসনাদি-পর্য্যালোচনা কাজিগণের দ্বারা সম্পাদিত হইত। জমিদার বা কাজী—ইঁহারা উভয়েই সুবা-বাঙ্গালার সুবাদারের অধীনে ছিলেন। নদীয়া, ইস্‌লামপুর ও বাগোয়ান প্রভৃতি পরগণাই তৎকালে হরি হোড়ের বা তদধস্তন কৃষ্ণদাস হোড়ের ছিল। ইঁহারা ভূম্যধিকারী থাকিলেও কাজীই শাসনভার গ্রহণ করিয়াছিলেন। কথিত আছে, চাঁদকাজী বাঙ্গালার নবাব 'হোসেন সা'র গুরু ছিলেন। কোন মতে, ইঁহার নামান্তর—'মৌলানা সিরাজুদ্দীন' ; কেহ বলেন, 'হবিবর রহমান'। ইঁহার অধস্তনগণ অদ্যাপি সেই স্থানে বর্ত্তমান আছেন এবং চাঁদকাজীর সমাধিও বর্ত্তমান।

তর্জ্জ-গর্জ্জ করে লোক, করে কোলাহল ।
গৌরচন্দ্র-বলে লোক প্রশ্রয়-পাগল ॥ ১৪০ ॥

কাজীর আত্মগোপন ঃ—

কীর্ত্তনের ধ্বনিতে কাজী লুকাইল ঘরে ।
তর্জ্জন গর্জ্জন শুনি' না হয় বাহিরে ॥ ১৪১ ॥

অভদ্রলোকের কাণ্ড ঃ—

উদ্ধত লোক ভাঙ্গে কাজীর ঘর-পুষ্পবন ।
বিস্তারি' বর্ণিলা ইহা দাস-বৃন্দাবন ॥ ১৪২ ॥

ভদ্র সজ্জনদ্বারা কাজীকে আহ্বান ঃ—

তবে মহাপ্রভু তার দ্বারেতে বসিলা ।
ভব্যলোক পাঠাইয়া কাজী বোলাইলা ॥ ১৪৩ ॥

কাজীকে লৌকিকী মর্য্যাদা-দান ঃ—

দূর হইতে আইলা কাজী মাথা নোঙাইয়া ।
কাজীরে বসাইলা প্রভু সম্মান করিয়া ॥ ১৪৪ ॥

কাজীর আচরণে প্রভুর বিস্ময়সূচক উক্তি ঃ—

প্রভু বলেন,—"আমি তোমার আইলাম অভ্যাগত ।
আমা দেখি' লুকাইলা,—এ ধর্ম্ম কেমত ॥" ১৪৫ ॥

কাজীর প্রত্যুত্তর ঃ—

কাজী কহে,—"তুমি আইস ক্রুদ্ধ হইয়া ।
তোমা শান্ত করাইতে রহিনু লুকাইয়া ॥ ১৪৬ ॥
এবে তুমি শান্ত হৈলে, আসি' মিলিলাঙ ।
ভাগ্য মোর,—তুমি-হেন অতিথি পাইলাঙ ॥ ১৪৭ ॥
গ্রাম-সম্বন্ধে 'চক্রবর্ত্তী' হয় মোর চাচা ।
দেহ-সম্বন্ধ হৈতে গ্রাম-সম্বন্ধ সাঁচা ॥ ১৪৮ ॥
নীলাম্বর চক্রবর্ত্তী হয় তোমার নানা ।
সে সম্বন্ধে হও তুমি আমার ভাগিনা ॥ ১৪৯ ॥
ভাগিনার ক্রোধ মামা অবশ্য সহয় ।
মাতুলের অপরাধ ভাগিনা না লয় ॥" ১৫০ ॥
এই মত দুঁহার কথা হয় ঠারে-ঠোরে ।
ভিতরের অর্থ কেহ বুঝিতে না পারে ॥ ১৫১ ॥

প্রভুর ও কাজীর উক্তি ও প্রত্যুক্তি ঃ—

প্রভু কহে,—"প্রশ্ন লাগি' আইলাম তোমার স্থানে ।"
কাজী কহে,—"আজ্ঞা কর, যে তোমার মনে ॥১৫২॥"

ইস্লাম ধর্ম্মাচার সম্বন্ধে প্রভুর প্রশ্ন ঃ—

প্রভু কহে,—"গোদুগ্ধ খাও, গাভী তোমার মাতা ।
বৃষ অন্ন উপজায়, তাতে তেঁহো পিতা ॥ ১৫৩ ॥
পিতা মাতা মারি' খাও—এবা কোন্ ধর্ম্ম ।
কোন্ বলে কর তুমি এমত বিকর্ম্ম ॥" ১৫৪ ॥

কাজীর উত্তর ঃ—

কাজী কহে,—"তোমার যৈছে বেদ-পুরাণ ।
তৈছে আমার শাস্ত্র—কেতাব 'কোরাণ' ॥ ১৫৫ ॥
সেই শাস্ত্রে কহে,—প্রবৃত্তি-নিবৃত্তি-মার্গ-ভেদ ।
নিবৃত্তি-মার্গে জীবমাত্র-বধের নিষেধ ॥ ১৫৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪০। শ্রীশ্রীগৌরচন্দ্রের বলে লোকেরা তখন প্রশ্রয়-প্রাপ্ত পাগল হইয়াছিল।

অনুভাষ্য

১২৫। অদ্যাপি 'খোলভাঙ্গার ডাঙ্গা' নামে প্রসিদ্ধ ভূখণ্ড শ্রীমায়াপুর-গ্রামে বিরাজমান আছে।

১৩৮-১৪২। চৈঃ ভাঃ মধ্য, ২৩ অঃ দ্রষ্টব্য।

১৩৯। চৈঃ ভাঃ মধ্য ২৩শ অঃ—"তুয়া চরণে মন লাগহুঁ রে। (শার্ঙ্গধর) তুয়া চরণে মন লাগহুঁ রে।। চৈতন্যচন্দ্রের এই আদি সঙ্কীর্ত্তন। ভক্তগণ গায় নাচে শ্রীশচীনন্দন।। 'গঙ্গাতীরে তীরে পথ আছে নদীয়ায়। আগে সেই পথে নাচি' যায় গৌররায়।। আপনার ঘাটে আগে বহু নৃত্য করি'। তবে মাধাইর ঘাটে গেলা গৌরহরি।। 'নাচে বিশ্বম্ভর, সবার ঈশ্বর, ভাগীরথী-তীরে তীরে। (ধ্রু)। বারকোণা-ঘাটে নাগরিয়া-ঘাটে গিয়া। গঙ্গানগর দিয়া প্রভু গেলা 'সিমুলিয়া'।। নদীয়ার একান্তে নগর 'সিমুলিয়া'। নাচিতে নাচিতে প্রভু উত্তরিল গিয়া।। কাঁজির বাড়ীর পথ ধরিলা ঠাকুর। আইলা নাচিয়া যথা কাজির নগর।।"

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৮। 'ব্রাহ্মণপুষ্করিণী' গ্রামের একাংশে কাজিদিগের পুরাতন বাটী এখনও বর্ত্তমান। সেই গ্রামের অপরাংশে সংলগ্ন 'তারণবাস', যাহা পূর্ব্বে বিল্বপুষ্করিণী ছিল। সেই গ্রাম এবং কাজিদিগের 'ব্রাহ্মণপুষ্করিণী' একই গ্রাম হওয়ায় চাঁদকাজির সহিত মহাপ্রভুর 'মাতুল' সম্বন্ধ হইল।

১৫৬-১৬৩। (কাজী কহিলেন,—) সেই কোরাণশাস্ত্রে

অনুভাষ্য

১৪৮। চক্রবর্ত্তী—নীলাম্বর চক্রবর্ত্তী ; চাচা—খুল্লতাত, চলিত ভাষায় 'কাকা'। সাঁচা—খাঁটি, শুদ্ধ, সাচ্চা।

১৪৯। নানা—মাতামহ।

১৫৩। অন্ন উপজায়—হলাকর্ষণপূর্ব্বক ধান্যাদি শস্যের বপন ও রোপণার্থ ক্ষেত্র প্রস্তুত করিয়া কৃষককে বীজ ও তণ্ডুলাদি-নির্ম্মাণ-কার্য্যে মুখ্যভাবে সহায়তা করে।

১৫৪। এবা—ইহা।

১৫৫। কেতাব—গ্রন্থ।

১৫৬। 'সরিয়ৎ', 'তরিকৎ' ও 'মারফৎ'—তিনপ্রকার পথ।

প্রবৃত্তি-মার্গে গোবধ করিতে বিধি হয় ।
শাস্ত্র-আজ্ঞায় বধ কৈলে নাহি পাপ-ভয় ॥ ১৫৭ ॥
তোমার বেদেতে আছে গোবধের বাণী ।
অতএব গোবধ করে বড় বড় মুনি ॥" ১৫৮ ॥

পুনর্জীবনপ্রাপ্তিহেতু বেদ-বিহিত বধ-সমর্থন ঃ

প্রভু কহে,—"বেদে কহে গোবধ নিষেধ ।
অতএব হিন্দুমাত্র না করে গোবধ ॥ ১৫৯ ॥
জিয়াইতে পারে যদি, তবে মারে প্রাণী ।
বেদ-পুরাণে আছে হেন আজ্ঞা-বাণী ॥ ১৬০ ॥
অতএব জরদ্গব মারে মুনিগণ ।
বেদমন্ত্রে সিদ্ধ করে তাহার জীবন ॥ ১৬১ ॥
জরদ্গব হঞা যুবা হয় আরবার ।
তাতে তার বধ নহে, হয় উপকার ॥ ১৬২ ॥

কলিসম্ভব ব্রাহ্মণ নিঃশক্তিক ঃ—

কলিকালে তৈছে শক্তি নাহিক ব্রাহ্মণে ।
অতএব গোবধ কেহ না করে এখনে ॥ ১৬৩ ॥

মলমাসতত্ত্বে ধৃত ব্রহ্মবৈবর্ত্তীয় কৃষ্ণজন্মখণ্ডে (১৮৫।১৮০)—

অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলপৈতৃকম্ ।
দেবরেণ সুতোৎপত্তিং কলৌ পঞ্চ বিবর্জ্জয়েৎ ॥ ১৬৪ ॥

প্রভুকর্ত্তৃক ইস্‌লাম-ধর্ম্মাচারের সমালোচনা ঃ—

তোমরা জীয়াইতে নার,—বধমাত্র সার ।
নরক হইতে তোমার নাহিক নিস্তার ॥ ১৬৫ ॥
গো-অঙ্গে যত লোম, তত সহস্র বৎসর ।
গোবধে রৌরব-মধ্যে পচে নিরন্তর ॥ ১৬৬ ॥
তোমা-সবার শাস্ত্রকর্ত্তা—সেহ ভ্রান্ত হৈল ।
না জানি' শাস্ত্রের মর্ম্ম ঐছে আজ্ঞা দিল ॥" ১৬৭ ॥

কাজী নিরুত্তর ও শাস্ত্রের অসম্পূর্ণতা স্বীকার ঃ—

শুনি' স্তব্ধ হৈল কাজী, নাহি স্ফুরে বাণী ।
বিচারিয়া কহে কাজী পরাভব মানি' ॥ ১৬৮ ॥
"তুমি যে কহিলে, পণ্ডিত, সেই সত্য হয় ।
আধুনিক আমার শাস্ত্র, বিচার-সহ নয় ॥ ১৬৯ ॥
কল্পিত আমার শাস্ত্র,—আমি সব জানি ।
জাতি-অনুরোধে তবু সেই শাস্ত্র মানি ॥" ১৭০ ॥
সহজে যবন-শাস্ত্রে অদৃঢ় বিচার ।
হাসি' তাহে মহাপ্রভু পুছেন আরবার ॥ ১৭১ ॥

প্রভুর পুনরায় প্রশ্ন ঃ—

"আর এক প্রশ্ন করি, শুন, তুমি মামা ।
যথার্থ কহিবে, ছলে না বঞ্চিবে আমা ॥ ১৭২ ॥
তোমার নগরে হয় সদা সঙ্কীর্ত্তন ।
বাদ্যগীত-কোলাহল, সঙ্গীত, নর্ত্তন ॥ ১৭৩ ॥
তুমি কাজী—হিন্দু-ধর্ম্ম-বিরোধে অধিকারী ।
এবে যে না কর মানা, বুঝিতে না পারি ॥" ১৭৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

'প্রবৃত্তি' ও 'নিবৃত্তি'—এই দুইপ্রকার মার্গের ভেদ আছে। নিবৃত্তি-মার্গে জীববধের নিষেধ আছে, কিন্তু আমাদের ন্যায় যাহারা প্রবৃত্তিমার্গে স্থিত, তাহারা শাস্ত্র-আজ্ঞায় গোবধ করিয়া পাপী হয় না। আবার দেখ, তোমাদের বেদশাস্ত্রে গোবধের বিধিবাক্য পাওয়া যায়, এইজন্যই বড় বড় মুনিগণ চিরদিন গোবধ করিয়া আসিয়াছেন। মহাপ্রভু কহিলেন,—বেদশাস্ত্রে গোবধের বিধি নাই, তবে যে গোবধের দ্বারা যজ্ঞ করিবার বাক্য দেখা যায়, সে-সকল 'জরদ্গব' অর্থাৎ অত্যন্ত বৃদ্ধ গরু-সম্বন্ধে। মুনিগণ জরদ্গব মারিয়া বেদমন্ত্রে তাহাদিগকে যুবাকারে পুনর্জীবিত করিতেন। সেরূপ বধ,—বধ নহে, জরদ্গবের উপকার মাত্র। কলির ব্রাহ্মণ-দিগের সেরূপ শক্তি না থাকায় এখন গোবধ হইতে পারে না।

১৬৪। অশ্বমেধ, গোমেধ, সন্ন্যাস, মাংসদ্বারা পিতৃশ্রাদ্ধ, দেবরদ্বারা সুতোৎপত্তি—কলিকালে এই পাঁচটী নিষিদ্ধ হইয়াছে।

অনুভাষ্য

১৬৪। অশ্বমেধং (অশ্বহনন-যজ্ঞবিশেষং), গবালম্ভং (গো-মেধং), সন্ন্যাসং (চতুর্থাশ্রমগ্রহণং), পলপৈতৃকং (মাংসেন পিতৃশ্রাদ্ধং), দেবরেণ (পত্যুঃ কনিষ্ঠভ্রাত্রা) সুতোৎপত্তিং (পুত্রোৎপাদনং)—[এতানি] পঞ্চ কলৌ (কলিযুগে) বিবর্জ্জয়েৎ (পরিত্যজেৎ)।

১৬৭। ভ্রান্ত—বৃথা জীবহিংসায় অনুমোদনহেতু দ্বিতীয়া-ভিনিবেশফলে বুদ্ধি-বিপর্য্যয় বা বিভ্রমযুক্ত।

১৬৯। আধুনিক—নবীন, কালান্তর্গত, বেদবৎ অপৌরুষেয় নহে। বিচারসহ নয়—নিত্য-বাস্তবসত্য প্রতিপাদক নহে বলিয়া যুক্তিদ্বারা সহজে নিরাস্য।

১৭০। কল্পিত—মনোধর্ম্মপ্রসূত, সুতরাং নিত্য সত্য নহে। জাতি—সম্প্রদায় ও তন্নিষ্ঠা।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৯-১৭১। যবনশাস্ত্র তিন প্রকার অর্থাৎ 'যু' (ইহুদি)-দিগের পুরাতন পুঁথি, কোরাণ ও বাইবেল। এ সমস্ত পুঁথিরই আদি পাওয়া যায় ; কেহই বেদবাক্যের ন্যায় অনাদি নহে। সুতরাং সেই সকল শাস্ত্রে যে বিচার আছে, তাহার মূলে দৃঢ় না হওয়ায় সন্দেহপ্রবণ।

কাজীর উত্তর-প্রদানমুখে স্বীয় স্বপ্ন-কাহিনী ঃ—

কাজী বলে,—"সবে তোমায় বলে 'গৌরহরি'।
সেই নামে আমি তোমায় সম্বোধন করি ॥ ১৭৫ ॥
শুন, গৌরহরি, এই প্রশ্নের কারণ।
নিভৃত হও যদি, তবে করি নিবেদন ॥" ১৭৬ ॥

'প্রভুর' আশ্বাস-দান ঃ—

প্রভু বলে,—"এ লোক আমার অন্তরঙ্গ হয়।
স্ফুট করি' কহ তুমি, না করিহ ভয় ॥" ১৭৭ ॥

কাজীর স্বপ্ন-বৃত্তান্ত-বর্ণন ঃ—

কাজী কহে,—"যবে আমি হিন্দুর ঘরে গিয়া।
কীর্ত্তন করিলুঁ মানা মৃদঙ্গ ভাঙ্গিয়া ॥ ১৭৮ ॥

স্বপ্নে নৃসিংহদেব হইতে বিভীষিকা ঃ—

সেই রাত্রে এক সিংহ মহাভয়ঙ্কর।
নরদেহ, সিংহমুখ, গর্জ্জয়ে বিস্তর ॥ ১৭৯ ॥
শয়নে আমার উপর লাফ দিয়া চড়ি'।
অট্ট অট্ট হাসে, করে দন্ত-কড়মড়ি ॥ ১৮০ ॥
মোর বুকে নখ দিয়া ঘোর-স্বরে বলে।
'ফাড়িমু তোমার বুক মৃদঙ্গ-বদলে ॥ ১৮১ ॥
মোর কীর্ত্তন মানা করিস্, করিমু তোর ক্ষয়।'
আঁখি মুদি' কাঁপি আমি পাঞা বড় ভয় ॥ ১৮২ ॥
ভীত দেখি' সিংহ বলে হইয়া সদয়।
'তোরে শিক্ষা দিতে কৈলু তোর পরাজয় ॥ ১৮৩ ॥
সে দিন বহুত নাহি কৈলি উৎপাত।
তেঞি ক্ষমা করি, না করিনু প্রাণঘাত ॥ ১৮৪ ॥
ঐছে যদি পুনঃ কর, তবে না সহিমু।
সবংশে তোমারে আর যবন নাশিমু ॥' ১৮৫ ॥
এত কহি' সিংহ গেল, আমার হৈল ভয়।
এই দেখ, নখচিহ্ন আমার হৃদয় ॥" ১৮৬ ॥
এত বলি' কাজী নিজ-বুক দেখাইল।
শুনি' দেখি' সর্ব্বলোক আশ্চর্য্য মানিল ॥ ১৮৭ ॥
কাজী কহে,—"ইহা আমি কারে না কহিল।
সেই দিন এক আমার পিয়াদা আইল ॥ ১৮৮ ॥
আসি' কহে,—'গেলুঁ মুঞি কীর্ত্তন নিষেধিতে।
অগ্নি উল্কা মোর মুখে লাগে আচম্বিতে ॥ ১৮৯ ॥
পুড়িল সকল দাড়ি, মুখে হৈল ব্রণ।
যেই পেয়াদা যায়, তার এই বিবরণ ॥' ১৯০ ॥
তাহা দেখি' রহিনু মুঞি মহাভয় পাঞা।
কীর্ত্তন না বর্জ্জিয়া ঘরে রহোঁ ত' বসিয়া ॥ ১৯১ ॥
তবে ত' নগরে হইবে স্বচ্ছন্দে কীর্ত্তন।
শুনি' সব ম্লেচ্ছ আসি' কৈল নিবেদন ॥ ১৯২ ॥
'নগরে হিন্দুর ধর্ম্ম বাড়িল অপার।
'হরি' 'হরি' ধ্বনি বই নাহি শুনি আর ॥' ১৯৩ ॥
আর ম্লেচ্ছ কহে,—'হিন্দু 'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলি'।
হাসে, কান্দে, নাচে, গায়, গড়ি যায় ধূলি ॥ ১৯৪ ॥
'হরি' 'হরি' করি' হিন্দু করে কোলাহল।
পাতসাহ শুনিলে তোমার করিবেক ফল ॥' ১৯৫ ॥
তবে সেই যবনেরে আমি ত' পুছিল।
'হিন্দু 'হরি' বলে, তার স্বভাব জানিল ॥ ১৯৬ ॥

অনুভাষ্য

১৭১। অদৃঢ় বিচার—যুক্তিদ্বারা ছেদন বা খণ্ডনযোগ্য বিচার।

১৭৭। স্ফুট—স্পষ্ট।

১৭৯। নরদেহ, সিংহমুখ—শ্রীনৃসিংহদেব ; ইনি ভক্ত, ভক্তি ও ভগবানের বিদ্বেষ ও বিদ্বেষীকে বিনাশ করেন।

১৮১। ফাড়িমু—বিদীর্ণ করিয়া ফেলিব।

১৮৮। পিয়াদা—নিম্নশ্রেণীর ভৃত্য, সংবাদ বা পত্রবাহক, চলিত কথায় 'চাপরাসী'।

১৯২। ম্লেচ্ছ—"গো-মাংস-খাদকো যস্তু বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে।।"

১৯৫। পাতসাহ—আলাউদ্দীন সৈয়দ হুসেন সা (১৪৯৮-১৫১১ খৃঃ) এই সময় বাঙ্গালার স্বাধীন নৃপতি। তিনি স্বীয় প্রতিপালক ও প্রভু হাব্‌সীবংশীয় ভীষণ অত্যাচারী নবাব মুজঃফর খাঁকে নিহত করিয়া বঙ্গ-সিংহাসনে আরোহণ করেন। বাঙ্গালার মস্‌নদে উপবেশন করিয়া তিনি 'সৈয়দ হুসেন আলাউদ্দীন সেরিফ মক্কা'-নাম ধারণ করেন। 'রিয়াজ উস্-সলাতিন' নামক ইতিবৃত্তের প্রণেতা গোলামহুসেন বলেন যে, নবাব হুসেন সাহের কোন পূর্ব্বপুরুষ মক্কার সেরিফ থাকায়, বোধ হয়, স্বীয় বংশ-গৌরব স্মরণ করিয়া তিনি নাম গ্রহণ করিয়া থাকিবেন ; তবে গৌড়ের স্তম্ভলিপি-সমূহে তিনি 'হুসেন সাহ'-নামেই পরিচিত। ইঁহার মৃত্যুর পর তদীয় জ্যেষ্ঠপুত্র নসরৎ সাহ বাঙ্গালার নবাব হন (১৫২১-১৫৩৩ খৃঃ)। এই নিষ্ঠুর প্রকৃতি নবাব বৈষ্ণবগণের প্রতি নিদারুণ অত্যাচার করিতেন এবং স্বীয় পাপের ফলে এক খোজা কর্ম্মচারীর হস্তে মসজিদে নিহত হন।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৫। পাতসাহ তোমার আত্মীয় হইলেও তোমাকে দণ্ড দিতে পারেন। পাতসাহ—গৌড়ের পাতসাহ 'হোসেন' সা।

১৯৬-২০২। কাজী কহিলেন,—"হে গৌরহরি, আমি যে ম্লেচ্ছ পেয়াদাকে জিজ্ঞাসা করিলাম, সে এই উত্তর করিল,—

তুমিহ যবন হঞা কেনে অনুক্ষণ ।
হিন্দুর দেবতার নাম লহ কি কারণ ॥' ১৯৭ ॥
ম্লেচ্ছ কহে,—'হিন্দুরে আমি করি পরিহাস ।
কেহ কেহ—কৃষ্ণদাস, কেহ—রামদাস ॥ ১৯৮ ॥
কেহ—হরিদাস, সদা বলে 'হরি' 'হরি' ।
জানি কার ঘরে ধন করিবেক চুরি ॥ ১৯৯ ॥
সেই হৈতে জিহ্বা মোর বলে 'হরি' 'হরি' ।
ইচ্ছা নাহি, তবু বলে,—কি উপায় করি ॥' ২০০ ॥
আর ম্লেচ্ছ কহে, শুন—'আমি ত' এইমতে ।
হিন্দুকে পরিহাস কৈনু সে দিন হইতে ॥ ২০১ ॥
জিহ্বা কৃষ্ণনাম করে, না মানে বর্জ্জন ।
না জানি, কি মন্ত্রৌষধি জানে হিন্দুগণ ॥' ২০২ ॥

কাজীর নিকটে স্মার্ত্ত পাষণ্ডীর অভিযোগ ঃ—

এত শুনি' তা সভারে ঘরে পাঠাইল ।
হেনকালে পাষণ্ডী হিন্দু পাঁচ-সাত আইল ॥ ২০৩ ॥
আসি' কহে,—'হিন্দুর ধর্ম্ম ভাঙ্গিল নিমাঞি ।
যে কীর্ত্তন প্রবর্ত্তাইল, কভু শুনি নাই ॥ ২০৪ ॥
মঙ্গলচণ্ডী, বিষহরি করি জাগরণ ।
তা'তে নৃত্য, গীত, বাদ্য—যোগ্য আচরণ ॥ ২০৫ ॥
পূর্ব্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত ।
গয়া হৈতে আসিয়া চালায় বিপরীত ॥ ২০৬ ॥
উচ্চ করি' গায় গীত, দেয় করতালি ।
মৃদঙ্গ-করতাল-শব্দে কর্ণে লাগে তালি ॥ ২০৭ ॥
না জানি,—কি খাঞা মত্ত হঞা নাচে, গায় ।
হাসে, কান্দে, পড়ে, উঠে, গড়াগড়ি যায় ॥ ২০৮ ॥
নগরিয়া পাগল কৈল সদা সঙ্কীর্ত্তন ।
রাত্রে নিদ্রা নাহি যাই, করি জাগরণ ॥ ২০৯ ॥
'নিমাঞি' নাম ছাড়ি' এবে বোলায় 'গৌরহরি' ।
হিন্দুর ধর্ম্ম নষ্ট কৈল পাষণ্ডী সঞ্চারি' ॥ ২১০ ॥
কৃষ্ণের কীর্ত্তন করে নীচ বাড় বাড় ।
এই পাপে নবদ্বীপ হইবে উজাড় ॥ ২১১ ॥
হিন্দুশাস্ত্রে 'ঈশ্বর' নাম—মহামন্ত্র জানি ।
সর্ব্বলোক শুনিলে মন্ত্রের বীর্য্য হয় হানি ॥ ২১২ ॥
গ্রামের ঠাকুর তুমি, সব তোমার জন ।
নিমাই বোলাইয়া তারে করহ বর্জ্জন ॥' ২১৩ ॥

তাহাদিগকে কাজীর সান্ত্বনা দান ঃ—

তবে আমি প্রীতিবাক্য কহিল সবারে ।
'সবে ঘরে যাহ, আমি নিষেধিব তারে ॥' ২১৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

আমি হিন্দুদিগকে বলিলাম, 'তোমরা কেহ কেহ 'কৃষ্ণদাস' 'রামদাস' 'হরিদাস'—এই নাম-পরিচয়ে 'হরি' 'হরি' বল ; কিন্তু 'হরি' 'হরি' শব্দে 'চুরি করি' 'চুরি করি'—এই অর্থ হয় ; তাহাতে বোধ হয়, অন্যের ঘরে ধন চুরি করিবার অভিপ্রায়ে 'হরি' 'হরি' ('হরণ করি' 'হরণ করি') এই কথা বলিয়া থাক।' আমি এই পরিহাস যে-দিন তাহাদের সহিত করিয়াছি, সেই দিন হইতেই আমার জিহ্বা অনিচ্ছাসত্ত্বেও 'হরি' 'হরি' বলিতেছে; ইহার উপায় কিছু করিতে পারি না।"

অনুভাষ্য

১৯৮-২০২। পরিহাস—চারিপ্রকার নামাভাসের অন্যতম ; যথা, (ভাঃ ৬।২।১৪)—"সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বা। বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ।।" সঙ্কেত, পরিহাস, স্তোভ ও হেলামূলক নামাভাস কিন্তু জড়ীয় অক্ষর-উচ্চারণমাত্র নহে। নামাভাস নিত্য-বাস্তববস্তুকে উদ্দেশ করিয়া বিষ্ণুর স্মৃতি উৎপাদন করায়, জীবের বিষয়-বাসনা বিনাশ করে, তৎফলে সেবোন্মুখ মুক্তজীবের শুদ্ধ-নামোচ্চারণে অধিকার উদিত হয়।

২০৩। পাষণ্ডী—কর্ম্মজড়, বহ্বীশ্বরবাদী বিষ্ণু-বৈষ্ণবদ্বেষী পৌত্তলিক।

অমৃতপ্রবাহ ভাষ্য

২১১। নীচ বাড়বাড়—অনেক নীচজাতি লইয়া কৃষ্ণকীর্ত্তন করিতেছে, ইহাতে নীচজাতির বাড় অর্থাৎ বৃদ্ধি হইতেছে।

অনুভাষ্য

২১১-২১২। ঐ বহ্বীশ্বরবাদিগণ ঈশ্বরকে বা ঈশ্বরের নামকে 'কর্ম্মাঙ্গ'-জ্ঞান করিত বলিয়া 'পাষণ্ড'-শব্দবাচ্য। কৃষ্ণনামের মহৌদার্য্যময়ী মহিমা না জানিয়া প্রাকৃত উচ্চ আভিজাত্য ও সামাজিক পদবীর মোহে ভুলিয়া মনে করিত,—নীচ অর্থাৎ নীচকুলোদ্ভূত ব্যক্তির কৃষ্ণনাম-গ্রহণ—পাপাচরণ বিশেষ। অতএব, কৃষ্ণনাম-গ্রহণ সৎকুল বা উচ্চজন্ম-সাপেক্ষ। ঐ সকল বহ্বীশ্বর-বাদী কৃষ্ণনাম-মহামন্ত্রকে অন্যান্য জপ্যমন্ত্রের সহিত সমান জ্ঞান করিয়া মনে করিত,—সদা কীর্ত্তনীয় মহামন্ত্র উচ্চারিত বা কীর্ত্তিত হইলে—হঠাৎ জিহ্বা (বা) শ্রুতিপথে অবতীর্ণ হইলে—স্বীয় অদ্বিতীয় পরমৈশ্বর্য্য প্রকাশ করিয়া আব্রহ্মস্তম্ব উদ্ধার করিবার পরিবর্ত্তে স্বয়ং নিষ্ফল হইয়া যায়,—এতদূর শ্রৌতপন্থা-বিরোধী, অক্ষজ-হেতুবাদী!!

২১৩। অতঃপর উহারা কাজীকে সম্বোধন করিয়া বলিতেছে,—আপনি এই স্থানের সর্ব্বময় কর্ত্তা ; গ্রামের সকলেই আপনার অধীন লোক, অতএব আপনি নিমাই পণ্ডিতকে ডাকিয়া আনিয়া তাঁহাকে বহিষ্কৃত করুন।

প্রভুর প্রতি কাজীর উক্তি ঃ—

হিন্দুর ঈশ্বর বড় যেই নারায়ণ।
সেই তুমি হও,—হেন লয় মোর মন॥" ২১৫॥

প্রভুর কৃপোক্তি ঃ—

এত শুনি' মহাপ্রভু হাসিয়া হাসিয়া।
কহিতে লাগিলা প্রভু কাজীরে ছুঁইয়া॥ ২১৬॥

নামাভাসে পাপক্ষয় ঃ—

"তোমার মুখে কৃষ্ণনাম,—এ বড় বিচিত্র।
পাপক্ষয় গেল, হৈলা পরম পবিত্র॥ ২১৭॥
'হরি' 'কৃষ্ণ' 'নারায়ণ'—লৈলে তিন নাম।
বড় ভাগ্যবান্ তুমি, বড় পুণ্যবান্॥" ২১৮॥

কাজীর দৈন্যোক্তি ঃ—

এত শুনি' কাজীর দুই চক্ষে পড়ে পানি।
প্রভুর চরণ ছুঁই বলে প্রিয়বাণী॥ ২১৯॥
"তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি।
এই কৃপা কর,—যেন তোমাতে রহু ভক্তি॥" ২২০॥

প্রভুর উক্তি ঃ—

প্রভু কহে,—"এক দান মাগিয়ে তোমায়।
সঙ্কীর্ত্তন বাদ যৈছে নহে নদীয়ায়॥" ২২১॥

কাজীর প্রতিজ্ঞা ঃ—

কাজী কহে,—"মোর বংশে যত উপজিবে।
তাহাকে 'তালাক' দিব,—কীর্ত্তন না বাধিবে॥" ২২২॥

প্রভুর ও ভক্তগণের হর্ষ ঃ—

শুনি প্রভু 'হরি' বলি' উঠিলা আপনি।
উঠিল বৈষ্ণব সব করি' হরিধ্বনি॥ ২২৩॥

সগণ প্রভুর গৃহে প্রত্যাবর্ত্তন ঃ—

কীর্ত্তন করিতে প্রভু করিলা গমন।
সঙ্গে চলি' আইসে কাজী উল্লাসিত মন॥ ২২৪॥
কাজীরে বিদায় দিল শচীর নন্দন।
নাচিতে নাচিতে আইলা আপন ভবন॥ ২২৫॥
এই মতে কাজীরে প্রভু করিলা প্রসাদ।
ইহা যেই শুনে তার খণ্ডে অপরাধ॥ ২২৬॥

শ্রীবাসভবনে প্রভুর কীর্ত্তনকালে শ্রীবাসপুত্রের দেহ-ত্যাগ ঃ—

এক দিন শ্রীবাসের মন্দিরে গোসাঞি।
নিত্যানন্দ-সঙ্গে নৃত্য করে দুই ভাই॥ ২২৭॥
শ্রীবাস-পুত্রের তাঁহা হৈল পরলোক।
তবু শ্রীবাসের চিত্তে না জন্মিল শোক॥ ২২৮॥

মৃতপুত্রের মুখে তত্ত্বকথা ঃ—

মৃতপুত্র-মুখে কৈল জ্ঞানের কথন।
আপনে দুই ভাই হৈলা শ্রীবাস-নন্দন॥ ২২৯॥

শ্রীবাসভ্রাতুষ্পুত্রী নারায়ণীকে স্বীয় উচ্ছিষ্ট-প্রদান ঃ—

তবে ত' করিলা সব ভক্তে বর দান।
উচ্ছিষ্ট দিয়া নারায়ণীর করিল সম্মান॥ ২৩০॥

যবনকুলোদ্ভূত দরজীর প্রভুর রূপদর্শন ও উন্মাদ ঃ—

শ্রীবাসের বস্ত্র সিয়ে দরজী যবন।
প্রভু তারে করাইল নিজরূপ দর্শন॥ ২৩১॥
'দেখিনু' 'দেখিনু' বলি' হইল পাগল।
প্রেমে নৃত্য করে, হৈল বৈষ্ণব আগল॥ ২৩২॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২২২। তালাক—গম্ভীররূপে যাহা প্রতিজ্ঞা।

অনুভাষ্য

২১৭-২১৮। কাজীর মুখে নামাভাসের উদয় হইয়াছিল।

২২১। কৃষ্ণনাম-কীর্ত্তন যেন নবদ্বীপে বাধাপ্রাপ্ত না হন।

২২২। অদ্যাপি কাজীর বংশধরগণ কৃষ্ণসঙ্কীর্ত্তনে যোগদান করেন, তাহাতে কিছুমাত্র আপত্তি করেন না।

২২৮-২২৯। চৈঃ ভাঃ মধ্য ২৫ অধ্যায় দ্রষ্টব্য।

২৩০। চৈঃ ভাঃ মধ্য, ১০ অঃ দ্রষ্টব্য। কোন কোন চরিত্রহীন পাষণ্ডপ্রকৃতি প্রাকৃতসহজিয়া ঠাকুর শ্রীল বৃন্দাবনদাসকে প্রাকৃত-বুদ্ধিবশে নিন্দা ও বিদ্বেষ করিবার নিমিত্ত বলেন,—শ্রীমন্মহাপ্রভুর উচ্ছিষ্ট বা তাম্বূল-ভোজনফলে শ্রীমতী নারায়ণীর বিধবাবস্থায় ঠাকুর বৃন্দাবনদাসের জন্ম হয়। এরূপ নিন্দা-প্রলাপ নিতান্ত অপরাধময়, সুতরাং অশ্রাব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২২৯। এক রাত্রে মহাপ্রভু শ্রীবাস-অঙ্গনে কীর্ত্তন করিতেছেন, এমত সময় শ্রীবাসের একটী পুত্র পরলোক-প্রাপ্ত হইল। শ্রীবাস কীর্ত্তনের রসভঙ্গ-ভয়ে সকলকে শোক প্রকাশ করিতে নিষেধ করায় অধিক রাত্রি পর্য্যন্ত মহাপ্রভু নৃত্যকীর্ত্তন করিলেন। কীর্ত্তন-ভঙ্গ হইলে মহাপ্রভু বুঝিতে পারিলেন যে, এই গৃহে কোন বিপদ্ হইয়াছে। শ্রীবাসের পুত্রের মৃত্যু-সংবাদ পাইয়া প্রভু প্রথমে সংবাদ পূর্ব্বে না দেওয়াতে দুঃখপ্রকাশ করিলেন এবং মৃতশিশুকে সম্মুখস্থ করাইয়া তাহাকে জিজ্ঞাসা করিলেন,—"ওহে বালক, তুমি শ্রীবাসকে কেন পরিত্যাগ করিতেছ? মৃতশিশু বলিল,—"আমার যে কয়দিন শ্রীবাসের গৃহে নির্ব্বন্ধ ছিল, সে কয়দিন অতিবাহিত হওয়ায় এখন তোমার ইচ্ছামতে অন্যত্র যাইতেছি; আমি তোমার নিত্যানুগত অস্বতন্ত্র জীব—তোমার ইচ্ছার অতিরিক্ত আমার কিছু করিবার অধিকার নাই।" মৃতশিশুর এই

প্রভুর ইচ্ছানুযায়ী শ্রীবাসের মধুর কৃষ্ণলীলা-বর্ণন ঃ—

আবেশেতে মহাপ্রভু বংশী ত' মাগিল ।
শ্রীবাস কহে,—"বংশী তোমার গোপী হরি' নিল ॥"২৩৩॥
শুনি' প্রভু 'বল' 'বল' বলেন আবেশে ।
শ্রীবাস বর্ণেন বৃন্দাবন-লীলারসে ॥ ২৩৪ ॥
প্রথমেতে বৃন্দাবন-মাধুর্য্য বর্ণিল ।
শুনিয়া প্রভুর চিত্তে আনন্দ বাড়িল ॥ ২৩৫ ॥
তবে 'বল' 'বল' প্রভু বলে বারবার ।
পুনঃ পুনঃ কহে শ্রীবাস করিয়া বিস্তার ॥ ২৩৬ ॥
বংশীবাদ্যে গোপীগণের বনে আকর্ষণ ।
তাঁ-সবার সঙ্গে যৈছে বন-বিহরণ ॥ ২৩৭ ॥
তাহি মধ্যে ছয়ঋতুর লীলার বর্ণন ।
মধুপান, রাসোৎসব, জলকেলি কথন ॥ ২৩৮ ॥
'বল' 'বল' বলে প্রভু শুনিতে উল্লাস ।
শ্রীবাস কহেন তবে রাস-বিলাস ॥ ২৩৯ ॥
কহিতে, শুনিতে ঐছে প্রাতঃকাল হৈল ।
প্রভু শ্রীবাসেরে তোষি' আলিঙ্গন কৈল ॥ ২৪০ ॥

আচার্য্যরত্নের গৃহে প্রভুর লক্ষ্মীবেশে নৃত্য ঃ—

তবে আচার্য্যের ঘরে কৈল কৃষ্ণলীলা ।
রুক্মিণ্যাদি-রূপ প্রভু যাতে আপনে হৈলা ॥ ২৪১ ॥
কভু দুর্গা, লক্ষ্মী হয়, কভু বা চিচ্ছক্তি ।
খাটে বসি' ভক্তগণে দিল প্রেমভক্তি ॥ ২৪২ ॥

ব্রাহ্মণী প্রভুর পাদস্পর্শ করায় প্রভুর গঙ্গায় পতন ঃ—

একদিন মহাপ্রভুর নৃত্য-অবসানে ।
এক ব্রাহ্মণী আসি' ধরিল চরণে ॥ ২৪৩ ॥
চরণের ধূলি সেই লয় বার বার ।
দেখিয়া প্রভুর দুঃখ হইল অপার ॥ ২৪৪ ॥
সেইক্ষণে ধাঞা প্রভু গঙ্গাতে পড়িল ।
নিত্যানন্দ-হরিদাস ধরি' উঠাইল ॥ ২৪৫ ॥
বিজয় আচার্য্যের ঘরে সে রাত্রে রহিলা ।
প্রাতঃকালে ভক্ত সবে ঘরে লঞা গেলা ॥ ২৪৬ ॥

'গোপী' 'গোপী' বলিয়া প্রভুর উচ্চরব ঃ—

একদিন গোপীভাবে গৃহেতে বসিয়া ।
'গোপী' 'গোপী' নাম লয় বিষণ্ণ হঞা ॥ ২৪৭ ॥

মর্ম্মানভিজ্ঞ পাষণ্ড ছাত্রের প্রভুকে নিবারণ ঃ—

এক পড়ুয়া আইল প্রভুকে দেখিতে ।
'গোপী' 'গোপী' নাম শুনি' লাগিল বলিতে ॥ ২৪৮ ॥
"কৃষ্ণনাম না লও কেনে, কৃষ্ণনাম—ধন্য ।
'গোপী' 'গোপী' বলিলে বা কিবা হয় পুণ্য ॥"২৪৯ ॥

প্রহারার্থ প্রভুর পশ্চাদ্ধাবন ; ছাত্রের পলায়ন ঃ—

শুনি' প্রভু ক্রোধে কৈল কৃষ্ণে দোষোদ্গার ।
ঠেঙ্গা লঞা উঠিলা প্রভু পড়ুয়া মারিবার ॥ ২৫০ ॥
ভয়ে পলায় পড়ুয়া, প্রভু পাছে পাছে ধায় ।
আস্তে ব্যস্তে ভক্তগণ প্রভুরে রহায় ॥ ২৫১ ॥

প্রভুর সান্ত্বনা ঃ—

প্রভুরে শান্ত করি' আনিল নিজ ঘরে ।
পড়ুয়া পলায়া গেল পড়ুয়া-সভারে ॥ ২৫২ ॥

ছাত্রসমাজে প্রভুর প্রতি কটূক্তি ও ক্রোধ ঃ—

পড়ুয়া সহস্র যাহাঁ পড়ে একঠাঞি ।
প্রভুর বৃত্তান্ত দ্বিজ কহে তাহাঁ যাই ॥ ২৫৩ ॥
শুনি' ক্রোধ কৈল সব পড়ুয়ার গণ ।
সবে মেলি' করে তবে প্রভুর নিন্দন ॥ ২৫৪ ॥
"সব দেশ ভ্রষ্ট কৈল একলা নিমাঞি ।
ব্রাহ্মণ মারিতে চাহে, ধর্ম্মভয় নাই ॥ ২৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বাক্য শুনিয়া শ্রীবাসের পরিবারবর্গের দিব্যজ্ঞান হইল, আর শোক রহিল না। তদনন্তর মৃতশিশুর সৎকার হইল। প্রভু শ্রীবাসকে কহিলেন,—'তোমার যে পুত্র ছিল, সে ছাড়িয়া গেল। আমি ও নিত্যানন্দ—তোমার নিত্যপুত্র, তোমাকে কখনই ছাড়িতে পারিব না।'

২৩১-২৩২। শ্রীবাসের নিকটবর্ত্তী কোন যবন-দর্জ্জি তাঁহার বস্ত্র সেলাই করিত। সে শ্রদ্ধার সহিত মহাপ্রভুর নৃত্য দেখিয়া মুগ্ধ হইলে, প্রভু তাহাকে নিজরূপের চিন্ময়-ভাব দর্শন করাইলেন। সেই দর্জ্জি 'আমি দেখিনু! আমি দেখিনু!'—এই বলিয়া প্রেমে পাগল হইয়া নাচিতে লাগিল।

আগল—অগ্রগণ্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪১। শ্রীচন্দ্রশেখর আচার্য্যরত্নের ঘরে এক রাত্রে প্রভু রুক্মিণ্যাদির রূপধারণপূর্ব্বক একটী লীলার অভিনয় করিয়াছিলেন। তাহাতে অদ্বৈত, হরিদাস প্রভৃতি অনেকে নানা সাজ সাজিয়াছিলেন।

অনুভাষ্য

২৩৫-২৩৯। শ্রীবাসকর্ত্তৃক ব্রজের গোপীগণসহ কৃষ্ণের মধুর (শৃঙ্গার) রস-বর্ণন বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়।

২৪১। রুক্মিণীভাবে ও বেশে প্রভুর প্রসঙ্গ—চৈঃ ভাঃ মধ্য ১৮ অঃ দ্রষ্টব্য।

২৪২। আদ্যাশক্তি-বেশে প্রভুর ভক্তগণকে স্তন্য ও প্রেমভক্তিপ্রদানের প্রসঙ্গ—চৈঃ ভাঃ মধ্য, ১৮ অঃ দ্রষ্টব্য।

প্রভুকে প্রহারার্থ ষড়যন্ত্র ঃ—

পুনঃ যদি ঐছে করে, মারিব তাহারে ।
কোন্ বা মানুষ হয়, কি করিতে পারে ॥" ২৫৬ ॥

প্রভু হিংসাফলে তাহাদের বিদ্যা-বুদ্ধি লোপ ঃ—

প্রভুর নিন্দায় সবার বুদ্ধি হৈল নাশ ।
সুপঠিত বিদ্যা কারও না হয় প্রকাশ ॥ ২৫৭ ॥
তথাপি দাম্ভিক পড়ুয়া নম্র নাহি হয় ।
যাহাঁ তাহাঁ প্রভুর নিন্দা হাসি' সে করয় ॥ ২৫৮ ॥

পাষণ্ডগণের দুর্গতিদর্শনে প্রভুর করুণা ঃ—

সর্ব্বজ্ঞ গোসাঞি জানি' সবার দুর্গতি ।
ঘরে বসি' চিন্তেন তা'-সবার অব্যাহতি ॥ ২৫৯ ॥

অভক্ত জনগণের পরিচয় ঃ—

'যত অধ্যাপক, আর তাঁর শিষ্যগণ ।
ধর্ম্মী, কর্ম্মী, তপোনিষ্ঠ, নিন্দক, দুর্জ্জন ॥ ২৬০ ॥

কৃষ্ণবিদ্বেষাপরাধ হইতে বিমোচনোপায়-চিন্তন ঃ—

এই সব মোর নিন্দা-অপরাধ হৈতে ।
আমি না লওয়াইলে ভক্তি, না পারে লইতে ॥ ২৬১ ॥
নিস্তারিতে আইলাম আমি, হৈল বিপরীত ।
এসব দুর্জ্জনের কৈছে হইবেক হিত ॥ ২৬২ ॥
আমাকে প্রণতি করে, হয় পাপক্ষয় ।
তবে সে ইহারে ভক্তি লওয়াইলে লয় ॥ ২৬৩ ॥

পাষণ্ডিগণের উদ্ধার-বাঞ্ছা ঃ—

মোরে নিন্দা করে যে, না করে নমস্কার ।
এসব জীবেরে অবশ্য করিব উদ্ধার ॥ ২৬৪ ॥

লৌকিক মর্য্যাদাময় সন্ন্যাস-লীলাভিনয়ে সঙ্কল্প ঃ—

অতএব অবশ্য আমি সন্ন্যাস করিব ।
সন্ন্যাসি-বুদ্ধ্যে মোরে প্রণত হইব ॥ ২৬৫ ॥

অনুভাষ্য

২৪৩-২৪৬। এ ঘটনা চৈতন্যভাগবতে দৃষ্ট হয় না।

২৪৭-২৬২। প্রভুর গোপীভাবে কৃষ্ণের প্রতি ক্রোধ ও দোষারোপের অপ্রাকৃতত্ব বুঝিতে না পারিয়া এক কর্ম্মজড় স্মার্ত্ত পড়ুয়ার, প্রভুর সহিত বাদানুবাদ এবং গোপীভাবময় প্রভু তাহাকে কৃষ্ণপক্ষপাতি-জ্ঞানে ক্রোধভরে তাহার পশ্চাদ্ধাবন করিলে পড়ুয়ার পলায়ন এবং তদ্দর্শনে কর্ম্মজড় হরিবিমুখ ব্রাহ্মণ-ব্রুবগণের মোহবশতঃ প্রভুকে আঘাত করিবার পরামর্শ এবং উহাদিগের দুর্গতি ও দুর্দ্দশা দূর করিতে প্রাকৃত সমাজের চক্ষে শ্রেষ্ঠ আভিজাত্য ও বর্ণাভিমানীর গুরুরূ তুর্য্যাশ্রম-স্বীকার করিবার অভিলাষ—চৈঃ ভাঃ মধ্য, ২৬ অঃ দ্রষ্টব্য।

২৫৭। কেননা, (শ্বেঃ উঃ)—"যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ।।" অর্থাৎ যাঁহার, পরমদেবতা বিষ্ণুর প্রতিও যেমন, তৎপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের প্রতিও তদ্রূপ পরমা (অহৈতুকী ও অব্যবহিতা) ভক্তি বর্ত্তমান, সেই মহাত্মার শুদ্ধচিত্তেই এই সকল শ্রুতির প্রকৃত হরিভক্তিতাৎপর্য্যময় অর্থ প্রকাশ পায়, অন্য কোন হৃদয়ে পায় না। শ্রীপ্রহ্লাদোক্তি (ভাঃ ৭।৫।২৪)—"ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীত-মুত্তমম্।।" শ্রীধরটীকা—"সা চার্পিতৈব সতী যদি ক্রিয়েত, ন তু কৃতা সতী পশ্চাদর্প্যেত, তদুত্তমমধীতং মন্যে, ন ত্বস্মাদ্‌গুরো-রধীতং শিক্ষিতং বা তথাবিধং কিঞ্চিদস্তীতি ভাবঃ।" অর্থাৎ পূর্ব্বে আত্মসমর্পণ, পরে হরিভজনক্রিয়া—ইহাই বিধি। এইরূপ হইলেই উত্তম শাস্ত্রাধ্যয়ন হইয়াছে বলিয়া মনে হয়। আত্মসমর্পণপূর্ব্বক বিষ্ণুপূজা অপেক্ষা বা তদ্রূপ আর কিছুই শ্রেষ্ঠ শিক্ষা বা অধ্যয়ন হইতে পারে না। অবিদ্যার বশে সেই জড়বিদ্যাভিমানী (পড়ুয়া) পরবিদ্যাবধূজীবন বিষ্ণুর অবজ্ঞা করায় এবং সেই দাম্ভিকের নিত্য বাস্তববস্তু বিষ্ণুর নিকট আত্মসমর্পণের অভাবহেতু তাহার কলুষ-মলিন হৃদয়ে বিদ্যার স্ফূর্ত্তি হয় না ; অতএব (ভাঃ ১১।১১।১৮)—"শব্দব্রহ্মণি নিষ্ণাতো ন নিষ্ণায়াৎ পরে যদি। শ্রমস্তস্য শ্রমফলো হ্যধেনুমিব রক্ষতঃ।।" যদি কেহ বেদাদি-শাস্ত্রে পারদর্শী হইয়াও পরব্রহ্ম বিষ্ণুতে ভক্তিপরায়ণ না হয়, তাহা হইলে তাহার সমস্ত শাস্ত্রানুশীলন-শ্রম কেবল বৃথা পরিশ্রমেই পর্য্যবসিত হয়।

২৬২। চৈঃ ভাঃ মধ্য, ২৬ অঃ—"করিলুঁ পিপ্পলখণ্ড কফ নিবারিতে। উলটিয়া আরো কফ বাড়িল দেহেতে।।"

২৬৫-২৬৬। পাষণ্ডপ্রকৃতি ব্রাহ্মণব্রুবগণও বৈষ্ণব-সন্ন্যাসীকে দণ্ডবৎ-প্রণাম করিবে—ইহাই শ্রীমন্মহাপ্রভুর ধারণা ছিল ; সেকালে সদাচারও তাহাই ছিল। একালে যাহারা ঐ সকল ব্রাহ্মণব্রুবগণের অপেক্ষাও অধিকতর দাম্ভিকতাক্রমে বৈষ্ণব-সন্ন্যাসীকে দণ্ডবৎ-প্রণাম করে না, তাহাদের সম্বন্ধে শাস্ত্রের বিধি,—"দেবতা-প্রতিমাং দৃষ্ট্বা যতিঞ্চৈব ত্রিদণ্ডিনম্। নমস্কারং ন কুর্য্যাদ্ যঃ প্রায়শ্চিত্তীয়তে নরঃ।।" (পাঠান্তরে, নমস্কারং ন

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫০। দোষোদ্গার—পরিহাসপূর্ব্বক দোষারোপ।

২৬৫। শাস্ত্রমত কোন ব্রাহ্মণ সন্ন্যাস করিলে সন্ন্যাসি-বুদ্ধিতে অর্থাৎ সন্ন্যাসীকে প্রণম্য জানিয়া গৃহস্থ ও ব্রাহ্মণ প্রভৃতি সকলেই প্রণাম করিয়া থাকেন। আমি সন্ন্যাস করিলে নিন্দক ব্রাহ্মণগণ অবশ্য প্রণাম করিয়া আমা হইতে সুবুদ্ধি লাভ করিবে।

যতিজ্ঞানে প্রভুকে নমস্কারফলে পাষণ্ড বিপ্রাদি উচ্চ-জাতিরও শুদ্ধচিত্তে সেবা-প্রবৃত্তির উদয় ঃ—

প্রণতিতে হ'বে ইহার অপরাধ-ক্ষয় ।
নির্ম্মল হৃদয়ে ভক্তি করাইব উদয় ॥ ২৬৬ ॥

এসব পাষণ্ডী তবে হইবে নিস্তার ।
আর কোন উপায় নাহি, এই যুক্তি সার ॥' ২৬৭ ॥

তৎকালে কেশবভারতীর নবদ্বীপে প্রভুগৃহে ভিক্ষাগ্রহণ ঃ—

এই দৃঢ় যুক্তি করি' প্রভু আছে ঘরে ।
কেশব ভারতী আইলা নদীয়া-নগরে ॥ ২৬৮ ॥

প্রভু তাঁরে নমস্করি' কৈল নিমন্ত্রণ ।
ভিক্ষা করাইয়া তাঁরে কৈল নিবেদন ॥ ২৬৯ ॥

ভারতীর নিকট প্রভুর নিবেদন ঃ—

"তুমি ত' ঈশ্বর বট,—সাক্ষাৎ নারায়ণ ।
কৃপা করি' কর মোর সংসার-মোচন ॥" ২৭০ ॥

ভারতীর উক্তি ঃ—

ভারতী কহেন,—"তুমি ঈশ্বর, অন্তর্যামী ।
যে কহ, সে করিব,—স্বতন্ত্র নহি আমি ॥" ২৭১ ॥

ভারতীর কাটোয়ায় প্রত্যাবর্ত্তন ও প্রভুর তৎসমীপে সন্ন্যাস-গ্রহণ ঃ—

এত বলি' ভারতী গোসাঞি কাটোয়াতে গেলা ।
মহাপ্রভু তাহা যাই' সন্ন্যাস করিলা ॥ ২৭২ ॥

প্রভুর সন্ন্যাসকালে নিতাই, আচার্য্যরত্ন ও মুকুন্দ ঃ—

সঙ্গে নিত্যানন্দ, চন্দ্রশেখর আচার্য্য ।
মুকুন্দদত্ত,—এই তিন কৈল সর্ব্ব কার্য্য ॥ ২৭৩ ॥

এই আদিলীলার কৈল সূত্র গণন ।
বিস্তারি বর্ণিলা ইহা দাস বৃন্দাবন ॥ ২৭৪ ॥

প্রভুর শান্ত ব্যতীত দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর-ভাবে উক্ত চিত্তবৃত্তি ঃ—

যশোদানন্দন হৈলা শচীর নন্দন ।
চতুর্ব্বিধ ভক্ত-ভাব করে আস্বাদন ॥ ২৭৫ ॥

আশ্রয়জাতীয় ভাবময় বিষয়বিগ্রহই গৌরসুন্দর—"গৌর-নাগরী"-বাদ-নিরাস ঃ—

মাধুর্য্য রাধা-প্রেমরস আস্বাদিতে ।
রাধাভাব অঙ্গীকার করিয়াছে ভালমতে ॥ ২৭৬ ॥

গোপী-ভাব যাতে প্রভু করিয়াছে একান্ত ।
ব্রজেন্দ্রনন্দনে মানে আপনার কান্ত ॥ ২৭৭ ॥

গোপিকা-ভাবের এই সুদৃঢ় নিশ্চয় ।
ব্রজেন্দ্রনন্দন বিনা অন্যত্র না জানয় ॥ ২৭৮ ॥

স্বয়ংরূপ কৃষ্ণব্যতীত অন্যরূপে গোপীর প্রীতি নাই ঃ—

শ্যামসুন্দর, শিখিপিচ্ছ-গুঞ্জা-বিভূষণ ।
গোপ-বেশ, ত্রিভঙ্গিম, মুরলী-বদন ॥ ২৭৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭২। মহাপ্রভুর চব্বিশবর্ষ বয়সের শেষে যে মাঘী শুক্লপক্ষ পড়িল, সেই উত্তরায়ণ-সময়ে সংক্রমণ-দিনে মহাপ্রভু রাত্রিশেষে শ্রীনবদ্বীপ ত্যাগ করিয়া 'নদীয়ার ঘাটে' গঙ্গা সন্তরণপূর্ব্বক কণ্টকনগর বা কাটোয়া-গ্রামে পৌঁছিয়া কেশবভারতীর নিকট (এক) দণ্ড গ্রহণ করিলেন। চন্দ্রশেখর-আচার্য্যরত্ন সন্ন্যাসের কর্ম্মাঙ্গসকল মহাপ্রভুর আজ্ঞামতে অনুষ্ঠান করিলেন। সমস্ত দিন কীর্ত্তন করিতে করিতে দিবা অবসানপ্রায় হইলে ক্ষৌরকার্য্য সমাপ্ত হইল। পরদিন প্রাতে দণ্ডধারী সন্ন্যাসিবেষী শ্রীকৃষ্ণচৈতন্য রাঢ়দেশে ভ্রমণ করিতে আরম্ভ করিলেন। কেশবভারতী কতকদূর সঙ্গে সঙ্গে গিয়াছিলেন।

অনুভাষ্য

কুর্য্যাচ্চেদুপবাসেন শুদ্ধ্যতি।।") অর্থাৎ পরমদেবতা শ্রীবিষ্ণুর বিগ্রহ এবং বৈষ্ণব-ত্রিদণ্ডি-সন্ন্যাসীকে দেখিয়া যদি কোন ব্রাহ্মণ-ব্রুব প্রণাম না করেন, তাহা হইলে ঐ প্রত্যবায়হেতু তাঁহাকে প্রায়শ্চিত্ত করিতে হয়, অথবা উপবাস করিয়া শুদ্ধি লাভ করিতে হয়।

২৭৪। চৈঃ ভাঃ মধ্য, ২৮ অঃ দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৫। চতুর্ব্বিধ ভক্তভাব—দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর-রসাশ্রিত চারিপ্রকার ভক্তভাব।

অনুভাষ্য

২৭৬-২৭৮। শ্রীগৌরসুন্দর—শ্রীরাধাভাবদ্যুতি-সুবলিত কৃষ্ণ, সুতরাং শ্রীকৃষ্ণসেবার নিমিত্ত আশ্রয়জাতীয় শ্রীমতী রাধিকাদি গোপীগণের যে হৃদয়ভাব, তাহা পরিত্যাগ করিয়া কখনই স্বয়ং শ্রীকৃষ্ণের ন্যায় বিষয়জাতীয়-চেষ্টাযুক্ত হইয়া অর্থাৎ ভোক্তার অভিমানে পরস্ত্রীদর্শনাদি-দ্বারা 'লম্পট নাগরের' বৃত্তির পরিচয় দেন নাই। প্রাকৃত কামুক পরস্ত্রী-লম্পট সহজিয়া-সম্প্রদায় নিজ নিজ ঘৃণ্য কামপিপাসা ও ব্যভিচার জগদ্গুরু আচার্য্যের লীলা-প্রদর্শনকারী শ্রীগৌরসুন্দরের স্কন্ধে আরোপ করিতে গিয়া বৈষ্ণবাচার্য্য-শিরোমণি শ্রীদামোদরস্বরূপ ও ঠাকুর বৃন্দাবনদাসের শ্রীচরণে অপরাধ বৃদ্ধি করে মাত্র। চৈঃ ভাঃ আদি, ১৫শ অঃ—"সবে পর-স্ত্রী প্রতি নাহি পরিহাস। স্ত্রী দেখিলে দূরে প্রভু হন একপাশ।। এইমত চাপল্য করেন সবা-সনে। সবে স্ত্রী-মাত্র নাহি দেখেন দৃষ্টিকোণে।। 'স্ত্রী' হেন নাম প্রভু এই অবতারে। শ্রবণো না করিলা—বিদিত সংসারে।। অতএব যত

ইহা ছাড়ি' কৃষ্ণ যদি হয় অন্যাকার ।
গোপিকার ভাব নাহি যায় নিকট তাহার ॥ ২৮০ ॥

শ্রীললিতমাধব (৬।১৪)—

গোপীনাং পশুপেন্দ্রনন্দনজুষো ভাবস্য কস্তাং কৃতী
বিজ্ঞাতুং ক্ষমতে দুরূহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়াম্ ।
আবিষ্কুর্ব্বতি বৈষ্ণবীমপি তনুং তস্মিন্ ভুজৈর্জিষ্ণুভি-
র্যাসাং হন্ত চতুর্ভিরদ্ভুতরুচিং রাগোদয়ঃ কুঞ্চতি ॥ ২৮১ ॥

রাসকালে আত্মগোপনেচ্ছু কৃষ্ণের গোপীগণকে চতুর্ভুজ-প্রদর্শন ও সংরক্ষণ ঃ—

বসন্তকালে রাসলীলা করে গোবর্দ্ধনে ।
অন্তর্দ্ধান কৈলা সঙ্কেত করি' রাধা-সনে ॥ ২৮২ ॥
নিভৃতনিকুঞ্জে বসি' দেখে রাধার বাট ।
অন্বেষিতে আইলা তাহাঁ গোপিকার ঠাট ॥ ২৮৩ ॥
দূর হৈতে দেখি' তাঁরে বলে গোপীগণ ।
"এই দেখ কুঞ্জের ভিতর ব্রজেন্দ্রনন্দন ॥"২৮৪ ॥
গোপীগণ দেখি' কৃষ্ণের হইল সাধ্বস ।
লুকাইতে নারিল, তাহে হৈলা বিরস ॥ ২৮৫ ॥
চতুর্ভুজ মূর্ত্তি করি' আছেন বসিয়া ।
কৃষ্ণ দেখি' গোপী কহে নিকটে আসিয়া ॥ ২৮৬ ॥

গোপীগণের নারায়ণ-স্তব ঃ—

'ইহোঁ কৃষ্ণ নহে, ইহোঁ নারায়ণ-মূর্ত্তি ।'
এত বলি' সবে তাঁরে করে নতি-স্তুতি ॥ ২৮৭ ॥
"নমো নারায়ণ, দেহ' করহ প্রসাদ ।
কৃষ্ণসঙ্গ দেহ' মোরে, ঘুচাহ বিষাদ ॥" ২৮৮ ॥
এত বলি নমস্করি' গেলা গোপীগণ ।
হেনকালে রাধা আসি' দিলা দরশন ॥ ২৮৯ ॥

শ্রীমতী রাধিকার আগমনমাত্র চতুর্ভুজের অন্তর্দ্ধান, দ্বিভুজ-মূর্ত্তি বা স্বয়ংরূপ ঃ—

রাধা দেখি' কৃষ্ণ তাঁরে হাস্য করিতে ।
সেই চতুর্ভুজ-মূর্ত্তি চাহেন রাখিতে ॥ ২৯০ ॥
লুকাইলা দুই ভুজ রাধার অগ্রেতে ।
বহু যত্ন কৈলা কৃষ্ণ, নারিল রাখিতে ॥ ২৯১ ॥

শ্রীরাধার অচিন্ত্য কৃষ্ণপ্রেম ঃ—

রাধার বিশুদ্ধ-ভাবের অচিন্ত্য-প্রভাব ।
যে কৃষ্ণেরে করাইলা দ্বিভুজ-স্বভাব ॥ ২৯২ ॥

শ্রীরাধার নিকট কৃষ্ণচাতুর্য্যের পরাভব, নিত্য স্বয়ংরূপ শ্যামসুন্দর ঃ—

উজ্জ্বলনীলমণিতে নায়িকাভেদপ্রকরণে ৬ষ্ঠ অঙ্কে—

রাসারম্ভবিধৌ নিলীয়বসতা কুঞ্জে মৃগাক্ষীগণৈ-
র্দৃষ্টং গোপয়িতুং স্বমুদ্ধুরধিয়া যা সুষ্ঠু সন্দর্শিতা ।
রাধায়াঃ প্রণয়স্য হন্ত মহিমা যস্য শ্রিয়া রক্ষিতুং
সা শক্যা প্রভবিষ্ণুনাপি হরিণা নাসীচ্চতুর্বাহুতা ॥ ২৯৩ ॥

নন্দ—জগন্নাথ মিশ্র, যশোদা—শচী ঃ—

সেই ব্রজেশ্বর—ইহঁ জগন্নাথ পিতা ।
সেই ব্রজেশ্বরী—ইহঁ শচীদেবী মাতা ॥ ২৯৪ ॥

অনুভাষ্য

মহামহিম সকলে। 'গৌরাঙ্গ-নাগর' হেন স্তব নাহি বলে।। যদ্যপি সকল স্তব সম্ভব তাহানে। তথাপিহ স্বভাবে সে গায় বুধগণে।।" এই তিনটী পদ্যে সুস্পষ্টভাবে ভক্তিসিদ্ধান্তবিরোধী দুর্নীতিপুষ্ট কল্পিত "গৌর-নাগরীবাদ" নিরস্ত হইয়াছে।

২৮১। সূর্য্যপত্নী সবর্ণার প্রতি বিশাখার বাক্য,—

গোপীনাং দুরূহপদবীসঞ্চারিণঃ (দুরূহায়াং পদব্যাং সঞ্চরিতুং শীলং যস্য তস্য) পশুপেন্দ্র-নন্দনজুষঃ (পশুপেন্দ্রস্য গোপরাজস্য নন্দস্য নন্দনং সুনুং জুষতে সেবতে যস্তস্য কৃষ্ণসেবাপরস্য) ভাবস্য তাং প্রক্রিয়াং বিজ্ঞাতুং (বোদ্ধুং) কঃ কৃতী ক্ষমতে (সামর্থ্যবান্ ভবতি)? [যতঃ] হন্ত! জিষ্ণুভিঃ (জয়শীলৈঃ) চতুর্ভিঃ ভুজৈঃ (ধৃতনারায়ণ-বিগ্রহৈঃ) অদ্ভুতরুচিং (অদ্ভুত-রুচিঃ শোভা যস্যাঃ তাম্ অলৌকিকীং কান্তিময়ীং) বৈষ্ণবীং তনুং আবিষ্কুর্ব্বতি (প্রকটয়তি সতি) তস্মিন্ (কৃষ্ণে) অপি যাসাং (গোপীনাং) রাগোদয়ঃ কুঞ্চতি (বিকাশং ন লভতে)।

২৮৩। বাট—বর্ত্ম বা পথ। ঠাট—শ্রেণীবদ্ধ সৈন্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৮১। কোন সময়ে শ্রীকৃষ্ণ কৌতুকসহকারে অদ্ভুত-রুচিযুক্ত চতুর্ভুজ নারায়ণমূর্ত্তি প্রকাশ করিলে গোপীদিগের রাগোদয় সঙ্কুচিত হইয়া পড়িল। সুতরাং নন্দনন্দনে অনন্য-ভজনশীল দুর্গম-পারকীয়-পথাবলম্বিনী গোপীগণের ভাবক্রিয়া কোন্ পণ্ডিত বুঝিতে পারে?

২৯৩। কুঞ্জে রাসারম্ভে কৃষ্ণ কৌতুক করিয়া লুক্কায়িত ছিলেন। মৃগনয়নী গোপীদিগের আগমন দেখিয়া শঙ্কিতভাবে স্বীয় মনোহর চতুর্ভুজ-মূর্ত্তি প্রদর্শন করিলেন। সাধারণ গোপী এইমাত্র কহিলেন যে,—'ইনি আমাদের প্রেম-বিষয় শ্রীকৃষ্ণ নহেন।' কিন্তু রাধাপ্রেমের কি আশ্চর্য্য মহিমা! শ্রীরাধার আগমন-মাত্রেই কৃষ্ণ চেষ্টা করিয়াও সেই চতুর্ভুজ-মূর্ত্তি রাখিতে পারিলেন না।

অনুভাষ্য

২৮৫। সাধ্বস—ভয়, ত্রাস, শঙ্কা, মনের আবেগ, সম্ভ্রম।

২৮৮। মোরে—আমাদিগকে।

২৯৩। [গোবর্দ্ধনোপত্যকায়াং পরাসৌলীতি খ্যাতনাম্ন্যাং রাসস্থল্যাং বসন্তকালে] রাসারম্ভবিধৌ (রাসস্য আরম্ভবিধৌ

ব্রজের কানাই-বলাই—গৌড়ের গৌর-নিতাই ঃ—

সেই নন্দসুত—ইহঁ চৈতন্য-গোসাঞি ।
সেই বলদেব—ইহঁ নিত্যানন্দ-ভাই ॥ ২৯৫ ॥

মধুররস ব্যতীত অন্যরসে নিত্যানন্দ-রামের গৌরকৃষ্ণসেবা ঃ—

বাৎসল্য, দাস্য, সখ্য—তিন ভাবময় ।
সেই নিত্যানন্দ—কৃষ্ণচৈতন্য-সহায় ॥ ২৯৬ ॥

প্রেমভক্তি দিয়া তেঁহো ভাসাল জগতে ।
তাঁর চরিত্রচিত্র লোকে না পারে বুঝিতে ॥ ২৯৭ ॥

ভক্তাবতার অদ্বৈতের শুদ্ধভক্তি-প্রচার ঃ—

অদ্বৈত-আচার্য্য-গোসাঞি ভক্ত-অবতার ।
কৃষ্ণ অবতারিয়া কৈলা ভক্তির প্রচার ॥ ২৯৮ ॥

অদ্বৈতের দুই ভাবে গৌরকৃষ্ণসেবা ঃ—

সখ্য, দাস্য,—দুই ভাব সহজ তাঁহার ।
কভু প্রভু করেন তাঁরে গুরু-ব্যবহার ॥ ২৯৯ ॥

শ্রীবাসাদি শুদ্ধভক্তের দাস্য ঃ—

শ্রীবাসাদি যত মহাপ্রভুর ভক্তগণ ।
নিজ নিজ ভাবে করেন চৈতন্য-সেবন ॥ ৩০০ ॥

গদাধর-স্বরূপ-রামানন্দ-শ্রীরূপাদি শক্তিগণের মধুররসে গৌরকৃষ্ণসেবা ঃ—

পণ্ডিত-গোসাঞি আদি যাঁর সেই রস ।
সেই সেই রসে কৃষ্ণ হয় তাঁর বশ ॥ ৩০১ ॥

ব্রজে মুরলীবদন গোপসুত শ্যামলীলা, গৌড়ে ব্রাহ্মণ-যতিবেশী কীর্ত্তনবিগ্রহ গৌরলীলা ঃ—

তিঁহ শ্যাম,—বংশীমুখ, গোপবিলাসী ।
ইহঁ গৌর—কভু দ্বিজ, কভু ত' সন্ন্যাসী ॥ ৩০২ ॥

গোপীভাবযুক্ত কৃষ্ণের গৌররূপে কৃষ্ণপ্রেমাস্বাদন ঃ—

অতএব আপনে প্রভু গোপীভাব ধরি' ।
ব্রজেন্দ্রনন্দনে কহে 'প্রাণনাথ' করি' ॥ ৩০৩ ॥

রূপানুগজনানুগত্য ব্যতীত গৌরের বিপ্রলম্ভরসের দুরবগাহত্ব ঃ—

সেই কৃষ্ণ, সেই গোপী,—পরম বিরোধ ।
অচিন্ত্য চরিত্র প্রভুর অতি সুদুর্ব্বোধ ॥ ৩০৪ ॥

গৌরের পরমবৈচিত্র্যচমৎকারময় অচিন্ত্যভাব তর্কাতীত ঃ—

ইথে তর্ক করি' কেহ না কর সংশয় ।
কৃষ্ণের অচিন্ত্যশক্তি এই মত হয় ॥ ৩০৫ ॥

অচিন্ত্য, অদ্ভুত কৃষ্ণচৈতন্য-বিহার ।
চিত্র ভাব, চিত্র গুণ, চিত্র ব্যবহার ॥ ৩০৬ ॥

তার্কিকের দুর্গতি—"সংশয়াত্মা বিনশ্যতি" ঃ—

তর্কে ইহা নাহি মানে, যেই দুরাচার ।
কুম্ভীপাকে পচে সেই, নাহিক নিস্তার ॥ ৩০৭ ॥

মহাভারতে ভীষ্মপর্ব্বে (৫।১২)—

অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ ।
প্রকৃতিভ্যঃ পরং যচ্চ তদচিন্ত্যস্য লক্ষণম্ ॥ ৩০৮ ॥

অনুভাষ্য

প্রবৃত্তিকল্পে) কুঞ্জে নিলীয়বসতা (সংলগ্নাবস্থিতেন) হরিণা (শ্রীকৃষ্ণেন) মৃগাক্ষিগণৈঃ (কুরঙ্গনয়নাভিঃ গোপীভিঃ) [প্রবিষ্টক-নামারণ্যে পেঠাখ্যে] দৃষ্টং স্বম্ (আত্মানং) গোপয়িতুং (বহ্বীভি-স্তাভিঃ সর্ব্বতঃ আবৃতাৎ তস্মাৎ কুঞ্জাৎ সহসাপসর্পণাসম্ভবাৎ) উদ্ধুরধিয়া (উৎকৃষ্টবুদ্ধ্যা) যা চতুর্ব্বাহুতা সুষ্ঠু সন্দর্শিতা, যস্য (কৃষ্ণপ্রণয়মহিম্নঃ) শ্রিয়া প্রভবিষ্ণুনা (কৃষ্ণেন) অপি যা চতুর্ব্বাহুতা রক্ষিতুং ন শক্যা আসীৎ—হন্ত! (ভোঃ!) রাধায়াঃ প্রণয়স্য মহিমা (মাহাত্ম্যম্)—[এতাদৃগচিন্ত্যম্!] (গৌতমীয়ে—'গোবর্দ্ধনগিরৌ রম্যে স্থিতং রাসরসোৎসুকম্।' ভগবতোঽপি প্রেমাধীনত্বাৎ প্রেম্ণোঽগ্রে ঐশ্বর্য্যং ন তিষ্ঠতীতি ন শক্যতে বক্তুং তস্য নিত্যত্বাৎ, কিন্তু তিরোভবতি)।

২৯৬-৩০১। এই সকল পদ্যে শ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈতের অপ্রাকৃত পরম চমৎকারময় গৌরসেবা-ভাব-বৈচিত্র্যের তারতম্য বর্ণিত হইয়াছে। গৌঃ গঃ ১১-১৬—"ভক্তরূপো গৌরচন্দ্রো যতোঽসৌ নন্দনন্দনঃ। ভক্তস্বরূপো নিত্যানন্দো ব্রজে যঃ শ্রীহলায়ুধঃ।। ভক্তাবতার আচার্য্যোঽদ্বৈতো যঃ শ্রীসদাশিবঃ। ভক্তাখ্যাঃ শ্রীনিবাসাদ্যা যতস্তে ভক্তরূপিণঃ। ভক্তশক্তির্দ্বিজা-

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০৮। প্রকৃতির অতীত যে তত্ত্ব, তাহাই অচিন্ত্য-লক্ষণ। তর্ক—প্রাকৃত, সুতরাং সে তত্ত্বকে স্পর্শ করিতে পারে না। অতএব অচিন্ত্যভাবসকলে তর্ক যোজনা করিবে না।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে সপ্তদশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

গ্রণ্যঃ শ্রীগদাধরপণ্ডিতঃ।। শ্রীমদ্বিশ্বম্ভরাদ্বৈতনিত্যানন্দাবধূতকাঃ। অত্র ত্রয়ঃ সমুন্নেয়া বিগ্রহাঃ প্রভবশ্চ তে। একো মহাপ্রভুর্জ্ঞেয়ঃ শ্রীচৈতন্যো দয়াম্বুধিঃ। প্রভু দ্বৌ শ্রীযুতৌ নিত্যানন্দাদ্বৈতৌ মহাশয়ৌ। গোস্বামিনো বিগ্রহাশ্চ তে দ্বিজশ্চ গদাধরঃ। পঞ্চ-তত্ত্বাত্মকা এতে শ্রীনিবাসশ্চ পণ্ডিতঃ।। যদুক্তং তত্র গোস্বামি-শ্রীস্বরূপপদাম্বুজৈঃ। ত্রয়োঽত্র বিগ্রহা জ্ঞেয়াঃ প্রভবশ্চাত্র তে ত্রয়ঃ। একো মহাপ্রভুর্জ্ঞেয়ো দ্বৌ প্রভূ সম্মতৌ সতাম্।।" ঐ ২৩-২৪ শ্লোক—শ্রীঈশ্বরপুরী শৃঙ্গাররসের, অদ্বৈতপ্রভু দাস্য ও সখ্যরসের এবং শ্রীরঙ্গপুরী শুদ্ধবাৎসল্য-রসের সেবক ছিলেন। আদি, ৭ম পঃ ১০-১৭ সংখ্যা দ্রষ্টব্য।

৩০৩-৩০৪। আদি, ১৭ পঃ ২৭৬-২৭৮ সংখ্যা দ্রষ্টব্য।

৩০৭। কুম্ভীপাক—নরক-বিশেষ। পাপীদিগকে 'কুম্ভী' নামক

শ্রদ্ধাবানেরই সেবা-প্রাপ্তি ঃ—

অদ্ভুত চৈতন্যলীলায় যাহার বিশ্বাস ।
সেই জন যায় চৈতন্যের পদ-পাশ ॥ ৩০৯ ॥
প্রসঙ্গে করিল এই সিদ্ধান্তের সার ।
ইহা যেই শুনে, শুদ্ধভক্তি হয় তার ॥ ৩১০ ॥

পুনরাবৃত্তি ঃ—

লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ ।
তবে সে গ্রন্থের অর্থ পাইবে আস্বাদ ॥ ৩১১ ॥

ভাগবতে শ্রীব্যাস-রীত্যনুসারে পরিচ্ছেদ-বর্ণন ঃ—

অতএব ভাগবতে ব্যাসের আচার ।
কথা কহি' অনুবাদ করে বার বার ॥ ৩১২ ॥

সংক্ষেপে পরিচ্ছেদসমূহের বর্ণনমুখে পুনরাবৃত্তি ঃ—

তাতে আদিলীলার করি পরিচ্ছেদ গণন ।
প্রথম পরিচ্ছেদে কৈলুঁ 'মঙ্গলাচরণ' ॥ ৩১৩ ॥
দ্বিতীয় পরিচ্ছেদে 'চৈতন্যতত্ত্ব-নিরূপণ' ।
স্বয়ং ভগবান্ যেই ব্রজেন্দ্রনন্দন ॥ ৩১৪ ॥
তেঁহো ত' চৈতন্য-কৃষ্ণ—শচীর নন্দন ।
তৃতীয় পরিচ্ছেদে জন্মের 'সামান্য' কারণ ॥ ৩১৫ ॥
তহিঁ মধ্যে প্রেমদান—'বিশেষ' কারণ ।
যুগধর্ম্ম—কৃষ্ণনাম-প্রেম-প্রচারণ ॥ ৩১৬ ॥
চতুর্থে কহিলুঁ জন্মের 'মূল' কারণ ।
স্বমাধুর্য্য-প্রেমানন্দরস-আস্বাদন ॥ ৩১৭ ॥
পঞ্চমে 'শ্রীনিত্যানন্দ'-তত্ত্ব নিরূপণ ।
নিত্যানন্দ হৈলা রাম রোহিণীনন্দন ॥ ৩১৮ ॥
ষষ্ঠ পরিচ্ছেদে 'অদ্বৈত-তত্ত্বে'র বিচার ।
অদ্বৈত-আচার্য্য—মহাবিষ্ণু-অবতার ॥ ৩১৯ ॥
সপ্তম পরিচ্ছেদে 'পঞ্চতত্ত্বে'র আখ্যান ।
পঞ্চতত্ত্ব মিলি' যৈছে কৈলা প্রেমদান ॥ ৩২০ ॥
অষ্টমে 'চৈতন্যলীলা-বর্ণন'-কারণ ।
এক কৃষ্ণনামের মহা-মহিমা-কথন ॥ ৩২১ ॥
নবমেতে 'ভক্তিকল্পবৃক্ষের বর্ণন' ।
শ্রীচৈতন্য-মালী কৈলা বৃক্ষ আরোপণ ॥ ৩২২ ॥
দশমেতে মূল-স্কন্ধের 'শাখাদি-গণন' ।
সর্ব্বশাখাগণের যৈছে ফল-বিতরণ ॥ ৩২৩ ॥
একাদশে 'নিত্যানন্দশাখা-বিবরণ' ।
দ্বাদশে 'অদ্বৈতস্কন্ধ শাখার বর্ণন' ॥ ৩২৪ ॥
ত্রয়োদশে মহাপ্রভুর 'জন্ম-বিবরণ' ।
কৃষ্ণনাম-সহ যৈছে প্রভুর জনম ॥ ৩২৫ ॥
চতুর্দ্দশে 'বাল্যলীলা'র কিছু বিবরণ ।
পঞ্চদশে 'পৌগণ্ডলীলা'র সঙ্ক্ষেপে কথন ॥ ৩২৬ ॥
ষোড়শে কহিলুঁ 'কৈশোরলীলা'র উদ্দেশ ।
সপ্তদশে 'যৌবনলীলা' কহিলুঁ বিশেষ ॥ ৩২৭ ॥
এই সপ্তদশ প্রকার 'আদি-লীলা'র প্রবন্ধ ।
দ্বাদশ প্রবন্ধ, তাতে গ্রন্থ-মুখবন্ধ ॥ ৩২৮ ॥
পঞ্চপ্রবন্ধে পঞ্চবয়স চরিত ।
সঙ্ক্ষেপে কহিলুঁ অতি,—না কৈলুঁ বিস্তৃত ॥ ৩২৯ ॥
বৃন্দাবনদাস ইহা 'চৈতন্যমঙ্গলে' ।
বিস্তারি' বর্ণিলা নিত্যানন্দ-আজ্ঞা-বলে ॥ ৩৩০ ॥

গৌরলীলা অপার ঃ—

শ্রীকৃষ্ণচৈতন্যলীলা—অদ্ভুত, অনন্ত ।
ব্রহ্মা-শিব-শেষ যাঁর নাহি পায় অন্ত ॥ ৩৩১ ॥

অনুভাষ্য

পাত্রবিশেষে পাক করা হয়। (ভাঃ ৫।২৬।১৩) "যস্ত্বিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণো বা প্রাণত উপরন্ধয়তি তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতমমুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়তি।" প্রাণিবধকারী যমদণ্ড্য জীব কুম্ভীপাকে পচ্যমান হয়।

৩০৮। নদী-পর্ব্বত-কাননাদি ভূতলাশ্রিত পদার্থসমূহের নামশ্রবণেচ্ছু ধৃতরাষ্ট্রের প্রশ্নে সঞ্জয় প্রত্যুত্তর করিলেন,—যে ভাবাঃ অচিন্ত্যাঃ (প্রাকৃত-ভোগময়-চিন্তাতীতাঃ) খলু (নিশ্চয়ং) তান্ অচিন্ত্যভাবান্ তর্কেণ ন যোজয়েৎ (তে হেতুভিঃ ন হন্তব্যাঃ ইত্যর্থঃ) ; যৎ চ প্রকৃতিভ্যঃ পরং (ভিন্নম্ অতীতম্ অপ্রাকৃতমিতি যাবৎ) তৎ এব অচিন্ত্যস্য লক্ষণম্।

৩১২। শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস শ্রীমদ্ভাগবতের শেষভাগে দ্বাদশস্কন্ধের দ্বাদশ অধ্যায়ে ৫২ শ্লোকের মধ্যে প্রথম হইতে শেষ পর্য্যন্ত সমগ্র ভাগবতের যে-প্রকার প্রতিসংক্রমণ বর্ণন করিয়া গ্রন্থ সমাপ্ত করিয়াছেন, সেই মহাজন-প্রদর্শিত পথানুসরণে গ্রন্থকারও শ্রীচৈতন্যের আদিলীলার প্রতিসংক্রমণরূপ অনুবাদ করিলেন।

৩২৯। আদিলীলায় সপ্তদশ পরিচ্ছেদ বা প্রবন্ধ আছে, তন্মধ্যে প্রথম দ্বাদশ প্রবন্ধ—গ্রন্থের মুখবন্ধ বা উপক্রমণিকা-মাত্র। পরবর্ত্তী ত্রয়োদশ হইতে সপ্তদশ পরিচ্ছেদ পর্য্যন্ত 'জন্ম', 'বাল্য', 'পৌগণ্ড', 'কৈশোর' ও 'যুবা',—পঞ্চপ্রকার বয়সের কথায় পাঁচটী প্রবন্ধে পাঁচ পরিচ্ছেদ।

৩৩১। মধ্য, ২১শ পঃ ১০ ও ১২ সংখ্যা এবং ভাঃ ২।৭।৪১ ও ১০।১৪।৭ প্রভৃতি শ্লোক দ্রষ্টব্য।

গৌরলীলার শ্রবণ-কীর্ত্তনকারীর চরম মঙ্গললাভ ঃ—

যেই যেই অংশে কহে, যেই শুনে ধন্য ।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণচৈতন্য ॥ ৩৩২ ॥
শ্রীকৃষ্ণচৈতন্য, অদ্বৈত, নিত্যানন্দ।
শ্রীবাসাদি গদাধরাদি যত ভক্তবৃন্দ ॥ ৩৩৩ ॥

বৃন্দাবনবাসী ভক্তগণের বন্দনা ঃ—

যত যত ভক্তগণ বৈসে বৃন্দাবনে ।
নম্র হঞা শিরে ধরোঁ তাঁহার চরণে ॥ ৩৩৪ ॥

শ্রীগুরু-প্রণাম ঃ—

শ্রীস্বরূপ-শ্রীরূপ-শ্রীসনাতন ।
শ্রীরঘুনাথদাস, আর শ্রীজীব-চরণ ॥ ৩৩৫ ॥
শিরে ধরি বন্দোঁ, নিত্য করোঁ তাঁর আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩৩৬ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে যৌবনলীলাসূত্র-বর্ণনং নাম সপ্তদশপরিচ্ছেদঃ।

ইতি আদিলীলা সমাপ্তা

অনুভাষ্য

৩৩৫। শ্রীস্বরূপ—শ্রীদামোদর-স্বরূপ ; মধ্য, ১০ম পঃ ১০২-১২৭ সংখ্যা ও অনুভাষ্য দ্রষ্টব্য।

৩১৩ সংখ্যা হইতে ৩২৭ সংখ্যা পর্য্যন্ত পরিচ্ছেদ-গণনা লিখিত হইয়াছে।

প্রথম পরিচ্ছেদে—গুর্ব্বাদিবন্দন মঙ্গলাচরণ।
দ্বিতীয়ে—গৌরতত্ত্বনির্দ্দেশ মঙ্গলাচরণ।
তৃতীয়ে—অবতারের সামান্য কারণ ; প্রেমদান।
চতুর্থে—অবতারের মূলকারণ।
পঞ্চমে—নিত্যানন্দতত্ত্ব-নিরূপণ।
ষষ্ঠে—অদ্বৈততত্ত্ব-নির্দ্দেশ।
সপ্তমে—পঞ্চতত্ত্ব-নির্দ্দেশ ও প্রচার।
অষ্টমে—উপক্রমণিকা ও নাম-মহিমা।
নবমে—ভক্তিকল্পদ্রুম-বর্ণন-প্রচার।
দশমে—গৌরগণ-সংখ্যান।
একাদশে—নিত্যানন্দগণ-সংখ্যান।
দ্বাদশে—অদ্বৈত ও গদাধরগণ-সংখ্যান।
ত্রয়োদশে—গৌরজন্মলীলা।
চতুর্দ্দশে—বাল্যলীলা।
পঞ্চদশে—পৌগণ্ডলীলা।
ষোড়শে—কৈশোরলীলা।
সপ্তদশে—যৌবনলীলা।

ইতি অনুভাষ্যে সপ্তদশ পরিচ্ছেদ।

অনুভাষ্যে আদিলীলার কথাসার

গ্রন্থরাজ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর মঙ্গলাচরণ—প্রথমে নমস্কার, পরে বস্তুনির্দ্দেশ ও তৎপরে আশীর্ব্বাদ। একই তত্ত্ব লীলাভেদে ছয়রূপে তাঁহার নমস্য—গুরুদ্বয় (দীক্ষাগুরু ও শিক্ষাগুরু), ঈশ্বরভক্ত, ভক্তাবতাররূপী ঈশ্বর, ঈশ্বর-প্রকাশ, ঈশ্বর-শক্তি ও স্বয়ং ঈশ্বর। উপাস্য-বিচারে শ্রীকৃষ্ণের অবতারিত্ব বা স্বয়ং ভগবত্তা। উপাস্য-তত্ত্বের অস্ফুট-প্রকাশরূপে 'ব্রহ্ম' এবং খণ্ডবিভূতিরূপে পরমাত্মার প্রতিপাদন। পরে শ্রীকৃষ্ণের নানা প্রকাশ, অবতার, বয়োভেদে লীলাভেদ, ত্র্যধীশত্ব ও সচ্চিদানন্দ-বিগ্রহত্ব এবং সমগ্র জীব ও ঈশতত্ত্বের আশ্রয়ত্ব-বিচার প্রদর্শন করিয়া শ্রীকৃষ্ণই যে শ্রীচৈতন্য, তাহা ব্যক্ত করিলেন।

শ্রীগৌরাবতারের প্রয়োজন ও কারণ-নির্দ্দেশ। মধুর, বৎসল, সখ্য ও দাস্য—এই চারিরসে কৃষ্ণের সহিত সম্বন্ধযুক্ত হইলেই জীবের কৃষ্ণপ্রেম-সেবা লাভ হয়। শান্তরসে সম্বন্ধজ্ঞান বা অনুভূতি নাই—ঔদাসীন্য ভাব, তজ্জন্য আনন্দের অভাব। শ্রীহরিনাম-সঙ্কীর্ত্তন কলিযুগের একমাত্র ধর্ম্ম হইলেও স্বয়ং কৃষ্ণ ব্যতীত তাঁহার অপরাপর অবতারগণে পূর্ব্বোক্ত চারিটী গাঢ়প্রীতিময় ভাব দান করিবার ক্ষমতা প্রদর্শিত না হওয়ায় স্বয়ং ভগবান্ কৃষ্ণই গৌররূপে অবতীর্ণ হইলেন।

এই বাহ্য কারণ ব্যতীত গৌরাবতারের আর একটী গূঢ় কারণ এই যে, কৃষ্ণের সর্ব্বোৎকৃষ্ট মধুররসাশ্রিত সেবকের (শ্রীমতী বার্ষভানবীর) তৎপ্রতি প্রীতির, তৎসঙ্গজনিত তাঁহার সুখের সুগভীরত্ব ও পরমচমৎকারিতা—যাহা সেবা-গ্রহণফলে কৃষ্ণের পক্ষে অনুভব করা অসম্ভব (অর্থাৎ সেব্যের সর্ব্বোৎকৃষ্ট সেবার মাধুর্য্য-মহিমা)—জানিতে অভিলাষ হওয়ায়, স্বয়ং উহা আস্বাদন করিলেন এবং সেবা-রস-বঞ্চিত ভোগময় মরুবাসী জীবকে ঐ প্রকার কৃষ্ণ-সেবারসে অভিষিক্ত করাইবার জন্য অহৈতুকী দয়াপরবশ হইয়া আচার্য্যরূপে তাহাদিগকে তদনুগমন করিতে শিক্ষা প্রদান করিলেন। এবম্বিধ শ্রীগৌরসুন্দর হৃদয়ে প্রকাশিত হইলেই জীবের চরম শ্রেয়োলাভ, ইহাই গ্রন্থকারের আশীর্ব্বাদ।

অতঃপর কবিরাজ গোস্বামী যাবতীয় চিৎ, অচিৎ ও ঈশ্বরের মূল অধীশ্বর ও অংশী শ্রীভগবন্মুখ্যপ্রকাশ সাক্ষাৎ বলদেব-বিগ্রহ শ্রীনিত্যানন্দের তত্ত্ব ও মহিমা এবং বিশ্বের উপাদান-বিষ্ণু শ্রীঅদ্বৈতের তত্ত্ব-মাহাত্ম্য, তৎপর সমগ্র ভারতে পঞ্চতত্ত্বরূপে শ্রীগৌরসুন্দরের নাম-প্রেম-প্রচারফলে চৈতন্য-ধর্ম্মের অনুগমনে ভক্তজনের আনন্দকাহিনী এবং দুর্ম্মতি, পতিত, পাষণ্ডিগণের উদ্ধার-বৃত্তান্ত বর্ণন করিয়াছেন।

শ্রীগৌরসুন্দর সাক্ষাৎ প্রেমভক্তি-কল্পমহাবিটপী হইয়াও স্বয়ংই মালাকারস্বরূপ। কল্পবৃক্ষের আদি অঙ্কুর—শ্রীমাধবেন্দ্র-পুরী ; ঈশ্বরপুরীতে ঐ অঙ্কুর বৃদ্ধিপ্রাপ্ত, এবং স্বয়ং মহাপ্রভুরূপে উহাই মূল স্কন্ধ। উহার মধ্য মূল—শ্রীপরমানন্দপুরী, চতুষ্পার্শ্বে আটজন সন্ন্যাসী—আটটী মূল। মূল স্কন্ধ হইতে প্রধান শ্রীনিত্যানন্দাদ্বৈত-স্কন্ধদ্বয় হইতে বহু শাখা-প্রশাখা।

৯৭। গোপীসাধারণের যে শ্রীকৃষ্ণপ্রেম, তন্মধ্যে **শ্রীরাধার কৃষ্ণ-প্রেমই সাধ্যশিরোমণি-তত্ত্ব।** সাধারণ-জীবের পক্ষে ঐ ভাব-স্থলীয় ভাবগ্রহণের উপদেশ নাই ; কিন্তু সেই ভাবের অনুগত অর্থাৎ তদনুরূপ কৃষ্ণপ্রেমের অত্যুচ্চভাব গ্রহণ করিতে সিদ্ধাবস্থায় জীবের যোগ্যতা হইতে পারে। সাধনাবস্থায় রাধিকার সখী ও তৎপরিচারিকাগণের ভাবই অনুসরণীয়। **উদ্ধব-দর্শনে রাধিকার যে ভাব মহাপ্রভুতে লক্ষিত হয়, তাহা জীবের সাধ্য নয়, কিন্তু কথঞ্চিৎ অন্যাকারে অনুসরণীয়।**

অমৃতপ্রবাহ ভাষ্য

১০১-১০২। রাসলীলায় শ্রীকৃষ্ণ দেখিলেন,—অন্য সমস্ত গোপীর সহিত একত্রে (অবস্থিতা) রাধিকার সহিত নিরপেক্ষ প্রেম হইল না, অন্যাপেক্ষাবশতঃ প্রেমের গাঢ়তার স্ফূর্ত্তি হইল

অনুভাষ্য

৯৪। শ্রীশুকদেবকর্ত্তৃক পরীক্ষিতের নিকট রাসলীলাকারী গোপীমধ্যবর্ত্তী কৃষ্ণের সৌন্দর্য্য-বর্ণন,—

তত্র (বৃন্দাবনে রাসমণ্ডলে) হৈমানাং (সুবর্ণখচিতানাং মণীনাং) মধ্যে মহামরকতঃ যথা, [তথা ইব] তাভিঃ (ব্রজ-দেবীভিঃ) [বেষ্টিতঃ সন্] ভগবান্ দেবকীসুতঃ অতিশুশুভে।

৯৭-১১৫। আদি ৪র্থ পঃ ৬৮-৯৭ এবং ১২২-১৪৩, ২১৪-২১৯, ২৩৯-২৬২ সংখ্যা দ্রষ্টব্য।

৯৮। আদি, ৪র্থ পঃ ২১৫ সংখ্যা দ্রষ্টব্য।

৯৯। আদি, ৪র্থ পঃ ৮৮ সংখ্যা দ্রষ্টব্য।

করিতে গিয়া কেহ নিরন্তর-ভজনকারী পরমচতুর বক্তাকে তাহার আশ্রম ও বর্ণের প্রাপঞ্চিকতায় দর্শন করেন, তাহা হইলে ঐরূপ দর্শনকারীর কোনদিন ভোগময়ী ধারণা হইতে উন্নতস্তরে অভিগমন সম্ভবপর নহে।

"বৌদ্ধ-প্রাকৃত-সহজিয়াবাদ অনেকসময় বাহ্যাবরণকে প্রাধান্য দেওয়ায় তাহাতে পরমহংস অবধূতগণের আচরণ ধরা যায় না। বাল-চাপল্য প্রকাশ করিয়া যদি কেহ শ্রীগৌরসুন্দর, শ্রীমাধবেন্দ্রপুরীকে গৈরিকবসনধারী-সন্ন্যাসী-মাত্র জ্ঞানে বা ব্রাহ্মণমাত্র বিচারে প্রতিষ্ঠিত করেন এবং শ্রীরায় রামানন্দ বা শ্রীরূপ-সনাতনকে বিচার-বহির্ভূত বর্ণাশ্রমে অবস্থিত জ্ঞান করেন, তাহা হইলে তাঁহাদিগের বহিঃপ্রজ্ঞা তাহাদিগকে প্রতারিত করিয়াছে, জানিতে হইবে। তাঁহারা 'কৃষ্ণভক্তি-রসভাবিতা-মতি' শ্রীরামানন্দ-রায়ের শ্লোকটীর তাৎপর্য্য গ্রহণে অসমর্থ হইয়াছেন।

"শ্রীগৌরসুন্দর প্রেমভক্তি-প্রচারকল্পে শ্রীরামানন্দমুখে যে-সকল তারতম্য ও বৈশিষ্ট্য-নির্দ্দেশক কথার অবতারণা করিয়াছেন, তাহা স্নিগ্ধ, নিরপেক্ষ, ভগবৎকৃপালব্ধ সঞ্চারিত-শক্তি জনগণের পক্ষে উপযোগী এবং তাদৃশ উপযোগিতা সৌভাগ্যক্রমে প্রপঞ্চে বিচরণকারী জীবের অবশ্যপ্রাপ্য। কেহ তাদৃশ সৌভাগ্যকে সুদূর-পরাহত জানিয়া যদি পশ্চাৎপদ হন, তাহা হইলে স্বীয় কল্যাণলাভের পথে কণ্টক-আরোপণ বা সুগম-পথ রুদ্ধ করিবেন মাত্র।"

(শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর প্রভুপাদ-কৃত 'নীলাচলে ভক্তিবিনোদ' প্রবন্ধ 'গৌড়ীয়' ৭ম খণ্ড হইতে উদ্ধৃত)

শ্রীরাধাতে কৃষ্ণের একনিষ্ঠ প্রেম ঃ—

রাধা লাগি' গোপীরে যদি সাক্ষাৎ করে ত্যাগ ।
তবে জানি,—রাধায় কৃষ্ণের গাঢ়-অনুরাগ ॥" ১০২ ॥

শ্রীরাধাতে কৃষ্ণপ্রীতির নিরুপমত্ব ঃ—

রায় কহে,—"তবে শুন প্রেমের মহিমা ।
ত্রিজগতে রাধা-প্রেমের নাহিক উপমা ॥ ১০৩ ॥

সেবকের সেবালাভার্থ তাহার অদর্শনে সেব্যের বিলাপ ঃ—

গোপীগণের রাস-নৃত্য-মণ্ডলী ছাড়িয়া ।
রাধা চাহি' বনে ফিরে বিলাপ করিয়া ॥ ১০৪ ॥

শ্রীরাধাই কৃষ্ণপ্রীতি-সেবার মূর্ত্তি ঃ—

শ্রীগীতগোবিন্দ (৩।১-২)—

কংসারিরপি সংসারবাসনাবদ্ধশৃঙ্খলাম্ ।
রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজসুন্দরীঃ ॥ ১০৫ ॥
ইতস্ততস্তামনুসৃত্য রাধিকামনঙ্গবাণব্রণখিন্নমানসঃ ।
কৃতানুতাপঃ স কলিন্দনন্দিনী-তটান্তকুঞ্জে বিষসাদ মাধবঃ ॥১০৬॥

উক্ত শ্লোকদ্বয় বিচার ঃ—

এই দুই শ্লোকের অর্থ বিচারিলে জানি ।
বিচারিতে উঠে যেন অমৃতের খনি ॥ ১০৭ ॥

রাস-বর্ণন ঃ—

শতকোটি গোপী-সঙ্গে রাস-বিলাস ।
তার মধ্যে এক-মূর্ত্ত্যে রহে রাধা-পাশ ॥ ১০৮ ॥

শ্রীরাধিকার কৃষ্ণপ্রেমে বামতা-ভাবের প্রাধান্য ঃ—

সাধারণ-প্রেম দেখি' সর্ব্বত্র 'সমতা' ।
রাধার কুটিল-প্রেম হইল 'বামতা' ॥ ১০৯ ॥

কৃষ্ণপ্রেমার কৌটিল্য ঃ—

উজ্জ্বলনীলমণিতে শৃঙ্গারভেদকথনে (১০২)—

অহেরিব গতিঃ প্রেম্ণঃ স্বভাবকুটিলা ভবেৎ ।
অতো হেতোরহেতোশ্চ যূনোর্মান উদঞ্চতি ॥ ১১০ ॥

শ্রীরাধার রাস পরিত্যাগ-ফলে কৃষ্ণের তদন্বেষণ ঃ—

ক্রোধ করি' রাস ছাড়ি' গেলা মান করি' ।
তাঁরে না দেখিয়া ব্যাকুল হৈল হরি ॥ ১১১ ॥
সম্যক্ বাসনা কৃষ্ণের, ইচ্ছা রাসলীলা ।
রাসলীলা-বাসনাতে রাধিকা শৃঙ্খলা ॥ ১১২ ॥
তাঁহা বিনা রাসলীলা নাহি তাঁর চিত্তে ।
মণ্ডলী ছাড়িয়া গেলা রাধা অন্বেষিতে ॥ ১১৩ ॥
ইতস্ততঃ ভ্রমি' কাঁহা রাধা না পাঞা ।
বিষাদ করেন কামবাণে খিন্ন হঞা ॥ ১১৪ ॥

কৃষ্ণকামপূর্ত্তি-বিগ্রহ শ্রীরাধিকার অসমোর্দ্ধত্ব ঃ—

শতকোটি-গোপীতে নহে কাম-নির্ব্বাপণ ।
তাহাতেই অনুমানি শ্রীরাধিকার গুণ ॥" ১১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

না ; তন্নিবন্ধন শ্রীকৃষ্ণ গোপীগণের ভয়ে রাধিকাকে রাসস্থলী হইতে চুরি করিয়া অন্য গোপীগণ হইতে পৃথক্ হইয়া গেলেন। "কংসারিরপি" শ্লোকটী (১০৫ সংখ্যা) এইস্থলে উদাহরণীয়।

১০৪। শ্রীরাধিকা রাসমণ্ডলীতে গোপীগণের সাধারণ প্রেম-সুলভ মমতা-দর্শনে কৌটিল্যবামতা-প্রযুক্ত রাসমণ্ডলী ছাড়িয়া চলিয়া গেলেন। কৃষ্ণের ইচ্ছা,—শ্রীমতী রাস-লীলার রস পুষ্টি করেন, কিন্তু তদভাবে শ্রীকৃষ্ণ খিন্ন হইয়া বিলাপ করিতে করিতে শ্রীমতীর অন্বেষণে বনে ভ্রমণ করিতে লাগিলেন।

১০৬। অনঙ্গবাণ-ব্রণদ্বারা খিন্নমানস ও কৃতানুতাপ হইয়া, মাধব কলিন্দনন্দিনী-তটস্থিত বনে ইতস্ততঃ রাধিকাকে অন্বেষণ করিয়াও না পাইয়া কুঞ্জমধ্যে প্রবেশপূর্ব্বক বিষাদ করিতে লাগিলেন।

১০৯-১১০। দুই-দুই গোপীর মধ্যে রাসমণ্ডলে একমূর্ত্তি কৃষ্ণ এবং শ্রীরাধিকার পার্শ্বে এক মূর্ত্তি কৃষ্ণ—এইরূপ প্রকাশ হইয়াছিল। রাধিকা তাহাতে স্বীয় কুটিল-প্রেমের 'বামতা' প্রকাশ করিলেন। উজ্জ্বলনীলমণিতে,—

সর্পের ন্যায় প্রেমের স্বভাব-কুটিলা গতি ; এতন্নিবন্ধন যুবক-যুবতীর মধ্যে 'অহেতু' ও 'সহেতু' এই দুইপ্রকার মানের উদয় হয়।

অনুভাষ্য

১০৫। আদি, ৪র্থ পঃ ২১৯ সংখ্যা দ্রষ্টব্য।

১০৬। অনঙ্গবাণব্রণখিন্নমানসঃ (কামশরব্রণেন খিন্নং মানসং যস্য সঃ) মাধবঃ ইতস্ততঃ তাং রাধিকাম্ অনুসৃত্য (অন্বিষ্য) কৃতানুতাপঃ (কৃতঃ অনুষ্ঠিতঃ অনু পশ্চাৎ তাপো যেন সঃ রাধিকা-নাদর-রূপ-নিজাচরিতকর্ম্মজন্য-শোকবশঃ সন্) কলিন্দনন্দিনী-তটান্ত-কুঞ্জে (যমুনাতটপ্রান্তস্থকুঞ্জে) বিষসাদ (বিষণ্ণঃ অভূৎ)।

১১০। অহেঃ (সর্পস্য) ইব প্রেম্ণঃ গতিঃ স্বভাবকুটিলা (নিসর্গতঃ বক্রা) ভবেৎ ; অতঃ (অস্মাৎ কারণাৎ) হেতোঃ (কারণোদয়াৎ) অহেতোঃ চ (কারণাভাবাদপি) যূনোঃ (কান্তা-কান্তয়োঃ) মানঃ উদঞ্চতি (উদেতি)।

১১২-১১৪। পূর্ব্ববর্ত্তী ১০৪ সংখ্যার অমৃতপ্রবাহ-ভাষ্য দ্রষ্টব্য।

বক্তা রায়ের নিকট শ্রোতৃরূপী প্রভুর শিষ্যত্বাভিমান ঃ—

প্রভু কহে,—"যে লাগি' আইলাম তোমা-স্থানে ।
সেই সব তত্ত্ববস্তু হৈল মোর জ্ঞানে ॥ ১১৬ ॥

এতাবৎ প্রভুর কৃষ্ণভজন-ক্রম শ্রবণ ঃ—

এবে জানিলুঁ সাধ্য-সাধন-নির্ণয় ।
আগে আর আছে কিছু, শুনিতে মন হয় ॥ ১১৭ ॥

প্রভুর (১) কৃষ্ণ, (২) রাধা, (৩) রস ও (৪) প্রেমের স্বরূপ-তত্ত্ব বর্ণনার্থ রায়কে অনুরোধ ঃ—

'কৃষ্ণের স্বরূপ' কহ 'রাধার স্বরূপ' ।
'রস'—কোন্ তত্ত্ব, 'প্রেম'—কোন্ তত্ত্বরূপ ॥ ১১৮ ॥
কৃপা করি' এই তত্ত্ব কহ ত' আমারে ।
তোমা-বিনা কেহ ইহা নিরূপিতে নারে ॥" ১১৯ ॥

রায়ের আপনাকে 'যন্ত্র' ও প্রভুকে 'যন্ত্রি'-জ্ঞান ঃ—

রায় কহে,—"ইহা আমি কিছুই না জানি ।
তুমি যেই কহাও, সেই কহি বাণী ॥ ১২০ ॥
তোমার শিক্ষায় পড়ি যেন শুক-পাঠ ।
সাক্ষাৎ ঈশ্বর তুমি, কে বুঝে তোমার নাট ॥ ১২১ ॥
হৃদয়ে প্রেরণ কর, জিহ্বায় কহাও বাণী ।
কি কহিয়ে ভাল-মন্দ, কিছুই না জানি ॥" ১২২ ॥

আপনাকে 'কৃষ্ণবিমুখ' ও 'দীন' জানাইয়া প্রভুর রায়কে ছলনা-চেষ্টা ঃ—

প্রভু কহে,—"মায়াবাদী আমি ত' সন্ন্যাসী ।
ভক্তিতত্ত্ব নাহি জানি, মায়াবাদে ভাসি ॥ ১২৩ ॥

প্রভুকর্ত্তৃক সার্ব্বভৌম ও রামানন্দের বৈশিষ্ট্য ও তারতম্য-কথন ; সার্ব্বভৌম—ব্রাহ্মণ ও মুক্তিদাতা ; রামানন্দ—কৃষ্ণ-তত্ত্বজ্ঞ ও কীর্ত্তনকারী আচার্য্য বা বৈষ্ণব ঃ—

সার্ব্বভৌম-সঙ্গে মোর মন নির্ম্মল হইল ।
'কৃষ্ণভক্তি-তত্ত্ব কহ', তাঁহারে পুছিল ॥ ১২৪ ॥
তেঁহো কহে,—'আমি নাহি জানি কৃষ্ণকথা ।
সবে রামানন্দ জানে, তেঁহো নাহি এথা ॥' ১২৫ ॥

'বঞ্চক'-লীলাভিনয়কারী বৈষ্ণব ঃ—

তোমার ঠাঞি আইলাঙ তোমার মহিমা শুনিয়া ।
তুমি মোরে স্তুতি কর 'সন্ন্যাসী' জানিয়া ॥ ১২৬ ॥

যে-কোন অবস্থায় থাকুন, কৃষ্ণতত্ত্ববেত্তাই দিব্যজ্ঞানদাতা ঃ—

কিবা বিপ্র, কিবা ন্যাসী, শূদ্র কেনে নয় ।
যেই কৃষ্ণতত্ত্ববেত্তা, সেই 'গুরু' হয় ॥ ১২৭ ॥

অনুভাষ্য

১১৬। মধ্য, ৮ম পঃ ১ম শ্লোক দ্রষ্টব্য।

১১৭। পাঠান্তরে—'সেব্য-সাধন-নির্ণয়।'

১২৬। অপ্রাকৃত কৃষ্ণপ্রেমধনে ধনী গুরু-বৈষ্ণবের নিকট জড়ীয় বহিঃসম্পদের মূল্য নিতান্ত তুচ্ছ বলিয়া গুরু-বৈষ্ণবের নিকট নিঃশ্রেয়সার্থী শিষ্যত্ব-প্রয়াসী ব্যক্তির পক্ষে ঐ সকল বিষয়-মদের দম্ভ প্রদর্শন করা কখনও কর্ত্তব্য নহে। ঐ জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত ও শ্রীর অভিমানকে সম্বল করিয়া কেহ যদি গুরু-বৈষ্ণবের নিকট বহির্দৃষ্টিতে উপস্থিত হইয়াও প্রকৃতপক্ষে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবার সহিত অভিগমন না করে, তাহা হইলে বৈষ্ণবও তাহাকে তাহার কাম্য বাহ্য-সম্মান দিয়া বিদায় করেন, অব্রাহ্মণ বা শূদ্র-জ্ঞানে তাহাকে কখনও দিব্যজ্ঞান অর্থাৎ অপ্রাকৃত কৃষ্ণ-সম্বন্ধানুভূতি প্রদান করেন না ; তৎফলে ঐ ব্যক্তি পরমার্থ-বঞ্চিত হইয়া নরকপথেই অগ্রসর হয়,—ইহাই শ্রীগৌরসুন্দর প্রাকৃত-লোকের দৃষ্টিতে স্বয়ং বর্ণাশ্রম-ধর্ম্মের সর্ব্বোৎকৃষ্ট অবস্থায় (ব্রাহ্মণ-বর্ণ ও সন্ন্যাসাশ্রমে) অবস্থান করিয়া এবং শ্রীরামানন্দ-প্রভুকে তদপেক্ষা নিকৃষ্টতর অবস্থায় (শূদ্রবর্ণ ও গার্হস্থ্যাশ্রমে) অবস্থাপিত দেখাইয়া কলিহত অক্ষজ-জ্ঞান-সর্ব্বস্ব নির্ব্বোধ-জীবকে ঐ প্রকার দুর্ব্বুদ্ধি হইতে সতর্ক করিবার জন্য জগদ্‌গুরু আচার্য্যরূপে শিক্ষা প্রদান করিলেন।

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৭। প্রভু কহিলেন,—আমি ব্রাহ্মণঘরে জন্মগ্রহণ করিয়া সন্ন্যাস গ্রহণ করিয়াছি, সুতরাং শূদ্রদিগের নিকট (হইতে) ধর্ম্মশিক্ষা আমার অনুচিত, এরূপ মনে করিও না। কেননা, বর্ণাশ্রমরূপ ধর্ম্মশিক্ষা ও দীক্ষাতেই ব্রাহ্মণ-গুরুর প্রয়োজনীয়তা। কিন্তু কৃষ্ণতত্ত্ব-জ্ঞান—সর্ব্বজীবের পরমার্থ। এই তত্ত্বজ্ঞানের 'গুরু' হইবার অধিকার-বিচারে এইমাত্র সিদ্ধান্তিত আছে যে,—বিপ্রই হউন বা শূদ্রজাতিই হউন, গৃহস্থই হউন বা সন্ন্যাসীই হউন, কৃষ্ণতত্ত্ববেত্তাই গুরু হইতে পারেন। শ্রীহরিভক্তিবিলাসে উচ্চবর্ণে যোগ্যপুরুষ থাকিতে হীনবর্ণ ব্যক্তির নিকট হইতে কৃষ্ণমন্ত্র লওয়া উচিত নয়—এরূপ যে কথা আছে, তাহা লোকাপেক্ষি-বৈষ্ণবপর ; অর্থাৎ সংসারে যাঁহারা প্রচলিত বিধি-মতে কথঞ্চিৎ পরমার্থের উদ্দেশ করিতে ইচ্ছা করেন, তাঁহাদের পক্ষে। পরন্তু যাঁহারা বৈধী ও রাগানুগা ভক্তির তাৎপর্য্য জানিয়া বিশুদ্ধ কৃষ্ণভক্তি পাইতে ইচ্ছা করেন, তাঁহাদের সম্বন্ধে উপযুক্ত

অনুভাষ্য

১২৭। বর্ণে ব্রাহ্মণই হউন, বা ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রই হউন, আশ্রমে সন্ন্যাসী হউন বা ব্রহ্মচারি-বাণপ্রস্থ-গৃহস্থই হউন, যে-কোন বর্ণে বা যে-কোন আশ্রমেই অবস্থিত হউন, কৃষ্ণতত্ত্ববেত্তাই গুরু অর্থাৎ বর্ত্মপ্রদর্শক, দীক্ষাগুরু ও শিক্ষাগুরু হইতে পারেন। গুরুর যোগ্যতা কেবলমাত্র কৃষ্ণতত্ত্বজ্ঞতার উপরই নির্ভর করে,—

রায়কে রাধাকৃষ্ণতত্ত্ব কীর্ত্তন করিতে অনুরাধে ঃ—

'সন্ন্যাসী' বলিয়া মোরে না করিহ বঞ্চন ।
কৃষ্ণ-রাধা-তত্ত্ব কহি' পূর্ণ কর মন ॥" ১২৮ ॥

প্রভুর মায়ায় মহামহাসূরিগণও মুগ্ধ, কিন্তু বাস্তব-তত্ত্ববিৎ রামানন্দ ধীর-স্থির ঃ—

যদ্যপি রায়—প্রেমী, মহাভাগবতে ।
তাঁর মন কৃষ্ণমায়া নারে আচ্ছাদিতে ॥ ১২৯ ॥

প্রভুর ইচ্ছাশক্তি-চালিত সেবকের চলন—মায়াদাস্য নহে, উহা প্রভুর ইচ্ছাশক্তির প্রভুত্ব ও রায়ের বশ্যত্ব-জ্ঞাপক ঃ—

তথাপি প্রভুর ইচ্ছা—পরম প্রবল ।
জানিলেহ রায়ের মন হৈল টলমল ॥ ১৩০ ॥

রায় কহে,—"আমি—নট, তুমি—সূত্রধার ।
যেই মত নাচাও, সেই মত চাহি নাচিবার ॥ ১৩১ ॥
মোর জিহ্বা—বীণাযন্ত্র, তুমি—বীণাধারী ।
তোমার মনে যেই উঠে, তাহাই উচ্চারি ॥ ১৩২ ॥

(১) কৃষ্ণতত্ত্ব-বর্ণনারম্ভ ; কৃষ্ণের স্বরূপ-পরিচয় ঃ—

পরম ঈশ্বর কৃষ্ণ—স্বয়ং ভগবান্ ।
সর্ব্ব-অবতারী, সর্ব্বকারণ-প্রধান ॥ ১৩৩ ॥
অনন্ত বৈকুণ্ঠ, আর অনন্ত অবতার ।
অনন্ত ব্রহ্মাণ্ড ইঁহা,—সবার আধার ॥ ১৩৪ ॥
সচ্চিদানন্দ-তনু, ব্রজেন্দ্রনন্দন ।
সর্বৈশ্বর্য্য-সর্ব্বশক্তি-সর্ব্বরস-পূর্ণ ॥ ১৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

কৃষ্ণতত্ত্ববেত্তা যে-কোন বর্ণে বা যে-কোন আশ্রমেই পাওয়া যান, তাঁহাকে 'গুরু' বলিয়া বরণ করাই বিধি।' শ্রীহরিভক্তি-বিলাস-ধৃত পদ্মপুরাণ-বচন,—"ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তেঽপি ভাগবতোত্তমাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে।। ষট্‌কর্ম্মনিপুণো বিপ্রো মন্ত্রতন্ত্র-বিশারদঃ। অবৈষ্ণবো গুরুর্ন স্যাদ্বৈষ্ণবঃ শ্বপচো গুরুঃ।। মহাকুল-প্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ। সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ।। বিপ্র-ক্ষত্রিয়বৈশ্যাশ্চ গুরবঃ শূদ্রজন্মনাম্। শূদ্রাশ্চ গুরবস্তেষাং ত্রয়াণাং ভগবৎপ্রিয়াঃ।।'

অনুভাষ্য

বর্ণ বা আশ্রমের উপর নির্ভর করে না। শ্রীমহাপ্রভুর এই আদেশ শাস্ত্রীয় আদেশের বিরুদ্ধ নহে। এই তাৎপর্য্যানুসারে শ্রীবিশ্বম্ভর-মহাপ্রভু শ্রীঈশ্বরপুরী-সন্ন্যাসীর নিকট, শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীমাধ-বেন্দ্রপুরী গোস্বামী (মতান্তরে, শ্রীমদ্ লক্ষ্মীপতি তীর্থ) সন্ন্যাসীর নিকট, শ্রীঅদ্বৈতাচার্য্য ঐ শ্রীমাধবেন্দ্রপুরী-সন্ন্যাসীর নিকটই দীক্ষিত হইয়াছিলেন। শ্রীরসিকানন্দ শৌক্র-ব্রাহ্মণেতর-কুলোদ্ভূত শ্রীশ্যামানন্দের নিকট, শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্ত্তী ও শ্রীরামকৃষ্ণ ভট্টাচার্য্য শৌক্রব্রাহ্মণেতর-কুলোদ্ভূত শ্রীল নরোত্তম-ঠাকুরের নিকট, কাটোয়ার শ্রীযদুনন্দন চক্রবর্ত্তী শ্রীদাসগদাধরের নিকট পাঞ্চরাত্রিক দীক্ষায় দীক্ষিত হন। ধর্ম্ম-ব্যাধাদি অনেকেরও শিক্ষাগুরু হইবার ব্যাঘাত ছিল না। মহাভারতীয় স্পষ্ট আদেশ-সমূহ এবং শ্রীমদ্ভাগবতে সপ্তমস্কন্ধ একাদশ অধ্যায় ৩২ শ্লোকে —"যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকম্। যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দ্দিশেৎ।।" এই বাক্যে বিধিলিঙ্-প্রয়োগে বৈষ্ণব-বিশ্বাসানুগমনে কৃষ্ণতত্ত্ববেত্তার বৃত্তব্রাহ্মণতাই স্বাভাবিক; সুতরাং কলি-প্রচলিত শৌক্র-সম্বন্ধ ব্যতীত ব্রাহ্মণতা যেখানে হইতে পারে না, তৎস্থলে কৃষ্ণতত্ত্ববিৎ হইলে শৌক্রশূদ্রও শাস্ত্রীয় ব্রাহ্মণতা লাভ করিয়া গুরু হইতে পারেন—ইহাই শ্রীমহাপ্রভু সূক্ষ্মভাবে বুঝাইয়া দিলেন। যে-সকল কৃষ্ণতত্ত্ববিৎ বৈদিক-বাজ-সনেয় শাখান্তর্গত কাত্যায়ন-গৃহ্যসূত্রোক্ত সাবিত্র্য-সংস্কার গ্রহণ করেন না, তাঁহারা—একায়নশাখী দৈক্ষ্যব্রাহ্মণমাত্র। কিন্তু নির্ব্বোধ লোকেরা তাঁহাদিগকে অনেক সময় 'অচ্যুতব্রাহ্মণ' বলিয়া বুঝিতে না পারিয়া নিরয়গামী হয় ; তজ্জন্য রসিকানন্দ প্রভুর বংশে, শ্রীখণ্ডের শ্রীমুকুন্দদাসের বংশে, নবনী-হোড়ের বংশে সাবিত্রব্রাহ্মণ-সংস্কার এবং শৌক্রবিপ্রশিষ্য-সম্প্রদায়ের আচার্য্য-কার্য্য আবহমানকাল চলিয়া আসিতেছে। ভজনানন্দী বৈষ্ণবগণ সাবিত্র-সংস্কার গ্রহণ করেন নাই বলিয়া উহাই যে একমাত্র বিধি হইবে, এরূপ নহে। বৈষ্ণবগণ লক্ষণদ্বারা বর্ণ নির্ণয় করিয়া থাকেন, কিন্তু নির্ব্বোধগণ তাদৃশ লক্ষণদ্বারা বর্ণ নির্ণয় করিতে অসমর্থ বলিয়া শ্রীমহাপ্রভু স্পষ্টভাবেই শাস্ত্র-তাৎপর্য্য বুঝাইয়া দিলেন। হরিভক্তিবিলাসে সংগৃহীত সিদ্ধান্ত শ্রীমহাপ্রভুর নিজ আদর্শাচার ও উপদেশের সহিত এক হইলেও নির্ব্বোধের বিচারে ভিন্ন বলিয়া প্রতীত হয়। এই সংখ্যাধৃত 'গুরু'-শব্দটীতে তাহার বিচারে শ্রবণগুরু বা ভজন-শিক্ষাগুরুই উদ্দিষ্ট, দীক্ষা বা মন্ত্রদাতা গুরু উদ্দিষ্ট হন নাই ; কেননা, তাহার মতে বংশ-পরিচয় অর্থাৎ রক্ত বা শুক্রই দিব্যজ্ঞান-দাতার অধিকার নির্ণয় ও পরিচয় প্রদান করে। সুতরাং শুদ্ধাত্মবৃত্তি কৃষ্ণভক্তি তাহার মতে নিরপেক্ষ নহে; বিশেষতঃ দীক্ষাগুরু বা মন্ত্রদাতার শ্রেষ্ঠত্ব ও মাহাত্ম্য তাহার মূর্খতানুসারে 'শ্রবণ-গুরু' অথবা 'ভজন-শিক্ষাগুরু' অপেক্ষা অধিকতর! এ-সম্বন্ধে আদি, ১ম পঃ ৪৭ সংখ্যার অনুভাষ্য বিশেষভাবে আলোচ্য। বস্তুতঃ ঐরূপ ধারণা তাহাদের অক্ষজ-জ্ঞানজনিত অপরাধের ফলমাত্র।

১২৯। আদি, ৩য় পঃ ৮৫-৮৯ সংখ্যা দ্রষ্টব্য।

১৩১। সূত্রধার—"বর্ত্তনীয়তয়া সূত্রং প্রথমং যেন সূচ্যতে। রঙ্গভূমিং সমাক্রম্য সূত্রধারঃ স উচ্যতে।।" নাট্যপ্রস্তাবক প্রধান নট।

ব্রহ্মসংহিতা (৫।১)—

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্ ॥ ১৩৬ ॥

ব্রজে নিত্যসেবিত মদনমোহন-বিগ্রহ ঃ—

বৃন্দাবনে 'অপ্রাকৃত নবীন মদন'।
কামগায়ত্রী, কামবীজে যাঁর উপাসন ॥ ১৩৭ ॥

অনুভাষ্য

১৩৬। আদি, ২য় অধ্যায় ১০৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৭। বৃন্দাবন—ব্রহ্মসংহিতায় ৫ম অঃ ৫৬ শ্লোক—"শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষঃ কল্পতরবো দ্রুমা ভূমিশ্চিন্তামণিগণময়ী তোয়মমৃতম্। কথা গানং নাট্যং গমনমপি বংশী প্রিয়সখী চিদানন্দং জ্যোতিঃ পরমপি তদাস্বাদ্যমপি চ।। স যত্র ক্ষীরাব্ধিঃ স্রবতি সুরভীভ্যশ্চ সুমহান্ নিমেষার্দ্ধাখ্যো বা ব্রজতি ন হি যত্রাপি সময়ঃ। ভজে শ্বেতদ্বীপং তমহমিহ গোলোকমিতি যং বিদন্তস্তে সন্তঃ ক্ষিতিবিরলচারাঃ কতিপয়ে।।" "অপ্রাকৃত বৃন্দাবনে সকলই চিন্ময় ; অপ্রাকৃত লক্ষ্মী বা গোপীসমূহ—কান্তা, পরমপুরুষ কৃষ্ণ —সকলের কান্ত, তথাকার বৃক্ষসমূহ—কল্পতরু, ভূমি—চিন্তামণিগণ-সমন্বিত, সলিল—অমৃত, কথা—গান, গমন—নাট্য, বংশী—প্রিয়সখী, চন্দ্রসূর্য্যাদিরূপ জ্যোতির্ম্ময় পদার্থসমূহ—চিদানন্দময় ; সেই অপ্রাকৃত চিন্ময়ভাবই আস্বাদ্য বা অনুশীলনীয়; তথায় চিন্ময় গোসমূহ হইতে ক্ষীরসমুদ্র প্রবহমান হইতেছে, তথায় নিমেষার্দ্ধকালও নিত্যকালই অথবা তথায় কাল বৃথা অতিবাহিত হইয়া ভিন্ন-কালে পরিণত হয় না। এই প্রপঞ্চোদিত বৃন্দাবন-ধামের—যাহাকে কতিপয় দুর্ল্লভ কৃষ্ণতত্ত্ববিৎ সাধুগণ 'গোলোক' বলিয়া জানেন—সেই শ্বেতদ্বীপের—আমি ভজন করি।" জড়বুদ্ধিযুক্ত নিজজড়েন্দ্রিয়-প্রাপ্য ও ভোগ্য পার্থিবজ্ঞানে বৃন্দাবন-দর্শন ঘটে না ; যেহেতু অপ্রাকৃত বৃন্দাবন—অপ্রাকৃত কৃষ্ণলীলার অপ্রাকৃত ক্ষেত্র। শ্রীল নরোত্তম ঠাকুর তৎকৃত 'প্রার্থনা'য়—"আর কবে নিতাইচাঁদ করুণা করিবে। সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে।। বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন। কবে হাম হেরব শ্রীবৃন্দাবন।। রূপ-রঘুনাথ-পদে হইবে আকুতি। কবে হাম বুঝব শ্রীযুগল-পিরীতি।।" মধ্য, ১৪ পঃ ২১৯-২২৬ সংখ্যা দ্রষ্টব্য।

অপ্রাকৃত নবীনমদন—জড় বা প্রাকৃত ও তদ্বিপরীত চিন্ময় বা অপ্রাকৃত, উভয় অবস্থাতেই 'কাম' বর্ত্তমান বটে ; তবে জড়-কাম কালদ্বারা ক্ষুব্ধ হয় অর্থাৎ প্রকাশকালেই ইহার অনুভূতি হয় এবং পরক্ষণে মলিন হয় ও থাকে না ; আর অপ্রাকৃত কাম—নিত্য নবনবায়মান অর্থাৎ কালে তাহার সমাপ্তি নাই, সর্ব্বদাই উজ্জ্বল থাকে। জড়েন্দ্রিয়ের গ্রাহ্য কাম—জড়-দেহ-মনোবৃত্তি এবং উহা ইন্দ্রিয়তর্পণপর প্রত্যেক কৃষ্ণবিমুখ জীবের নিসর্গে

কৃষ্ণমাধুর্য্যের আকর্ষণ-শক্তি ঃ—

পুরুষ, যোষিৎ, কিবা স্থাবর-জঙ্গম।
সর্ব্ব-চিত্তাকর্ষক, সাক্ষাৎ মন্মথ-মদন ॥ ১৩৮ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৩২।২)—

তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথ-মন্মথঃ ॥ ১৩৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৭-১৩৮। চিন্ময়ধামরূপ বৃন্দাবনে শ্রীকৃষ্ণ—প্রকৃতির অতীত অভিনব-মদনস্বরূপে বিরাজমান। 'মদন'-শব্দে সামান্যতঃ জড়-কবিসকল যাহাকে অর্থ করেন, তাহা—প্রাকৃত-জগতে মাংসপিণ্ডের পরস্পর আকর্ষী, নিতান্ত প্রাকৃত ও হেয় কামতত্ত্ব। জীবসকল জড়ে বদ্ধ হইয়া দেহে আত্মাভিমান করত সেই কামের অধীনতা স্বীকার করিয়াছে। কৃষ্ণসম্বন্ধতত্ত্ব জানিতে পারিলে জীবের অপ্রাকৃত চিন্ময় অবস্থাতে অবস্থিতি হয়। সেই অবস্থা দুইপ্রকার—'স্বরূপগত' ও 'বস্তুগত'। তত্ত্বপ্রতীতি হইয়াছে, কিন্তু 'বস্তুতঃ' এখনও জড়সম্বন্ধ বিগত হয় নাই, এমত অবস্থায় চিন্ময়-তত্ত্বের কথঞ্চিৎ উদয় হইলে 'স্বরূপতঃ' বৃন্দাবনাবস্থিতি হয়, কিন্তু বস্তুতঃ' হয় না ; স্থূল ও লিঙ্গময় জড়তত্ত্বের সহিত কৃষ্ণেচ্ছাক্রমে সম্বন্ধগত রহিত হইলেই 'বস্তুতঃ' বৃন্দাবনে অবস্থিতি হয়। স্বরূপাবস্থিতিতে সাধনা আছে, সেই সময় চিন্ময়ী কামগায়ত্রী ও চিন্ময় কামবীজে কৃষ্ণের উপাসনা হইতে থাকে। পুরুষ বা স্ত্রী, স্থাবর বা জঙ্গম, সকলকেই সেই সর্ব্বচিত্তাকর্ষক মন্মথমন্মথ-স্বরূপ কৃষ্ণ আকর্ষণ করিয়া থাকেন।

কামগায়ত্রী—সাড়ে চব্বিশ অক্ষরে একটী বেদমন্ত্র-বিশেষ। কামবীজ—কৃষ্ণোপাসনায় যে বীজ জপিত হয়, তাহাই।

অনুভাষ্য

বর্ত্তমান, কিন্তু তাৎকালিক মাত্র ; আর চিদিন্দ্রিয়ের সেব্য মদন—মন্মথমন্মথ কৃষ্ণচন্দ্র ; তিনি—নিত্য নবীন, স্বয়ংরূপ-বিগ্রহ।

কাম-গায়ত্রী—'গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বং ততঃ স্মৃতা।' 'যে বস্তু গানকারীকে ত্রাণ করে বা গানদ্বারা ত্রাণ করায়।' মধ্য, ২১শ পঃ ১২৫ সংখ্যা—"কামগায়ত্রী মন্ত্ররূপ, হয় কৃষ্ণস্বরূপ, সার্দ্ধ চব্বিশ অক্ষর তার হয়। সে-অক্ষর চন্দ্র হয়, কৃষ্ণ করি' উদয়, ত্রিজগৎ কৈল কামময়।।'—"ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ।" কামদেব (১৮৭ সংখ্যা দ্রষ্টব্য) বা মদনমোহন-কৃষ্ণই সম্বন্ধাধিদেবতা, পুষ্পবাণ বা গোবিন্দই অভিধেয়াধিদেবতা এবং অনঙ্গ বা গোপীজনবল্লভই প্রয়োজনাধিদেবতা। কামগায়ত্রী—অপ্রাকৃত। অপ্রাকৃত-অনুভূতিতে অপ্রাকৃত-বচনাবলম্বনদ্বারা সাধক কৃষ্ণের উপাসনা করেন।

ব্রহ্মসংহিতা ৫ম অঃ ২৭-২৮ শ্লোক—"অথ বেণু-নিনাদস্য

নানা-ভক্তের রসামৃত নানাবিধ হয়।
সেই সব রসামৃতের 'বিষয়' 'আশ্রয়' ॥ ১৪০ ॥

বার্ষভানবী-দয়িতের জয় ঃ—
ভক্তিরসামৃতসিন্ধু (১।১।১)—

অখিলরসামৃতমূর্ত্তিঃ প্রসৃমর-রুচিরুদ্ধ-তারকা-পালিঃ।
কলিত-শ্যামা-ললিতো রাধাপ্রেয়ান্ বিধুর্জয়তি ॥ ১৪১ ॥

কৃষ্ণ-মাধুর্য্যে স্বয়ং কৃষ্ণই মুগ্ধ ঃ—

শৃঙ্গার-রসরাজময়-মূর্ত্তিধর।
অতএব আত্মপর্য্যন্ত-সর্ব্ব-চিত্ত-হর ॥ ১৪২ ॥

ব্রজসুন্দরীগণের সহিত নিত্যবিলাসী কৃষ্ণ ঃ—
শ্রীগীতগোবিন্দ (১।১।১)—

বিশ্বেষামনুরঞ্জনেন জনয়ন্নানন্দমিন্দীবর-
শ্রেণীশ্যামলকোমলৈরুপনয়ন্নঙ্গৈরনঙ্গোৎসবম্।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীভিরভিতঃ প্রত্যঙ্গমালিঙ্গিতঃ
শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিব মধৌ মুগ্ধো হরিঃ ক্রীড়তি ॥ ১৪৩ ॥

কৃষ্ণ-রূপ-মাধুর্য্য নারায়ণের এবং লক্ষ্মীরও আকর্ষক ঃ—

লক্ষ্মীকান্তাদি অবতারের হরে মন।
লক্ষ্মী-আদি নারীগণের করে আকর্ষণ ॥ ১৪৪ ॥

অনুভাষ্য

ত্রয়ীমূর্ত্তিময়ী গতিঃ। স্ফুরন্তী প্রবিবেশাশু মুখাব্জানি স্বয়ম্ভুবঃ।। গায়ত্রীং গায়তস্তস্মাদধিগত্য সরোজজঃ।। সংস্কৃতশ্চাদিগুরুণা দ্বিজতামগমত্ততঃ।। ত্রয্যা প্রবুদ্ধোঽথ বিধির্বিজ্ঞাততত্ত্বসাগরঃ। তুষ্টাব বেদসারেণ স্তোত্রেণানেন কেশবম্।।" অনন্তর শ্রীকৃষ্ণের বংশীধ্বনির ত্রয়ীমূর্ত্তিময়ী গতি (বেদমাতা ত্রি-অষ্টাক্ষরী—ত্রিবিধ সম্বন্ধাভিধেয়প্রয়োজনাত্মিকা) প্রকাশিত হইয়া স্বয়ম্ভু-ব্রহ্মার মুখপদ্মে সহসা প্রবিষ্ট হইল। পদ্মযোনি ব্রহ্মা বেণুগীত-নিঃসৃত গায়ত্রী-দীক্ষা লাভ করিয়া আদিগুরু শ্রীকৃষ্ণকর্ত্তৃক দ্বিজ-সংস্কার প্রাপ্ত হইলেন (শ্রীজীব প্রভুর টীকা দ্রষ্টব্য)। ত্রয়ীময়ী অর্থাৎ সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-বিশিষ্টা গায়ত্রী-স্মরণদ্বারা জাগরিত হইয়া ব্রহ্মা তত্ত্বসমুদ্রে নিষ্ণাত হইলেন অর্থাৎ অভিজ্ঞতা লাভ করিলেন এবং এই বেদসার-স্তোত্রদ্বারা কেশবকে সেবা করিয়া তাঁহার প্রীতি লাভ করিলেন।

কামবীজ—অপ্রাকৃত 'ক্লীং'। ব্রহ্মসংহিতা ৫ম অধ্যায়ে ৩য় শ্লোক—"প্রেমানন্দ-মহানন্দ-রসেনাবস্থিতং হি যৎ। জ্যোতী-রূপেণ মনুনা কাম-বীজেন সঙ্গতম্।।" অপ্রাকৃত কামবীজ-সংযুক্ত অপ্রাকৃত কাম-গায়ত্রীদ্বারা অপ্রাকৃত নিত্য নূতন মদনমোহন বিগ্রহের অপ্রাকৃত উপাসনা হয়; যথা, গোপালতাপনী উপনিষদে "তস্য পুনারসনং জলভূমীন্দু-সম্পাতকামাদি-কৃষ্ণায়েত্যেকং পদং গোবিন্দায়েতি দ্বিতীয়ং গোপীজনেতি তৃতীয়ং বল্লভায়েতি তুরীয়ং স্বাহেতি পঞ্চমমিতি পঞ্চপদীং জপন্ পঞ্চাঙ্গং দ্যাবাভূমী সূর্য্যচন্দ্রমসৌ সাগ্নী তদ্রূপতয়া ব্রহ্ম সম্পদ্যতে ব্রহ্ম সম্পদ্যতে ইতি।" শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীর টীকা—"জলং ককারঃ তদ্বাচিত্বাৎ, ভূমির্লকারঃ লকার-বীজত্বাৎ, তথা ঈ—দীর্ঘ ঈকারঃ অগ্নিঃ কৃত-সন্ধিত্বাৎ, ইন্দুরনুস্বারঃ তদাকারত্বাৎ। তেষাং সম্পাতো মিলনং তেন জাতং যৎ কামবীজং তদাদিকং কৃষ্ণায়েত্যেকপদমিত্যর্থঃ। অর্থাৎ 'ক্লীং' এই বীজটী—জল (ক-কার), ভূমি (ল-কার), ঈ (দীর্ঘ ঈকার বা অগ্নি) এবং ইন্দু (অনুস্বার) ইহাদিগের সম্মিলনে

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪০। পূর্ব্বকথিত পঞ্চপ্রকার রসামৃত-উপাসনায় ভক্তই সেই রসের 'আশ্রয়' এবং উপাস্য শ্রীকৃষ্ণই সেই রসের 'বিষয়'।

১৪১। (ভক্তিরসামৃতে) অখিলরসামৃতমূর্ত্তি, প্রসরণশীল-কান্তিদ্বারা, তারকা-পালি-নাম্নী সখীদ্বয়ের অবরুদ্ধকারী, শ্যামা এবং ললিতাসখীর বশকারী, রাধার অত্যন্ত প্রিয়, এবম্বিধ শ্রীকৃষ্ণ-চন্দ্র জয়যুক্ত হউন। তাৎপর্য্য এই,—যিনি যেই রসেই তাঁহাকে ভজন করুন, শ্রীকৃষ্ণ সেই রসামৃতমূর্ত্তি হইয়াও রাধিকার রসেরই একমাত্র পরম বিষয়।

১৪২। শৃঙ্গার—রসরাজ; তন্ময়-মূর্ত্তিধর—শ্রীকৃষ্ণ; এত-ন্নিবন্ধন কৃষ্ণের শ্রীরূপ কৃষ্ণের পর্য্যন্ত চিত্ত হরণ করে।

অনুভাষ্য

প্রকটিত। এই ক্লীং-বীজকে আদিতে যোগ করিয়া কৃষ্ণমন্ত্রে কৃষ্ণ-নামক পরব্রহ্মের রসন অর্থাৎ সন্তোষমূলক উপাসনা হইয়াছে। আদি ৫ম পঃ ২১২-২১৪, ২১৯, ২২১-২২২ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৮। আদি, ৪র্থ পঃ ১৪৭-১৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৯। আদি, ৫ম পঃ ২১৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৪০। বিষয়—কৃষ্ণ। আশ্রয়—রসাশ্রিত ভক্ত।

১৪১। অখিলরসামৃতমূর্ত্তিঃ (অখিলাঃ শান্তাদ্যাঃ পঞ্চ মুখ্য-রসাঃ হাস্যাদ্যাঃ সপ্ত গৌণরসাশ্চ যস্মিন্ তদেব অমৃতং পরমানন্দ এব মূর্ত্তিঃ যস্য সঃ) প্রসৃমর-রুচিরুদ্ধ-তারকা-পালিঃ (প্রসৃমরাভিঃ প্রসরণশীলাভিঃ রুচিভিঃ কান্তিভিঃ রুদ্ধে বশীকৃতে তারকা-পালী যেন সঃ) কলিত-শ্যামা-ললিতঃ (কলিতে আত্মসাৎকৃতে শ্যামা চ ললিতা চ যেন সঃ) রাধাপ্রেয়ান্ (রাধায়াঃ প্রেয়ান্ প্রিয়তমঃ) বিধুঃ (কৃষ্ণচন্দ্রঃ) জয়তি।

১৪২। আদি ৪র্থ পঃ ১৪৪ ও ২২২ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৩। আদি ৪র্থ পঃ ২২৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৪। আদি ৫ম পঃ ২২৩ এবং মধ্য ৯ম পঃ ১১১-১৫৬ সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীমদ্ভাগবত (১০।৮৯।৫৮)—

দ্বিজাত্মজা মে যুবয়োর্দ্দিদৃক্ষুণা, ময়োপনীতা ভুবি ধর্ম্মগুপ্তয়ে।
কলাবতীর্ণাববনের্ভরাসুরান্, হত্বেহ ভূয়স্ত্বরয়েতমন্তি মে ॥১৪৫॥

শ্রীমদ্ভাগবত (১০।১৬।৩৬)—

কস্যানুভাবোঽস্য ন দেব বিদ্মহে তবাঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ।
যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতা ॥১৪৬॥

নিজ-মাধুর্য্যে নিজেই মুগ্ধ ঃ—

আপন-মাধুর্য্যে হরে আপনার মন।
আপনা আপনি চাহে করিতে আলিঙ্গন ॥ ১৪৭ ॥

রাধিকার ন্যায় নিজমাধুর্য্য ভোগ করিতে নিজেরই ব্যগ্রতা ঃ—

শ্রীললিতমাধব (৮।৩৪)—

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী
স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।
অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥ ১৪৮ ॥

(২) রাধিকার তত্ত্ব-বর্ণনারম্ভ ঃ—

এই ত' সংক্ষেপে কহিল কৃষ্ণের স্বরূপ।
এবে সংক্ষেপে কহি রাধা-তত্ত্বরূপ ॥ ১৪৯ ॥

কৃষ্ণের শক্তিত্রয় ঃ—

কৃষ্ণের অনন্ত-শক্তি, তাতে তিন—প্রধান।
'চিচ্ছক্তি', 'মায়াশক্তি', 'জীবশক্তি'-নাম ॥ ১৫০ ॥
'অন্তরঙ্গা', 'বহিরঙ্গা', 'তটস্থা' কহি যারে।
অন্তরঙ্গা 'স্বরূপ-শক্তি'—সবার উপরে ॥ ১৫১ ॥

বিষ্ণুপুরাণ (৬।৭।৬১)—

বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥ ১৫২ ॥

কৃষ্ণের স্বরূপাভিন্ন স্বরূপশক্তি ঃ—

সচ্চিদানন্দময় কৃষ্ণের স্বরূপ।
অতএব স্বরূপ-শক্তি হয় তিন রূপ ॥ ১৫৩ ॥

স্বরূপশক্তির ত্রিবিধ রূপ ঃ—

আনন্দাংশে 'হ্লাদিনী', সদংশে 'সন্ধিনী'।
চিদংশে 'সম্বিৎ', যারে জ্ঞান করি' মানি ॥ ১৫৪ ॥

বিষ্ণুপুরাণ (১।১২।৬৯)—

হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকা সর্ব্বসংশ্রয়ে।
হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিতে ॥ ১৫৫ ॥

অনুভাষ্য

১৪৫। দ্বারকায় বিপ্রকুমারকে অকাল-মৃত্যুর হস্ত হইতে রক্ষার্থ প্রতিজ্ঞাবদ্ধ অর্জ্জুনের চেষ্টা বিফল দেখিয়া শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে সঙ্গে করিয়া বিপ্রকুমার প্রদর্শন করাইবার জন্য ব্রহ্মাণ্ডের পরবর্ত্তী প্রকৃতির পরিণামরূপ, ভীষণ অন্ধকাররাশি সুদর্শনচক্র-প্রভাবে অতিক্রম করিয়া মহাসলিলরাশির মধ্যে 'মহাকালপুরে' স্থিত সহস্রফণ-অনন্তে শয়ান শেষশায়ীকে দর্শনপূর্ব্বক অভিবাদন করিলে পরমেষ্ঠীপতি ভগবান্ শেষশায়ী শ্রীকৃষ্ণার্জ্জুনকে বলিলেন,—

ধর্ম্মগুপ্তয়ে (ধর্ম্মসংরক্ষণায়) কলাবতীর্ণৌ (কলাভিঃ সর্ব্বাভিঃ শক্তিভিঃ অবতীর্ণৌ প্রকটৌ) যুবয়োঃ দিদৃক্ষুণা (দর্শনেচ্ছুনা) মে (মম) ভুবি (মহাকালপুরে) দ্বিজাত্মজাঃ (বিপ্রকুমারাঃ) ময়া উপনীতাঃ (আনীতাঃ); ভূয়ঃ পুনরপি অবনেঃ (পৃথিব্যাঃ) ভরাসুরান্ (ভারভূতান্ বিষ্ণু-বিরোধি-দৈত্যান্) হত্বা ইহ (অত্র) মে অন্তি (সমীপং) ত্বরয়া (শীঘ্রমেব) ইতম্ (আগচ্ছতম্)।

১৪৬। কালিয়-নাগ শ্রীকৃষ্ণের পাদপ্রহারে মূর্চ্ছিত ও ভগ্ন-শির হইলে তৎপ্রতি নাগপত্নীগণের স্তবোক্তি,—

যদ্বাঞ্ছয়া (যৎ যস্য পাদপদ্মরেণুস্পর্শাধিকারস্য বাঞ্ছয়া ইচ্ছয়া) শ্রীঃ (ব্রহ্মাদিসেব্যা লক্ষ্মীঃ) ললনা (উত্তমা স্ত্রী অস্মদ্-গরীয়সী) [অপি সর্ব্বান্] কামান্ বিহায় ধৃতব্রতা (ব্রতনিষ্ঠা তপস্বিনী সতী) সুচিরং তপঃ অচরৎ, অস্য (সর্পযোনি-লব্ধজীব-স্যাপি কালিয়স্য) তব অঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ (তাদৃশদুর্ল্লভ-পদরজঃস্পর্শনে অধিকারঃ সামর্থ্যং) কস্য (সুকৃতস্য) অনু-ভাবঃ (ফলং),—[বয়ম্ এতৎ] ন বিদ্মহে (জানীমঃ)।

১৪৭। আদি ৪র্থ পঃ ১৪৮-১৫৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৮। আদি ৪র্থ পঃ ১৪৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৫০-১৫১। আদি ২য় পঃ ১০১-১০৩ সংখ্যা, ৫ম পঃ ৪২, ৪৫, ৫৭-৫৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৫২। আদি ৭ম পঃ ১১৯ সংখ্যা দ্রষ্টব্য।

১৫৩-১৫৫। আদি ৪র্থ পঃ ৬১-৬৩ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৫। ভূমা পুরুষ কহিলেন,—হে কৃষ্ণার্জ্জুন, তোমাদিগকে দেখিবার মানসে আমি ব্রাহ্মণকুমারদিগকে এখানে আনিয়াছি। তোমরা জগতের ধর্ম্মরক্ষার জন্য কলার সহিত অবতীর্ণ হইয়াছ এবং অবনীর ভাররূপ অসুরদিগকে মারিয়া পুনরায় শীঘ্র আগমন কর। তাৎপর্য্য এই,—ভূমাপুরুষ লক্ষ্মীকান্ত শ্রীকৃষ্ণের মাধুর্য্যে মুগ্ধ হইয়া তাঁহার রূপ দেখিবার মানসে দ্বিজকুমারদিগকে অপহরণের ছল করিয়া কৃষ্ণকে দর্শন করিলেন।

১৪৬। হে দেব, যাঁহার চরণরেণু লাভ করিবার বাসনায় কমলা বহুকাল সমস্তকাম পরিত্যাগপূর্ব্বক ধৃতব্রতা হইয়া তপস্যা করিয়াছিলেন, সেই চরণরেণু এই কালীয়-সর্প যে কি সুকৃতিদ্বারা লাভ করিবার অধিকার প্রাপ্ত হইল, তাহা আমরা জানি না।

হ্লাদিনী-সংজ্ঞার হেতু ও কার্য্য ঃ—

কৃষ্ণকে আহ্লাদে, তা'তে নাম—'আহ্লাদিনী'।
সেই শক্তি-দ্বারে সুখ আস্বাদে আপনি ॥ ১৫৬ ॥
সুখরূপ কৃষ্ণ করে সুখ আস্বাদন।
ভক্তগণে সুখ দিতে 'হ্লাদিনী'—কারণ ॥ ১৫৭ ॥

হ্লাদিনী ও শ্রীরাধিকা ঃ—

হ্লাদিনীর সার অংশ, তার 'প্রেম' নাম।
আনন্দচিন্ময়রূপ রসের আখ্যান ॥ ১৫৮ ॥
প্রেমের পরম-সার 'মহাভাব' জানি।
সেই মহাভাবরূপা রাধা-ঠাকুরাণী ॥ ১৫৯ ॥

উজ্জ্বলনীলমণিতে রাধাচন্দ্রাবলীর তারতম্য-কথনে (২।২)—

তয়োরপ্যুভয়োর্মধ্যে রাধিকা সর্ব্বথাধিকা।
মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী ॥ ১৬০ ॥

শ্রীরাধার 'স্বরূপ' ও 'দেহ' একই বস্তু, তাহা
সম্পূর্ণ কৃষ্ণপ্রেমময় ঃ—

প্রেমের 'স্বরূপ'-'দেহ'—প্রেমের ভাবিত।
'কৃষ্ণের প্রেয়সী-শ্রেষ্ঠ' জগতে বিদিত ॥ ১৬১ ॥

ব্রহ্মসংহিতা (৫।৩৭)—

আনন্দচিন্ময়রস-প্রতিভাবিতাভি-
স্তাভির্য এব নিজরূপতয়া কলাভিঃ।
গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৬২ ॥

শ্রীরাধা শ্রীকৃষ্ণবাঞ্ছাপূর্ত্তিময়ী, অষ্টসখী—তদভিন্ন কায়ব্যূহ ঃ—

সেই মহাভাব হয় 'চিন্তামণি-সার'।
কৃষ্ণ-বাঞ্ছা পূর্ণ করে এই কার্য্য তাঁর ॥ ১৬৩ ॥
'মহাভাব-চিন্তামণি' রাধার স্বরূপ।
ললিতাদি সখী—তাঁর কায়ব্যূহরূপ ॥ ১৬৪ ॥

কৃষ্ণ-প্রণয়ের মূর্ত্তিবিগ্রহ শ্রীরাধিকার বর্ণনা ঃ—

রাধা-প্রতি কৃষ্ণ-স্নেহ—সুগন্ধি উদ্বর্ত্তন।
তা'তে সুগন্ধি দেহ—উজ্জ্বল-বরণ ॥ ১৬৫ ॥

শ্রীরাধার ত্রিবিধ ধারায় স্নান ; শ্রীরাধা-বিগ্রহ-বর্ণন ঃ—

কারুণ্যামৃত-ধারায় স্নান প্রথম।
তারুণ্যামৃত-ধারায় স্নান মধ্যম ॥ ১৬৬ ॥
লাবণ্যামৃত-ধারায় তদুপরি স্নান।
নিজ-লজ্জা-শ্যাম-পট্টসাটি-পরিধান ॥ ১৬৭ ॥
কৃষ্ণ-অনুরাগ—দ্বিতীয় অরুণ-বসন।
প্রণয়-মান-কঞ্চুলিকায় বক্ষ-আচ্ছাদন ॥ ১৬৮ ॥
সৌন্দর্য্য—কুঙ্কুম, সখী-প্রণয়—চন্দন।
স্মিতকান্তি—কর্পূর, তিনে—অঙ্গে বিলেপন ॥ ১৬৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৭-১৬১। এইস্থলে আদিলীলার ৪র্থ পরিচ্ছেদ আলোচনা করিলে এইসকল কথা ভালরূপ বুঝা যাইবে।

অনুভাষ্য

১৫৬-১৫৭। আদি ৪র্থ পঃ ৫৯-৬০ সংখ্যা দ্রষ্টব্য।

১৫৮-১৬২। আদি ৪র্থ পঃ ৬৮-৭২ সংখ্যা দ্রষ্টব্য।

১৬৩। আদি ৪র্থ পঃ ৮৭ ও ৯৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৬৪। আদি ৪র্থ পঃ ৭৯ সংখ্যা ও আদি ৫ম পঃ ২১৩ ও ২১৫ সংখ্যা দ্রষ্টব্য।

১৬৫-১৭৯। শ্রীরাধাই কৃষ্ণের প্রণয়-বিকার অর্থাৎ কৃষ্ণ-প্রেমের মূর্ত্তবিগ্রহ অর্থাৎ তাঁহার মানসিক ভাব, কায়িক অঙ্গপ্রত্যঙ্গ, বেষাদি, সমস্তই যে কৃষ্ণপ্রেমের এক একটী শোভা বা ভূষণ, তাহা বিশ্লেষণ করিয়া দেখাইতেছেন।

১৬৫। সুগন্ধি উদ্বর্ত্তন—সৌগন্ধযুক্ত আবাটা, যদ্দ্বারা অঙ্গের মল দূরীভূত হয় ; তাহাতে ঐ কৃষ্ণস্নেহ আবাটা মাখান-হেতু দেহ সৌগন্ধপূর্ণ ও উজ্জ্বলবর্ণ।

১৬৩-১৭০। শ্রীমতী রাধিকার স্বরূপ—কৃষ্ণাভিলাষপূর্ণ-কারী মহাভাব-চিন্তামণি। ললিতাদি সখীগণ—তাঁহার কায়ব্যূহ-সদৃশ বা প্রকাশবিন্যাস। (১) কৃষ্ণস্নেহ-আবাটা মাখিয়া প্রথম বা পূর্ব্বাহ্ণ-স্নানের জলই কারুণ্যামৃত অর্থাৎ পৌগণ্ড অতিক্রম করিয়া প্রথম কৈশোরে করুণাবিশিষ্ট নবযৌবন ; (২) মধ্যম বা মধ্যাহ্ন-স্নানের জল তারুণ্যামৃত বা ব্যক্ত-যৌবন ; (৩) তদুপরি স্নান বা অপরাহ্ণ-স্নানের জল লাবণ্যামৃত বা পূর্ণযৌবন ; অর্থাৎ কায়িক-গুণের যে বয়স, রূপ ও লাবণ্য, উহাই ত্রিবিধ স্নান-জল। বসন দ্বিবিধ—(১) অধোবসন ও (২) উত্তরীয়। (১) অধোবসন—লজ্জারূপা, উহা শ্যামপট্টসূত্রদ্বারা নির্ম্মিত নীল-সাটী ; দ্বিতীয়-বসন অরুণবর্ণ—তাহাই কৃষ্ণানুরাগ। কৃষ্ণপ্রণয়মানরূপ কাঁচুলী-দ্বারা শ্রীরাধিকার বক্ষোদেশ আবৃত। শ্রীরাধার কায়িকগুণের সৌন্দর্য্যই কুঙ্কুম, অভিন্নরূপতা—সখী-প্রণয়রূপ চন্দন, মাধুর্য্য—স্মিতকান্তিরূপ কর্পূর ; এই তিন বস্তু অঙ্গের লেপন অর্থাৎ

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৫-১৭৯। শ্রীরাধিকার গুণবর্ণনায় করিবাজ গোস্বামী শ্রীরঘুনাথদাস গোস্বামিকৃত এই 'প্রেমাম্ভোজ-মকরন্দ'-নামক স্তবটীকে অবলম্বন করিয়াছেন,—

"মহাভাবোজ্জ্বলচ্চিন্তারত্নোদ্ভাবিতবিগ্রহাম্। সখীপ্রণয়সদ্গন্ধ-বরোদ্বর্ত্তন-সুপ্রভাম্ ॥১॥ কারুণ্যামৃতবীচিভিস্তারুণ্যামৃতধারয়া। লাবণ্যামৃতবন্যাভিঃ স্নপিতাং গ্লপিতেন্দিরাম্ ॥২॥ হ্রীপট্টবস্ত্র-গুপ্তাঙ্গীং সৌন্দর্য্যঘুসৃণাঞ্চিতাম্। শ্যামলোজ্জ্বলকস্তুরীবিচিত্রিত-কলেবরাম্ ॥৩॥ কম্পাশ্রুপুলকস্তম্ভস্বেদগদ্গদরক্ততা। উন্মাদো

কৃষ্ণের উজ্জ্বল রস—মৃগমদ-ভর ।
সেই মৃগমদে বিচিত্র কলেবর ॥ ১৭০ ॥
প্রচ্ছন্ন-মান-বাম্য—ধম্মিল্ল-বিন্যাস ।
'ধীরাধীরাত্মক' গুণ—অঙ্গে পট্টবাস ॥ ১৭১ ॥
রাগ-তাম্বূলরাগে অধর উজ্জ্বল ।
প্রেমকৌটিল্য—নেত্রযুগলে কজ্জ্বল ॥ ১৭২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

জাড্যমিত্যেতৈ রত্নৈর্নবভিরুত্তমৈঃ ॥৪॥ ক্লিপ্তালঙ্কৃতিসংশ্লিষ্টাং গুণালীপুষ্পমালিনীম্ । ধীরাধীরাত্ব-সদ্বাস-পটবাসৈঃ পরিষ্কৃতাম্ ॥৫॥ প্রচ্ছন্নমানধম্মিল্লাং সৌভাগ্যতিলকোজ্জ্বলাম্ । কৃষ্ণনামযশঃ-শ্রাবাবতংসোল্লাসিকর্ণিকাম্ ॥৬॥ রাগতাম্বূলরক্তৌষ্ঠীং প্রেম-কৌটিল্য-কজ্জ্বলাম্ । নর্ম্মভাষিতনিঃস্যন্দস্মিত-কর্পূরবাসিতাম্ ॥৭॥ সৌরভান্তঃপুরে গর্ব্বপর্য্যঙ্কোপরি লীলয়া । নিবিষ্টাং প্রেম-বৈচিত্ত্য-বিচলত্তরলাঞ্চিতাম্ ॥৮॥ প্রণয়ক্রোধসচ্চোলীবন্ধগুপ্তী-কৃতস্তনাম্ । সপত্নীবক্ত্রহৃচ্ছোষি-যশঃশ্রী-কচ্ছপী-রবাম্ ॥৯॥ মধ্যতাত্মসখীস্কন্ধলীলান্যস্তকরাম্বুজাম্ । শ্যামাং শ্যামস্মরামোদ-মধূলী-পরিবেশিকাম্ ॥১০॥ ত্বাং নত্বা যাচতে ধৃত্বা তৃণং দন্তৈরয়ং জনঃ । স্বদাস্যামৃতসেকেন জীবয়ামুং সুদুঃখিতম্ ॥১১॥ ন মুঞ্চেচ্ছরণায়াতমপি দুষ্টং দয়াময়ঃ । অতো গান্ধর্ব্বিকে হা হা মুঞ্চৈনং নৈব তাদৃশম্ ॥১২॥ প্রেমাম্ভোজমকরন্দাখ্যং স্তবরাজ-মিমং জনঃ । শ্রীরাধিকাকৃপাহেতুং পঠংস্তদ্দাস্যমাপ্নুয়াৎ ॥১৩॥

অনুভাষ্য

তাঁহার অঙ্গ—সৌন্দর্য্য, অভিরূপতা ও মাধুর্য্যভূষিত। কৃষ্ণের উজ্জ্বলরসই মৃগমদ-কস্তুরী, ইহাই মার্দ্দবরূপ কায়িক গুণ।

১৭১। প্রচ্ছন্নমান—অন্তরে বক্রতাবিশিষ্ট হইয়াও প্রকাশ্যে দক্ষিণা-ভাব প্রদর্শন। বাম্য—সরলতার অভাব বক্রতা, মধ্য ১৪ পঃ ১৬১ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য। ধম্মিল্ল—খোঁপা।

ধীরাধীরাত্মক গুণ—উজ্জ্বলনীলমণিতে—"ধারাধীরা তু বক্রোক্ত্যা সবাষ্পং বদতি প্রিয়ম্। ধীরাধীরগুণোপেতা ধীরা-ধীরেতি কথ্যতে।।" যে নায়িকা প্রিয়তমকে ধীরার ধর্ম্ম অর্থাৎ বক্রোক্তিদ্বারা এবং অধীরার ধর্ম্ম অর্থাৎ অশ্রুপূর্ণনয়নে বাক্যাদি বলিয়া থাকেন, তিনিই 'ধীরাধীরা'। মধ্যলীলা, ১৪ পঃ ১৪৩-১৫৩ সংখ্যা দ্রষ্টব্য। 'ধীরাধীরা-মধ্যা'র যে গুণ, 'ধীরাধীরা-প্রগল্‌ভা'রও সেই সব গুণ। 'প্রগল্‌ভা', 'মধ্যা' ও 'মুগ্ধা',—এই তিনের মধ্যে 'প্রগল্‌ভা' অত্যন্ত ক্রুদ্ধা হইয়া তাড়নপরায়ণা ; 'মধ্যা' অপূর্ণ-রোষাবিষ্টা হইয়া কঠোরোক্তি এবং 'মুগ্ধা' অল্পরোষ-পরায়ণা হইয়া ক্রন্দন করিয়া থাকেন। খণ্ডিত-অবস্থায় এই গুণের বিশেষ প্রকাশ হয়। পট্টবাস—পাগড়ি ; রেশমের উত্তরীয় বস্ত্র একপাটা। পাঠান্তরে, পটবাস—বস্ত্রগৃহ, গন্ধচূর্ণ, পিটালি, শাটী।

'সুদ্দীপ্ত-সাত্ত্বিক' ভাব, হর্ষাদি 'সঞ্চারী' ।
এই সব ভাব-ভূষণ সব অঙ্গে ভরি' ॥ ১৭৩ ॥
'কিলকিঞ্চিতাদি'-ভাব-বিংশতি-ভূষিত ।
গুণশ্রেণী-পুষ্পমালা সর্ব্বাঙ্গে পূরিত ॥ ১৭৪ ॥
সৌভাগ্য-তিলক চারু-ললাটে উজ্জ্বল ।
প্রেম-বৈচিত্ত্য—রত্ন, হৃদয়—তরল ॥ ১৭৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

মহাভাবে উজ্জ্বলচিন্তামণিভাবিতবিগ্রহ, কৃষ্ণপ্রতি সখীর যে প্রণয়, তাহাই সদ্‌গন্ধকুঙ্কুমাদিদ্বারা সুন্দর কান্তিপ্রাপ্ত ॥১॥ পূর্ব্বাহ্ণে কারুণ্যামৃতে, মধ্যাহ্নে তারুণ্যামৃতে ও সায়াহ্নে লাবণ্যামৃতে স্নাত যাঁহার বিগ্রহ ॥২॥ লজ্জারূপ পট্টবস্ত্রপরিধান, সৌন্দর্য্যরূপ কুঙ্কুমশোভিত শ্যামবর্ণ, শৃঙ্গাররসরূপ কস্তুরীদ্বারা চিত্রকলেবর ॥৩॥ কম্প, অশ্রু, পুলক, স্তম্ভ, স্বেদ, গদ্গদ স্বর, রক্ততা, উন্মাদ ও জড়তারূপ নয়টী উত্তমরত্নে অলঙ্কৃত ॥৪॥ সৌন্দর্য্যমাধুর্য্যাদি গুণসকল পুষ্পমালারূপে যাঁহার শরীরে বিরাজমান ; ধীর ও অধীরা-ভাবকে তিনি পট্টবাস অর্থাৎ কর্পূরাদিদ্বারা পরিষ্কৃত করিয়াছেন ॥৫॥ প্রচ্ছন্নরূপে মানই যাঁহার ধম্মিল্ল অর্থাৎ বদ্ধকেশপাশ (খোঁপা), সৌভাগ্যরূপ তিলকে যাঁহার কপাল উজ্জ্বল ; কৃষ্ণনাম ও যশঃশ্রবণই যাঁহার কর্ণভূষণ ॥৬॥ অনুরাগরূপ তাম্বূলদ্বারা যাঁহার ওষ্ঠ রক্তিমায় রঞ্জিত ; প্রেম-কৌটিল্যকেই যিনি কজ্জ্বলরূপে ধারণ করিয়াছেন ; নর্ম্ম অর্থাৎ উপহাসহেতু মৃদুহাস্যরূপ-কর্পূরদ্বারা যিনি সুবাসিত ॥৭॥ সৌরভরূপ-অন্তঃপুরে যিনি গর্ব্বরূপ পর্য্যঙ্কে শায়িত হইলে বিপ্রলম্ভরূপ-হার প্রেমবৈচিত্ত্যরূপ তরল (হার-মধ্যমণি)-রূপে দোলায়িত ॥৮॥ প্রণয়ক্রোধরূপ কাঁচুলীর দ্বারা যাঁহার স্তনযুগল আবৃত ; সপত্নীগণের মুখবক্ষঃশোষণকারী যশঃশ্রীই যাঁহার কচ্ছপী-বীণা ॥৯॥ যৌবনরূপ-সখীর স্কন্ধে স্বীয় লীলারূপ কর-কমল রাখিয়াছেন ; যিনি বহুগুণযুক্তা হইয়াও কৃষ্ণকন্দর্পানন্দি মধু পরিবেশন করিতেছেন ॥১০॥ এবম্ভূত শ্রীরাধাকে দন্তে তৃণধারণপূর্ব্বক প্রার্থনা করি,—এই সুদুঃখিতজনকে স্বীয় দাস্যরূপ অমৃতদানে জীবিত করুন ॥১১॥ হে গান্ধর্ব্বিকে, দয়াময় কৃষ্ণ শরণাগত-জনকে যেমন পরিত্যাগ করেন না, তুমিও তদ্রূপ আশ্রিতজনকে ত্যাগ করিও না ।

১৭৪। কিলকিঞ্চিতাদিভাব—বিংশতিটী ; বিংশতি-ভাব—

অনুভাষ্য

১৭২। কৃষ্ণরাগই তাম্বূলের বর্ণ, তদ্দ্বারা অধরটী উজ্জ্বল ; প্রেমকৌটিল্যই নয়নদ্বয়ের কজ্জ্বল।

১৭৩। সুদ্দীপ্ত সাত্ত্বিকভাব—মধ্য, ৬ষ্ঠ পঃ ১২ সংখ্যা ; হর্ষাদি ৩৩টী সঞ্চারী ভাব—মধ্য, ৩য় পঃ ১২৭ সংখ্যা, এবং মধ্য, ১৪ পঃ ১৬৭-১৬৮ সংখ্যার অমৃতপ্রবাহ-ভাষ্য দ্রষ্টব্য।

মধ্য-বয়স, সখী-স্কন্ধে কর-ন্যাস ।
কৃষ্ণলীলা-মনোবৃত্তি-সখী আশপাশ ॥ ১৭৬ ॥
নিজাঙ্গ-সৌরভালয়ে গর্ব্ব-পর্য্যঙ্ক ।
তা'তে বসি' আছে, সদা চিন্তে কৃষ্ণসঙ্গ ॥ ১৭৭ ॥
কৃষ্ণ-নাম-গুণ-যশ—অবতংস কাণে ।
কৃষ্ণ-নাম-গুণ-যশ-প্রবাহ-বচনে ॥ ১৭৮ ॥
কৃষ্ণকে করায় শ্যামরস-মধু পান ।
নিরন্তর পূর্ণ করে কৃষ্ণের সর্ব্বকাম ॥ ১৭৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

(১) অঙ্গজ—ভাব, হাব, হেলা ; (২) আত্মজ—শোভা, কান্তি, দীপ্তি, মাধুর্য্য, প্রগল্ভতা, ঔদার্য্য ও ধৈর্য্য ; (৩) স্বভাবজ—কিলকিঞ্চিত, লীলা, বিলাস, বিচ্ছিত্তি, বিভ্রম, মোট্টায়িত, কুট্টমিত, বিব্বোক, ললিত ও বিকৃত।

গুণশ্রেণী-পুষ্পমালা—শ্রীমতীর গুণ তিনপ্রকার—মানসিক, বাচিক ও শারীরিক ; কৃতজ্ঞতা, ক্ষমা ও কারুণ্য ইত্যাদি—মানসিক ; কর্ণের আনন্দদায়ক বাক্প্রয়োগাদি—বাচিক এবং গুণ, বয়স, রূপ, লাবণ্য ও সৌন্দর্য্য প্রভৃতি—কায়িক গুণ।

১৭৬। কৃষ্ণলীলা-মনোবৃত্তি-সখী—কৃষ্ণলীলানন্দরূপ শ্রীমতীর অষ্ট মনোবৃত্তি অষ্টসখী ও তদনুবৃত্তিসমূহ—অপরাপর মঞ্জরীগণ।

অনুভাষ্য

১৭৪। কিলকিঞ্চিতাদি ভাব—মধ্য, ১৪ পঃ ১৬৮ সংখ্যা দ্রষ্টব্য।

গুণশ্রেণী-পুষ্পমালা—মধ্য, ২৩ পঃ ৮২-৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

উজ্জ্বলনীলমণি-লিখিত পঞ্চবিংশতি গুণ—"বহুনা কিং গুণাস্তস্যাঃ সংখ্যাতীতা হরেরিব। ইত্যঙ্গোক্তিমনস্থাস্তে পরসম্বন্ধগাস্তথা। গুণা বৃন্দাবনেশ্বর্য্যা ইহা প্রোক্তাশ্চতুর্ব্বিধাঃ।।" অধিক আর কি বলিব, শ্রীহরির ন্যায় শ্রীরাধিকারও অসংখ্য গুণসমূহ নিত্য বর্ত্তমান। গুণগুলি চারিভাগে বিভক্ত—(ক) অঙ্গস্থ, (খ) উক্তিস্থ, (গ) মনস্থ ও (ঘ) পরসম্বন্ধগ। (ক) 'অঙ্গস্থ' গুণ ছয়টী—১। মধুর বা চারু, ২। নববয়া বা কৈশোর, ৩। চলাপাঙ্গা, ৪। উজ্জ্বলস্মিতা, ৫। চারুসৌভাগ্যরেখাযুক্তা বা পাদাদিস্থিত চন্দ্ররেখা ও ৬। গন্ধোন্মাদিতমাধবা। (খ) 'উক্তিস্থ' গুণ তিনটী—১। সঙ্গীতপ্রসরাভিজ্ঞা, ২। রম্যবাক্ ও ৩। নর্ম্মপণ্ডিতা। (গ) 'মনস্থ' গুণ দশটী—১। বিনীতা, ২। করুণাপূর্ণা, ৩। বিদগ্ধা, ৪। পাটবান্বিতা, ৫। লজ্জাশীলা বা আভিজাত্য ও শীলতাদির হেতু, ৬। মর্য্যাদা বা সাধুমার্গ হইতে অবিচলিতা, ৭। ধৈর্য্যশালিনী বা দুঃখসহিষ্ণু, ৮। গাম্ভীর্য্যশালিনী, ৯। সুবিলাসা ও ১০। মহাভাব-পরমোৎকর্ষতর্ষিণী। (ঘ) 'পরসম্বন্ধগ' গুণ ছয়টী—১। গোকুলপ্রেমবসতি,

শ্রীরাধিকাই মূর্ত্তিমান্ কৃষ্ণপ্রেম-সিন্ধু ঃ—

কৃষ্ণের বিশুদ্ধপ্রেম-রত্নের আকর ।
অনুপম-গুণগণ-পূর্ণ কলেবর ॥ ১৮০ ॥

রাধিকাই কৃষ্ণপ্রেমের মূল আকর ঃ—
শ্রীগোবিন্দলীলামৃত (১১।১১২)—

কা কৃষ্ণস্য প্রণয়জনিভূঃ শ্রীমতী রাধিকৈকা
কাস্য প্রেয়স্যনুপমগুণা রাধিকৈকা না চান্যা ।
জৈহ্ম্যং কেশে দৃশি তরলতা নিষ্ঠুরত্বং কুচেঽস্যা
বাঞ্ছাপূর্ত্ত্যৈ প্রভবতি হরে রাধিকৈকা ন চান্যা ॥ ১৮১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭৯। শ্যামরস—মধুর রস।

১৮১। শ্রীকৃষ্ণের প্রণয়ের জন্মভূমি কে?—একা শ্রীমতী রাধিকা। কৃষ্ণের অনুপমগুণা প্রিয়া কে?—একা রাধিকা, অন্যে নয়। কেশে কুটিলতা, চক্ষে তরলতা, কুচদ্বয়ে নিষ্ঠুরতা প্রভৃতি রাধিকারই আছে। একা রাধিকাই হরির বাঞ্ছা-পূর্ত্তির জন্য সমর্থা, আর কেহই নয়।

অনুভাষ্য

২। জগচ্ছ্রেণী-লসদ্যশা, ৩। গুর্ব্বর্পিত-গুরুস্নেহা, ৪। সখীপ্রণয়িতাবশা, ৫। কৃষ্ণপ্রিয়াবলীমুখ্যা ও ৬। সন্ততাশ্রবকেশবা।

১৭৫। প্রেমবৈচিত্ত্য,—"প্রিয়স্য সন্নিকর্ষেঽপি প্রেমোৎকর্ষস্বভাবতঃ। যা বিশ্লেষধিয়ার্ত্তিস্তৎ প্রেমবৈচিত্ত্যমুচ্যতে।।" প্রেমোৎকর্ষ-স্বভাব হইতে প্রিয়ের সন্নিকটে অবস্থিত হইয়াও তৎসহ বিচ্ছেদভয়ে যে ক্লেশের (আর্ত্তির) উদয় হয়, তাহাই 'প্রেমবৈচিত্ত্য' ; উহাই রত্ন। তরল—হারের মধ্যস্থিতমণি, ধুক্ধুকি।

১৭৬। মধ্যবয়স কিশোরীভাবই সখীস্কন্ধে করন্যাস এবং নিকটবর্ত্তিনী সখীগণ—কৃষ্ণলীলা-মনোবৃত্তি-রূপা।

১৭৭। নিজাঙ্গরূপ সৌরভালয়ে, গর্ব্বরূপ পর্য্যঙ্কে বা খাটে।

১৭৮-১৭৯। অবতংস—কর্ণের অলঙ্কারবিশেষ ; কৃষ্ণনাম-গুণযশই তাঁহার কর্ণালঙ্কার। কৃষ্ণনামগুণযশো-বাক্যাবলীর স্রোতই সোমরস-মধু-ধারা ; তাহাই কৃষ্ণকে শ্রীমতী পান করান।

১৮০। শ্রীমতী রাধিকাই—কৃষ্ণের নির্ম্মল-প্রেমরূপ রত্নের আকর অর্থাৎ কৃষ্ণপ্রেমসিন্ধুর মূর্ত্তবিগ্রহ এবং শ্রীরাধিকার দেহ—অতুলনীয় গুণসমূহে পরিপূর্ণ। মধ্য, ২৩ পঃ ৮১-৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৮১। (প্রশ্নোত্তরক্রমেণ শ্রীরাধিকা-মাহাত্ম্যং বর্ণয়তি—) কৃষ্ণস্য প্রণয়জনিভূঃ (প্রণয়স্য জন্মভূমিঃ) কা?—একা রাধিকা। অস্য কৃষ্ণস্য প্রেয়সী (প্রেমপাত্রী) কা?—অনুপমগুণা (অতুলনীয়গুণসমন্বিতা) একা রাধিকা, ন চ অন্যা। অস্যাঃ (রাধিকায়াঃ এব) কেশে জৈহ্ম্যং (কৌটিল্যং), দৃশি (নয়নে) তরলতা (চঞ্চলতা), কুচে নিষ্ঠুরত্বং (কাঠিন্যং) হরেঃ বাঞ্ছা-পূর্ত্ত্যৈ (বাসনাপূরণায়) প্রভবতি (শক্নোতি), ন চ অন্যা (কাপি তাদৃশী)।

রাধিকার কৃষ্ণবশকারী বিবিধ গুণ ঃ—

যাঁর সৌভাগ্য-গুণ বাঞ্ছে সত্যভামা ।
যাঁর ঠাঞি কলাবিলাস শিখে ব্রজরামা ॥ ১৮২ ॥
যাঁর সৌন্দর্য্যাদি-গুণ বাঞ্ছে লক্ষ্মী-পার্ব্বতী ।
যাঁর পতিব্রতা-ধর্ম্ম বাঞ্ছে অরুন্ধতী ॥ ১৮৩ ॥
যাঁর সদ্গুণ-গণনে কৃষ্ণ না পায় পার ।
তাঁর গুণ গণিবে কেমনে জীব ছার ॥" ১৮৪ ॥

এ পর্য্যন্ত রাধাকৃষ্ণতত্ত্ব ; এক্ষণে রস-প্রেম-তত্ত্ব বর্ণনারম্ভ ঃ—

প্রভু কহে,—"জানিলুঁ কৃষ্ণ-রাধা-প্রেমতত্ত্ব ।
শুনিতে চাহিয়ে দুঁহার বিলাস-মহত্ত্ব ॥" ১৮৫ ॥

ব্রজের কিশোর-কিশোরীর চরিত বর্ণন ঃ—

রায় কহে,—"কৃষ্ণ হয় 'ধীর-ললিত' ।
নিরন্তর কামক্রীড়া—যাঁহার চরিত ॥ ১৮৬ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (২।১।২৩০)—

বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাস-বিশারদঃ ।
নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশঃ ॥ ১৮৭ ॥

রাধাসহ নিত্যবিলাসরত কৃষ্ণ ঃ—

রাত্রি-দিন কুঞ্জে ক্রীড়া করে রাধা-সঙ্গে ।
কৈশোর-বয়স সফল কৈল ক্রীড়া-রঙ্গে ॥ ১৮৮ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (২।১।২৩১)—

বাচা সূচিতশর্ব্বরীরতিকলা-প্রাগল্ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিত-লোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥ ১৮৯ ॥

নিত্য-চিন্ময়সেবা-বিলাসের সর্ব্বোত্তম অবস্থাই 'প্রেমবিলাস-বিবর্ত্ত', উহা জড় নির্ব্বিশেষ কেবলাদ্বৈত-সিদ্ধি নহে ঃ—

প্রভু কহে,—"এহো হয়, আগে কহ আর ।
রায় কহে,—"ইহা বই বুদ্ধি-গতি নাহি আর ॥ ১৯০ ॥
যেবা 'প্রেমবিলাস-বিবর্ত্ত' এক হয় ।
তাহা শুনি' তোমার সুখ হয়, কি না হয় ॥" ১৯১ ॥
এত বলি' আপন-কৃত গীত এক গাহিল ।
প্রেমে প্রভু স্বহস্তে তাঁর মুখ আচ্ছাদিল ॥ ১৯২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৫। বিলাস-মহত্ত্ব—উভয়ের প্রেমবিলাস-মহিমা।

১৮৭। যে পুরুষ চতুর, নবতরুণ, পরিহাস-বিশারদ, চিন্তা-শূন্য ও প্রেয়সীবশ, তিনি—'ধীর-ললিত'।

অনুভাষ্য

১৮২-১৮৩। আদি ৪র্থ পঃ ৬৯, ৭৫-৭৯, ৯০-৯৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৮৪।আদি ৪র্থ পঃ ১২২-১২৪, ২৪০-২৪৮, ২৫৫ সংখ্যা দ্রষ্টব্য।

১৮৭। বিদগ্ধঃ (রসিকঃ) নবতারুণ্যঃ (নবযৌবনযুক্তঃ) পরিহাস-বিশারদঃ (রহস্যনিপুণঃ) নিশ্চিন্তঃ (উদ্বেগরহিতঃ) ধীরললিতঃ (নায়কঃ) প্রায়ঃ প্রেয়সীবশঃ (প্রেয়সীনাং প্রেম-তারতম্যেন বশীভূতঃ) স্যাৎ।

১৮৯।আদি ৪র্থ পঃ ১১৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৯১। "ব্যতীত্য ভাবনাবর্ত্ম যশ্চমৎকার-ভারভূঃ। হৃদি সত্ত্বোজ্জ্বলে বাঢ়ং স্বদতে স রসো মতঃ।।" বিশুদ্ধসত্ত্বের উজ্জ্বল-তাময় চিত্তেই 'রস' আস্বাদিত হয়। উহা বাহ্যজগৎ বা অন্তর্জগতের স্থূলসূক্ষ্ম-উপাধিযুক্ত দেহ ও মনের আস্বাদনযোগ্য ব্যাপার নহে। গৌণ স্থূলসূক্ষ্ম-জগতে যে অস্মিতাভাস লক্ষিত হয়, তাহা অনাত্ম'বুদ্ধি' ও 'মনঃ'শব্দবাচ্য। রসময় বিষয়—রসপূর্ণ-ইন্দ্রিয়েরই গ্রাহ্য। রসপূর্ণ-ইন্দ্রিয় রসময়দর্শন-স্পর্শনাদিদ্বারা রসিকশেখর, রসপ্রস্রবণ, বিষয়বিগ্রহ নন্দনন্দনের প্রেমসেবা করিয়া থাকে। উহা নির্ব্বিশেষবাদীর অতন্নিরস্ত জড়রাহিত্যাবস্থা-মাত্র নহে, এজন্য রসের সংজ্ঞায় ভাবনাবর্ত্মের বিশেষভাবে অতিক্রমণ লিপিবদ্ধ হইয়াছে। দৃক্‌দৃশ্যবাদী জড়জগতে ইন্দ্রিয়তর্পণমূলে যে-অনুভূতি লাভ করেন, তাহা জড়বিবর্ত্তের শুধু প্রতিষেধকমাত্র হইলেও অপ্রাকৃত-রসের সান্নিধ্যলাভে অসমর্থ। দেহ ও মনের ধর্ম্মে যে চমৎকারিতা জন্মগ্রহণ করে, তাহা অসম্পূর্ণ, লঘু ও নশ্বর ; তজ্জন্যই চিন্ময়-রস চমৎকার-গুরুত্বের প্রকাশকারী বলিয়া উল্লিখিত হইয়াছে। প্রেমা—শুদ্ধ, চিন্ময় ব্যাপার। অচিতে প্রীতি—নশ্বর ; হেয়-ধর্ম্ম কামেই অবস্থিত। জড়জগতে ইন্দ্রিয়তর্পণের ব্যাঘাতহেতু যে দুঃখ উপস্থিত হয়, তাহা জড়প্রীতির 'বিবর্ত্ত'। প্রেমবিলাস ও বিলাসবিবর্ত্ত কোনও অভাব, অবরতা ও অনুপাদেয়তা উৎপন্ন করে না। অপ্রাকৃত-রস-রসিক শ্রীরামানন্দ স্ব-রচিত যে গীতটী কীর্ত্তন করিয়াছেন, তাহা শ্রীগৌরসুন্দর-কর্ত্তৃক অনুমোদিত কিনা, এইরূপ লীলা অভিনয় করিতে গিয়া প্রেম-বিলাস-বিবর্ত্তের বর্ণনা করিলেন।

ভক্তদাস বাউলের কৃত "বিবর্ত্তবিলাস" গ্রন্থ—শ্রীজগদানন্দের 'প্রেমবিবর্ত্ত' ও শ্রীরামানন্দের 'প্রেমবিলাস-বিবর্ত্ত' হইতে সম্পূর্ণ বিপরীত গ্রন্থ। বর্ত্তমান শিক্ষিতাভিমানী সম্প্রদায় যে জড়-বিবর্ত্ত-

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯০-১৯২। হে রামানন্দ, তুমি যে 'সাধ্য' নির্ণয় করিলে, রাধাকৃষ্ণের (তত্ত্ব) বর্ণন করিলে এবং উভয়ের বিলাস-মহত্ত্ব বলিলে, তাহাই সত্য। কিন্তু ইহার পর আর যে কিছু আছে, তাহা বল। রায় কহিলেন,—ইহার পর বুদ্ধির আর গতি দেখিতে পাই না। তবে **'প্রেমবিলাস-বিবর্ত্ত'** বলিয়া একটী ভাব আছে, তাহা বলিতেছি, ইহা শুনিয়া তোমার সুখ হয় কি না, বলিতে

রায় রামানন্দের স্বকৃত গান ঃ—

গীত

"পহিলেহি রাগ নয়নভঙ্গে ভেল ।
অনুদিন বাঢ়ল, অবধি না গেল ॥
না সো রমণ, না হাম রমণী ।
দুঁহু-মন মনোভব পেষল জানি' ॥
এ সখি, সে-সব প্রেমকাহিনী ।
কানুঠামে কহবি বিছুরল জানি' ॥
না খোঁজলুঁ দূতী, না খোঁজলুঁ আন ।
দুঁহুকো মিলনে মধ্যে পাঁচবাণ ॥
অব্ সোহি বিরাগ, তুঁহু ভেলি দূতী ।
সু-পুরুখ-প্রেমক ঐছন রীতি ॥" ১৯৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

পারি না। তাৎপর্য্য এই,—এ পর্য্যন্ত আমি 'প্রেম-বিলাসের স্বরূপ' বর্ণন করিলাম। প্রেমবিলাসতত্ত্বে দুইপ্রকার ভাব আছে অর্থাৎ সম্ভোগ ও বিপ্রলম্ভ। **বিপ্রলম্ভ ব্যতীত সম্ভোগের স্ফূর্ত্তি হয় না।** বিচ্ছেদের নামই 'বিপ্রলম্ভ'; তাহাই **প্রেমবিলাসের বিবর্ত্ত অর্থাৎ বিচ্ছেদকালে অধিরূঢ়ভাববশতঃ সম্ভোগাভাবেও সম্ভোগ-স্ফূর্ত্তি।** রায় রামানন্দ নিজকৃত ঐ রসের একটী সঙ্গীত গান করিতে না করিতে মহাপ্রভু স্বীয় ভাবে বিহ্বল হইয়া তাঁহার মুখ আচ্ছাদন করিলেন। গীতটি—বিচ্ছেদকালে শ্রীমতীর উক্তি, সুতরাং বিপ্রলম্ভদশায় সম্ভোগস্ফূর্ত্তি।

অনুভাষ্য

বিলাসের কথা অনুসরণ করিতে গিয়া প্রেমবিলাস-বিবর্ত্তে বিপরীত-বুদ্ধি স্থাপন করেন, তদ্দ্বারা তাঁহাদের 'প্রাকৃত বিদ্যা-মন্দির' হইতে প্রাকৃত-বিদ্যাসাগরগণের নিকট হইতে 'পি-এইচ্, ডি' উপাধিলাভ ঘটিতে পারে, কিন্তু 'পি-এইচ্, ডি' উপাধিটী 'পরবিদ্যামন্দির' হইতে লাভ করিতে হইলে জড়াহঙ্কার পরিহার করিতে এবং স্বীয় নিত্যস্বরূপে অবস্থিত হইতে হয়। মানব-রচিত-ধর্ম্মশাস্ত্র ও অপ্রাকৃত-দর্শনশাস্ত্রে যে আকাশপাতাল ভেদ বর্ত্তমান, তাহা শ্রীমন্মধ্বাচার্য্য স্বগত-সজাতীয়-ভেদ-নিরাসকারী সম্প্রদায়কে তাহাদিগের পরমাদৃত বিচারপন্থা অবলম্বন করিয়াই সুষ্ঠুভাবে দেখাইয়া দিয়াছেন। জড়দার্শনিক-সম্প্রদায় জড়ীয়-প্রেম-বিলাস-বিবর্ত্তেই অবস্থিত, সুতরাং তাঁহারা প্রেমবিলাস-বিবর্ত্তটী নিজের মনগড়া অনুভূতির দ্বারা বুঝিতে সমর্থ হইবেন না। থালার ভিতর যেরূপ হস্তীর অবস্থান সঙ্কুলান হয় না, তদ্রূপ আরোহবাদীর তাণ্ডব অথচ নিতান্ত লঘু-বিক্রমের পক্ষেও অপ্রাকৃতানুভূতি অসম্ভব।

শ্রীরামানন্দ-রায়ের উক্তি হইতে যে 'প্রেমবৈচিত্ত্যে'র অন্তর্গত 'মোহন-মাদনাদি অধিরূঢ় মহাভাবে'র বিলাস-বৈচিত্র্য ও বিলাস-বিবর্ত্ত কথিত হইয়াছে, তাহা অনুসরণ করিতে প্রাকৃত-সহজিয়া অসমর্থ। প্রাকৃত-সহজিয়া শ্রীরামানন্দের গীতার্থকে কেবল-নির্ব্বিশেষ-বাদে লইয়া যাইবার জন্যই ব্যস্ত হইবেন, কিন্তু তাহা শ্রীরামানন্দের বক্তব্য ও শ্রীগৌরসুন্দরের শ্রোতব্য বিষয় ছিল

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৩। 'আহা, মিলনের পূর্ব্বরাগ সময়ে পরস্পরের নয়ন-ঈক্ষণ হইতে 'রাগ' বলিয়া একটী ভাবের উদয় হয়; সেই রাগ বাড়িতে বাড়িতে 'অবধি' বা ইয়ত্তা প্রাপ্ত হইল না; সেই রাগ—আমাদের উভয়ের স্বভাবজনিত। রমণস্বরূপ কৃষ্ণই যে তাহার কারণ, তাহা নহে, বা রমণীস্বরূপা আমিই যে তাহার কারণ, তাহা নহে। পরস্পর দর্শনে যে 'রাগ' উদিত হইল, তাহাই মনোভব অর্থাৎ মদন হইয়া আমাদের মনকে পেষণ করিয়া একত্র করিয়াছিল। এখন বিচ্ছেদের সময়, সে-সব প্রেমকাহিনী, হে সখি, কৃষ্ণ যদি ভুলিয়াই থাকেন, এরূপ বুঝিতে পার, তবে তাঁহাকে কহিও,—মিলন-সময়ে আমরা কোন দূতীকে অন্বেষণ করি নাই, অথবা অন্য কাহাকেও কোন অনুরোধ করি নাই; অনঙ্গরূপ পঞ্চবাণই আমাদের মিলনের মধ্যস্থ ছিল। আবার, এখন বিচ্ছেদ-সময়ে সেই রাগ 'বিরাগ' হওয়ায় অর্থাৎ বিশিষ্টরাগ বা বিচ্ছেদগত-রাগ বা অধিরূঢ়ভাবরূপে, হে সখি, তুমি দূতীরূপে কার্য্য করিতেছ! সুপুরুষের প্রেমে এই রীতিই সর্ব্বত্র দেখিবে।' তাৎপর্য্য এই—সম্ভোগকালে 'রাগ' যেমন অনঙ্গরূপে মধ্যস্থ, বিপ্রলম্ভকালে উহা সেইরূপ অধিরূঢ়ভাবাপন্না দূতী হইয়া 'প্রেমবিলাস-বিবর্ত্তে' অর্থাৎ বিপ্রলম্ভে সম্ভোগস্ফূর্ত্তি-কার্য্যে দূতীস্বরূপ হইলে তাহাকে শ্রীমতী 'সখী' বলিয়া সম্বোধন করত এই কথাটী বলিতেছেন। মূল তাৎপর্য্য এই,—প্রেমবিলাস-সম্ভোগেও যেরূপ আনন্দ, বিপ্রলম্ভেও সেইরূপ; বিশেষতঃ, বিপ্রলম্ভে (সেবার পরাকাষ্ঠায় কৃষ্ণে তন্ময়ভাব-হেতু) সর্পে রজ্জু-ভ্রমের ন্যায় তমালাদিতে কৃষ্ণভ্রমজনিত বিবর্ত্ত-ভাবাপন্ন অধিরূঢ়-মহাভাবরূপ একপ্রকার সম্ভোগের উদয় হয়।

অনুভাষ্য

না, এজন্যই ভজনের নিগূঢ় চমৎকারিতা ও অপূর্ব্বতা—অর্ব্বাচীন জড়-দার্শনিকসমাজে প্রচার করা অবিধেয় বিবেচনা করিয়াই শ্রীগৌরসুন্দর স্বহস্তে শ্রীরামানন্দের কৃষ্ণগান-রত বদন-কমল আবৃত করিয়াছিলেন। এতদ্দ্বারা বাহ্যজগৎ-দর্শনশীল জড়-দার্শনিকের অনুভূতির দ্বারা এই গীত যে অনুভবনীয় নহে, তাহা প্রতিপন্ন হইয়াছে। তবে পূর্ব্বোক্ত বিচার অবলম্বন করিলেই

অনুভাষ্য

কেবলাদ্বৈতবাদের স্থানে শুদ্ধাদ্বৈতবাদীর ক্ষেত্র স্থাপিত হইতে পারে। শুদ্ধাদ্বৈতবাদী বলেন,—দ্বৈতজগতে যে অবরতা বর্ত্তমান, তাহা নিরসন করিতে গিয়া যে কাল্পনিক অদ্বয়জ্ঞানের নির্দ্দেশ করা হয়, তাহাতে প্রেম-বিলাসের অভাব ; আবার প্রেমবিলাস-বিবর্ত্তে "না সো রমণ, না হাম রমণী" এই পদ্য-ব্যাখ্যার বিবর্ত্ত জড়বিবর্ত্তবাদীকে গ্রাস করিলে বিষয়-আশ্রয়-রাহিত্যরূপ কৈবলা-দ্বৈত-সিদ্ধিকে 'অদ্বয়জ্ঞান' বলাইয়া পুনরায় জড়ীয়-বিবর্ত্তেই ফেলিয়া দেয়। এস্থলে শুদ্ধাদ্বৈতবাদী বলেন,—"না সো রমণ, না হাম রমণী"—এই বাক্যে বাস্তব-সত্যকে ধ্বংস করা হয় নাই, কিন্তু বস্তুতে বস্তু-শক্তি-পরিচয়ে যে অশুদ্ধদ্বৈতাশঙ্কা প্রবর্ত্তিত হইয়াছে, তাহারই নিরসন উদ্দিষ্ট হইয়াছে। বিশিষ্টাদ্বৈতবাদীর ভাষায় ঐ কথা বলিতে গেলে,—বস্তুর পরিচয় দুর্জ্ঞেয়, কিন্তু শক্তি ও শক্তিমান্‌কে অভিন্ন-জ্ঞানে শক্তি-পরিচয়েই বস্তুর বিজ্ঞেয়তা। যাঁহারা বস্তুশক্তিকে বস্তু হইতে ভেদ করিয়া, 'রমণ' ও 'রমণী',—বস্তুদ্বয়ের কল্পনা করেন, তাঁহাদিগের বিচারে শ্রীরামানন্দের এই উক্তিটি—জড়শক্তিমান্ ও জড়শক্তির ভেদের নিরাসকারিণী-মাত্র।

প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়—জড়ভোক্তা রমণের সহিত জড়ভোগ্যা রমণীর ভেদ আছে—জ্ঞান করিয়া অশুদ্ধ দ্বৈত-বিচারকে বহুমানন করেন। তাহা হইতে রক্ষা পাইবার জন্য চিন্ত্যদ্বৈতাদ্বৈত-বিচার প্রবর্ত্তিত হইয়াছে। এই বিচার হইতে শ্রীরামানন্দের বা শ্রীগৌরসুন্দরের অচিন্ত্যভেদাভেদ-বিচারটী একটু পৃথক্। শুদ্ধদ্বৈত-বিচার ও অচিন্ত্যভেদাভেদ-বিচার এই স্থলে সমপর্য্যায়ভুক্ত বলিয়া জানিতে হইবে। শুদ্ধাদ্বৈতবাদীর বিচার, শুদ্ধদ্বৈতবাদীর বিচার, চিন্ত্য-দ্বৈতাদ্বৈতবাদীর বিচার, বিশিষ্টা-দ্বৈতবাদীর বিচার হইতে অচিন্ত্যভেদাভেদ-বিচারটী পৃথক্ বলিয়া অচিন্ত্য-ভেদাভেদাচার্য্য স্বয়ং অভিন্ন ব্রজেন্দ্রনন্দন অপ্রাকৃত-সাহজিক শ্রীরামানন্দের শ্রীমুখে এই কথা প্রচার করিয়াছেন। এই রামানন্দের সম্বন্ধেই শ্রীগৌরসুন্দর বলিয়াছেন,—"সমগ্র দক্ষিণদেশে তোমার ন্যায় অপ্রাকৃত-সহজ-ধর্ম্মাবলম্বী দেখিতে পাই নাই ; আমি এক বাউল, তুমি দ্বিতীয় বাউল। অতএব তোমায়-আমায় হই সমতুল।।" এই কথা বলিতে গিয়া শ্রীগৌরসুন্দর অচিন্ত্য-ভেদাভেদ-বিচার প্রদর্শন করায় শ্রীজীবপাদ স্বীয় 'সর্ব্বসম্বাদিনী'তে গৌড়ীয়ের বেদান্তদর্শনকেই 'অচিন্ত্য-ভেদাভেদ' বলিয়া স্বীকার করিয়াছেন ; অচিন্ত্যভেদাভেদ-বিচার বলিতে গিয়া প্রাকৃত-সাহজিক-সম্প্রদায় যে তৈলম্রক্ষিত-দেহে গঙ্গা-স্নানের গল্পটী উল্লেখ করেন, তাহা জড়জগতের বিবর্ত্তমাত্র। ঐ উদাহরণ-দ্বারা ভেদাভেদপ্রকাশ-তত্ত্ব জানিতে পারা যায় না। শক্তিশক্তিমৎ-তত্ত্বের অভেদ-প্রতিপাদনে বিষয়ের আশ্রয়ের জন্য

অনুভাষ্য

উদ্দীপন ও আশ্রয়ের বিষয়ের জন্য উদ্দীপন-ভাবটী সুষ্ঠুভাবে বুঝাইবার জন্যই শ্রীরামানন্দের গীতে রমণ-রমণীর পরস্পর স্বরূপ-জ্ঞান-ব্যত্যয়-ভাব। তাই বলিয়া কোন জীব যেন অহং-গ্রহোপাসক হইয়া না পড়েন। অহংগ্রহোপাসনা—চিন্মাত্রবাদীর মূঢ়তা এবং চিদ্বিলাসের বৈপরীত্য মাত্র। অদ্বয়জ্ঞানবস্তুতে আশ্রয়-জাতীয় ভাবের অভাব আছে বলিয়া যাঁহারা বিবেচনা করেন, তাঁহাদের জন্যই গোলোকস্থ ঔদার্য্য-প্রকোষ্ঠস্থিত শ্রীকৃষ্ণের নিত্য গৌরলীলার প্রপঞ্চে অবতরণ। প্রপঞ্চে অবতীর্ণ গৌরলীলাটী যে কখনই জড়-সম্ভোগবাদী গৌরনাগরীগণের ভোগ্যা নহেন, তাহা জানাইবার জন্যই এই প্রেম-বিলাসবিবর্ত্তের উদাহরণ-লীলা। 'কাঞ্চনা' প্রভৃতি কাল্পনিক দূতীগণের অপ্রাকৃত প্রেম-বিলাসের আবশ্যকতা নাই। কৃষ্ণভজন-রসের কথা কৃষ্ণকথা-দুর্ভিক্ষময় জগতে প্রচার করিতে গেলে, প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায় শুদ্ধ-ভক্তের সহিত আপনাদিগের সমত্ব প্রকাশ করিবার বাসনায় নানামতবাদ-বিবর্ত্তে পতিত হইতে পারে, জানিয়া এই সকল ব্যাখ্যা শুদ্ধভক্তিমান্ লোকের জন্যই সংরক্ষিত হইল।

১৯৩। পহিলেহি—প্রথমে। রাগ—পূর্ব্বরাগ। "রতির্যা সঙ্গমাৎ পূর্ব্বং দর্শনশ্রবণাদিজা। তয়োরুন্মীলতি প্রাজ্ঞৈঃ পূর্ব্বরাগঃ স উচ্যতে।।" নয়ন-ভঙ্গে—পরস্পর দর্শন-বিনিময়ে, নয়ন-ভঙ্গীতে অর্থাৎ অপাঙ্গদর্শনে পরস্পরের চিত্তবৃত্তি-সংযোজক ইঙ্গিতে। অনুদিন বাঢ়ল—দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। অবধি না গেল—সীমা রহিল না। প্রৌঢ়া সমর্থা-রতিতে লালসা, উদ্বেগ, জাগর্য্যা, তানব, জড়তা, ব্যগ্রতা, ব্যাধি, উন্মাদ, মোহ ও মৃত্যু অর্থাৎ চিন্তা, জাগর, উদ্বেগ, অমর, মলিনাঙ্গতা, প্রলাপ, ব্যাধি, উন্মাদ, মোহ ও মৃত্যু—এই দশ দশা। সমঞ্জসা-রতিতে—অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণ-কীর্ত্তন, উদ্বেগ, সবিলাপ উন্মাদ,—এই ছয়প্রকার দশা। সাধারণী-রতিতে ষোলপ্রকার অর্থাৎ প্রৌঢ় ও সমঞ্জসার সবিলাপ পর্য্যন্ত। সো—সেই রমণ শ্রীকৃষ্ণ ; হাম—আমি শ্রীরাধিকা রমণী ; আমরা উভয়েই উহার কারণ নহি বা আমাদের পার্থক্য-বুদ্ধি নাই। মনোভব (অর্থাৎ) কন্দর্প উহা জানিয়া, রমণ ও রমণী, উভয়ের মনকে (পেষল) পেষণ করিয়াছিল। প্রেম-কাহিনী—প্রেমবিলাসসমূহ। কানুঠামে—কৃষ্ণের স্থানে বা নিকটে। কহবি—বলিবে। বিছুরল—বিস্মরণ হইয়াছেন। জানি—জানিয়া। খোঁজলুঁ—অন্বেষণ করিলাম। দূতী—যে মধ্যবর্ত্তিনী হইয়া নায়ক ও নায়িকাকে একত্র অর্থাৎ মিলন করায় ; দূতী দুইপ্রকার—স্বয়ং-দূতী ও আপ্তদূতী। স্বয়ংদূতী—কটাক্ষ এবং বংশীধ্বনি ; আপ্তদূতী—বীরা, বৃন্দা প্রভৃতি। সাধারণ-দূতী—শিল্পকারিণী, দৈবজ্ঞা, লিঙ্গিনী প্রভৃতি। না খোঁজলুঁ আন্—অন্য কাহাকেও অনুরোধ বা অন্বেষণ করি

পরস্পরের ভেদ-ভ্রম-দূরীভূত অবস্থা ঃ—

উজ্জ্বলনীলমণি (১৪।১৫৫)—

রাধায়া ভবতশ্চ চিত্তজতুনী স্বেদৈর্বিলাপ্য ক্রমাদ্-
যুঞ্জন্নদ্রি-নিকুঞ্জ-কুঞ্জরপতে নির্ধূত-ভেদভ্রমম্ ।
চিত্রায় স্বয়মন্বরঞ্জয়দিহ ব্রহ্মাণ্ডহর্ম্ম্যোদরে
ভূয়োভির্নব-রাগ-হিঙ্গুলভরৈঃ শৃঙ্গার-কারুকৃতী ॥ ১৯৪ ॥

এই পর্য্যন্ত সাধ্যাবধি ঃ—

প্রভু কহে,—"সাধ্যবস্তুর অবধি' এই হয় ।
তোমার প্রসাদে ইহা জানিলুঁ নিশ্চয় ॥ ১৯৫ ॥

সাধনদ্বারাই সাধ্য-প্রাপ্তি ঃ—

'সাধ্যবস্তু' 'সাধন'-বিনা কেহ নাহি পায় ।
কৃপা করি' কহ, রায়, পাবার উপায় ॥" ১৯৬ ॥

প্রভুর ইচ্ছার নিকট রায়ের বশ্যতা ঃ—

রায় কহে,—"যেই কহাও, সেই কহি বাণী ।
কি কহিয়ে ভাল-মন্দ, কিছুই না জানি ॥ ১৯৭ ॥
ত্রিভুবন-মধ্যে ঐছে হয় কোন্ ধীর ।
যে তোমার মায়া-নাটে হইবেক স্থির ॥ ১৯৮ ॥

রায়ের মুখে প্রভু স্বয়ংই বক্তা ও স্বয়ংই শ্রোতা ঃ—

মোর মুখে বক্তা তুমি, তুমি হও শ্রোতা ।
অত্যন্ত রহস্য, শুন, সাধনের কথা ॥ ১৯৯ ॥

সাধন-রহস্য বর্ণন ; কেবল মধুর-রসেই
'কান্তভাব' প্রাপ্য ঃ—

রাধাকৃষ্ণের লীলা এই অতি গূঢ়তর ।
দাস্য-বাৎসল্যাদি-ভাবে না হয় গোচর ॥ ২০০ ॥

অনুগত সখীগণের দ্বারাই রাধাকৃষ্ণবিলাস-পুষ্টি ঃ—

সবে এক সখীগণের ইঁহা অধিকার ।
সখী হৈতে হয় এই লীলার বিস্তার ॥ ২০১ ॥
সখী বিনা এই লীলা পুষ্ট নাহি হয় ।
সখী লীলা বিস্তারিয়া, সখী আস্বাদয় ॥ ২০২ ॥
সখী বিনা এই লীলায় অন্যের নাহি গতি ।
সখীভাবে যে তাঁরে করে অনুগতি ॥ ২০৩ ॥
রাধাকৃষ্ণ-কুঞ্জসেবা সাধ্য সেই পায় ।
সেই সাধ্য পাইতে আর নাহিক উপায় ॥ ২০৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৪। হে গোবর্দ্ধনপর্ব্বত-নিকুঞ্জবাসি-করিরাজ, শৃঙ্গারশিল্প-শাস্ত্রনিপুণ-বিধাতা রাধিকা ও তোমার চিত্ত-লাক্ষাকে সাত্ত্বিক-বিকাররূপ ধর্ম্মদ্বারা দ্রবীভূত করত ভেদভ্রম দূর করিয়া ব্রহ্মাণ্ড-হর্ম্ম্যমধ্যে নবরাগ-হিঙ্গুলদ্বারা স্বয়ং জগতের আশ্চর্য্য-সম্বর্দ্ধনার্থ উভয়ের সেই চিত্তদ্বয়কে অতিশয় রঞ্জিত করিয়াছেন।

অনুভাষ্য

নাই। দুঁহুকে—শ্রীরাধা ও কৃষ্ণ এই দুইজনের। মিলনে—উভয়ের সংহতিতে ; মধ্যে পাঁচবাণ—রূপরস-গন্ধশব্দস্পর্শজ শরপঞ্চক। অব্—এক্ষণে। সোহি—সেই রাগ, বিরাগ—বিপ্রলম্ভে অধিরূঢ়-মহাভাব। তুঁহু—তুমি। ভেলি—হইলে। সু-পুরুখ—উত্তম-নায়কের। প্রেমক—প্রেমের। ঐছন—ঐ প্রকার।

১৯৪। হে অদ্রিনিকুঞ্জকুঞ্জরপতে (গিরি-গোবর্দ্ধন-নিকুঞ্জা-রণ্য-গজপতে, গোবর্দ্ধনকুঞ্জবিহারিন্), শৃঙ্গার-কারুকৃতী (শৃঙ্গার-কারুকর্ম্মণি সুনিপুণঃ) রাধায়াঃ ভবতশ্চ চিত্তজতুনী (চিত্তে এব জতুনী লাক্ষে) স্বেদৈঃ (অন্তর্বহির্দ্রবরূপৈঃ বিকারৈঃ অগ্নিতা-পৈর্ব্বা) ক্রমাৎ (শনৈঃ শনৈঃ) বিলাপ্য (দ্রবীকৃত্য) নির্ধূতভেদ-ভ্রমং (ভেদ এব ভ্রমঃ, তং নির্ধূতং দূরীভূতং) যুঞ্জন্ (কুর্ব্বন্) ইহ ব্রহ্মাণ্ডহর্ম্ম্যোদরে (ব্রহ্মাণ্ডমেব হর্ম্ম্যং তস্যোদরে) চিত্রায় (চিত্রার্থং, বিস্ময়বর্দ্ধনার্থং) ভূয়োভিঃ (নানাবিধৈঃ) নবরাগ-হিঙ্গুলভরৈঃ (নবানুরাগরূপ-হিঙ্গুল-রঞ্জনৈঃ) স্বয়ম্ অন্বরঞ্জয়ৎ।

২০১-২০৪। সখী,—উজ্জ্বলনীলমণিতে, যথা,—"প্রেম-লীলাবিহারিণাং সম্যগ্বিস্তারিকা সখী। বিশ্রম্ভরত্নপেটী চ।।"

অমৃতপ্রবাহ ভাষ্য

২০২-২০৪। মহাপ্রভু এতাবৎ শ্রবণ করিয়া কহিলেন,—সাধ্যবস্তুর সমগ্র কথিত হইল, এখন এই চরমসাধ্যবস্তু পাইবার যে সাধন বা উপায় আছে, তাহা বল। রায় রামানন্দ তদুত্তরে বলিলেন,—দাস্য-বাৎসল্যাদি-রসে এই গূঢ়তত্ত্ব পাওয়া যায় না, ব্রজসখী বিনা এই লীলায় অন্যের প্রবেশ অসম্ভব ; ব্রজসখীর ভাবগ্রহণপূর্ব্বক সখীর আনুগত্যে সাধন করিতে পারিলে রাধা-কৃষ্ণ-কুঞ্জসেবারূপ সাধ্যবস্তু পাওয়া যায়, অন্য উপায় নাই।

অনুভাষ্য

শ্রীকৃষ্ণের প্রেমলীলা ও বিহারাদির সম্যগ্রূপে বিস্তারকারিণীকে 'সখী' বলে। সখীগণ—কৃষ্ণের বিশ্বাসরূপ রত্ন-মঞ্জুষা-স্বরূপা। সখীগণের বৃত্তি—"মিথঃ প্রেমগুণোৎকীর্ত্তিস্তয়োরাসক্তিকারিতা। অভিসারো দ্বয়োরেব সখ্যাঃ কৃষ্ণে সমর্পণম্। নর্ম্মাশ্বাসন-নেপথ্যং হৃদয়োদ্ঘাটপাটবম্। ছিদ্রসংবৃতিরেতস্যাঃ পত্যাদেঃ পরিবঞ্চনা। শিক্ষা সঙ্গমনং কালে সেবনং ব্যজনাদিভিঃ। তয়োর্দ্বয়োরুপালম্ভঃ সন্দেশপ্রেষণং তথা। নায়িকাপ্রাণসংরক্ষা প্রযত্নাদ্যাঃ সখী-ক্রিয়াঃ।।" (১) নায়ক-নায়িকার পরস্পরের প্রেমগুণোৎকীর্ত্তন, (২) একের অন্যের প্রতি আসক্তি বিবর্দ্ধন, (৩) উভয়ের অভিসার করান, (৪) কৃষ্ণে সখীসমর্পণ, (৫) পরিহাস, (৬) আশ্বাস-প্রদান, (৭) নায়ক-নায়িকার বেশকরণরূপ নেপথ্য, (৮) মনোগত-ভাব-প্রকাশকরণে নিপুণতা, (৯) নায়িকার দোষ-গোপন, (১০) পতি প্রভৃতির বঞ্চনা, (১১) শিক্ষা, (১২) যথোচিত কালে নায়ক-নায়িকার সম্মিলন করান, (১৩) চামরাদি-ব্যজন, (১৪) উভয়ের

সখীদ্বারা শৃঙ্গার-রসপুষ্টি ঃ—

শ্রীগোবিন্দ-লীলামৃত (১০।১৭)—

বিভুরপি সুখরূপঃ স্বপ্রকাশোঽপি ভাবঃ
ক্ষণমপি ন হি রাধাকৃষ্ণয়োর্যা ঋতে স্বাঃ।
প্রবহতি রসপুষ্টিং চিদ্বিভূতীরিবেশঃ
শ্রয়তি ন পদমাসাং কঃ সখীনাং রসজ্ঞঃ ॥ ২০৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০৫। রাধাকৃষ্ণের ভাব—স্বপ্রকাশ এবং সুখ—বিভু অর্থাৎ অনন্ত হইলেও সখীগণ ব্যতীত একক্ষণও রসপুষ্টি বহন করিতে পারে না, যেরূপ ঈশ্বরের চিদ্বিভূতি-ব্যতিরেকে ঈশ্বরত্ব পুষ্টি লাভ করে না, তদ্রূপ। অতএব তৎপ্রবিষ্ট কোন্ রসজ্ঞ সখীদিগের পদাশ্রয় না করেন?

অনুভাষ্য

প্রতি তিরস্কার, (১৫) সংবাদ প্রেরণ, (১৬) নায়িকা-প্রাণরক্ষার্থ যত্ন। আদি, ৪র্থ পঃ ২১১,২১৭-২১৮ সংখ্যা দ্রষ্টব্য।

'সখীভেকী' ও 'গৌরনাগরী' প্রভৃতি প্রাকৃত সহজিয়া-সম্প্রদায়ের দেহাত্মবুদ্ধিবশতঃ শ্ব-শৃগাল-ভক্ষ্য জড়দেহেন্দ্রিয়ের ও চর্ম্মের শোভা-বর্দ্ধন কখনই কৃষ্ণকে আনন্দিত করায় না, অর্থাৎ কৃষ্ণেতর ঐ সকল কৃত্রিম চেষ্টা জড়েন্দ্রিয়েরই তৃপ্তিকর বলিয়া কৃষ্ণ উহাদিগকে উপভোগ করিয়া আনন্দ লাভ করেন না। চিন্ময়ী শ্রীরাধা ও তৎসখীগণের দেহ, গেহ, বেশ-ভূষণ প্রভৃতি যাবতীয় ক্রিয়া বা চেষ্টা সমস্তই চিন্ময়, কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিকর ও কৃষ্ণবশকারী—দেবীধামান্তর্গত চৌদ্দভুবনের কোন ব্যাপার বা বস্তু নহে। কৃষ্ণ ভুবনমোহন হইলেও তাঁহারা কিন্তু ভুবনমোহিনী নহেন, তাঁহারা—ভুবনমোহন-মনোমাহিনী।

ভোগপর মনোধর্ম্মের বশবর্ত্তী হইয়া নিজের কাল্পনিক সিদ্ধদেহে আপনাকে 'সখী' বলিয়া অভিমান করাও অহংগ্রহোপাসনাই হইয়া যায়; ফলে, কল্পনাকারীর দেবীধামেই বাস হয়। শ্রীল জীবগোস্বামী প্রভু প্রাকৃত-জীবকে এই বিষয়ে সতর্কও করিয়াছেন—যথা, ভঃ রঃ সিঃ পূর্ব্ব বিঃ ২য় লঃ—"লুব্ধৈর্বাৎসলসখ্যাদৌ" শ্লোকের 'দুর্গমসঙ্গমনী' টীকা—"ন তু ব্রজেন্দ্রাদিত্বাভিমানেনাপীত্যর্থঃ। পিতৃত্বাদ্যভিমানো হি দ্বিধা সম্ভবতি—

সখীগণের শ্রীরাধাপ্রেম ঃ—

সখীর স্বভাব এক অকথ্য-কথন।
কৃষ্ণ-সহ নিজলীলায় নাহি সখীর মন ॥ ২০৬ ॥
কৃষ্ণসহ রাধিকার লীলা যে করায়।
নিজ-সুখ হৈতে তাতে কোটি সুখ পায় ॥ ২০৭ ॥

অনুভাষ্য

স্বতন্ত্রত্বেন, তৎপিত্রাদিভিরভেদভাবনয়া চ। **তত্রান্ত্যমনুচিতং ভগবদভেদোপাসনাবত্তেষু ভগবদ্বদেব নিত্যত্বেন প্রতিপাদয়িষ্যমাণেষু তদনৌচিত্যাৎ; তথা তৎপরিকরেষু তদুচিতভাবনা-বিশেষেণাপরাধাপাতাৎ।"** এইজন্যই শ্রীল রূপ গোস্বামিপ্রভু বলিয়াছেন,—(ঐ) "কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজ-সমীহিতম্। তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা।। সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি। তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকানুসারতঃ।।" (টীকা—'ব্রজলোকাস্ত্বত্র কৃষ্ণপ্রেষ্ঠজনাস্তদনুগতাশ্চ তদনুসারতঃ") * ; মধ্য, ২২শ পঃ ১৫৫ ও ১৫৭ সংখ্যা দ্রষ্টব্য।

২০৫। রাধাকৃষ্ণয়োঃ (ব্রজনবযুবদ্বন্দ্বয়োঃ) ভাবঃ (চিদ্বিলাসঃ) বিভুঃ (পরমমহান্) অপি, সুখরূপঃ (সচ্চিদানন্দময়ঃ) স্ব-প্রকাশঃ (স্বয়ংপ্রকাশরূপঃ) অপি স্বাঃ (নিজসম্বন্ধিন্যঃ কায়-ব্যূহস্বরূপিণ্যঃ যাঃ সখীঃ) ঋতে (বিনা) রসপুষ্টিং ন হি প্রবহতি; যথা ঈশঃ (ঈশ্বরঃ) চিদ্বিভূতীঃ ইব, [সচ্চিদানন্দঃ ঈশ্বরঃ যথা নিজনিত্যচিদৈশ্বর্য্যাদিকং বিনা পুষ্টিং ন প্রাপ্নোতি, তথেত্যর্থঃ; অতঃ কারণাৎ] কঃ রসজ্ঞঃ (কৃষ্ণতত্ত্ববিৎ কৃতী) আসাং সখীনাং পদং ন শ্রয়তি? (আশ্রয়তি? সর্ব্বে সুনিপুণাঃ মধুররসজ্ঞাঃ ভক্তাঃ সখীপদং আশ্রয়ন্তীত্যর্থঃ)। (যথা কেবলাদ্বৈতবাদিনাং কল্পনাঙ্কিতবিগ্রহঃ অজ্ঞানসমষ্ট্যধিষ্ঠাতৃদেব ঈশ্বরঃ অজ্ঞান-ব্যষ্ট্যধিষ্ঠাতৃ-মলিনসত্ত্ব-বিকারাখ্য-জীবাদি-বিভূতিময়োঽপি ষণ্ঢবৎ নিত্যসত্য-বিলাস-রহিতঃ, বিশিষ্টাদ্বৈতবাদিনামারাধ্যো নিত্যসচ্চিদানন্দবিগ্রহ ঈশ্বরো নিত্যচিদানন্দময়ঃ স্বগত-সজাতীয়-বিজাতীয়-নিত্য-বিশেষবিভূতিভিঃ শান্ত-দাস্য-সখ্য-সার্দ্ধদ্বয়-রসপুষ্টিং করোতি, তথা

** শ্রীল জীবগোস্বামী 'দুর্গম-সঙ্গমনী'-টীকায় বলিয়াছেন,—'বাৎসল্য-সখ্যাদিভাবে লুব্ধ সাধকগণ কিন্তু ব্রজরাজ শ্রীনন্দাদি-অভিমান-দ্বারা ভক্তি সাধন করিবেন না, এই অর্থ। পিতৃত্বাদি-অভিমান দ্বিবিধ হইয়া থাকে—স্বতন্ত্ররূপে এবং শ্রীকৃষ্ণপিতা শ্রীনন্দাদির সহিত অভেদ-ভাবনারূপে। তন্মধ্যে শেষোক্ত অভিমান অনুচিত, যেহেতু, ভগবানের সহিত অভেদ হইবার উপাসনার ন্যায় ভগবানের সদৃশই নিত্যত্বরূপে (শ্রীনন্দাদি নিত্যসিদ্ধরূপে) প্রতিপাদন করিবে, এরূপ অভিমান অনুচিত। ভগবানের পিতা-সখাদিরূপ পরিকর-অভিমানে সেই উপযোগী ভাবনা-বিশেষদ্বারা অপরাধ হয় না।' শ্রীরূপ গোস্বামী বলিয়াছেন,—'কৃষ্ণকে এবং নিজ-অভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ-জনকে স্মরণ করিতে করিতে তত্তৎ কথায় রত হইয়া সর্ব্বদা ব্রজে বাস করিবেন। সেই ভাবলিপ্সুগণ সাধকরূপে ও অন্তশ্চিন্তিত সিদ্ধ-স্বরূপে ব্রজবাসিগণের অনুসারী হইয়া সেবা করিবেন।' ইহার টীকায় শ্রীল জীব গোস্বামী বলিয়াছেন,—এস্থলে 'ব্রজলোক' অর্থাৎ কৃষ্ণপ্রেষ্ঠজন ও তাঁহার অনুগতগণ,—তাঁহাদের অনুসরণপূর্ব্বক, এই অর্থ।*

রাধা ও সখীগণের পরস্পরের প্রেম-সম্বন্ধ ঃ—

রাধার স্বরূপ—কৃষ্ণপ্রেম-কল্পলতা ।
সখীগণ হয় তার পল্লব-পুষ্প-পাতা ॥ ২০৮ ॥
কৃষ্ণলীলামৃত যদি লতাকে সিঞ্চয় ।
নিজ-সুখ হৈতে পল্লবাদ্যের কোটি সুখ হয় ॥ ২০৯ ॥

শ্রীগোবিন্দ-লীলামৃত (১০।১৬)—

সখ্যঃ শ্রীরাধিকায়া ব্রজকুমুদবিধোর্হ্লাদিনী-নামশক্তেঃ .
সারাংশ-প্রেমবল্ল্যাঃ কিশলয়দলপুষ্পাদিতুল্যাঃ স্বতুল্যাঃ ।
সিক্তায়াঃ কৃষ্ণলীলামৃতরসনিচয়ৈরুল্লসন্ত্যামমুষ্যাং
জাতোল্লাসাং স্বসেকাচ্ছতগুণমধিকং সন্তি যত্তন্ন চিত্রম্ ॥ ২১০ ॥

শ্রীরাধিকার সখীপ্রীতি ঃ—

যদ্যপি সখীর কৃষ্ণ-সঙ্গমে নাহি মন ।
তথাপি রাধিকা যত্নে করান সঙ্গম ॥ ২১১ ॥
নানা-ছলে কৃষ্ণে প্রেরি' সঙ্গম করায় ।
আত্মসুখ-সঙ্গ হৈতে কোটি-সুখ পায় ॥ ২১২ ॥

শ্রীরাধা ও সখীগণের পরস্পর প্রীতিতে কৃষ্ণের সুখ ঃ—

অন্যোন্য বিশুদ্ধ প্রেমে করে রস পুষ্ট ।
তাঁ-সবার প্রেম দেখি' কৃষ্ণ হয় তুষ্ট ॥ ২১৩ ॥
সহজ গোপীর প্রেম,—নহে প্রাকৃত কাম ।
কামক্রীড়া-সাম্যে তার কহি' 'কাম'-নাম ॥ ২১৪ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।২৮৫)-ধৃত তন্ত্রবাক্য—

প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথাম্ ।
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ ॥ ২১৫ ॥

নিজেন্দ্রিয়-সুখহেতু কামের তাৎপর্য্য ।
কৃষ্ণসুখ-তাৎপর্য্য গোপীভাব-বর্য্য ॥ ২১৬ ॥
নিজেন্দ্রিয়-সুখবাঞ্ছা নাহি গোপিকার ।
কৃষ্ণে সুখ দিতে করে সঙ্গম-বিহার ॥ ২১৭ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৩১।১৯)—

যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু
ভীতাঃ শনৈঃ প্রিয় দধীমহি কর্কশেষু ।

অমৃতপ্রবাহ ভাষ্য

২০৮-২০৯। শ্রীরাধাই কৃষ্ণের প্রেমকল্পলতাস্বরূপ এবং সখীগণই সেই লতার পল্লবপুষ্পপাতা। লতারূপ রাধিকার পদাশ্রয়পূর্ব্বক লতাতে জল সেচন করিলে পল্লবাদির অত্যন্ত প্রফুল্লতা হয়। পল্লবাদিতে জল-সেচনে যেরূপ পল্লবাদির প্রফুল্লতা হয় না, সেইরূপ গোপীদের কৃষ্ণমিলনসুখ হইতেও রাধাকৃষ্ণমিলন-দ্বারাই অধিক সুখ হয়।

অনুভাষ্য

পরিপূর্ণৌ সুখরূপৌ শ্রীবার্ষভাবনী-ব্রজেন্দ্রনন্দনৌ স্বয়ং-প্রকাশ-রূপৌ সন্তাবপি সখীভিঃ নিত্যরসপুষ্টিং কুরুত ইতি ভাবঃ *)।

২১০। ব্রজকুমুদবিধোঃ (ব্রজবাসিকুমুদানন্দকৃষ্ণচন্দ্রস্য) হ্লাদিনীনামশক্তেঃ (হ্লাদিন্যাখ্যশক্তেঃ) শ্রীরাধিকায়াঃ সারাংশ-প্রেমবল্ল্যাঃ (সারাংশঃ যঃ প্রেমা সঃ এব বল্লী লতা তস্যাঃ) কিশলয়-দল-পুষ্পাদিতুল্যাঃ (নবীনপত্রকুসুমাদিসমাঃ), অতএব স্বতুল্যাঃ সখ্যঃ (ললিতাদিপ্রিয়নর্ম্মসখ্যঃ) কৃষ্ণলীলামৃত-রস-নিচয়ৈঃ সিক্তায়াং অমুষ্যাং (রাধায়াম্) উল্লসন্ত্যাং চ [সত্যাং তাঃ] সখ্যঃ স্বসেকাৎ (স্ব-সেচনাৎ) শতগুণম্ অধিকং জাতো-ল্লাসাঃ (হর্ষান্বিতাঃ) ভবন্তি, ইতি যৎ, তৎ ন চিত্রং (বিস্ময়করম্)।

২১৩। অন্যোন্যে—পরস্পর। শ্রীরাধিকা ও তাঁহার সখীগণ

অমৃতপ্রবাহ ভাষ্য

২১০। ব্রজসখীগণ—শ্রীরাধার তুল্য এবং ব্রজকুমুদচন্দ্রের হ্লাদিনী-নাম্নী শক্তিস্বরূপা শ্রীরাধিকার সারাংশ-প্রেমবল্লীর কিশলয়দল-পুষ্পাদিস্বরূপ। কৃষ্ণলীলামৃতরস-সমূহদ্বারা পরমো-ল্লাসময়ী রাধিকা সিক্তা হইলেই সখীগণ আপনাদিগের সেচন হইতেও শতগুণ অধিক জাতোল্লাসা হন ;—ইহা বিচিত্র নয়।

অনুভাষ্য

নিজ-নিজসুখবাঞ্ছায় কোনপ্রকার চেষ্টাশীলা না হইয়া একে অন্যের দ্বারা কৃষ্ণসেবা করাইয়া প্রেমপুষ্ট করান, তদ্দর্শনে কৃষ্ণের তুষ্টি হয়।

২১৪-২১৭। 'কাম'—সম্বিদ্‌বিগ্রহ-শ্রীকৃষ্ণের সেবাপরা বৃত্তি নহে, পরন্তু শ্রীকৃষ্ণ ব্যতীত অন্য বস্তুর সুখতাৎপর্য্য-বিশিষ্ট। 'প্রেম'—কেবলমাত্র শ্রীকৃষ্ণের সুখতাৎপর্য্য ও কৃষ্ণসেবাময়। গোপীর কামের নামই 'প্রেম', যেহেতু গোপিকা নিজেন্দ্রিয় সুখপরা নহেন, কেবল কৃষ্ণসুখের জন্য সজাতীয়-সখীর দ্বারা সেবা করাইয়া এবং তাদৃশী সখীর দ্বারা কৃষ্ণসেবায় নিযুক্ত হইয়া কৃষ্ণ-কাম স্বীকার করেন মাত্র। আদি ৪র্থ পঃ ১৬১-১৬৬ সংখ্যা দ্রষ্টব্য।

** কেবলাদ্বৈতবাদিগণের কল্পনা-নির্ম্মিত-বিগ্রহ 'অজ্ঞান-সমষ্টি'র অধিষ্ঠাতারূপ ঈশ্বর—'অজ্ঞান-ব্যষ্টি'র অধিষ্ঠাতা ও মলিন-সত্ত্বের বিকার-রূপ জীব প্রভৃতি বিভূতিযুক্ত হইলেও তিনি ক্লীববৎ নিত্য-সত্য-বিলাসরহিত। বিশিষ্টাদ্বৈতবাদিগণের আরাধ্য নিত্যসচ্চিদানন্দবিগ্রহ ঈশ্বর—নিত্য চিদানন্দময় ও স্বগত-স্বজাতীয়-বিজাতীয় নিত্য-সবিশেষ বিভূতিসকলের সহিত শান্ত, দাস্য ও সখ্যের সার্দ্ধদ্বয় (আড়াই) রস পুষ্টি করেন। পরিপূর্ণ-সুখস্বরূপ শ্রীবৃষভানুনন্দিনী ও শ্রীব্রজেন্দ্রনন্দন স্বয়ং প্রকাশিত রূপ হইয়াও (অর্থাৎ অন্যাপেক্ষারহিত হইয়াও) সখীগণের সহিত নিত্যরসের পুষ্টি করিয়া থাকেন, এই অর্থ।*

তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিংস্বিৎ
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ ॥ ২১৮ ॥

রাগানুগা-ভক্তির পরিচয় ঃ—

সেই গোপীভাবামৃতে যাঁর লোভ হয় ।
বেদধর্ম্ম ত্যজি' সে কৃষ্ণকে ভজয় ॥ ২১৯ ॥
রাগানুগ-মার্গে তাঁরে ভজে যেই জন ।
সেই জন পায় ব্রজে ব্রজেন্দ্রনন্দন ॥ ২২০ ॥
ব্রজলোকের কোন ভাব লঞা যেই ভজে ।
ভাবযোগ্য দেহ পাঞা কৃষ্ণ পায় ব্রজে ॥ ২২১ ॥

রাগমার্গে শ্রুতিগণের কৃষ্ণপ্রাপ্তি ঃ—

তাহাতে দৃষ্টান্ত—উপনিষদ্ শ্রুতিগণ ।
রাগমার্গে ভজি' পাইল ব্রজেন্দ্রনন্দন ॥ ২২২ ॥

গোপীর আনুগত্যে শ্রুতির কৃষ্ণের মধুর-সেবা লাভ ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।৮৭।২৩)—

নিভৃতমরুন্মনোঽক্ষদৃঢ়যোগযুজো হৃদি য-
ন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ ।
স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্ত-ধিয়ো
বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রিসরোজসুধাঃ ॥ ২২৩ ॥

শ্লোকস্থিত শব্দের অর্থ ঃ—

'সমদৃশঃ'-শব্দে কহে 'সেই ভাবে অনুগতি' ।
'সমাঃ'-শব্দে কহে শ্রুতির গোপীদেহ-প্রাপ্তি ॥ ২২৪ ॥
'অঙ্ঘ্রিপদ্মসুধা'য় কহে 'কৃষ্ণসঙ্গানন্দ' ।
বিধিমার্গে না পাইয়ে ব্রজে কৃষ্ণচন্দ্র ॥ ২২৫ ॥

রাগাত্মিকা ভক্তির মহিমা ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।৯।২১)—

নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ ।
জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ ॥ ২২৬ ॥

নিবৃত্তানর্থ-ভক্তের রাগানুগভজন-প্রণালী ঃ—

অতএব গোপীভাব করি' অঙ্গীকার ।
রাত্রি-দিন চিন্তে রাধাকৃষ্ণের বিহার ॥ ২২৭ ॥
সিদ্ধদেহে চিন্তি' করে তাঁহাঞি সেবন ।
সখীভাবে পায় রাধাকৃষ্ণের চরণ ॥ ২২৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২১৯-২২০। চতুঃষষ্টি ভজনাঙ্গরূপ বৈধভক্তি ; তৎপ্রতি নির্ম্মল শ্রদ্ধা থাকিলেই তাহাতে অধিকার জন্মে। ব্রজজনের কৃষ্ণপ্রতি যে স্বাভাবিক রাগ, তদ্দর্শনে সেই পথে যাঁহাদের লোভ হয়, তাঁহাদিগকে সেই গোপীভাবামৃত-লোভই রাগানুগ-মার্গে অধিকার দিয়া থাকে। রাগানুগমার্গ-ভজনে বর্ণাশ্রমাদি-বৈদিক-ধর্ম্মে আসক্তি-ত্যাগ সহজে প্রয়োজন।

২২১-২২২। ব্রজে রক্তক-পত্রকাদি কৃষ্ণদাস, শ্রীদাম-সুবলাদি কৃষ্ণসখা, নন্দ-যশোদাদি কৃষ্ণের পিতামাতা, ইঁহারা নিজ-নিজ-রসভাবে কৃষ্ণকে ভজন করেন। ব্রজরসভজনে প্রবৃত্তি হইলে উক্ত কোন রসবিশেষে যাঁহার লোভ হয়, তিনি সেই ভাবযোগ্য চিৎস্বরূপ লাভ করিয়া সিদ্ধিকালে কৃষ্ণকে প্রাপ্ত হন; —উপনিষদ্ বা শ্রুতিগণই ইহার দৃষ্টান্ত। শ্রুতিগণ দেখিলেন, গোপীগণের আনুগত্য না করিলে ব্রজে কৃষ্ণভজনের অধিকার পাওয়া যায় না, তখন তাঁহারা গোপীর আনুগত্য গ্রহণ করত রাগমার্গে গোপীদেহে ব্রজেন্দ্রনন্দনকে ভজিয়াছিলেন।

অনুভাষ্য

২১৮। আদি ৪র্থ পঃ ১৭৩ সংখ্যা দ্রষ্টব্য।

২২০-২২২। রাগানুগ-মার্গ—আদি ৪র্থ পঃ ১৬৭-১৬৯, ১৭৫ সংখ্যা ও মধ্য ২২ পঃ ১৪৫-১৬২ সংখ্যা দ্রষ্টব্য।

২২৩। জনলোকে ব্রহ্মসত্র-যজ্ঞে শ্রোতা ঋষিবর্গের নিকট সনন্দনের শ্রুতিগণকর্ত্তৃক ভগবানের স্তব-বর্ণন,—

নিভৃতমরুন্মনোঽক্ষদৃঢ়যোগযুজঃ (মরুৎ প্রাণশ্চ মনঃ চ অক্ষাণি ইন্দ্রিয়াণি চ নিভৃতানি সংযমিতানি যৈঃ তে সংযতবায়ু-

অমৃতপ্রবাহ ভাষ্য

২২৩। মুনিগণ প্রাণায়ামদ্বারা নিশ্বাস জয়পূর্ব্বক মন ও ইন্দ্রিয়দিগকে দৃঢ়রূপে যোগযুক্ত করিয়া হৃদয়ে যে ব্রহ্মের উপাসনা করিয়াছিলেন, ভগবানের শত্রুসকলও তাঁহার অনুধ্যান-বলে সেই ব্রহ্মে প্রবেশ করিয়াছিল। ব্রজস্ত্রীগণ শ্রীকৃষ্ণের সর্প-শরীরতুল্য ভুজদণ্ডের সৌন্দর্য্যরূপ তীব্রবিষকর্ত্তৃক হতবুদ্ধি হইয়া তাঁহার পাদপদ্মসুধা লাভ করিয়াছিলেন। আমরাও সেই গোপীদেহ লাভ করিয়া গোপীভাবে তাঁহার পাদপদ্মসুধা পান করিয়াছি।

২২৪-২২৫। শ্লোকের চতুর্থপাদে 'সমদৃশঃ'-শব্দে 'গোপী-ভাবে অনুগতি' ব্যাখ্যা করে এবং 'সমাঃ'-শব্দে শ্রুতিগণের 'গোপীদেহ-প্রাপ্তি' ব্যাখ্যা করে। 'অঙ্ঘ্রিসরোজসুধা'-শব্দে 'কৃষ্ণ-সঙ্গানন্দ' ব্যাখ্যা করে।

২২৬। যশোদাপুত্র ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তিমান্ দেহিগণের পক্ষে যেরূপ সুলভ, আত্মভূত জ্ঞানিগণের পক্ষে সেরূপ নন।

অনুভাষ্য

হৃদয়েন্দ্রিয়াঃ, দৃঢ়যোগং যুঞ্জন্তীতি দৃঢ়যোগযুজশ্চ তে তথাভূতাঃ অবিচলিতপরানুরক্তাঃ) মুনয়ঃ যৎ (তত্ত্বং) হৃদি উপাসতে (অনু-ভবন্তি), তৎ অরয়ঃ (কৃষ্ণবিদ্বেষিণঃ) অপি [তব] স্মরণাৎ (বৈরভাবেন চিন্তনাৎ) যযুঃ (নির্ব্বিশেষতাং প্রাপুঃ) ; উরগেন্দ্র-ভোগভুজদণ্ডবিষক্তধিয়ঃ (উরগেন্দ্রস্য সর্পস্য ভোগঃ দেহঃ তত্তুল্যয়োর্ভুজদণ্ডয়োঃ বিষক্তা ধীঃ যাসাং তাঃ) স্ত্রিয়ঃ, বয়ম্ অপি সমাঃ (গোপীকায়ব্যূহেন তত্তুল্যরূপাঃ) সমদৃশঃ (তদ্ভাবানু-

গোপীর আনুগত্য বিনা কৃষ্ণপ্রাপ্তি অসম্ভব ঃ—

গোপী-আনুগত্য বিনা ঐশ্বর্য্যজ্ঞানে।
ভজিলেহ নাহি পায় ব্রজেন্দ্রনন্দনে ॥ ২২৯ ॥

গোপীর আনুগত্য ছাড়িয়া লক্ষ্মীর রাসবিলাস-প্রাপ্তির অযোগ্যতা ঃ—

তাহাতে দৃষ্টান্ত—লক্ষ্মী করিল ভজন।
তথাপি না পাইল ব্রজে ব্রজেন্দ্রনন্দন ॥" ২৩০ ॥

শ্রীমদ্ভাগবত (১০।৪৭।৬০)—

নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ
স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ।
রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ-
লব্ধাশিষাং য উদগাদ্ব্রজসুন্দরীণাম্ ॥ ২৩১ ॥

প্রভু ও রায়ের প্রেম-ক্রন্দন ঃ—

এত শুনি' প্রভু তাঁরে কৈল আলিঙ্গন।
দুই জনে গলাগলি করেন ক্রন্দন ॥ ২৩২ ॥

উভয়ের রাত্রে একত্র বাস, পরদিন প্রাতে স্বকার্য্যে গমন ঃ—

এইমত প্রেমাবেশে রাত্রি গোঙাইলা।
প্রাতঃকালে নিজ-নিজ কার্য্যে দুঁহে গেলা ॥ ২৩৩ ॥

রায়ের দৈন্য ও প্রভুর সঙ্গ প্রার্থনা ঃ—

বিদায়-সময়ে প্রভুর চরণে ধরিয়া।
রামানন্দ রায় কহে বিনতি করিয়া ॥ ২৩৪ ॥

"মোরে কৃপা করিতে তোমার ইঁহা আগমন।
দিন দশ রহি' শোধ মোর দুষ্ট মন ॥ ২৩৫ ॥
তোমা বিনা অন্য নাহি জীব উদ্ধারিতে।
তোমা বিনা অন্য নাহি কৃষ্ণপ্রেম দিতে ॥" ২৩৬ ॥

প্রভুকর্ত্তৃক রায়ের স্তুতি ও তদ্বশ্যতাঙ্গীকার ঃ—

প্রভু কহে,—"আইলাঙ শুনি' তোমার গুণ।
কৃষ্ণকথা শুনি, শুদ্ধ করাইতে মন ॥ ২৩৭ ॥
যৈছে শুনিলুঁ, তৈছে দেখিলুঁ তোমার মহিমা।
রাধাকৃষ্ণ-প্রেমরস-জ্ঞানের তুমি সীমা ॥ ২৩৮ ॥
দশ দিনের কা-কথা, যাবৎ আমি জীব'।
তাবৎ তোমার সঙ্গ ছাড়িতে নারিব ॥ ২৩৯ ॥

নীলাচলে প্রভুর রায়ের সঙ্গ-বাঞ্ছা ঃ—

নীলাচলে তুমি-আমি থাকিব একসঙ্গে।
সুখে গোঙাইব কাল কৃষ্ণকথা-রঙ্গে ॥" ২৪০ ॥

স্ব-স্ব-কার্য্যান্তে সন্ধ্যায় উভয়ের মিলন ঃ—

এত বলি' দুঁহে নিজ-নিজ কার্য্যে গেলা।
সন্ধ্যাকালে রায় পুনঃ আসিয়া মিলিলা ॥ ২৪১ ॥

উভয়ের ইষ্টগোষ্ঠী ঃ—

অন্যোন্যে মিলি' দুঁহে নিভৃতে বসিয়া।
প্রশ্নোত্তর-গোষ্ঠী কহে আনন্দিত হঞা ॥ ২৪২ ॥

অনুভাষ্য

গত-ভাবময়াঃ) তে (তব) অঙ্ঘ্রিসরোজসুধাঃ (পাদপদ্মং সুষ্ঠু ধারয়ন্ত্যঃ সত্যঃ) [তৎ ত্বদ্রূপং তত্ত্বং যযিমেতি শেষঃ]।

২২৩-২২৫। মধ্য ৯ম পঃ ১৩৩-১৩৪ সংখ্যা দ্রষ্টব্য।

২২৬। যশোদার কৃষ্ণবশকারিতা-গুণ-দর্শনে শ্রীশুকদেব পরীক্ষিতের নিকট ব্রজললনাগণের অপ্রাকৃত সহজ রাগাত্মিকা ভক্তির মাহাত্ম্য বর্ণন করিতেছেন,—

অয়ং (গোপিকাসুতঃ যশোদানন্দনঃ) ভগবান্ ইহ যথা ভক্তিমতাং (রাগমার্গেণ ভজনকারিণাং) সুখাপঃ (অনায়াস-লভ্যঃ), দেহিনাং (দেহাভিমানিনাম্) আত্মভূতানাং (তপোব্রত-পরাণাং জড়বিরাগযুক্তাত্মারামাণাং) জ্ঞানিনাং চ তথা ন [সুখাপঃ ইতি শেষঃ]।

২২৮। সিদ্ধদেহ—বর্ত্তমান জড়দেহ ও মানস সূক্ষ্মদেহের অতিরিক্ত চিন্ময় রাধাকৃষ্ণ-সেবনোপযোগী দেহ। যেরূপ জড়-কর্ম্মফলে জীব জড়দেহ লাভ করেন, আবার কালে সেই দেহ পরিবর্ত্তিত হইয়া স্থূল-ভোগবাসনায় পুনরায় জড়দেহ প্রাপ্ত হন, যেরূপ সূক্ষ্ম জড়ভোগ-বাসনায় মানস-লিঙ্গদেহ পরিগ্রহণপূর্ব্বক মনের দ্বারা জড়বিষয় ভোগ করিয়া পুনরায় তাদৃশ পরিবর্ত্তিত সূক্ষ্ম শরীর লাভ করেন, তদ্রূপ শুদ্ধজীবাত্মা কাম-ভোগবাসনা-

অনুভাষ্য

বলে জড়ভোগ্য দেবীধামে জন্মগ্রহণ করিয়া কালক্ষুব্ধ স্থূল-সূক্ষ্মদেহদ্বয় পরিগ্রহণের পরিবর্ত্তে চিন্ময়-গোলোকে বা বৈকুণ্ঠে নিত্যকাল চিন্ময় দেহদ্বয়লাভ করেন এবং তদ্দ্বারা কৃষ্ণসুখ-তাৎপর্য্যবিশিষ্ট হইয়া রাধাকৃষ্ণের অপ্রাকৃত সেবা করিয়া থাকেন। জড়াতীত বা নিজভোগাতীত বস্তুর চিন্তা করিতে, জড় বা সূক্ষ্ম দেহ—অক্ষম, তজ্জন্য ত্রিগুণাতীত ভক্ত অপ্রাকৃত-কৃষ্ণগুণাকৃষ্ট হইয়া তদুপযোগী নিজ সিদ্ধদেহস্থ অপ্রাকৃত-ইন্দ্রিয়ের সাহায্যে অপ্রাকৃত-বস্তুর চিন্তা করিয়া অপ্রাকৃত-সেবা করিতে করিতে অপ্রাকৃত-সখীভাবানুগত্যে অপ্রাকৃত রাধাকৃষ্ণ-চরণ লাভ করেন। মধ্য, ২২ পঃ ১৫২-১৫৬, ১৬০ সংখ্যা দ্রষ্টব্য।

২২৯। ঐশ্বর্য্যবুদ্ধিতে বিধিমার্গে ব্রজেন্দ্রনন্দনের ভজন হয় না। মাধুর্য্যাকর্ষণে গোপীর অনুগত হইয়া ভজন করিলেই কৃষ্ণলাভ ঘটে। আদি, ৪র্থ ১৭৬ পঃ ও মধ্য ৯ম পঃ ১৩০-১৩৫, ১৩৭ সংখ্যা দ্রষ্টব্য।

২৩০। মধ্য, ৯ম পঃ ১১১-১৫৫ এবং ১৪ পঃ ১২২-১২৩ সংখ্যা দ্রষ্টব্য।

২৩১। মধ্য, ৮ম পঃ ৮০ সংখ্যা দ্রষ্টব্য।

প্রভু-রামানন্দ-সংলাপ ; প্রভুর প্রশ্ন, রায়ের উত্তর ঃ—

প্রভু পুছে, রামানন্দ করেন উত্তর ।
এই মত সেই রাত্রে কথা পরস্পর ॥ ২৪৩ ॥

(১) কৃষ্ণভক্তিই পরা বিদ্যা ঃ—

প্রভু কহে,—"কোন্ বিদ্যা বিদ্যা-মধ্যে সার ?"
রায় কহে,—"কৃষ্ণভক্তি-বিনা বিদ্যা নাহি আর ॥"২৪৪॥

(২) কৃষ্ণদাস্যই সর্ব্বশ্রেষ্ঠ যশঃ বা প্রতিষ্ঠা ঃ—

'কীর্ত্তিগণ-মধ্যে জীবের কোন্ বড় কীর্ত্তি?'
'কৃষ্ণভক্তি বলিয়া যাঁহার হয় খ্যাতি ॥' ২৪৫ ॥

(৩) রাধাগোবিন্দে প্রেমভক্তিই পরম ধন ঃ—

'সম্পত্তির মধ্যে জীবের কোন্ সম্পত্তি গণি ?'
'রাধাকৃষ্ণে প্রেম যাঁর, সেই বড় ধনী ॥' ২৪৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪৪-২৫৬। "প্রভু কহে,—কোন্ বিদ্যা" হইতে আরম্ভ হইয়া "স্থাবরদেহ, দেব-দেহ যৈছে অবস্থিতি" পর্য্যন্ত প্রত্যেক পদ্যের প্রথম পংক্তিটী প্রভুর প্রশ্ন, দ্বিতীয় পংক্তিটী রায়ের উত্তর। চৈতন্যচন্দ্রোদয়-নাটকে ৭ম অঙ্কে এই কথোপকথনটী আছে।

অনুভাষ্য

২৩৮। রাধাকৃষ্ণ-প্রেমরসের স্বরূপ তুমিই জানিয়াছ। সেই জ্ঞানে তুমি পারঙ্গত সিদ্ধ, সুতরাং তুমিই শেষ-সীমা।

২৪২। গোষ্ঠী—সংলাপ।

২৪৪-২৫৬। ২৪৪ সংখ্যা হইতে ২৫৬ সংখ্যা পর্য্যন্ত প্রশ্নসমূহের উত্তরে জড়বস্তু ও অপ্রাকৃত বস্তুর বিচার-তারতম্যে জড়বিচারের হেয়তা ও জড়স্বার্থশূন্য কেবল-কৃষ্ণ-তাৎপর্য্যবিশিষ্ট অপ্রাকৃত গোলোকের বস্তু বা বিষয়সমূহের শ্রেষ্ঠতা কথিত হইয়াছে।

২৪৪। বিদ্যার শ্রেষ্ঠতা-বিষয়ক প্রশ্নে রায়ের উত্তর এই যে, কৃষ্ণভক্তি-বিদ্যাই সর্ব্বোত্তমা। জড়ভোগ-জননী বিদ্যা ও জড়াতীত ব্রহ্মবিদ্যা অপেক্ষা বিষ্ণুভক্তি-বিদ্যার উন্নতস্তরে কৃষ্ণভক্তি-বিদ্যা। (ভাঃ ৪।২৯।৫০)—"তৎ কর্ম্ম হরিতোষণং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া" ; (ভাঃ ৭।৫।২৩-২৪)—"শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্ম-নিবেদনম্।। ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্।।" (ভাঃ ১১।১৯।৪০)—"বিদ্যাত্মনি ভিদোবাধঃ"। *

২৪৫। 'কৃষ্ণভক্ত'-খ্যাতিই সর্ব্বাপেক্ষা অধিক কীর্ত্তি। জড়বিষয়লোলুপতাক্রমে জীব জড়ের স্থূল সেবনকেই বহুমানন করেন। দেবীধামের কোন পরিচয়ে অনিত্যভাবে কীর্ত্তিত হওয়া বা জড়াতীত-রাজ্যে 'ব্রহ্মজ্ঞ' বলিয়া খ্যাতিলাভের অপেক্ষা 'বিষ্ণুভক্ত' বলিয়া খ্যাতির শ্রেষ্ঠত্ব ; তাহার উন্নতস্তরে 'কৃষ্ণভক্ত' বলিয়া খ্যাতি। (গারুড়ে শক্রোক্তি)—'কলৌ ভাগবতং নাম দুর্ল্লভং নৈব লভ্যতে। ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং মম।।" (ইতিহাস-সমুচ্চয়ে শ্রীনারদ-পুণ্ডরীক-সংবাদে)—"জন্মান্তর-সহস্রেষু যস্য স্যাদ্ বুদ্ধিরীদৃশী। 'দাসোঽহং বাসুদেবস্য' সর্ব্ব-ল্লোকান্ সমুদ্ধরেৎ।।" (আদিপুরাণে কৃষ্ণার্জ্জুন-সংবাদে)—"ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ।" (বৃহন্নারদীয়ে)—"অদ্যাপি চ মুনিশ্রেষ্ঠা ব্রহ্মাদ্যা অপি দেবতাঃ। প্রভাবং ন বিজানন্তি বিষ্ণুভক্তিরতাত্মনাম্।।" (গারুড়ে)—'ব্রাহ্মণানাং সহস্রেভ্যঃ সত্রযাজী বিশিষ্যতে। সত্রযাজি-সহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ। সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে। বৈষ্ণবানাং সহস্রেভ্যো একান্তেকো বিশিষ্যতে। একান্তিনস্তু পুরুষা গচ্ছন্তি পরমং পদম্।।" (ভাঃ ৩।১৩।৪)—"শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ। তত্তদ্‌গুণানুশ্রবণং মুকুন্দ-পাদারবিন্দং হৃদয়েষু যেষাম্।।" নারায়ণব্যূহ-স্তবে—"নাহং ব্রহ্মাপি ভূয়াসং ত্বদ্ভক্তিরহিতো হরে। ত্বয়ি ভক্তস্তু কীটোঽপি ভূয়াসং জন্মজন্মসু।।"* এবং ভাঃ ৩।২৫।৩৮, ৪।২৪।২৯, ৪।৩১।২২, ৭।৯।২৪, ১০।১৪।৩০ প্রভৃতি দ্রষ্টব্য।

তন্মধ্যে প্রহ্লাদ-খ্যাতি—যথা স্কান্দে শ্রীরুদ্রবাক্য—'ভক্ত

** তাহাই কর্ম্ম, যাহা হরিতোষণকর এবং তাহাই বিদ্যা, যদ্দ্বারা শ্রীহরিতে মতি লাভ হয় (ভাঃ ৪।২৯।৫০) ; "শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন—এই নবলক্ষণ ভক্তিকে যিনি বিষ্ণুতে সাক্ষাৎ অর্পণ করিতে পারেন, তিনিই শাস্ত্রে উত্তম পণ্ডিত।" (ভাঃ ৭।৫।২৩-২৪) ; জীবে অবিদ্যাকৃত যে ভেদ অর্থাৎ অনাত্মত্ব, তাহার নিরাসই 'বিদ্যা' (ভাঃ ১১।১৯।৪০)।*

** (গরুড়-পুরাণে ইন্দ্রের উক্তি,—) 'আমার শ্রীগুরুদেব বলিয়াছেন যে, ব্রহ্ম-রুদ্রাদি-পদ অপেক্ষাও উৎকৃষ্ট যে দুর্ল্লভ ভাগবত-নামক পদ, তাহা কলিযুগে লাভ হয় না। (ইতিহাস-সমুচ্চয়ে)— সহস্র সহস্র জন্মের পর যাঁহার 'আমি শ্রীবাসুদেবের দাস'—এইপ্রকার বুদ্ধি হইয়া থাকে, তিনি সমস্ত লোক সম্যক্ উদ্ধার করেন। (আদি-পুরাণে)—শ্রুতিগণসহ সালোক্যাদি মুক্তিগণ ভক্তগণের অনুগমন করেন। (বৃহন্নারদীয় পুরাণ)—বিষ্ণুভক্তিরত ব্যক্তিগণের প্রভাব আজ পর্য্যন্তও মুনিবরগণ এবং ব্রহ্মাদি দেবতাগণ বিশেষভাবে জানিতে পারেন নাই। (গরুড়-পুরাণে)—সহস্র ব্রাহ্মণ অপেক্ষা একজন সাবিত্র্য-ব্রাহ্মণ শ্রেষ্ঠ ; সহস্র সাবিত্র্য-ব্রাহ্মণ অপেক্ষা একজন সর্ব্ববেদান্তবিদ্-ব্রাহ্মণ শ্রেষ্ঠ ; কোটি বেদান্তবিদ্-ব্রাহ্মণ অপেক্ষা একজন বিষ্ণুভক্ত শ্রেষ্ঠ। সহস্র বৈষ্ণবগণ-মধ্যে একজন ঐকান্তিক ভক্ত শ্রেষ্ঠ। ঐকান্তিক পুরুষগণই পরম-পদ লাভ করিয়া থাকেন। (শ্রীমদ্ভাগবতে ৩।১৩।৪)—যাঁহাদের হৃদয়ে শ্রীমুকুন্দ-চরণকমল বিরাজমান্, তাঁহাদের গুণানুবাদ-শ্রবণই—জীবের বহু*

(৪) কৃষ্ণভক্ত-বিচ্ছেদই তীব্রতম দুঃখ ঃ—

'দুঃখ-মধ্যে কোন্ দুঃখ হয় গুরুতর?'
'কৃষ্ণভক্ত-বিরহ বিনা দুঃখ নাহি দেখি পর ॥' ২৪৭ ॥

অনুভাষ্য

এব হি তত্ত্বেন কৃষ্ণং জানাতি ন ত্বহম্। সর্ব্বেষু হরিভক্তেষু প্রহ্লাদোঽতিমহত্তমঃ।।"—(ভাঃ ৭।৯।২৬ ও ৭।১০।২১); তদপেক্ষা পাণ্ডবগণের শ্রেষ্ঠতা—(ভাঃ ৭।১০।৪৮-৫০, ৭।১৫।৭৫-৭৭); তদপেক্ষা যদুগণের শ্রেষ্ঠতা—(ভাঃ ১০।৮১।২৮, ৩০) তন্মধ্যে উদ্ধবের সর্ব্বশ্রেষ্ঠতা—(ভাঃ ৩।৪।৩১, ১১।১৪।১৫, ১১।১৬।২৯); তদপেক্ষা ব্রজদেবীগণের শ্রেষ্ঠত্ব—(ভাঃ ১০।৪৭।৫৮); 'বৃহদ্বামনে' ভৃগুপ্রভৃতি ঋষিগণের প্রতি ব্রহ্মার বাক্য—"ষষ্ঠিবর্ষ-সহস্রাণি ময়া তপ্তং তপঃ পুরা। নন্দগোপ-ব্রজস্ত্রীণাং পাদরেণূপলব্ধয়ে।। তথাপি ন ময়া প্রাপ্তাস্তাসাং বৈ পাদরেণবঃ। নাহং শিবশ্চ শেষশ্চ শ্রীশ্চ তাভিঃ সমাঃ ক্বচিৎ।।" আদিপুরাণে শ্রীভগবদ্বাক্য,—"ন তথা মে প্রিয়তমো ব্রহ্মা রুদ্রশ্চ পার্থিব। ন চ লক্ষ্মীর্ন চাত্মা চ যথা গোপীজনো মম।।"* তন্মধ্যে শ্রীরাধিকার সর্ব্বশ্রেষ্ঠত্ব। শ্রীরাধার প্রিয়তম সেবকবর, শ্রীগৌরাঙ্গের অত্যন্ত অন্তরঙ্গ সেবক শ্রীল রূপগোস্বামিপ্রভুর যাঁহারা একান্ত অনুগত, তাঁহারাই "রূপানুগ'-নামে খ্যাত;

(৫) কৃষ্ণপ্রেমিক সর্ব্বশ্রেষ্ঠ মুক্ত ঃ—

'মুক্ত-মধ্যে কোন্ জীব মুক্ত করি' মানি?'
'কৃষ্ণপ্রেম যাঁর, সেই মুক্ত-শিরোমণি ॥' ২৪৮ ॥

অনুভাষ্য

তাঁহাদের ঐশ্বর্য্য-সম্বন্ধে শ্রীচৈতন্যচন্দ্রামৃতে—"আস্তাং বৈরাগ্য-কোটির্ভবতু শম-দম-ক্ষান্তি-মৈত্র্যাদিকোটিস্তত্ত্বানুধ্যান কোটির্ভবতু ভবতু বা বৈষ্ণবী ভক্তিকোটিঃ। কোট্যাংশোঽপ্যস্য ন স্যাত্তদপি গুণগণো যঃ স্বতঃসিদ্ধ আস্তে শ্রীমচ্চৈতন্যচন্দ্র-প্রিয়-চরণ-নখ-জ্যোতিরামোদ-ভাজাম্।।"✱

২৪৬। জীব জড়ভোগ-পরায়ণ হইয়া অধিক ভোগবাসনা-পরিতর্পণকারী ধনকেই প্রাপ্যের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া জ্ঞান করেন। কিন্তু সম্পত্তির তারতম্য-বিচারে সূক্ষ্ম অপ্রাকৃত-বুদ্ধিতে রাধাকৃষ্ণ-প্রেমের তুল্য সম্পত্তি আর কিছুই নাই।

(ভাঃ ১০।৩৯।২)—'কিমলভ্যং ভগবতি প্রসন্নে শ্রীনিকেতনে। তথাপি তৎপরা রাজন্ন হি বাঞ্ছন্তি কিঞ্চন।।"★

২৪৭। (ভাঃ ৩।৩০।৬)—"মামনারাধ্য দুঃখার্ত্তঃ কুটুম্বাসক্ত-মানসাঃ। সৎসঙ্গ-রহিতো মর্ত্ত্যো বৃদ্ধসেবা-পরিচ্যুতঃ।।"

(বৃঃ ভাঃ ৫।৪৪)—"স্ব-জীবনাধিকং প্রার্থ্যং শ্রীবিষ্ণুজন-সঙ্গতঃ। বিচ্ছেদেন ক্ষণং চাত্র ন সুখাংশং লভামহে।।"✚

আয়াসসাধ্য বেদ-অধ্যয়নের ফল, ইহা পণ্ডিতগণ বলিয়া থাকেন। (নারায়ণ-ব্যূহ-স্তবে)—হে কৃষ্ণ! তোমাতে ভক্তিশূন্য হইয়া আমি ব্রহ্মা হইতেও চাহি না, বরং জন্মে জন্মে তোমার প্রতি ভক্তিযুক্ত হইয়া কীট হইতেও ইচ্ছা করি।

* *(স্কান্দে রুদ্রবাক্য,—) 'ভক্তই কৃষ্ণকে তত্ত্বসহ জানেন, আমি জানি না। সমস্ত হরিভক্তগণ-মধ্যে প্রহ্লাদ সর্ব্বশ্রেষ্ঠ।' প্রহ্লাদ অপেক্ষা পাণ্ডবগণের শ্রেষ্ঠতা—"যূয়ং নৃলোকে বত ভূরিভাগা, লোকং পুনানাং মুনয়োঽভিযন্তি। যেষাং গৃহানাবসতীতি সাক্ষাদ্ গূঢ়ং পরংব্রহ্ম মনুষ্য-লিঙ্গম্।।" (ভাঃ ৭।১০।৪৮)—শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে প্রহ্লাদ-চরিত্র কীর্ত্তনানন্তর বলিলেন,—'এই নরলোকে তোমরা অতিশয় ভাগ্যবান্, কারণ তোমাদের গৃহে মনুষ্যরূপী সাক্ষাৎ পরব্রহ্ম শ্রীকৃষ্ণ গূঢ়রূপে বাস করেন, ইহা জানিয়াই ভুবনপাবন মুনিগণ সর্ব্বদা তোমাদের গৃহে গমনাগমন করেন।' পাণ্ডবগণ অপেক্ষাও যদুগণের শ্রেষ্ঠতা—"অহো ভোজপতে যূয়ং জন্মভাজো নৃণামিহ। যৎ পশ্যথাসকৃৎ কৃষ্ণং দুর্দ্দর্শমপি যোগিনাম্।।" (ভাঃ ১০।৮২।২৮) পাণ্ডবগণ বলিলেন,—'হে ভোজরাজ উগ্রসেন, আপনারাই পৃথিবীতে মানবগণের মধ্যে সার্থকজন্মা, যেহেতু আপনারা যোগিগণেরও দুর্ল্লভদর্শন ভগবান্ শ্রীকৃষ্ণকে নিরন্তর দর্শন করিতে সমর্থ হইয়াছেন।' যদুগণ-মধ্যে উদ্ধব শ্রেষ্ঠ—"ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্।।" (ভাঃ ১১।১৪।১৫) শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিলেন,—'তুমি আমার যেরূপ প্রিয়তম, ব্রহ্মা, শঙ্কর, সঙ্কর্ষণ, লক্ষ্মী, এমনকি নিজস্বরূপও সেরূপ নহে।' উদ্ধব অপেক্ষা ব্রজদেবীগণের শ্রেষ্ঠত্ব—"এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো, গোবিন্দ এব নিখিলাত্মনি রূঢ়ভাবাঃ। বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ, কিং ব্রহ্মজন্মভিরনন্ত-কথারসস্য।।" (ভাঃ ১০।৪৭।৫৮) শ্রীউদ্ধব বলিলেন,—'নিখিল জীবের আত্মস্বরূপ শ্রীকৃষ্ণে পরমপ্রেমবতী এই গোপীগণেরই জন্ম সার্থক। মুমুক্ষু মুনিগণ এবং আমরা ভক্তগণও সেইরূপ ভাব প্রার্থনা করিয়া থাকি। অতএব কৃষ্ণকথা-রসিকগণের ব্রহ্মাদি-জন্মেই বা কি?' (বৃহদ্বামনে ব্রহ্মার উক্তি)—'নন্দগোপ-ব্রজবধূগণের চরণরেণু লাভের জন্য আমি পূর্ব্বে ষাটহাজার বৎসর তপস্যা করিয়াছিলাম, তথাপি তাঁহাদের চরণরেণু প্রাপ্ত হই নাই। আমি শিব, শেষ বা লক্ষ্মী তাঁহাদের সহিত কোনপ্রকারে সমান নহি।' (আদিপুরাণে ভগবদ্বাক্য)—হে রাজন্, গোপীজন আমার যেরূপ প্রিয়তম, সেরূপ ব্রহ্মা, রুদ্র, লক্ষ্মী এমনকি আমিও নহি।'*

✱ *কোটি বৈরাগ্য থাকুক, কোটি শম, দম, ক্ষান্তি, মৈত্র প্রভৃতি হউক, কোটি ব্রহ্মধ্যান হউক্ অথবা কোটি বিষ্ণুভক্তি থাকুক্—কিন্তু শ্রীচৈতন্যচন্দ্রের প্রিয় ভক্তগণের পদনখজ্যোতির আনন্দভাজন-দাসগণে যে স্বতঃসিদ্ধ গুণাবলী আছে, তাহার কোটিভাগের এক অংশও ঐসকল নহে।*

★ *সর্ব্বসম্পদের আকরস্বরূপ ভগবান্ প্রসন্ন হইলে আর কি অলভ্য থাকে? তথাপি হে রাজন্, ভক্তগণ কৃষ্ণপ্রেম-ধন ব্যতীত তাঁহার নিকট আর কিছুই প্রার্থনা করেন না। (ভাঃ ১০।৩৯।২)*

✚ *"আমাকে আরাধনা না করিয়া কুটুম্বাসক্তচিত্ত জীব সাধুসঙ্গরহিত ও পূর্ব্বসাধুসেবা হইতে বিচ্যুত হইয়া দুঃখার্ত্ত হইয়া পড়ে" (এই শ্লোক*

(৬) কৃষ্ণলীলাগানই শুদ্ধজীবাত্মার সহজ ধর্ম্ম ঃ—

'গান-মধ্যে কোন্ গান—জীবের নিজ ধর্ম্ম?'
'রাধাকৃষ্ণের প্রেমকেলি—যেই গীতের মর্ম্ম ॥'২৪৯ ॥

(৭) কৃষ্ণভক্তসঙ্গই জীবের একমাত্র নিঃশ্রেয়স ঃ—

'শ্রেয়ো-মধ্যে কোন্ শ্রেয়ঃ জীবের হয় সার?'
'কৃষ্ণভক্ত-সঙ্গ বিনা শ্রেয়ঃ নাহি আর ॥' ২৫০ ॥

(৮) কৃষ্ণই একমাত্র নিত্য স্মরণীয় ঃ—

'কাঁহার স্মরণ জীব করিবে অনুক্ষণ?'
'কৃষ্ণ'-নাম-গুণ-লীলা—প্রধান স্মরণ ॥' ২৫১ ॥

(৯) রাধাকৃষ্ণপাদপদ্মই একমাত্র ধ্যেয় ঃ—

'ধ্যেয়-মধ্যে জীবের কর্ত্তব্য কোন্ ধ্যান?'
'রাধাকৃষ্ণপদাম্বুজ-ধ্যান—প্রধান ॥' ২৫২ ॥

(১০) ব্রজই একমাত্র বাস্তব্য ঃ—

'সর্ব্ব ত্যজি' জীবের কর্ত্তব্য কাঁহা বাস?'
শ্রীবৃন্দাবন-ভূমি—যাঁহা নিত্য-লীলারাস ॥' ২৫৩ ॥

(১১) ব্রজই একমাত্র শ্রোতব্য ঃ—

'শ্রবণ-মধ্যে জীবের কোন্ শ্রেষ্ঠ শ্রবণ?'
'রাধাকৃষ্ণ-প্রেমকেলি কর্ণ-রসায়ন ॥' ২৫৪ ॥

(১২) হরেকৃষ্ণ-নামই একমাত্র কীর্ত্তনীয় ঃ—

'উপাস্যের মধ্যে কোন্ উপাস্য প্রধান?'
'শ্রেষ্ঠ-উপাস্য—যুগল 'রাধাকৃষ্ণ' নাম ॥' ২৫৫ ॥

(১৩) মুমুক্ষু ও বুভুক্ষুর গতি ঃ—

'মুক্তি, ভুক্তি বাঞ্ছে যেই, কাঁহা দুঁহার গতি?'
'স্থাবরদেহ, দেবদেহ যৈছে অবস্থিতি ॥' ২৫৬ ॥

অনুভাষ্য

২৪৮। (ভাঃ ৬।১৪।৪)—"মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণ-পরায়ণঃ। সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে।।"*

২৪৯। (ভাঃ ১০।৩৩।৩৬)—"অনুগ্রহায় ভক্তানাং মানুষং দেহমাশ্রিতঃ। ভজতে তাদৃশীঃ ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেৎ।।"*

২৫০। (ভাঃ ১১।২।২৮)—"অত আত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামো ভবতোঽনঘাঃ। সংসারেঽস্মিন্ ক্ষণার্দ্ধোঽপি সৎসঙ্গঃ সেবধির্নৃণাম্।।"✚

২৫১। (ভাঃ ২।২।৩৬)—"তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবন্নৃণাম্।।"★

২৫২। (ভাঃ ১।২।১৪) "তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদা।।"☆

২৫৩। (ভাঃ ১০।৪৭।৬১)—"আসামহো চরণরেণু জুষা-মহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধিনাম্। যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা ভেজুর্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্।।"*

২৫৪। (ভাঃ ১০।৩০।৩৯)—"বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ।।"◆

২৫৫। (ভাঃ ৬।৩।২২)—"এতাবানের লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্ম পরঃ স্মৃতঃ। ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ।।"✣

২৫৬। জড়ভোগহীন মুক্তিবাদিগণ চরমে চিৎক্রিয়াহীন অর্থাৎ সুপ্তচেতন স্থাবর দেহ এবং জড়ভোগযুক্ত ভুক্তিবাদিগণ পরলোকে ভোগোপযোগী দেবদেহ লাভ করেন।

"মুক্ত্যৈ যঃ প্রস্তরত্বায় শাস্ত্রমুচে মহামুনি। গৌতমং তং

উদ্ধৃত সংখ্যানুযায়ী মূলগ্রন্থে দৃষ্ট হয় না)। মহারাজ যুধিষ্ঠির, শ্রীনারদকে বলিলেন,—"নিজ-জীবন হইতেও অধিক প্রার্থনীয় যে শ্রীবিষ্ণুভক্ত-গণের সঙ্গ, সেই সঙ্গ-বিচ্ছেদে আমরা এই সংসারে ক্ষণকালের জন্যও কিছুমাত্র সুখলাভ করিতেছি না। (বৃঃ ভাঃ ১।৫।৫৪)।

** হে মহামুনে, কোটি মুক্ত ও সিদ্ধগণের মধ্যেও প্রশান্তাত্মা নারায়ণপরায়ণ ভক্ত অত্যন্ত দুর্ল্লভ ('কৃষ্ণভক্ত নিষ্কাম—অতএব শান্ত। ভুক্তি-মুক্তি-সিদ্ধকামী সকলই অশান্ত।।"))।*

** ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তগণের প্রতি অনুগ্রহ করিবারনিমিত্ত যে গোলোকগত রাসলীলা প্রপঞ্চে প্রকটিত করিয়াছেন, তাহা শ্রবণ করিয়া মনুষ্য দেহধারী প্রাণিমাত্রেই ভগবৎসেবাপর হইবে।*

✚ হে মহাপুরুষগণ, আপনাদের দুর্ল্লভ দর্শন লাভ করায় আত্যন্তিক মঙ্গলের কথা জানিতে ইচ্ছা করিতেছি। এই সংসারে যদি ক্ষণার্দ্ধ-কালও শুদ্ধভক্তসঙ্গ লাভ হয়, তবে তাহা জীবের পরমানন্দপ্রদ হইয়া থাকে।

★ অতএব হে রাজন্, মনুষ্যমাত্রেরই সর্ব্বাত্মাদ্বারা সর্ব্বত্র এবং সর্ব্বদা সেই শ্রীহরির নাম-গুণ-লীলাদি শ্রবণীয়, কীর্ত্তনীয় ও স্মরণীয়।

☆ সেইহেতু অচঞ্চলচিত্তে ভক্তগণের একমাত্র পতিস্বরূপ ভগবান্ শ্রীহরির নামাদি শ্রবণ, কীর্ত্তন, ধ্যান ও পূজা করা কর্ত্তব্য।

** শ্রীউদ্ধব বলিলেন,—দুস্ত্যজ স্বজনগণ ও আর্য্যপথ পরিত্যাগপূর্ব্বক যাঁহারা শ্রুতিগণেরও নিরন্তর অন্বেষণীয় শ্রীকৃষ্ণপদবীর সেবানিরত হইয়াছেন, অহো, আমি বৃন্দাবনে সেই গোপীগণের চরণরেণুভাক্ গুল্মলতাদির মধ্যে কোন একটী স্বরূপে জন্মলাভ ইচ্ছা করি।*

◆ ব্রজবধূগণের সহিত শ্রীকৃষ্ণের রাসক্রীড়া যে ধীরব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া অনুক্ষণ শ্রবণপূর্ব্বক অনুক্ষণ কীর্ত্তন করেন, তিনি অচিরে পরাভক্তি লাভ করিয়া হৃদ্রোগকাম অনতিবিলম্বে দূর করিতে সমর্থ হন।

✣ নামসঙ্কীর্ত্তনাদির দ্বারা ভগবান্ শ্রীবাসুদেবে যে ভক্তিযোগ—এই পর্য্যন্তই ইহজগতে জীবের 'পরমধর্ম্ম' বলিয়া কথিত হইয়া থাকে।

জ্ঞানী ও ভক্তের সাধন-বৈশিষ্ট্য ঃ—

অরসজ্ঞ কাক চুষে জ্ঞান-নিম্বফলে ।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্র-মুকুলে ॥ ২৫৭ ॥
অভাগিয়া জ্ঞানী আস্বাদয়ে শুষ্ক জ্ঞান ।
কৃষ্ণ-প্রেমামৃত পান করে ভাগ্যবান্ ॥ ২৫৮ ॥

কৃষ্ণকথালোচনায় উভয়ের রাত্রি-যাপন ঃ—

এইমত দুইজন কৃষ্ণকথা-রসে ।
নৃত্য-গীত-রোদনে হৈল রাত্রি-শেষে ॥ ২৫৯ ॥
দোঁহে নিজ নিজ-কার্য্যে চলিলা বিহানে ।
সন্ধ্যাকালে রায় আসি' মিলিলা আর দিনে ॥ ২৬০ ॥

পরদিন প্রভুপদে রায়ের নিবেদন ঃ—

ইষ্টগোষ্ঠী কৃষ্ণকথা কহি' কতক্ষণ ।
প্রভুপদ ধরি' রায় করে নিবেদন ॥ ২৬১ ॥
"'কৃষ্ণতত্ত্ব', 'রাধাতত্ত্ব', 'প্রেমতত্ত্বসার' ।
'রসতত্ত্ব', 'লীলাতত্ত্ব' বিবিধ প্রকার ॥ ২৬২ ॥

শুদ্ধহৃদয়ে উদয়হেতু প্রভুর স্ব-প্রকাশত্ব ঃ—

এত তত্ত্ব মোর চিত্তে কৈলে প্রকাশন ।
ব্রহ্মাকে বেদ যেন পড়াইল নারায়ণ ॥ ২৬৩ ॥
অন্তর্যামী ঈশ্বরের এই রীতি হয় ।
বাহিরে না কহে, বস্তু প্রকাশে হৃদয় ॥ ২৬৪ ॥

সচ্চিদ্বিলাসময় পরমেশ্বর-বস্তুর নিরূপণ ও ধ্যান ঃ—

শ্রীমদ্ভাগবত (১।১।১)—

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥ ২৬৫ ॥

অনুভাষ্য

বিজানীথ যথা বিশ্ব তথৈব সঃ।।"★ ইহাই বৌদ্ধমতবাদিগণের দর্শন-ফল।

(ভাঃ ১১।১০।২২)—"ইষ্টেহ দেবতা যজ্ঞৈঃ স্বর্লোকং যাতি যাজ্ঞিকঃ। ভুঞ্জীত দেববত্তত্র ভোগান্ দিব্যান্ নিজার্জ্জিতান্।।" (ভাঃ ৪।২৯।২৯)—"দেবো মনুষ্যস্তির্যগ্ বা যথা কর্ম্মগুণং ভবঃ"✱ ও (গীঃ ৯।২০) দ্রষ্টব্য।

২৫৭। 'জ্ঞান'—নিম্বফলসদৃশ, আস্বাদনের অযোগ্য, কর্কশ-তর্কনিষ্ঠ কাকাবস্থ জীবের ভক্ষ্য ; কিন্তু, প্রেমরূপ আম্র-মুকুলের আস্বাদ—প্রিয় ও সুমিষ্ট, উহা—রসাস্বাদক কোকিলতুল্য কৃষ্ণ-ভক্তেরই আস্বাদনীয়।

২৫৮। নীরস জ্ঞানই দুর্ভাগা জ্ঞানীর ভাগ্যে আস্বাদনীয় বস্তু; আর সরস কৃষ্ণপ্রেমামৃতই ভাগ্যবান্ ভক্তের পানীয় বস্তু।

২৬০। বিহানে—পূর্ব্ববঙ্গে ও পশ্চিমে (হিন্দীভাষায়) এখনও 'প্রাতঃকালে'-শব্দের পরিবর্ত্তে চলিত ভাষায় এই শব্দটী ব্যবহৃত হয়।

২৬৩। ব্রহ্মার হৃদয়ে ভগবৎকর্ত্তৃক বেদপ্রকাশন,—(শ্বেঃ উঃ ৬।১৮)—"যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ। তং হ দেবমাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমহং প্রপদ্যে।।" ✚ এবং ভাঃ ২।৯।৩০-৩৫, ১১।১৪।৩, ১২।৪।৪০ ১২।১৩।১৯ প্রভৃতি দ্রষ্টব্য।

২৬৪। এতদ্দ্বারা শ্রীগৌরসুন্দরই যে গায়ত্রীর প্রতিপাদ্য বুদ্ধিবৃত্তি-প্রবর্ত্তক ভর্গোদেব, তাহা কথিত হইতেছে ; যথা (ভাঃ ২।৪।২২)—"প্রচোদিতা যেন পুরা সরস্বতী বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি। স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাম্।।"✱

২৬৫। যতঃ (যস্মাৎ শক্তিমতঃ) অস্য (বিশ্বস্য) জন্মাদি

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬৫। এই বিশ্বের জন্ম, স্থিতি ও লয় যে তত্ত্ব হইতে হইয়াছে বলিয়া নিশ্চয় হয়, অন্বয়-ব্যতিরেকদ্বারা বিচার করিলে যিনি সমস্ত অর্থ বা ব্যাপারে একমাত্র পরম 'জ্ঞ-তত্ত্ব' অর্থাৎ 'স্বরূপতত্ত্ব' বলিয়া স্থির হন ; যিনি দৃশ্যমান জগতে একমাত্র স্বরাট্ অর্থাৎ স্বতন্ত্র রাজা ; যিনি আদি কবি ব্রহ্মাকে অন্তর্যামিরূপে ব্রহ্মতত্ত্ব শিক্ষা দিয়াছেন ; যাঁহাতে সমস্ত বুদ্ধিমান পণ্ডিতের মুহুর্মুহু মোহ জন্মিয়া থাকে ; যাঁহাতে তেজো-বারি-মৃত্তিকা প্রভৃতি ভূতনিচয়ের

★ প্রস্তরত্ব-লাভরূপ মুক্তির উদ্দেশ্যে যে মহামুনি (ন্যায়)-শাস্ত্র প্রবর্ত্তন করিয়াছেন, সেই গৌতমকে যেরূপ জান, তিনি সেইরূপই বলিয়া জান।

✱ যাজ্ঞিক পুরুষ ইহলোকে যজ্ঞদ্বারা দেবতাগণের আরাধনা করিয়া স্বর্গ লাভ করেন এবং তথায় দেবগণের ন্যায় নিজপুণ্যার্জ্জিত দিব্যবিষয়-সকল ভোগ করিতে থাকেন (ভাঃ ১১।১০।২৩)। অজ্ঞানাবৃত-জীব কখনও দেবতা, কখনও মনুষ্য বা তির্য্যক্ জন্ম অথবা কর্ম্মানুরূপ জন্ম লাভ করে (ভাঃ ৪।২৯।২৯)।

✚ যিনি সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছেন এবং বেদসকল তাঁহার মধ্যে সঞ্চারিত করিয়াছেন, সেই আত্মবুদ্ধিপ্রকাশক-দেবকে মুমুক্ষু আমি শরণ গ্রহণ করিতেছি।

✱ কল্পের প্রারম্ভে যিনি ব্রহ্মার হৃদয়ে সৃষ্টিবিষয়ক স্মৃতি প্রকাশ করিয়াছিলেন এবং যাঁহার দ্বারা প্রেরিতা সরস্বতী ব্রহ্মার মুখ হইতে প্রকটিত হইয়া শ্রীকৃষ্ণকেই উপাস্যরূপে লক্ষ্য করিয়া থাকেন, সেই জ্ঞানপ্রদাতাগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ শ্রীভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন।

রায়ের সংশয় ঃ—

এক সংশয় মোর আছয়ে হৃদয়ে ।
কৃপা করি' কহ মোরে তাহার নিশ্চয়ে ॥ ২৬৬ ॥

রায়ের নিকট প্রভুর স্বরূপ আবির্ভূত ঃ—

পহিলে দেখিলুঁ তোমার সন্ন্যাসি-স্বরূপ ।
এবে তোমা দেখি মুঞি শ্যাম-গোপরূপ ॥ ২৬৭ ॥

রায়ের রাধাভাবদ্যুতি-সুবলিত গৌরসুন্দর-দর্শন ঃ—

তোমার সম্মুখে দেখি কাঞ্চন-পঞ্চালিকা ।
তাঁর গৌরকান্ত্যে তোমার সর্ব্ব অঙ্গ ঢাকা ॥ ২৬৮ ॥
তাহাতে প্রকট দেখি স-বংশী বদন ।
নানা-ভাবে চঞ্চল তাহে কমল-নয়ন ॥ ২৬৯ ॥

স্বয়ং প্রভুকেই রায়ের গৌররূপের কারণ জিজ্ঞাসা ঃ—

এইমত তোমা দেখি' হয় চমৎকার ।
অকপটে কহ, প্রভু, কারণ ইহার ॥" ২৭০ ॥

রায়কে 'মহাভাগবত' বলিয়া প্রশংসাদ্বারা আত্মগোপন-চেষ্টা ঃ—

প্রভু কহে,—"কৃষ্ণে তোমার গাঢ়প্রেম হয় ।
প্রেমার স্বভাব এই জানিহ নিশ্চয় ॥ ২৭১ ॥

মহাভাগবত বা বৈষ্ণব বা পরমহংসের দর্শন ঃ—

মহাভাগবত দেখে স্থাবর-জঙ্গম ।
তাঁহা তাঁহা হয় তাঁর শ্রীকৃষ্ণ-স্ফুরণ ॥ ২৭২ ॥
স্থাবর-জঙ্গম দেখে, না দেখে তার মূর্ত্তি ।
সর্ব্বত্র হয় তাঁর ইষ্টদেব-স্ফূর্ত্তি ॥ ২৭৩ ॥

সর্ব্বত্র কৃষ্ণ-কার্ষ্ণ-দর্শন ঃ—

শ্রীমদ্ভাগবত (১১।২।৪৫)—

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥ ২৭৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বিনিময় অর্থাৎ পৃথক্‌রূপ সত্তা ; যাঁহাতে তিনপ্রকার সৃষ্টি অর্থাৎ চিদুদয়রূপ সৃষ্টি, জীব-প্রাকট্যরূপ সৃষ্টি ও মায়িক-ব্রহ্মাণ্ডরূপ সৃষ্টি—সত্যরূপে বর্ত্তমান ; সেই আত্মশক্তিদ্বারা নিত্য-কুহক-শূন্য পরমসত্য-তত্ত্বরূপ শ্রীকৃষ্ণকে আমরা ধ্যান করি।

অনুভাষ্য

(জন্মস্থিতিভঙ্গং "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতেঃ, "জন্মাদ্যস্য যতঃ' ইতি ন্যায়াৎ—ব্রঃ সূঃ ১।১।২) অন্বয়াৎ ইতরতশ্চ (অন্বয়-ব্যতিরেকাভ্যাং ভবতি) ; যঃ অন্বয়াৎ অর্থেষু (চিন্ময়রূপরসগন্ধশব্দস্পর্শযোগ্য-ব্যাপারেষু) অভিজ্ঞঃ (আসক্তঃ) ব্যতিরেকাৎ অর্থেষু (জড়রূপরসগন্ধশব্দস্পর্শ-বিষয়েষু) অভিজ্ঞঃ (অসংস্পৃষ্টঃ) সন্ স্বরাট্ (স্বেন এব রাজতে যঃ স্বপ্রকাশঃ) ; যৎ (যস্মিন্ পরমসত্যে) সূরয়ঃ (ব্রহ্মাদয়ঃ—দশমে ব্রহ্মমোহনাৎ, দেবাঃ তলবকারশ্রুতেঃ, ব্রাহ্মণাদয়ঃ মুনয়শ্চ দত্তাত্রেয়-দুর্ব্বাসো-বশিষ্ঠ-শঙ্কর-বিদ্যারণ্যাদয়ঃ "দৈবাহতার্থ-রচনা" ইতি ভাঃ ৩।৯।১০ বচনাৎ) অপি মুহ্যন্তি (মোহং প্রাপ্নুবন্তি পরমসত্যনির্দ্ধারণে অসমর্থাঃ ভবন্তি) ; তৎ ব্রহ্ম (তত্ত্বং—"বদন্তি তত্তত্ত্ববিদঃ" ইত্যাদেঃ) আদিকবয়ে (ব্রহ্মণে) হৃদা (মনসি—'ত্রয্যা প্রবুদ্ধঃ' ইতি ব্রহ্মসংহিতা-বচনাৎ) যঃ তেনে (প্রকাশিত-বান্) ; যথা তেজোবারিমৃদাং বিনিময়ঃ (ব্যত্যয়ঃ অন্যস্মিন্ অন্যাবভাসঃ তথা) ত্রিসর্গঃ (ত্রয়াণাং রজস্তমঃসত্ত্বানাং নশ্বরঃ সর্গঃ, পক্ষান্তরে, অন্তরঙ্গ-বহিরঙ্গ-তটস্থ-শক্তিত্রয়াণাং নিত্য-প্রকাশঃ) যত্র (পরমসত্যে ভগবৎস্বরূপে সচ্চিদানন্দবিগ্রহাদ্বয়-জ্ঞানে) অমৃষা (সত্যঃ) ; স্বেন ধাম্না (অপ্রাকৃতান্তরঙ্গসন্ধিন্যাদি-তদ্রূপ-বৈভবেন বলেন) সদা নিরস্ত-কুহকং (নিরস্তং ব্যুদস্তং মায়া-লক্ষণং কুহকং কপটং যস্মিন্ তং) সত্যং (সত্যস্বরূপং সনাতনং) পরং (সর্ব্বস্মাৎ পরং পরমেশ্বরং) ধীমহি (বয়ং ধ্যায়েমঃ)। বিশেষ জানিতে হইলে শ্রীমদ্ভাগবতের গৌড়ীয় ভাষ্য দ্রষ্টব্য।

২৬৬-২৬৯। আদি, ৩য় পঃ ৮৬-৮৯ সংখ্যা দ্রষ্টব্য।

২৬৭। অর্থাৎ 'রসরাজ, মহাভাব,—দুই এক রূপ" (২৮১ সংখ্যা)। সন্ন্যাসি-স্বরূপ—নিত্য কৃষ্ণবিরহজনিত অধিরূঢ়-মহাভাবময় নিত্য বিরাগী বা তাপস-স্বরূপ।

২৭৪। বিদেহরাজ 'নিমি' ত্রিবিধ ভক্ত বা ভাগবতের লক্ষণ, দর্শন, আচরণ ও উক্তি-সম্বন্ধে জানিতে ইচ্ছা করায় তদীয় প্রশ্নের উত্তরে নবযোগেন্দ্রের অন্যতম 'হবি' কহিলেন,—

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬৭-২৭৩। প্রভো, তোমাকে আমি প্রথম একটী সন্ন্যাসীর ন্যায় দেখিলাম ; এখন তোমাকে শ্যাম-গোপরূপ দেখিতেছি। আবার তোমার সম্মুখে একটী কাঞ্চন-পুত্তলিকা দেখিতেছি। সেই পুত্তলিকা গৌরকান্তিদ্বারা তোমার সমস্ত দেহ আবৃত করিয়াছে, তথাপি তোমার রঙ যেন প্রকটভাবেই প্রতীত ; আবার, তোমার বাম-লোচন অনেকভাবে চঞ্চল। প্রভো! তোমার ঐরূপ চমৎকারময়-ভাবের কারণ কি, তাহা অকপটে বল। প্রভু কহিলেন,—যাঁহাদের কৃষ্ণে গাঢ় প্রেম, তাঁহারা—ভাগবতোত্তম; তাঁহাদের প্রেমের স্বভাব এই যে, তাঁহারা স্থাবর-জঙ্গম, যাহা কিছু দেখেন, তাহাতে স্থাবর-জঙ্গমের মূর্ত্তি না দেখিয়া সর্ব্বত্র ইষ্টদেব-স্ফূর্ত্তিরূপ শ্রীকৃষ্ণভাবই দেখেন।

২৭৪। যিনি ভাগবতোত্তম, তিনি সর্ব্বভূতে আত্মার আত্ম-রূপ ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রকেই দেখেন এবং আত্মার আত্মস্বরূপ শ্রীকৃষ্ণে সমস্তভূতকে দেখিতে পান।

কৃষ্ণসেবাময়-চিত্তে সর্ব্বত্র চেতনা বা কৃষ্ণসেবাবৃত্তি-দর্শন ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।৩৫।৯)—

বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ ।
প্রণতভারবিটপা মধুধারাঃ প্রেমহৃষ্টতনবো ববৃষুঃ স্ম ॥ ২৭৫ ॥

বৈষ্ণবের সর্ব্বোত্তম চরম দর্শন ঃ—

রাধাকৃষ্ণে তোমার মহাপ্রেম হয় ।
যাঁহা তাঁহা রাধাকৃষ্ণ তোমারে স্ফুরয় ॥" ২৭৬ ॥

রায়ের স্পষ্টভাবে প্রভুর অবতারোদ্দেশ্য-কীর্ত্তন ঃ—

রায় কহে,—"প্রভু তুমি ছাড় ভারিভুরি ।
মোর আগে নিজরূপ না করিহ চুরি ॥ ২৭৭ ॥
রাধিকার ভাবকান্তি করি' অঙ্গীকার ।
নিজরস আস্বাদিতে করিয়াছ অবতার ॥ ২৭৮ ॥
নিজ-গূঢ়কার্য্য তোমার—প্রেম-আস্বাদন ।
আনুষঙ্গে প্রেমময় কৈলে ত্রিভুবন ॥ ২৭৯ ॥

প্রভুর আত্মগোপন বা ছলনায় রায়ের অনুযোগ ঃ—

আপনে আইলে মোরে করিতে উদ্ধার ।
এবে কপট কর,—তোমার কোন্ ব্যবহার ॥" ২৮০ ॥

প্রভুকর্ত্তৃক রায়কে স্বীয় শ্যাম ও গৌররূপ-প্রদর্শন ঃ—

তবে হাসি' তাঁরে প্রভু দেখাইল স্বরূপ ।
'রসরাজ', 'মহাভাব'—দুই এক রূপ ॥ ২৮১ ॥

রায়ের আনন্দ-মূর্চ্ছা ঃ—

দেখি' রামানন্দ হৈলা আনন্দে মূর্চ্ছিতে ।
ধরিতে না পারে দেহ, পড়িলা ভূমিতে ॥ ২৮২ ॥

সংজ্ঞা-লাভান্তে প্রভুর সন্ন্যাস-বেষদর্শনে বিস্ময় ঃ—

প্রভু তাঁরে হস্ত স্পর্শি' করাইলা চেতন ।
সন্ন্যাসীর বেষ দেখি' বিস্মিত হৈল মন ॥ ২৮৩ ॥

রায়কে প্রভুর সান্ত্বনা, নিজ-কৃষ্ণস্বরূপত্ব ও রাধাভাবদ্যুতিময়ত্বের উদ্দেশ্যাদি সমস্ত গূঢ় কারণই অকপটে জ্ঞাপন ঃ—

আলিঙ্গন করি' প্রভু কৈল আশ্বাসন ।
"তোমা বিনা এই রূপ না দেখে অন্যজন ॥ ২৮৪ ॥
মোর তত্ত্বলীলা-রস তোমার গোচরে ।
অতএব এই রূপ দেখাইলুঁ তোমারে ॥ ২৮৫ ॥
গৌর অঙ্গ নহে মোর—রাধাঙ্গ-স্পর্শন ।
গোপেন্দ্রসুত বিনা তেঁহো না স্পর্শে অন্যজন ॥ ২৮৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৫। পুষ্পফলাঢ্য বনলতা, তরুসকল ও ভাবদ্বারা অবনত, প্রেমপুলকিত-শরীরযুক্ত বনস্পতিসকল আত্মগত কৃষ্ণকে প্রকট করত মধুধারা বর্ষণ করিয়াছিল।

অনুভাষ্য

যঃ সর্ব্বভূতেষু (চেতনাচেতনাত্মকেষু সর্ব্বেষু) আত্মনঃ (ভোগজড়াতীতস্য অপ্রাকৃতস্য) ভগবদ্ভাবং (ভূতানাং ভগবৎ-সেবোপযোগিসিদ্ধস্বরূপাদিকং) পশ্যেৎ, আত্মনি ভগবতি [নিজ-সিদ্ধরূপেণ অপ্রাকৃত-নিত্যসেবাপরাণি] ভূতানি পশ্যেৎ, [সঃ] এষঃ ভাগবতোত্তমঃ। [অপ্রাকৃতভাবপ্রাবল্যেন মহাভাগবতাঃ সর্ব্বত্র সেব্য-সেবক-ভাবাবস্থিতাঃ কৃষ্ণকার্ষ্ণান্ পশ্যন্তি, বহি-র্দৃষ্টেরভাবাৎ)।

২৭৫। দিবাভাগে কৃষ্ণ বনে গমন করিলে বিরহসন্তপ্ত গোপীগণ পরস্পর এইরূপ গীত গান করিতেন,—

[কৃষ্ণবেণু-নাদং শ্রুত্বা] প্রণতভারবিটপাঃ (ভারাবনত তরবঃ) পুষ্পফলাঢ্যাঃ (ফলকুসুমান্বিতাঃ) প্রেমহৃষ্টতনবঃ (কৃষ্ণপ্রেমোৎ-ফুল্লকলেবরাঃ) বনলতাঃ তরবঃ চ আত্মনি (স্বীয়ে বিগ্রহে) বিষ্ণুং (বিভু-চৈতন্যং) ব্যঞ্জয়ন্ত্যঃ (প্রকাশয়মানং সূচয়ন্ত্যঃ) ইব মধুধারা ববৃষুঃ স্ম।

২৭৭-২৭৯। ভক্তের ভগবল্লীলা-জ্ঞাতৃত্ব-সম্বন্ধে আদি ৩য় পঃ ৮৬-৮৯ সংখ্যা এবং আদি ১ম পঃ ৫ম শ্লোকের তাৎপর্য্য-সম্বন্ধে আদি, ৪র্থ পঃ দ্রষ্টব্য।

২৮৪-২৮৮। আদি ৪র্থ পঃ দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৮১। রসরাজরূপ শ্রীকৃষ্ণ এবং মহাভাবরূপা শ্রীমতী রাধিকা—দুই মিলিত হইয়া যে একতত্ত্ব, সেই স্বরূপ দেখাইলেন —অর্থাৎ 'রাধাভাবদ্যুতিসুবলিত শ্রীকৃষ্ণস্বরূপ" দেখাইলেন। ইহাতে যে একতত্ত্বে দুই এবং দুইতত্ত্বই এক, এরূপ একটী অপূর্ব্ব স্বরূপ দেখাইলেন। যাঁহারা শ্রীকৃষ্ণচৈতন্য ও রাধাকৃষ্ণ-তত্ত্ব অবগত হইতে সমর্থ হন, তাঁহারাই শ্রীস্বরূপ গোস্বামীর কৃপায় সেই নিত্যস্বরূপ সেবা করিতে পান।

২৮৬-২৮৭। হে রামানন্দ, তুমি আমাকে পৃথক্ একটী 'গৌরপুরুষ' বলিয়া দেখিতেছ, আমি তাহা নই ; আমি সেই গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ, রাধাঙ্গস্পর্শনরূপ আমার এই গৌরভাবই নিত্য। কৃষ্ণ ব্যতীত আর কাহাকেও রাধিকা স্পর্শ করেন না।

অনুভাষ্য

২৮৬। প্রাকৃত সহজিয়া-সম্প্রদায় 'গৌর-অঙ্গ নহে' কথাদ্বারা গৌর ও কৃষ্ণকে পৃথক্ বুদ্ধি করেন ; বস্তুতঃ উভয়েই স্বয়ংরূপ-বিগ্রহ অর্থাৎ গৌরই 'কৃষ্ণস্বরূপে' সম্ভোগরসে নাগর বা বিষয়-বিগ্রহ, আবার কৃষ্ণই 'গৌরস্বরূপে' বিপ্রলম্ভরসে আশ্রয়-বিগ্রহ-শ্রীরাধাভাবকান্তিময় শ্রীকৃষ্ণচৈতন্য। অপ্রাকৃত শৃঙ্গার-রসরাজ-বিগ্রহ 'ধীর-ললিত' নায়ক স্বয়ংরূপ শ্রীনন্দনন্দন ব্যতীত অন্য কোন বিষ্ণুবিগ্রহই কৃষ্ণের পূর্ণচিচ্ছক্তি বা স্বরূপশক্তি মহাভাব-স্বরূপা শ্রীরাধিকার ভোক্তা হইতে পারেন না ; যেহেতু কৃষ্ণ-ব্যতীত অপর সমস্ত বিষ্ণুবিগ্রহে শৃঙ্গার-রস ও ধীরললিত-নায়ক-ভাবের অভাব এবং ঐশ্বর্য্য-ভাবের প্রাবল্য, এজন্যই শ্রীমতীর

তাঁর ভাবে ভাবিত করি' আত্ম-মন ।
তবে নিজ-মাধুর্য্য করি আস্বাদন ॥ ২৮৭ ॥
তোমার ঠাঞি আমার কিছু গুপ্ত নাহি কর্ম্ম ।
লুকাইলে প্রেম-বলে জান সর্ব্ব মর্ম্ম ॥ ২৮৮ ॥

গূঢ় ভজনকথা সর্ব্বত্র অপ্রকাশ্য ঃ—

গুপ্তে রাখিহ, কাঁহা না করিহ প্রকাশ ।
আমার বাতুল-চেষ্টা লোকে উপহাস ॥ ২৮৯ ॥

প্রভু ও রায় উভয়েই আশ্রয়ের ভাবে প্রমত্ত ঃ—

আমি—এক বাতুল, তুমি—দ্বিতীয় বাতুল ।
অতএব তোমায়-আমায় হই সমতুল ॥" ২৯০ ॥

রায়সহ প্রভুর দশ দিবস যাপন ঃ—

এইরূপ দশরাত্রি রামানন্দ-সঙ্গে ।
সুখে গোঙাইলা প্রভু কৃষ্ণকথা-রঙ্গে ॥ ২৯১ ॥

প্রভু রামানন্দ-সংবাদ—একটী বৃহৎ ধাতব দ্রব্যের খনি, তথায় মূল্যভেদে বহু ধাতুর প্রকাশ ঃ—

নিগূঢ় ব্রজের রস-লীলার বিচার ।
অনেক কহিল, তার না পাইল পার ॥ ২৯২ ॥

অপ্রাকৃত পঞ্চরসের উপমা ঃ—

তামা, কাঁসা, রূপা, সোনা, রত্নচিন্তামণি ।
কেহ যদি কাঁহা পোতা পায় একখানি ॥ ২৯৩ ॥
ক্রমে উঠাইতে সেহ উত্তম বস্তু পায় ।
ঐছে প্রশ্নোত্তর কৈল প্রভু-রামরায় ॥ ২৯৪ ॥

রায়ের নিকট প্রভুর বিদায়-গ্রহণ ও আদেশ-জ্ঞাপন ঃ—

আর দিন রায়-পাশে বিদায় মাগিলা ।
বিদায়ের কালে তাঁরে এই আজ্ঞা দিলা ॥ ২৯৫ ॥

রায়কে নীলাচলে যাইতে আদেশ ও তথায় পুনর্মিলনে কৃষ্ণকথালাপ-সুযোগ ঃ—

"বিষয় ছাড়িয়া তুমি যাহ নীলাচলে ।
আমি তীর্থ করি' তাঁহা আসিব অল্পকালে ॥ ২৯৬ ॥
দুইজনে নীলাচলে রহিব একসঙ্গে ।
সুখে গোঙাইব কাল কৃষ্ণকথা-রঙ্গে ॥" ২৯৭ ॥
এত বলি' রামানন্দে করি' আলিঙ্গন ।
তাঁরে ঘরে পাঠাইয়া করিল শয়ন ॥ ২৯৮ ॥

বজ্রাঙ্গ-জীউর দর্শনান্তে প্রভুর দক্ষিণ-যাত্রা ঃ—

প্রাতঃকালে উঠি' প্রভু দেখি' হনুমান্ ।
তাঁরে নমস্করি' প্রভু দক্ষিণে করিলা প্রয়াণ ॥ ২৯৯ ॥

প্রভুদর্শনে সমগ্র বিদ্যানগর-বাসীর বৈষ্ণবতা ঃ—

'বিদ্যাপুরে' নানা-মত লোক বৈসে যত ।
প্রভু-দর্শনে 'বৈষ্ণব' হৈল ছাড়ি' নিজমত ॥ ৩০০ ॥

প্রভু-বিরহে রায়ের অবস্থা ঃ—

রামানন্দ হৈলা প্রভুর বিরহে বিহ্বল ।
প্রভুর ধ্যানে রহে বিষয় ছাড়িয়া সকল ॥ ৩০১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

শ্রীরাধিকার ভাবে আমার স্বরূপ ও মন ভাবিত করিয়া আমি আমার কৃষ্ণমাধুর্য্যরস আস্বাদন করিয়া থাকি।

২৯৩। শ্রীরামানন্দরায় শ্রীমহাপ্রভুর প্রশ্নে প্রথমে পাঁচটী (এই পরিচ্ছেদের ৫৭ সংখ্যা হইতে ৬৭ পর্য্যন্ত) উত্তর দিয়াছেন। তাহার প্রথমটী—তামার ন্যায় সাধারণ ধাতু ; দ্বিতীয়টী—কাঁসার ন্যায় তদুৎকৃষ্ট ধাতু ; তৃতীয়টী—রূপার ন্যায় তদপেক্ষা উৎকৃষ্ট রৌপ্য-ধাতু ; চতুর্থটী—সর্ব্বোৎকৃষ্ট স্বর্ণ-ধাতু। কিন্তু পঞ্চমটী—জ্ঞানশূন্য ভক্তি ; উহাই রত্নচিন্তামণি বা সাধ্যবস্তু,—যাহার প্রভাবে অন্য চারিটী ধাতুত্ব লাভ করে। আবার ষষ্ঠ উত্তরকে (৬৮-৮১ সংখ্যা পর্য্যন্ত) 'প্রথম' জ্ঞান করিলে, তাহার পর পর যে পাঁচটী প্রেমবিষয়ক উত্তর আছে, তাহাদের সেইরূপ তুলনা বুঝিতে হইবে।

অনুভাষ্য

নাম "গোবিন্দানন্দিনী রাধা গোবিন্দমোহিনী। গোবিন্দ-সর্ব্বস্বা, সর্ব্বকান্তা-শিরোমণি।।" (আদি ৪র্থ পঃ ৮২ সংখ্যা)।

২৮৮। আদি, ৩য় পঃ ৮৬-৮৯ সংখ্যা দ্রষ্টব্য।

২৮৯-২৯০। এইসকল কথা তর্কনিষ্ঠ-জগতে তাহাদের কেবল জড়াসক্তিবশতঃ হাস্যের বিষয় হইবে, সুতরাং তুমি ইহা অনুপযুক্ত-পাত্রে প্রকাশ করিও না। কৃষ্ণপ্রেমে মত্ত হইলে তর্কনিষ্ঠ সাংসারিক জড়চেষ্টাসমূহ শ্লথ হয় ও রাগানুগ-ভাবের প্রেমচেষ্টা-সমূহ সাধারণ ভোগপর দৃষ্টিতে 'বাতুলতা' মাত্র বলিয়া মনে হয়। জড়বিচারে, আমিও বাতুল এবং তুমিও বাতুল,—উভয়ের তুল্যতা থাকায় আমরা উভয়েই কৃষ্ণপ্রেমের কথায় মত্ত,—কৃষ্ণেতর জড়রস-রসিক অন্যের উপহাসের পাত্র।

২৯৩। ব্রজে যমুনাসলিল, পুলিন-বালুকা, কদম্ব-বক্ষাদি, গো-বেত্র-বেণু প্রভৃতি শান্তরসের বিগ্রহসমূহ, চিত্রক-পত্রক-রক্তকাদি দাস্যরসের বিগ্রহসমূহ, শ্রীদাম-সুদামাদি সখ্যরসের বিগ্রহসমূহ, নন্দ-যশোদাদি বাৎসল্যরসের বিগ্রহসমূহ এবং শ্রীমতী রাধিকা-ললিতাদি গোপরামাসমূহ নিজ-নিজ-রসে ধনী। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর,—এই পাঁচটী পরপর তামা, কাঁসা, রূপা, সোনা ও রত্নচিন্তামণির খনিতুল্য। পোতা—ভূগর্ভস্থিত।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৯৯। হনুমান্—বিদ্যানগরে হনুমানের মূর্ত্তি-পূজা হয়। সেই গ্রাম্যদেবতাকে নমস্কার করিয়া দক্ষিণে গেলেন।

গ্রন্থে প্রভু-রামানন্দ-সংবাদ সংক্ষেপেই বর্ণিত ঃ—

সংক্ষেপে কহিলুঁ রামানন্দের মিলন ।
বিস্তারি বর্ণিতে নারে সহস্র-বদন ॥ ৩০২ ॥

চৈতন্যলীলা, রায়-চরিত্র ও রাধাকৃষ্ণলীলার পরস্পরের সম্বন্ধ এবং অতি সৌভাগ্যবানেরই এই লীলায় অধিকার ও সুযোগ ঃ—

সহজে চৈতন্য-চরিত্র—ঘনদুগ্ধপূর ।
রামানন্দ-চরিত্র তাহে খণ্ড প্রচুর ॥ ৩০৩ ॥
রাধাকৃষ্ণলীলা—তাতে কর্পূর-মিলন ।
ভাগ্যবান্ যেই, সেই করে আস্বাদন ॥ ৩০৪ ॥
যে ইহা একবার পিয়ে কর্ণদ্বারে ।
তার কর্ণ লোভে ইহা ছাড়িতে না পারে ॥ ৩০৫ ॥

প্রভু-রামানন্দ-সংবাদ-শ্রবণের ফল বর্ণন ঃ—

'রসতত্ত্ব-জ্ঞান' হয় ইহার শ্রবণে ।
'প্রেমভক্তি' হয় রাধাকৃষ্ণের চরণে ॥ ৩০৬ ॥
চৈতন্যের গূঢ়তত্ত্ব জানি ইহা হৈতে ।
বিশ্বাস করি' শুন, তর্ক না করিহ চিত্তে ॥ ৩০৭ ॥

ভগবানের অচিন্ত্যভাব—তর্কাতীত ঃ—

অলৌকিক লীলা এই পরম নিগূঢ় ।
বিশ্বাসে পাইয়ে, তর্কে হয় বহুদূর ॥ ৩০৮ ॥

নিতাইগৌরাদ্বৈতের ঐকান্তিক ভক্তেরই কৃষ্ণপ্রেম প্রাপ্য ঃ—

শ্রীচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-চরণ ।
যাঁহার সর্ব্বস্ব, তাঁরে মিলে এই ধন ॥ ৩০৯ ॥

রায়কে গ্রন্থকারের বন্দনা ঃ—

রামানন্দ রায়ে মোর কোটী নমস্কার ।
যাঁর মুখে কৈল প্রভু রসের বিস্তার ॥ ৩১০ ॥
দামোদর-স্বরূপের কড়চা-অনুসারে ।
রামানন্দ-মিলন-লীলা করিল প্রচারে ॥ ৩১১ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩১২ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে রামানন্দরায়-সঙ্গোৎসবো নামাষ্টম-পরিচ্ছেদঃ ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০৩-৩০৪। শ্রীচৈতন্যের চরিত্রটী ঘনাবর্ত্ত-দুগ্ধস্বরূপ, রামানন্দ-চরিত্রটী তাহাতে খণ্ড বা খাঁড় অর্থাৎ চিনি-বিশেষ ; এবং (তন্মধ্যে) শ্রীরাধাকৃষ্ণের লীলাটী—খণ্ডযুক্ত-দুগ্ধে শ্রীকর্পূর।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে অষ্টম পরিচ্ছেদ।

অনুভাষ্য

৩০০। বিদ্যাপুরে—বিদ্যানগরে।

৩০৭-৩০৯। "বিশ্বাসে মিলয়ে কৃষ্ণ, তর্কে বহুদূর" অর্থাৎ বিশ্বাসরূপ শ্রদ্ধাপূর্ব্বক ক্রমাবলম্বন হইতেই এই লোকাতীত পরম গোপনীয় বাস্তব-বস্তু শ্রীকৃষ্ণলীলার অনুভূতি হয়। উহা অশ্রৌতপন্থী, বাস্তবসত্যে সংশয়শীল সেবাবিমুখ জীবের সঙ্কল্প-বিকল্পাত্মক মনোধর্ম্ম-জাত ও স্বেচ্ছামত গঠন-যোগ্য কল্পনা বা 'খেয়াল' নহে। জড়তর্ক-অবলম্বনে জড়-ভোগপ্রবৃত্তিপ্রাচুর্য্যে চিন্ময়লীলা দূরে পড়ে ; যথা—(কঠে ১ম অঃ ২য় বঃ ৯ম)—"নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠ।" (মুঃ উঃ ৩য় মুঃ, ২য় খঃ ৩য় মঃ)—"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনা শ্রুতেন। যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্।" (ব্রঃ সূঃ ২।১।১১)—"তর্কাপ্রতিষ্ঠানাৎ।"* মানব প্রাকৃত লৌকিকবিচারপূর্ণ জ্ঞানের সাহায্যে অলৌকিকতত্ত্ব বুঝিতে গিয়া বস্তু হইতে দূরে পড়েন, কেননা এস্থলে বিচার্য্য বিষয়টী (কৃষ্ণপ্রেম-রস)—অলৌকিক ; উহা মনের অর্থাৎ মেধার সাহায্যে বিচার করিতে গিয়া জড়-সহজিয়া বা সাহিত্যিক যে-বস্তুর বিচার হইল বলিয়া মনে করেন, তাহা—লৌকিক, সুতরাং তাঁহাদের তাদৃশ প্রয়াস—নিরর্থক। তাদৃশ বিচার ত্যাগ করিয়া যিনি বিষ্ণুতত্ত্বে একমাত্র শ্রদ্ধাবিশিষ্ট, তাঁহারই সম্বন্ধজ্ঞান—শুদ্ধ ও অনায়াস-লভ্য।

৩১১। গ্রন্থকার প্রায় প্রতি অধ্যায়ের শেষেই এইরূপ শ্রৌতপন্থায় অর্থাৎ গুরুর প্রতি স্বীয় অচলা নিষ্ঠা প্রদর্শন করিতেছেন। এই 'প্রভু-রামানন্দ-মিলন' ঘটনাটি শ্রীল দামোদর-স্বরূপের কড়চা-অনুসারেই লিখিত ও বর্ণিত হইয়াছে। উহা প্রাকৃত-লোকের গুরুমুখ হইতে শ্রবণ-পরিত্যাগ-জনিত স্বকপোলকল্পিত দম্ভ-চেষ্টা নহে—ইহাই গ্রন্থকারের প্রতিপাদনের উদ্দেশ্য।

ইতি অনুভাষ্যে অষ্টম পরিচ্ছেদ।

** হে প্রিয়তম নচিকেত, এই ভগবদ্বিষয়িণী মতি তর্কের দ্বারা নষ্ট করা উচিত নহে। ইহা অন্য তত্ত্বজ্ঞ ব্যক্তির দ্বারা উপদিষ্ট হইলে উত্তম জ্ঞানের কারণ হইবে (কঠোপনিষৎ)। এই পরমাত্মবস্তু বহু তর্ক, মেধা বা পাণ্ডিত্যদ্বারা বোধ্য নহেন। তিনি যাহাকে (ভক্তিতে পরিতুষ্ট হইয়া) বরণ করেন, তাহার দ্বারাই লভ্য হইয়া থাকেন। তাহার নিকটেই এই পরমেশ্বর স্বীয় শ্রীমূর্ত্তি প্রকাশ করেন (মুণ্ডক উপনিষৎ)। তর্কদ্বারা অপ্রাকৃত তত্ত্বের কি কথা, প্রাকৃত বিষয়েও উহার প্রতিষ্ঠা দেখা যায় না (ব্রহ্মসূত্র)।*

নবম পরিচ্ছেদ

কথাসার—এই পরিচ্ছেদে বিদ্যানগর হইতে মহাপ্রভু গৌতমীগঙ্গা, মল্লিকার্জ্জুন, অহোবল-নৃসিংহ, সিদ্ধবট, স্কন্দক্ষেত্র, ত্রিমঠ, বৃদ্ধকাশী, বৌদ্ধস্থান, ত্রিপতি, ত্রিমল্ল, পানা-নৃসিংহ, শিবকাঞ্চী, বিষ্ণুকাঞ্চী, ত্রিকালহস্তী, বৃদ্ধকোল, শিয়ালীভৈরবী, কাবেরীতীর, কুম্ভকর্ণকপাল, তৎপরে শ্রীরঙ্গক্ষেত্র পর্য্যন্ত গিয়া শ্রীব্যেঙ্কটভট্টকে সপরিবারে কৃষ্ণভক্ত করিলেন। শ্রীরঙ্গম্ হইতে ঋষভপর্ব্বতে গিয়া পরমানন্দ পুরী-গোঁসাইর সহিত সাক্ষাৎ করিলেন। শ্রীপুরী-গোস্বামী পুরুষোত্তমে যাত্রা করিলেন এবং মহাপ্রভু সেতুবন্ধ লক্ষ্য করিয়া চলিলেন। শ্রীশৈলপর্ব্বতে ব্রাহ্মণ-ব্রাহ্মণী-বেষে অবস্থিত শিব-দুর্গার সহিত আলাপন করিলেন। তথা হইতে কামকোষ্ঠীপুরী ছাড়াইয়া দক্ষিণ মথুরায় পৌঁছিলেন। তথায় রামভক্ত বিরক্ত-ব্রাহ্মণের সহিত কথোপকথন হইল। পরে কৃতমালায় স্নান করিয়া মহেন্দ্রশৈলে পরশুরাম দর্শন করিলেন। তথা হইতে প্রভু সেতুবন্ধে গিয়া ধনুস্তীর্থে স্নান ও রামেশ্বর দর্শন করিয়া কূর্ম্মপুরাণের মায়াসীতা-সম্বন্ধি পুরাতনপত্র সংগ্রহ-পূর্ব্বক পূর্ব্বোক্ত রামদাস-বিপ্রকে আনিয়া দিলেন। তদনন্তর পাণ্ডু-দেশে তাম্রপর্ণী, পরে নয়ত্রিপদী, চিয়ড়তলা, তিলকাঞ্চী, গজেন্দ্র-মোক্ষণ, পানাগড়ি, চাম্তাপুর, শ্রীবৈকুণ্ঠ, মলয়পর্ব্বত, ধনুস্তীর্থ, কন্যাকুমারী হইয়া মল্লারদেশে ভট্টথারীগণকে দেখিলেন। তাঁহা-দিগের হস্ত হইতে কালা-কৃষ্ণদাসকে উদ্ধার করিয়া আনিলেন। পরে পয়স্বিনী-তীরে 'ব্রহ্মসংহিতা' (৫ম অঃ) সংগ্রহ করিলেন। তথা হইতে পয়স্বিনী, শৃঙ্গবের-পুরীমঠ, মৎস্যতীর্থ হইয়া উড়ুপী গ্রামে মধ্বাচার্য্যের গোপাল দর্শন করিলেন। তত্ত্ববাদিগণকে বিচারে পরাস্ত করিয়া ফল্গুতীর্থ, ত্রিকূপ, পঞ্চাপ্সরা, সূর্পারক, কোলাপুর হইয়া পাণ্ডেরপুরে পৌঁছিয়া শ্রীরঙ্গপুরীর নিকট শঙ্করারণ্যের সিদ্ধিপ্রাপ্তির সংবাদ পাইলেন। কৃষ্ণবেণ্বাতীরে বৈষ্ণবব্রাহ্মণদিগের সমাজে শ্রীবিল্বমঙ্গল-বিরচিত কৃষ্ণকর্ণামৃত-গ্রন্থ সংগ্রহ করিলেন। তথা হইতে তাপ্তী, মাহিষ্মতীপুর, নর্ম্মদা-তীর, ঋষ্যমূক-পর্ব্বত হইয়া দণ্ডকারণ্যে সপ্ততাল উদ্ধার করিলেন। তথা হইতে পম্পা-সরোবর, পঞ্চবটী, নাসিক, ব্রহ্মগিরি, গোদাবরীর জন্মস্থান কুশাবর্ত্ত প্রভৃতি বহুতীর্থ দর্শন করিয়া বিদ্যানগরে উপস্থিত হইলেন। বিদ্যানগর হইতে পূর্ব্বপথ দিয়া আলালনাথ দর্শনপূর্ব্বক শ্রীক্ষেত্রে উপস্থিত হইলেন।

অবৈষ্ণবমতগ্রস্ত দাক্ষিণাত্যবাসীর
উদ্ধারকারী গৌরহরি ঃ—

নানামতগ্রাহগ্রস্তান্ দাক্ষিণাত্যজনদ্বিপান্ ।
কৃপারিণা বিমুচ্যৈতান্ গৌরশ্চক্রে স বৈষ্ণবান্ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

প্রভুর দক্ষিণ-যাত্রা ঃ—

দক্ষিণগমন প্রভুর অতি বিলক্ষণ ।
সহস্র সহস্র তীর্থ কৈল দরশন ॥ ৩ ॥

প্রভুর দর্শনফলে তীর্থসমূহ তীর্থীকৃত,
তাহাতে লোকোদ্ধার ঃ—

সেই সব তীর্থ স্পর্শি' মহাতীর্থ কৈল ।
সেই ছলে সেই দেশের লোক নিস্তারিল ॥ ৪ ॥

প্রভুর দক্ষিণবামে ভ্রমণফলে গ্রন্থকারের বর্ণনায় ভৌগোলিক-
ক্রমভঙ্গ, এস্থলে কেবল দিগ্‌দর্শন ঃ—

সেই সব তীর্থের ক্রম কহিতে না পারি ।
দক্ষিণ-বামে তীর্থ-গমন হয় ফেরাফেরি ॥ ৫ ॥

অতএব নামমাত্র করিয়ে গণন ।
কহিতে না পারি তার যথা অনুক্রম ॥ ৬ ॥

প্রভুর দর্শনমাত্র লোকের বৈষ্ণবতা ঃ—

পূর্ব্ববৎ পথে যাইতে যে পায় দরশন ।
যেই গ্রামে যায়, সে গ্রামের যত জন ॥ ৭ ॥

সবেই বৈষ্ণব হয়, কহে 'কৃষ্ণ', 'হরি' ।
অন্য গ্রাম নিস্তারয়ে সেই 'বৈষ্ণব' করি' ॥ ৮ ॥

তাৎকালিক দাক্ষিণাত্যবাসীর অবস্থা ঃ—

দক্ষিণ দেশের লোক অনেক প্রকার ।
কেহ জ্ঞানী, কেহ কর্ম্মী, পাষণ্ডী অপার ॥ ৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। বৌদ্ধ-জৈন-মায়াবাদাদি বহুবিধমতরূপ কুম্ভীরগ্রস্ত গজেন্দ্রস্থলীয় দাক্ষিণাত্যবাসী মনুষ্যদিগকে কৃপাচক্রদ্বারা গৌর-চন্দ্র উদ্ধার করিয়া বৈষ্ণব করিয়াছিলেন।

৯। পাষণ্ডী—শুদ্ধভক্তিবিরুদ্ধ জ্ঞানী ও কর্ম্মবাদী।

অনুভাষ্য

রথে চড়ি' জগন্নাথ চলে নিজালয় ॥ ২৪৪ ॥

পূর্ব্ববৎ নৃত্য-গীত ঃ—

পূর্ব্ববৎ কৈল প্রভু লঞা ভক্তগণ ।
পরম আনন্দে করেন নর্ত্তন-কীর্ত্তন ॥ ২৪৫ ॥

পাহাণ্ডিকালে পট্টডোরী আংশিক ছিন্ন ঃ—

জগন্নাথের পুনঃ পাণ্ডু-বিজয় হইল ।
এক গুটি পট্টডোরী তাঁহা টুটি' গেল ॥ ২৪৬ ॥
পাণ্ডুবিজয়ের তুলি ফাটি-ফুটি যায় ।
জগন্নাথের ভরে তুলা উড়িয়া পলায় ॥ ২৪৭ ॥

প্রতিবর্ষে জগন্নাথের জন্য সপুত্র সত্যরাজকে পট্টডোরী আনিতে আদেশ ঃ—

কুলীনগ্রামী রামানন্দ, সত্যরাজ খাঁন ।
তাঁরে আজ্ঞা দিল প্রভু করিয়া সম্মান ॥ ২৪৮ ॥
"এই পট্টডোরীর তুমি হও যজমান ।
প্রতিবৎসর আনিবে 'ডোরী' করিয়া নির্ম্মাণ ॥" ২৪৯ ॥

দৃঢ়ভাবে নির্ম্মাণ জন্য ছিন্ন পট্টডোরীর নিদর্শন-প্রদান ঃ—

এত বলি' দিল তাঁরে ছিণ্ডা পট্টডোরী ।
'ইহা দেখি' করিবে ডোরী অতি দৃঢ় করি' ॥ ২৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

করিলেন দেখিয়া অধিকার-বিরোধ-প্রযুক্ত প্রভু নিত্যানন্দ দূরে রহিলেন ; স্বরূপ-গোস্বামী ভঙ্গিক্রমে প্রভুর ভাবাবেশ ভঙ্গ করাইলেন।

২৪০-২৪১। কোন কোন বিটল (ধর্ম্মধ্বজী ভণ্ড) ব্যক্তি লক্ষ্মীদেবীর প্রসাদ পাইতে বিতর্ক করেন। এস্থলে দেখুন,—শ্রীমহাপ্রভু স্বয়ং ভক্তগণ লইয়া সেই প্রসাদ পাইয়াছিলেন। তাৎপর্য্য এই, লক্ষ্মাদি সমস্ত শক্তিই শ্রীভগবানের পরিচারিকা। যখন যে-ভক্তগণ তাঁহাদিগকে সুখাদ্যদ্রব্য অর্পণ করেন, শক্তিগণ স্বীয় প্রভু শ্রীকৃষ্ণকে তাহা নিবেদন করিয়া সেবন করেন। এতন্নিবন্ধন ভগবদ্দাসদাসীর প্রসাদান্ন 'ভগবৎপ্রসাদান্ন' বলিয়াই সর্ব্বদা সেবনীয়। এস্থলে আরও একটু বিচার্য্য বিষয় রহিল ;—মায়াবাদী নাস্তিকদিগের নিবেদিত খাদ্যদ্রব্য ভগবৎ-শক্তিগণ গ্রহণ করেন কি না, ইহা ঘোর সন্দেহের বিষয়। সুতরাং ভগবদ্দাসদাসীর প্রতি শুদ্ধবৈষ্ণবার্পিত নিবেদিতান্ন সেবন করাই বৈষ্ণবদিগের যোগ্য।

২৪৪। ভিতর-বিজয়—গুণ্ডিচা-মন্দিরে রত্নবেদী হইতে জগন্নাথ, বলরাম ও সুভদ্রা—এই তিন মূর্ত্তি জগমোহনে থাকিলে তাঁহাদিগকে একসময়ে রথে তোলা হয়। রত্নবেদী হইতে নামিয়া তাঁহারা জগমোহনে যে-কাল পর্য্যন্ত থাকেন, তাহারই নাম—'ভিতর-বিজয়'।

২৪৯। যে-সকল পট্টডোরীদ্বারা শ্রীমূর্ত্তিত্রয়ের পাণ্ডুবিজয় হয়, সেই সকল ডোরী বহুদেশ হইতে আসিত ও আসিয়া থাকে। বর্দ্ধমান জেলান্তর্গত কুলীনগ্রামের নিকটবর্ত্তী অনেক গ্রামে পট্টবস্ত্র-নির্ম্মাণের স্থান থাকায় পট্টডোরী আনিতে রামানন্দ বসু ও সত্যরাজ খাঁনকে প্রভু যজমানরূপে নিযুক্ত করিলেন।

অনুভাষ্য

২৩৭। রহে—থামে বা বিরাম লাভ করে।

২৪৫। ভিতর-বিজয়—পুনর্যাত্রায় শ্রীমন্দিরের অভ্যন্তরে প্রত্যাগমনজন্য যাত্রা। গুণ্ডিচা-মন্দির হইতে বহির্বিজয় করিয়া পুনরায় মন্দিরাভিমুখে গমন।

২৫০। ছিণ্ডা (উৎকল-ভাষা)—ছিন্ন।

জগন্নাথের পট্টডোরী—অনন্তরূপী ভগবান্ বিষ্ণুরই অর্চ্চা ঃ—

এই পট্টডোরীতে হয় 'শেষ'-অধিষ্ঠান ।

দশ-মূর্ত্তি হঞা যেঁহো সেবে ভগবান্ ॥" ২৫১ ॥

শ্রীজগন্নাথের জন্য পট্টডোরী নির্ম্মাণপূর্ব্বক আনয়নের সেবা-লাভে উভয়ের আনন্দ ঃ—

ভাগ্যবান্ সেই সত্যরাজ, রামানন্দ ।

সেবা-আজ্ঞা পাঞা হৈল পরম-আনন্দ ॥ ২৫২ ॥

তদবধি প্রতিবর্ষে গুণ্ডিচায় তাঁহাদের পরমানন্দে পট্টডোরী-আনয়ন ঃ—

প্রতি বৎসর গুণ্ডিচাতে ভক্তগণ-সঙ্গে ।

পট্টডোরী লঞা আইসে অতি বড় রঙ্গে ॥ ২৫৩ ॥

জগন্নাথের রত্নবেদীতে আরোহণ, প্রভুর সগণে গৃহগমন ঃ—

তবে জগন্নাথ যাই' বসিলা সিংহাসনে ।

মহাপ্রভু ঘরে আইলা লঞা ভক্তগণে ॥ ২৫৪ ॥

ভক্তগণকে হেরাপঞ্চমী-প্রদর্শন ও ব্রজলীলা ঃ—

এইমত ভক্তগণে যাত্রা দেখাইল ।

ভক্তগণ লঞা বৃন্দাবন-কেলি কৈল ॥ ২৫৫ ॥

চৈতন্য-গোসাঞির লীলা—অনন্ত, অপার ।

'সহস্র-বদন' যার নাহি পায় পার ॥ ২৫৬ ॥

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।

চৈতন্যচরিতামৃতে কহে কৃষ্ণদাস ॥ ২৫৭ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে 'হেরাপঞ্চমী'-যাত্রা-দর্শনং নাম চতুর্দ্দশ-পরিচ্ছেদঃ।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫১। 'শেষ'-অধিষ্ঠান—অনন্তদেবের অধিষ্ঠান ; দশমূর্ত্তি,—আদি, ৫ম পঃ ১২৩-১২৪ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে চতুর্দ্দশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

২৫৬। আদি, ১০ম পঃ ১৬২-১৬৩ এবং ১৭শ পঃ ২৩১ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে চতুর্দ্দশ পরিচ্ছেদ।

পঞ্চদশ পরিচ্ছেদ

কথাসার—রথযাত্রা পরিসমাপ্তি হইলে শ্রীঅদ্বৈতপ্রভু মহাপ্রভুকে পুষ্প-তুলসী দিয়া পূজা করিলেন, মহাপ্রভুও পূজাপাত্রের শেষ পুষ্প-তুলসী দিয়া অদ্বৈতাচার্য্যকে 'যোঽসি সোঽসি'-মন্ত্রে পূজা করিলেন। তাহার পর অদ্বৈতাচার্য্য মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইলেন। নন্দোৎসব-দিবসে প্রভু সগণে গোপবেশ ধারণপূর্ব্বক আনন্দোৎসব করিলেন। বিজয়া-দশমী-দিবসে লঙ্কাবিজয়োৎসবে নিজ ভক্তগণকে বানরসৈন্য সাজাইয়া স্বয়ং হনুমানের আবেশে অনেক আনন্দপ্রকাশ করিলেন। তদনন্তর অন্যান্য যাত্রা দেখিয়া সমাগত ভক্তদিগকে গৌড়দেশে যাইতে আজ্ঞা করিলেন। মহাপ্রভু রামদাস, দাস-গদাধর প্রভৃতি কয়েকটি বৈষ্ণবের সহিত নিত্যানন্দপ্রভুকেও গৌড়দেশে পাঠাইলেন। পরে অনেক দৈন্যোক্তির সহিত (শ্রীবাস-হস্তে) স্বীয় জননীর জন্য প্রসাদ-বস্ত্রাদি পাঠাইলেন। রাঘবপণ্ডিত, বাসুদেব দত্ত, কুলীন-গ্রামবাসী ভক্তগণ প্রভৃতি সকল বৈষ্ণবেরই অনেক গুণ-ব্যাখ্যানপূর্ব্বক বিদায় দিলেন। রামানন্দ ও সত্যরাজের প্রশ্নোত্তরে মহাপ্রভু গৃহস্থ-বৈষ্ণবের পক্ষে শুদ্ধনামপরায়ণ বৈষ্ণব-সেবায় অনুমতি দিলেন। খণ্ডবাসি-বৈষ্ণবদিগের মাহাত্ম্য (এবং সেবা-নির্দ্দেশ), সার্ব্বভৌম ও বিদ্যা-বাচস্পতিকে (দারু ও জলব্রহ্ম-সেবায় আদেশ) এবং মুরারি-গুপ্তের শ্রীরামচরণ-নিষ্ঠা ব্যাখ্যা করিয়া বাসুদেবের সম্পূর্ণ-বৈষ্ণবোচিত প্রার্থনা-অনুসারে কৃষ্ণের (অনায়াসে) জগৎ-মোচন-সামর্থ্য বিচার করিলেন। তদনন্তর সার্ব্বভৌমের ভিক্ষাগ্রহণ-সময়ে অমোঘের কিছু দুর্ব্বুদ্ধি হইলে, পরদিন প্রাতে সে বিসূচিকা-রোগে আক্রান্ত হইল। প্রভু তাহাকে কৃপা করিয়া রোগমুক্ত করত কৃষ্ণ-নামে রুচি প্রদান করিলেন। (অঃ প্রঃ ভাঃ)

স্ব-নিন্দক অমোঘকে আত্মসাৎকারী গৌরসুন্দর ঃ—

সার্ব্বভৌমগৃহে ভুঞ্জন্ স্বনিন্দকমমোঘকম্ ।

অঙ্গীকুর্ব্বন্ স্ফুটাং চক্রে গৌরঃ স্বাং ভক্তবশ্যতাম্ ॥১॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।

জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। সার্ব্বভৌমের গৃহে ভোজন করিয়া স্বীয় নিন্দক

অনুভাষ্য

১। গৌরঃ সার্ব্বভৌমগৃহে (ভট্টাচার্য্যভবনে) ভুঞ্জন্

চৈতন্যচরিত-শ্রোতৃগণের জয় ঃ—

জয় শ্রীচৈতন্যচরিতামৃত-শ্রোতাগণ ।
চৈতন্যচরিতামৃত—যাঁর প্রাণধন ॥ ৩ ॥

ভক্তসঙ্গে প্রভুর পুরুষোত্তম-লীলা ঃ—

এইমত মহাপ্রভু ভক্তগণ-সঙ্গে ।
নীলাচলে রহি' করে নৃত্যগীত-রঙ্গে ॥ ৪ ॥
প্রথম-বৎসরে জগন্নাথ-দরশন ।
নৃত্যগীত করে দণ্ড, পরণাম, স্তবন ॥ ৫ ॥

মধ্যাহ্নভোগ-বিলম্বাবসরে হরিদাস-সহ সাক্ষাৎকার ঃ—

'উপলভোগ' লাগিলে করে বাহিরে বিজয় ।
হরিদাস মিলি' আইসে আপন-নিলয় ॥ ৬ ॥

নিজগৃহে আসিয়া নামকীর্ত্তন, অদ্বৈতের প্রভু-পূজা ঃ—

ঘরে বসি' করে প্রভু নাম-সঙ্কীর্ত্তন ।
অদ্বৈত আসিয়া করে প্রভুর পূজন ॥ ৭ ॥
সুগন্ধি-সলিলে দেন পাদ্য, আচমন ।
সর্ব্বাঙ্গে লেপয়ে প্রভুর সুগন্ধি চন্দন ॥ ৮ ॥
গলে মালা দেন, মাথায় দিল তুলসী-মঞ্জরী ।
যোড়-হাতে স্তুতি করে পদে নমস্করি' ॥ ৯ ॥

প্রভুর অদ্বৈতকে প্রতিপূজন ঃ—

পূজা-পাত্রে পুষ্প-তুলসী শেষ যে আছিল ।
সেই সব লঞা প্রভু আচার্য্যে পূজিল ॥ ১০ ॥
'যোঽসি সোঽসি নমোঽস্তু তে' এই মন্ত্র পড়ে ।
মুখবাদ্য করি' প্রভু হাসায় আচার্য্যেরে ॥ ১১ ॥
এইমত অন্যোন্যে করেন নমস্কার ।
প্রভুরে নিমন্ত্রণ করে আচার্য্য বার বার ॥ ১২ ॥

আচার্য্যগৃহে প্রভুর ভিক্ষা—চৈতন্যভাগবতে বর্ণিত ঃ—

আচার্য্যের নিমন্ত্রণ—আশ্চর্য্য-কথন ।
বিস্তারি' বর্ণিয়াছেন দাস-বৃন্দাবন ॥ ১৩ ॥

এক এক ভক্তগৃহে সগণ প্রভুর নিমন্ত্রণ ঃ—

পুনরুক্তি হয় তাহা, না কৈলুঁ বর্ণন ।
আর ভক্তগণ করে প্রভুরে নিমন্ত্রণ ॥ ১৪ ॥
এক এক দিন এক এক ভক্তগৃহে মহোৎসব ।
প্রভু-সঙ্গে তাঁহা ভোজন করে ভক্ত সব ॥ ১৫ ॥

প্রভুসঙ্গে গৌড়ীয়গণের চারিমাস-যাপন ঃ—

চারিমাস রহিলা সবে মহাপ্রভু-সঙ্গে ।
জগন্নাথের নানা যাত্রা দেখে মহারঙ্গে ॥ ১৬ ॥

নন্দোৎসব-দিনে গোপবেশে ভক্তসহ
ব্রজ-লীলাভিনয় ঃ—

কৃষ্ণজন্মযাত্রা-দিনে নন্দ-মহোৎসব ।
গোপবেশ হৈলা প্রভু লঞা ভক্ত সব ॥ ১৭ ॥
দধিদুগ্ধ-ভার প্রভু নিজ-স্কন্ধে করি' ।
মহোৎসব-স্থানে আইলা বলি 'হরি' 'হরি' ॥ ১৮ ॥

কানাই খুটিয়ার ও জগন্নাথ-মাহাতির যথাক্রমে
'নন্দ' ও 'যশোদা' বেশ ঃ—

কানাই-খুটিয়া আছেন 'নন্দ' বেশ ধরি' ।
জগন্নাথ-মাহাতি হঞাছেন 'ব্রজেশ্বরী' ॥ ১৯ ॥

রাজা, মিশ্র, ভট্ট ও তুলসী-পড়িছার সহ প্রভুর লীলারঙ্গ ঃ—

আপনে প্রতাপরুদ্র, আর মিশ্র-কাশী ।
সার্ব্বভৌম, আর পড়িছা-পাত্র তুলসী ॥ ২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

অমোঘ-ভট্টাচার্য্যকে অঙ্গীকার করত গৌরচন্দ্র স্পষ্টই নিজের ভক্তিবশ প্রকাশ করিয়াছিলেন।

১১। 'তুমি যে হও, সে হও, তোমাকেই আমি নমস্কার করি',—এই মন্ত্র পড়িয়া আচার্য্যের পূজা করিলেন।

১৩। শ্রীচৈতন্যভাগবতে, অন্ত্যখণ্ড, নবম অধ্যায় দ্রষ্টব্য।

অনুভাষ্য

(ভিক্ষাং স্বীকুর্ব্বন্) স্বনিন্দকং (নিজ-নিন্দাকারিণম্) অমোঘকং (তন্নামকং সার্ব্বভৌমদুহিতৃ-'ষষ্ঠী'-পতিম্) অঙ্গীকুর্ব্বন্ (নিজ-দাসগণমধ্যে গণয়ন্) স্বাং (নিজাং) ভক্তবশ্যতাং (অনুগত-জনবাধ্যতাং) স্ফুটাং (ব্যক্তীভূতাং) চক্রে (কৃতবান্)।

৬। মধ্যাহ্নকালে ভোগবর্দ্ধন-খণ্ডে ভোগ অর্থাৎ উপল-ভোগ লাগিলে প্রভু শ্রীমন্দিরের বাহিরে গমন করেন। তৎ-পূর্ব্বে গরুড়স্তম্ভের পশ্চাদ্ভাগে দণ্ডায়মান হইয়া দণ্ডবৎ-প্রণাম ও স্তবনাদি করেন। প্রত্যাবর্ত্তনকালে 'সিদ্ধবকুলে' হরিদাস-ঠাকুরের সহিত সাক্ষাৎকার করিয়া নিজবাসস্থলী কাশীমিশ্র-ভবনে আগমন করেন।

১১। কেহ এই পাঠ বলেন,—"রাধে কৃষ্ণ রমে বিষ্ণো সীতে রাম শিবে শিব। যাঽসি সাঽসি নমো নিত্যং যোঽসি সোঽসি নমোঽস্তু তে।।"

১৭। কৃষ্ণজন্মযাত্রাদিন—জন্মাষ্টমীর পরদিবস অর্থাৎ নন্দোৎসবের দিন।

১৯। খুটিয়া—উৎকলীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ ; মাহাতি—উৎকলদেশীয় করণের উপাধিবিশেষ।

২০। পাত্র—উৎকলদেশীয় সম্মানিত জনের উপাধি।

ইঁহা সবা লঞা প্রভু করে নৃত্য-রঙ্গ ।
দধি-দুগ্ধ হরিদ্রা-জলে ভরে সবার অঙ্গ ॥ ২১ ॥

লাঠি খেলিয়া স্বীয় গোপস্বরূপ দেখাইতে অনুরোধ ঃ—

অদ্বৈত কহে,—"সত্য কহি, না করিহ কোপ ।
লগুড় ফিরাইতে পার, তবে জানি গোপ ॥" ২২ ॥

প্রভুরও লাঠি ঘুরাইয়া গোপ-লীলা-প্রদর্শন ঃ—

তবে লগুড় লঞা প্রভু ফিরাইতে লাগিলা ।
বার বার আকাশে ফেলি' লুফিয়া ধরিলা ॥ ২৩ ॥
শিরের উপরে, সম্মুখে, পৃষ্ঠে, দুই-পাশে ।
পাদসন্ধে ফিরায় লগুড়,—দেখি' লোক হাসে ॥ ২৪ ॥

তদ্দর্শনে সকলের বিস্ময় ঃ—

অলাত-চক্রের প্রায় লগুড় ফিরায় ।
দেখি' সর্ব্বলোক-চিত্তে চমৎকার পায় ॥ ২৫ ॥

নিতাইরও ঐরূপ লাঠি ঘুরাইয়া স্বীয় গোপস্বরূপ প্রদর্শন ঃ—

এইমত নিত্যানন্দ ফিরায় লগুড় ।
কে বুঝিবে তাঁহা দুঁহার গোপভাব গূঢ় ॥ ২৬ ॥

প্রভুর মস্তকে তুলসী-পড়িছার আনীত প্রসাদি-বস্ত্র-বন্ধন ঃ—

প্রতাপরুদ্রের আজ্ঞায় পড়িছা-তুলসী ।
জগন্নাথের প্রসাদ-বস্ত্র এক লঞা আসি' ॥ ২৭ ॥
বহুমূল্য বস্ত্র প্রভু মস্তকে বান্ধিল ।
আচার্য্যাদি প্রভুর গণেরে পরাইল ॥ ২৮ ॥

কানাই ও জগন্নাথের ধনাদি-বিতরণ ঃ—

কানাঞি-খুটিয়া, জগন্নাথ,—দুই জন ।
আবেশে বিলাইল, ঘরে ছিল যত ধন ॥ ২৯ ॥

প্রভুর সন্তোষ ও মাতা-পিতাকে প্রণাম ঃ—

দেখি' মহাপ্রভু বড় সন্তোষ পাইলা ।
মাতাপিতা-জ্ঞানে দুঁহে নমস্কার কৈলা ॥ ৩০ ॥
পরম-আবেশে প্রভু আইলা নিজ-ঘর ।
এইমত লীলা করে গৌরাঙ্গসুন্দর ॥ ৩১ ॥

বিজয়া-দশমী-তিথিতে ভক্তগণকে বানর-সৈন্য সাজাইয়া স্বয়ং হনুমৎ-লীলাভিনয় ঃ—

বিজয়া-দশমী—লঙ্কা-বিজয়ের দিনে ।
বানর-সৈন্য কৈলা প্রভু লঞা ভক্তগণে ॥ ৩২ ॥
হনুমান্-আবেশে প্রভু বৃক্ষশাখা লঞা ।
লঙ্কা-গড়ে চড়ি' ফেলে লঙ্কা ভাঙ্গিয়া ॥ ৩৩ ॥

রাবণ-বধ-লীলোদ্যত প্রভু ঃ—

'কাঁহারে রাব্ণা' প্রভু কহে ক্রোধাবেশে ।
'জগন্মাতা হরে পাপী, মারিমু সবংশে ॥' ৩৪ ॥

লোকের বিস্ময় ও জয়ধ্বনি ঃ—

গোসাঞির আবেশ দেখি' লোকে চমৎকার ।
সর্ব্বলোক 'জয়' 'জয়' করে বারবার ॥ ৩৫ ॥

কার্ত্তিকমাসের বৈষ্ণব-পর্ব্বাদি দর্শন ঃ—

এইমত রাসযাত্রা, আর দীপাবলী ।
উত্থান-দ্বাদশী-যাত্রা দেখিলা সকলি ॥ ৩৬ ॥

নিতাইসহ গোপনে পরামর্শ ঃ—

একদিন মহাপ্রভু নিত্যানন্দে লঞা ।
দুই ভাই যুক্তি কৈল নিভৃতে বসিয়া ॥ ৩৭ ॥

পরে ফলদ্বারা ভক্তগণের কারণানুমান ঃ—

কিবা যুক্তি কৈল দুঁহে, কেহ নাহি জানে ।
ফলে অনুমান পাছে কৈল ভক্তগণে ॥ ৩৮ ॥

সমস্ত গৌড়ীয়-ভক্তকে প্রতিবর্ষে গুণ্ডিচায় সাক্ষাৎকারজন্য উপদেশ দিয়া বিদায় দান ঃ—

তবে মহাপ্রভু সব ভক্তে বোলাইল ।
'গৌড়দেশে যাহ' সবে বিদায় করিল ॥ ৩৯ ॥
সবারে কহিল,—"প্রতি বৎসর আসিয়া ।
গুণ্ডিচা দেখিয়া যাবে আমারে মিলিয়া ॥" ৪০ ॥

অদ্বৈতকে প্রচারে আদেশ ঃ—

আচার্য্যেরে আজ্ঞা দিল করিয়া সম্মান ।
"আ-চণ্ডাল আদি কৃষ্ণভক্তি দিও দান ॥" ৪১ ॥

অনুভাষ্য

২২। লগুড়—লাঠি ; লাঠিখেলায় গোপ বা গৌড়গণ অগ্রগণ্য।

২৪। পাদসন্ধে—পদদ্বয়ের মধ্যবর্ত্তি-স্থানে।

২৫। অলাতচক্র—জ্বলিত অঙ্গার-খণ্ড তীব্রবেগে ঘুরাইলে যেরূপ উহাকে একটী ব্যাপক অগ্নিময় চক্র বলিয়া প্রতীয়মান হয়, প্রভুও সেইরূপ দ্রুতভাবে লাঠি ঘুরাইয়া সর্ব্বত্র লগুড়ের অবস্থান প্রদর্শন করিলেন।

২৯। ভাঃ ১০।৩।৯ সংখ্যা দ্রষ্টব্য।

৩৩। লঙ্কা-গড়—লঙ্কা-নগরীর চতুষ্পার্শ্বস্থ গড় বা পরিখা।

৩৪। জগন্মাতা—সীতাদেবী।

৩৬। দীপাবলী—দেওয়ালী কার্ত্তিকী অমাবস্যা ; উত্থান-দ্বাদশী-যাত্রা—কার্ত্তিকী শুক্লা-দ্বাদশী ; চাতুর্ম্মাস্যান্ত-ব্রত, সমুদ্র-স্নান, নগর-পরিক্রমা প্রভৃতি যাত্রি-কৃত্য।

নিতাইকে প্রচারে আদেশ ঃ—

নিত্যানন্দে আজ্ঞা দিল,—"যাহ গৌড়দেশে ।
অনর্গল প্রেমভক্তি করিহ প্রকাশে ॥ ৪২ ॥

নিতাইয়ের প্রচারসঙ্গী—অভিরাম ও দাস-গদাধর ঃ—

রামদাস, গদাধর আদি কত জনে ।
তোমার সহায় লাগি' দিলুঁ তোমার সনে ॥ ৪৩ ॥

অদৃশ্য থাকিয়া গৌড়ে নিতাইর নৃত্যদর্শনাঙ্গীকার ঃ-

মধ্যে মধ্যে আমি তোমার নিকট যাইব ।
অলক্ষিতে রহি' তোমার নৃত্য দেখিব ॥" ৪৪ ॥

শ্রীবাসাঙ্গনে নিত্য নৃত্যাঙ্গীকার ঃ—

শ্রীবাস-পণ্ডিতে প্রভু করি' আলিঙ্গন ।
কণ্ঠে ধরি' কহে তাঁরে মধুর বচন ॥ ৪৫ ॥
"তোমার ঘরে কীর্ত্তনে আমি নিত্য নাচিব ।
তুমি দেখা পাবে, আর কেহ না দেখিব ॥ ৪৬ ॥

মাতৃবৎসল প্রভুর মাতাকে সান্ত্বনার্থে শ্রীবাস-হস্তে বস্ত্রখণ্ড-দান ও মাতৃত্যাগহেতু অপরাধ-ক্ষমা-প্রার্থনা ঃ—

এই বস্ত্র মাতাকে দিহ', এই সব প্রসাদ ।
দণ্ডবৎ করি' আমার ক্ষমাইহ অপরাধ ॥ ৪৭ ॥

বাৎসল্যরস-বিরোধী সন্ন্যাস-বেষ-গ্রহণ-হেতু আপনাকে ধিক্কার-প্রদান ঃ—

তাঁর সেবা ছাড়ি' আমি করিয়াছি সন্ন্যাস ।
ধর্ম্ম নহে, করি আমি নিজ-ধর্ম্মনাশ ॥ ৪৮ ॥
তাঁর প্রেম-বশ আমি, তাঁর সেবা—ধর্ম্ম ।
তাহা ছাড়ি' করিয়াছি বাতুলের কর্ম্ম ॥ ৪৯ ॥
বাতুল বালকের মাতা নাহি লয় দোষ ।
এই জানি' মাতা মোরে না করয় রোষ ॥ ৫০ ॥
কি কায সন্ন্যাসে মোর, প্রেম নিজ-ধন ।
যে-কালে সন্ন্যাস কৈলুঁ, ছন্ন হৈল মন ॥ ৫১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৩। গদাধর—আঁড়িয়াদহ-বাসী গদাধর-দাস।

অনুভাষ্য

৪২। নিত্যানন্দে আজ্ঞা—প্রাকৃত-সহজিয়ার দল অভিন্ন-রোহিণীনন্দন শ্রীনিত্যানন্দপ্রভুতে প্রাকৃত বুদ্ধি করিয়া বলিয়া থাকেন যে, 'শ্রীমন্মহাপ্রভু শ্রীনিত্যানন্দপ্রভুকে বংশ রক্ষা (?) করিবার জন্য শ্রীনীলাচল হইতে শ্রীগৌড়দেশে পাঠাইলেন।' শ্রীনিত্যানন্দ-চরণে অপরাধ হইতেই এইরূপ পাষণ্ডবুদ্ধি উদ্ভূত হইয়াছে। এই শ্রেণীর লোকসকল যাবতীয় ঈশ্বরবিগ্রহ-বিষ্ণু-তত্ত্বের মূল আকর শ্রীমন্নিত্যানন্দকে তাহাদের মতই একজন 'কুণপাত্মবাদী' এবং জড়ীয়ভাবে ইন্দ্রিয়তর্পণরত যমদণ্ড্য মর্ত্ত্য-জীবমাত্র জ্ঞান করিয়া নরকপথেরই পথিক হয়। ঐ সকল কনক-কামিনী-প্রতিষ্ঠালোভী, বণিকস্বভাব, স্বার্থপর ব্যক্তি স্বীয় উর্ব্বর মস্তিষ্কে এরূপ শাস্ত্রবিরুদ্ধ মত উদ্ভাবনপূর্ব্বক নিত্যানন্দের নাম করিয়া তাঁহার ঈশ্বরচেষ্টাদ্বারা নিজেদের ব্যবসায়, নির্ব্বোধ-লোক-প্রবঞ্চন এবং দুরভিসন্ধিমূলে সর্ব্বত্র গর্হিত যোষিৎসঙ্গ-স্পৃহা ও গৃহব্রত বা গৃহমেধ-ধর্ম্মের অন্যায় ও অশাস্ত্রীয়ভাবে সমর্থন করিবার সুযোগ অন্বেষণ করেন। প্রকৃতপক্ষে, কৃষ্ণপ্রেম-দাতা মহাবদান্য শ্রীমন্মহাপ্রভুকর্ত্তৃক তৎপ্রকাশ-বিগ্রহ তদভিন্ন শ্রীমন্নিত্যানন্দপ্রভুকে রজোগুণাশ্রিত প্রজাপতিবর্গের ন্যায় বংশ-বৃদ্ধিদ্বারা সৃষ্টি-রক্ষা অথবা কৃষ্ণবিমুখ জীবের জড়ীয় ভাবে ইন্দ্রিয়তর্পণ-কার্য্য সমর্থন করিবার যন্ত্রবিশেষরূপে ব্যবহৃত হইবার জন্য ঐরূপ আদেশ প্রদান করিবার কথা কোন প্রামাণিক গ্রন্থেই লিপিবদ্ধ নাই, থাকিতেও পারে না,—কেননা, উহা সর্ব্বথা অশ্রাব্য। ঐরূপ কথা প্রচার করিয়া প্রাকৃত যোষিৎসঙ্গি-সহজিয়াগণ আপনারাও পরমার্থ হইতে বঞ্চিত হন এবং সদসদ্বিবেকহীন জগৎকেও বঞ্চনা করিয়া জগতে অমঙ্গলই উৎপাদন করেন।

৪৮। আমি সন্ন্যাস করায় মাতৃসেবা-রূপ ধর্ম্ম পালন না করিয়া ধর্ম্মভ্রষ্ট হইয়াছি।

অমৃতানুকণা—৪৮-৫১। শ্রীমদ্ভগবদ্গীতায় (১৮।৬৬) ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং ঘোষণা করিয়াছেন,—"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ।।" সুতরাং তদনুসারে সর্ব্বপ্রকার নশ্বর-ধর্ম্ম পরিত্যাগকারী কৃষ্ণৈকশরণ কোন সন্ন্যাসীর পক্ষে পুনরায় কোন নশ্বরধর্ম্ম-অপালনজনিত পাপের আশঙ্কা থাকিতে পারে না। ধর্ম্মসংস্থাপনের জন্য অবতীর্ণ স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দর গীতায় নিজ-কথিত উক্ত বাক্যেরই পরম সার্থকতা সম্পাদন করিতে স্বয়ংই সর্ব্বধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক তথা সন্ন্যাসগ্রহণপূর্ব্বক শ্রীকৃষ্ণশরণ-গ্রহণের উজ্জ্বলতম দৃষ্টান্ত স্থাপন করিয়াছিলেন। সুতরাং "তাঁহার সেবা ছাড়ি' আমি করিয়াছি সন্ন্যাস। ধর্ম্ম নহে, করি আমি নিজ ধর্ম্ম নাশ।।"—ইত্যাদি-দ্বারা কোন জড়াসক্তির প্রশ্রয় সূচিত হয় নাই—শচীমাতার সহিত তাঁহার নিত্যসিদ্ধ সম্বন্ধই জ্ঞাপিত হইতেছে মাত্র।

শচীমাতা শ্রীগৌরসুন্দরের নিত্যসিদ্ধ পার্ষদ—বাৎসল্য-রসের মূল আশ্রয়-বিগ্রহ। বিষয়বিগ্রহ ও আশ্রয়বিগ্রহ—উভয়ের মধ্যে পরস্পর যে নিত্য সেব্য-সেবক সম্বন্ধ, তাহা যে কিছু জড়ীয় বা নশ্বর নহে—তাহাই শ্রীগৌরসুন্দর শ্রীবাস পণ্ডিতের নিকট বুঝাইয়াছেন। ভক্তের প্রতি ভগবানের যে 'নিজধর্ম্ম', তাহা তিনি স্বয়ংই ব্যক্ত করিয়াছেন—"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্" (গীতা ৪।১১)। সুতরাং বাৎসল্য-রসে শ্রীগৌরহরির নিত্য উপাসিকা—শচীমাতা, অতএব তাঁহার নিকট হইতে উক্ত রসে সেবা গ্রহণই শ্রীগৌরসুন্দরের 'নিজধর্ম্ম'—"তাঁর প্রেমবশ আমি, তাঁর সেবা—ধর্ম্ম।" সেস্থলে সন্ন্যাসগ্রহণ বাৎসল্য-রস-বিরোধী হওয়ায় তাঁহার উক্ত 'নিজধর্ম্ম' বাহ্যতঃ নাশ হইল। কিন্তু

অদ্যাবধি মায়াপুরে মধ্যে মধ্যে শচীদর্শনে আগমনাঙ্গীকার ঃ—

নীলাচলে আছি মুঞি তাঁহার আজ্ঞাতে ।
মধ্যে মধ্যে আসিমু, তাঁর চরণ দেখিতে ॥ ৫২ ॥

পূর্ব্বে নিত্যই শচীসহ সাক্ষাৎকার, কিন্তু প্রভুর মায়াপ্রভাবে শচীর সংশয় ঃ—

নিত্য যাই' দেখি মুঞি তাঁহার চরণে ।
স্ফূর্ত্তি-জ্ঞানে তেঁহো তাহা সত্য নাহি মানে ॥ ৫৩ ॥

শচীর বিশ্বাস-উৎপাদনার্থ এক দিবসের ঘটনা বর্ণন ঃ—

একদিন শাল্যন্ন, ব্যঞ্জন পাঁচ-সাত ।
শাক, মোচা-ঘন্ট, ভৃষ্ট-পটোল-নিম্বপাত ॥ ৫৪ ॥
লেম্বু-আদাখণ্ড, দধি, দুগ্ধ, খণ্ডসার ।
শালগ্রামে সমর্পিলেন বহু উপহার ॥ ৫৫ ॥
প্রসাদ লঞা কোলে করেন ক্রন্দন ।
'নিমাইর প্রিয় মোর—এসব ব্যঞ্জন ॥ ৫৬ ॥
নিমাই নাহিক এথা, কে করে ভোজন ।'
মোর ধ্যানে অশ্রুজলে ভরিল নয়ন ॥ ৫৭ ॥
শীঘ্র যাই' মুঞি সব করিনু ভক্ষণ ।
শূন্যপাত্র দেখি' অশ্রু করিয়া মার্জ্জন ॥ ৫৮ ॥
'কে অন্ন-ব্যঞ্জন খাইল, শূন্য কেনে পাত ?
বালগোপাল কিবা খাইল সব ভাত ?? ৫৯ ॥
কিবা মোর কথায় মনে ভ্রম হঞা গেল !
কিবা কোন জন্তু আসি' সকল খাইল ?? ৬০ ॥
কিবা আমি অন্ন পাত্রে ভ্রমে না বাড়িল !'
এত চিন্তি' পাক-পাত্র যাঞা দেখিল ॥ ৬১ ॥
অন্নব্যঞ্জনপূর্ণ দেখি' সকল ভাজনে ।
দেখিয়া সংশয় হৈল কিছু চমৎকার মনে ॥ ৬২ ॥
ঈশানে বোলাঞা পুনঃ স্থান লেপাইল ।
পুনরপি গোপালকে অন্ন সমর্পিল ॥ ৬৩ ॥
এইমত যবে করেন উত্তম রন্ধন ।
মোরে খাওয়াইতে করে উৎকণ্ঠায় রোদন ॥ ৬৪ ॥
তাঁর প্রেমে আনি' আমায় করায় ভোজনে ।
অন্তরে সুখ মানে তেঁহো, বাহ্যে নাহি মানে ॥ ৬৫ ॥

বিগত বিজয়া-দশমীতেও ঐরূপ মাতৃপাচিত অন্ন-ভোজন ঃ—

এই বিজয়া-দশমীতে হৈল এই রীতি ।
তাঁহাকে পুছিয়া তাঁর করাইহ প্রীতি ॥" ৬৬ ॥

ভক্ত-বিচ্ছেদে প্রভুর বিহ্বলতা ঃ—

এতেক কহিতে প্রভু বিহ্বল হইলা ।
লোক বিদায় করিতে প্রভু ধৈর্য্য ধরিলা ॥ ৬৭ ॥

প্রেমবশ প্রভুর রাঘব-পণ্ডিতের শুদ্ধকৃষ্ণসেবা-প্রচেষ্টা-বর্ণন ঃ—

রাঘব-পণ্ডিতে কহেন বচন সরস ।
"তোমার নিষ্ঠা-প্রেমে আমি হই' তোমার বশ ॥ ৬৮ ॥
ইঁহার কৃষ্ণসেবার কথা শুন, সর্ব্বজন ।
পরম পবিত্র সেবা অতি সর্ব্বোত্তম ॥ ৬৯ ॥

রাঘবের প্রভুকে অপূর্ব্ব নারিকেল-ভোগপ্রদান-বৈশিষ্ট্য ঃ—

আর দ্রব্য রহু—শুন নারিকেলের কথা ।
পাঁচ গণ্ডা করি' নারিকেল বিকায় তথা ॥ ৭০ ॥
বাটিতে কত শত বৃক্ষে লক্ষ লক্ষ ফল ।
তথাপি শুনেন, যথা মিষ্ট নারিকেল ॥ ৭১ ॥

অনুভাষ্য

৫৪। শাল্যন্ন—শালি-ধান্যের চাউলের অন্ন ; ভৃষ্ট-পটোল-নিম্বপাত—নিমপাতাসহ পটোল ভাজা।

৬২। ভাজন—আধার, পাত্র।

৬৩। ঈশান—আদি, ১০ম পঃ ১১০ সংখ্যা দ্রষ্টব্য।

পরোক্ষভাবে তিনি নিজ অচিন্ত্যশক্তি-বলে শচীমাতার নিকট অবস্থানপূর্ব্বক তাঁহার প্রেমসেবা-গ্রহণের দ্বারা তিনি সেই 'নিজধর্ম্ম'ই পালন করিতেন—"নিত্য যাই দেখি মুঞি তাঁহার চরণে। স্ফূর্ত্তিজ্ঞানে তেঁহো সত্য নাহি মানে।।" (চৈঃ চঃ মঃ ১৫।৫৩)

শ্রীগৌরসুন্দর এস্থলে নিজ বিষয়বিগ্রহোচিত-ভাবই ব্যক্ত করিয়া বলিতেছেন,—"কি কায সন্ন্যাসে মোর, প্রেম নিজ ধন।" কৃষ্ণসেবা-নিষেবণই ত্রিদণ্ডিভিক্ষুর একমাত্র ব্রত এবং কৃষ্ণপ্রেমধনই তাঁহার সেই নিবৃত্তিমার্গের 'মহাফল'। কিন্তু সেই প্রেমধন শ্রীগৌরসুন্দরের একান্ত নিজস্ব—"প্রেম নিজ ধন।" অদ্বয়জ্ঞান-পরতত্ত্ব শ্রীগৌরসুন্দর নিজ নিত্য প্রেমময় পরিকর ও ধামসহ স্বয়ং পূর্ণতত্ত্ব। অতএব উক্ত প্রেমধনের জন্য তাঁহার সন্ন্যাস গ্রহণের কোন অপেক্ষা নাই—" ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।" (গীতা ৩।২২)।

তাহা হইলে তাঁহার সন্ন্যাস গ্রহণের কারণ কি ? তদুত্তর—"যে কালে সন্ন্যাস কৈলু, ছন্ন হৈল মন।" শ্রীকৃষ্ণ—সম্ভোগ-বিগ্রহ, শ্রীরাধা—বিপ্রলম্ভ-মূর্ত্তি এবং শ্রীগৌররূপী কৃষ্ণ—শ্রীরাধাভাব আস্বাদনকারী। সেই রাধাভাব-আস্বাদনসূত্রে বিপ্রলম্ভ-মহাভাব-মধ্যে যে প্রবলা কৃষ্ণান্বেষণ-চেষ্টা ও কৃষ্ণেতর-বিষয়ে যে তীব্র বৈরাগ্য, তৎপ্রেরিত হইয়াই শ্রীগৌরকৃষ্ণের মুখ্যতঃ সন্ন্যাসগ্রহণ। "প্রভু বলে,—শুন, সার্ব্বভৌম মহাশয়। 'সন্ন্যাসী' আমারে নাহি জানিহ নিশ্চয়।। কৃষ্ণের বিরহে মুঞি বিক্ষিপ্ত হইয়া। বাহির হইলুঁ শিখা-সূত্র মুড়াইয়া।।" (চৈঃ ভাঃ অঃ ৩।৬৬-৬৭)। অর্থাৎ এস্থলে তাঁহার সেই সুতীব্র বিপ্রলম্ভজনিত দিব্যোন্মাদই উক্ত 'ছন্ন হৈল মন' বাক্যের মুখ্য তাৎপর্য্য, এবং দ্বিতীয়তঃ উক্ত বাক্যে পাষণ্ডী, মায়াবাদী, কর্ম্মনিষ্ঠ, নিন্দক প্রভৃতি জীবের উদ্ধার-বাসনাদ্বারা তাঁহার সমাবৃত-চিত্তত্ব বুঝাইতেছে।

এক এক ফলের মূল্য দিয়া চারিচারি পণ ।
দশক্রোশ হৈতে আনায় করিয়া যতন ॥ ৭২ ॥
প্রতিদিন পাঁচ-সাত ফল ছোলাঞা ।
সুশীতল করিয়া রাখে জলে ডুবাইঞা ॥ ৭৩ ॥
ভোগের সময় পুনঃ ছুলি' সংস্করি' ।
কৃষ্ণে সমর্পণ করে, মুখ ছিদ্র করি' ॥ ৭৪ ॥
কৃষ্ণ সেই নারিকেল-জল পান করি' ।
কভু শূন্য ফল রাখেন, কভু জল ভরি' ॥ ৭৫ ॥
জলশূন্য ফল দেখি' পণ্ডিত—হরষিত ।
ফল ভাঙ্গি' শস্যে করে শতপাত্র পূরিত ॥ ৭৬ ॥
শস্য সমর্পণ করি' বাহিরে ধেয়ান ।
শস্য খাঞা কৃষ্ণ করে শূন্য ভাজন ॥ ৭৭ ॥
কভু শস্য খাঞা কৃষ্ণ পুনঃ পাত্র ভরে শাঁসে ।
শ্রদ্ধা বাড়ে পণ্ডিতের, প্রেমসিন্ধু ভাসে ॥ ৭৮ ॥

এক দিবসের ঘটনা-বর্ণন ঃ—

এক দিন ফলদশ সংস্কার করিয়া ।
ভোগ লাগাইতে সেবক আইল লঞা ॥ ৭৯ ॥
অবসর নাহি হয়, বিলম্ব হইল ।
ফল-পাত্র-হাতে সেবক দ্বারে ত' রহিল ॥ ৮০ ॥
দ্বারের উপর ভিতে তেঁহো হাত দিল ।
সেই হাতে ফল ছুঁইল, পণ্ডিত দেখিল ॥ ৮১ ॥
পণ্ডিত কহে,—'দ্বারে লোক করে গতায়াতে ।
তার পদধূলি উড়ি' লাগে উপর-ভিতে ॥ ৮২ ॥
সেই ভিতে হাত দিয়া ফল পরশিলা ।
কৃষ্ণ-যোগ্য নহে, ফল অপবিত্র হৈলা ॥' ৮৩ ॥

জগতে রাঘবের অপূর্ব্ব পবিত্র কৃষ্ণসেবা ঃ—

এত বলি' ফল ফেলে প্রাচীর লঙ্ঘিয়া ।
ঐছে পবিত্র প্রেম-সেবা জগৎ জিনিয়া ॥ ৮৪ ॥
তবে আর নারিকেল সংস্কার করাইল ।
পরম পবিত্র করি' ভোগ লাগাইল ॥ ৮৫ ॥
এইমত কলা, আম্র, নারিকেল, কাঁঠাল ।
যাহা যাহা দূর-গ্রামে শুনিয়াছে ভাল ॥ ৮৬ ॥
বহুমূল্য দিয়া আনি' করিয়া যতন ।
পবিত্র সংস্কার করি' করে নিবেদন ॥ ৮৭ ॥
এইমত ব্যঞ্জনের শাক, মূল, ফল ।
এইমত চিড়া, হুড়ুম, সন্দেশ সকল ॥ ৮৮ ॥
এইমত পিঠা-পানা, ক্ষীর-ওদন ।
পরম পবিত্র, আর করে সর্ব্বোত্তম ॥ ৮৯ ॥
কাশম্দি, আচার আদি অনেক প্রকার ।
গন্ধ, বস্ত্র, অলঙ্কার, সর্ব্বদ্রব্য-সার ॥ ৯০ ॥
এইমত প্রেমের সেবা করে অনুপম ।
যাহা দেখি' সর্ব্বলোকের জুড়ায় নয়ন ॥" ৯১ ॥

প্রভুর সকল ভক্তকে যথাযোগ্য অভিনন্দন ঃ—

এত বলি' রাঘবেরে কৈল আলিঙ্গনে ।
এইমত সম্মানিল সর্ব্ব ভক্তগণে ॥ ৯২ ॥

শিবানন্দকে অসঞ্চয়ী বাসুদেব-দত্তের তত্ত্বাবধায়ক হইতে আদেশ ঃ—

শিবানন্দ সেনে কহে করিয়া সম্মান ।
"বাসুদেব-দত্তের তুমি করিহ সমাধান ॥ ৯৩ ॥
পরম উদার ইঁহো, যে দিন যে আইসে ।
সেই দিনে ব্যয় করে, নাহি রাখে শেষে ॥ ৯৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৮। হুড়ুম—শস্যবিশেষ, ইহার খই উৎকল-প্রদেশে বিশেষ প্রচলিত (পূর্ব্ববঙ্গে 'মুড়ি'কে 'হুড়ুম' বলে)।

অনুভাষ্য

৮১। উপর-ভিতে—উপর-দেওয়ালে ; তেঁহো—রাঘব পণ্ডিতের সেবক।

৮১-৮৩। শ্রীরাঘব পণ্ডিত জড়ীয় 'শুচি-বায়ুরোগ'-গ্রস্ত কর্ম্মজড় ব্যক্তি বা প্রাকৃত কনিষ্ঠ ভক্তের ন্যায় দ্বৈতবুদ্ধি-বিশিষ্ট হইয়া "ভৌমে ইজ্যধী" অর্থাৎ জড়ে চিদারোপকারী মনো-ধর্ম্মী ছিলেন না—তিনি নিত্যসিদ্ধ কৃষ্ণসেবক ছিলেন ; জড়ীয়-কামগন্ধবিহীন অপ্রাকৃত-সেবাভাবে মগ্ন থাকিয়া অনুক্ষণ নিজের আরাধ্য বস্তুর সেবা করিতেন। পক্ষান্তরে, স্বার্থপর কর্ম্মমিশ্র বিদ্ধ-ভক্তগণ অপ্রাকৃত-সেবাবুদ্ধি বিশিষ্ট না হইয়া

অমৃতপ্রবাহ ভাষ্য

৯০। কাশম্দি—কাসুন্দি।

অনুভাষ্য

তাঁহার বাহ্য আচরণ অনুকরণপূর্ব্বক জড়ের কৃত্রিম শুচি-অশুচি-বিচার করিলেই তাঁহাদের শুদ্ধকৃষ্ণভক্তি বা কৃষ্ণপ্রীতি-বাঞ্ছার পরিচয় দেওয়া হয় না—"ভদ্রাভদ্র-বস্তু-জ্ঞান নাহি অপ্রাকৃতে। দ্বৈতে ভদ্রাভদ্র-জ্ঞান,—সব মনোধর্ম্ম। এই ভাল, এই মন্দ,—এই সব ভ্রম।।"—(অন্ত্য, ৪র্থ পঃ ১৭৪, ১৭৬ সংখ্যা এবং ভাঃ ১১।২৮।৪ শ্লোক দ্রষ্টব্য)।

৮৯। ক্ষীর-ওদন—দুগ্ধে পক্ব অন্নের পায়স।

৯৩। শ্রীশিবানন্দ সেন ও বাসুদেব দত্ত ঠাকুর—উভয়েই তৎকালে কুমারহট্ট বা হালিসহরে এবং কাঁচড়াপাড়ায় বাস করিতেন।

গৃহস্থ বৈষ্ণবের লৌকিক-কর্ত্তব্যোপদেশ ঃ—

'গৃহস্থ' হয়েন ইঁহো, চাহিয়ে সঞ্চয় ।
সঞ্চয় না কৈলে কুটুম্ব-ভরণ নাহি হয় ॥ ৯৫ ॥
ইহার ঘরের আয়-ব্যয়, সব—তোমার স্থানে ।
'সরখেল' হঞা তুমি করিহ সমাধানে ॥ ৯৬ ॥

প্রতিবর্ষে সকল ভক্তকে 'ঘাটিসমাধান'-পূর্ব্বক পুরীতে আনিতে আজ্ঞা ঃ—

প্রতিবর্ষে আমার সব ভক্তগণ লঞা ।
গুণ্ডিচায় আসিবে সবায় পালন করিয়া ॥" ৯৭ ॥

সত্যরাজ রামানন্দকে প্রতিবর্ষে পট্টডোরী আনিতে আদেশ ঃ—

কুলীনগ্রামীরে কহে সম্মান করিয়া ।
"প্রত্যব্দ আসিবে যাত্রায় পট্টডোরী লঞা ॥ ৯৮ ॥

শ্রীমুখে মালাধর-বসু-কৃত 'শ্রীকৃষ্ণবিজয়'-মহিমা-বর্ণন ঃ—

গুণরাজ-খাঁন কৈল শ্রীকৃষ্ণবিজয় ।
তাঁহা একবাক্য তাঁর আছে প্রেমময় ॥ ৯৯ ॥

গ্রন্থস্থ একটী বাক্যে প্রভুর তদ্বংশে আত্মবিক্রয় ঃ—

'নন্দনন্দন কৃষ্ণ—মোর প্রাণনাথ ।'
এই বাক্যে বিকাইনু তাঁর বংশের হাত ॥ ১০০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৬। সরখেল—তত্ত্বাবধায়ক।

৯৯। 'শ্রীকৃষ্ণবিজয়'—গ্রন্থবিশেষ। অনেকে বিবেচনা করিয়াছেন যে, এই গ্রন্থই আদি বঙ্গীয় পদ্য-কাব্য-গ্রন্থ।

অনুভাষ্য

৯৯। "আদিকবি গুণরাজ খাঁন মহাশয় তেরশত পঁচানব্বই (১৩৯৫) শকাব্দায় ঐ গ্রন্থ প্রণয়নে নিযুক্ত হন, এবং চৌদ্দশত দুই (১৪০২) শকাব্দায় গ্রন্থখানি সমাপ্ত করেন।

"শ্রীকৃষ্ণবিজয়-গ্রন্থের রচনা—অতিশয় সরল, এমন কি, বঙ্গীয় অর্দ্ধশিক্ষিতা রমণীগণ ও সামান্য-বর্ণজ্ঞান-বিশিষ্ট নিম্নশ্রেণীর পুরুষগণও এই গ্রন্থ অনায়াসে পড়িতে ও বুঝিতে পারেন। এই গ্রন্থের ভাষা অলঙ্কৃত নয়,—ইহার পদ্য অনেক স্থানেই সুমিষ্ট হয় নাই ; চৌদ্দ অক্ষরের পয়ারের অনেক স্থলে ষোল-সতর অক্ষর বা বার-তের অক্ষর দেখিতে পাওয়া যায় এবং ইহার অনেক শব্দই তাৎকালিক ব্যবহৃত শব্দ। সেই সকল শব্দের অর্থ নিতান্ত রাঢ়ীয় লোক ব্যতীত অন্যে বুঝিতে পারেন না। এই পুস্তকের অভাব থাকিলে কোন বঙ্গীয় পুস্তকালয়কেই 'সম্পূর্ণ' বলা যাইতে পারে না।

"এই গ্রন্থ পারমার্থিক-লোকদিগের পক্ষে পরম আদরণীয়। বৈষ্ণবাগ্রগণ্য পূজ্যপাদ শ্রীগুণরাজ-খাঁন মহাশয় সর্ব্বশাস্ত্র-শিরোমণি শ্রীমদ্ভাগবত-গ্রন্থের দশম ও একাদশ-স্কন্ধের সাধারণের আদরণীয় অনুবাদ করিয়া এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। তন্নিবন্ধন বৈষ্ণব-জগতে এই গ্রন্থখানি সর্ব্বত্র পূজনীয়। যে-গ্রন্থ পাঠ করিয়া মহাপ্রভু এত প্রশংসা করিয়াছেন, সেই গ্রন্থ গৌড়ীয়-বৈষ্ণব-সমাজে যে কত আদর লাভ করিবে, তাহা বলাই বাহুল্য। সুতরাং এই কাব্যখানি বঙ্গবাসিগণের পক্ষে বড়ই আদরের ধন ; বিশেষতঃ কেহ কেহ বলেন,—এই গ্রন্থখানিই বঙ্গভাষার আদিকাব্য।

"শ্রীশ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের দুই বৎসর পূর্ব্বে ১৪০৫ শকাব্দায় শ্রীদেবানন্দ বসুর হস্তে এই গ্রন্থ লিখিত হয়।" (শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-লিখিত 'শ্রীকৃষ্ণবিজয়'-গ্রন্থের 'উপ-ক্রমণিকা' হইতে উদ্ধৃত)।

"বঙ্গীয় সম্রাট্ আদিশূর কান্যকুব্জ হইতে পাঁচটী সুব্রাহ্মণের সহিত যে পাঁচটী সুকায়স্থ আনয়ন করেন, তন্মধ্যে দশরথ বসু—অন্যতম ; তাঁহারই বংশের ত্রয়োদশ-পর্য্যায়ে শ্রীগুণরাজ-খাঁন উৎপন্ন হন। ইঁহার প্রকৃত নাম—শ্রীমালাধর বসু, গৌড়ীয়-সম্রাট্-দত্ত উপাধি—গুণরাজ খাঁন।

পর্য্যায় যথা ঃ—

১। দশরথ বসু, ২। কুশল, ৩। শুভশঙ্কর, ৪। হংস, ৫। শক্তিরাম (বাগাণ্ডা), ৫। মুক্তিরাম (মাইনগর), ৫। অলঙ্কার (বঙ্গজ) ;

৫। মুক্তিরাম, ৬। দামোদর, ৭। অনন্তরাম, ৮। গুণীনায়ক, ৮। বীণানায়ক ;

৮। গুণীনায়ক, ৯। মাধব, ১০। লক্ষ্মীনাথ, ১০। চক্রপাণি, ১০। উদয়চাঁদ, ১০। লৌহ, ১০। তৌহ, ১০। শ্রীপতি, ১০। অচ্যুতানন্দ ;

১০। শ্রীপতি, ১১। যজ্ঞেশ্বর, ১১। ত্রিলোচন, ১১। বটেশ্বর, ১১। প্রজাপতি, ১১। ঈশান, ১১। সাগর, ১১। কৃপারাম ;

১১। যজ্ঞেশ্বর, ১২। ভগীরথ, ১২। কামেশ্বর, ১২। সদানন্দ, ১২। বশিষ্ঠ ;

১২। ভগীরথ, ১৩। মালাধর বসু—উপাধি—গুণরাজ খাঁন।

ইঁহার চৌদ্দটী পুত্র, তন্মধ্যে দ্বিতীয় লক্ষ্মীনাথ বসুরই উপাধি—সত্যরাজ খাঁন ; তাঁহারই পুত্র—শ্রীরামানন্দ বসু, অতএব শ্রীরামানন্দ বসু—পঞ্চদশ পর্য্যায়।

শ্রীমালাধর বসু মহাশয় অতিপ্রসিদ্ধ ধনশালী পুরুষ ছিলেন। তাঁহার গড় ও দেবালয়াদি দর্শন করিলে, বোধ হয়, তাঁহার রাজশ্রী অতিশয় সমৃদ্ধিশালিনী ছিলেন। গুণরাজ খাঁন মহাশয়ের একটী সামাজিক সাহসের পরিচয় এই যে, তিনি বল্লালী কৌলিন্য-প্রথাকে সারহীন জানিয়া আপন-আত্মীয় পুরন্দর খাঁনেরও (ইনিও বসুজ) অনুরোধ পরিত্যাগপূর্ব্বক কান্যকুব্জ হইতে সমাগত শ্রীপুরুষোত্তম দত্তবংশীয় ত্রয়োদশ-পর্য্যায়স্থ

শ্রীমুখে কুলীন-গ্রামের মাহাত্ম্য বর্ণন ঃ—

তোমার কি কথা, তোমার গ্রামের কুক্কুর ।
সেহ মোর প্রিয়, অন্যজন রহু দূর ॥" ১০১ ॥

উভয়ের গৃহস্থ-বৈষ্ণবের কর্ত্তব্য বা সাধ্য-জিজ্ঞাসা ঃ—

তবে রামানন্দ, আর সত্যরাজ খাঁন ।
প্রভুর চরণে কিছু কৈল নিবেদন ॥ ১০২ ॥
"গৃহস্থ বিষয়ী আমি, কি মোর সাধনে ।
শ্রীমুখে করেন আজ্ঞা, নিবেদি চরণে ॥ ১০৩ ॥

প্রভুর উত্তর ঃ—

প্রভু কহেন,—"'কৃষ্ণসেবা', 'বৈষ্ণব-সেবন' ।
নিরন্তর কর কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন ॥' ১০৪ ॥

সত্যরাজের বৈষ্ণব চিনিবার উপায়-জিজ্ঞাসা ঃ—

সত্যরাজ বলে,—"বৈষ্ণব চিনিব কেমনে ?
কে বৈষ্ণব, কহ তাঁর সামান্য লক্ষণে ॥" ১০৫ ॥

প্রভুকর্ত্তৃক 'কনিষ্ঠ-বৈষ্ণব'-লক্ষণ নির্দ্দেশ ঃ—

প্রভু কহে,—"যাঁর মুখে শুনি একবার ।
কৃষ্ণনাম, সেই পূজ্য,—শ্রেষ্ঠ সবাকার ॥ ১০৬ ॥

এক কৃষ্ণনামের ফল-মহিমা বর্ণন ঃ—

এক কৃষ্ণনামে করে সর্ব্বপাপ ক্ষয় ।
নববিধা ভক্তি পূর্ণ নাম হৈতে হয় ॥ ১০৭ ॥

'স্বয়ংই প্রভু-কৃষ্ণ' বলিয়া শ্রীনাম—ইতরকর্ম্ম-নিরপেক্ষ ঃ—

দীক্ষা-পুরশ্চর্য্যা-বিধি অপেক্ষা না করে ।
জিহ্বা-স্পর্শে আচণ্ডালে সবারে উদ্ধারে ॥ ১০৮ ॥

অনুভাষ্য

শ্রীপতি দত্ত মহাশয়ের কন্যার সহিত নিজ জ্যেষ্ঠপুত্রের উদ্বাহ-কার্য্য নির্ব্বাহ করেন" (১২৯২ সালের শীতকালে শ্রীমদ্ভক্তি-বিনোদ ঠাকুরকর্ত্তৃক শ্রীকুলীন গ্রাম-পাট হইতে সংগৃহীত)।

১০০। মূলপদ্যটী এই—"একভাবে বন্দ হরি যোড় করি' হাত। নন্দনন্দন কৃষ্ণ—মোর প্রাণনাথ।।"

১০৬। একমাত্র শ্রীকৃষ্ণনামে সর্ব্বসিদ্ধি হয়,—এরূপ শ্রদ্ধাবান্ ব্যক্তিকে 'বৈষ্ণব' বলিয়া জানিবে ; যেহেতু ঐরূপ শ্রদ্ধাই বৈষ্ণবত্বের প্রারম্ভিক যোগ্যতা প্রদান করে। কিন্তু তৎসত্ত্বেও কৃষ্ণ-নামে তাঁহার কোমল শ্রদ্ধার প্রাকট্যবশতঃ তিনি নিরন্তর নাম গ্রহণ করেন না। শ্রীরূপগোস্বামিপ্রভু স্বকৃত 'উপদেশামৃতে' —"কৃষ্ণেতি যস্য গিরি তং মনসাদ্রিয়েত দীক্ষাস্তি চেৎ"—যিনি শ্রীনামকে অপ্রাকৃত চিন্তামণি, কৃষ্ণচৈতন্য-রসবিগ্রহ, পূর্ণ, শুদ্ধ, নিত্যমুক্ত এবং নাম-নামীতে অভেদ জানিয়া পরম শ্রদ্ধার সহিত অর্চ্চন করেন, পরন্তু নিজ-বদ্ধাবস্থা-হেতু ভক্তিসিদ্ধান্ত-বিচার-রহিত হইয়া ভক্তির উপাদানগুলিকে ও শুদ্ধভক্তকে সম্পূর্ণ 'অপ্রাকৃত' বলিয়া বুঝিতে পারেন না, তাঁহারও শুদ্ধভক্ত ও শ্রীগুরুর সেবায় এবং তাঁহাদের মুখে শুদ্ধভক্তিসিদ্ধান্ত-শ্রবণফলে ক্রমশঃ সর্ব্ব-পাপক্ষয় হইয়া অপ্রাকৃত অনুভূতি অথবা দিব্য-সম্বন্ধজ্ঞান-লাভ হয়। (ভাঃ ১১।২।৪৭)—"অর্চ্চায়ামেব হরয়ে যঃ পূজাং শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ।।" শ্রীসনাতন-শিক্ষায় (মধ্য, ২২ পঃ ৬৪, ৬৭ সংখ্যায়) "শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী। উত্তম, মধ্যম, কনিষ্ঠ, শ্রদ্ধা-অনুসারি।।" "যাহার কোমল শ্রদ্ধা, সে 'কনিষ্ঠ' জন। ক্রমে ক্রমে তেঁহ ভক্ত হইবে উত্তম। রতিপ্রেম-তারতম্যে ভক্তি-তরতম।।" সবাকার শ্রেষ্ঠ অর্থাৎ দেবীধামের সর্ব্বশ্রেষ্ঠ। পুণ্যকর্ম্মী ও জ্ঞানী অপেক্ষাও শ্রীবিষ্ণুর নামাত্মক মন্ত্রে অর্চ্চনকারী কনিষ্ঠ ভক্ত শ্রেষ্ঠ ;

অমৃতপ্রবাহ ভাষ্য

১০২-১০৬। বসু-রামানন্দ ও তৎপিতা সত্যরাজ খাঁন,—ইঁহারা বঙ্গদেশোজ্জ্বল কায়স্থ-বসুবংশজাত গৃহস্থ-বৈষ্ণব ; প্রভুকে জিজ্ঞাসা করিলেন যে,—'গৃহস্থ-বৈষ্ণবের কর্ত্তব্য-সাধন কি?' প্রভু উত্তর করিলেন,—'কৃষ্ণসেবা, বৈষ্ণবসেবা এবং নিরন্তর কৃষ্ণ-নাম-কীর্ত্তনই গৃহস্থ-বৈষ্ণবের একমাত্র কৃত্য।' তাহাতে সত্যরাজ প্রশ্ন করিলেন,—'কৃষ্ণসেবা ও কৃষ্ণনাম-কীর্ত্তন সহজে বুঝিতে পারা যায়, কিন্তু বৈষ্ণব চিনিতে না পারিলে বৈষ্ণব-সেবন কার্য্যটী বড়ই কঠিন হয়। অতএব হে প্রভো, বৈষ্ণব কে এবং তাঁহার সামান্য (সাধারণ) লক্ষণ কি?' প্রভু উত্তর করিলেন,—'যাঁহার মুখে একবার কৃষ্ণনাম শুনা যায়, তিনিই সবাকার শ্রেষ্ঠ ও পূজ্য-বৈষ্ণব।'

অনুভাষ্য

যেহেতু কর্ম্মী বা জ্ঞানীর—তিনি যত বড়ই শ্রেষ্ঠ হউন না কেন—বাস্তব-বস্তু শ্রীবিষ্ণুর নিত্যসেব্যত্বে বিশ্বাস নাই। সুতরাং মুখে বেদ মানিলেও তাঁহারা প্রকৃতপক্ষে নাস্তিক ; আর শ্রীবিষ্ণুর অর্চ্চক,—অপ্রাকৃত-ভজনরাজ্যে তাঁহার যতটুকুই মহিমা থাকুক না কেন, অন্ততঃ শ্রীবিষ্ণুর অর্চ্চার বাস্তব-সত্যবিগ্রহত্ব শ্রীগুরুমুখে শুনিয়া তাঁহাতে শ্রদ্ধাবিশিষ্ট।

১০৭। নববিধা ভক্তি—(ভাঃ ৭।৫।২৩) "শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্ম-নিবেদনম্।। ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।"

নামাপরাধ বর্জ্জন করিয়া একমাত্র কৃষ্ণনামাশ্রয়েই সর্ব্ব-পাপক্ষয় হইয়া জীবের পুণ্যপাপমূলক প্রাকৃত ভোগবাসনা সমস্ত বিনষ্ট হয়। শ্রীনাম-গ্রহীতাই সকলের শ্রেষ্ঠ ও পূজ্য। শ্রীনাম-ভজন হইতেই নবধা ভক্তি পূর্ণতা লাভ করে ("যদ্যপ্যন্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা, তদা কীর্ত্তনাখ্যভক্তি-সংযোগেনৈব"—ভক্তিসন্দর্ভ ১৭৩ সংখ্যা)।

সেবোন্মুখের কৃষ্ণনাম ঃ—
পদ্যাবলীতে (২৯) ধৃত শ্রীলক্ষ্মীধরকৃত 'নামকৌমুদী'-শ্লোক—

আকৃষ্টিঃ কৃতচেতসাং সুমনসামুচ্চাটনং চাংহসা-
মাচণ্ডালমমূকলোকসুলভো বশ্যশ্চ মুক্তিশ্রিয়ঃ ।

সংসার-ক্ষয়—আনুষঙ্গিক, কৃষ্ণপ্রেমই
শ্রীনামের মুখ্যফল ঃ—

অনুষঙ্গ-ফলে করে সংসারের ক্ষয় ।
চিত্ত আকর্ষিয়া করায় কৃষ্ণে প্রেমোদয় ॥ ১০৯ ॥

অনুভাষ্য

১০৮। দীক্ষা—শ্রীজীবপ্রভুর ভক্তিসন্দর্ভে ২৮৩ সংখ্যায় ধৃত আগমবাক্য—"দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ম্। তস্মাৎ দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ।।" যাহা হইতে অপ্রাকৃত দিব্যজ্ঞানের উদয় এবং পাপের সম্যক্-রূপ ক্ষয় হয়, তত্ত্বশাস্ত্রবিৎ পণ্ডিতগণ তাহাকেই 'দীক্ষা' বলিয়া প্রকৃষ্টরূপে সংজ্ঞা দিয়াছেন।

দীক্ষা-বিধি (হঃ ভঃ বিঃ ২য় বিঃ ও ভক্তিসন্দর্ভে ২৮৩ সংখ্যায় ধৃত আগম-বচন)—"দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু। যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু। তথাত্রাদীক্ষিতানাং তু মন্ত্রদেবার্চ্চনাদিষু। নাধিকারোহস্ত্যতঃ কুর্য্যাদাত্মানং শিবসংস্তুতম্।।" অনুপনীত বিপ্রের যেরূপ স্বকর্ম্ম অধ্যয়নাদিতে অধিকার হয় না, উপবীত-গ্রহণের পরেই অধিকার হয়, তদ্রূপ অদীক্ষিত ব্যক্তিরও মন্ত্রদেবতার পূজাদিতে অধিকার হয় না। এজন্য আত্মাকে মঙ্গলপূত করিবার উদ্দেশ্যে নিঃশ্রেয়সার্থী 'দীক্ষা' গ্রহণ করিবেন ; কারণ, (হঃ ভঃ বিঃ, ২য় বিঃ-ধৃত বিষ্ণুযামল-বচন)—"অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকম্। পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ।।" (ঐ হঃ ভঃ বিঃ ও ভক্তিসন্দর্ভে ২৮৩ সংখ্যায় ধৃত যামল বা আগম-বচন)—"অতো গুরুং প্রণম্যৈবং সর্ব্বস্বং বিনিবেদ্য চ। গৃহ্ণীয়াদ্বৈষ্ণবং মন্ত্রং দীক্ষা-পূর্ব্বং বিধানতঃ।।" (ভক্তিসন্দর্ভে ২৯৮ সংখ্যায় ধৃত তত্ত্বসাগর-বচন)—"যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ। তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্।।"*

পুরশ্চর্য্যা—(হঃ ভঃ বিঃ, ১৭ বিঃ-ধৃত অগস্ত্য-সংহিতা-বচন)—"পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ। হোমব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে।। গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসাদেন যথাবিধি। পঞ্চাঙ্গোপাসনা-সিদ্ধ্যৈ পুরশ্চৈতদ্বিধীয়তে।।" প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্ন—এই ত্রিকালে নিত্য পূজা, নিত্য জপ, নিত্য তর্পণ, নিত্য হোম ও নিত্য ব্রাহ্মণ-ভোজন,—এই পঞ্চাঙ্গকে 'পুরশ্চরণ' বলে। গুরুর প্রসাদক্রমে প্রাপ্তমন্ত্রের সিদ্ধির জন্য প্রথমেই পঞ্চাঙ্গোপাসনার বিধান ; এইজন্যই ইহা পুরশ্চরণ-নামে কথিত।

পুরশ্চর্য্যা-বিধি (হঃ ভঃ বিঃ, ১৭ বিঃ-ধৃত আগম-বচন)—"বিনা যেন ন সিদ্ধঃ স্যান্মন্ত্রো বর্ষশতৈরপি। কৃতেন যেন লভতে সাধকো বাঞ্ছিতং ফলম্।। পুরশ্চরণসম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ। অতঃ পুরস্ক্রিয়াং কুর্য্যাৎ মন্ত্রবিৎ সিদ্ধিকাঙ্ক্ষয়া।। পুরস্ক্রিয়া হি মন্ত্রাণাং প্রধানং বীর্য্যমুচ্যতে। বীর্য্যহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ। পুরশ্চরণহীনো হি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ।।"✢

শ্রীজীবপ্রভু ("ভক্তিসন্দর্ভে" ২৮৩ সংখ্যা)—'যদ্যপি শ্রীভাগবতমতে পঞ্চরাত্রাদিবৎ অর্চ্চনমার্গস্য আবশ্যকত্বং নাস্তি, তদ্বিনাপি শরণাপত্ত্যাদীনামেকতরেণাপি পুরুষার্থসিদ্ধেরভিহিতত্বাৎ, তথাপি শ্রীনারদাদি-বর্ত্মানুসরদ্ভিঃ শ্রীভগবতা সহ সম্বন্ধবিশেষং দীক্ষাবিধানেন শ্রীগুরুচরণ-সম্পাদিতং চিকীর্ষদ্ভিঃ কৃতায়াং দীক্ষায়ামর্চ্চনমবশ্যং ক্রিয়তৈব।।" এবং (ঐ ২৮৪ সংখ্যা)—"(দীক্ষাদ্যপেক্ষা) যদ্যপি স্বরূপতো নাস্তি, তথাপি প্রায়ঃ স্বভাবতো দেহাদিসম্বন্ধেন কদর্য্যশীলানাং বিক্ষিপ্তচিত্তানাং জনানাং তত্তৎসঙ্কোচীকরণায় শ্রীমদৃষিপ্রভৃতিভিরত্রার্চ্চনমার্গে ক্বচিৎ ক্বচিৎ কাচিৎ কাচিন্মর্য্যাদা স্থাপিতাস্তি।" রামার্চ্চনচন্দ্রিকায়—"বিনৈব দীক্ষাং বিপ্রেন্দ্র পুরশ্চর্য্যাং বিনৈব হি। বিনৈব ন্যাসবিধিনা জপমাত্রেণ সিদ্ধিদা।।"✱

---

* *হে বামোরু! দীক্ষাহীন ব্যক্তির কৃত সকল অনুষ্ঠানই নিরর্থক। দীক্ষারহিত ব্যক্তি পশুযোনি লাভ করে (হঃ ভঃ বিঃ ধৃত বিষ্ণুযামল-বাক্য)। অতএব শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া সর্ব্বস্ব সমর্পণ করত দীক্ষাপূর্ব্বক (দিব্যজ্ঞান লাভপূর্ব্বক) যথাবিধি বৈষ্ণবমন্ত্র গ্রহণীয় (হঃ ভঃ বিঃ ও ভক্তিসন্দর্ভ ধৃত যামল-বচন)। যে-প্রকার কাংস্য-ধাতু রসবিধান-অনুসারে স্বর্ণত্ব লাভ করে, সেইপ্রকার দীক্ষা-বিধানদ্বারা মানবগণের দ্বিজত্ব লাভ হয়।*

✢ *যাহা ব্যতিরেকে শতবর্ষেও মন্ত্রসিদ্ধি হয় না এবং যাহা অনুষ্ঠান করিলে সাধক বাঞ্ছিত ফল লাভ করে, সেই পুরশ্চরণসম্পন্ন মন্ত্রই ফলপ্রদ—অতএব সিদ্ধিলাভের জন্য মন্ত্রবিদ্ ব্যক্তি পুরশ্চরণ করিবেন। পুরস্ক্রিয়াই মন্ত্রসমূহের প্রধান শক্তি বলিয়া কথিত। বীর্য্যহীন ব্যক্তি যেরূপ সকল কার্য্যে অক্ষম, পুরশ্চরণহীন মন্ত্রও তদ্রূপ বলিয়া প্রকীর্ত্তিত (হঃ ভঃ বিঃ ধৃত আগম-বচন)।*

✱ *যদিও ভাগবত-মতে পঞ্চরাত্রাদির ন্যায় অর্চ্চনমার্গের আবশ্যকতা নাই এবং অর্চ্চন-বিনাও আত্মনিবেদনাদির একটীর দ্বারাও পুরুষার্থসিদ্ধি হয় বলিয়া অভিহিত হয়, তথাপি শ্রীনারদাদি মহাজনগণের পন্থানুসারী যে-সকল ব্যক্তি ভগবানের সহিত শ্রীগুরুকর্ত্তৃক সম্পাদিত দীক্ষাবিধানদ্বারা সম্বন্ধবিশেষ স্থাপনে ইচ্ছুক, তাঁহারা দীক্ষানুষ্ঠানের পর অবশ্যই অর্চ্চন করিবেন। যদিও স্বরূপতঃ দীক্ষার অপেক্ষা নাই, তথাপি দেহাদি-সম্বন্ধহেতু কু-স্বভাববিশিষ্ট বিক্ষিপ্তচিত্ত ব্যক্তিগণের তত্তৎ প্রবৃত্তি সঙ্কোচের জন্য শ্রীমদ্‌ঋষি প্রভৃতি মহাপুরুষগণ এই অর্চ্চনমার্গে কোন কোন*

নো দীক্ষাং ন চ সৎক্রিয়াং ন চ পুরশ্চর্য্যাং মনাগীক্ষতে
মন্ত্রোঽয়ং রসনাস্পৃগেব ফলতি শ্রীকৃষ্ণনামাত্মকঃ ॥ ১১০ ॥

'কনিষ্ঠ-বৈষ্ণব'-লক্ষণ ঃ—

অতএব যাঁর মুখে এক কৃষ্ণনাম ।
সেই ত' বৈষ্ণব, করিহ তাঁহার সম্মান ॥" ১১১ ॥

প্রধান খণ্ডবাসিত্রয় ঃ—

খণ্ডের মুকুন্দদাস, শ্রীরঘুনন্দন ।
শ্রীনরহরি,—এই মুখ্য তিন জন ॥ ১১২ ॥

প্রভুর মুকুন্দদাসকে রঘুনন্দনসহ সম্বন্ধ-জিজ্ঞাসা ঃ—

মুকুন্দ দাসেরে পুছে শচীর নন্দন ।
"তুমি—পিতা, পুত্র তোমার—শ্রীরঘুনন্দন ?? ১১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১০। বহু-সুকৃত সাধুদিগের চিত্তের আকর্ষণ-স্বরূপ, পাপ-নাশক, চণ্ডাল হইতে আরম্ভ করিয়া (মূক ব্যতীত) সকল লোকের সুলভ, মুক্তিরূপ ঐশ্বর্য্যের বশকারী,—এবম্ভূত শ্রীকৃষ্ণনামস্বরূপ এই মহামন্ত্র রসনাস্পর্শ-মাত্রেই ফলদান করে, দীক্ষাদি সৎকার্য্য বা পুরশ্চরণ, এ সকলকে কিঞ্চিন্মাত্রও অপেক্ষা করে না।

অনুভাষ্য

নামের দীক্ষা-বিধির নিরপেক্ষতা—পাঞ্চরাত্রিক মন্ত্র অপ্রাকৃত জ্ঞানের উদয় করাইয়া প্রাকৃতাভিনিবেশ ধ্বংস করে। অপ্রাকৃত হইলে মন্ত্র ও দেবতায় অভিন্ন-বুদ্ধি হয়। নাম ও মন্ত্রে 'শব্দসামান্য' (ইন্দ্রিয়তৃপ্তিকর মনঃকল্পিত অন্য সাধারণ শব্দের সহিত সমান, এইরূপ) বুদ্ধি করিলে নরকে অবস্থিতি হয়। অপ্রাকৃত-বুদ্ধিতেই মন্ত্রদেবতার অর্চ্চন বিধেয়। দীক্ষা-পুরঃসর শাস্ত্রের বিধানানুসারেই মন্ত্র-গ্রহণ-বিধি ; কিন্তু কৃষ্ণনাম,—বদ্ধ ও মুক্ত উভয়েরই আদরণীয় ; অর্থাৎ বদ্ধজন কৃষ্ণনাম-গ্রহণে প্রাকৃতজ্ঞান হইতে মুক্ত হন, আবার মুক্ত হইয়াই শুদ্ধকৃষ্ণনাম গ্রহণ করিতে পারেন। "কৃষ্ণমন্ত্র হৈতে হয় সংসার-মোচন। কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ।।" (আদি ৭ম পঃ ৭৩ সংখ্যা দ্রষ্টব্য) কৃষ্ণাভিন্ন কৃষ্ণনাম সাক্ষাৎ মহামন্ত্র হওয়ায় কোন পাঞ্চরাত্রিক বিধানের অনুগত নহেন।

নামের পুরশ্চর্য্যা-বিধি-নিরপেক্ষতা—মন্ত্রসিদ্ধির জন্যই পুরশ্চরণের ব্যবস্থা ; শ্রীনাম-মহামন্ত্রের তাদৃশ পুরশ্চরণ বিধির অপেক্ষা করিতে হয় না। একবার নামের উচ্চারণ-ফলেই যখন পুরশ্চর্য্যার প্রাপ্য সর্ব্বফল-লাভ ঘটে, তজ্জন্য শ্রীনামের পুরশ্চরণের অপেক্ষা নাই।

নামের জিহবা-স্পর্শে উদ্ধার-সাধন—এখানে জিহবা-শব্দে 'সেবোন্মুখ' জিহ্বাকেই বুঝিতে হইবে, নতুবা জড়-ভোগোন্মুখ জিহ্বাতে অপরাধ বর্ত্তমান থাকায়, তাহাতে শ্রীকৃষ্ণনাম কখনই উদিত হন না—(ভঃ রঃ সিঃ, পূর্ব্ব বিঃ সাধনভক্তি-লহরীতে) —"অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহবাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ।।" মধ্য, ১৭শ পঃ ১৩৪

অমৃতপ্রবাহ ভাষ্য

১১১। সুতরাং গৃহস্থ-লোকের পক্ষে বৈষ্ণবসেবার জন্য এককৃষ্ণনামপরায়ণ বৈষ্ণব হইলেই সেবাকার্য্যসিদ্ধি হয় ; 'মন্ত্র-দীক্ষিত বৈষ্ণব'কে এস্থলে বিচারে আনা হয় নাই ; ইহার কারণ এই যে, বিষ্ণুমন্ত্র-দীক্ষিত অনেকে তত্ত্বজ্ঞান-শূন্যতাবশতঃ মায়াবাদাদি-দোষে দূষিত থাকিতে পারেন, কিন্তু নামাপরাধশূন্য কৃষ্ণনামোচ্চারণকারী বৈষ্ণবের সে-সব দোষ থাকিবার সম্ভাবনা নাই। মন্ত্র-দীক্ষিত ব্যক্তি—বৈষ্ণবপ্রায়, কিন্তু যিনি নিরপরাধে একবার কৃষ্ণনাম করিয়াছেন, তিনি সর্ব্বকনিষ্ঠ হইলেও 'শুদ্ধ-বৈষ্ণব',—গৃহস্থ-বৈষ্ণব সেইরূপ বৈষ্ণবকেই সেবা করিবেন।

অনুভাষ্য

সংখ্যা—"অতএব কৃষ্ণের নাম, দেহ, বিলাস। প্রাকৃতেন্দ্রিয়-গ্রাহ্য নহে, হয় স্বপ্রকাশ।।" (ভক্তিসন্দর্ভ ২৫৬-২৭৬ ও ২৮৩ সংখ্যা দ্রষ্টব্য)।

অন্ত্য, ৩য় পঃ ৫৯-৬৯, ৭৫, ৮০, ১৭৬-১৮০, ১৮২-১৮৭; ২০শ পঃ ১১, ১৩ সংখ্যা, ভাঃ ১।১।১৪, ৬।২।২৯, ৩৯ দ্রষ্টব্য।

১১০। শ্রীকৃষ্ণনামাত্মকঃ অয়ং মন্ত্রঃ কৃতচেতসাং (মুক্ত-কুলানাং) সুমহতাং (ত্রিগুণাতীতানাং, 'সুমনসাম্' ইতি পাঠে—মনস্বিনাম্) আকৃষ্টিঃ (আকর্ষকঃ, 'আকৃষ্টীকৃতচেতসাম্' ইতি পাঠে আকৃষ্টীকৃতং চেতো যেষাং তেষাম্), অংহসাং (প্রাকৃতাভি-নিবেশজ-চেষ্টানাং পুণ্যপাপানাম্) উচ্চাটনম্ (উন্মূলনম্), আ-চণ্ডালং (চণ্ডাল-পর্য্যন্তম্) অমূকলোকসুলভঃ (অমূকলোকানাং মূকব্যতিরিক্তানাং জনানাং বাক্‌শক্তিমতাম্ এব সুলভঃ সহজ-প্রাপ্যঃ ইত্যর্থঃ), মুক্তিশ্রিয়ঃ (মোক্ষাশ্রয়চিন্তামণি-স্বরূপস্য) বশ্যঃ (বশীকারকঃ) চ ; (স চায়ং নাম-মহামন্ত্রঃ) দীক্ষাং (পাপনাশ-দিব্যজ্ঞান-বিধায়কসাধনময়ীং) সৎক্রিয়াং (ফলসিদ্ধার্থাং দক্ষিণাং পুরশ্চর্য্যাং চ পঞ্চাঙ্গোপাসনাত্মিকাং ক্রিয়াং) মনাক্ (ঈষৎ) অপি ন ঈক্ষতে (নাপেক্ষতে, পরং তু) রসনাস্পৃক্ (সেবোন্মুখ-জিহ্বা-স্পর্শ-মাত্রেণ এব) ফলতি (ফলপ্রদো ভবতি)।

১১১। শ্রীল রূপপ্রভু তৎকৃত শ্রীউপদেশামৃতে—'কৃষ্ণেতি যস্য গিরি তং মনসাদ্রিয়েত দীক্ষাস্তি চেৎ" অর্থাৎ সদ্‌গুরুর

স্থলে কোন কোন মর্য্যাদা স্থাপন করিয়াছেন। শ্রীরামার্চ্চন-চন্দ্রিকায় উক্ত আছে, হে বিপ্রবর! এই মন্ত্র—দীক্ষা, পুরশ্চরণ এবং ন্যাসবিধান বিনাই জপমাত্রেই সিদ্ধি প্রদান করিয়া থাকে।

কিবা রঘুনন্দন—পিতা, তুমি—তার তনয় ?
নিশ্চয় করিয়া কহ, যাউক সংশয় ॥" ১১৪ ॥

রঘুনন্দনকে কৃষ্ণভক্ত জানিয়া অমানী মানদ মুকুন্দের পুত্রবুদ্ধি-ত্যাগ ও গুরু-বুদ্ধি ঃ—

মুকুন্দ কহে,—"রঘুনন্দন আমার 'পিতা' হয় ।
আমি তার 'পুত্র',—এই আমার নিশ্চয় ॥ ১১৫ ॥
আমা সবার কৃষ্ণভক্তি রঘুনন্দন হৈতে ।
অতএব পিতা—রঘুনন্দন, আমার নিশ্চিতে ॥" ১১৬ ॥

মুকুন্দের সদুত্তর-শ্রবণে প্রভুর হর্ষ, 'সদ্‌গুরু' বা 'প্রকৃত পিতা'র সংজ্ঞা ঃ—

শুনি' হর্ষে কহে প্রভু,—"কহিলে নিশ্চয় ।
যাঁহা হৈতে কৃষ্ণভক্তি সেই গুরু হয় ॥" ১১৭ ॥

ভক্তের জয়গানে মত্ত ভগবান্ ঃ—

ভক্তের মহিমা কহিতে প্রভু পায় সুখ ।
ভক্তের মহিমা কহিতে হয় পঞ্চমুখ ॥ ১১৮ ॥

ভক্তগণ-সম্মুখে মুকুন্দের কৃষ্ণপ্রেম-বর্ণন ঃ—

ভক্তগণে কহে,—"শুন মুকুন্দের প্রেম ।
নির্ম্মল, নিগূঢ় প্রেম, যেন শুদ্ধ হেম ॥ ১১৯ ॥

বাহ্যে লোক-ব্যবহার, অন্তরে কৃষ্ণ-নিষ্ঠা ঃ—

বাহ্যে রাজবৈদ্য ইঁহো, করে রাজ-সেবা ।
অন্তরে প্রেম ইঁহার জানিবেক কেবা ॥ ১২০ ॥

এক দিবসের ঘটনা-বর্ণন ; মুকুন্দ ও বাদসাহের বৃত্তান্ত ঃ—

একদিন ম্লেচ্ছ-রাজা উচ্চ-টুঙ্গিতে ।
চিকিৎসার বাত্ কহে ইঁহার অগ্রেতে ॥ ১২১ ॥
হেনকালে এক ময়ূর-পুচ্ছের আড়ানী ।
রাজ-শিরোপরি ধরে এক সেবক আনি' ॥ ১২২ ॥
শিখিপিচ্ছ দেখি' মুকুন্দ প্রেমাবিষ্ট হৈলা ।
অতি-উচ্চ টুঙ্গি হৈতে ভূমিতে পড়িলা ॥ ১২৩ ॥
রাজার জ্ঞান,— রাজবৈদ্যের হইল মরণ ।
আপনে নামিয়া তবে করাইল চেতন ॥ ১২৪ ॥
রাজা বলে,—'ব্যথা তুমি পাইলে কোন্ ঠাঞি ?'
মুকুন্দ কহে,—'অতিবড় ব্যথা পাই নাই ॥' ১২৫ ॥
রাজা কহে,—'মুকুন্দ, তুমি পড়িলা কি লাগি'?
মুকুন্দ কহে,—'রাজা, মোর ব্যাধি আছে মৃগী ॥' ১২৬ ॥

মুকুন্দের ছলনা ও আত্মগোপন-সত্ত্বেও রাজার তাঁহাকে 'মহাপুরুষ'-জ্ঞান ঃ—

মহাবিদগ্ধ রাজা, সেই সব জানে ।
মুকুন্দেরে হৈল তাঁর 'মহাসিদ্ধ'-জ্ঞানে ॥" ১২৭ ॥

রঘুনন্দনের কৃষ্ণসেবার দৃষ্টান্ত ঃ—

"রঘুনন্দন সেবা করে কৃষ্ণের মন্দিরে ।
দ্বারে পুষ্করিণী, তার ঘাটের উপরে ॥ ১২৮ ॥
কদম্বের এক বৃক্ষে ফুটে বারমাসে ।
নিত্য দুই ফুল হয় কৃষ্ণ-অবতংসে ॥" ১২৯ ॥

প্রভুকর্ত্তৃক তিনজনের সেবা-বিভাগ—(১) মুকুন্দের সেবা ঃ—

মুকুন্দেরে কহে পুনঃ মধুর বচন ।
"তোমার কার্য্য—ধর্ম্ম-ধন-উপার্জ্জন ॥ ১৩০ ॥

(২) রঘুনন্দনের সেবা ঃ—

রঘুনন্দনের কার্য্য—কৃষ্ণের সেবন ।
কৃষ্ণ-সেবা বিনা ইঁহার অন্য নাহি মন ॥ ১৩১ ॥

(৩) নরহরির সেবা ঃ—

নরহরি রহু আমার ভক্তগণ-সনে ।
এই তিন কার্য্য সদা করহ তিন জনে ॥" ১৩২ ॥

সার্ব্বভৌম ও বাচস্পতি, উভয়ের কৃষ্ণসেবা-নির্দ্দেশ ঃ—

সার্ব্বভৌম, বিদ্যাবাচস্পতি,—দুই ভাই ।
দুইজনে কৃপা করি' কহেন গোসাঞি ॥ ১৩৩ ॥
"'দারু'-'জল'-রূপে কৃষ্ণ প্রকট সম্প্রতি ।
'দরশন'-স্নানে' করে জীবের মুকতি ॥ ১৩৪ ॥
'দারুব্রহ্ম'-রূপে—সাক্ষাৎ শ্রীপুরুষোত্তম ।
ভাগীরথী হন সাক্ষাৎ 'জলব্রহ্ম'-সম ॥ ১৩৫ ॥

অনুভাষ্য

নিকট যে লব্ধদীক্ষ ব্যক্তি অপ্রাকৃত-শ্রদ্ধাবিশিষ্ট হইয়া মুখে শ্রীকৃষ্ণনাম উচ্চারণ করেন, মধ্যমাধিকারী তাঁহাকে মনে মনে আদর করিবেন,—ইহাই বিধি।

১২০। মুকুন্দ লোকচক্ষে রাজবৈদ্যগিরি চাকরী করিতেন বটে, কিন্তু বস্তুতঃ প্রকৃত প্রেমিক ভক্ত (অর্থাৎ বৈষ্ণব-গৃহস্থ-বেষে মহাভাগবত পরমহংস) ছিলেন ; সাধারণ লোক তাহা জানিতে পারে নাই।

১২১। উচ্চ-টুঙ্গিতে—উচ্চস্থানে নির্ম্মিত ক্ষুদ্র গৃহে।

অনুভাষ্য

১২২। আড়ানী—আতপত্র অর্থাৎ রৌদ্র-নিবারক ছাতা, (প্রস্থের) আড়ভাবে বৃহৎ পাখা।

১২৭। মহাবিদগ্ধ—বিশেষ নীতি-চতুর ; মহাসিদ্ধ—অলৌকিক মুক্ত পুরুষ।

১২৯। অবতংসে—ভূষণ, কর্ণভূষণ, শিরোভূষণ, তজ্জন্য।

১৩০-১৩২। শ্রীমহাপ্রভু মুকুন্দকে অত্যন্ত প্রিয় অন্তরঙ্গ ভক্ত বলিয়া জানিতেন ; তজ্জন্য ভ্রাতৃদ্বয় ও পুত্রের সেবাকার্য্য বিভাগ-কালে মুকুন্দের ধর্ম্ম ও ধনোপার্জ্জন, রঘুনন্দনের

সার্ব্বভৌমকে জগন্নাথ ও বাচস্পতিকে গঙ্গা-সেবার্থ আজ্ঞা ঃ—

সার্ব্বভৌম! কর 'দারুব্রহ্ম'-আরাধন।
বাচস্পতি! কর জলব্রহ্মেরে সেবন ॥" ১৩৬ ॥

প্রভুর মুরারির স্ব-সেব্যনিষ্ঠা-মহিমা-কীর্ত্তন ঃ—

মুরারি-গুপ্তেরে প্রভু করি' আলিঙ্গন।
তাঁর ভক্তিনিষ্ঠা কহেন,—"শুন ভক্তগণ ॥ ১৩৭ ॥

পূর্ব্বে প্রভুকর্ত্তৃক মুরারিকে কৃষ্ণভজনে প্রলোভন ঃ—

পূর্ব্বে আমি ইঁহারে লোভাইল বার বার।
'পরম মধুর, গুপ্ত! ব্রজেন্দ্রকুমার ॥ ১৩৮ ॥
স্বয়ং ভগবান্ কৃষ্ণ—সর্ব্বাংশী, সর্ব্বাশ্রয়।
বিশুদ্ধ-নির্ম্মল-প্রেম, সর্ব্বরসময় ॥ ১৩৯ ॥
সকল সদ্গুণ-বৃন্দ-রত্ন-রত্নাকর।
বিদগ্ধ, চতুর, ধীর, রসিক-শেখর ॥ ১৪০ ॥
মধুর-চরিত্র কৃষ্ণের মধুর-বিলাস।
চাতুর্য্য, বৈদগ্ধ্য করে যাঁর লীলা-রস ॥ ১৪১ ॥

কৃষ্ণোপাসনারই সর্ব্বশ্রেষ্ঠতা কথন ঃ—

সেই কৃষ্ণ ভজ তুমি, হও কৃষ্ণাশ্রয়।
কৃষ্ণ বিনা অন্য-উপাসনা মনে নাহি লয় ॥' ১৪২ ॥

প্রভুর প্রলোভনে মুরারির ক্ষণিক চিত্তপরিবর্ত্তন ঃ—

এইমত বার বার শুনিয়া বচন।
আমার গৌরবে কিছু ফিরি' গেল মন ॥ ১৪৩ ॥

প্রভুবাক্যে দৃঢ় বিশ্বাস ও দৈন্য-জ্ঞাপন ঃ—

আমারে কহেন,—"আমি তোমার কিঙ্কর।
তোমার আজ্ঞাকারী আমি, নহি স্বতন্তর ॥" ১৪৪ ॥

রামোপাসনা-ত্যাগ-চিন্তায় মুরারির অনিদ্রা, ক্রন্দন ও মৃত্যুবাসনা ঃ—

এত বলি' ঘরে গেল, চিন্তি' রাত্রিকালে।
রঘুনাথ-ত্যাগ-চিন্তায় হইল বিকলে ॥ ১৪৫ ॥
কেমনে ছাড়িব রঘুনাথের চরণ।
আজি রাত্র্যে প্রভু মোর করাহ মরণ ॥ ১৪৬ ॥
এইমত সর্ব্ব-রাত্রি করেন ক্রন্দন।
মনে সোয়াস্তি নাহি, রাত্রি করেন জাগরণ ॥ ১৪৭ ॥

প্রাতে আসিয়া রাম-ভজন-ত্যাগে ও প্রভু-আজ্ঞা-পালনে অসামর্থ্য জানাইয়া উভয় সঙ্কটে পড়িয়া মৃত্যুবাঞ্ছা ঃ—

প্রাতঃকালে আসি' মোর ধরিল চরণ।
কান্দিতে কান্দিতে কিছু করে নিবেদন ॥ ১৪৮ ॥
'রঘুনাথের পায় মুঞি বেচিয়াছোঁ মাথা।
কাঢ়িতে না পারি মাথা, মনে পাই ব্যথা ॥ ১৪৯ ॥
শ্রীরঘুনাথ-চরণ ছাড়ান না যায়।
তব আজ্ঞা-ভঙ্গ হয়, কি করি উপায় ॥ ১৫০ ॥
তাতে মোরে এই কৃপা কর, দয়াময়।
তোমার আগে মৃত্যু হউক, যাউক সংশয় ॥' ১৫১ ॥

মুরারির বাক্যে প্রভুর হর্ষ ও প্রশংসা ঃ—

এত শুনি' আমি বড় মনে সুখ পাইলুঁ।
ইঁহারে উঠাঞা তবে আলিঙ্গন কৈলুঁ ॥ ১৫২ ॥
সাধু, সাধু, গুপ্ত! তোমার সুদৃঢ় ভজন।
আমার বচনেহ তোমার না টলিল মন ॥ ১৫৩ ॥

সেবক ও সেব্যের পরস্পরের প্রতি আদর্শ ব্যবহার ঃ—

এইমত সেবকের প্রীতি চাহি প্রভু-পায়।
প্রভু ছাড়াইলেহ, পদ ছাড়ান না যায় ॥ ১৫৪ ॥

প্রভুর মুরারির উপাস্য-নিষ্ঠা-পরীক্ষা, মুরারির পরীক্ষা-উত্তরণ ঃ—

এইমত তোমার নিষ্ঠা জানিবার তরে।
তোমারে আগ্রহ আমি কৈলুঁ বারে বারে ॥ ১৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৬। হে সার্ব্বভৌম, তুমি দারুব্রহ্মরূপ জগন্নাথদেবকে আরাধনা কর ; আর হে বিদ্যাবাচস্পতি, তুমি শ্রীনবদ্বীপ-ধামান্তর্গত বিদ্যানগরে বসিয়া জলব্রহ্মরূপ গঙ্গার সেবা কর।

১৩৮। (পূর্ব্বে) এই কথা বলিয়া আমি তাঁহাকে কৃষ্ণ-ভজনে অধিক লোভ দিয়াছিলাম যে, "হে গুপ্ত, শ্রীব্রজেন্দ্র-কুমার—পরম মধুর" ইত্যাদি।

অনুভাষ্য

শ্রীমূর্ত্তিসেবন ও নরহরির ভক্তসহ অবস্থানরূপ সেবা-ভেদ নিরূপণ করিলেন।

১৩৭-১৫৭। এতৎপ্রসঙ্গে অন্ত্য ৪র্থ পঃ ৩০-৪৫ সংখ্যায় শ্রীজীবপিতা শ্রীঅনুপম বা বল্লভের শ্রীরাম-নিষ্ঠা আলোচ্য।

১৪৯। "শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমাত্মনি। তথাপি মম সর্ব্বস্বঃ রামঃ কমললোচনঃ।।"

১৫৪। প্রভু—জীবের নিত্যসেব্য, আরাধ্য বা উপাস্যতত্ত্ব কৃষ্ণ ; মধ্য, ৪র্থ পঃ ১৮৬, ৭ম পঃ ৮, ১৩শ পঃ ১৪০ (পূর্ব্বার্দ্ধ) দ্রষ্টব্য ; অন্ত্য ৪র্থ পঃ ৪৬-৪৭ সংখ্যা—"সেই ভক্ত—ধন্য, যে না ছাড়ে প্রভুর চরণ। সেই প্রভু—ধন্য, যে না ছাড়ে নিজজন।। দুর্দ্দৈবে সেবক যদি যায় অন্যস্থানে। সেই ঠাকুর ধন্য—যে তারে চুলে ধরি' আনে।।"

১৫৫। জানিবার—পরীক্ষা করিবার ; আগ্রহ—কৃষ্ণভজন করাইতে নির্ব্বন্ধ।

দৈন্যের অবতার মুরারি—সাক্ষাৎ হনুমদ্বিগ্রহ ঃ—

সাক্ষাৎ হনুমান্ তুমি শ্রীরাম-কিঙ্কর ।
তুমি কেনে ছাড়িবে তাঁর চরণ-কমল ॥ ১৫৬ ॥
সেই মুরারি-গুপ্ত এই—মোর প্রাণ সম ।
ইঁহার দৈন্য শুনি' মোর ফাটয়ে জীবন ॥" ১৫৭ ॥

প্রভুর বাসুদেবদত্তকে প্রশংসা ঃ—

তবে বাসুদেবে প্রভু করি' আলিঙ্গন ।
তাঁর গুণ কহে হঞা সহস্র-বদন ॥ ১৫৮ ॥

প্রভুপদে বাসুদেবের কাতর-প্রাণে নিবেদন ঃ—

নিজ-গুণ শুনি' দত্ত মনে লজ্জা পাঞা ।
নিবেদন করে প্রভুর চরণে ধরিয়া ॥ ১৫৯ ॥
"জগৎ তারিতে প্রভু তোমার অবতার ।
মোর নিবেদন এক করহ অঙ্গীকার ॥ ১৬০ ॥
করিতে সমর্থ তুমি, হও দয়াময় ।
তুমি মন কর, তবে অনায়াসে হয় ॥ ১৬১ ॥

অলৌকিক পরদুঃখদুঃখী গৌরদাস বাসুদেব-দত্ত-ঠাকুর ঃ—

জীবের দুঃখ দেখি' মোর হৃদয় বিদরে ।
সর্ব্বজীবের পাপ প্রভু দেহ' মোর শিরে ॥ ১৬২ ॥
জীবের পাপ লঞা মুঞি করি নরক ভোগ ।
সকল জীবের, প্রভু, ঘুচাহ ভবরোগ ॥" ১৬৩ ॥

প্রিয়তম সেবকের প্রার্থনায় প্রভু বিচলিত ঃ—

এত শুনি' মহাপ্রভুর চিত্ত দ্রবিলা ।
অশ্রু-কম্প-স্বরভঙ্গে কহিতে লাগিলা ॥ ১৬৪ ॥

বাসুদেব-দত্তঠাকুর—সাক্ষাৎ প্রহ্লাদ ঃ—

"তোমার বিচিত্র নহে, তুমি—সাক্ষাৎ প্রহ্লাদ ।
তোমার উপরে কৃষ্ণের সম্পূর্ণ প্রসাদ ॥ ১৬৫ ॥

কৃষ্ণ ও ভক্তের পরস্পরের ব্যবহার ঃ—

কৃষ্ণ সেই সত্য করে, যেই মাগে ভৃত্য ।
ভৃত্য-বাঞ্ছা-পূরণ বিনা নাহি অন্য কৃত্য ॥ ১৬৬ ॥

ব্রহ্মাণ্ডবাসী সকলেরই উদ্ধার-বিষয়ে সত্য আশ্বাস-দান ঃ—

ব্রহ্মাণ্ড জীবের তুমি বাঞ্ছিলে নিস্তার ।
বিনা পাপ-ভোগে হবে সবার উদ্ধার ॥ ১৬৭ ॥

স্বয়ং ভগবান্ কৃষ্ণের সর্ব্বশক্তিমত্তা-বর্ণন ঃ—

অসমর্থ নহে, কৃষ্ণ ধরে সর্ব্ববল ।
তোমাকে বা কেনে ভুঞ্জাইবে পাপ-ফল ?? ১৬৮ ॥
তুমি যাঁর হিত বাঞ্ছ', সে হইল 'বৈষ্ণব' ।
বৈষ্ণবের পাপ কৃষ্ণ দূর করে সব ॥ ১৬৯ ॥

অনুভাষ্য

১৬২-১৬৩। পাশ্চাত্ত্য-রাজ্যে খৃষ্টভক্তগণের মধ্যে বিশ্বাস যে, তাঁহাদের গুরু একমাত্র মহামতি যীশুখৃষ্টই জীবের সর্ব্ব-পাপভার-গ্রহণে প্রস্তুত হইয়া জগতে অবতীর্ণ হইয়াছিলেন ; কিন্তু শ্রীগৌরপার্ষদমধ্যে শ্রীবাসুদেব দত্ত ঠাকুর ঠাকুর-হরিদাসের ন্যায় তদপেক্ষা অনন্ত-কোটিগুণে অধিকতর উন্নত ও উদার সার্ব্বজনীন বিশ্ববৈষ্ণব-প্রেমভাব জগজ্জীবকে শিক্ষা দিলেন। শ্রীবাসুদেব দত্তঠাকুরের মধ্যে জড়ীয় স্বার্থত্যাগরূপ 'নিঃস্বার্থ', বিষ্ণু-সেবারূপ চিন্ময় 'পরার্থ' ও 'স্বার্থ' অপূর্ব্বভাবে একত্র সম্মিলিত। তিনি গৌরসুন্দরকে সাক্ষাৎ বাস্তব-বস্তু নিরস্ত-কুহক স্বয়ং ভগবজ্জ্ঞানে সমগ্র জীববৃন্দের কৃষ্ণবৈমুখ্যরূপ ভবরোগ (শুধু 'পাপ' নহে, সর্ব্বপ্রকার পাপ অপেক্ষাও ভীষণতম 'অপরাধ'রাশি) নিজস্কন্ধে গ্রহণপূর্ব্বক তাহাদের ভবরোগ-মোচনের জন্য কায়মনোবাক্যে সম্পূর্ণ নিষ্কপটভাবে প্রার্থনা করিয়া যে দয়ার আদর্শ প্রদর্শন করিলেন, তাহা সমগ্র জগতে, শুধু জগতে কেন, সমগ্র চতুর্দ্দশভুবনে সর্ব্বশ্রেষ্ঠ কর্ম্মী এবং জ্ঞানীরও কল্পনাতীত। মায়াবশে দ্বিতীয়াভিনিবেশ-নিবন্ধন ভেদ-বুদ্ধিহেতু হিংসা-বৃত্তি-প্রধান জীবগণ দ্বৈতজগতে কর্ম্ম ও জ্ঞানের আদর্শকেই বহুমানন করে বলিয়া তাহাদের অধিকাংশই কুকর্ম্মী ও কুজ্ঞানী ; তাহারা বৈকুণ্ঠসেবক বাসুদেব-দত্তঠাকুরের নরক-ভোগবাঞ্ছা-শ্রবণে নৈসর্গিক ঈর্ষা ও দ্বন্দ্বভাব-মূলে উল্লাস-প্রণোদিত হইয়া তাঁহাকে একজন 'পুণ্যবান্ সৎকর্ম্মী' অথবা 'ব্রহ্মজ্ঞানী'র সমপর্য্যায়ে জ্ঞান করিয়া প্রচুর সম্মান বা প্রতিষ্ঠা প্রদান করিলেও, দত্তঠাকুর তদপেক্ষা যে অনন্তকোটিগুণে অধিক 'জীবে দয়া'-প্রবৃত্তিবিশিষ্ট, ইহা আদৌ অতিরঞ্জিত প্রশংসা-বাক্য বা অর্থবাদ নহে, অতি নিরপেক্ষ সত্য-কথা। বস্তুতঃ তাঁহার ন্যায় 'পরদুঃখদুঃখী' গৌরদাসগণের আগমনে পৃথ্বী ধন্যা,—শুধু প্রপঞ্চ নহে—সমগ্র জীবকুলও ধন্য হইয়া গিয়াছে। তাদৃশ গৌরভক্তের গুণগানেই বাগ্মিগণের জিহ্বার ফল নিহিত ; আর তাঁহার ন্যায় অকিঞ্চনা ভগবদ্ভক্তিবিশিষ্ট মহাভাগবতের গুণ-বর্ণন কার্য্যেই কবি ও ঐতিহাসিকের লেখনী জড়ানুসন্ধানরহিত হইয়া স্বীয় সর্ব্বশ্রেষ্ঠ সার্থকতা সম্পাদন করে,—মহাবদান্য-শ্রীকৃষ্ণচৈতন্যের দাস এতই "মহতোঽপি মহীয়ান্" ও "গরীয়সোঽপি গরীয়ান্"।

১৬৭-১৬৯। প্রভু বাসুদেবকে বলিতেছেন,—"শ্রীকৃষ্ণ—সর্ব্বশক্তিমান্ ; তিনি সমস্ত জীবকে জীবের জড়ভোগবাসনা হইতে নির্ম্মুক্ত করিতে পারেন। তুমি যখন সমদৃক্ হইয়া উচ্চাবচ সকল-জীবের পক্ষ হইতে তাহাদের মঙ্গল প্রার্থনা করিলে, তখন তোমার প্রার্থনানুসারে পাপভোগ ব্যতীতই সকলের উদ্ধার হইবে ; তদ্বিনিময়ে তোমাকে তাহাদের জন্য পাপফল ভোগ করিতে হইবে না। তুমি যাঁহাদের মঙ্গল বাঞ্ছা

সর্ব্বফলপ্রদাতা গোবিন্দ-বন্দনা ঃ—

ব্রহ্মসংহিতায় (৫।৫৪)—

যস্ত্বিন্দ্রগোপমথবেন্দ্রমহো স্বকর্ম্ম-
বন্ধানুরূপ-ফলভাজনমাতনোতি ।
কর্ম্মাণি নির্দহতি কিন্তু চ ভক্তিভাজাং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৭০ ॥

ভক্তেচ্ছায় কৃষ্ণকর্ত্তৃক অনায়াসে ব্রহ্মাণ্ড-মোচন-সাধন ঃ—

তোমার ইচ্ছা-মাত্রে হবে ব্রহ্মাণ্ড-মোচন ।
সর্ব্ব মুক্ত করিতে কৃষ্ণের নাহি পরিশ্রম ॥ ১৭১ ॥

বিরজা বা কারণ-সমুদ্রে ভাসমান অনন্তকোটী ব্রহ্মাণ্ড ঃ—

একই ডুম্বুর-বৃক্ষে লাগে কোটি-ফলে ।
কোটি যে ব্রহ্মাণ্ড ভাসে বিরজার জলে ॥ ১৭২ ॥

ব্রহ্মাণ্ডোদ্ধারের সহিত ডুমুর-ফল-পতনের উপমা ঃ—

তার এক ফল পড়ি' যদি নষ্ট হয় ।
তথাপি বৃক্ষ নাহি জানে নিজ অপচয় ॥ ১৭৩ ॥

কৃষ্ণের নিকট একটী ব্রহ্মাণ্ডের উদ্ধার—নিতান্ত তুচ্ছ ও অগ্রাহ্য ব্যাপার ঃ—

তৈছে এক ব্রহ্মাণ্ড যদি মুক্ত হয় ।
তবু অল্প-হানি কৃষ্ণের মনে নাহি লয় ॥ ১৭৪ ॥

পরব্যোমের বহির্দ্দেশস্থ কারণ-সাগর-বর্ণন ঃ—

অনন্ত ঐশ্বর্য্য কৃষ্ণের বৈকুণ্ঠাদি-ধাম ।
তার গড়খাই—কারণাব্ধি যার নাম ॥ ১৭৫ ॥
তাতে ভাসে মায়া, লঞা অনন্ত ব্রহ্মাণ্ড ।
গড়খাইতে ভাসে যেন রাই-পূর্ণ ভাণ্ড ॥ ১৭৬ ॥
তার এক রাই-নাশে, হানি নাহি মানি ।
ঐছে এক অণ্ড-নাশে কৃষ্ণের নাহি হানি ॥ ১৭৭ ॥

মায়াসহ অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ধ্বংসেও কৃষ্ণের ক্ষতি নাই ঃ—

সব ব্রহ্মাণ্ড সহ যদি 'মায়া'র হয় ক্ষয় ।
তথাপি না মানে কৃষ্ণ কিছু অপচয় ॥ ১৭৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭০। যিনি ইন্দ্রগোপরূপ কীটসকল হইতে আরম্ভ করিয়া দেবেন্দ্র পর্য্যন্ত জীবনিচয়ের স্বকর্ম্মবন্ধনানুরূপ ফল ভাজন (ভোগ) বিস্তার (বিধান) করেন, কিন্তু যিনি ভক্তিমান্ পুরুষের সমস্ত কর্ম্মই নির্দহন করেন, অহো সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজন করি।

১৭১-১৭৯। এই পদ্য সকলের শব্দার্থ—সরল, কিন্তু ভাবার্থ—কঠিন ; ভাবার্থ এই যে—জীব কৃষ্ণবহির্ম্মুখ হইয়া মায়াবন্ধনে পড়িলে, মায়া অনন্তকোটী ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া সেই জীববৃন্দকে কৃষ্ণ-বৈমুখ্যের ফলস্বরূপ কর্ম্মভোগ করান। কৃষ্ণ-বহির্ম্মুখলোকের কর্ম্মফল অবশ্য ভোগ করিতে হইবে। কৃষ্ণ-সম্মুখ (কৃষ্ণোন্মুখ) ব্যক্তিদিগের সেই কর্ম্মবন্ধন কৃষ্ণের ইচ্ছায় একেবারে বিনষ্ট হয় ; ইহাতে যদি বিতর্ক করা যায় যে, 'ভক্ত হইলেই যদি কর্ম্মচ্ছেদ হইল এবং কোন ভক্ত বাঞ্ছা করিলেই যদি বিনা দণ্ডে সর্ব্বজীব উদ্ধার পাইল, তবে ভক্তের ইচ্ছাতেই ব্রহ্মাণ্ড থাকে, বা না থাকে, এরূপ হইয়া পড়ে ; তাহা হইলে কৃষ্ণের জগৎ কিরূপে সুষ্ঠুভাবে নিয়মিত হইতে পারে?' প্রভু কহিলেন,—'কৃষ্ণের চিজ্জগৎ—অনন্ত ও অপরিমেয় ; স্বরূপ-শক্তির গণসকল তথায় কামধেনু-স্বরূপে পতিরূপ কৃষ্ণের সেবা করিয়া থাকে। সেই (স্বরূপশক্তি-বৈভব) চিজ্জগৎ—ত্রিপাদ। সেই চিজ্জগতের ছায়ারূপ মায়ার অধিকৃত এই জড়জগৎ—একপাদ। মায়া—স্বরূপশক্তির ছায়া-মাত্র, অতএব কোটি-কামধেনুপতি কৃষ্ণের পক্ষে একটী ছাগী-মাত্র। শুদ্ধভক্তের ইচ্ছাক্রমে বা

অনুভাষ্য

করিবে, তাঁহারাই 'বৈষ্ণব' হইবেন এবং বৈষ্ণবের প্রাক্তন দুষ্কৃতিসমূহের ফলভোগ হইতেও কৃষ্ণ তাঁহাদিগকে পরিত্রাণ করিবেন অর্থাৎ তাঁহারা পাপ-পুণ্যের সেবা বর্জ্জনপূর্ব্বক শুদ্ধ কৃষ্ণসেবক হইবেন। পাদ্মে,—"অপ্রারব্ধ-ফলং পাপং কূটং বীজং ফলোন্মুখম্। ক্রমেণৈব প্রলীয়েত বিষ্ণুভক্তি-রতাত্মনাম্।।" ভাঃ ৬।২।১৭ শ্লোক দ্রষ্টব্য।

১৭০। যঃ (গোবিন্দঃ) তু ইন্দ্রগোপং (রক্তবর্ণক্ষুদ্রকীট-বিশেষম্) অথবা ইন্দ্রং (দেবাধিপতিং) স্বকর্ম্মবন্ধানুরূপফল-ভাজনং (স্বস্য কর্ম্মবন্ধানুরূপস্য ফলস্য ভাজনম্) আতনোতি (সম্যক্ বিদধাতি) কিন্তু ভক্তিভাজাং (হরিসেবাপরাণাং) চ কর্ম্মাণি (প্রারব্ধানি অপ্রারব্ধানি চ ভোগযোগ্যানি কর্ম্মফলানি) নির্দহতি (বিনাশয়তি), তম্ আদিপুরুষং (মূলদেবং) গোবিন্দম্ (অহং) ভজামি।

১৭২। অপ্রাকৃত ব্রহ্মধামের বহির্ভাগে—বিরজা নদী। তাহার পরপারে আলোকময় ব্রহ্মধামে মণ্ডিত সবিশেষ-বৈকুণ্ঠ-ধাম। বিরজা-নদীর অপর পারে—এই দেবীধাম বা প্রাকৃতরাজ্য ; দেবীধামে ত্রিগুণ বর্ত্তমান এবং বিরজা-নদীতে ত্রিগুণসাম্যাবস্থা বিরাজমান।

১৭৫। আদি ২য় পঃ ৫৩ সংখ্যা, ৫ম পঃ ৫২-৫৫, মধ্য ২০শ পঃ ২৬৮-২৭৯, ২১শ পঃ ৫২ সংখ্যা দ্রষ্টব্য। বৈকুণ্ঠধামে মায়ার কোনপ্রকার কুণ্ঠতা নাই। বৈকুণ্ঠের সর্ব্বদিক্ কারণসমুদ্রে বেষ্টিত। প্রাকৃত দেবীধামের বিচিত্রতার কারণ-সলিলই কারণাব্ধি।

১৭৬। গড়খাই—বেষ্টন-জল। বিরজা-নদী বা কারণাব্ধি—

কামধেনু-কোটি-পতির ছাগী যৈছে মরে।
ষড়ৈশ্বর্য্যপতি কৃষ্ণের মায়া কিবা করে?? ১৭৯ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।১৪)—

জয় জয় জহ্যজামজিত দোষগৃভীতগুণাং
ত্বমসি যদাত্মনা সমবরুদ্ধসমস্তভগঃ।
অগজগদোকসামখিলশক্ত্যববোধক তে
ক্বচিদজয়াত্মনা চ চরতোঽনুচরেন্নিগমঃ॥" ১৮০ ॥

সকল ভক্তকে প্রভুর বিদায়-দান ঃ—

এই মত সর্ব্বভক্তের কহি' সব গুণ।
সবারে বিদায় দিল করি' আলিঙ্গন ॥ ১৮১ ॥

পরস্পরের ভাবি-বিরহাশঙ্কায় ভক্ত ও ভগবানের বিষাদ ঃ—

প্রভুর বিচ্ছেদে ভক্ত করেন রোদন।
ভক্তের বিচ্ছেদে প্রভুর বিষণ্ণ হৈল মন ॥ ১৮২ ॥

গদাধরকে টোটা-গোপীনাথ-সেবা-প্রদান ঃ—

গদাধর-পণ্ডিত রহিলা প্রভুর পাশে।
যমেশ্বরে প্রভু যাঁরে করাইলা আবাসে ॥ ১৮৩ ॥

ছয়জন ভক্তসহ প্রভুর পুরীতে অবস্থান ঃ—

পুরী-গোসাঞি, জগদানন্দ, স্বরূপ-দামোদর।
দামোদর-পণ্ডিত, আর গোবিন্দ, কাশীশ্বর ॥ ১৮৪ ॥
এইসব-সঙ্গে প্রভু বৈসে নীলাচলে।
জগন্নাথ-দরশন নিত্য প্রাতঃকালে ॥ ১৮৫ ॥

সার্ব্বভৌমের প্রভুকে একমাস নিমন্ত্রণ ঃ—

প্রভু-পাশ আসি' সার্ব্বভৌম এক দিন।
যোড়হাত করি' কিছু কৈল নিবেদন ॥ ১৮৬ ॥
"এবে সব বৈষ্ণব গৌড়দেশে চলি' গেল।
এবে প্রভুর নিমন্ত্রণে অবসর হৈল ॥ ১৮৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

শুদ্ধভক্তের অনুরোধে যদি একটী মায়িক ব্রহ্মাণ্ডের উদ্ধার হইয়া যায়, তাহাতে কৃষ্ণের ক্ষতি উপলব্ধ হয় না ; তাহা দূরে থাকুক, যদি সমস্ত মায়িক ব্রহ্মাণ্ডের সহিত ছাগীরূপ মায়ার অস্তিত্বও লোপ হয়, তাহা হইলেও কোটী-কামধেনুপতিরূপ ষড়ৈশ্বর্য্যেশ্বর কৃষ্ণের কিছু মাত্র ক্ষতি হয় না অর্থাৎ ছায়া নষ্ট হইলে কি স্বরূপ-বস্তুর ক্ষতি হইতে পারে?

১৮০। যাহার (দ্বারা) সত্ত্বরজস্তমোগুণ দোষরূপে গৃহীত হইয়াছে, হে অজিত, সেই চরাচর অজাকে (অবিদ্যা বা মায়াকে) তুমি বিনষ্ট করিয়া (তোমার জয় দেখাও, জয় দেখাও) ; কেননা, আত্মশক্তিক্রমে মায়াতীত তোমাতে (স্বরূপতঃ) সমস্ত ঐশ্বর্য্য অবরুদ্ধ আছে ; তুমিই জগতের অখিল শক্তির অববোধক (উদ্বোধক অন্তর্যামী) ; তুমি আত্ম-শক্তিতেই বিপুল চিজ্জগতে লীলা করিয়া থাক এবং কোন কারণবশতঃ তোমার ছায়াশক্তি মায়ার প্রতি ঈক্ষণ করিয়া তদ্দ্বারা (সৃষ্ট্যাদি) লীলা করিয়া থাক, —বেদ তোমার এই দুইপ্রকার লীলাই বর্ণন (পূর্ব্বক প্রতিপাদন) করেন।

১৮৩। পাঠান্তরে—'জলেশ্বরে' ; এই পাঠ শুদ্ধ ও সার্থক বলিয়া বোধ হয় না, কেননা, জলেশ্বর-গ্রামে গদাধরপণ্ডিতের কোন লীলার উল্লেখ নাই। সমুদ্র-বালুকা-পথে যমেশ্বর-টোটায় শ্রীটোটা-গোপীনাথের মন্দির, তথায় গদাধরপণ্ডিত (গোস্বামী) গোপীনাথের সেবায় ও মহাপ্রভুর সেবায় আবিষ্ট হইয়া থাকিতেন।

অনুভাষ্য

গড়খাই-সদৃশ এবং অনন্ত অসংখ্য ব্রহ্মাণ্ডনিচয়—অসংখ্য ক্ষুদ্র রাইসর্ষপ-সদৃশ, আর মায়া—ভাণ্ডসদৃশ।

১৮০। জনলোকে ব্রহ্মসত্র-যজ্ঞে শুশ্রূষু ঋষিগণের সমীপে চতুঃসনের অন্যতম ব্রহ্মর্ষি সনন্দন শ্রুতিগণকর্তৃক ভগবৎস্তুতি বর্ণন করিতেছেন।

হে অজিত (মায়াদ্যনভিভূত,) জয় জয় (নিজোৎকর্ষমবশ্যমাবিষ্কুরু, কথং বা ন করোষীতি আদরে বীপ্সা) দোষগৃভীতগুণাং (দোষায় আনন্দাদ্যাবরণায় গৃভীতা গৃহীতাঃ গুণাঃ যয়া তাং) অগজগদোকসাং (অগানি স্থাবরাণি জগন্তি জঙ্গমানি ওকাংসি শরীরাণি যেষাং তেষাং জীবানাম্) অজাং (মায়াম্ অবিদ্যাং) জহি (নাশয়—যথা পুনরেষা সৃষ্ট্যাদৌ প্রবৃত্তান্ জীবান্ ন দুনোতীতি ভাবঃ), যৎ (যস্মাৎ) ত্বম্ আত্মনা (স্বরূপভূতেন পরমানন্দেনৈব তদভিন্নয়ৈব শক্ত্যা) সমবরুদ্ধসমস্তভগঃ (সম্প্রাপ্তসমগ্রৈশ্বর্য্যঃ) অসি [বশীকৃতমায়ত্বাৎ, ত্বমেব] অখিলশক্ত্যববোধক (অখিলাঃ প্রাকৃতাপ্রাকৃতাঃ যাঃ শক্তয়ঃ তাসাং সর্ব্বাসাম্ অববোধক, ভোক্তঃ, অধীশ্বর, ইতি যাবৎ) ক্বচিৎ (কদাচিৎ সৃষ্ট্যাদিসময়ে) অজয়া (মায়য়া সহ) আত্মনা (অঙ্গাভাসেন, স্বয়ং তু নির্লিপ্তঃ) চরতঃ (ঈক্ষণ-ক্রীড়তঃ) তে (তব ত্বাং—কর্ম্মণি ষষ্ঠী) নিগমঃ (বেদঃ) অনুচরেৎ (প্রতিপাদয়েৎ —"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে", "যো ব্রাহ্মণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ", "যঃ আত্মনি তিষ্ঠন্" "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদি-শ্রুতিভ্যঃ)।

১৮৩। যমেশ্বর—পুরুষোত্তমে শ্রীমন্দিরের দক্ষিণ-পশ্চিম-কোণে বালুকোপরি যমেশ্বর-টোটা বা বাগান ; সেইস্থলে মহাপ্রভু গদাধর-পণ্ডিতকে বাসস্থান দিলেন।

'মাসব্যাপি নিমন্ত্রণ'-শ্রবণে প্রভুর আপত্তি ; এবং যতিধর্ম্ম-
বিরুদ্ধ বলিয়া ভিক্ষার সময়-হ্রাস ঃ—

এবে মোর ঘরে ভিক্ষা করহ 'মাস' ভরি'।"
প্রভু কহে,—"ধর্ম্ম নহে, করিতে না পারি ॥" ১৮৮ ॥

ভট্টের ভিক্ষা-কাল বর্দ্ধন ও প্রভুর হ্রাস-চেষ্টাক্রমে একদিন
মাত্র ভিক্ষায় প্রভুর সম্মতি ঃ—

সার্ব্বভৌম কহে,—"ভিক্ষা করহ 'বিংশ' দিন।".
প্রভু কহে,—"এ নহে যতিধর্ম্ম-চিহ্ন ॥" ১৮৯ ॥
সার্ব্বভৌম কহে পুনঃ,—দিন 'পঞ্চদশ'।
প্রভু কহে,—"তোমার ভিক্ষা 'এক' দিবস ॥" ১৯০ ॥

বহুদৈন্যবিনয়ে ভট্টের ১০ দিন করিতে চেষ্টা ঃ—

তবে সার্ব্বভৌম প্রভুর চরণে ধরিয়া।
'দশদিন ভিক্ষা কর' কহে বিনতি করিয়া ॥ ১৯১ ॥

অবশেষে ৫ দিন ভিক্ষা স্বীকার ঃ—

প্রভু ক্রমে ক্রমে পাঁচ-দিন ঘটাইল।
পাঁচ-দিন তাঁর ভিক্ষা-নিমন্ত্রণ নিল ॥ ১৯২ ॥

দশজন সন্ন্যাসীর নিমন্ত্রণ-ব্যবস্থা ঃ—

তবে সার্ব্বভৌম করে আর নিবেদন।
"তোমার সঙ্গে সন্ন্যাসী আছে দশজন ॥ ১৯৩ ॥

পরমানন্দ-পুরীকে ৫ দিন ভিক্ষা-দান ঃ—

পুরী-গোসাঞির ভিক্ষা পাঁচদিন মোর ঘরে।
পূর্ব্বে আমি কহিয়াছোঁ তোমার গোচরে ॥ ১৯৪ ॥

স্বরূপকে কখনও প্রভুসঙ্গে, কখনও একাকী
৪ দিন ভিক্ষা-দান-স্বীকার ঃ—

দামোদর-স্বরূপ,—এই বান্ধব আমার।
কভু তোমার সঙ্গে যাবে, কভু একেশ্বর ॥ ১৯৫ ॥

অবশিষ্ট ৮ জন সন্ন্যাসীকে ১৬ দিন ভিক্ষা-দান ঃ—

আর অষ্ট সন্ন্যাসীর ভিক্ষা দুই দুই দিবসে।
এক এক দিন, এক এক জনে পূর্ণ হইল মাসে ॥১৯৬॥

দশজন সন্ন্যাসীর একত্র ভিক্ষায় যথাযোগ্য মর্য্যাদা-সংরক্ষণে
অসম্ভাবনা-হেতু অপরাধাশঙ্কা ঃ—

বহুত সন্ন্যাসী যদি আইসে এক ঠাঞি।
সম্মান করিতে নারি, অপরাধ পাই ॥ ১৯৭ ॥

কখনও একক, কখনও স্বরূপ-সঙ্গে নিমন্ত্রণ ঃ—

তুমিহ নিজ-ছায়ে আসিবে মোর ঘরে।
কভু সঙ্গে আনিবে স্বরূপ-দামোদরে ॥" ১৯৮ ॥

প্রভুর অনুমোদনে প্রভুকে নিমন্ত্রণ ঃ—

প্রভুর ইঙ্গিত পাঞা আনন্দিত মন।
সেই দিন মহাপ্রভুর কৈল নিমন্ত্রণ ॥ ১৯৯ ॥

ভট্টপত্নী ষাঠীর মাতা—প্রভুভক্ত ঃ—

'ষাঠীর মাতা' নাম, ভট্টাচার্য্যের গৃহিণী।
প্রভুর মহাভক্ত তেঁহো, স্নেহেতে জননী ॥ ২০০ ॥

ষাঠীর মাতার রন্ধন ঃ—

ঘরে আসি' ভট্টাচার্য্য তাঁরে আজ্ঞা দিল।
আনন্দে ষাঠীর মাতা পাক চড়াইল ॥ ২০১ ॥

শাক-ফলাদি নানা নৈবেদ্য-সংগ্রহ ঃ—

ভট্টাচার্য্যের গৃহে সব দ্রব্য আছে ভরি'।
যেবা শাকফলাদিক, আনিল আহরি' ॥ ২০২ ॥

স্বয়ং ভট্টের পত্নীকে রন্ধনে সহায়তা ঃ—

আপনি ভট্টাচার্য্য করে পাকের সব কর্ম্ম।
ষাঠীর মাতা—বিচক্ষণা, জানে পাকের কর্ম্ম ॥ ২০৩ ॥

রন্ধন-ভোগগৃহ-বর্ণন ঃ—

পাকশালার দক্ষিণে—দুই ভোগালয়।
এক ঘরে শালগ্রামের ভোগ-সেবা হয় ॥ ২০৪ ॥
আর ঘর মহাপ্রভুর ভিক্ষার লাগিয়া।
নিভৃতে করিয়াছে ভট্ট নূতন করিয়া ॥ ২০৫ ॥
বাহ্যে এক দ্বার তার, প্রভু প্রবেশিতে।
পাকশালার এক দ্বার অন্ন প্রবেশিতে ॥ ২০৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৮। নিজ-ছায়ে—নিজছায়া লইয়া অর্থাৎ একলা।

অনুভাষ্য

১৮৮-১৯২। ভক্তবৎসল হইয়াও প্রভুর আশ্রম-ধর্ম্ম-পালন।

১৯৩। দশজন সন্ন্যাসী,—১। পরমানন্দ-পুরী, ২। দামোদর-স্বরূপ, ৩। ব্রহ্মানন্দ-পুরী, ৪। ব্রহ্মানন্দ-ভারতী, ৫। বিষ্ণুপুরী, ৬। কেশব-পুরী, ৭। কৃষ্ণানন্দপুরী, ৮। নৃসিংহতীর্থ, ৯। সুখানন্দ-পুরী, ১০। সত্যানন্দ-ভারতী।

অনুভাষ্য

১৯৬। আর অষ্ট সন্ন্যাসী—পরমানন্দ-পুরী ও দামোদর-স্বরূপ ব্যতীত অবশিষ্ট অন্য আটজন। পূর্ণ হৈল মাসে—শ্রীমহাপ্রভুর ৫ দিন, পরমানন্দপুরীর ৫ দিন, দামোদর-স্বরূপের ৪ দিন, ৮ জন সন্ন্যাসীর ১৬ দিন,—একত্রে ৩০ দিন হওয়ায় একমাস পূর্ণ হইল।

২০২। ভরি'—পূর্ণ ; আহরি'—যোগাড় করিয়া।

বিচিত্র নৈবেদ্য-বর্ণন ঃ—

বত্তিশা-আঠিয়া কলার আঙ্গটিয়া পাতে ।
তিন-মান তণ্ডুলের উভারিল ভাতে ॥ ২০৭ ॥
পীত-সুগন্ধি-ঘৃতে অন্ন সিক্ত কৈল ।
চারিদিকে পাতে ঘৃত বহিয়া চলিল ॥ ২০৮ ॥
কেয়াপত্র-কলাখোলা-ডোঙ্গা সারি সারি ।
চারিদিক ধরিয়াছে নানা ব্যঞ্জন ভরি' ॥ ২০৯ ॥
দশপ্রকার শাক, নিম্ব-তিক্ত-সুখ্‌ত-ঝোল ।
মরিচের ঝাল, ছানাবড়া, বড়া, ঘোল ॥ ২১০ ॥
দুগ্ধতুম্বী, দুগ্ধকুষ্মাণ্ড, বেসর, লাফ্‌রা ।
মোচাঘণ্ট, মোচাভাজা, বিবিধ শাক্‌রা ॥ ২১১ ॥
বৃদ্ধকুষ্মাণ্ডবড়ীর ব্যঞ্জন অপার ।
ফুলবড়ী-ফল-মূল বিবিধ প্রকার ॥ ২১২ ॥
নব-নিম্বপত্র-সহ ভৃষ্ট-বার্ত্তাকী ।
ফুলবড়ী, পটোল-ভাজা, কুষ্মাণ্ড-মান-চাকী ॥ ২১৩ ॥
ভৃষ্ট-মাষ-মুদ্গ-সূপ অমৃত নিন্দয় ।
মধুরাম্ল, বড়াম্লাদি অম্ল পাঁচ ছয় ॥ ২১৪ ॥
মুদ্গবড়া, মাষবড়া, কলাবড়া, মিষ্ট ।
ক্ষীরপুলি, নারিকেল, আর যত পিষ্ট ॥ ২১৫ ॥
কাঁজিবড়া, দুগ্ধচিড়া, দুগ্ধ-লক্‌লকী ।
আর যত পিঠা কৈল, কহিতে না শকি ॥ ২১৬ ॥
ঘৃত-সিক্ত পরমান্ন, মৃৎকুণ্ডিকা ভরি' ।
চাঁপাকলা-ঘনদুগ্ধ আম্র তাহা ধরি ॥ ২১৭ ॥
রসালা-মথিত দধি, সন্দেশ অপার ।
গৌড়ে উৎকলে যত ভক্ষ্যের প্রকার ॥ ২১৮ ॥

আসন ও নৈবেদ্য-সজ্জা ঃ—

শ্রদ্ধা করি' ভট্টাচার্য্য সব করাইল ।
শুভ্র-পীঠোপরি সূক্ষ্ম বসন পাতিল ॥ ২১৯ ॥
দুই-পাশে, সুগন্ধি শীতল জল-ঝারী ।
অন্ন-ব্যঞ্জনোপরি দিল তুলসী-মঞ্জরী ॥ ২২০ ॥
অমৃতগুটিকা, পিঠা-পানাদি আইল ।
জগন্নাথ-প্রসাদ সব পৃথক্ ধরিল ॥ ২২১ ॥

মধ্যাহ্ন-স্নানান্তে একক প্রভুর আগমন ঃ—

হেনকালে মহাপ্রভু মধ্যাহ্ন করিয়া ।
একলে আইল তাঁর হৃদয় জানিয়া ॥ ২২২ ॥

পাদ-প্রক্ষালনপূর্ব্বক ভট্টের প্রভুকে গৃহমধ্যে আনয়ন ঃ—

ভট্টাচার্য্য কৈল তবে পাদ-প্রক্ষালন ।
ঘরের ভিতরে গেলা করিতে ভোজন ॥ ২২৩ ॥

নৈবেদ্য-দর্শনে প্রভুর বিস্ময় ও ভোগ-প্রশংসা ঃ—

অন্নাদি দেখিয়া প্রভু বিস্মিত হঞা ।
ভট্টাচার্য্যে কহে কিছু ভঙ্গী করিয়া ॥ ২২৪ ॥
"অলৌকিক এই সব অন্ন-ব্যঞ্জন ।
দুই প্রহর ভিতরে কেমনে হৈল রন্ধন?? ২২৫ ॥
শত চুলায় শত জন পাক যদি করে ।
তবু শীঘ্র এত দ্রব্য রান্ধিতে না পারে ॥ ২২৬ ॥

তুলসী-মঞ্জরী-দর্শনে কৃষ্ণের ভোগানুমান ঃ—

কৃষ্ণের ভোগ লাগাঞাছ,—অনুমান করি ।
উপরে দেখিয়ে যাতে তুলসী-মঞ্জরী ॥ ২২৭ ॥
ভাগ্যবান্ তুমি, তোমার সফল উদ্যোগ ।
রাধাকৃষ্ণে লাগাঞাছ এতাদৃশ ভোগ ॥ ২২৮ ॥
অন্নের সৌরভ্য, বর্ণ—অতি মনোরম ।
রাধাকৃষ্ণ সাক্ষাৎ ইঁহা করিয়াছেন ভোজন ॥ ২২৯ ॥

ভোগপ্রশংসান্তে প্রভুর স্ব-ভাগ্য-প্রশংসা ঃ—

তোমার বহুত ভাগ্য কত প্রশংসিব ।
আমি—ভাগ্যবান্, ইহার অবশেষ পাব ॥ ২৩০ ॥

অনুভাষ্য

২০৭। উভারিল—ঢালিয়া দিল।

২০৭-২২১। গ্রন্থকার শ্রীমৎ কবিরাজ গোস্বামী ভোগের সুষ্ঠু-বর্ণনদ্বারা স্বীয় অত্যুৎকৃষ্ট রন্ধন ও পরিবেশন-নৈপুণ্যাদি প্রকাশ করিতেছেন ; মধ্য ৩য় পঃ ৪৪-৫৫ সংখ্যা দ্রষ্টব্য।

২১১। দুগ্ধতুম্বী—দুগ্ধে পক্ক লাউ ; বেসর—সর্ষপবাটা দিয়া যে তরকারি হয়, উৎকল দেশে তাহাকে 'বেসর' বলে ; শাক্‌রা,—মিষ্টতা-যুক্ত তরকারী।

২১৩। ভৃষ্ট-বার্ত্তাকী—বেগুন-ভাজা ; কুষ্মাণ্ড-মান-চাকী—ছোট ছোট চাক্‌তি করিয়া কুমড়া ও মান-কচু-ভাজা।

২১৪। মধুরাম্ল—চাট্‌নী বা মিষ্ট টক্ বা অম্বল ; বড়াম্ল—ডালের বড়া দিয়া যে অম্বল, তাহা ; ভৃষ্ট-মাষ-মুগ্দ-সূপ—ভাজা-কলাইর ডাল ও ভাজা-মুগের ডাল।

২১৫। মাষ-বড়া—কলাইর ডালের বড়া।

২১৬। দুগ্ধ লক্‌লকী—চুষীপুলি।

২১৯। শুভ্রপীঠ—সাদা পিঁড়ির উপরে একটী সূক্ষ্মবস্ত্র-খণ্ডদ্বারা আসন পাতা হইল।

২২১। জগন্নাথ-প্রসাদের সহিত স্বগৃহে পাচিত অপ্রসাদি বা অনর্পিত নৈবেদ্য মিশ্রিত করিয়া একাকার করিলেন না, তাহাতে সাবধান ছিলেন ; উভয়ের পরস্পর মিশ্রণ না হয়, এইরূপভাবে পৃথক্ পৃথক্ স্থানে রাখিলেন।

কৃষ্ণের পীঠাসন তুলিয়া পৃথক্‌পাত্রে প্রসাদ-প্রার্থনা ঃ—

কৃষ্ণের আসন-পীঠ রাখহ উঠাঞা ।
মোরে প্রসাদ দেহ' ভিন্ন পাত্র করিয়া ॥" ২৩১ ॥

ভট্টের প্রভু-কৃপা-প্রভাব-বর্ণন ঃ—

ভট্টাচার্য্য বলে,—"প্রভু, না করহ বিস্ময় ।
যেই খাবে, তাঁর শক্ত্যে ভোগ সিদ্ধ হয় ॥ ২৩২ ॥
উদ্যোগ না ছিল মোর গৃহিণীর রন্ধনে ।
যাঁর শক্ত্যে সিদ্ধ অন্ন, সেই তাহা জানে ॥ ২৩৩ ॥

প্রভুকে ভোগের আসন অঙ্গীকার করিতে অনুরোধ,
প্রভুর কৃষ্ণাসনে মর্য্যাদা-বুদ্ধিহেতু
তৎস্বীকারে অসম্মতি ঃ—

এই ত' আসনে বসি' করহ ভোজন ।"
প্রভু কহে,—"পূজ্য এই কৃষ্ণের আসন ॥" ২৩৪ ॥

কৃষ্ণভুক্ত অন্ন ও আসন, উভয়ই প্রসাদ ঃ—

ভট্ট কহে,—"অন্ন, পীঠ,—সমান প্রসাদ ।
অন্ন খাবে, পীঠে বসিতে কাঁহা অপরাধ ??" ২৩৫ ॥

প্রভুকর্ত্তৃক ভট্টের সৎসিদ্ধান্ত-প্রশংসা ও অঙ্গীকার ঃ—

প্রভু কহে,—"ভাল কৈলে, শাস্ত্র-আজ্ঞা হয় ।
কৃষ্ণের সকল শেষ ভৃত্য আস্বাদয় ॥ ২৩৬ ॥

ভগবদ্ভুক্ত-প্রসাদ-স্বীকারেই দুষ্পারা মায়ার জয় ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।৪।৪৬)—

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥ ২৩৭ ॥

প্রভুর প্রচুর অন্নগ্রহণে আপত্তি ; ভট্টের তাহাতে অনুযোগ ঃ—

তথাপি এতেক অন্ন খাওন না যায় ।"
ভট্ট কহে,—"জানি, খাও যতেক যুয়ায় ॥ ২৩৮ ॥
নীলাচলে ভোজন তুমি কর বায়ান্ন বার ।
এক এক ভোগের অন্ন শত শত ভার ॥ ২৩৯ ॥

প্রভুর দ্বারকা, মথুরা ও ব্রজলীলায় ভোজন-প্রকার ঃ—

দ্বারকাতে ষোল-সহস্র মহিষীর ঘরে ।
অষ্টাদশ মাতা, আর যাদবের ঘরে ॥ ২৪০ ॥
ব্রজে জ্যেঠা, খুড়া, মামা, পিসাদি গোপগণ ।
সখাবৃন্দ সবার ঘরে দ্বিসন্ধ্যা-ভোজন ॥ ২৪১ ॥

অনুভাষ্য

২২৯। সৌরভ্য—সুঘ্রাণ ; বর্ণ—শুভ্র বর্ণ।

২৩৫। অন্ন ও পীঠ বা পিঁড়ি—উভয়ই কৃষ্ণভুক্ত নির্ম্মাল্য; ভোগের অন্নকে 'ভগবদুচ্ছিষ্ট' জানিয়া ভোজন করিয়া সম্মান এবং ভগবানের আসন-কার্য্যে লাগিয়াছে জানিয়া 'পীঠ'কে তদবশেষ 'প্রসাদ'বুদ্ধিতে গ্রহণ করিলে আর অপরাধ কি-প্রকারে হইবে?

২৩৭। ভগবান্ ও উদ্ধবের কথোপকথন বা উদ্ধবগীতা আরম্ভ হইবার পূর্ব্বে ভগবদিচ্ছায় দ্বারকাতে মহা উৎপাতসমূহ আরম্ভ হইলে, শ্রীকৃষ্ণের প্রপঞ্চে প্রকট-লীলার সংগোপন এবং অপ্রকট-লীলায় প্রবেশ করিবার বাঞ্ছা অবগত হইয়া প্রিয়তম সেবক উদ্ধব গাঢ়প্রীতিভরে কৃষ্ণকে স্তব করিতেছেন,—

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ (ভবদুপভুক্ত-মাল্য-সুরভিবস্ত্রভূষণৈঃ চর্চ্চিতাঃ অলঙ্কৃতাঃ) উচ্ছিষ্টভোজিনঃ (উচ্ছিষ্টং প্রসাদান্নং ভোক্তুং শীলং যেষাং তে) দাসাঃ বয়ং (কিঙ্করাঃ) হি (নিশ্চয়ার্থে) তব মায়াং (দুরত্যয়াং প্রকৃতিং) জয়েম (জেতুং শক্নুয়াম)।

২৪০। অষ্টাদশ মাতা—দেবকী,রোহিণী প্রভৃতি।

২৪১। ব্রজে জ্যেঠা—(শ্রীরূপপ্রভু শ্রীকৃষ্ণগণোদ্দেশ-দীপিকায়)—"উপনন্দোঽভিনন্দশ্চ পিতৃব্যৌ পূর্ব্বজৌ পিতুঃ" অর্থাৎ 'উপনন্দ' ও 'অভিনন্দ'—কৃষ্ণের এই দুইজন জ্যেষ্ঠতাত।

খুড়া—(ঐ কৃষ্ণগণোদ্দেশদীপিকায়)—"পিতৃব্যৌ তু কনীয়াংসৌ স্যাতাং সন্নন্দ-নন্দনৌ" অর্থাৎ 'সন্নন্দ ও 'নন্দন' বা 'সুনন্দ' ও 'পাণ্ডব'—ইহারা কৃষ্ণের খুল্লতাত।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৩৭। তোমাকে মাল্য, গন্ধ, বস্ত্র, অলঙ্কার ইত্যাদি যাহা অর্পিত হইয়াছে, তাহাতে ভূষিত হইয়া তোমার দাসস্বরূপ আমরা তোমার উচ্ছিষ্টসকল ভোজন করিতে করিতেই তোমার মায়াকে জয় করিতে নিশ্চয়ই সমর্থ হইব।

অনুভাষ্য

মামা—(ঐ কৃষ্ণগণোদ্দেশদীপিকায়)—"যশোধর-যশোদেব-সুদেবাদ্যাস্তু মাতুলাঃ" অর্থাৎ 'যশোধর', 'যশোদেব' এবং 'সুদেব' প্রভৃতি কৃষ্ণের মাতুল।

পিসা—(ঐ কৃষ্ণগণোদ্দেশদীপিকায়)—"মহানীলঃ সুনীলশ্চ রমণাবেতয়োঃ ক্রমাৎ" অর্থাৎ 'মহানীল' ও 'সুনীল'—কৃষ্ণের এই দুই জন পিতৃস্বসৃপতি, তাঁহারা 'সানন্দা' ও 'নন্দিনী'-নাম্নী পিসীদ্বয়ের পতি।

সখাবৃন্দ—(ঐ কৃষ্ণগণোদ্দেশদীপিকায় পরিশিষ্টে)—"বিশাল-বৃষভৌ জস্বী-দেবপ্রস্থ-বরূথপাঃ। মন্দারঃ কুসুমাপীড়-মণিবন্ধকরাস্তথা।। মন্দরশ্চন্দনঃ কুন্দঃ কলিন্দ-কুলিকাদয়ঃ। 'কনিষ্ঠকল্পাঃ' সেবায়াং সখায়ো বিপুলাগ্রহাঃ।।" "শ্রীদামা দামা সুদামা বসুদাম তথৈব চ। কিঙ্কিণী-ভদ্রসেনাংশু-স্তোককৃষ্ণাঃ বিলাসিনঃ। পুণ্ডরীক-বিটঙ্কাক্ষ-কলবিঙ্ক-প্রিয়ঙ্করাঃ। এতে 'প্রিয়-সখাঃ' শান্তাঃ কৃষ্ণপ্রাণসমা মতাঃ।।" "সুবলার্জ্জুন-গন্ধর্ব্ব-বসন্তোজ্জ্বল-কোকিলাঃ। স-নন্দন-বিদগ্ধাদ্যাঃ প্রিয়নর্ম্মসখা মতাঃ।।"

তৎপরিমাণ-তুলনায় ভট্টার্পিত অন্ন—সামান্য ঃ—

গোবর্দ্ধন-যজ্ঞে অন্ন খাইলা রাশি রাশি ।
তার লেখায় এই অন্ন নহে এক গ্রাসী ॥ ২৪২ ॥

ভট্টের দৈন্য ঃ—

তুমি ত' ঈশ্বর, মুঞি—ক্ষুদ্র জীব ছার ।
এক-গ্রাস মাধুকরী করহ অঙ্গীকার ॥" ২৪৩ ॥

ভট্টবাক্য-শ্রবণে প্রভুর প্রসাদ-সেবন ঃ—

এত শুনি' হাসি' প্রভু বসিলা ভোজনে ।
জগন্নাথের প্রসাদ ভট্ট দেন হর্ষ-মনে ॥ ২৪৪ ॥

ভট্ট-জামাতা—ষাঠীপতি প্রভুনিন্দক 'অমোঘ' ঃ—

হেনকালে 'অমোঘ',—ভট্টাচার্য্যের জামাতা ।
কুলীন, নিন্দক তেঁহো ষাঠী-কন্যার ভর্ত্তা ॥ ২৪৫ ॥

যষ্ঠি-হস্তে ভট্ট-দর্শনে অমোঘের ভয় ঃ—

ভোজন দেখিতে চাহে, আসিতে না পারে ।
লাঠী-হাতে ভট্টাচার্য্য আছেন দুয়ারে ॥ ২৪৬ ॥

ভট্টের অন্যমনস্কতায় প্রভুর পাত্রে বহু অন্ন-দর্শনে প্রভুকে নিন্দন ঃ—

তেঁহো যদি প্রসাদ দিতে হৈলা আন-মন ।
অমোঘ আসি' অন্ন দেখি' করয়ে নিন্দন ॥ ২৪৭ ॥
"এই অন্নে তৃপ্ত হয় দশ বার জন ।
একেলা সন্ন্যাসী করে এতেক ভক্ষণ!!" ২৪৮ ॥

ভট্টাচার্য্য ফিরিয়া চাহিতেই অমোঘের পলায়ন ঃ—

শুনি' ভট্টাচার্য্য তবে উলটি' চাহিল ।
তাঁর অবধান দেখি' অমোঘ পলাইল ॥ ২৪৯ ॥

যষ্ঠি-হস্তে ভট্টের পশ্চাদ্ধাবন ঃ—

ভট্টাচার্য্য লাঠি লঞা মারিতে ধাইল ।
পলাইল অমোঘ, তার লাগ না পাইল ॥ ২৫০ ॥

প্রভুনিন্দক অমোঘকে ভট্টের তীব্র ভর্ৎসনা ও শাপ ঃ—

তবে গালি, শাপ দিতে ভট্টাচার্য্য আইলা ।
নিন্দা শুনি' মহাপ্রভু হাসিতে লাগিলা ॥ ২৫১ ॥

প্রভুনিন্দা-শ্রবণে ভট্টপত্নীর ক্ষোভ ঃ—

শুনি' ষাঠীর মাতা শিরে-বুকে ঘাত মারে ।
'ষাঠী রাণ্ডী হউক'—ইহা বলে বারে বারে ॥ ২৫২ ॥

প্রভুর উভয়কে সান্ত্বনা-দানান্তে প্রসাদ-সেবন ঃ—

দুঁহার দুঃখ দেখি' প্রভু দুঁহা প্রবোধিয়া ।
দুঁহার ইচ্ছাতে ভোজন কৈল তুষ্ট হঞা ॥ ২৫৩ ॥

প্রভুর আচমন ঃ—

আচমন করাঞা ভট্ট দিল মুখবাস ।
তুলসী-মঞ্জরী, লবঙ্গ, এলাচি রসবাস ॥ ২৫৪ ॥
সর্ব্বাঙ্গে লেপিল প্রভুর সুগন্ধি চন্দন ।
দণ্ডবৎ হঞা বলে সদৈন্য বচন ॥ ২৫৫ ॥

অমোঘ-কৃত নিন্দাজন্য ক্ষমা-প্রার্থনা ঃ—

নিন্দা করাইতে তোমা আনিনু নিজ-ঘরে ।
এই অপরাধ, প্রভু, ক্ষমা কর মোরে ॥ ২৫৬ ॥

অদোষদর্শী প্রভু ঃ—

প্রভু কহে,—"নিন্দা নহে, 'সহজ' কহিল ।
ইহাতে তোমার তার কি অপরাধ হৈল ??" ২৫৭ ॥

প্রভুর পশ্চাৎ পশ্চাৎ ভট্টের অনুব্রজ্যা ঃ—

এত বলি' মহাপ্রভু চলিলা ভবনে ।
ভট্টাচার্য্য তাঁর ঘরে গেলা তাঁর সনে ॥ ২৫৮ ॥

ভট্টের বহু দৈন্য ও শরণাগতি ঃ—

প্রভু-পদে বহু আত্মনিবেদন কৈল ।
তাঁরে শান্ত করি' প্রভু ঘরে পাঠাইল ॥ ২৫৯ ॥

গৃহে পত্নীসহ ভট্টের গভীর খেদোক্তি ঃ—

ঘরে আসি' ভট্টাচার্য্য ষাঠীর মাতা-সনে ।
আপনা নিন্দিয়া কিছু বলেন বচনে ॥ ২৬০ ॥

চৈতন্য-নিন্দকের বধই তৎকৃতাপরাধের প্রায়শ্চিত্ত ঃ—

"চৈতন্য-গোসাঞির নিন্দা শুনি' যাহা হৈতে ।
তারে বধ কৈলে, হয় পাপ-প্রায়শ্চিত্তে ॥ ২৬১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪৩। মাধুকরী—মধুকর-বৃত্তিদ্বারা লব্ধ গ্রাস।

২৪৯। অবধান—মনোযোগ।

২৫৪। এলাচি রসাবাস—রস ও সৌগন্ধযুক্ত এলাচ।

অনুভাষ্য

২৪২। তার লেখায়—তাহার তুলনায় বা অনুপাতে।

২৬১। বৈষ্ণব-নিন্দার ফল—(হঃ ভঃ বিঃ, ১০ম বিঃ ধৃত স্কান্দে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে)—"যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম। করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ।। নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাম্। পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে।। হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি। ক্রুদ্ধ্যতে যাতি নো হর্ষং দর্শনে 'পতনানি ষট্'।।" (ঐঃ হঃ ভঃ বিঃ, ১০ম বিঃ-ধৃত দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদ-বলি-সংবাদে)—"করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ। নিন্দাং কুর্ব্বন্তি যে পাপাঃ বৈষ্ণবানাং মহাত্মানাম্।।" *

** হে নৃপবর! যিনি বৈষ্ণবকে উপহাস করেন, তাহার অর্থ, ধর্ম্ম, যশঃ, সন্তান প্রভৃতি বিনষ্ট হয়। যে সমস্ত মূঢ়গণ মহাত্মা বৈষ্ণবদিগকে নিন্দা করে, তাহারা পিতৃপুরুষগণসহ মহারৌরব-নামক নরকে পতিত হয়। বৈষ্ণবকে প্রহার, নিন্দা, বিদ্বেষ, প্রণামাদি-দ্বারা অভিনন্দন না করা,*

তদসমর্থপক্ষে প্রাণ-ত্যাগ ; কিন্তু স্বয়ং ও জামাতা, উভয়েই 'শৌক্র ব্রাহ্মণ' বলিয়া হত্যার অযোগ্য ঃ—

কিম্বা নিজ-প্রাণ যদি করি বিমোচন ।
দুই যোগ্য নহে, দুই—শরীর ব্রাহ্মণ ॥ ২৬২ ॥

হরি-গুরু-বৈষ্ণব-নিন্দক-সঙ্গ সর্ব্বথা পরিত্যাজ্য, তাহাদের মুখদর্শনও অবিধেয় ঃ—

পুনঃ সেই নিন্দকের মুখ না দেখিব ।
পরিত্যাগ কৈলুঁ, তার নাম না লইব ॥ ২৬৩ ॥

হরি-গুরু-বৈষ্ণব-দ্বেষী পতি—পত্নীর নিশ্চয়ই পরিত্যাজ্য ঃ—

ষাঠীরে কহ—তারে ছাড়ুক, সে হইল 'পতিত' ।
'পতিত' হইলে ভর্ত্তা, ত্যজিতে উচিত ॥" ২৬৪ ॥

স্মৃতিবচন—

"পতিঞ্চ পতিতং ত্যজেৎ ॥" ২৬৫ ॥

অমোঘের বিসূচিকা-রোগ ঃ—

সেই রাত্রে অমোঘ কাঁহা পলাঞা রহিল ।
প্রাতঃকালে তার বিসূচিকা-ব্যাধি হৈল ॥ ২৬৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬২-২৬৩। অমোঘ—ব্রাহ্মণ, তাহাকে বধ করা যাইতে পারে না ; নিজেও ব্রাহ্মণ, আত্মহত্যাও অনুচিত, দুই কার্য্যই অযোগ্য। সুতরাং সেই নিন্দুকের মুখ না দেখাই কর্ত্তব্য।

অনুভাষ্য

বিষ্ণুনিন্দা-ফল,—(ভক্তিসন্দর্ভে ৩১৩ সংখ্যায় ধৃত ভাঃ ৭।১।১৬, ২২ শ্লোকের টীকা দ্রষ্টব্য)। "যে নিন্দন্তি হৃষীকেশং তদ্ভক্তং পুণ্যরূপিণম্। শতজন্মার্জ্জিতং পুণ্যং তেষাং নশ্যতি নিশ্চিতম্।। তে পর্য্যন্তে মহাঘোরে কুম্ভীপাকে ভয়ানকে। ভক্ষিতাঃ কীটসঙ্ঘেন যাবচ্চন্দ্রদিবাকরৌ।। শ্রীবিষ্ণোরবমাননাদ্ গুরুতরং শ্রীবৈষ্ণবোল্লঙ্ঘনম্। তদীয়দূষকজনান্ ন পশ্যেৎ পুরুষাধমান্। তৈঃ সার্দ্ধং বঞ্চকজনৈঃ সহবাসং ন কারয়েৎ।।" শ্রীজীবপ্রভু 'ভক্তিসন্দর্ভে'—নামাপরাধান্তর্গত 'সাধুনিন্দা'-ফল-বর্ণনপ্রসঙ্গে ২৬৫ সংখ্যায় ধৃত (ভাঃ ১০।৭৪।৪৪)—"নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা। ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ।।' ততোঽপগমশ্চাসমর্থস্য এব ; সমর্থেন তু নিন্দকজিহ্বা ছেত্তব্যা ; তত্রাপ্যসমর্থেন স্বপ্রাণপরিত্যাগোঽপি কর্ত্তব্যঃ। যথোক্তং দেব্যা—(ভাঃ ৪।৪।১৭) 'কর্ণৌ পিধায় নিরিয়াদ্ যদকল্প ঈশে ধর্ম্মাবিতর্য্যশৃণিভির্নৃভিরস্যমানে। ছিন্দ্যাৎ প্রসহ্য রুষতীমসতাং প্রভুশ্চেজ্জিহ্বামসূনপি ততো বিসৃজেৎ স ধর্ম্মঃ।।" ইতি। *

২৬২। ভাঃ ১।৭।৫৩ শ্লোক—"ব্রহ্মবন্ধুর্ন হন্তব্য আততায়ী বধার্হণঃ"—ইহার শ্রীধরটীকায় ধৃত স্মৃতিবচনে ব্রহ্মবন্ধু বধ-সমর্থন-ব্যবস্থা—"আততায়িনমায়ান্তমপি বেদান্তপারগম্। জিঘাংসন্তং জিঘাংসীয়ান্ন তেন ব্রহ্মহা ভবেৎ।।" আবার (ভাঃ ১।৭।৫৭)—"বপনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপনং তথা। এষ হি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ।।"✦—শ্লোকে ব্রহ্মবন্ধুর দৈহিক বধ নিষিদ্ধ।

২৬৪। (ভাঃ ৫।৫।১৮)—"ন পতিশ্চ স স্যাৎ ন মোচয়েদ্ যঃ সমুপেতমৃত্যুম্" অর্থাৎ যিনি স্বয়ং কৃষ্ণভজন করেন না, অথচ কৃষ্ণবিমুখতা বা কৃষ্ণবিস্মৃতিরূপ আসন্ন-মৃত্যুর হস্ত হইতে

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬৫। পতিত পতিকে পরিত্যাগ করিবে। (ভাঃ ৭।১১।২৮) "সন্তুষ্টালোলুপা দক্ষা ধর্ম্মজ্ঞা প্রিয়-সত্যবাক্। অপ্রমত্তা শুচিঃ স্নিগ্ধা পতিং ত্বপতিতং ভজেৎ।।"

বৈষ্ণবপ্রতি ক্রোধ-প্রকাশ করা এবং বৈষ্ণব-দর্শনে আনন্দিত না হওয়া—এই ছয়টী পতনের কারণ। যে-সমস্ত পাপাত্মা মহাত্মা বৈষ্ণবগণের নিন্দা করে, তাহারা যমশাসনবশতঃ সুতীব্র করপত্রতুল্য অস্ত্রদ্বারা খণ্ডিত হয়।

* *যাহারা শ্রীহৃষীকেশ এবং তাঁহার পবিত্র ভক্তগণকে নিন্দা করে, তাহাদের শতজন্মার্জ্জিত পুণ্য নিশ্চিতরূপে বিনষ্ট হইয়া থাকে। তাহারা যেকাল পর্য্যন্ত চন্দ্র ও সূর্য্য বিদ্যমান থাকে, সেকাল পর্য্যন্ত ভয়ানক মহাঘোর কুম্ভীপাক নরকে কীটসমূহদ্বারা ভক্ষিত হইতে থাকে। ভগবান্ শ্রীবিষ্ণুর অবমাননা অপেক্ষা শ্রীবৈষ্ণব-উল্লঙ্ঘন গুরুতর অপরাধ। সুতরাং বিষ্ণুভক্তগণের অপবাদকারী পুরুষাধমদিগকে দর্শন করিবে না এবং সেই প্রতারকদিগের সহিত একত্রে বাস করিবে না। শ্রীভক্তিসন্দর্ভে সাধুনিন্দা-ফল বর্ণন-প্রসঙ্গে—"শ্রীভগবানের বা ভগবদ্ভক্তের নিন্দা শ্রবণ করিয়া যিনি সেই স্থান পরিত্যাগ না করেন, তিনিও সুকৃতি-চ্যুত হইয়া অধোগতি লাভ করেন।"—এস্থলে যে সেই স্থান হইতে চলিয়া যাওয়ার বিধান, তাহা কেবল অসমর্থ-পক্ষে। সমর্থ-পক্ষে কিন্তু উক্ত নিন্দকের জিহ্বা ছেদনীয়া, তাহাতেও অসমর্থ হইলে নিজপ্রাণ-পরিত্যাগও কর্ত্তব্য হইয়া থাকে। যথা শ্রীশিবানী বলিয়াছেন,—'কোন দুর্দ্দান্তব্যক্তি ধর্ম্মরক্ষক মহাপুরুষকে নিন্দা করিলে যদি উক্ত নিন্দকের বিনাশে অথবা নিজপ্রাণ-পরিত্যাগে সামর্থ্য না থাকে, তাহা হইলে কর্ণদ্বয় আচ্ছাদনপূর্ব্বক সেই স্থান হইতে নির্গত হওয়া কর্ত্তব্য। আর সমর্থ হইলে সেই দুর্জ্জনের কটুভাষিণী জিহ্বা বলপূর্ব্বক ছেদন করিয়া স্বয়ং প্রাণত্যাগ করিবে—ইহাই ধর্ম্মরূপে উক্ত হইয়া থাকে।'*

✦ *'ব্রাহ্মণ অধম হইলেও হনন করা উচিত নয়, আততায়ী বধের যোগ্য' (ভাঃ ১।৭।৫৩)। ইহার শ্রীধরপাদ-কৃত টীকায়,—'হনন-ইচ্ছায় আগমনকারী বেদান্তপারগ আততায়ীকে হনন করিলে তদ্দ্বারা ব্রহ্মহত্যা হয় না।' মস্তকমুণ্ডন, ধন-প্রতিগ্রহণ এবং স্বস্থান হইতে নির্ব্বাসন—এইপ্রকারেই ব্রাহ্মণাধমদিগের বধ হইয়া থাকে ; তাহাদিগের জন্য মস্তক-ছেদনাদি অন্য দৈহিক বধ-বিধান নাই।*

চৈতন্য-বিদ্বেষীর মৃত্যু-সম্ভাবনা-শ্রবণে ভট্টের হর্ষ ঃ—

অমোঘ মরেন—শুনি' কহে ভট্টাচার্য্য ।
"সহায় হইল দৈব, কৈল মোর কার্য্য ॥ ২৬৭ ॥

ঈশ্বরাপরাধ-ফল তৎক্ষণাৎ দৃষ্ট ঃ—

ঈশ্বরে ত' অপরাধ ফলে ততক্ষণে ।
এত বলি' পড়ে দুই শাস্ত্রের বচনে ॥ ২৬৮ ॥

মহাভারতে বনপর্ব্বে (২৪১।১৫)—

মহতা হি প্রযত্নেন হস্ত্যশ্বরথপত্তিভিঃ ।
অস্মাভির্যদনুষ্ঠেয়ং গন্ধর্ব্বৈস্তদনুষ্ঠিতম্ ॥ ২৬৯ ॥

বিষ্ণু-বৈষ্ণব-বিদ্বেষ-ফল ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৪।৪৬)—

আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ ॥" ২৭০ ॥

গোপীনাথ-সমীপে প্রভুর ভট্ট-সংবাদ-জিজ্ঞাসা ঃ—

গোপীনাথাচার্য্য গেলা প্রভু-দরশনে ।
প্রভু তাঁরে পুছিল ভট্টাচার্য্য-বিবরণে ॥ ২৭১ ॥

গোপীনাথ-মুখে সপত্নীক ভট্টের প্রভুনিন্দা-শ্রবণহেতু উপবাস ও অমোঘের মুমূর্ষা-শ্রবণ ঃ—

আচার্য্য কহে,—"উপবাস কৈল দুইজন ।
বিসূচিকা-ব্যাধিতে অমোঘ ছাড়িছে জীবন ॥ ২৭২ ॥

প্রভুর ব্যস্তভাবে গমন ও অমোঘকে সুদপদেশ ঃ—

শুনি' কৃপাময় প্রভু আইলা ধাঞা ।
অমোঘেরে কহে তার বুকে হস্ত দিয়া ॥ ২৭৩ ॥

প্রভুর 'ব্রাহ্মণ'-সংজ্ঞা নির্দ্দেশ ঃ—

"সহজে নির্ম্মল এই ব্রাহ্মণ-হৃদয় ।
কৃষ্ণের বসিতে এই যোগ্যস্থান হয় ॥ ২৭৪ ॥
'মাৎসর্য্য'-চণ্ডাল কেনে ইঁহা বসাইলা ।
পরম পবিত্র স্থান অপবিত্র কৈলা ॥ ২৭৫ ॥

'জাড্য'রূপ অপরাধ বিমুক্ত হইলেই শুদ্ধনামোদয় ঃ—

সার্ব্বভৌম-সঙ্গে তোমার 'কলুষ' হৈল ক্ষয় ।
'কল্মষ' ঘুচিলে জীব 'কৃষ্ণনাম' লয় ॥ ২৭৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬৯। হস্তী, অশ্ব, রথ, পদাতিক প্রচুররূপে সংগ্রহ করিয়া যত্নপূর্ব্বক আমাদের যাহা করিতে হইত, গন্ধর্ব্বগণ তাহা করিয়া রাখিয়াছে।

অনুভাষ্য

পত্নীকে রক্ষা করিতে পারেন না, তিনি পতিত, সুতরাং পতি নহেন। বহির্দৃষ্টিতে,—কৃষ্ণে সমর্পিতাত্মা পত্নীরূপী কোন ভক্ত যদি নিষ্কপটভাবে শুদ্ধকৃষ্ণভজনার্থে দ্বিজপত্নীদিগের ন্যায় কৃষ্ণের অভক্ত বা বিরোধী 'পতি'-অভিমানী ব্যক্তির সঙ্গ পরিত্যাগপূর্ব্বক গৃহে অবস্থান করেন, তবে তৎকর্ত্তৃক কোন বিধিই লঙ্ঘিত হয় না ; এ-বিষয়ে স্বয়ং ভগবানেরই উক্তি (ভাঃ ১০।২৩।৩১-৩২)—"কৃষ্ণেচ্ছায় পতি, পিতা, ভ্রাতা, পুত্র এবং লোকেও তাঁহাদিগকে অসূয়া করিতে পারিবে না ; কৃষ্ণের অনুজ্ঞায় দেবগণও তাঁহার আচরণ সর্ব্বথা অনুমোদন করিবেন; বস্তুতঃ এই জড়জগতে অঙ্গে-অঙ্গে পরস্পর সঙ্গ হইলেই যে প্রীতি বা স্নেহবৃদ্ধি হয়, তাহা নহে ; কৃষ্ণে শুদ্ধভাবে সতত মনঃসংযোগ করিলেই অচিরে কৃষ্ণপ্রাপ্তি ঘটে।"

২৬৫। ভাঃ ৭।১১।২৮ শ্লোকের শ্রীধরটীকা-ধৃত যাজ্ঞবল্ক্য-বাক্য—"আ শুদ্ধেঃ সংপ্রতীক্ষ্যো হি মহাপাতক-দূষিতঃ।"

২৬৯। কর্ণ-চালিত দুর্য্যোধনাদি কৌরবগণ ঘোষ-যাত্রায় আসিয়া স্বকর্ম্মফলে গন্ধর্ব্বরাজ চিত্রসেনকর্ত্তৃক সপরিবারে অবরুদ্ধ হইলে দুর্য্যোধনের অমাত্যবর্গ বনবাসী যুধিষ্ঠিরের নিকট শরণাপন্ন হইয়া গন্ধর্ব্ব-কবল হইতে উদ্ধার প্রার্থনা করায়, দুর্য্যোধনাদির পূর্ব্বকৃত অত্যাচার স্মরণ করিয়া প্রতিশোধ-গ্রহণেচ্ছু ভীমসেনের উক্তি,—

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭০। আয়ু, শ্রী, যশ, ধর্ম্ম, লোক ও আশীর্ব্বাদ—এ সমস্ত শ্রেষ্ঠবস্তুই মনুষ্যের মহদতিক্রম হইতে নাশ হইয়া যায়।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে পঞ্চদশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

মহতা (অতিশয়েন) প্রযত্নেন (প্রয়াসেন) হস্ত্যশ্বরথপত্তিভিঃ (গজরাজিরথৈঃ পত্তিভিঃ পদাতিভিঃ ; 'সন্নহ্য গজরাজিভিঃ' ইতি পাঠান্তরঞ্চ) যৎ (দুর্য্যোধনাদি-কৌরব-পরাজয়কার্য্যম্) অনুষ্ঠেয়ং (সম্পাদনীয়ম্ অদ্য) গন্ধর্ব্বৈঃ (চিত্রসেনচালিতৈঃ কর্ত্তৃভূতৈঃ) তৎ অনুষ্ঠিতং (সম্পাদিতং—কৌরবাদয়ঃ শত্রবঃ পরাজিতা ইত্যর্থঃ)।

২৭০। ভোজরাজ কংস ভগ্নী দেবকীর কন্যারূপিণী যোগমায়ার বিনাশে অসমর্থ হইয়া তাঁহার মুখে স্বীয় পূর্ব্বশত্রু বিষ্ণুর আবির্ভাব-সংবাদ শ্রবণপূর্ব্বক অসুর-স্বভাব বিষ্ণু-বৈষ্ণবদ্বেষী মন্ত্রিগণের সহিত মন্ত্রণানন্তর বিষ্ণুভক্ত-সাধু-ঋষিগণকে হিংসা করিবার জন্য দানবগণকে আজ্ঞা প্রদান করায় শ্রীশুকদেবকর্ত্তৃক পরীক্ষিতের নিকট তাদৃশ বিষ্ণুবৈষ্ণব-বিদ্বেষ-ফল-বর্ণন,—

মহদতিক্রমঃ (মহতাং বিষ্ণুবৈষ্ণবানাম্ অতিক্রমঃ কায়িক-মানসিক-বাচনিকানাদরঃ, অতঃ বৈষ্ণবাপরাধঃ) পুংসঃ (নরস্য) আয়ুঃ, শ্রিয়ং, যশঃ, ধর্ম্মং, লোকান্ (ধর্ম্মসাধ্যস্বর্গাদীন্) আশিষঃ (নিজবাঞ্ছিতানি এব) চ সর্ব্বাণি শ্রেয়াংসি (সাধ্যসাধনানি কল্যাণানি) হন্তি (বিনাশয়তি)। অন্ত্য, ৩য় পঃ ১৪৬ ও ১৬৩ সংখ্যা দ্রষ্টব্য।

অমোঘকে কৃষ্ণনাম-গ্রহণে আজ্ঞা ঃ—

উঠহ, অমোঘ, তুমি লও কৃষ্ণনাম ।
অচিরে তোমারে কৃপা করিবে ভগবান্ ॥" ২৭৭ ॥

অমোঘের তৎক্ষণাৎ ইহ-রোগ ও ভবরোগ-মুক্তি এবং কৃষ্ণপ্রেম-লাভ ঃ—

শুনি' 'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলি' অমোঘ উঠিলা ।
প্রেমোন্মাদে মত্ত হঞা নাচিতে লাগিলা ॥ ২৭৮ ॥

অমোঘের প্রভুপদে ক্ষমা-প্রার্থনা ঃ—

কম্প, অশ্রু, পুলক, স্তম্ভ, স্বেদ, স্বরভঙ্গ ।
প্রভু হাসে দেখি' তার প্রেমের তরঙ্গ ॥ ২৭৯ ॥
প্রভুর চরণে ধরি' করয়ে বিনয় ।
"অপরাধ ক্ষম মোরে, প্রভু, দয়াময় ॥ ২৮০ ॥

স্ব-কৃত অপরাধ-স্মরণে নিজগণ্ডে চপেটাঘাত ঃ—

এই ছার মুখে তোমার করিনু নিন্দনে ।"
এত বলি' আপন গালে চড়ায় আপনে ॥ ২৮১ ॥

গণ্ডদেশ-স্ফীতিদর্শনে গোপীনাথের বারণ ঃ—

চড়াইতে চড়াইতে গাল ফুলাইল ।
হাতে ধরি' গোপীনাথাচার্য্য নিষেধিল ॥ ২৮২ ॥

প্রভুর তাহাকে সান্ত্বনা ও ভট্ট-সম্বন্ধে স্নেহাশীর্ব্বাদ ঃ—

প্রভু আশ্বাসন করে স্পর্শি' তার গাত্র ।
"সার্ব্বভৌম-সম্বন্ধে তুমি মোর স্নেহপাত্র ॥ ২৮৩ ॥

শুদ্ধভক্ত ভট্ট-পরিবারে প্রভুর প্রীতি ঃ—

সার্ব্বভৌম-গৃহে দাস-দাসী, যে কুক্কুর ।
সেহ মোর প্রিয়, অন্য জন রহু দূর ॥ ২৮৪ ॥

অমোঘকে কৃষ্ণনাম লইতে আদেশ ঃ—

অপরাধ নাহি তব, লও কৃষ্ণনাম ।"
এত বলি' প্রভু আইলা সার্ব্বভৌম-স্থান ॥ ২৮৫ ॥

ভট্টসমীপে আসিয়া প্রভুর উপবেশন ঃ—

প্রভু দেখি' সার্ব্বভৌম ধরিলা চরণে ।
প্রভু তাঁরে আলিঙ্গিয়া বসিলা আসনে ॥ ২৮৬ ॥

শিশুতুল্য অমোঘের অপরাধ-হেতু ক্রোধ বা উপবাসের অকর্ত্তব্যতা ঃ—

প্রভু কহে,—"অমোঘ শিশু, কিবা তার দোষ ।
কেনে উপবাস কর, কেনে কর রোষ ॥ ২৮৭ ॥

ভোজন করিতে ভট্টকে অনুরোধ ঃ—

উঠ, স্নান কর, দেখ জগন্নাথ-মুখ ।
শীঘ্র আসি' ভোজন কর, তবে মোর সুখ ॥ ২৮৮ ॥

ভট্টের প্রসাদ-সম্মান পর্য্যন্ত প্রতীক্ষা-প্রতিজ্ঞা ঃ—

তাবৎ রহিব আমি এথায় বসিয়া ।
যাবৎ না পাইবা তুমি প্রসাদ আসিয়া ॥" ২৮৯ ॥

অমোঘের প্রতি ভট্টের ক্রোধপ্রকাশ ঃ—

প্রভু-পদ ধরি' ভট্ট কহিতে লাগিলা ।
"মরিত' অমোঘ, তারে কেনে জীয়াইলা ॥" ২৯০ ॥

শিশু-জ্ঞানে অমোঘকে ক্ষমা করিতে উপদেশ ঃ—

প্রভু কহে,—"অমোঘ শিশু, তোমার বালক ।
বালক-দোষ না লয় পিতা, তাহাতে পালক ॥ ২৯১ ॥

অমোঘের অপরাধ-মোচনান্তে বৈষ্ণবত্ব-হেতু ভট্টকে প্রসন্ন হইতে অনুরোধ ঃ—

এবে 'বৈষ্ণব' হৈল, তার গেল 'অপরাধ' ।
তাহার উপরে এবে করহ প্রসাদ ॥" ২৯২ ॥

ভট্টের ক্রোধত্যাগ ঃ—

ভট্ট কহে,—"চল, প্রভু, ঈশ্বর-দরশনে ।
স্নান করি' হেথা মুঞি আসিলাঙ এখনে ॥" ২৯৩ ॥

অনুভাষ্য

২৭৪-২৭৭। 'ব্রহ্ম', 'পরমাত্মা' ও 'ভগবান্' বা 'বিষ্ণু'—অদ্বয়জ্ঞানতত্ত্বের এই আবির্ভাবত্রয়। ব্রহ্মজ্ঞের নাম 'ব্রাহ্মণ' এবং ব্রহ্মজ্ঞ ভগবদুপাসকের নামই 'বৈষ্ণব'। পূর্ণাবির্ভাব তত্ত্বই 'ভগবান্' এবং 'অসম্যগাবির্ভাব' তত্ত্বই 'ব্রহ্ম'। কেবল-ব্রাহ্মণের মুখে 'নামাভাস' উদিত হয়। কিন্তু অদ্বয়জ্ঞান বিষ্ণুর সহিত সম্বন্ধজ্ঞানযোগযুক্ত ব্রাহ্মণই 'অভিধেয়'-বৃত্তিযুক্ত বা সেবাসূত্রে আবদ্ধ হইলে অর্থাৎ ভজন করিলে 'ভাগবত' বা 'বৈষ্ণব' হইতে পারেন। তখনই অবিদ্যা-জনিত 'কল্মষ' বা 'অপরাধ' দূর হইয়া তাঁহার মুখে শুদ্ধনাম উদিত হন। নির্ব্বিশেষবাদিগণ বিবর্ত্ত-বাদাবলম্বনে ব্রহ্মের যে পাঁচপ্রকার সগুণোপাসনা কল্পনা করেন, তাহা কখনই অদ্বয়জ্ঞানতত্ত্বের নির্দ্দেশক নহে। বিবর্ত্তবাদী আপনাকে 'ব্রাহ্মণ' বলিয়া অভিমান করিতে গিয়া সকাম অনুভূতিতেই 'ব্রাহ্মণতা' আবদ্ধ বলিয়া স্থির করেন, পরন্তু জীবের স্বরূপে 'ব্রহ্মজ্ঞ'-ধর্ম্মই নিত্য বর্ত্তমান। বিষ্ণুর কৃপায় মায়া-বাদ ছাড়িয়া গেলে ব্রাহ্মণই 'অবিমিশ্র ব্রাহ্মণ' বা 'বৈষ্ণব' হন। সুতরাং বৈষ্ণবের মধ্যে ব্রাহ্মণত্ব যে নিত্য অনুস্যূত, তাহাতে সন্দেহ নাই। গরুড়-পুরাণে—"ব্রাহ্মণানাং সহস্রেভ্যঃ সত্রযাজী বিশিষ্যতে। সত্রযাজি-সহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ। সর্ব্ববেদান্ত-বিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে।।" অতএব বৃত্তব্রাহ্মণতার অভাবে ভক্তিপথে কেহই প্রবিষ্ট হইতে পারেন না।

প্রকৃত ব্রাহ্মণ-হৃদয়ে অদ্বয়জ্ঞান বর্ত্তমান থাকায় উহাতে দ্বৈতবুদ্ধিক্রমে নিত্যারাধ্য বিষ্ণু বা বৈষ্ণবের বিরোধী খণ্ড স্বার্থসিদ্ধি অথবা নিজ জড়েন্দ্রিয়-তর্পণ-বাঞ্ছাজনিত মাৎসর্য্য, ঈর্ষা বা দ্বন্দ্বভাব থাকিতে পারে না ; যে-স্থলে তাহা বর্ত্তমান,

ভট্টের প্রসাদসেবা-দর্শনার্থ গোপীনাথকে অপেক্ষা-জন্য আদেশ ঃ—

প্রভু কহে,—"গোপীনাথ, ইহাঞি রহিবা ।
ইঁহো প্রসাদ পাইলে, বার্ত্তা আমাকে কহিবা ॥" ২৯৪ ॥

ভট্টের প্রসাদ-সেবন ঃ—

এত বলি' প্রভু গেলা ঈশ্বর-দরশনে ।
ভট্ট স্নান-স্মরণ করি' করিলা ভোজনে ॥ ২৯৫ ॥

প্রভুর ঐকান্তিক ভক্ত মহাশান্ত-প্রকৃতি অমোঘ ঃ—

সেই অমোঘ হৈল প্রভুর ভক্ত 'একান্ত' ।
প্রেমে নাচে, কৃষ্ণনাম লয় মহাশান্ত ॥ ২৯৬ ॥

প্রভুর এইরূপ লীলা ঃ—

ঐছে চিত্র লীলা করে শচীর নন্দন ।
যেই দেখে, শুনে, তাঁর বিস্ময় হয় মন ॥ ২৯৭ ॥

ভট্টগৃহে প্রভুর ভোজন ও ভট্টের প্রভুপ্রীতি ঃ—

ঐছে ভট্ট-গৃহে করে ভোজন-বিলাস ।
তার মধ্যে নানা চিত্র-চরিত্র-প্রকাশ ॥ ২৯৮ ॥
সার্ব্বভৌম-ঘরে এই ভোজন-চরিত ।
সার্ব্বভৌম-প্রেম যাঁহা হইলা বিদিত ॥ ২৯৯ ॥

ভট্টপত্নীর প্রভুপ্রীতি, ভক্তসম্বন্ধে অপরাধ-ক্ষমা ঃ—

ষাঠীর মাতার প্রেম, আর প্রভুর প্রসাদ ।
ভক্ত-সম্বন্ধে যাহা ক্ষমিল অপরাধ ॥ ৩০০ ॥

ভট্টগৃহে ভোজনলীলা-শ্রবণে চৈতন্য-লাভ ঃ—

শ্রদ্ধা করি' এই লীলা শুনে যেই জন ।
অচিরাৎ পায় সে চৈতন্য-চরণ ॥ ৩০১ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩০২ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে সার্ব্বভৌমগৃহে ভোজনবিলাসো নাম পঞ্চদশ-পরিচ্ছেদঃ।

অনুভাষ্য

সে-স্থলে অচ্যুতাত্মতার অভাবে নিশ্চয়ই (ভাঃ ১১।৫।৩)— "ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ।" অর্থাৎ স্বস্থান হইতে ভ্রংশ বা অধঃপাত ঘটে।

২৯৪। ইঁহো—সার্ব্বভৌম ভট্টাচার্য্য।

২৯৬। শাখা-নির্ণয়ামৃতে—"অমোঘপণ্ডিতং বন্দে শ্রীগৌরেণাত্মসাৎকৃতম্। প্রেমগদ্গদসান্দ্রাঙ্গং পুলকাকুলবিগ্রহম্।।"

৩০০। অমোঘ প্রভুর নিন্দা করায় অপরাধী হইয়াছিলেন। অপরাধফলে তাঁহার প্রাণান্তক বিসূচিকা-ব্যাধি হয়। ব্যাধিগ্রস্ত হইবার পর অমোঘ অপরাধ-প্রশমনের সুযোগ পান নাই। সার্ব্বভৌম ও তাঁহার পত্নী প্রভুর নিতান্ত কৃপার পাত্র ছিলেন। তাঁহাদের সম্বন্ধে, প্রভু এই অপরাধী অমোঘের প্রতি দণ্ডবিধানের পরিবর্ত্তে তাঁহার অপরাধ ক্ষমা করিলেন এবং তাঁহার প্রাণ রক্ষা করিয়া কৃষ্ণভক্তি প্রদান করিলেন। শ্রীমহাপ্রভুর প্রতি সার্ব্বভৌম-পত্নীর প্রগাঢ় ভক্তিসম্বন্ধ। লৌকিকদৃষ্টিতে অমোঘ সার্ব্বভৌমের সহিত পাল্য জামাতৃ-সম্বন্ধে সংশ্লিষ্ট ; সুতরাং তাহার অপরাধ ক্ষমা না করিলে তৎপালক ভট্টকেই গৌণভাবে দণ্ডবিধান করা হয়। এইজন্যই তাহাকে ক্ষমা করিয়া প্রভু স্বীয় ঐশ্বর্য্য, গাম্ভীর্য্য ও ঔদার্য্য প্রকাশ করিলেন।

ইতি অনুভাষ্যে পঞ্চদশ পরিচ্ছেদ।

ষোড়শ পরিচ্ছেদ

কথাসার—মহাপ্রভু বৃন্দাবনে যাইতে চাহিলে রামানন্দ ও সার্ব্বভৌম অনেকপ্রকার বাধা জন্মাইতে লাগিলেন। ক্রমে, গৌড়ীয়-ভক্তগণ তৃতীয় বৎসর নীলাচলে আসিলেন। এবার বৈষ্ণবদিগের গৃহিণীসকল শ্রীমন্মহাপ্রভুকে নিমন্ত্রণ করিবার জন্য তাঁহার প্রিয় বহুবিধ খাদ্যদ্রব্য বঙ্গদেশ হইতে আনিয়াছিলেন। তাঁহারা শ্রীক্ষেত্রে পৌঁছিলে মহাপ্রভু মালা পাঠাইয়া তাঁহাদের সম্মান করিলেন। সে-বৎসরও গুণ্ডিচা-মন্দিরে প্রক্ষালনাদি-কার্য্য পূর্ব্ববৎ হইয়াছিল। চাতুর্ম্মাস্য অতিবাহিত হইলে, ভক্তগণ দেশে চলিতে লাগিলেন। মহাপ্রভু নিতানন্দপ্রভুকে প্রতিবৎসর নীলাচলে আসিতে নিষেধ করিলেন। কুলীনগ্রামীর প্রশ্নমতে পুনরায় 'বৈষ্ণব'-লক্ষণ বলিলেন। এ বৎসর বিদ্যানিধি নীলাচলে থাকিয়া 'ওড়নষষ্ঠী' দর্শন করিলেন। ভক্তগণ বিদায় লইলে, মহাপ্রভু বৃন্দাবন যাইবার দৃঢ়তা প্রকাশ করিলেন এবং বিজয়া দশমী-দিবসে প্রস্থান করিলেন। প্রতাপরুদ্র-রাজা মহাপ্রভুর গমনপথে অনেকপ্রকার ব্যবস্থা করিয়াছিলেন। চিত্রোৎপলা-নদী পার হইলে রামানন্দ, মঙ্গরাজ (মরদরাজ?) ও হরিচন্দন মহাপ্রভুকে সঙ্গে করিয়া চলিলেন। গদাধর-পণ্ডিতকে মহাপ্রভু নীলাচলে যাইতে অনুরোধ করিলে, তিনি তাহা শুনিলেন না। কটক হইতে মহাপ্রভু

পণ্ডিত-গোস্বামীকে শপথ দিয়া শ্রীপুরুষোত্তমে পাঠাইলেন এবং ভদ্রক হইতে রামানন্দকে বিদায় দিলেন। (অতঃপর) ওড্রদেশ-সীমায় আসিয়া পৌঁছিয়া নৌকাযোগে যবনাধিকারীর সাহায্যে পাণিহাটি পর্য্যন্ত গেলেন। তদনন্তর প্রভু রাঘবপণ্ডিতের বাটী হইতে কুমারহট্ট হইয়া কুলিয়া-গ্রামে আসিয়া অনেকের অপরাধ ভঞ্জন করিলেন। তথা হইতে রামকেলিতে গিয়া শ্রীরূপ ও শ্রীসনাতনকে অঙ্গীকার করিলেন। রামকেলি হইতে প্রত্যাবর্ত্তন-পূর্ব্বক রঘুনাথদাসকে শিক্ষা দিয়া গৃহে পাঠাইলেন। পুনরায়, নীলাচলে আসিয়া প্রভু একক বৃন্দাবনে যাইবার পরামর্শ করিতে লাগিলেন। (অঃ প্রঃ ভাঃ)

গৌড়ে গমন করিয়া লোকোদ্ধার-রত গৌরসুন্দর ঃ—

গৌড়োদ্যানং গৌরমেঘঃ সিঞ্চন্ স্বালোকনামৃতৈঃ।
ভবাগ্নিদগ্ধজনতা-বীরুধঃ সমজীবয়ৎ ॥ ১ ॥

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

প্রভুর বৃন্দাবনগমনেচ্ছা ; রাজার বিষাদ ঃ—

প্রভুর হইল ইচ্ছা যাইতে বৃন্দাবন।
শুনিয়া প্রতাপরুদ্র হইলা বিমন ॥ ৩ ॥

ভট্ট ও রায়কে ডাকিয়া প্রভুকে নিরস্ত করিতে প্রার্থনা ঃ—

সার্ব্বভৌম, রামানন্দ, আনি' দুই জন।
দুঁহাকে কহেন রাজা বিনয়-বচন ॥ ৪ ॥

"নীলাদ্রি ছাড়ি' প্রভুর মন অন্যত্র যাইতে।
তোমরা করহ যত্ন তাঁহারে রাখিতে ॥ ৫ ॥

তাঁহা বিনা এই রাজ্য মোর নাহি ভায়।
গোসাঞি রাখিতে করহ নানা উপায় ॥" ৬ ॥

প্রভুর বৃন্দাবন-গমনার্থ রায় ও ভট্টসহ পরামর্শ ঃ—

রামানন্দ, সার্ব্বভৌম, দুইজনা-স্থানে।
তবে যুক্তি করে প্রভু,—'যাব বৃন্দাবনে' ॥ ৭ ॥

বিচ্ছেদ-ভয়ে উভয়ের প্রভুকে ভুলাইয়া নিরস্ত-করণ ঃ—

দুঁহে কহে,—"রথযাত্রা কর দরশন।
কার্ত্তিক আইলে, তবে করিহ গমন ॥" ৮ ॥

কার্ত্তিক আইলে কহে,—"এবে মহা-শীত।
দোলযাত্রা দেখি' যাও—এই ভাল রীত ॥" ৯ ॥

আজি-কালি করি' উঠায় বিবিধ উপায়।
যাইতে সম্মতি না দেয় বিচ্ছেদের ভয় ॥ ১০ ॥

ভগবান্ স্বতন্ত্র হইলেও ভক্তবশ ঃ—

যদ্যপি স্বতন্ত্র প্রভু, নহে নিবারণ।
ভক্ত-ইচ্ছা বিনা প্রভু না করে গমন ॥ ১১ ॥

৩য় বর্ষে গৌড়ীয়গণের প্রভু-দর্শনেচ্ছা ঃ—

তৃতীয় বৎসরে সব গৌড়ের ভক্তগণ।
নীলাচলে চলিতে সবার হৈল মন ॥ ১২ ॥

প্রবীণ অদ্বৈতাচার্য্য-সমীপে সকলের গমন ও
অদ্বৈতের পুরী-যাত্রা ঃ—

সবে মেলি' গেলা অদ্বৈত-আচার্য্যের পাশে।
প্রভু দেখিতে আচার্য্য চলিলা উল্লাসে ॥ ১৩ ॥

প্রভুর নিষেধ-সত্ত্বেও প্রভু-প্রেমিক নিতাইর
প্রভু-দর্শনার্থ পুরী-যাত্রা ঃ—

যদ্যপি প্রভুর আজ্ঞা গৌড়েতে রহিতে।
নিত্যানন্দ-প্রভুকে প্রেমভক্তি প্রকাশিতে ॥ ১৪ ॥

তথাপি চলিলা মহাপ্রভুরে দেখিতে।
নিত্যানন্দের প্রেম-চেষ্টা কে পারে বুঝিতে ॥ ১৫ ॥

গৌড়ীয়গণের যাত্রা ঃ—

আচার্য্যরত্ন, বিদ্যানিধি, শ্রীবাস, রামাই।
বাসুদেব, মুরারি, গোবিন্দাদি তিন ভাই ॥ ১৬ ॥

পাণিহাটীর রাঘব, কুলীনগ্রামের সত্যরাজাদির গমন ঃ—

রাঘব-পণ্ডিত নিজ-ঝালি সাজাঞা।
কুলীন-গ্রামবাসী চলে পট্টডোরী লঞা ॥ ১৭ ॥

খণ্ড হইতে নরহরি প্রভৃতির যাত্রা ঃ—

খণ্ডবাসী নরহরি, শ্রীরঘুনন্দন।
সর্ব্বভক্ত চলে, তার কে করে গণন ॥ ১৮ ॥

সকলের তত্ত্বাবধায়ক ও পরিচালক পথজ্ঞ শিবানন্দ ঃ—

শিবানন্দ-সেন করে ঘাটি সমাধান।
সবারে পালন করি' সুখে লঞা যান ॥ ১৯ ॥

সবার সর্ব্বকার্য্য করেন, দেন বাসা-স্থান।
শিবানন্দ জানে উড়িয়া-পথের সন্ধান ॥ ২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। গৌড়োদ্যানে স্বীয় দর্শনামৃত-সেচনদ্বারা গৌররূপ পর্জ্জন্য ভবাগ্নিদগ্ধ-লোকসঙ্ঘরূপ লতাকে জীবিত করিয়াছিলেন।

অনুভাষ্য

১। গৌরমেঘঃ (শ্রীগৌরজলধরঃ) স্বালোকনামৃতৈঃ (নিজদর্শনসুধাভিঃ) গৌড়োদ্যানং (গৌড়দেশরূপম্ উদ্যানং) সিঞ্চন্ (বর্ষন্) ভবাগ্নিদগ্ধজনতা-বীরুধঃ (সংসারদাব-বহ্নিনা দগ্ধাঃ যাঃ জনতাঃ লোকপুঞ্জাঃ তা এব বীরুধঃ লতাঃ তাঃ) সমজীবয়ৎ (জীবয়ামাস)।

১৯। ঘাটি-সমাধান—অর্থকৃচ্ছ্রতা-পূরণ, অথবা নির্দ্দিষ্ট পথ ও নদীঘাটের যাত্রিগণের প্রদেয় 'কর'-প্রদান।

প্রভুদর্শনে বৈষ্ণবগৃহিণীগণের গমন—

(১) অদ্বৈতপত্নীর যাত্রা ঃ—

সে বৎসর প্রভু দেখিতে সব ঠাকুরাণী ।
চলিলা আচার্য্য-সঙ্গে অচ্যুত-জননী ॥ ২১ ॥

(২) শ্রীবাস-পত্নী এবং (৩) শিবানন্দ-পত্নীর যাত্রা ঃ—

শ্রীবাস-পণ্ডিত-সঙ্গে চলিলা মালিনী ।
শিবানন্দ-সঙ্গে চলে তাঁহার গৃহিণী ॥ ২২ ॥

শিবানন্দ-পুত্র চৈতন্যদাসের যাত্রা ঃ—

শিবানন্দের বালক, নাম—চৈতন্যদাস ।
তেঁহো চলিয়াছে প্রভুরে দেখিতে উল্লাস ॥ ২৩ ॥

(৪) চন্দ্রশেখর-পত্নীর যাত্রা ঃ—

আচার্য্যরত্ন-সঙ্গে চলে তাঁহার গৃহিণী ।
তাঁহার প্রেমের কথা কহিতে না জানি ॥ ২৪ ॥

প্রভু-সেবার্থে সঙ্গে প্রভুপ্রিয় দ্রব্যাদি-গ্রহণ ঃ—

সব ঠাকুরাণী মহাপ্রভুকে ভিক্ষা দিতে ।
প্রভুর নানা প্রিয় দ্রব্য নিল ঘর হৈতে ॥ ২৫ ॥

শিবানন্দের সর্ব্বকার্য্য-সম্পাদন ঃ—

শিবানন্দ-সেন করে সব সমাধান ।
ঘাটিয়াল প্রবোধি' দেন সবারে বাসা-স্থান ॥ ২৬ ॥
ভক্ষ্য দিয়া করেন সবার সর্ব্বত্র পালনে ।
পরম আনন্দে যান প্রভুর দরশনে ॥ ২৭ ॥

রেমুণায় সকলের গোপীনাথ-দর্শন, মাধবপুরীর অনুসরণে অদ্বৈতের নৃত্যকীর্ত্তন ঃ—

রেমুণায় আসিয়া কৈল গোপীনাথ-দরশন ।
আচার্য্য করিল তাঁহা কীর্ত্তন, নর্ত্তন ॥ ২৮ ॥

পূর্ব্বপরিচয়হেতু সেবকগণের নিত্যানন্দকে অভিনন্দন ঃ—

নিত্যানন্দের পরিচয় সব লোক-সনে ।
বহুত সম্মান আসি' কৈল সেবকগণে ॥ ২৯ ॥

সকলের তথায় রাত্রিযাপন ও ক্ষীরপ্রসাদ-সম্মান ঃ—

সেই রাত্রি সব মহান্ত তাহাঞি রহিলা ।
বার ক্ষীর আনি' আগে সেবক ধরিলা ॥ ৩০ ॥
ক্ষীর বাঁটি' সবারে দিল প্রভু-নিত্যানন্দ ।
ক্ষীর-প্রসাদ পাঞা সবার বাড়িল আনন্দ ॥ ৩১ ॥

নিত্যানন্দকর্ত্তৃক শ্রীপুরীর, গোপালের এবং গোপীনাথের আগমন-বৃত্তান্ত-বর্ণন ঃ—

মাধবপুরীর কথা, গোপাল-স্থাপন ।
তাঁহারে গোপাল যৈছে মাগিল চন্দন ॥ ৩২ ॥

পূর্ব্ব-যাত্রায় মহাপ্রভুর মুখে শুনিয়া বর্ণন, ভক্তগণের হর্ষ ঃ—

তাঁর লাগি' গোপীনাথ ক্ষীর চুরি কৈল ।
মহাপ্রভুর মুখে আগে এ কথা শুনিল ॥ ৩৩ ॥
সেই কথা সবার মধ্যে কহে নিত্যানন্দ ।
শুনিয়া বৈষ্ণব-মনে বাড়িল আনন্দ ॥ ৩৪ ॥

সকলের কটকে আগমন, সাক্ষিগোপাল-দর্শন ও নিতাইর সাক্ষিগোপাল-কাহিনী-বর্ণন ঃ—

এইমত চলি' চলি' কটক আইলা ।
সাক্ষিগোপাল দেখি' সবে সে দিন রহিলা ॥ ৩৫ ॥
সাক্ষিগোপালের কথা কহে নিত্যানন্দ ।
শুনিয়া বৈষ্ণব-মনে বাড়িল আনন্দ ॥ ৩৬ ॥

প্রভুদর্শন-ব্যগ্র সকলেরই দ্রুতগতিতে পুরীতে আগমন ঃ—

প্রভুকে মিলিতে সবার উৎকণ্ঠা অন্তর ।
শীঘ্র করি' আইলা সবে শ্রীনীলাচল ॥ ৩৭ ॥

গৌড়ীয়-ভক্তগণের আঠারনালায় আগমন-সংবাদ-শ্রবণে ভক্তাভ্যর্থনার্থ প্রভুর গোবিন্দহস্তে মালা-প্রেরণ ঃ—

আঠারনালাকে আইলা গোসাঞি শুনিয়া ।
দুই মালা পাঠাইলা গোবিন্দ-হস্ত দিয়া ॥ ৩৮ ॥

নিতাই ও অদ্বৈতের মালা পরিধান ঃ—

দুই মালা গোবিন্দ দুইজনে পরাইল ।
অদ্বৈত, অবধূত-গোসাঞি বড় সুখ পাইল ॥ ৩৯ ॥

তথা হইতেই সকলের গমনমুখে নৃত্য-কীর্ত্তনারম্ভ ঃ—

তাহাঞি আরম্ভ কৈল কৃষ্ণ-সঙ্কীর্ত্তন ।
নাচিতে নাচিতে চলি' আইলা দুইজন ॥ ৪০ ॥

অনুভাষ্য

২৬। ঘাটিয়াল—পথের পরিদর্শক ; ইহারা যাত্রিগণের নিকট অন্যায়পূর্ব্বক অবৈধভাবে অধিক অর্থ সংগ্রহ করে ; শিবানন্দ তাহাদের ন্যায্য প্রাপ্য দিয়া অধিক দাবী ত্যাগ করিতে অনুরোধ করিতেন।

৩২-৩৪। মহাপ্রভুর মুখে—মহাপ্রভু পূর্ব্বে শ্রীপাদ ঈশ্বর-পুরীর মুখে শ্রবণ করিয়াছিলেন (মধ্য ৪র্থ পঃ ১৮ সংখ্যা) ; শান্তিপুরে শ্রীঅদ্বৈতগৃহে কিছুদিন থাকিয়া তিনি নিত্যানন্দ, জগদানন্দ, দামোদর-পণ্ডিত ও মুকুন্দের সহিত নীলাচল-পথে রেমুণায় আসিয়া তাঁহাদিগকে—শ্রীমাধবেন্দ্রপুরী, বৃন্দাবনের গিরিধারী গোপাল ও রেমুণার ক্ষীরচোরা গোপীনাথের আখ্যান বর্ণন করিয়াছিলেন (মধ্য, ৪র্থ পঃ ১৯-১৯০ সংখ্যা দ্রষ্টব্য)।

৩৬। সাক্ষিগোপালের কথা—মধ্য, ৫ম পঃ ৮।১৩৮ সংখ্যা দ্রষ্টব্য।

৩৮। আঠারনালা—শ্রীপুরুষোত্তম-নগরের প্রান্তভাগে সেতু-বিশেষ।

স্বরূপাদিদ্বারে প্রভুর পুনঃ মালা-প্রেরণ ঃ—

পুনঃ মালা দিয়া স্বরূপাদি নিজগণে ।
আগু বাড়ি' পাঠাইল শচীর নন্দনে ॥ ৪১ ॥

নরেন্দ্র-সরোবরে মিলিয়া সকলকে মালাপ্রদান ঃ—

নরেন্দ্র আসিয়া, তাঁহা সবারে মিলিলা ।
মহাপ্রভুর দত্ত মালা সবারে পরাইলা ॥ ৪২ ॥

স্বয়ং সিংহদ্বারে আসিয়া সর্ব্বভক্তসহ প্রভুর মিলন ঃ—

সিংহদ্বার-নিকটে আইলা শুনি' গৌররায় ।
আপনে আসিয়া প্রভু মিলিলা সবায় ॥ ৪৩ ॥

জগন্নাথ-দর্শনান্তে সর্ব্বভক্তসহ গৃহে গমন ঃ—

সবা লঞা কৈল জগন্নাথ-দরশন ।
সবা লঞা আইলা পুনঃ আপন-ভবন ॥ ৪৪ ॥

সকলকে বাণীনাথ ও কাশীমিশ্র-আনীত প্রসাদ-প্রদান ঃ—

বাণীনাথ, কাশীমিশ্র প্রসাদ আনিল ।
স্বহস্তে সবারে প্রভু প্রসাদ খাওয়াইল ॥ ৪৫ ॥

প্রত্যেককে পূর্ব্ববর্ষের অধ্যুষিত বাসস্থানাদি প্রদান ঃ—

পূর্ব্ব-বৎসরে যাঁর যেই বাসা-স্থান ।
তাঁহা সবা পাঠাঞা করাইল বিশ্রাম ॥ ৪৬ ॥

ভক্তগণের প্রভুসহ পুরীতে চারিমাস অবস্থান ঃ—

এইমত ভক্তগণ রহিলা চারিমাস ।
প্রভুর সহিত করে কীর্ত্তন-বিলাস ॥ ৪৭ ॥

রথযাত্রা-কালে সকলের গুণ্ডিচা-মার্জ্জন ঃ—

পূর্ব্ববৎ রথযাত্রা-কাল যবে আইল ।
সবা লঞা গুণ্ডিচা-মন্দির প্রক্ষালিল ॥ ৪৮ ॥

সত্যরাজাদির জগন্নাথকে প্রভুর আদিষ্ট পট্টডোরী-প্রদান ঃ—

কুলীনগ্রামী পট্টডোরী জগন্নাথে দিল ।
পূর্ব্ববৎ রথ-অগ্রে নর্ত্তন করিল ॥ ৪৯ ॥

রথাগ্রে নর্ত্তনান্তে সকলে উপবনে বিশ্রাম ঃ—

বহু নৃত্য করি' পুনঃ চলিল উদ্যানে ।
বাপী-তীরে তাঁহা যাই' করিল বিশ্রামে ॥ ৫০ ॥

রাঢ়ীয় বিপ্র কৃষ্ণদাসের প্রভুকে অভিষেক ও প্রভুর সুখ ঃ—

রাঢ়ী এক বিপ্র, তেঁহো—নিত্যানন্দ-দাস ।
মহা-ভাগ্যবান্ তেঁহো, নাম—কৃষ্ণদাস ॥ ৫১ ॥
ঘট ভরি' প্রভুর তেঁহো অভিষেক কৈল ।
তাঁর অভিষেকে প্রভু মহাতৃপ্ত হৈল ॥ ৫২ ॥

সকলের বলগণ্ডি-ভোগের প্রসাদ-সম্মান ঃ—

বলগণ্ডি-ভোগের বহু প্রসাদ আইল ।
সবা সঙ্গে মহাপ্রভু প্রসাদ খাইল ॥ ৫৩ ॥

সকলের হেরা-পঞ্চমী-যাত্রা-দর্শন ঃ—

পূর্ব্ববৎ রথযাত্রা কৈল দরশন ।
হেরাপঞ্চমী-যাত্রা দেখে লঞা ভক্তগণ ॥ ৫৪ ॥

ঝড়বৃষ্টিমধ্যে প্রভুর একাকী অদ্বৈতগৃহে ভিক্ষা-গ্রহণ ঃ—

আচার্য্য গোসাঞি প্রভুর কৈল নিমন্ত্রণ ।
তার মধ্যে কৈল যৈছে ঝড়-বরিষণ ॥ ৫৫ ॥

চৈতন্যভাগবতে উহা বর্ণিত ঃ—

বিস্তারি' বর্ণিয়াছেন দাস-বৃন্দাবন ।
শ্রীবাস প্রভুরে তবে কৈল নিমন্ত্রণ ॥ ৫৬ ॥

মালিনীদেবীর প্রভু-সেবা ঃ—

প্রভুর প্রিয়-ব্যঞ্জন সব রান্ধেন মালিনী ।
'ভক্ত্যে দাসী'-অভিমান, 'স্নেহেতে জননী' ॥ ৫৭ ॥

চন্দ্রশেখরের প্রভু-সেবা ঃ—

আচার্য্যরত্ন-আদি যত মুখ্য ভক্তগণ ।
মধ্যে মধ্যে প্রভুরে করেন নিমন্ত্রণ ॥ ৫৮ ॥

চাতুর্ম্মাস্যান্তে নিতাইসহ গোপনে যুক্তি ঃ—

চাতুর্ম্মাস্য-অন্তে পুনঃ নিত্যানন্দে লঞা ।
কিবা যুক্তি করে নিত্য নিভৃতে বসিয়া ॥ ৫৯ ॥

অদ্বৈতের রহস্যময়ী তর্জ্জা-পঠন ঃ—

আচার্য্য-গোসাঞি প্রভুকে কহে ঠারে-ঠোরে ।
আচার্য্য তর্জ্জা পড়ে, কেহ বুঝিতে না পারে ॥ ৬০ ॥

প্রভু তর্জ্জার বক্তব্য স্বীকার করায় অদ্বৈতের আনন্দ ঃ—

তাঁর মুখ দেখি' হাসে শচীর নন্দন ।
অঙ্গীকার জানি' আচার্য্য করেন নর্ত্তন ॥ ৬১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫০। বাপী—ইঁদারা (?), জলাশয়।

৫৫-৫৬। চৈঃ ভাঃ অন্ত্য, ৮ম অঃ—একদিন শ্রীঅদ্বৈত মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া মনে করিলেন,—'যদি অন্য কোন সন্ন্যাসী প্রভুর সঙ্গে না আইসেন, তবে প্রভুকে ভাল করিয়া খাওয়াইব।' অন্যান্য সন্ন্যাসিসকল মধ্যাহ্ন-ক্রিয়ায় বাহির হইয়াছেন, এমন সময় ঝড়-বৃষ্টি হওয়ায় তাঁহারা আসিতে না পারায়, প্রভু একক আসিয়া শ্রীঅদ্বৈতের অন্নব্যঞ্জন ভোজন করিলেন।

৬০। তর্জ্জা—পয়ারাদি ছন্দোময় কথা, যাহা অন্য লোকে সহজে বুঝিতে পারে না।

অনুভাষ্য

৫০। উদ্যানে—জগন্নাথবল্লভে ; বাপীতীরে—নরেন্দ্র-সরোবরতটে।

গৌর ও অদ্বৈতের পরস্পর সংলাপাদি—অন্যের অবোধ্য ;
প্রভুর অদ্বৈতকে বিদায় দানঃ—

কিবা প্রার্থনা, কিবা আজ্ঞা—কেহ না বুঝিল ।
আলিঙ্গন করি' প্রভু তাঁরে বিদায় দিল ॥ ৬২ ॥

নিতাইকে প্রতি বর্ষে পুরীতে না আসিয়া গৌড়ে
নাম-প্রেম-প্রচারার্থ আদেশঃ—

নিত্যানন্দে কহে প্রভু,—"শুনহ শ্রীপাদ ।
এই আমি মাগি, তুমি করহ প্রসাদ ॥ ৬৩ ॥
প্রতিবর্ষ নীলাচলে তুমি না আসিবা ।
গৌড়ে রহি' মোর ইচ্ছা সফল করিবা ॥ ৬৪ ॥

নিতাইর দ্বারে প্রভুর দুষ্কর-কর্ম্ম-সম্পাদনঃ—

তাঁহা সিদ্ধি করে—হেন অন্যে না দেখিয়ে ।
আমার 'দুষ্কর' কর্ম্ম, তোমা হৈতে হয়ে ॥" ৬৫ ॥

মহাপ্রভুর ভক্ত প্রভু-নিত্যানন্দঃ—

নিত্যানন্দ কহে,—"আমি 'দেহ', তুমি 'প্রাণ' ।
'দেহ' 'প্রাণ' ভিন্ন নহে,—এই ত' প্রমাণ ॥ ৬৬ ॥
অচিন্ত্যশক্ত্যে কর তুমি তাহার ঘটন ।
যে করাহ, সেই করি, নাহিক নিয়ম ॥" ৬৭ ॥

নিতাই ও অন্যান্য সকল ভক্তকেই বিদায়-দানঃ—

তাঁরে বিদায় দিল প্রভু করি' আলিঙ্গন ।
এইমত বিদায় দিল সব ভক্তগণ ॥ ৬৮ ॥

সত্যরাজাদির পূর্ব্ববর্ষবৎ প্রভুকে স্বকর্ত্তব্য-জিজ্ঞাসাঃ—

কুলীনগ্রামী পূর্ব্ববৎ কৈল নিবেদন ।
"প্রভু, আজ্ঞা কর,—কর্ত্তব্য আমার সাধন ॥" ৬৯ ॥

প্রভুর উত্তরঃ—

প্রভু কহে,—"বৈষ্ণব-সেবা, নাম-সঙ্কীর্ত্তন ।
দুই কর, শীঘ্র পাবে শ্রীকৃষ্ণ-চরণ ॥" ৭০ ॥

সত্যরাজাদির প্রভুকে 'বৈষ্ণব'-লক্ষণ-জিজ্ঞাসাঃ—

তেঁহো কহে,—"কে বৈষ্ণব, কি তাঁর লক্ষণ?"
তবে হাসি' কহে প্রভু জানি' তাঁর মন ॥ ৭১ ॥

প্রভুর 'মধ্যম-বৈষ্ণব'-লক্ষণ-নির্দ্দেশঃ—

"কৃষ্ণনাম নিরন্তর যাঁহার বদনে ।
সেই বৈষ্ণব-শ্রেষ্ঠ, ভজ তাঁহার চরণে ॥" ৭২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬২। শ্রীঅদ্বৈতাচার্য্য তর্জ্জাদ্বারাই বা কি প্রার্থনা করিলেন এবং শ্রীশচীনন্দনের হাস্যেই বা কি অর্থ হইল,—তাহা আর কেহ বুঝিতে পারিলেন না।

৬৪-৬৫। গৌড়দেশে মহাপ্রভুর অনুপস্থিতিতে শ্রীপ্রভু-নিত্যানন্দ বিনা আর কেহই আ-চণ্ডালে নাম-প্রেম-দানরূপ তাঁহার উদ্দেশ্য সিদ্ধি করিতে পারেন না।

৬৬-৬৭। নিত্যানন্দ কহিলেন,—আমি 'দেহ', তুমি 'প্রাণ'; এই দুইবস্তু কখনও পৃথক্ নয় ; তবে তুমি—নীলাচলে এবং আমি—গৌড়ে, এইরূপ যে পৃথক্ অবস্থান, সে কেবল তোমার অচিন্ত্যশক্তিতেই ঘটে।

অনুভাষ্য

৭২। যে-বৈষ্ণবের মুখে 'নিরন্তর' শ্রীকৃষ্ণনাম উচ্চারিত হয়, তাঁহাকে 'কোমলশ্রদ্ধ সকৃৎকৃষ্ণনামোচ্চারণকারী কনিষ্ঠ-বৈষ্ণব' অপেক্ষা শ্রেষ্ঠ অর্থাৎ 'মধ্যম ভাগবত' বলিয়া জানিবে,—তাঁহার চরণ ভজন করিবে। শ্রীরূপগোস্বামী 'উপদেশামৃতে'—'প্রণতিভিশ্চ ভজন্তমীশম্" অর্থাৎ মধ্যমাধিকারী ভাগবতের পরস্পরের প্রতি 'প্রণাম'রূপ ব্যবহার করিবার জন্য উপদেশ প্রদান করিয়াছেন। নিরন্তর,—'অন্তর' অর্থাৎ ব্যবধান যাহাতে নাই। অন্তর বা ব্যবধান—অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান ও শৈথিল্য-রূপ চেতন-বৃত্তিচালন-রাহিত্য অর্থাৎ জাড্য ; যথা শ্রীরূপপ্রভু (ভঃ রঃ সিঃ পূর্ব্ব বিঃ ১ম লঃ)—"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞান-কর্ম্মাদ্যনাবৃতম্। আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা।।"

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৯-৭৫। কুলীনগ্রামীর পূর্ব্ব-বৎসরের প্রশ্নোত্তর অর্থাৎ 'যাঁর মুখে একবার শুনি কৃষ্ণনাম' ইত্যাদি শুনিয়াও কুলীনগ্রামী এবার আবার সেই প্রশ্ন করিলে, প্রভু কহিলেন,—যাঁহার বদনে নিরন্তর কৃষ্ণনাম শুনিতে পাও তাঁহাকে 'বৈষ্ণবশ্রেষ্ঠ' জানিয়া তাঁহার চরণ নিরন্তর ভজন কর। পরবর্ত্তিবর্ষে কুলীনগ্রামিগণ সেই একই প্রশ্ন করিলে, প্রভু-সেবার উত্তর করিলেন,—যাঁহাকে দর্শন করিবা-মাত্র দর্শকের মুখে কৃষ্ণনাম সহজে আইসে, তাঁহাকে তুমি

অনুভাষ্য

অথবা, 'অন্তর'-শব্দে—'দেহ' (ইন্দ্রিয়তৃপ্তি), 'দ্রবিণ' (অশুক্ল অর্থ-সংগ্রহচেষ্টা), 'জনতা' (অসৎসঙ্গ বা দুঃসঙ্গ), 'লোভ' (জিহ্বা-লাম্পট্য বা লৌল্য) এবং পাষণ্ডতা (বিষ্ণুবিগ্রহে শিলা, কাষ্ঠ, স্বর্ণ, পিত্তল প্রভৃতি 'ধাতু'-বুদ্ধি, গুরুতে 'মর্ত্ত্য'বুদ্ধি, বৈষ্ণবে 'জাতি' বা 'পার্থিব'-বুদ্ধি, বিষ্ণু-বৈষ্ণবের পাদোদকে সামান্য 'জল'-বুদ্ধি, বিষ্ণুর নাম-মন্ত্রে বা বৈষ্ণবের সদ্গুরুদত্ত নামে 'জাগতিক শব্দ-সামান্য'বুদ্ধি, সর্ব্বেশ্বরেশ্বর বিষ্ণুতে বা বিষ্ণুপরতত্ত্ব স্বয়ংরূপ শ্রীকৃষ্ণে এবং তাঁহাদের স্ব-স্ব-শক্তিবর্গকে অপর ত্রিগুণাশ্রিত দেবতাবৃন্দের সহিত সম-বুদ্ধি, ফলতঃ অনাত্মা বা অচিৎ-এর আশ্রয়ে অথবা অচিৎ হইতে আত্মা বা চেতনের উপলব্ধি-চেষ্টা, কিংবা অপ্রাকৃত বাস্তব-বস্তুকে প্রাকৃত, খণ্ড, ইন্দ্রিয়-পরিমেয় বস্তুর সমপর্য্যায়ে জ্ঞান ; অথবা, অপর কথায় বলিতে গেলে, দ্বৈতবুদ্ধিতে শ্রীহরি-গুরু-বৈষ্ণবকে 'অনাত্মীয়' বলিয়া জ্ঞান)—এই সমস্তই অপরাধের জনক। ভক্তিসন্দর্ভে

পরে পুনরায় তাঁহাদের 'বৈষ্ণব'-লক্ষণ-জিজ্ঞাসায় প্রভুর উত্তর ঃ—

বর্ষান্তরে পুনঃ তাঁরা ঐছে প্রশ্ন কৈল ।
বৈষ্ণবের তারতম্য প্রভু শিখাইল ॥ ৭৩ ॥

প্রভুর 'উত্তমাধিকারী বা মহাভাগবত'-লক্ষণ-নির্দ্দেশ ঃ—

যাঁহার দর্শনে মুখে আইসে কৃষ্ণনাম ।
তাঁহারে জানিহ তুমি 'বৈষ্ণব-প্রধান' ॥ ৭৪ ॥

প্রভুকর্ত্তৃক ত্রিবিধ অধিকারে বৈষ্ণব-লক্ষণ-নির্দ্দেশ ঃ—

ক্রম করি' কহে প্রভু 'বৈষ্ণব'-লক্ষণ ।
'বৈষ্ণব', 'বৈষ্ণবতর', আর 'বৈষ্ণবতম' ॥ ৭৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

'বৈষ্ণব-প্রধান' বলিয়া জানিবে। এই প্রকার তিন বৎসরে তিনপ্রকার উত্তর বিচার করিয়া দেখিলে প্রভুর বাক্যে, 'বৈষ্ণব', 'বৈষ্ণবতর' এবং 'বৈষ্ণবতম' এই তিনপ্রকার 'বৈষ্ণবে'র লক্ষণ পাওয়া যায়। এই তিনপ্রকার বৈষ্ণবের সেবাই গৃহস্থ-বৈষ্ণবের কর্ত্তব্য। প্রভুর কথার তাৎপর্য্য এই যে,—যাঁহারা কেবল বৈষ্ণবী-দীক্ষামাত্র গ্রহণ করিয়াছেন, অথচ একবারও নিরপরাধে কৃষ্ণ-নাম করেন নাই, তাঁহার প্রতি বৈষ্ণবসেবা প্রযোজ্য নয় ; কেবল 'সুহৃৎ', 'অতিথি' বলিয়া তাঁহাকে সম্মান করা আবশ্যক।

অনুভাষ্য

শ্রীজীবপ্রভুর উক্তি (২৬৫ সংখ্যায়)—"নামৈকং যস্য বাচি স্মরণপথগতম্" ইত্যাদৌ দেহদ্রবিণাদি-নিমিত্তক-'পাষণ্ড'-শব্দেন চ দশ অপরাধা লক্ষ্যন্তে, পাষণ্ডময়ত্বাৎ তেষাম্।" (ভাঃ ১১।২।৪৬)—"ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ। প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ।।" সনাতন-শিক্ষায় মধ্য ২২শ পঃ—"শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী। 'উত্তম', 'মধ্যম', 'কনিষ্ঠ'—শ্রদ্ধা-অনুসারী।। শাস্ত্রযুক্তি নাহি জানে দৃঢ়, শ্রদ্ধাবান্। 'মধ্যম অধিকারী' সেই মহাভাগ্যবান্।। রতি-প্রেম-তারতম্যে ভক্তিতরতম।" মধ্যম-ভাগবতের শ্রীনামে প্রীতি বর্দ্ধিত হওয়ায় শ্রীনামকে পরমপ্রীতির সহিত অনুক্ষণ কীর্ত্তনযজ্ঞে আরাধন করিয়া ভগবানে 'প্রেম' স্থাপন করেন ; অপ্রাকৃত শ্রীনামে অনুক্ষণ প্রীতিবিশিষ্ট হইয়া অনুশীলন করিতে করিতে আপনাকে 'অপ্রাকৃত কৃষ্ণদাস' বলিয়া বুঝিতে পারেন। আবার, কখনও কখনও শ্রীনামে অপেক্ষাকৃত স্বল্পরুচি-বিশিষ্ট ভক্তকে তাঁহার অপ্রাকৃত স্বরূপ বুঝাইয়া দিয়া কৃপা করেন। শুদ্ধভক্তে ও ভগবানে সম্পূর্ণ প্রীতিরহিত বিদ্বেষিজনকে, 'কৃষ্ণের অপ্রাকৃত-স্বরূপানুভূতিরহিত আবৃত-চেতনবৃত্তি ও কেবল-প্রাকৃত' জানিয়া তাহার সঙ্গ ত্যাগ করেন। মধ্যম অধিকারী শুদ্ধভক্তির উপাদান বা উপকরণগুলিকেও 'অপ্রাকৃত' বলিয়া বুঝিতে পারেন।

৭৪। যে-বৈষ্ণবকে দেখিলে দ্রষ্টার মুখে কৃষ্ণনাম স্বভাবতঃই আসে তাঁহাকে স্বরূপসিদ্ধ 'মহাভাগবত' বলিয়া জানিবে। তিনি সম্পূর্ণ উদ্বুদ্ধ, উদ্দীপিত বা অনাবৃত-চেতনবৃত্তি-বিশিষ্ট বা কৃষ্ণের অবিমিশ্র শুদ্ধপ্রেমসেবা-নিরত হওয়ায় সর্ব্বদা জাগ্রদবস্থায় অবস্থান করেন। তিনি ভগবজ্জ্ঞানবিজ্ঞান-সমন্বিত হওয়ায় সর্ব্বত্র কৃষ্ণ বা কার্ষ্ণদর্শনকারী ; তাঁহার শ্রীমুখেই শুদ্ধ শ্রীকৃষ্ণনাম সুষ্ঠুভাবে অনুক্ষণ কীর্ত্তিত হইতে থাকেন। তিনি স্বয়ং দিব্যনেত্র-বিশিষ্ট বলিয়া কৃষ্ণবিস্মৃতি বা কৃষ্ণবৈমুখ্যরূপ মোহ-নিদ্রায় নিদ্রিত অপর জীবের নিমীলিত অজ্ঞানচক্ষু উন্মীলিত করিয়া অর্থাৎ জাড্য হইতে মুক্ত করিয়া দিব্যনেত্র প্রদানপূর্ব্বক চেতনবৃত্তি-বিশিষ্ট করাইয়া সর্ব্বদা কৃষ্ণ ও কার্ষ্ণের সেবায় নিয়োজিত করিতে সমর্থ। "ব্রহ্মাণ্ড তারিতে শক্তি ধরে জনে জনে' এবং মধ্য ৬ষ্ঠ পঃ ২৭৯ সংখ্যা—"লোহাকে যাবৎ স্পর্শি' হেম নাহি করে। তাবৎ স্পর্শমণি কেহ চিনিতে না পারে।।" প্রভৃতি বাক্য ইঁহাদেরই সম্বন্ধে কথিত। শ্রীরূপ-গোস্বামী 'উপদেশামৃতে'—"শুশ্রূষয়া ভজন-বিজ্ঞমনন্যমন্য-নিন্দাদিশূন্যহৃদমীপ্সিত-সঙ্গলব্ধ্যা।" প্রভুর শ্রীমুখ-কথিত "তৃণাদপি সুনীচ" শ্লোকের সম্পূর্ণ আচরণকারী এবং মধ্য ৯ম পঃ ৩৬-৩৭ সংখ্যানুসারে তিনি আশ্রয়জাতীয় কৃষ্ণ বা 'মহাভাগবত'—তিনিই শুদ্ধ হরিকীর্ত্তনকারী। অতএব তাদৃশ জড়ীয় উচ্চাবচ-দর্শন-রহিত বা অন্য-নিন্দাদিশূন্য-হৃদয় ব্যক্তির নিকটই 'মধ্যম ভাগবত' সর্ব্বদা শ্রবণেচ্ছু হইয়া তাঁহার সর্ব্বপ্রকার সেবা করিয়া সন্তোষ বিধান করিলেই অবশেষে

পুণ্ডরীক ব্যতীত আর সকলেরই গৌড়ে প্রত্যাবর্ত্তন ঃ—

এইমত সব বৈষ্ণব গৌড়ে চলিলা ।
বিদ্যানিধি সে-বৎসর নীলাদ্রি রহিলা ॥ ৭৬ ॥

স্বরূপসহ পুণ্ডরীকের সখ্যভাব ঃ—

স্বরূপ-সহিত তাঁর হয় সখ্য-প্রীতি ।
দুই-জনায় কৃষ্ণ-কথায় একত্রই স্থিতি ॥ ৭৭ ॥

প্রেমনিধির গদাধরকে পুনর্মন্ত্রদান ও 'ওড়ন-ষষ্ঠী' দর্শন ঃ—

গদাধর-পণ্ডিতে তেঁহো পুনঃ মন্ত্র দিল ।
ওড়ন-ষষ্ঠীর দিনে যাত্রা যে দেখিল ॥ ৭৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৬। বিদ্যানিধি—পুণ্ডরীক বিদ্যানিধি।

৭৮। ওড়নষষ্ঠী—শীতাগমের প্রথম ষষ্ঠীকে 'ওড়নষষ্ঠী' বলে। সেইদিন জগন্নাথের অঙ্গে শীতবস্ত্র অর্পিত হয়। সেই শীতবস্ত্র—'মাড়ুয়া'-বসন অর্থাৎ তন্তুবায়ের মাড়যুক্ত অধৌত বসন। দেবতাকে 'মাড়ুয়া' বসন দেওয়ায় পুণ্ডরীক বিদ্যানিধি সে সম্বন্ধে একটু 'খুঁটিনাটী' প্রকাশপূর্ব্বক উৎকলভক্তদিগের প্রতি কিঞ্চিৎ ঘৃণা প্রকাশ করায়, তাহার উপযুক্ত ফল লাভ করিয়াছিলেন।

অনুভাষ্য

পুণ্ডরীক ও জগন্নাথের মণ্ডময় বসনঘটিত বৃত্তান্ত-বর্ণন ঃ—

জগন্নাথ পরে তথা 'মাড়ুয়া' বসন।
দেখিয়া সঘৃণ হৈল বিদ্যানিধির মন ॥ ৭৯ ॥
সেই রাত্র্যে জগন্নাথ-বলাই আসিয়া।
দুই-ভাই চড়া'ন তাঁরে হাসিয়া হাসিয়া ॥ ৮০ ॥

চৈতন্যভাগবতে বর্ণিত ঃ—

গাল ফুলিল, আচার্য্য অন্তরে উল্লাস।
বিস্তারি' বর্ণিয়াছেন বৃন্দাবন-দাস ॥ ৮১ ॥

প্রতিবর্ষে গৌড়ীয় ভক্তগণের আগমন ও দর্শনাদি ঃ—

এইমত প্রত্যব্দ আইসে গৌড়ের ভক্তগণ।
প্রভু-সঙ্গে রহি' করে যাত্রা-দরশন ॥ ৮২ ॥

তন্মধ্যে গ্রন্থকারের বিশেষ বিশেষ ঘটনা-বর্ণনে প্রতিজ্ঞা ঃ—

তার মধ্যে যে যে বর্ষে আছয়ে বিশেষ।
বিস্তারিয়া তাহা শেষ করিব নিঃশেষ ॥ ৮৩ ॥

ভক্তসঙ্গে ৪ বৎসর নীলাচল-লীলা, ২ বৎসর দক্ষিণ-যাতায়াত ঃ—

এইমত মহাপ্রভুর চারি বৎসর গেল।
দক্ষিণ যাঞা আসিতে দুই বৎসর লাগিল ॥ ৮৪ ॥

বৃন্দাবনে যাইতে প্রভুর দুই বৎসর যাবৎ ইচ্ছা,
কিন্তু রায়ের চেষ্টায় নিরস্ত ঃ—

আর দুই বৎসর চাহে বৃন্দাবন যাইতে।
রামানন্দ-হঠে প্রভু না পরে চলিতে ॥ ৮৫ ॥

৫ম বৎসরে গৌড়ীয়-ভক্তগণের রথদর্শনান্তে
গৌড়ে প্রত্যাবর্ত্তন ঃ—

পঞ্চম বৎসরে গৌড়ের ভক্তগণ আইলা।
রথ দেখি' না রহিলা, গৌড়েরে চলিলা ॥ ৮৬ ॥

ভট্ট ও রায়-সমীপে প্রভুর গৌড়দেশ হইয়া বৃন্দাবন-
গমনে সম্মতি-প্রার্থনা ঃ—

তবে প্রভু সার্ব্বভৌম-রামানন্দ-স্থানে।
আলিঙ্গন করি' কহে মধুর-বচনে ॥ ৮৭ ॥
"বহুত উৎকণ্ঠা মোর যাইতে বৃন্দাবন।
তোমার হঠে দুই বৎসর না কৈলুঁ গমন ॥ ৮৮ ॥
অবশ্য চলিব, দুঁহে করহ সম্মতি।
তোমা-দুঁহা বিনা মোর নাহি অন্য গতি ॥ ৮৯ ॥

গৌড়দেশে প্রভুর পূজ্যবস্তুদ্বয়—(১) শচীদেবী ও
(২) গঙ্গাদেবী ঃ—

গৌড়-দেশে হয় মোর 'দুই সমাশ্রয়'।
'জননী' 'জাহ্নবী',—এই দুই দয়াময় ॥ ৯০ ॥
গৌড়দেশ দিয়া যাব তাঁ-সবা দেখিয়া।
তুমি দুঁহে আজ্ঞা দেহ' পরসন্ন হঞা ॥" ৯১ ॥

ভট্ট ও রায়ের সম্মতি, কিন্তু বর্ষাহেতু বিজয়া-দশমী
পর্য্যন্ত অপেক্ষার্থ অনুরোধ ঃ—

শুনিয়া প্রভুর বাণী মনে বিচারয়।
প্রভু-সনে অতি হঠ কভু ভাল নয় ॥ ৯২ ॥
দুঁহে কহে,—"এবে বর্ষা, চলিতে নারিবা।
বিজয়া-দশমী আইলে, অবশ্য চলিবা ॥" ৯৩ ॥

প্রভুর বর্ষা-যাপন ও বিজয়া-দশমী-দিবসে বৃন্দাবন-যাত্রা ঃ—

আনন্দে মহাপ্রভু বর্ষা কৈল সমাধান।
বিজয়া-দশমী-দিনে করিল পয়ান ॥ ৯৪ ॥

সঙ্গে জগন্নাথের প্রসাদাদি গ্রহণ ঃ—

জগন্নাথের প্রসাদ প্রভু যত পাঞাছিল।
কড়ার চন্দন, ডোর, সব সঙ্গে লৈল ॥ ৯৫ ॥

পুরী হইতে বৃন্দাবন-যাত্রার পথে অধিকতর প্রেমাবেশ ঃ—

নীলাচলে ছিলা যৈছে প্রেমাবেশ মন ।
বৃন্দাবন যাইতে পথে হৈল শতগুণ ॥ ২২৬ ॥

তদপেক্ষা মথুরা-দর্শনে, তদপেক্ষা বৃন্দাবন-ভ্রমণে
অধিকতর প্রেম ঃ—

সহস্রগুণ প্রেম বাড়ে মথুরা-দরশনে ।
লক্ষগুণ প্রেম বাড়ে, ভ্রমেণ যবে বনে ॥ ২২৭ ॥

সাক্ষাৎ বৃন্দাবনে আসিয়া অনুক্ষণ গাঢ়-কৃষ্ণপ্রেমে মগ্ন ঃ—

অন্য-দেশে প্রেম উছলে 'বৃন্দাবন'-নামে ।
সাক্ষাৎ ভ্রময়ে এবে সেই বৃন্দাবনে ॥ ২২৮ ॥

অভ্যাসে দৈনিক কৃত্যাদি-সমাপন ঃ—

প্রেমে গরগর মন রাত্রি-দিবসে ।
স্নান-ভিক্ষাদি-নির্ব্বাহ করেন অভ্যাসে ॥ ২২৯ ॥

প্রভুর ঐ প্রেম অবর্ণনীয় ঃ—

এইমত প্রেম, যাবৎ ভ্রমিল 'বার' বন ।
একত্র লিখিলুঁ, সর্ব্বত্র না যায় বর্ণন ॥ ২৩০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২১৪। শুক কহিলেন,—হে শারিকে, সেই বংশীধারী জগন্নারী-চিত্তহারী গোপনারী-বিহারী মদনমোহন জয়যুক্ত হউন।

২১৬। শারী পরিহাস করিয়া উত্তর করিল,—কৃষ্ণ যখন রাধার সহিত শোভা পান, তখনই তিনি—'মদনমোহন'; শ্রীরাধা সঙ্গে না থাকিলে বিশ্বমোহন হইয়াও তিনি স্বয়ংই মদনকর্তৃক মোহিত হন।

অনুভাষ্য

মহাভাবস্বরূপং বা), সুশীলতা (শোভনং শীলং সুচরিতং) নর্ত্তন-গানচাতুরী (নর্ত্তনং গানঞ্চ তয়োঃ চাতুরী নৈপুণ্যং বৈদগ্ধ্যং বা) গুণালি-সম্পৎ (গুণানাং আলী শ্রেণী, সৈব সম্পত্তিঃ), কবিতা (কবিত্বং)—সর্ব্বা চ জগন্মনোমোহন-চিত্তমোহিনী (জগন্মনোমোহনস্য ভুবনমোহনস্য কৃষ্ণস্য মনোমোহিনী আনন্দিনী এব) রাজতে (বিরাজতে)।

অনুভাষ্য

২১৪। হে শারিকে, বংশীধারী (মুরলীধরঃ) জগন্নারীচিত্তহারী (জগতাং চতুর্দ্দশভুবনানাং নারীণাং চিত্তচৌরঃ) গোপনারীভিঃ (ব্রজাঙ্গনাভিঃ সার্দ্ধং) বিহারী (কেলিরতঃ), সঃ (প্রসিদ্ধঃ) মদনমোহনঃ জীয়াৎ (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততাম্)।

২১৬। হে শুক, যদা কৃষ্ণঃ রাধাসঙ্গে ভাতি (বিরাজতে) তদা [এব] স কৃষ্ণঃ—'মদনমোহনঃ'; অন্যথা (রাধাসঙ্গরহিতঃ সন্ স কৃষ্ণঃ) স্বয়ম্ [এব] বিশ্বমোহঃ (বিশ্বমোহনঃ) অপি স্বয়ং মদনমোহিতঃ (মদনেন কন্দর্পেণ মোহিতঃ—"ইতস্ততস্তামনুসৃত্য রাধিকামনঙ্গবাণ-ব্রণখিন্নমানসঃ" ইতি ন্যায়াৎ)।

২১৯। সন্তর্পণ—সযত্নে সেবা।

ইতি অনুভাষ্যে সপ্তদশ পরিচ্ছেদ।

ভগবান্ শেষেরও প্রভুর বৃন্দাবন-ভ্রমণকালীন
প্রেমবর্ণনে অসামর্থ্য ঃ—

বৃন্দাবনে হৈল প্রভুর যতেক প্রেমের বিকার ।
কোটি-গ্রন্থে 'অনন্ত' লিখেন তাহার বিস্তার ॥ ২৩১ ॥

এই পরিচ্ছেদে তাহার দিগ্‌দর্শন বর্ণিত মাত্র ঃ—

তবু লিখিবারে নারে তার এক কণ ।
উদ্দেশ করিতে করি দিগ্‌দরশন ॥ ২৩২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৩৩। পাথার—জলবৃদ্ধিরূপ বন্যা।

কৃষ্ণপ্রীতির গাঢ়ত্বের পরিমাণানুসারে কৃষ্ণচৈতন্য-
লীলা-বন্যার স্পর্শ ঃ—

জগৎ ভাসিল চৈতন্যলীলার পাথারে ।
যাঁর যত শক্তি তত পাথারে সাঁতারে ॥ ২৩৩ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২৩৪ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে শ্রীবৃন্দাবনগমনং
নাম সপ্তদশ-পরিচ্ছেদঃ ।

অমৃতপ্রবাহ ভাষ্য

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে সপ্তদশ পরিচ্ছেদ।

অষ্টাদশ পরিচ্ছেদ

কথাসার—আরিট্-গ্রামে রাধাকুণ্ড ও শ্যামকুণ্ড আবিষ্কার-পূর্ব্বক মহাপ্রভু গোবর্দ্ধনে 'হরিদেব' দর্শন করিলেন। গোবর্দ্ধনের উপরে উঠিয়া গোপাল-দর্শন করিবেন না, এইজন্য অন্নকূটগ্রাম হইতে ম্লেচ্ছভয়ের 'ছল' বাহির করিয়া গোপাল গাঠোলী-গ্রামে আসিলেন। তথায় গিয়া মহাপ্রভু তাঁহাকে দর্শন করিয়াছিলেন। ভক্তবর শ্রীরূপগোস্বামীকে কৃপাপূর্ব্বক দর্শন দিবার জন্য গোপাল তাঁহার অনেকদিন পরে মথুরায় বিঠ্‌ঠলেশ্বর মন্দিরে আসিয়া 'একমাস' ছিলেন—এই প্রস্তাব কবিরাজ-গোস্বামী এইস্থলে লিখিয়াছেন। মহাপ্রভু নন্দীশ্বর, পাবন-সরোবর, শেষশায়ী, মেলা-তীর্থ, ভাণ্ডীর-বন, ভদ্রবন, লৌহবন, মহাবন ইত্যাদি দর্শন করিলেন এবং গোকুল দর্শন করিয়া মথুরায় প্রত্যাবর্ত্তন করিলেন। অক্রূরঘাটে বাসা করিয়া প্রতিদিন বৃন্দাবনে গিয়া কালীয়-হ্রদ, দ্বাদশাদিত্য-ঘাট, কেশীঘাট, রাসস্থলী, চীরঘাট, আম্‌লিতলা ইত্যাদি দর্শন করিতে লাগিলেন। কালীয়-হ্রদে রাত্রিতে মৎস্যধারী ধীবরকে 'কৃষ্ণ' ভ্রমে অনেক লোক আসিয়া অন্বেষণ করিতে লাগিল, কিন্তু মহাপ্রভুকে দর্শন করিয়া বিবর্ত্তবুদ্ধি দূর হওয়ায় সকলের কৃষ্ণস্ফূর্ত্তি হইলে প্রভু সন্ন্যাসীর অর্থাৎ জীবের চিৎকণত্ব স্থাপন করিলেন। অক্রূরঘাটে অনেকক্ষণ ডুবিয়া থাকায় বলভদ্র ভট্টাচার্য্য মহাপ্রভুকে ব্রজমণ্ডল হইতে প্রয়াগে লইয়া যাইবার জন্য স্থির করিলেন। 'সোরো-ক্ষেত্রে গঙ্গাস্নান করিয়া প্রয়াগ যাইবেন' এই চিন্তা করিয়া যাত্রা করিলেন। পথিমধ্যে কোন গ্রামে পাঠান ঘোড়সোয়ারগণকে লইয়া আসিতে আসিতে বিজলী-খাঁ প্রভুকে প্রেমাবেশে মূর্চ্ছিত দেখিল। 'তাঁহার সঙ্গিগণ তাঁহাকে ধুতুরা খাওয়াইয়া মারিয়া তাঁহার ধন লইতেছে',—এইকথা বলিয়া সে প্রভুর সঙ্গিগণকে বাঁধিয়া ফেলিল। প্রভুর প্রেমাবেশ-ভঙ্গ হইলে বিজলী-খাঁর দলের জনৈক ম্লেচ্ছাচার্য্যের সহিত কথোপকথন ও শাস্ত্রবিচার হইলে প্রভু 'কোরাণ'-শাস্ত্র হইতেই 'কৃষ্ণভক্তি' স্থাপন করিলেন। বিজলী-খাঁ ও তাঁহার অনুগত সোয়ারগুলি মহাপ্রভুর চরণ আশ্রয় করত 'কৃষ্ণভক্ত' হইলেন। সেইস্থানে এখনও 'পাঠান-বৈষ্ণবের গ্রাম' বলিয়া একটী গ্রাম দেদীপ্যমান। সোরোতে গঙ্গাস্নান করিয়া প্রভু ত্রিবেণীতে পৌঁছিলেন। (অঃ প্রঃ ভাঃ)

বৃন্দাবন-ভ্রমণকারী গৌরসুন্দর ঃ—

বৃন্দাবনে স্থিরচরান্নন্দয়ন্ স্বাবলোকনৈঃ ।
আত্মানঞ্চ তদালোকাদ্‌গৌরাঙ্গঃ পরিতোঽভ্রমৎ ॥ ১ ॥

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। বৃন্দাবনে স্বীয় দর্শন দান করিয়া স্থাবর-জঙ্গমকে আনন্দপ্রদান করত এবং তাহাদিগকে দর্শন করিয়া, স্বয়ং

অনুভাষ্য

১। গৌরাঙ্গঃ বৃন্দাবনে স্বাবলোকনৈঃ (স্বস্য অবলোকনৈঃ চক্ষুর্ভিঃ) স্থিরচরান্ (স্থাবরান্ জঙ্গমাংশ্চ) তদালোকাৎ (স্থাবরা-

আরিট্-গ্রামে আসিয়া বাহ্যদশা-প্রাপ্তি ঃ—

এইমত মহাপ্রভু নাচিতে নাচিতে ।
'আরিট্'-গ্রামে আসি' 'বাহ্য' হৈল আচম্বিতে ॥ ৩ ॥

তথায় রাধাকুণ্ড-বৃত্তান্ত-জিজ্ঞাসা, সকলের তদ্বিষয়ে অজ্ঞতা ঃ—

অরিষ্টে রাধাকুণ্ড-বার্ত্তা পুছে লোক-স্থানে ।
কেহ নাহি কহে, সঙ্গের ব্রাহ্মণ না জানে ॥ ৪ ॥

রাধাভাবদ্যুতিসুবলিত গৌরকর্ত্তৃক অন্তর্হিত শ্রীরাধাকুণ্ডাবিষ্কার ঃ—

তীর্থ 'লুপ্ত' জানি', প্রভু সর্ব্বজ্ঞ ভগবান্ ।
দুই ধান্যক্ষেত্রে অল্পজলে কৈলা স্নান ॥ ৫ ॥
দেখি' সব গ্রাম্য-লোকের বিস্ময় হৈল মন ।
প্রেমে প্রভু করে রাধাকুণ্ডের স্তবন ॥ ৬ ॥

প্রভুকর্ত্তৃক শ্রীরাধাভিন্ন শ্রীরাধাকুণ্ডের মহিমা-স্তব ঃ—

"সব গোপী হৈতে রাধা কৃষ্ণের প্রেয়সী ।
তৈছে রাধাকুণ্ড—প্রিয়, 'প্রিয়ার সরসী' ॥ ৭ ॥

পদ্মপুরাণ-বাক্য ঃ—

যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা ।
সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ॥ ৮ ॥

যেই কুণ্ডে নিত্য কৃষ্ণ রাধিকার সঙ্গে ।
জলে জলকেলি করে, তীরে রাস-রঙ্গে ॥ ৯ ॥
সেই কুণ্ডে যেই একবার করে স্নান ।
তাঁরে রাধা-সম 'প্রেম' কৃষ্ণ করে দান ॥ ১০ ॥
কুণ্ডের 'মাধুরী'—যেন রাধার 'মধুরিমা' ।
কুণ্ডের 'মহিমা'—যেন রাধার 'মহিমা' ॥" ১১ ॥

শ্রীরাধাকুণ্ড-মহিমা-মাধুর্য্য অবর্ণনীয় ঃ—
শ্রীগোবিন্দলীলামৃতে (৭।১০২)—

শ্রীরাধেব হরেস্তদীয়-সরসী প্রেষ্ঠাদ্ভুতৈঃ স্বৈর্গুণৈ-
র্যস্যাং শ্রীযুত-মাধবেন্দুরনিশং প্রীত্যা তয়া ক্রীড়তি ।
প্রেমাস্মিন্ বত রাধিকেব লভতে যস্যাং সকৃৎ স্নানকৃৎ
তস্যা বৈ মহিমা তথা মধুরিমা কেনাস্তু বর্ণ্যঃ ক্ষিতৌ ॥ ১২ ॥

প্রেমাবেশে প্রভুর স্তুতি ঃ—

এইমত স্তুতি করে প্রেমাবিষ্ট হঞা ।
তীরে নৃত্য করে কুণ্ডলীলা স্মরিয়া ॥ ১৩ ॥

কুণ্ডমৃত্তিকায় প্রভুর তিলকরচনা, কিছু সঙ্গে গ্রহণ ঃ—

কুণ্ডের মৃত্তিকা লঞা তিলক করিল ।
ভট্টাচার্য্য-দ্বারা মৃত্তিকা সঙ্গে করি' লৈল ॥ ১৪ ॥

কুসুম-সরোবরে কৃষ্ণাভিন্ন গোবর্দ্ধন-দর্শনে প্রেম ঃ—

তবে চলি' আইলা প্রভু 'সুমনঃ-সরোবর' ।
তাঁহা 'গোবর্দ্ধন' দেখি' হইলা বিহ্বল ॥ ১৫ ॥
গোবর্দ্ধন দেখি' প্রভু হইলা দণ্ডবৎ ।
'এক শিলা' আলিঙ্গিয়া হইলা উন্মত্ত ॥ ১৬ ॥

গোবর্দ্ধন-গ্রামে হরিদেব-দর্শন ঃ—

প্রেমে মত্ত চলি' আইলা গোবর্দ্ধন-গ্রাম ।
'হরিদেব' দেখি' তাঁহা হইলা প্রণাম ॥ ১৭ ॥
'মথুরা'-পদ্মের পশ্চিমদলে যাঁর বাস ।
'হরিদেব' নারায়ণ—আদি পরকাশ ॥ ১৮ ॥
হরিদেব-আগে নাচে প্রেমে মত্ত হঞা ।
সব লোক দেখিতে আইল আশ্চর্য্য শুনিয়া ॥ ১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

আনন্দ লাভ করিয়া গৌরাঙ্গচন্দ্র চতুর্দ্দিকে ভ্রমণ করিতে লাগিলেন।

৩-৫। আরিট্গ্রাম, যথায় অরিষ্টাসুরের বধ হইয়াছিল, তথায় আসিয়া 'রাধাকুণ্ড কোথায়?'—এই কথা জিজ্ঞাসা করিলেন ; কিন্তু কেহই বলিতে পারিল না এবং সঙ্গের ব্রাহ্মণও তাহা জানিত না। তাহাতে সেই তীর্থ 'লুপ্ত' হইয়াছে জানিয়া নিকটস্থ দুই ধান্যক্ষেত্রে যে অল্প অল্প জল ছিল, তাহাতে সর্ব্বজ্ঞ ভগবান্ স্নান করিলেন। অতএব সেই ধান্যক্ষেত্রই যে রাধাকুণ্ড ও শ্যামকুণ্ড, তাহা সূচিত হইল।

অনুভাষ্য

দীনাম্ অবলোকং প্রাপ্য) আত্মানঞ্চ নন্দয়ন্ পরিতঃ (ইতস্ততঃ) অভ্রমৎ।

৩। আরিট্—'অরিষ্ট'-গ্রাম, বর্ত্তমান 'অরিঙ্'।

৮। আদি ৪র্থ পঃ ২১৫ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

১২। সেই রাধাকুণ্ড-সরসী শ্রীরাধার ন্যায় স্বীয় অদ্ভুত গুণে কৃষ্ণের অত্যন্ত প্রিয়। সেই কুণ্ডে শ্রীকৃষ্ণচন্দ্র সর্ব্বদা শ্রীরাধার সহিত ক্রীড়া করেন। সেই কুণ্ডে একবার স্নান করিলে (শ্রীকৃষ্ণে) শ্রীরাধিকার ন্যায় প্রেমলাভ হয় ; অতএব এই জগতে শ্রীরাধা-কুণ্ডের মহিমা ও মধুরিমা কে বর্ণন করিতে পারেন?

১৫। সুমনঃ-সরোবর—কুসুম-সরোবর।

অনুভাষ্য

১২। শ্রীরাধা ইব তদীয়-সরসী (রাধাকুণ্ডং) স্বৈঃ অদ্ভুতৈঃ (অপূর্ব্বৈঃ) গুণৈঃ হরেঃ (কৃষ্ণস্য) প্রেষ্ঠা (পরমপ্রীতিপ্রদা) ;— যস্যাং (সরস্যাং) শ্রীযুতমাধবেন্দুঃ (শ্রীকৃষ্ণচন্দ্রঃ) তয়া (রাধয়া সহ) প্রীত্যা অনিশম্ (অবিরতং) ক্রীড়তি ; বত (অহো ইতি বিস্ময়ার্থে) যস্যাং (সরস্যাং) সকৃৎ (বারমেকং) স্নানকৃৎ (অবগাহনকারী) অস্মিন্ (কৃষ্ণে) রাধিকা ইব প্রেমা লভতে

প্রভুদর্শনে সকলের বিস্ময় ; হরিদেব-সেবকের প্রভুপূজা ঃ—

প্রভু-প্রেম-সৌন্দর্য্য দেখি' লোকে চমৎকার ।
হরিদেবের ভৃত্য প্রভুর করিল সৎকার ॥ ২০ ॥

ব্রহ্মকুণ্ডে বলভদ্রের রন্ধন, প্রভুর স্নানাহার ঃ—

ভট্টাচার্য্য 'ব্রহ্মকুণ্ডে' পাকযাত্রা কৈল ।
ব্রহ্মকুণ্ডে স্নান করি' প্রভু ভিক্ষা কৈল ॥ ২১ ॥

হরিদেব-মন্দিরে রাত্রিযাপন ও গোবর্দ্ধনস্থিত গোপাল-দর্শন-চিন্তা ঃ—

সে রাত্রি রহিলা হরিদেবের মন্দিরে ।
রাত্র্যে মহাপ্রভু করে মনেতে বিচারে ॥ ২২ ॥
'গোবর্দ্ধন-উপরে আমি কভু না চড়িব ।
গোপাল-রায়ের দরশন কেমনে পাইব !!' ২৩ ॥

ম্লেচ্ছভয়-ছলে গোপাল-ঠাকুরের প্রভুকে দর্শন-দান ঃ—

এত মনে করি' প্রভু মৌন করি' রহিলা ।
জানিয়া গোপাল ম্লেচ্ছভয়-ভঙ্গী উঠাইলা ॥ ২৪ ॥

গ্রন্থকার-কৃত শ্লোকঃ ঃ—

অনারুরুক্ষবে শৈলং স্বস্মৈ ভক্তাভিমানিনে ।
অবরুহ্য গিরেঃ কৃষ্ণো গৌরায় স্বমদর্শয়ৎ ॥ ২৫ ॥

ম্লেচ্ছ-দৌরাত্ম্য-জনরব তুলিয়া গোপালের নিম্নে গাঁঠোলি-গ্রামে অবতরণ ঃ—

'অন্নকূট'-নামে গ্রামে গোপালের স্থিতি ।
রাজপুত-লোকের সেই গ্রামে বসতি ॥ ২৬ ॥
একজন আসি' রাত্র্যে গ্রামীকে বলিল ।
"তোমার গ্রাম মারিতে তুরুক-ধারী সাজিল ॥ ২৭ ॥
আজি রাত্র্যে পলাহ, না রহিহ একজন ।
ঠাকুর লঞা ভাগ', আসিবে কালি যবন ॥" ২৮ ॥
শুনিয়া গ্রামের লোক চিন্তিত হইল ।
প্রথমে গোপাল লঞা গাঁঠোলি-গ্রামে থুইল ॥ ২৯ ॥
বিপ্রগৃহে গোপালের নিভৃতে সেবন ।
গ্রাম উজাড় হৈল, পলাইল সর্ব্বজন ॥ ৩০ ॥
ঐছে ম্লেচ্ছভয়ে গোপাল ভাগে বারে বারে ।
মন্দির ছাড়ি' কুঞ্জে রহে, কিবা গ্রামান্তরে ॥ ৩১ ॥

মানসগঙ্গায় স্নানান্তে গোবর্দ্ধন-পরিক্রমা ঃ—

প্রাতঃকালে প্রভু 'মানসগঙ্গা'য় করি' স্নান ।
গোবর্দ্ধন-পরিক্রমায় করিলা প্রয়াণ ॥ ৩২ ॥

গোবর্দ্ধন-দর্শনে প্রেমাবেশ ঃ—

গোবর্দ্ধন দেখি' প্রভু প্রেমাবিষ্ট হঞা ।
নাচিতে নাচিতে চলিলা শ্লোক পড়িয়া ॥ ৩৩ ॥

শ্রীগোবর্দ্ধন-স্তুতি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।২১।১৮)—

হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যো
যদ্রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ ।
মানং তনোতি সহ-গোগণয়োস্তয়োর্যৎ
পানীয়-সুযবস-কন্দর-কন্দমূলৈঃ ॥ ৩৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২১। পাক—অন্নপাক।

২৫। 'গোবর্দ্ধনশৈলে আরোহণ করিব না'—এরূপ প্রতিজ্ঞা-যুক্ত এবং 'আমি কৃষ্ণভক্ত'—এই অভিমানযুক্ত গৌরচন্দ্রকে গোপাল স্বয়ং গোবর্দ্ধন হইতে অবরোহণ করিয়া দর্শন দিলেন।

অনুভাষ্য

তস্যাঃ (রাধা-সরস্যাঃ) মহিমা তথা মধুরিমা চ ক্ষিতৌ (ধরায়াং) কেন (জনেন) বর্ণ্যঃ (বর্ণনীয়ঃ—ন কোঽপি নির্ণেতুং সমর্থঃ)।

২৫। গিরেঃ (গোবর্দ্ধনশৈলস্য) [উচ্চপ্রদেশাৎ] অবরুহ্য (অবতীর্য্য) শৈলং (গোবর্দ্ধনগিরিম্) অনারুরুক্ষবে (আরোঢু-মনিচ্ছবে) ভক্তাভিমানিনে (ভজনীয়বস্ত্বভেদেঽপি আত্মানং সেবকতয়া মন্যমানায়) স্বস্মৈ (আত্মনে) গৌরায় (স্বরূপবিগ্রহায় কৃষ্ণস্বরূপায়) স্বম্ (আত্মানম্) অদর্শয়ৎ (প্রদর্শয়ামাস)।

২৬। ভক্তিরত্নাকরে পঞ্চতরঙ্গে,—"গোপগোপী ভুঞ্জায়েন কৌতুক অপার। এই হেতু 'আনিয়োর' নাম সে ইহার।। অন্নকূট-স্থান এই দেখ, শ্রীনিবাস। এ-স্থান-দর্শনে হয় পূর্ণ অভিলাষ।।" স্তবাবলীতে ব্রজবিলাস-স্তবে—"ব্রজেন্দ্রবর্য্যার্পিত-ভোগমুচ্চৈর্ধৃত্বা বৃহৎকায়মঘারিরুৎকঃ। বরেণ্যাং রাধাং ছলয়ন্ বিভুঙ্ক্তে যত্রান্ন-কূটং তদহং প্রপদ্যে।।"* "কুণ্ডের নিকট দেখ নিবিড়-কানন। এথাই 'গোপাল' ছিলা হঞা সঙ্গোপন।।"

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭। তুরুক—মুসলমান (তুর্কী বা পাঠান) সৈন্যবিশেষ।

৩৪। এই গোবর্দ্ধনপর্ব্বত—বৈষ্ণবপ্রধান, যেহেতু ইনি রাম-কৃষ্ণ-চরণ-স্পর্শানন্দে প্রফুল্ল হইয়া গো এবং গোপগণের সহিত রাধাকৃষ্ণকে পানীয় জল ও খাদ্য—ঘাস-কন্দ-মূলাদি দ্বারা তর্পণ করিতেছেন।

অনুভাষ্য

২৭। গ্রামীকে—গ্রামবাসীকে ; তুরুকধারী—তুর্কী-পরিচ্ছদ-ধারী অশ্বারোহী সৈন্য।

৩৪। ব্রজে শরৎকাল উপস্থিত হইলে শ্রীকৃষ্ণ বনে বনে

** অঘারি শ্রীকৃষ্ণ সর্ব্বোত্তমা শ্রীরাধাকে ছলনাপূর্ব্বক উচ্চ ও বৃহৎ শরীর ধারণ করিয়া উৎসুকবশতঃ ব্রজেন্দ্রবর্য্য শ্রীনন্দমহারাজ-কর্ত্তৃক অর্পিত অন্নকূট-ভোগ যেস্থানে ভোজন করিয়াছেন, আমি সেই স্থানের শরণ গ্রহণ করিতেছি।*

গোবিন্দকুণ্ডে স্নান ও গোপালের অবস্থিতি-সংবাদ-প্রাপ্তি ঃ—

গোবিন্দকুণ্ডাদি'-তীর্থে প্রভু কৈলা স্নানে ।
তাঁহা শুনিলা, গোপাল—গাঁঠোলি-গ্রামে ॥ ৩৫ ॥

গাঁঠোলি-গ্রামে গোপাল-দর্শন ও স্তুতি-নৃত্য ঃ—

সেই গ্রামে গিয়া কৈল গোপাল-দরশন ।
প্রেমাবেশে প্রভু করে কীর্ত্তন-নর্ত্তন ॥ ৩৬ ॥
গোপালের সৌন্দর্য্য দেখি' প্রভুর আবেশ ।
এই শ্লোক পড়ি' নাচে, হৈল দিন-শেষ ॥ ৩৭ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (২।১।৬২)—

বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ ।
ক্রীড়াকন্দুকতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ ॥ ৩৮ ॥

তিনদিন গোপাল-দর্শন ঃ—

এইমত তিনদিন গোপালে দেখিলা ।
চতুর্থ-দিবসে গোপাল স্বমন্দিরে গেলা ॥ ৩৯ ॥

৪র্থ দিনে গিরির উপরিস্থ মন্দিরে গোপালের নৃত্যগীতমুখে গমন ঃ—

গোপাল-সঙ্গে চলি' আইলা নৃত্য-গীত করি ।
আনন্দ-কোলাহলে লোক বলে 'হরি' 'হরি' ॥ ৪০ ॥

প্রভুর গোপালদর্শন-বাঞ্ছা-পূরণ ঃ—

গোপাল মন্দিরে গেলা, প্রভু রহিলা তলে ।
প্রভুর বাঞ্ছা পূর্ণ সব করিল গোপালে ॥ ৪১ ॥

মহাকৃপালু গোপাল-দর্শনে ভক্তের ভাব ঃ—

এইমত গোপালের করুণ স্বভাব ।
সেই ভক্ত জনের দেখিতে হয় 'ভাব' ॥ ৪২ ॥

দয়াময় গোপালের কোন ছলে ভক্তকে দর্শন-দান ঃ—

দেখিতে উৎকণ্ঠা হয়, না চড়ে গোবর্দ্ধনে ।
কোন ছলে গোপাল আসি' উতরে আপনে ॥ ৪৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৮। পুণ্ডরীক-নয়ন শ্রীকৃষ্ণ যে-বামভুজদণ্ডদ্বারা গিরিরাজ গোবর্দ্ধনকে উত্তোলনপূর্ব্বক ক্রীড়া-কন্দুকের ন্যায় তাহাকে ব্যবহার করিয়াছিলেন, সেই বামভুজদণ্ড তোমাদিগকে পালন করুন।

অনুভাষ্য

গোচারণ করিতে করিতে বংশীধ্বনি করিলে গোপীগণ কৃষ্ণ-সঙ্গ-কামাতুরা হইয়া কৃষ্ণের মনোহর গুণাবলী গান করিয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে সম্মুখে অভিন্ন-ব্রজেন্দ্রনন্দন গিরিরাজ গোবর্দ্ধন-দর্শনে গান করিতেছেন,—

হে অবলাঃ (সখ্যঃ), হন্ত (ইতি হর্ষে) অয়ম্ অদ্রিঃ (গোবর্দ্ধনঃ) [ধ্রুবং] হরিদাসবর্য্যঃ (হরিদাসানাং শ্রেষ্ঠঃ),—যৎ (যস্মাৎ) রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ (রামকৃষ্ণয়োঃ চরণস্পর্শেন প্রমোদঃ, তৃণাদ্যুদ্‌গমনিভেন রোমহর্ষদর্শনাৎ, যস্য তাদৃশঃ সন্) ; যৎ (যস্মাৎ চ) পানীয়-সুযবসকন্দরকন্দমূলৈঃ (পানীয়ৈঃ সুযবসৈঃ সুকোমলৈঃ শোভনতৃণৈঃ কন্দরৈঃ কন্দমূলৈশ্চ) [যথোচিতম্ অয়ং] সহগোগণয়োঃ (গোভিঃ গণেন সখিসমূহেন চ সহ বর্ত্তমানয়োঃ) তয়োঃ (রামকৃষ্ণয়োঃ) মানং (সমাদরং) তনোতি (বিদধাতি—অতোঽয়মতিধন্যঃ ইত্যর্থঃ)।

৩৫। গোবিন্দকুণ্ড—পৈঠা-গ্রাম হইতে শ্রীগোবর্দ্ধন-পর্ব্বতের উপর 'আনিয়োর'-গ্রাম। এখানে গোবিন্দ ও বলদেবের মন্দিরদ্বয় এবং 'গোবিন্দকুণ্ড'-নামে পুষ্করিণী আছে ; কাহারও মতে, রাণী পদ্মাবতী এই পুষ্করিণী প্রতিষ্ঠা করেন।

ভক্তিরত্নাকরে পঞ্চম-তরঙ্গে—"এই শ্রীগোবিন্দকুণ্ড-মহিমা অনেক। এথা ইন্দ্র কৈল গোবিন্দের অভিষেক।।" স্তবাবলীতে ব্রজবিলাস-স্তবে—"নীচৈঃ প্রৌঢ়ভয়াৎ স্বয়ং সুরপতি পাদৌ বিধৃত্যেহ যৈঃ, স্বর্গঙ্গাসলিলৈশ্চকার সুরভিদ্বারাভিষেকোৎসবম্। গোবিন্দস্য নবং গবামধিগতা রাজ্যে স্ফুটং কৌতুকাৎ তৈর্যৎ প্রাদুরভূৎ সদা স্ফুরতু তদ্‌গোবিন্দকুণ্ডং দৃশোঃ।।' মথুরা-খণ্ডে—"যত্রাভিষিক্তো ভগবান্ মঘোনা যদুবৈরিণা। গোবিন্দকুণ্ডং তজ্জাতং স্নানমাত্রেণ মোক্ষদম্।।"*

গাঁঠোলী-গ্রাম—গোপালপুর বা বিলছুর সন্নিকটবর্ত্তী গ্রাম। জনশ্রুতি এই যে, এখানে ব্রজ-নবযুবদ্বন্দ্বের প্রণয়গ্রন্থি-বন্ধন হইয়াছিল। ভক্তিরত্নাকরে (৫ম তঃ)—"সখী দুঁহ বস্ত্রে গাঁঠি দিল সঙ্গোপনে। ** ফাগুয়া লৈয়া কেহ গাঁঠি খুলি' দিলা।।" এহেতু এই গ্রামের নাম—'গাঁঠোলী'।"

৩৮। যেন (বামবাহুনা) গোবর্দ্ধনঃ গিরিঃ ক্রীড়াকন্দুকতাং (ক্রীড়া-সামগ্রীত্বং) নীতঃ (প্রাপ্তঃ) তামরসাক্ষস্য (পদ্মলোচনস্য কৃষ্ণস্য) সঃ [প্রসিদ্ধঃ] বামঃ ভুজদণ্ডঃ বঃ (যুষ্মাকং) পাতু (রক্ষতু)।

** শ্রীকৃষ্ণের প্রতি অপরাধহেতু অতিশয় ভীতিবিশতঃ দেবরাজ ইন্দ্র স্বয়ং দীনভাবে গাভীগণের আধিপত্য রাজ্যে অর্থাৎ ব্রজে (আগমন-পূর্ব্বক) গোবিন্দের শ্রীচরণযুগল ধারণ করিয়া সুরভিদ্বারা যে স্বর্গঙ্গা (মন্দাকিনী)-জলে কৌতুকভরে অভিষেক-উৎসব করিয়াছিলেন, সেই জলে প্রকাশিত সেই গোবিন্দকুণ্ড সর্ব্বদা আমার নয়নগোচর হউন (শ্রীব্রজবিলাস-স্তব)। যেস্থলে ভগবান্ শ্রীকৃষ্ণ যদুবৈরি ইন্দ্রকর্ত্তৃক অভিষিক্ত হইয়াছিলেন, সেই অভিষেক-জাত গোবিন্দকুণ্ড স্নানমাত্রেই মোক্ষ দান করিয়া থাকেন (মথুরাখণ্ড)।*

যখন যে-স্থানে থাকেন, তথায় আসিয়া ভক্তের তদ্দর্শনলাভ ঃ—

কভু কুঞ্জে রহে, কভু রহে গ্রামান্তরে ।
যেই ভক্ত, তাঁহা আসি' দেখয়ে তাঁহারে ॥ ৪৪ ॥

শ্রীরূপ-সনাতনকে ঐরূপে কোন ছলে দর্শনদান ঃ—

পর্ব্বতে না চড়ে দুই—রূপ-সনাতন ।
এইরূপে তাঁ-সবারে দিয়াছেন দরশন ॥ ৪৫ ॥

গোপালদর্শন-বাঞ্ছাহেতু শ্রীরূপের গোপাল-দর্শন-বৃত্তান্ত-বর্ণন ঃ—

বৃদ্ধকালে রূপ-গোসাঞি না পারে যাইতে ।
বাঞ্ছা হৈল গোপালের সৌন্দর্য্য দেখিতে ॥ ৪৬ ॥

মথুরায় বল্লভপুত্র বিঠ্‌ঠলেশ্বরগৃহে একমাস অবস্থান ঃ—

ম্লেচ্ছভয়ে আইলা গোপাল মথুরা-নগরে ।
একমাস রহিল বিঠ্‌ঠলেশ্বর-ঘরে ॥ ৪৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৫-৪৭। পরে শ্রীরূপ-সনাতন আসিয়া যখন ব্রজবাস করেন, তখন তাঁহারাও শ্রীগোবর্দ্ধনপর্ব্বতকে সাক্ষাৎ ভগবন্মূর্ত্তি জানিয়া তাঁহার উপর চড়িতেন না। গোপাল যেরূপ শ্রীমন্মহাপ্রভুকে দর্শন দিলেন, তাঁহাদিগকেও তদ্রূপ দর্শন দিয়াছিলেন। বৃদ্ধকালে শ্রীরূপগোস্বামী গোবর্দ্ধনে যাইতে অপারগ হওয়ায় গোপালের সৌন্দর্য্য দেখিতে তাঁহার বাঞ্ছা হইয়াছিল, গোপাল শ্রীরূপ-গোস্বামীকেও কৃপা করিবার আশয়ে ঐরূপ ম্লেচ্ছভয়রূপ 'ছল' উঠাইয়া মথুরানগরে বিঠ্‌ঠলেশ্বরের ঘরে একমাস ছিলেন।

অনুভাষ্য

৪৭। বিঠ্‌ঠলেশ্বর—ভক্তিরত্নাকরে পঞ্চম-তরঙ্গে—'বিঠ্‌ঠলের সেবা কৃষ্ণচৈতন্যবিগ্রহ। তাহার দর্শনে হৈল পরম আগ্রহ।। শ্রীবিঠ্‌ঠলনাথ—ভট্টবল্লভ-তনয়। করিলা যতেক প্রীতি কহিলে না হয়।। গাঁঠোলি-গ্রামে গোপাল আইলা 'ছল' করি'। তাঁরে দেখি' নৃত্যগীতে মগ্ন গৌরহরি।। শ্রীদাসগোস্বামী আদি পরামর্শ করি'। শ্রীবিঠ্‌ঠলেশ্বরে কৈলা সেবা-অধিকারী।। পিতা শ্রীবল্লভ-ভট্ট তাঁর অদর্শনে। কতদিন মথুরায় ছিলেন নির্জ্জনে।।"

শ্রীবল্লভভট্টের দুই পুত্র—জ্যেষ্ঠ 'গোপীনাথ' ১৪৩২ শকাব্দে জন্মগ্রহণ করেন এবং কনিষ্ঠ 'বিঠ্‌ঠলনাথ' ১৪৩৭ শকে জন্মগ্রহণ করিয়া ১৫০৭ শকাব্দায় পরলোক গমন করেন। বিঠ্‌ঠলের সপ্ত পুত্র—গিরিধর, গোবিন্দ, বালকৃষ্ণ, গোকুলেশ, রঘুনাথ, যদুনাথ ও ঘনশ্যাম। বিঠ্‌ঠল পিতার অসমাপ্ত অবশিষ্ট ব্রহ্মসূত্র-ভাষ্য, 'সুবোধিনী'-টিপ্পনী, 'বিদ্বন্মণ্ডন', 'শৃঙ্গাররসমণ্ডন", 'ন্যাসাদেশ-বিবরণ' প্রভৃতি গ্রন্থ রচনা করেন। "পূর্ণ-সপ্ততিবর্ষাণি দিনান্যষ্টৌ চ বিংশতিঃ। বসুধায়াং ব্যরাজন্ত শ্রীমদ্বিঠ্‌ঠল-দীক্ষিতাঃ।।"

শ্রীমহাপ্রভু বল্লভপুত্র বিঠ্‌ঠলের জন্মের পূর্ব্ববর্ষে বা তৎ-পূর্ব্ববর্ষে শ্রীবৃন্দাবনে গমন করেন। শ্রীরূপ-গোস্বামীর বৃদ্ধবয়সে শ্রীগোপাল বল্লভ-তনয় বিঠ্‌ঠলনাথের মথুরার আবাসে একমাস-কাল ছিলেন।

মথুরায় বিঠ্‌ঠলেশ্বর-গৃহে একমাস সপরিকরে শ্রীরূপের গোপাল-দর্শন ঃ—

তবে রূপ-গোসাঞি সব নিজগণ লঞা ।
একমাস দরশন কৈলা মথুরায় রহিয়া ॥ ৪৮ ॥
সঙ্গে গোপাল-ভট্ট, দাস-রঘুনাথ ।
রঘুনাথ-ভট্টগোসাঞি, আর লোকনাথ ॥ ৪৯ ॥
ভূগর্ভ-গোসাঞি, আর শ্রীজীব-গোসাঞি ।
শ্রীযাদব-আচার্য্য, আর গোবিন্দ-গোসাঞি ॥ ৫০ ॥
শ্রীউদ্ধবদাস, আর মাধব, দুইজন ।
শ্রীগোপাল-দাস, আর দাস-নারায়ণ ॥ ৫১ ॥
'গোবিন্দ' ভক্ত, আর বাণী-কৃষ্ণদাস ।
পুণ্ডরীকাক্ষ, ঈশান, আর লঘু-হরিদাস ॥ ৫২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫২। লঘু-হরিদাস—অনেক বৈষ্ণবদিগের নাম 'হরিদাস' থাকিত। এইজন্য 'লঘু', 'মধ্যম' ইত্যাদি 'বিশেষণ' হরিদাস-দিগের নামে অপর বৈষ্ণবগণ প্রয়োগ করিতেন। মহাপ্রভুর সময় যে 'লঘু-হরিদাস' (ছোট-হরিদাস) ছিলেন, তিনি প্রয়াগে দেহ-ত্যাগ করেন ; এই 'লঘু-হরিদাস'—অন্য একজন।

অনুভাষ্য

৪৯। লোকনাথ—শ্রীমহাপ্রভুর নিতান্ত বিরক্ত মহাভাগবত পার্ষদ-গোস্বামী। যশোহরের অন্তর্গত 'তালখড়ি'-গ্রামে পূর্ব্ব-নিবাস ছিল ; তৎপূর্ব্বে কাচনাপাড়ায় নিবাস ছিল। ইঁহার পিতার নাম—পদ্মনাভ ; একমাত্র অনুজ—'প্রগল্‌ভ'। প্রভুর আজ্ঞায় ইনি ব্রজবাস করিয়া ভজন করেন এবং একমাত্র শ্রীনরোত্তম-ঠাকুর মহাশয়কে দীক্ষা প্রদান করেন। বোধ হয়, অতিদৈন্য-বশতঃ নিজ-চরিত্র-বর্ণন করিতে নিষেধ করিয়া থাকিবেন, তজ্জন্য তাঁহার চরিত্র চরিতামৃতে বিশেষভাবে উল্লিখিত হয় নাই। ই, বি, আর, লাইনে 'যশোহর' ষ্টেশন, তথা হইতে মোটরে সোনাখালি, তথা হইতে খেজুরা, তথা হইতে পদব্রজে এবং বর্ষাকালে নৌকাপথে 'তালখড়ি' যাইতে হয়। ইঁহার সহোদর-ভ্রাতৃবংশ্যগণ "তালখড়ির ভট্টাচার্য্য"-নামে সামাজিক পদ-মর্য্যাদায় বিশেষ সম্মানিত। ভ্রাতৃবংশ-বিবরণ—বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি ৪র্থ সংখ্যায় দ্রষ্টব্য।

৪৯-৫২। ভক্তিরত্নাকরে ষষ্ঠ তরঙ্গে—"গোস্বামী গোপাল-ভট্ট অতি দয়াময়। ভূগর্ভ, শ্রীলোকনাথ—গুণের আলয়।। শ্রীমাধব, শ্রীপরমানন্দ-ভট্টাচার্য্য। শ্রীমধু-পণ্ডিত—যাঁর চরিত্র

এই সব মুখ্যভক্ত লঞা নিজ-সঙ্গে ।
শ্রীগোপাল দরশন কৈলা বহু-রঙ্গে ॥ ৫৩ ॥

মাসান্তে গোপালের সহিত শ্রীরূপের স্ব-স্ব-স্থানে প্রত্যাবর্ত্তন ঃ—

একমাস রহি' গোপাল গেলা নিজ-স্থানে ।
শ্রীরূপ-গোসাঞি আইলা শ্রীবৃন্দাবনে ॥ ৫৪ ॥

মহাপ্রভুর কাম্যবনে আগমন ঃ—

প্রস্তাবে কহিলুঁ গোপাল-কৃপার আখ্যান ।
তবে মহাপ্রভু গেলা 'শ্রীকাম্যবন' ॥ ৫৫ ॥

বৃন্দাবনে সব লীলাস্থল-দর্শন ঃ—

প্রভুর গমন-রীতি পূর্ব্বে যে লিখিল ।
সেইমত বৃন্দাবনে তাবৎ দেখিল ॥ ৫৬ ॥

বৃন্দাবন হইতে নন্দীশ্বরে নন্দালয়-দর্শন ও প্রেমবিহ্বলতা ঃ—

তাঁহা লীলাস্থলী দেখি' গেলা 'নন্দীশ্বর' ।
'নন্দীশ্বর' দেখি' প্রেমে হইলা বিহ্বল ॥ ৫৭ ॥

পাবন-সরোবরে স্নান, বিগ্রহ-সম্বন্ধে জিজ্ঞাসা ঃ—

'পাবনাদি' সব কুণ্ডে স্নান করিয়া ।
লোকেরে পুছিল, পর্ব্বত-উপরে যাঞা ॥ ৫৮ ॥

লোকের নিকট গোফাস্থ নন্দ, যশোদা ও কৃষ্ণমূর্ত্তির অবস্থান-বার্ত্তা-শ্রবণ ঃ—

"কিছু দেবমূর্ত্তি হয় পর্ব্বত-উপরে?"
লোক কহে,—"মূর্ত্তি হয় গোফার ভিতরে ॥ ৫৯ ॥
দুইদিকে মাতা-পিতা পুষ্ট-কলেবর ।
মধ্যে এক শিশু' হয় ত্রিভঙ্গসুন্দর ॥" ৬০ ॥
শুনি' মহাপ্রভু মনে আনন্দ পাঞা ।
'তিন' মূর্ত্তি দেখিলা সেই গোফা উঘাড়িয়া ॥ ৬১ ॥

প্রভুর নন্দ-যশোদা-বন্দন ও কৃষ্ণস্পর্শন ঃ—

ব্রজেন্দ্র-ব্রজেশ্বরীর কৈল চরণ বন্দন ।
প্রেমাবেশে কৃষ্ণের কৈল সর্ব্বাঙ্গ-স্পর্শন ॥ ৬২ ॥

সমস্তদিন নৃত্য-গীতান্তে খদিরবনে আগমন ঃ—

সব দিন প্রেমাবেশে নৃত্য-গীত কৈলা ।
তাঁহা হৈতে মহাপ্রভু 'খদির-বন' আইলা ॥ ৬৩ ॥

শেষশায়ী কৃষ্ণ ও লক্ষ্মী-দর্শন ঃ—

লীলাস্থল দেখি' তাঁহা গেলা 'শেষশায়ী' ।
'লক্ষ্মী' দেখি' এই শ্লোক পড়েন গোসাঞি ॥ ৬৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৩১।১৯)—

যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু
ভীতাঃ শনৈঃ প্রিয় দধীমহি কর্কশেষু ।
তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিংস্বিৎ
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ ॥ ৬৫ ॥

খেলাতীর্থ, ভাণ্ডীরবন ও ভদ্রবনে আগমন ঃ—

তবে 'খেলা-তীর্থ' দেখি' 'ভাণ্ডীরবন' আইলা ।
যমুনা পার হঞা 'ভদ্রবন' গেলা ॥ ৬৬ ॥

অনুভাষ্য

আশ্চর্য্য।। প্রেমী কৃষ্ণদাস, কৃষ্ণদাস ব্রহ্মচারী। যাদব আচার্য্য, নারায়ণ কৃপাবান্। শ্রীপুণ্ডরীকাক্ষ-গোসাঞি, গোবিন্দ, ঈশান।। শ্রীগোবিন্দ, বাণীকৃষ্ণদাস অত্যুদার। শ্রীউদ্ধব—মধ্যে মধ্যে গৌড়ে গতি যাঁর।। দ্বিজ-হরিদাস, কৃষ্ণদাস কবিরাজ।। শ্রীগোপালদাস যাঁর অলৌকিক কায।। শ্রীগোপাল, মাধবাদি যতেক বৈষ্ণব।"

৫৫। কাম্যবন—আদি-বারাহে—"চতুর্থং কাম্যকবনং বনানাং বনমুত্তমম্। তত্র গত্বা নরো দেবি মম লোকে মহীয়তে।।" ভক্তিরত্নাকরে পঞ্চম তরঙ্গে—"এই কাম্যবনে কৃষ্ণলীলা মনোহর। করিবে দর্শন স্থান কুণ্ড বহুতর।। কাম্যবনে যত তীর্থ লেখা নাহি তার।।"

৫৭। নন্দীশ্বর—নন্দালয় ; ভঃ রঃ ৫ম তঃ—"দেখ নন্দীশ্বর চতুর্দ্দিকে কুণ্ডবন। কৃষ্ণবিলাসের স্থান ভুবনপাবন।।"

৫৮-৬২। পাবন-সরোবর—মথুরা-মাহাত্ম্যে—"পাবনে সরসি স্নাত্বা কৃষ্ণং নন্দীশ্বরে গিরৌ। দৃষ্ট্বা নন্দং যশোদাঞ্চ সর্ব্বাভীষ্টমবাপ্নুয়াৎ।।"* (ভঃ রঃ ঐ) "এ পাবন সরোবর কৃষ্ণপ্রিয় অতি।।" ভঃ রঃ ৫ম তঃ—"পর্ব্বত-উপরে দেখ পুত্রের সহিতে। শ্রীনন্দযশোদা শোভে অপূর্ব্ব-গোফাতে।। ওহে শ্রীনিবাস, এথা শ্রীচৈতন্যরায়। করিতে দর্শন গিয়া প্রবেশে গোফায়।। শ্রীনন্দ-যশোদা—দুইদিকে দুইজন। মধ্যে কৃষ্ণচন্দ্রে দেখি' প্রফুল্ল নয়ন।। শ্রীনন্দ-যশোদার চরণ বন্দিয়া। কৃষ্ণের সর্ব্বাঙ্গ স্পর্শে উল্লসিত হঞা।। প্রেমের আবেশে নৃত্য-গীত আরম্ভিল।।"

৬৩। খদিরবন—"সপ্তমন্তু বনং ভূমৌ খদিরং লোক-বিশ্রুতম্।।" ভঃ রঃ ৫ম তঃ—"দেখহ খদির বন বিদিত জগতে। বিষ্ণু-লোকপ্রাপ্তি এথা গমন-মাত্রেতে।।"

৬৪। শেষশায়ী—ভঃ রঃ ৫ম তঃ—এই 'শেষশায়ী' ক্ষীরসমুদ্র এথাতে। কৌতুকে শুইলা কৃষ্ণ অনন্তশয্যাতে।। এই শেষশায়ি-মূর্ত্তি দর্শন করিতে। শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র আইলা এথাতে।। করিয়া দর্শন, মহাকৌতুক বাড়িল। সে-প্রেমাবেশে প্রভু অধৈর্য্য হইল।।"

৬৫। আদি, ৪র্থ পঃ ১৭৩ সংখ্যা দ্রষ্টব্য।

৬৬। খেলাতীর্থ—ভঃ রঃ ৫ম তরঙ্গে—"দেখহ খেলনবন, এথা দুই ভাই। সখাসহ খেলে ভক্ষণের চেষ্টা নাই।। মায়ের

** পাবন-সরোবরে স্নান করিয়া নন্দীশ্বর পর্ব্বতে (বিরাজমান্) শ্রীকৃষ্ণ, শ্রীনন্দমহারাজ ও শ্রীযশোমতী মাতাকে দর্শন করিলে সর্ব্বাভীষ্ট লাভ হয়।*

শ্রীবন, লোহবন ও কৃষ্ণজন্মভূমি গোকুল দর্শন ঃ—

'শ্রীবন' দেখি' পুনঃ গেলা 'লোহ-বন'।
'মহাবন' গিয়া কৈলা জন্মস্থান-দরশন ॥ ৬৭ ॥

যমলার্জ্জুন-ভঞ্জনস্থল-দর্শনে প্রেমাবেশ ঃ—

যমলার্জ্জুনভঙ্গাদি দেখিল সেই 'স্থল'।
প্রেমাবেশে প্রভুর মন হৈল টলমল ॥ ৬৮ ॥

অতঃপর মথুরায় যোগপীঠ-দর্শন ও মাধবপুরী-শিষ্যগৃহে অবস্থান ঃ—

'গোকুল' দেখিয়া আইলা 'মথুরা'-নগরে।
'জন্মস্থান' দেখি' রহে সেই বিপ্র-ঘরে ॥ ৬৯ ॥

জনসঙ্ঘহেতু তথা হইতে অক্রূরতীর্থে অবস্থান ঃ—

লোকের সংঘট্ট দেখি' মথুরা ছাড়িয়া।
একান্তে 'অক্রূর-তীর্থে' রহিলা আসিয়া ॥ ৭০ ॥

বৃন্দাবন-দর্শনে আগমন এবং কালীয়হ্রদ ও প্রস্কন্দন-ক্ষেত্রে স্নান ঃ—

আর দিন আইলা প্রভু দেখিতে বৃন্দাবন।
'কালীয়-হ্রদে' স্নান কৈলা আর প্রস্কন্দন ॥ ৭১ ॥

দ্বাদশাদিত্য হইতে কেশীতীর্থে রাসস্থলী-দর্শনে মূর্চ্ছা ঃ—

'দ্বাদশ-আদিত্য' হৈতে 'কেশীতীর্থে' আইলা।
রাসস্থলী দেখি' প্রেমে মূর্চ্ছিত হইলা ॥ ৭২ ॥

সমস্তদিন প্রেমাবিষ্ট প্রভুর বাতুল-চেষ্টা ঃ—

চেতন পাঞা পুনঃ গড়াগড়ি যায়।
হাসে, কান্দে, নাচে, পড়ে, উচ্চৈঃস্বরে গায় ॥ ৭৩ ॥

তথা হইতে সন্ধ্যায় অক্রূর-তীর্থে আসিয়া ভোজন ঃ—

এইরঙ্গে সেইদিন তথা গোঙাইলা।
সন্ধ্যাকালে 'অক্রূরে আসি' ভিক্ষা নির্ব্বাহিলা ॥ ৭৪ ॥

অনুভাষ্য

যত্নেতে ভুঞ্জে কৃষ্ণ-বলরাম। এ খেলনবটের শ্রীখেলাতীর্থ নাম।।"

ভাণ্ডীরবন—ভঃ রঃ ৫ম তঃ—"চলয়ে ভাণ্ডীর-পথে উল্লাস অন্তরে। এবে লোক কহয় 'অক্ষয়বট' তারে।। বলরাম কৌতুকে প্রলম্ববধ কৈলা। সখাসহ ভাণ্ডীরে কৃষ্ণের নানা লীলা।।" স্তবাবলীতে ব্রজবিলাস-স্তবে—'মল্লীকৃত্য নিজাঃ সখীঃ প্রিয়তমাগর্ব্বেণ সম্ভাবিতা মল্লীভূয় মদীশ্বরী রসময়ী মল্লত্বমুৎকণ্ঠয়া। যস্মিন্ সম্যগুপেয়ুষা বকভিদা রাধানিযোদ্ধুং মুদা কুর্ব্বাণা মদনস্য তোষমতনোত্তাণ্ডীরকং তং ভজে।।"*

ভদ্রবন—"অস্তি ভদ্রবনং নাম ষষ্ঠঞ্চ বনমুত্তমম্।" (ভঃ রঃ ঐ)—"কৃষ্ণপ্রিয় হয় ভদ্রবন-গমনেতে।"

৬৭। শ্রীবন,—"বনং বিল্ববনং নাম দশমং দেবপূজিতম্।" (ভঃ রঃ ঐ) "দেবতা-পূজিত বিল্ববন শোভাময়।"

লোহবন—"লোহজঙ্ঘ-বনং নাম লোহজঙ্ঘেন রক্ষিতম্। নবমস্তু বনং দেবি সর্ব্বপাতকনাশনম্।।" (ভঃ রঃ ৫ম তঃ)—"লোহবনে কৃষ্ণের অদ্ভুত গো-চারণ। এথা লোহজঙ্ঘাসুরে বধে ভগবান্।।"

মহাবন—"মহাবনং চাষ্টমস্তু সদৈব তু মম প্রিয়ম্।" (ভঃ রঃ ৫ম তঃ)—"দেখ, নন্দ-যশোদা-আলয় মহাবনে। ** এই দেখ শ্রীকৃষ্ণচন্দ্রের জন্মস্থল। ** শ্রীগোকুল, মহাবন—দুই 'এক' হয়।।"

৬৮। যমলার্জ্জুন—"যমলার্জ্জুনতীর্থঞ্চ কুণ্ডং তত্র চ বর্ত্ততে।" (ভঃ রঃ ৫ম তঃ)—"এই যমলার্জ্জুন-ভঞ্জন তীর্থস্থল। এথা উদূখলে কৃষ্ণে যশোদা বাঁধিলা। বন্ধন-স্বীকার কৃষ্ণ কৌতুকে করিলা।।"

৭০। অক্রূরতীর্থ—"অক্রূরতীর্থমত্যর্থমস্তি প্রিয়বরং হরেঃ। তীর্থরাজঃ হি চাক্রূরং গুহ্যানাং গুহ্যমুত্তমম্।।" (ভঃ রঃ ৫ম তঃ)—"দেখ, শ্রীনিবাস, এই অক্রূর গ্রামেতে। শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভু ছিলেন নিভৃতে।।"

৭১। বৃন্দাবন—"অহো বৃন্দাবনং রম্যং যত্র গোবর্দ্ধনো গিরিঃ।" "বৃন্দাবনং দ্বাদশমং বৃন্দয়া পরিরক্ষিতম্।।" (ভঃ রঃ ৫ম তঃ)—"কৃষ্ণের পরমপ্রিয় ধাম-বৃন্দাবন। কৃষ্ণদেহরূপ 'পঞ্চ-যোজন' এই বন। * * বৃন্দাবন—ষোলক্রোশ, লোকে ইহা প্রচার।।"

কালীয়হ্রদ—"কালীয়হ্রদপূর্ব্বেণ কদম্বো মহিতো দ্রুমঃ। ততঃ কালীয়তীর্থাখ্যং তীর্থমঘবিনাশনম্।। অনৃত্যদ্‌যত্র ভগবান্ বালঃ কালীয়-মস্তকে।।" (ভঃ রঃ ৫ম তঃ)—"এ কালীয়-তীর্থ পাপ বিনাশয়। কালীয়-তীর্থস্থানে বহু কার্য্যসিদ্ধি হয়।।"

প্রস্কন্দন—"ক্ষেত্রং প্রস্কন্দনং নাম সর্ব্বপাপহরং শুভম্। তস্মিন্ স্নাতস্তু মনুজঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।।" (ভঃ রঃ ৫ম তঃ)—"দেখ 'প্রস্কন্দন'-ক্ষেত্র—স্নানে পাপ যায়। প্রাণত্যাগ হইলেই বিষ্ণুলোক পায়।। ওহে শ্রীনিবাস, সূর্য্যগণের তাপেতে। দূরে গেল শীত, ঘর্ম্ম হইল দেহেতে।। সেই ঘর্ম্মজল সূর্য্যকন্যায় মিলিল। এই হেতু 'প্রস্কন্দন'-নাম তীর্থ হৈল।। শ্রীকৃষ্ণচৈতন্যাভিন্ন শ্রীঅদ্বৈত ঈশ্বর। কতদিন ছিলা এই বনের ভিতর।।"

৭২। দ্বাদশ-আদিত্য—"দ্বাদশাদিত্য-তীর্থাখ্যং তীর্থং

* *আমার অধীশ্বরী রসময়ী শ্রীরাধা গর্ব্বান্বিতা হইয়া মল্লযুদ্ধের জন্য উৎকণ্ঠা-সহকারে স্বয়ং মল্লবেশে সজ্জিতা হইয়া এবং নিজ প্রিয়তমা সখীগণকে মল্লবেশে সজ্জিত করিয়া যেস্থানে সমুপস্থিত বকারি শ্রীকৃষ্ণের সহিত আনন্দভরে মল্লযুদ্ধ করিয়া মদনের আনন্দবর্দ্ধন করিয়াছিলেন, আমি সেই 'ভাণ্ডীরক'-বনকে ভজনা করি।*

প্রাতে চীরঘাটে স্নান, তেঁতুলতলায় বিশ্রাম ঃ—

প্রাতে বৃন্দাবনে কৈলা 'চীরঘাটে' স্নান ।
তেঁতুলি-তলাতে আসি' করিলা বিশ্রাম ॥ ৭৫ ॥

দ্বাপরযুগের তেঁতুলবৃক্ষ ঃ—

কৃষ্ণলীলা-কালের সেই বৃক্ষ পুরাতন ।
তার তলে পিঁড়ি-বান্ধা পরম-চিক্কণ ॥ ৭৬ ॥

তৎসমীপেই যমুনা-প্রবাহ ঃ—

নিকটে যমুনা বহে শীতল সমীর ।
বৃন্দাবন-শোভা দেখে যমুনার নীর ॥ ৭৭ ॥

তেঁতুলবৃক্ষতলে বসিয়া প্রভুর নামসঙ্কীর্ত্তন, মধ্যাহ্নে অক্রূরতীর্থে আসিয়া ভোজন ঃ—

তেঁতুল-তলে বসি' করেন নাম-সঙ্কীর্ত্তন ।
মধ্যাহ্ন করি' আসি' করে 'অক্রূরে' ভোজন ॥ ৭৮ ॥

অক্রূরতীর্থবাসীর প্রভুদর্শনে আগমন ও প্রভুর নির্জ্জন-ভজনে সংখ্যা নাম-কীর্ত্তন-ব্যাঘাত ঃ—

'অক্রূরের লোক আইসে প্রভুরে দেখিতে ।
লোক-ভিড়ে স্বচ্ছন্দে নারে 'কীর্ত্তন' করিতে ॥ ৭৯ ॥

প্রভুর মধ্যাহ্ন পর্য্যন্ত নির্জ্জনে সংখ্যা-নামকীর্ত্তন ঃ—

বৃন্দাবনে আসি' প্রভু বসিয়া একান্ত ।
নামসঙ্কীর্ত্তন করে মধ্যাহ্ন-পর্য্যন্ত ॥ ৮০ ॥

মধ্যাহ্নের পর লোকের প্রভুদর্শন-সুযোগ ও প্রভুর সকলকে নামকীর্ত্তনোপদেশ ঃ—

তৃতীয়-প্রহরে লোক পায় দরশন ।
সবারে উপদেশ করে 'নামসঙ্কীর্ত্তন' ॥ ৮১ ॥

তথায় প্রভুকে দেখিয়া রাজপুত-কৃষ্ণদাসের আগমন ঃ—

হেনকালে আইল বৈষ্ণব 'কৃষ্ণদাস' নাম ।
রাজপুত-জাতি, গৃহস্থ, যমুনা-পারে গ্রাম ॥ ৮২ ॥
'কেশী' স্নান করি' সেই 'কালীয়দহ' যাইতে ।
আম্‌লি-তলায় গোসাঞিরে দেখে আচম্বিতে ॥ ৮৩ ॥

প্রভুদর্শনে কৃষ্ণদাসের চমৎকার ঃ—

প্রভুর রূপ-প্রেম দেখি' হইল চমৎকার ।
প্রেমাবেশে প্রভুরে করেন নমস্কার ॥ ৮৪ ॥

প্রভুর তৎপরিচয়-জিজ্ঞাসা ও কৃষ্ণদাসের সদৈন্যে নিজ-পরিচয়-দান ঃ—

প্রভু কহে,—"কে তুমি, কাঁহা তোমার ঘর?"
কৃষ্ণদাস কহে,—"মুঞি গৃহস্থ পামর ॥ ৮৫ ॥
রাজপুত-জাতি মুঞি, ও-পারে মোর ঘর ।
মোর ইচ্ছা হয়,—হঙ বৈষ্ণব-কিঙ্কর ॥ ৮৬ ॥

প্রভুদর্শনে স্বীয় স্বপ্ন-দর্শন-সাফল্য-বর্ণন ঃ—

কিন্তু আজি এক মুঞি 'স্বপ্ন' দেখিনু ।
সেই স্বপ্ন পরতেক তোমা আসি' পাইনু ॥" ৮৭ ॥

প্রভুর তাঁহাকে কৃপা, কৃষ্ণদাসের প্রেম ঃ—

প্রভু তাঁরে কৃপা কৈলা আলিঙ্গন করি' ।
প্রেমে মত্ত হৈল সেই, নাচে, বলে 'হরি' ॥ ৮৮ ॥

প্রভুসঙ্গে আসিয়া প্রভূচ্ছিষ্টলাভ ঃ—

প্রভু-সঙ্গে মধ্যাহ্নে অক্রূর-তীর্থে আইলা ।
প্রভুর অবশিষ্ট পাত্র-প্রসাদ পাইলা ॥ ৮৯ ॥

তদবধি কৃষ্ণদাস—প্রভুর কমণ্ডলু-বাহক ও নিত্যসঙ্গী ঃ—

প্রাতে প্রভুসঙ্গে আইলা জলপাত্র লঞা ।
প্রভু-সঙ্গে রহে গৃহ-স্ত্রী-পুত্র ছাড়িয়া ॥ ৯০ ॥

বৃন্দাবনে কৃষ্ণপ্রাকট্যের জনরব ঃ—

বৃন্দাবনে পুনঃ 'কৃষ্ণ' প্রকট হইল ।
যাঁহা তাঁহা লোক সব কহিতে লাগিল ॥ ৯১ ॥

একদিন বৃন্দাবন হইতে বহুলোকের প্রভুসমীপে আগমন ঃ—

একদিন অক্রূরেতে লোক প্রাতঃকালে ।
বৃন্দাবন হৈতে আইসে করি' কোলাহলে ॥ ৯২ ॥

প্রভুকর্ত্তৃক তাহাদিগের আগমন-কারণ-জিজ্ঞাসা ঃ—

প্রভু দেখি' করিল লোক চরণ বন্দন ।
প্রভু কহে,—"কাঁহা হৈতে করিলা আগমন??" ৯৩ ॥

কৃষ্ণপ্রাকট্য-জনরব ; মূঢ়লোকের বিবর্ত্ত-ভ্রম ঃ—

লোকে কহে,—"কৃষ্ণ প্রকট কালীয়দহের জলে!
কালীয়-শিরে নৃত্য করে, ফণি-রত্ন জ্বলে ॥" ৯৪ ॥

প্রভুদর্শনই কৃষ্ণদর্শন ; তথাপি প্রভুর কৌতুক-হাস্য ঃ—

সাক্ষাৎ দেখিল লোক—নাহিক সংশয় ।
শুনি' হাসি' কহে প্রভু,—সব 'সত্য' হয় ॥ ৯৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৫। তেঁতুলি-তলাতে—এইস্থানকে এক্ষণে 'আম্‌লিতলা' বলে।

অনুভাষ্য

তদনুপাবনম্। তস্য দর্শনমাত্রেণ নৃণামঘো বিনশ্যতি।।" (ভঃ রঃ ঐ)—"দেখহ দ্বাদশাদিত্য তীর্থ এইখানে।।"

অনুভাষ্য

কেশীতীর্থ,—আদি-বারাহে—"গঙ্গা শতগুণং পুণ্যং যত্র কেশী নিপাতিতঃ।" (ভঃ রঃ ঐ)—"কেশীবধ কৈল কৃষ্ণ পরম-কৌতুকে।।"

৮৭। পরতেক—'প্রত্যক্ষ', 'সাক্ষাৎ'।

তিনদিন যাবৎ সকলের কৃষ্ণদর্শনলাভ বর্ণন ঃ—

এইমত তিন রাত্রি লোকের গমন ।
সবে আসি' কহে,—'কৃষ্ণ পাইলুঁ দরশন ॥' ৯৬ ॥

সরস্বতীকর্ত্তৃক ঐ বাক্যের সত্যতা-স্থাপন ঃ—

প্রভু-আগে কহে লোক,—'শ্রীকৃষ্ণ দেখিল ।'
'সরস্বতী' এই বাক্যে 'সত্য' কহইল ॥ ৯৭ ॥

প্রভুদর্শনেই লোকের কৃষ্ণদর্শন 'সত্য' হইলেও প্রকৃতপক্ষে তাহাদের বর্ণন ও উদ্দেশ্য—বিবর্ত্তাশ্রিত ঃ—

মহাপ্রভু দেখি' 'সত্য' কৃষ্ণ-দরশন ।
নিজ-জ্ঞানে সত্য ছাড়ি' 'অসত্যে সত্য ভ্রম' ॥ ৯৮ ॥

সরলবুদ্ধি ভট্টের বিবর্ত্ত-ভ্রম ঃ—

ভট্টাচার্য্য তবে কহে প্রভুর চরণে ।
"আজ্ঞা দেহ', যাই' করি কৃষ্ণ-দরশনে!!" ৯৯ ॥

প্রভুকর্ত্তৃক তাঁহার ভ্রম-নিরসন ঃ—

তবে তাঁরে কহে প্রভু চাপড় মারিয়া ।
"মূর্খের বাক্যে 'মূর্খ' হৈলা পণ্ডিত হঞা ॥ ১০০ ॥

স্বয়ং কৃষ্ণ হইয়াও ভট্টকে আত্মগোপন, অথচ সরলবুদ্ধি ভট্টকে বিবর্ত্ত-কবল হইতে উদ্ধার ঃ—

কৃষ্ণ কেনে দরশন দিবেন কলিকালে?
নিজ-ভ্রমে মূর্খ লোক করে কোলাহলে ॥ ১০১ ॥

মায়া-মুগ্ধ অচিতে চিদ্বুদ্ধি বা চিদারোপকারী মূর্খ বিবর্ত্তবাদীই 'বাউল' ঃ—

'বাতুল' না হইও, ঘরে রহত বসিয়া ।
'কৃষ্ণ' দরশন করিহ কালি রাত্র্যে যাঞা ॥" ১০২ ॥

প্রাতে সমাগত শিষ্ট লোককে কৃষ্ণদর্শনকথা-জিজ্ঞাসা ঃ—

প্রাতঃকালে ভব্য-লোক প্রভু-স্থানে আইলা ।
"কৃষ্ণ দেখি' আইলা?"—প্রভু তাঁহারে পুছিলা ॥১০৩॥

সেই লোকের প্রকৃত-তথ্য-বর্ণন ঃ—

লোক কহে,—"রাত্র্যে কৈবর্ত্ত্য নৌকাতে চড়িয়া ।
কালীয়দহে মৎস্য মারে, দেউটী জ্বালিয়া ॥ ১০৪ ॥

দূর হৈতে তাহা দেখি' লোকের হয় ভ্রম ।
'কালীয়ের শরীরে কৃষ্ণ করিছে নর্ত্তন ॥' ১০৫ ॥

মূঢ়লোকের বিবর্ত্ত-বুদ্ধি ঃ—

নৌকাতে কালীয়-জ্ঞান, দীপে রত্ন-জ্ঞানে!
জালিয়ারে মূঢ়-লোক 'কৃষ্ণ' করি' মানে!!" ১০৬ ॥

পক্ষান্তরে জনরবের ও লোকের কৃষ্ণদর্শন-ক্রিয়ারও সত্যতা ঃ—

বৃন্দাবনে 'কৃষ্ণ' আইলা,—সেহ 'সত্য' হয় ।
কৃষ্ণেরে দেখিল লোক,—ইহা 'মিথ্যা' নয় ॥ ১০৭ ॥

কিন্তু প্রকৃতপক্ষে প্রতীতি-বৈষম্যেই বিবর্ত্ত-ভ্রমোদয় ঃ—

কিন্তু কাহোঁ 'কৃষ্ণ' দেখে, কাহোঁ 'ভ্রম' মানে ।
স্থাণু-পুরুষে যৈছে বিপরীত-জ্ঞানে ॥ ১০৮ ॥

প্রভুর কৃষ্ণদর্শন-প্রাপ্তি-সংবাদ-জিজ্ঞাসা, প্রভুদর্শনে লব্ধসুকৃতি লোকের নারায়ণ-বুদ্ধি ঃ—

প্রভু কহে,—"কাঁহা পাইলা 'কৃষ্ণ-দরশন?' '
লোক কহে,—"সন্ন্যাসী তুমি জঙ্গম-নারায়ণ ॥ ১০৯ ॥
বৃন্দাবনে হইলা তুমি কৃষ্ণ-অবতার ।
তোমা দেখি' সর্ব্বলোক হইলা নিস্তার ॥" ১১০ ॥

প্রভুর লোকশিক্ষা,—জীব 'কৃষ্ণ' নহে, সুতরাং জীবে কৃষ্ণবুদ্ধি নিষিদ্ধ ঃ—

প্রভু কহে,—" 'বিষ্ণু' 'বিষ্ণু' ইহা না কহিবা!
জীবাধমে 'কৃষ্ণ'-জ্ঞান কভু না করিবা!! ১১১ ॥

জীবে ও কৃষ্ণে ভেদ-বর্ণন ঃ—

সন্ন্যাসী—চিৎকণ জীব, কিরণ-কণ-সম ।
ষড়ৈশ্বর্য্যপূর্ণ কৃষ্ণ হয় সূর্য্যোপম ॥ ১১২ ॥
জীব, ঈশ্বর-তত্ত্ব—কভু নহে 'সম' ।
জ্বলদগ্নিরাশি যৈছে স্ফুলিঙ্গের 'কণ' ॥ ১১৩ ॥

কৃষ্ণ—'ঈশ্বর', জীব—তদীয় 'বশ্য' ঃ—
ভগবৎসন্দর্ভে ধৃত সর্ব্বজ্ঞসূক্ত-বাক্য বা ভাঃ ১।৭।৬ শ্লোকের টীকায় শ্রীধরস্বামীর উদ্ধৃত শ্রীবিষ্ণুস্বামি-বাক্য—

হ্লাদিন্যা সংবিদাশ্লিষ্টঃ সচ্চিদানন্দ ঈশ্বরঃ ।
স্বাবিদ্যা-সংবৃতো জীবঃ সংক্লেশনিকরাকরঃ ॥ ১১৪ ॥

অনুভাষ্য

১০৯। জঙ্গম-নারায়ণ,—চলচ্ছক্তিবিশিষ্ট নারায়ণ ; "দণ্ড-গ্রহণ-মাত্রেণ নরো নারায়ণো ভবেৎ"—দণ্ডিগণকে কেবলাদ্বৈত-মায়াবাদিগণ 'ওঁ নমো নারায়ণায়" বলিয়া সম্ভাষণ করেন। কিন্তু জীব,—মুক্ত ও বদ্ধ, সর্ব্বাবস্থাতেই—মায়াধীশ পরমেশ্বর নারায়ণের 'নিত্যবশ্য' বলিয়া কখনও নারায়ণ-শব্দ-বাচ্য হইতে পারেন না ; যিনি জীবকে বিষ্ণুর সহিত সমান বা এক বলেন বা জ্ঞান করেন, তিনি—মায়াবাদী অপরাধী।

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৬-১০৮। স্থাণু—পল্লব রহিত বৃক্ষ ; কিছু দূরে পল্লবহীন বৃক্ষকে দেখিয়া 'একটী পুরুষ আসিতেছে' বলিয়া বিপরীত জ্ঞান হয়। ব্রজবাসিদিগেরও সেইরূপ জালিয়ার নৌকাতে কালীয়-জ্ঞান, তাহার উপর দীপকে রত্ন-জ্ঞান এবং মৎস্যধারী জালিয়াকে কৃষ্ণজ্ঞান-রূপ 'ভ্রম' উদিত হইয়াছিল।

১১২-১১৩। মায়াবাদী সন্ন্যাসিগণ আপনাকে 'ব্রহ্ম' বলিয়া, মুখে 'নারায়ণ' 'নারায়ণ' বলিয়া থাকেন। স্মার্ত্তপ্রথায়—গৃহস্থ

জীব ও নারায়ণে সম-জ্ঞানই পাষণ্ডতা ঃ—

যেই মূঢ় কহে,—জীব ঈশ্বর হয় 'সম'।
সেইত 'পাষণ্ডী' হয়, দণ্ডে তারে যম ॥" ১১৫ ॥

শাস্ত্র-প্রমাণ

বৈষ্ণবতন্ত্র-বাক্য, পাদ্মোত্তর-খণ্ডে (২৩।১২) ও
হরিভক্তিবিলাসে (১।৭৩)—

যস্তু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ।
সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেদ্‌ধ্রুবম্ ॥ ১১৬ ॥

লোকের প্রভুকে 'কৃষ্ণ' বলিয়া দৃঢ়বিশ্বাস ও স্তুতি ঃ—

লোক কহে,—"তোমাতে কভু নহে 'জীব'-মতি।
কৃষ্ণের সদৃশ তোমার আকৃতি-প্রকৃতি ॥ ১১৭ ॥
'আকৃত্যে' তোমারে দেখি' 'ব্রজেন্দ্রনন্দন'।
দেহকান্তি পীতাম্বর কৈল আচ্ছাদন ॥ ১১৮ ॥

প্রিয়ভক্তের নিকট ভগবৎস্বরূপের স্বতঃপ্রকাশ ঃ—

মৃগমদ বস্ত্রে বান্ধে, তবু না লুকায়।
'ঈশ্বর-স্বভাব' তোমার ঢাকা নাহি যায় ॥ ১১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ব্রাহ্মণ প্রভৃতি সকলেই সেই সন্ন্যাসীকে দেখিলে 'নারায়ণ'-জ্ঞানে প্রণাম করিয়া থাকেন। এই ভ্রম-প্রথা নিবারণের জন্য মহাপ্রভু কহিলেন,—সন্ন্যাসী জীব বই আর কিছুই নয় ; তিনি কখনই ষড়ৈশ্বর্য্যপূর্ণ কৃষ্ণসূর্য্য-সম হইতে পারেন না। তিনি—চিৎকণ-মাত্র, অতএব জীব—কৃষ্ণসূর্য্যের কিরণ-কণ-সম ; তাঁহাকে কখনও 'নারায়ণ' বলিয়া প্রণাম করা উচিত নয়।

১১৪। ঈশ্বর—সর্ব্বদা সচ্চিদানন্দ এবং 'হ্লাদিনী' ও 'সম্বিৎ'-শক্তিদ্বারা আশ্লিষ্ট ; কিন্তু জীব সর্ব্বদাই স্বীয় (আরোপিত) অবিদ্যাদ্বারা সংবৃত, সুতরাং সংক্লেশ-সমূহের আকর।

১১৬। যিনি ব্রহ্ম-রুদ্রাদি দেবতার সহিত শ্রীনারায়ণকে 'সমান' করিয়া দেখেন, তিনি নিশ্চয়ই 'পাষণ্ডী'।

অনুভাষ্য

১১১-১১৩। আদি, ২য় পঃ ৯৬ সংখ্যা দ্রষ্টব্য।

১১৪। ঈশ্বরঃ (শ্রীকৃষ্ণঃ) সচ্চিদানন্দঃ (সন্ধিনীসম্বিৎ-হ্লাদিনী-শক্তিমান্) হ্লাদিন্যা (যয়া খলু ভগবান্ স্বরূপানন্দ-বিশেষী ভবতি, যয়ৈব তং তমানন্দমন্যানপ্যনুভাবয়তি, সা হ্লাদিনী শক্তিঃ তয়া) সংবিদা (অদ্বয়জ্ঞানস্বরূপভূতয়া চিচ্ছক্ত্যা) আশ্লিষ্টঃ (আলিঙ্গিতঃ) ; জীবঃ তু স্বাবিদ্যাসংবৃতঃ (স্বস্য আত্মনঃ ভগবতঃ বদ্ধজীবমোহিন্যা অবিদ্যয়া মায়য়া শক্ত্যা সম্যক্ আবৃতঃ সন্) সংক্লেশনিকরাকরঃ (সংক্লেশাঃ তু ত্রিবিধাঃ—"ক্লেশাস্ত্ত পাপং তদ্বীজমবিদ্যা চেতি তে ত্রিধা' ইতি ন্যায়াৎ, তেষাং নিকরস্য পুঞ্জস্য আকরঃ খনিঃ।

১১৫। 'পাষণ্ডী'—আদি, ৩য় পঃ ৭৮ সংখ্যা দ্রষ্টব্য। মায়া-বশ জীব অথবা মায়িক জড়বস্তুর সহিত মায়াধীশ শুদ্ধসত্ত্ব-চেতন-বিগ্রহ শ্রীবিষ্ণুর সহিত 'এক' বা সমজ্ঞানকারীই 'পাষণ্ডী'। শ্রীভক্তিসন্দর্ভ (২৬৫ সংখ্যায়)—'নামাপরাধ-বর্ণন-প্রসঙ্গে অন্যতম অপরাধ 'শ্রুতিশাস্ত্র-নিন্দন'-বর্ণনে—"যথা পাষণ্ড-মার্গেণ দত্তাত্রেয়র্ষভদেবোপাসকানাং পাষণ্ডিনাম্" ; পুনরায় অন্যতম অপরাধ 'অহং-মম-বুদ্ধি' বা 'দেহাত্মবুদ্ধি-বর্ণনে—"দেহ-দ্রবিণাদি-নিমিত্তক-'পাষণ্ড'-শব্দেন চ দশাপরাধা এব লক্ষ্যন্তে, পাষণ্ডময়ত্বাৎ তেষাম্" ; পুনরায় (২২৩ সংখ্যায়)—'উদ্দিশ্য দেবতা এব জুহোতি চ দদাতি চ। স পাষণ্ডীতি বিজ্ঞেয়ঃ স্বতন্ত্রো বাপি কর্ম্মসু।।' ইতি পাষণ্ডিত্বঞ্চ বৈষ্ণব-মার্গাদ্ভ্রষ্টত্বমিত্যর্থঃ।"* পুনরায় (১৭৯ সংখ্যায়)—'বিষ্ণুধর্ম্ম হইতে বিষ্ণুভক্ত উপরিচয়-বসুকর্ত্তৃক পাষণ্ডি-অসুরগণের উদ্ধার-সাধন-বৃত্তান্ত উল্লেখ করিয়া দৈত্যগুরু-শুক্রাদেশে পাষণ্ডিগণ-কর্ত্তৃক উপরিচর বসুকে পাষণ্ড-মার্গোপদেশ এবং তৎসত্ত্বেও তাঁহার অচ্যুতত্ব বর্ণিত, পুনরায় (১৫৩ সংখ্যায়)—হরিনামে অর্থবাদ ও বৈষ্ণবাপরাধ-বর্ণনে—"তাদৃশাপরাধে ভক্তিস্তস্তশ্চ শ্রূয়তে। * * দেহাদিলোভার্থং যে পাষণ্ডা গুর্ব্ববজ্ঞাদি-দশাপরাধযুক্তাঃ" ইত্যাদি বহুস্থলে 'পাষণ্ড'-শব্দ ব্যবহৃত। ভাঃ ৪।২।২৮, ৩০, ৩২, ৫।৬।৯ এবং ১২।২।১৩, ৪৩ প্রভৃতি বহু শ্লোকে পাষণ্ডীর পাষণ্ডত্বের বর্ণন আছে।

১১৬। যঃ (ভাগ্যহীনো জনঃ) তু (গর্হণার্থে) দেবং নারায়ণং (ব্রহ্মরুদ্রোপাস্যং তয়োরধীশ্বরং ভগবন্তং বিষ্ণুং) ব্রহ্মরুদ্রাদি-দৈবতৈঃ (চতুর্ম্মুখ-পঞ্চমুখাদি-নারায়ণদাসভূতৈঃ দেবৈঃ জীব-রূপৈঃ সহ) সমত্বেন (নিত্যপ্রভুণা সহ দেবাখ্যনিত্যদাসৈঃ সমানতয়া) বীক্ষেত (পশ্যেৎ) সঃ ধ্রুবং (নিশ্চিতম্ এব) 'পাষণ্ডী' ভবেৎ—"অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতির্বৈষ্ণবে জাতিবুদ্ধির্বিষ্ণোর্বা বৈষ্ণবানাং কলিমলমথনে পাদতীর্থেঽম্বু-বুদ্ধিঃ। শ্রীবিষ্ণোর্নাম্নি মন্ত্রে সকল-কলুষহে শব্দ-সামান্যবুদ্ধি-

** দত্তাত্রেয় ও ঋষভদেবের পাষণ্ডী উপাসকগণের পাষণ্ডমার্গানুসারে বেদাদি শাস্ত্রনিন্দা (ভক্তিসন্দর্ভ ২৬৫) ; পুনরায়, 'অহং-মম-বুদ্ধি'-বর্ণনে—'নামৈকং যস্য বাচি'-শ্লোকে দেহ-দ্রবিণাদি নিমিত্তক 'পাষণ্ড'-শব্দদ্বারাও দশ নামাপরাধ লক্ষিত হইতেছে, যেহেতু ঐ সমস্তই পাষণ্ডময় হইয়া থাকে (ভক্তিসন্দর্ভ ২৬৫) ; যে ব্যক্তি অপর দেবগণের উদ্দেশ্যেই দান ও হোমাদি করিয়া থাকে, তাহাকে পাষণ্ডী অথবা কর্ম্মবিষয়ে স্বেচ্ছাচারী বলিয়া জানিবে। সুতরাং 'পাষণ্ডিত্ব' অর্থাৎ বৈষ্ণবমার্গ হইতে ভ্রষ্টত্ব (ভক্তিসন্দর্ভ ২২৩)।*

অধোক্ষজ হইয়াও জগতের আকর্ষক ঃ—

অলৌকিক 'প্রকৃতি' তোমার—বুদ্ধি-অগোচর ।
তোমা দেখি' কৃষ্ণপ্রেমে জগৎ পাগল ॥ ১২০ ॥

ভগবদ্দর্শন বা শুদ্ধনাম-শ্রবণমাত্র, বাল-বৃদ্ধ-বনিতা, এমনকি, অন্ত্যজেরও 'আচার্য্য' হইয়া জগদুদ্ধারে সামর্থ্য ঃ—

স্ত্রী-বাল-বৃদ্ধ, আর 'চণ্ডাল', 'যবন' ।
যেই তোমার একবার পায় দরশন ॥ ১২১ ॥
কৃষ্ণনাম লয়, নাচে হঞা উন্মত্ত ।
আচার্য্য হইল সেই, তারিল জগত ॥ ১২২ ॥
দর্শনের কার্য্য আছুক, যে তোমার 'নাম' শুনে ।
সেই কৃষ্ণপ্রেমে মত্ত, তারে ত্রিভুবনে ॥ ১২৩ ॥
তোমার নাম শুনি' হয় শ্বপচ 'পাবন' ।
অলৌকিক শক্তি তোমার না যায় কথন ॥ ১২৪ ॥

শ্রীমদ্ভাগবতে (৩।৩৩।৬)—

যন্নামধেয়-শ্রবণানুকীর্ত্তনাদ্-
যৎপ্রহ্বণাদ্যৎস্মরণাদপি কচিৎ ।
শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে
কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ ॥ ১২৫ ॥

উক্ত সমস্তই প্রভুর 'তটস্থ' লক্ষণ, স্বরূপতঃ প্রভু—সাক্ষাৎ স্বয়ংরূপ কৃষ্ণ ঃ—

এইত' মহিমা—তোমার 'তটস্থ'-লক্ষণ ।
'স্বরূপ'-লক্ষণে তুমি—ব্রজেন্দ্রনন্দন ॥" ১২৬ ॥

সকলকেই প্রভুর অনুগ্রহ ; তাহাদের স্বগৃহে গমন ঃ—

সেই সব লোকে প্রভু প্রসাদ করিল ।
কৃষ্ণপ্রেমে মত্ত লোক নিজ ঘরে গেল ॥ ১২৭ ॥

অক্রূরতীর্থে থাকিয়া লোকোদ্ধার ঃ—

এইমত কতদিন 'অক্রূরে' রহিলা ।
কৃষ্ণ-নাম-প্রেম দিয়া লোক নিস্তারিলা ॥ ১২৮ ॥

সানোড়িয়া-বিপ্রের মথুরায় সকল সজ্জনকেই প্রভুসেবার সুযোগ দিয়া উদ্ধার-সাধন ঃ—

মাধবপুরীর শিষ্য সেইত' ব্রাহ্মণ ।
মথুরার ঘরে-ঘরে করা'ন নিমন্ত্রণ ॥ ১২৯ ॥
মথুরার যত লোক ব্রাহ্মণ-সজ্জন ।
ভট্টাচার্য্য-স্থানে আসি' করে নিমন্ত্রণ ॥ ১৩০ ॥

একসঙ্গে বহু ব্যক্তি নিমন্ত্রণ করিলেও, ভট্টের এক একজনের মাত্র নিমন্ত্রণ-গ্রহণ ঃ—

একদিন 'দশ' 'বিশ' আইসে নিমন্ত্রণ ।
ভট্টাচার্য্য একের মাত্র করেন গ্রহণ ॥ ১৩১ ॥

সকলেরই একযোগে প্রভুকে ভিক্ষা দিতে ব্যস্ততা-হেতু লোকের প্রভুসেবার অবসরাভাব ঃ—

অবসর না পায় লোক নিমন্ত্রণ দিতে ।
সেই বিপ্রে সাধে লোক নিমন্ত্রণ নিতে ॥ ১৩২ ॥

বৈদিক সদ্ব্রাহ্মণের সদৈন্যে প্রভুকে নিমন্ত্রণ ঃ—

কান্যকুব্জ-দাক্ষিণাত্যের বৈদিক ব্রাহ্মণ ।
দৈন্য করি', করে, মহাপ্রভুর নিমন্ত্রণ ॥ ১৩৩ ॥

অক্রূরে আসিয়া আপনারাই রন্ধন করিয়া প্রভুকে ভিক্ষা-দান ঃ—

প্রাতঃকালে অক্রূরে আসি' রন্ধন করিয়া ।
প্রভুরে ভিক্ষা দেন শালগ্রামে সমর্পিয়া ॥ ১৩৪ ॥

প্রভুর অক্রূরঘাটে বসিয়া ঐশ্বর্য্য-পূজক অক্রূরের ও মাধুর্য্য-সেবক ব্রজবাসীর স্ব-স্ব-অধিকারে ধাম-দর্শন-বিচার ঃ—

একদিন সেই অক্রূর-ঘাটের উপরে ।
বসি' মহাপ্রভু কিছু করেন বিচারে ॥ ১৩৫ ॥
'এই ঘাটে অক্রূর বৈকুণ্ঠ দেখিল ।
ব্রজবাসী লোক 'গোলোক' দর্শন কৈল ॥' ১৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৬। অন্যবস্তুর সহিত তুলনা না করিয়া যে 'স্বতঃ'সিদ্ধ-লক্ষণে' বস্তু পরিচিত হয়, তাহাই তাহার 'স্বরূপ'-লক্ষণ। অন্য-বস্তুর সহিত তুলনা করিয়া, যে-লক্ষণে বস্তুর নিজ-পরিচয় সাধিত হয়, সেই লক্ষণকে 'তটস্থ' বলে। পূর্ব্বোক্ত মহিমসমূহ তটস্থ লক্ষণরূপেই তোমাকে 'ব্রজেন্দ্রনন্দন' বলিয়া স্থির করিয়াছে ; আবার, তোমাকে দেখিবামাত্র 'ব্রজেন্দ্রনন্দন' বলিয়া যে বোধোদয় হয়, ইহাই তোমার 'স্বরূপ'-লক্ষণ ; স্বরূপলক্ষণ-দ্বারাই তোমাকে 'কৃষ্ণ' বলিয়া স্থির করা হয়।

১৩৫। অক্রূরঘাট—বৃন্দাবন ও মথুরার মধ্যে অর্দ্ধপথে এই

অনুভাষ্য

র্বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ।।" ইতি পদ্মপুরাণবচনাৎ।

১১৯। আদি, ৩য় পঃ ৮৫-৮৯ সংখ্যা দ্রষ্টব্য। যেরূপ মৃগনাভি অঞ্চলে বাঁধা থাকিলেও বস্ত্র ভেদ করিয়া তাহার গন্ধ দিক্‌সমূহ প্রপূরিত করে, তদ্রূপ তুমি ভক্তজীবাবরণদ্বারা আত্ম-গোপন করিলেও তোমার ভগবৎস্বভাব লুক্কায়িত হয় না।

১২৫। মধ্য, ১৬শ পঃ ১৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

১২৯। সেইত' ব্রাহ্মণ—সনোড়িয়া (মধ্য, ১৭শ পঃ ১৭৯ সংখ্যা দ্রষ্টব্য।

প্রভুর জলে ঝম্পপ্রদান ও নিমজ্জন ঃ—

এত বলি' ঝাঁপ দিলা জলের উপরে ।
ডুবিয়া রহিলা প্রভু জলের ভিতরে ॥ ১৩৭ ॥

কৃষ্ণদাসের ক্রন্দন-চিৎকারে ভট্টের তৎক্ষণাৎ আসিয়া প্রভুকে উত্তোলন ঃ—

দেখি' কৃষ্ণদাস কান্দি' ফুকার করিল ।
ভট্টাচার্য্য শীঘ্র আসি' প্রভুরে উঠাইল ॥ ১৩৮ ॥

ভট্ট ও বিপ্রের পরামর্শ ঃ—

তবে ভট্টাচার্য্য সেই ব্রাহ্মণে লঞা ।
যুক্তি করিলা কিছু নিভৃতে বসিয়া ॥ ১৩৯ ॥
"আজি আমি আছিলাঙ, উঠাইলুঁ প্রভুরে ।
বৃন্দাবনে ডুবেন যদি, কে উঠাবে তাঁরে ?? ১৪০ ॥

জনসঙ্ঘ, ভিক্ষা-দৌরাত্ম্য ও প্রভুর সর্ব্বদা প্রেমাবেশে ভীত ভট্টের বৃন্দাবন হইতে প্রভুকে স্থানান্তরিত করিতে ইচ্ছা ঃ—

লোকের সংঘট্ট, আর নিমন্ত্রণের জঞ্জাল ।
নিরন্তর আবেশ প্রভুর,—না দেখিয়ে ভাল ॥ ১৪১ ॥
বৃন্দাবন হৈতে যদি প্রভুরে কাড়িয়ে ।
তবে মঙ্গল হয়,—এই ভাল যুক্তি হয়ে ॥" ১৪২ ॥

বিপ্রের মাঘস্নান-উপলক্ষে গঙ্গাতটপথে প্রয়াগে লইয়া যাইবার যুক্তি ঃ—

বিপ্র কহে,—"প্রয়াগে প্রভু লঞা যাই ।
গঙ্গাতীর-পথে যাই, তবে সুখ পাই ॥ ১৪৩ ॥
'সোরোক্ষেত্রে' আগে যাঞা করি' গঙ্গাস্নান ।
সেই পথে প্রভু লঞা করিয়ে পয়ান ॥ ১৪৪ ॥
মাঘ-মাস লাগিল, এবে যদি যাইয়ে ।
মকরে প্রয়াগ-স্নান কত দিন পাইয়ে ॥ ১৪৫ ॥

নিজদুঃখ-নিবেদন ও সাময়িক পরামর্শ-দান ঃ—

আপনার দুঃখ কিছু করি' নিবেদন ।
'মকরে' পৌঁছিতে প্রয়াগে করিহ সূচন ॥ ১৪৬ ॥

প্রভুসমীপে ভট্টের ভিক্ষানুরোধ-দৌরাত্ম্য-বর্ণনপূর্ব্বক মাঘস্নানার্থ প্রয়াগে যাইতে অনুরোধ ঃ—

গঙ্গাতীর-পথে সুখ জানাইহ তাঁরে ।"
ভট্টাচার্য্য আসি' তবে কহিল প্রভুরে ॥ ১৪৭ ॥
"সহিতে না পারি আমি লোকের গড়বড়ি ।
নিমন্ত্রণ লাগি' লোক করে হুড়াহুড়ি ॥ ১৪৮ ॥
প্রাতঃকালে আইসে লোক, তোমারে না পায় ।
তোমারে না পাঞা লোক মোর মাথা খায় ॥ ১৪৯ ॥
তবে সুখ হয় যবে গঙ্গাপথে যাইয়ে ।
এবে যদি যাই, 'মকরে' গঙ্গাস্নান পাইয়ে ॥ ১৫০ ॥
উদ্বিগ্ন হইল প্রাণ, সহিতে না পারি ।
প্রভুর যে আজ্ঞা হয়, সেই শিরে ধরি ॥" ১৫১ ॥

বৃন্দাবন-ত্যাগে ইচ্ছা না থাকিলেও ভট্টের ইচ্ছাপূরণ ও ভট্টকে স্তুতি ঃ—

যদ্যপি বৃন্দাবন-ত্যাগে নাহি প্রভুর মন ।
ভক্ত-ইচ্ছা পূরিতে কহে মধুর বচন ॥ ১৫২ ॥
"তুমি আমায় আনি' দেখাইলা বৃন্দাবন ।
এই 'ঋণ' আমি নারিব করিতে শোধন ॥ ১৫৩ ॥
যে তোমার ইচ্ছা, আমি সেইত করিব ।
যাঁহা লঞা যাহ তুমি, তাঁহাই যাইব ॥" ১৫৪ ॥

প্রাতে স্নানান্তে ভাবি-বিচ্ছেদ-স্মরণে প্রেমাবেশ ঃ—

প্রাতঃকালে মহাপ্রভু প্রাতঃস্নান কৈল ।
'বৃন্দাবন ছাড়িব' জানি' প্রেমাবেশ হৈল ॥ ১৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ঘাট। এখানে রথ লাগাইয়া অক্রূর রামকৃষ্ণকে লইয়া যমুনা-স্নান করিয়াছিলেন। স্নান-সময়ে অক্রূর জলমধ্যে 'বৈকুণ্ঠ' দর্শন করিয়াছিলেন এবং ব্রজবাসিলোক সেই ঘাটের জলের মধ্যে গোলোক দর্শন করিয়াছিলেন।

১৪৪। সোরোক্ষেত্রে—মথুরা হইতে সর্ব্ব-নিকটবর্ত্তী গঙ্গা-তীরেই 'সোরোক্ষেত্র'।

অনুভাষ্য

১৩৩। 'কান্যকুব্জ', 'সারস্বত', 'গৌড়', 'মৈথিল' ও 'উৎকল'—পঞ্চ-গৌড়-ব্রাহ্মণ এবং 'আন্ধ্র', 'কর্ণাট', 'গুর্জ্জর', 'দ্রাবিড়' ও 'মহারাষ্ট্র'—পঞ্চ-দাক্ষিণাত্য-ব্রাহ্মণ, এই দশপ্রকার বৈদিক

অনুভাষ্য

শুদ্ধব্রাহ্মণগণ—যাঁহারা বৈদিক-আচারবিশিষ্ট ছিলেন অর্থাৎ তান্ত্রিক-কদাচারদ্বারা স্বীয় বৈদিকানুষ্ঠান ত্যাগ করেন নাই, তাঁহারা সকলেই দৈন্যসহকারে মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়াছিলেন।

১৪২। কাড়িয়ে—লইয়া যাই।

১৪৫। কর্ম্মনিষ্ঠগণের মাঘমাসে প্রয়াগ-স্নান—বিশেষ ফলপ্রদ ; "মাঘে মাসি গমিষ্যন্তি গঙ্গাযামুনসঙ্গমম্। গবাং শত-সহস্রস্য সম্যক্ দত্তস্য যৎফলম্। প্রয়াগে মাঘমাসে বৈ ত্র্যহং স্নাতস্য তৎফলম্।।" এবং "সর্ব্বাধিকারিতাং মাঘস্নানস্য ব্রবতো যতঃ" প্রভৃতি ব্যবস্থা দৃষ্ট হয়।

১৪৮। গড়বড়ি—লোক যাতায়াতে গণ্ডগোল।

প্রভুকে গোকুলে লইতে নৌকায় উঠাইয়া পরপারে গমন ঃ—

বাহ্য বিকার নাহি, প্রেমাবিষ্ট মন।
ভট্টাচার্য্য কহে,—চল, যাই মহাবন ॥ ১৫৬ ॥

এত বলি' মহাপ্রভুরে নৌকায় বসাঞা।
পার করি' ভট্টাচার্য্য চলিলা লঞা ॥ ১৫৭ ॥

রাজপুত কৃষ্ণদাস ও মাথুর সানোড়িয়া উভয়ই পথজ্ঞ ঃ—

প্রেমী কৃষ্ণদাস, আর সেইত ব্রাহ্মণ।
গঙ্গাতীর-পথে যাইবার বিজ্ঞ দুইজন ॥ ১৫৮ ॥

পথে এক বৃক্ষতলে সকলের বিশ্রামার্থ উপবেশন ঃ—

যাইতে এক বৃক্ষতলে প্রভু সবা লঞা।
বসিলা, সবার পথ-শ্রান্তি দেখিয়া ॥ ১৫৯ ॥

গাভীবিচরণ-দর্শনে ব্রজলীলা-স্মৃতি ঃ—

সেই বৃক্ষ নিকটে চরে বহু গাভীগণ।
তাহা দেখি' মহাপ্রভুর উল্লসিত মন ॥ ১৬০ ॥

হঠাৎ একটী বংশীধ্বনি-শ্রবণে প্রভুর প্রেম-মূর্চ্ছা ঃ—

আচম্বিতে এক গোপ বংশী বাজাইল।
শুনি' মহাপ্রভুর মহা-প্রেমাবেশ হৈল ॥ ১৬১ ॥

অচেতন হঞা প্রভু ভূমিতে পড়িলা।
মুখে ফেনা পড়ে, নাসায় শ্বাস রুদ্ধ হৈলা ॥ ১৬২ ॥

এমন সময় তথায় দশজন অশ্বারোহী পাঠানের আগমন ঃ—

হেনকালে তাঁহা আশোয়ার দশ আইলা।
ম্লেচ্ছ-পাঠান ঘোড়া হৈতে উত্তরিলা ॥ ১৬৩ ॥

প্রভুর সঙ্গী চারিজনকেই 'প্রভুর হত্যাকারী দস্যু'-জ্ঞানে দলপতির নিধনোদ্যোগ ঃ—

প্রভুরে দেখিঞা ম্লেচ্ছ করয়ে বিচার।
'এই যতি-পাশ ছিল সুবর্ণ অপার ॥ ১৬৪ ॥

এই চারি বাটোয়ার ধুতুরা খাওয়াঞা।
মারি' ডারিয়াছে, যতির সব ধন লঞা ॥' ১৬৫ ॥

তবে সেই পাঠান চারি জনেরে বাঁধিল।
কাটিতে চাহে, গৌড়ীয়া সব কাঁপিতে লাগিল ॥১৬৬॥

কৃষ্ণদাস ও মাথুর-ব্রাহ্মণের নির্ভয়ে পাঠানকে পরিচয়াদি-প্রদান ঃ—

কৃষ্ণদাস—রাজপুত, নির্ভয় সে বড়।
সেই বিপ্র—নির্ভয়, সে—মুখে বড় দড় ॥ ১৬৭ ॥

বিপ্র কহে,—"পাঠান, তোমার পাৎসার দোহাই।
চল তুমি, আমি সিক্‌দার-পাশ যাই ॥ ১৬৮ ॥

এই যতি—আমার গুরু, আমি—মাথুর ব্রাহ্মণ।
পাৎসার আগে আমার আছে 'শত জন' ॥ ১৬৯ ॥

এই যতি ব্যাধিতে কভু হয়েন মূর্চ্ছিত।
অবঁহি চেতন পাইবে, হইবে সম্বিত ॥ ১৭০ ॥

ক্ষণেক ইঁহা বৈস, বান্ধি' রাখহ সবারে।
ইঁহাকে পুছিয়া, তবে মারিহ আমারে ॥" ১৭১ ॥

পাঠানের ক্রোধভরে সকলকেই 'দস্যু' বলিয়া উক্তি ঃ—

পাঠান কহে,—"তুমি পশ্চিমা মাথুর দুইজন।
'গৌড়ীয়া' ঠক্ এই কাঁপে দুইজন ॥" ১৭২ ॥

প্রত্যুত্তরে কৃষ্ণদাসের পাঠানকে ভয় প্রদর্শন ও কটুবাক্য ঃ—

কৃষ্ণদাস কহে,—"আমার ঘর এই গ্রামে।
দুইশত তুর্কী আছে, শতেক কামানে ॥ ১৭৩ ॥

এখনি আসিবে সব, আমি যদি ফুকারি।
ঘোড়া-পিড়া লুটি' লবে তোমা-সবা মারি' ॥ ১৭৪ ॥

গৌড়ীয়া—'বাটপাড়' নহে, তুমি—বাটপাড়'।
তীর্থবাসী লুঠ', আর চাহ' মারিবার ॥" ১৭৫ ॥

পাঠানের ভয় ঃ—

শুনিয়া পাঠান মনে সঙ্কোচ হইল।
হেনকালে মহাপ্রভু 'চৈতন্য' পাইল ॥ ১৭৬ ॥

প্রভুর বাহ্যদশা ও নৃত্যকীর্ত্তন ঃ—

হুঙ্কার করিয়া উঠে, বলে 'হরি' 'হরি'।
প্রেমাবেশে নৃত্য করে ঊর্দ্ধবাহু করি' ॥ ১৭৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৫। বাটওয়ার—পথে যাহারা ডাকাতি করিয়া লয় ; মারি' ডারিয়াছে—মারিয়া ফেলিয়াছে।

১৭০। অবঁহি—এখনি।

১৭৪। ঘোড়া-পিড়া—ঘোড়া ও তৎপৃষ্ঠস্থিত আসনাদি দ্রব্য।

অনুভাষ্য

১৫৬। মহাবন—গোকুল।

১৬৩। আসোয়ার—অশ্বারোহী সৈন্য।

১৬৫। বাটোয়ার—নিরাশ্রয় পথিকের লুণ্ঠনকারী দস্যু।

১৬৬। চারিজনেরে—১। কৃষ্ণদাস রাজপুত, ২। মাধবেন্দ্র-পুরীর শিষ্য 'সানোড়িয়া'-ব্রাহ্মণ, ৩। বলভদ্র ভট্টাচার্য্য, ৪। বলভদ্রের সঙ্গী ব্রাহ্মণ।

১৬৭। মুখে বড় দড়—অতি নিপুণ বক্তা, আলাপ-পরিচয় বা কথাবার্ত্তায় পটু।

১৬৮। সি(শি)কদার,—শান্তিরক্ষক কর্ম্মচারিবিশেষ, অথবা পদস্থ সৈন্যাধ্যক্ষ, অথবা সিক্কা (বাদ্‌শাহী মুদ্রা)-দার (ভারপ্রাপ্ত কর্ম্মচারী)।

১৭০। সম্বিত—জ্ঞান।

পাপী ম্লেচ্ছের হরিনাম-শ্রবণে কষ্ট ঃ—

প্রেমাবেশে প্রভু যবে করেন চিৎকার ।
ম্লেচ্ছের হৃদয়ে যেন লাগে শেলধার ॥ ১৭৮ ॥

ম্লেচ্ছের তৎক্ষণাৎ চারিজনের বন্ধন-মোচন ; প্রভুর ভক্তদ্রোহ-দর্শনে অবকাশাভাব ঃ—

ভয় পাঞা ম্লেচ্ছ ছাড়ি' দিল চারিজন ।
প্রভু না দেখিল নিজ-গণের বন্ধন ॥ ১৭৯ ॥

ম্লেচ্ছদর্শনে প্রভুর ভাব-সম্বরণ ঃ—

ভট্টাচার্য্য আসি' প্রভুরে ধরি' বসাইল ।
ম্লেচ্ছগণ দেখি' মহাপ্রভুর 'বাহ্য' হৈল ॥ ১৮০ ॥

ম্লেচ্ছগণের প্রভু-বন্দনা ও চারিজনের বিরুদ্ধে অভিযোগ ঃ—

ম্লেচ্ছগণ আসি' প্রভুর বন্দিল চরণ ।
প্রভু-আগে কহে,—"এই ঠক্ চারিজন ॥ ১৮১ ॥
এই চারি মিলি' তোমায় ধুতুরা খাওয়াঞা ।
তোমার ধন লৈল, তোমায় পাগল করিয়া ॥" ১৮২ ॥

চারিজনকেই 'নিজজন' বলিয়া প্রভুর পরিচয়-দান ঃ—

প্রভু কহেন,—"ঠক্ নহে, মোর 'সঙ্গী' জন ।
ভিক্ষুক সন্ন্যাসী, মোর নাহি কিছু ধন ॥ ১৮৩ ॥
মৃগী ব্যাধিতে আমি কভু হই অচেতন ।
এই চারি দয়া করি' করেন পালন ॥" ১৮৪ ॥

পাঠানগণের মধ্যে একজন 'মৌলানা' ঃ—

সেই ম্লেচ্ছ-মধ্যে এক পরম গম্ভীর ।
কালবস্ত্র পরে সেই,—লোকে কহে 'পীর' ॥ ১৮৫ ॥

প্রভুদর্শনে তাহার নম্রভাব ও নির্ব্বিশেষ-ব্রহ্মস্থাপন-চেষ্টা ঃ—

চিত্ত আর্দ্র হৈল তাঁর প্রভুরে দেখিয়া ।
'নির্ব্বিশেষ-ব্রহ্ম' স্থাপে স্বশাস্ত্র উঠাঞা ॥ ১৮৬ ॥

মোছলেম-শাস্ত্রযুক্তি-দ্বারাই প্রভুর তন্মত খণ্ডন ঃ—

'অদ্বৈত-ব্রহ্মবাদ' সেই করিল স্থাপন ।
তাঁর শাস্ত্রযুক্ত্যে তাঁরে প্রভু কৈলা খণ্ডন ॥ ১৮৭ ॥
যেই যেই কহিল, প্রভু সকলি খণ্ডিল ।
উত্তর না আইসে মুখে, মহাস্তব্ধ হৈল ॥ ১৮৮ ॥

মোছলেম-শাস্ত্রে প্রথমে নির্ব্বিশেষত্ব-স্থাপনানন্তর শেষে সবিশেষ-ব্রহ্মেরই সংস্থাপন ঃ—

প্রভু কহে,—"তোমার শাস্ত্র স্থাপে 'নির্ব্বিশেষে' ।
তাহা খণ্ডি' 'সবিশেষ' স্থাপিয়াছে শেষে ॥ ১৮৯ ॥

কোরাণে সর্ব্বশেষে সবিশেষ-ব্রহ্ম কৃষ্ণের পরিচয় ঃ—

তোমার শাস্ত্রে কহে শেষে 'একই ঈশ্বর' ।
'সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ তেঁহো—শ্যাম-কলেবর ॥ ১৯০ ॥
সচ্চিদানন্দ-দেহ, পূর্ণব্রহ্ম-স্বরূপ ।
'সর্ব্বাত্মা', 'সর্ব্বজ্ঞ', নিত্য সর্ব্বাদি-স্বরূপ ॥ ১৯১ ॥
সৃষ্টি, স্থিতি, প্রলয় তাঁহা হৈতে হয় ।
স্থূল-সূক্ষ্ম-জগতের তেঁহো সমাশ্রয় ॥ ১৯২ ॥

সেই ভগবানের প্রীতি বা ভক্তিই সংসার-বন্ধন মোচনী ও পরম-পুরুষার্থ ঃ—

'সর্ব্বশ্রেষ্ঠ, সর্ব্বারাধ্য, কারণের কারণ ।
তাঁর ভক্ত্যে হয় জীবের সংসার-তারণ ॥ ১৯৩ ॥
তাঁর সেবা বিনা জীবের না যায় 'সংসার' ।
তাঁহার চরণে প্রীতি—'পুরুষার্থ-সার' ॥ ১৯৪ ॥

ভগবৎপ্রেমার মহিমা ঃ—

মোক্ষাদি আনন্দ যার নহে এক 'কণ' ।
পূর্ণানন্দ-প্রাপ্তি তাঁর চরণ-সেবন ॥ ১৯৫ ॥

কোরাণে পূর্ব্বে 'কর্ম্ম', 'জ্ঞান', 'যোগ' বলিয়া শেষে ভগবদ্ভক্তিই সংস্থাপিত ঃ—

'কর্ম্ম', 'জ্ঞান', 'যোগ' আগে করিয়া স্থাপন ।
সব খণ্ডি' স্থাপে 'ঈশ্বর', 'তাঁহার সেবন' ॥ ১৯৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৬-১৮৭। স্বশাস্ত্র—কোরাণ ; মুসলমানদিগের 'সুফি' বলিয়া এক সম্প্রদায় আছে, তাঁহাদের মতই 'নির্ব্বিশেষ ব্রহ্ম' বা 'অদ্বৈত-ব্রহ্মবাদ', ইঁহাদিগের মহাবাক্য—"অনলহক্"। এই সুফি-মত শাঙ্করমত হইতে যে উৎপন্ন হইয়াছে, ইহাতে সন্দেহ নাই।

১৯০। তোমার মহম্মদীয় শাস্ত্রে মহম্মদের সপ্তম স্বর্গে ঈশ্বর-দর্শন-বর্ণনে ঈশ্বরের পূর্ণবিগ্রহ স্বীকৃত হইয়াছে।

১৯৪। সেই ঈশ্বরের "এবাদৎ" অর্থাৎ পাঁচসময় নমাজাদি সেবা না করিলে জীবের পুরুষার্থ লাভ হয় না। তোমার শাস্ত্রে প্রীতিকেই পুরুষার্থ বলিয়াছেন ; তাহাতে কর্ম্ম-যোগ-জ্ঞানাদি স্থাপনপূর্ব্বক সর্ব্বশেষে উহা খণ্ডন করত ঈশ্বরের 'এবাদৎ' অর্থাৎ সেবারই শ্রেষ্ঠতা স্থাপিত হইয়াছে।

অনুভাষ্য

১৭৪। ফুকারি—বংশীধ্বনি করি।

১৭৮। লাগে শেলধার—শল্যের ধারের ন্যায় বিদ্ধ হইল।

১৮৬। নির্ব্বিশেষ-ব্রহ্ম—অজ্ঞেয়, পরিচয়রহিত 'ঈশ্বর'। 'খোদা' ও 'বান্দাহ্'—এই নিত্যভাবদ্বয়-রহিত চিদ্বিলাসহীন পারলৌকিক অবস্থান।

সাধারণতঃ মোছলেম-পণ্ডিতগণের কোরাণের প্রকৃত তাৎপর্য্য-জ্ঞানাভাব ; পূর্ব্বের কর্ম্ম ও জ্ঞান-বিধি অপেক্ষা পরবর্ত্তী ভক্তিবিধিই বলবান্ ঃ—

তোমার পণ্ডিত-সবার নাহি শাস্ত্র-জ্ঞান ।
পূর্ব্বাপর-বিধি-মধ্যে 'পর'—বলবান্ ॥ ১৯৭ ॥

মৌলানাকে উহার যাথার্থ্য-নির্ণয়ে অনুরোধ ঃ—

নিজ-শাস্ত্র দেখি' তুমি বিচার করিয়া ।
কি লিখিয়াছে শেষে কহ নির্ণয় করিয়া ॥" ১৯৮ ॥

মৌলানার প্রভুবাক্যকে 'সত্য'-জ্ঞানে অনুমোদন ; মোছলেম পণ্ডিতগণের হৃদ্দৌর্ব্বল্য-স্বীকার ঃ—

ম্লেচ্ছ কহে,—"যেই কহ, সেই 'সত্য' হয় ।
শাস্ত্রে লিখিয়াছে, কেহ লইতে না পারয় ॥ ১৯৯ ॥

তাঁহাদের নির্ব্বিশেষত্বেই দৃঢ় আস্থা, চিন্ময় সবিশেষত্বের সেবায় অনাস্থা ঃ—

'নির্ব্বিশেষ-গোসাঞি' লঞা করেন ব্যাখ্যান ।
'সাকার-গোসাঞি'—সেব্য, কারো নাহি জ্ঞান ॥২০০॥

প্রভুকে 'পরমেশ্বর'-জ্ঞান ও কৃপা-যাচ্ঞা ঃ—

সেইত 'গোসাঞি' তুমি—সাক্ষাৎ 'ঈশ্বর' ।
মোরে কৃপা কর, মুঞি—অযোগ্য পামর ॥ ২০১ ॥

মৌলানার স্বয়ং সাধন ও সাধ্যবস্তু-মীমাংসা-চেষ্টায় অসামর্থ্য-জ্ঞাপন ঃ—

অনেক দেখিনু মুঞি ম্লেচ্ছ-শাস্ত্র হৈতে ।
'সাধ্য-সাধন-বস্তু' নারি নির্দ্ধারিতে ॥ ২০২ ॥

প্রভু-দর্শনে মৌলানার জিহ্বায় স্বতঃই কৃষ্ণনাম-স্ফূর্ত্তি ও জড়াভিমান দূরীভূত ঃ—

তোমা দেখি' জিহ্বা মোর বলে 'কৃষ্ণনাম' ।
'আমি—বড় জ্ঞানী'—এই গেল অভিমান ॥ ২০৩ ॥

প্রভুকে প্রণামপূর্ব্বক সাধ্য-সাধন-জিজ্ঞাসা ঃ—

কৃপা করি' বল মোরে 'সাধ্য-সাধনে' ।"
এত বলি' পড়ে মহাপ্রভুর চরণে ॥ ২০৪ ॥

প্রভুর তাহাকে আশ্বাসন, কৃষ্ণনামাভাসেই তাহার পাপপুঞ্জ-বিনাশ ঃ—

প্রভু কহে,—"উঠ, কৃষ্ণনাম তুমি লইলা ।
কোটি জন্মের পাপ গেল, 'পবিত্র' হইলা ॥ ২০৫ ॥

প্রভুর আদেশে সকলের কৃষ্ণনাম-গ্রহণ ঃ—

'কৃষ্ণ' কহ, 'কৃষ্ণ' কহ,—কৈলা উপদেশ ।
সবে 'কৃষ্ণ' কহে, সবার হৈল প্রেমাবেশ ॥ ২০৬ ॥

প্রভুকর্ত্তৃক তাঁহার 'রামদাস'-নাম-সংস্কার দান ঃ—

'রামদাস' বলি' প্রভু তাঁর কৈল নাম ।
আর এক পাঠান, তাঁর নাম—'বিজলী-খাঁন' ॥ ২০৭ ॥

পাঠান-দলপতি বিজলী খাঁর পরিচয় ঃ—

অল্প বয়স তাঁর, রাজার কুমার ।
'রামদাস' আদি পাঠান—চাকর তাঁহার ॥ ২০৮ ॥

তাঁহারও প্রভুপদে শরণ-গ্রহণ, প্রভুর তন্মস্তকে পদার্পণ ঃ—

'কৃষ্ণ' বলি' পড়ে সেই মহাপ্রভুর পায় ।
প্রভু শ্রীচরণ দিল তাঁহার মাথায় ॥ ২০৯ ॥

প্রভুর যাত্রা, সেই সকল পাঠানের বৈরাগ্যধর্ম্ম গ্রহণ ঃ—

তাঁ-সবারে কৃপা করি' প্রভু ত' চলিলা ।
সেইত পাঠান সব 'বৈরাগী' হইলা ॥ ২১০ ॥

তাঁহাদের 'পাঠান-বৈষ্ণব'-খ্যাতি ও সর্ব্বত্র প্রভুগুণ-গান ঃ—

'পাঠান-বৈষ্ণব বলি' হৈল তাঁর খ্যাতি ।
সর্ব্বত্র গাহিয়া বুলে মহাপ্রভুর কীর্ত্তি ॥ ২১১ ॥

মহাভাগবত বিজলী-খাঁর সর্ব্বত্র মহত্ত্ব-বিস্তার ঃ—

সেই বিজলী-খাঁন হৈল 'মহা-ভাগবত' ।
সর্ব্বতীর্থে হৈল তাঁর পরম-মহত্ত্ব ॥ ২১২ ॥

যুক্তপ্রদেশে আসিয়া প্রভুর ম্লেচ্ছোদ্ধার ঃ—

ঐছে লীলা করে প্রভু শ্রীকৃষ্ণচৈতন্য ।
'পশ্চিমে' আসিয়া কৈল যবনাদি ধন্য ॥ ২১৩ ॥

সোরোক্ষেত্রে গঙ্গাস্নান ও গঙ্গাতীর-পথে প্রয়াগে গমন ঃ—

সোরো ক্ষেত্রে আসি' প্রভু কৈলা গঙ্গাস্নান ।
গঙ্গাতীর-পথে কৈলা প্রয়াগে পয়ান ॥ ২১৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৯-২০০। পীরের ন্যায় কালবস্ত্রধারী ম্লেচ্ছাচার্য্য কহিল,—আমাদের শাস্ত্রের গূঢ়কথা সাধারণ পণ্ডিতগণ বুঝিতে পারেন না ; এইজন্যই আমাদের আল্লার 'নিরাকার ভাব' লইয়াই লোকে ব্যাখ্যান করেন। তাঁহার সচ্চিদানন্দ-আকারই যে চরমে সেব্য, তাহা অনেকেই জানে না।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে অষ্টাদশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

২০০। গোসাঞি—আরাধ্য বস্তু ভগবান্ ; সাকার,—মানবের ভোগ্য জড়জ্ঞান অতিক্রম করিয়া ত্রিগুণাতীত অপ্রাকৃত সবিশেষ বিগ্রহ বা চিন্ময় আকারযুক্ত।

সানোড়িয়া-বিপ্র ও কৃষ্ণদাসকে বিদায় দিতে ইচ্ছা ঃ—

সেই বিপ্রে, কৃষ্ণদাসে, প্রভু বিদায় দিলা ।
যোড়-হাতে দুইজন কহিতে লাগিলা ॥ ২১৫ ॥

তাঁহাদের প্রয়াগ পর্য্যন্ত অনুগমনে প্রার্থনা ঃ—

"প্রয়াগ পর্য্যন্ত দুঁহে তোমা-সঙ্গে যাব ।
তোমার চরণ-সঙ্গ পুনঃ কাঁহা পাব? ২১৬ ॥

ম্লেচ্ছদেশ, কেহ কাঁহা করয়ে উৎপাত ।
ভট্টাচার্য্য—পণ্ডিত, কহিতে না জানেন বাত্ ॥" ২১৭ ॥

প্রভুর ঈষদ্ধাস্য ও তাঁহাদের প্রভুর অনুগমন ঃ—

শুনি' মহাপ্রভু ঈষৎ হাসিতে লাগিলা ।
সেই দুইজন প্রভুর সঙ্গে চলি' আইলা ॥ ২১৮ ॥

পথে প্রভুর দর্শনকারী প্রত্যেকেরই কৃষ্ণনাম-গ্রহণ ঃ—

যেই যেই জন প্রভুর পাইল দরশন ।
সেই প্রেমে মত্ত হয়, করে কৃষ্ণ-সঙ্কীর্ত্তন ॥ ২১৯ ॥

তাঁহা হইতে অপর ব্যক্তির শ্রবণ-সুযোগ, এইরূপে শ্রবণ-কীর্ত্তনধারা-পারম্পর্য্যে সকলদেশের উদ্ধার ঃ—

তাঁর সঙ্গে অন্যোন্যে, তাঁর সঙ্গে আন ।
এইমত 'বৈষ্ণব' কৈলা সব দেশ-গ্রাম ॥ ২২০ ॥

দাক্ষিণাত্যের ন্যায় পশ্চিমদেশেরও উদ্ধার-সাধন ঃ—

দক্ষিণ যাইতে যৈছে শক্তি প্রকাশিলা ।
সেইমত 'পশ্চিমদেশ' প্রেমে ভাসাইলা ॥ ২২১ ॥

প্রভুর প্রয়াগে আগমন, দশদিন ত্রিবেণী-দর্শন ও স্নান ঃ—

এইমত চলি' প্রভু 'প্রয়াগ' আইলা ।
দশদিন ত্রিবেণীতে মকর-স্নান কৈলা ॥ ২২২ ॥

অগাধ প্রভুচরিত্র ; বৃন্দাবন প্রেম-বর্ণনে সাক্ষাৎ শেষেরও অসামর্থ্য ঃ—

বৃন্দাবন-গমন, প্রভু-চরিত্র অনন্ত ।
'সহস্র-বদন' যাঁর নাহি পা'ন অন্ত ॥ ২২৩ ॥

গ্রন্থকারের দৈন্য ও দিগ্‌দর্শনমাত্র বর্ণন ঃ—

তাহা কে কহিতে পারে ক্ষুদ্র জীব হঞা ।
দিগ্‌দরশন কৈলুঁ মুঞি সূত্র করিয়া ॥ ২২৪ ॥

দুর্ভাগ্য-ব্যক্তিরই চৈতন্যলীলায় অবিশ্বাস ঃ—

অলৌকিক-লীলা প্রভুর অলৌকিক-রীতি ।
শুনিলেও ভাগ্যহীনের না হয় প্রতীতি ॥ ২২৫ ॥

সকল শ্রোতাকেই চৈতন্যলীলায় দৃঢ়শ্রদ্ধা ও বাস্তবসত্য-বস্তুজ্ঞানে বিশ্বাস করিতে অনুরোধ ঃ—

আদ্যোপান্ত চৈতন্যলীলা—'অলৌকিক' জান' ।
শ্রদ্ধা করি' শুন ইহা, 'সত্য' করি' মান' ॥ ২২৬ ॥

অবিশ্বাসী ও তার্কিকের স্বীয় অমঙ্গল আনয়ন ঃ—

যেই তর্ক করে ইঁহা, সেই—'মূর্খরাজ' ।
আপনার মুণ্ডে সে আপনি পাড়ে বাজ ॥ ২২৭ ॥

চৈতন্যচরিতামৃত-রসামৃতসিন্ধুর জলে জগৎ প্লাবিত ঃ—

চৈতন্য-চরিত্র এই—'অমৃতের সিন্ধু' ।
জগৎ আনন্দে ভাসায় যার একবিন্দু ॥ ২২৮ ॥

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২২৯ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে শ্রীবৃন্দাবনদর্শন-বিলাসো নাম অষ্টাদশ-পরিচ্ছেদঃ ।

অনুভাষ্য

২১৫। সেই বিপ্রে, কৃষ্ণদাসে—মাধবেন্দ্রপুরীর শিষ্য সানোড়িয়া-ব্রাহ্মণকে ও কৃষ্ণদাস-রাজপুতকে সোরো হইতে বিদায় দিলেন।

২২১। 'পশ্চিম'-দেশ—কেহ কেহ বলেন, এইকালে শ্রীমন্মহাপ্রভু বৃন্দাবন হইতে কুরুক্ষেত্রে গিয়া প্রয়াগে যান। কুরুক্ষেত্রে ভদ্রকালী-মন্দিরের নিকট শ্রীগৌরবিগ্রহ অদ্যাপি বিরাজমান।

ইতি অনুভাষ্যে অষ্টাদশ পরিচ্ছেদ।

ঊনবিংশ পরিচ্ছেদ

কথাসার—রূপ-সনাতন রামকেলিগ্রামে মহাপ্রভুকে দর্শন করিয়া অবধি বিষয়ত্যাগের উপায় সৃষ্টি করিতে লাগিলেন। চৈতন্য-পাদাশ্রয় পাইবার জন্য 'কৃষ্ণমন্ত্রে' দুইটী পুরশ্চরণ করাইলেন। রূপগোস্বামী গৌড়ে দশহাজার মুদ্রা রাখিয়া নিজের সঞ্চিত সমস্ত ধন নৌকায় উঠাইয়া বাক্লা-চন্দ্রদ্বীপে গমন করিলেন। ব্রাহ্মণ, বৈষ্ণব ও কুটুম্বগণের মধ্যে এবং দণ্ডবন্ধ-নিবারণের জন্য অর্থবিভাগ করিয়া দিলেন। মহাপ্রভু বনপথে কোন্‌দিন বৃন্দাবন যাত্রা করিবেন, ইহা জানিবার জন্য তিনি দুইজন চর পুরুষোত্তম-ক্ষেত্রে পাঠাইলেন। এদিকে শ্রীসনাতন গোস্বামী পীড়াচ্ছলে পণ্ডিতগণকে লইয়া ভাগবতাদি আলোচনা করিতে লাগিলেন। গৌড়েশ্বর বাদ্‌শাহ হুসেনসাহ প্রথমে বৈদ্যদ্বারা, পরে নিজে স্বচক্ষে দেখিয়া সনাতনের রাজকার্য্য পরিত্যাগ-ছল জানিতে পারিয়া তাঁহাকে জেলখানায় (কারাগারে) আবদ্ধ করত উড়িষ্যা দেশে যুদ্ধযাত্রা করিলেন।

শ্রীরূপদ্বারা ব্রজরসকেলিতত্ত্ব-প্রকটনকারী গৌরসুন্দর ঃ—

বৃন্দাবনীয়াং রসকেলিবার্ত্তাং
কালেন লুপ্তাং নিজশক্তিমুৎকঃ ।
সঞ্চার্য্য রূপে ব্যতনোৎ পুনঃ স
প্রভুর্বিধৌ প্রাগিব লোকসৃষ্টিম্ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

প্রভু-দর্শনানন্তর রূপ-সনাতনের স্বগৃহে গমন ঃ—

শ্রীরূপ-সনাতন রহে রামকেলি-গ্রামে ।
প্রভুরে মিলিয়া গেলা আপন-ভবনে ॥ ৩ ॥

বিষয়-ত্যাগ ও প্রভু-প্রাপ্তির জন্য উভয়ের পুরশ্চরণ ঃ—

দুইভাই বিষয়-ত্যাগের উপায় সৃজিল ।
বহুধন দিয়া দুই ব্রাহ্মণে বরিল ॥ ৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মার হৃদয়ে যেরূপ (সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাত্মক ভগবত্তত্ত্ব) প্রেরণা করিয়াছিলেন, সেইরূপ শ্রীরূপ গোস্বামীতে সমুৎসুক হইয়া নিজ-শক্তি সঞ্চারণপূর্ব্বক কাল-ধর্ম্মে লুপ্ত হইয়াছে যে বৃন্দাবনের রসকেলিবার্ত্তা তাহা বিস্তার করিয়াছিলেন।

অনুভাষ্য

১। সঃ প্রভুঃ (শ্রীগৌরঃ) উৎকঃ (উৎকণ্ঠিতঃ সন্) লোক-সৃষ্টিং প্রাক্ (বিশ্ব-সৃষ্ট্যাদেঃ পূর্ব্বং) বিধৌ (বিধাতরি ব্রহ্মণি) ইব রূপে (শ্রীরূপগোস্বামিনি) নিজশক্তিং সঞ্চার্য্য (নিধায়) কালেন (কালধর্ম্মেণ) লুপ্তাম্ (অন্তর্হিতামিতি) বৃন্দাবনীয়াং রসকেলিবার্ত্তাং (বৃন্দাবনসম্বন্ধিনীং শ্রীব্রজেন্দ্রনন্দন-বিলাস-কথাং) পুনঃ ব্যতনোৎ (প্রকাশিতবান্)।

৫। পুরশ্চরণ—মধ্য, ১৫শ পঃ ১০৮ সংখ্যা দ্রষ্টব্য।

মহাপ্রভু বনপথে যাত্রা করিলে শ্রীরূপ-গোস্বামী গৃহত্যাগ-সময়ে সনাতন-গোস্বামীকে সংবাদ পাঠাইয়া নিজ-ভ্রাতা অনুপম মল্লিকের সহিত মহাপ্রভুর উদ্দেশে যাত্রা করিলেন। প্রয়াগে পৌঁছিয়া মহাপ্রভুর নিকট দশদিন রহিলেন। ইত্যবসরে বল্লভ-ভট্ট মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া বিশেষ সম্মান করিলেন। শ্রীরূপকে বল্লভভট্টের সহিত মহাপ্রভু পরিচয় করিয়া দিলেন। তাহার পর রঘুপতি উপাধ্যায় তথায় পৌঁছিলে মহাপ্রভুর সহিত অনেক রসালাপ হইল। এইস্থলে কবিরাজ-গোস্বামী শ্রীরূপ ও শ্রীসনাতনের ব্রজজীবন কতকটা বর্ণন করিয়াছেন। প্রয়াগে দশদিবস থাকায় মহাপ্রভু শ্রীরূপকে ভক্তিরসতত্ত্ব সূত্র-রূপে শিক্ষা দিয়া রসামৃতসিন্ধু-রচনার আজ্ঞা দিলেন। শ্রীরূপকে তথা হইতে বৃন্দাবন পাঠাইয়া মহাপ্রভু কাশী গিয়া চন্দ্রশেখরের গৃহে বাসা গ্রহণ করিলেন। (অঃ প্রঃ ভাঃ)

কৃষ্ণমন্ত্রে করাইল দুই পুরশ্চরণ ।
অচিরাৎ পাইবারে চৈতন্য-চরণ ॥ ৫ ॥

শ্রীরূপের ফতেয়াবাদে স্বগৃহে আগমন ঃ—

শ্রীরূপ-গোসাঞি তবে নৌকাতে ভরিয়া ।
আপনার ঘরে আইলা বহুধন লঞা ॥ ৬ ॥

ব্রাহ্মণ-বৈষ্ণবকে $^{১}/_{২}$, স্বজনবর্গকে $^{১}/_{৪}$ ধন বিতরণ ঃ—

ব্রাহ্মণ-বৈষ্ণবে দিলা তার অর্দ্ধ-ধনে ।
এক চৌঠি ধন দিলা কুটুম্ব-ভরণে ॥ ৭ ॥

ভাবি-বিপদুদ্ধার-জন্য ধন-রক্ষণ ঃ—

দণ্ডবন্ধ লাগি' চৌঠি সঞ্চয় করিলা ।
ভাল-ভাল বিপ্র-স্থানে স্থাপ্য রাখিলা ॥ ৮ ॥

গৌড়ে সনাতনের জন্য ১০,০০০ মুদ্রা-রক্ষণ ঃ—

গৌড়ে রাখিল মুদ্রা দশ-হাজারে ।
সনাতন ব্যয় করে, রাখে মুদি-ঘরে ॥ ৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮। দণ্ডবন্ধ—উপস্থিত বিপদ্ রাজদণ্ড ও বন্ধনাদির নিবারণের জন্য।

অনুভাষ্য

প্রভুর পুরী-গমন ও বৃন্দাবনে গমনোদ্যাগ-বার্ত্তা-শ্রবণ ঃ—

শ্রীরূপ শুনিল প্রভুর নীলাদ্রি-গমন ।
বনপথে যাবেন প্রভু শ্রীবৃন্দাবন ॥ ১০ ॥

তজ্জন্য দূতদ্বয়-প্রেরণ ঃ—

রূপ-গোসাঞি নীলাচলে পাঠাইল দুইজন ।
প্রভু যবে বৃন্দাবন করেন গমন ॥ ১১ ॥
"শীঘ্র আসি' মোরে তাঁর দিবা সমাচার ।
শুনিয়া তদনুরূপ করিব ব্যবহার ॥" ১২ ॥

শ্রীসনাতনের রাজকার্য্য হইতে অবসর-গ্রহণ-সুযোগান্বেষণ ঃ—

এথা সনাতন-গোসাঞি ভাবে মনে মন ।
"রাজা মোরে প্রীতি করে, সে—মোর বন্ধন ॥ ১৩ ॥

রাজার অপ্রীতিভাজন হইবার যত্ন ঃ—

কোন মতে রাজা যদি মোরে ক্রুদ্ধ হয় ।
তবে অব্যাহতি হয়, করিলুঁ নিশ্চয় ॥' ১৪ ॥

রোগের ছল ঃ—

অস্বাস্থ্যের ছদ্ম করি' রহে নিজ-ঘরে ।
রাজকার্য্য ছাড়িলা, না যায় রাজদ্বারে ॥ ১৫ ॥

স্বগৃহে ভাগবত-বিচার ঃ—

লোভী কায়স্থগণ রাজকার্য্য করে ।
আপনে স্বগৃহে করে শাস্ত্রের বিচারে ॥ ১৬ ॥
ভট্টাচার্য্য পণ্ডিত বিশ ত্রিশ লঞা ।
ভাগবত-বিচার করেন সভাতে বসিয়া ॥ ১৭ ॥

একদিন হঠাৎ বাদ্‌শাহের আগমন ঃ—

আর দিন গৌড়েশ্বর, সঙ্গে একজন ।
আচম্বিতে গোসাঞি-সভাতে কৈল আগমন ॥ ১৮ ॥

সকলের সসম্ভ্রমে বাদ্‌শাহকে অভ্যর্থনা ঃ—

পাৎসাহ দেখিয়া সবে সম্ভ্রমে উঠিলা ।
সম্ভ্রমে আসন দিয়া রাজারে বসাইলা ॥ ১৯ ॥

বাদ্‌শাহের উক্তি, সনাতনের অভিসন্ধি-জিজ্ঞাসা ঃ—

রাজা কহে,—"তোমার স্থানে বৈদ্য পাঠাইলুঁ ।
বৈদ্য কহে,—ব্যাধি নাহি, সুস্থ যে দেখিলুঁ ॥ ২০ ॥
আমার যে কিছু কার্য্য, সব তোমা লঞা ।
কার্য্য ছাড়ি' রহিলা তুমি ঘরেতে বসিয়া ॥ ২১ ॥
মোর যত কার্য্য-কাম, সব কৈলা নাশ ।
কি তোমার হৃদয়ে আছে, কহ মোর পাশ ॥" ২২ ॥

সনাতনের রাজকার্য্যে অনিচ্ছা-জ্ঞাপন ঃ—

সনাতন কহে,—"নহে আমা হৈতে কাম ।
আর একজন দিয়া কর সমাধান ॥" ২৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫। ছদ্ম—ছল।

১৬। যে-সময়ে সনাতন-গোস্বামী রাজমন্ত্রী ছিলেন, তৎকালে তাঁহার অধীনে কতকগুলি 'কায়স্থ' কর্ম্মচারী ছিল। সনাতনের বৈরাগ্যভাব দেখিয়া তন্মধ্যে কোন কোন জন সনাতনের পদ পাইবার লোভে রাজকার্য্যে বিশেষ নৈপুণ্য দেখাইতে লাগিলেন। কিংবদন্তী এই যে, সনাতন-গোস্বামী পদ ত্যাগ করিলে তাঁহার অধীনস্থ কর্ম্মচারী প্রসিদ্ধ পুরন্দর খাঁন ঐ পদ পাইয়াছিলেন।

অনুভাষ্য

১৭। ভাগবত-বিচার—বিদ্যা 'দুই' প্রকার ; (মুঃ উঃ ১।১।৪-৫)—"দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হ স্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি—পরা চৈবাপরা চ। তত্রাপরা ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে।"✦ পরা বিদ্যার কথা ব্রহ্মসূত্রে বা বেদান্তেই আখ্যাত হইয়াছে। মুক্তিকামী বৈদান্তিকগণ—ধর্ম্মার্থকামীর ন্যায় কৈতবযুক্ত। তজ্জন্য অপরা-বিদ্যাপর ও পরা-বিদ্যাপর শাস্ত্রসমূহের শুদ্ধভক্তিবিরোধী মোক্ষাভিসন্ধিযুক্ত যে-সকল বক্তব্যাদি, তাহা সমস্তই ছলপূর্ণ ; কিন্তু শ্রীমদ্ভাগবত-শাস্ত্র তাদৃশ নহেন। যমদণ্ড্য কর্ম্মিগণ বা অহংগ্রহোপাসকগণ শ্রীমদ্ভাগবত-বিচারে সম্পূর্ণ অযোগ্য ; বৈষ্ণবগণই একমাত্র ভাগবতের বিচার করিয়া ভক্তিবলে সংসার হইতে বিমুক্ত হন ; (ভাঃ ১২।১৩।১৮)—"শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ং, যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে। যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং, তচ্ছৃণ্বন্ সুপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ।।"✱

১৮। গৌড়েশ্বর—আলাউদ্দীন সৈয়দ হুসেন সাহ সেরিফ মক্কা ১৪২০ শকাব্দ হইতে ১৪৪৩ শকাব্দা পর্য্যন্ত গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। সুতরাং ১৪২৪ শকাব্দায় এই হুসেন সাহই শ্রীসনাতনের সভায় উপস্থিত হন।

✦ ব্রহ্মবিদ্‌গণ বলেন,—বিদ্যা পরা ও অপরা-ভেদে দ্বিবিধা বলিয়া জানিতে হইবে। তন্মধ্যে ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ ও জ্যোতিষ—ইহারা অপরা বিদ্যা। আর যাহাদ্বারা অক্ষরব্রহ্মকে জানা যায়, তাহা পরা বিদ্যা।

✱ শ্রীমদ্ভাগবত নির্ম্মল পুরাণ—ইহা বৈষ্ণবগণের প্রিয়। ইহাতে এক অমল পারমহংস্য-জ্ঞান বর্ণিত আছে—জ্ঞান-বিরাগ-ভক্তিসমন্বিত নৈষ্কর্ম্ম্য-জ্ঞান আবিষ্কৃত হইয়াছে। মানব ভক্তিসহকারে ইহা শ্রবণ, পাঠ ও বিচার করিলে বিমুক্তি লাভ করেন।

বাদ্‌শাহের ক্রোধোক্তি ঃ—

তবে ক্রুদ্ধ হঞা রাজা কহে আরবার ।
"তোমার 'বড় ভাই' করে দস্যু-ব্যবহার ॥ ২৪ ॥
জীব-পশু মারি' কৈল চাক্‌লা সব নাশ ।
এথা তুমি কৈলা মোর সর্ব্ব কার্য্য নাশ ॥" ২৫ ॥

সনাতনের কার্য্যচ্যুতিরূপ শাস্তি-প্রার্থনা ঃ—

সনাতন কহে,—"তুমি স্বতন্ত্র গৌড়েশ্বর ।
যে যেই দোষ করে, দেহ' তার ফল ॥" ২৬ ॥

বাদ্‌শাহের আজ্ঞায় সনাতনের বন্ধন ঃ—

এত শুনি' গৌড়েশ্বর উঠি' ঘরে গেলা ।
পলাইব বলি' সনাতনেরে বান্ধিলা ॥ ২৭ ॥

বাদ্‌শাহের উড়িষ্যায় অভিযান ; সনাতনকে সঙ্গে আহ্বান ঃ—

হেনকালে গেল রাজা উড়িয়া মারিতে ।
সনাতনে কহে,—"তুমি চল মোর সাথে ॥" ২৮ ॥

বিষ্ণুবিরোধকার্য্যে সনাতনের অসহযোগ ঃ—

তেঁহো কহে,—"যাবে তুমি দেবতায় দুঃখ দিতে ।
মোর শক্তি নাহি, তোমার সঙ্গে যাইতে ॥" ২৯ ॥

বাদ্‌শাহের যাত্রা, প্রভুরও পুরী হইতে বৃন্দাবন-যাত্রা ঃ—

তবে তাঁরে বান্ধি' রাখি' করিলা গমন ।
এথা নীলাচল হৈতে প্রভু চলিলা বৃন্দাবন ॥ ৩০ ॥

শ্রীরূপকে সেই দূতদ্বয়ের প্রভুর বৃন্দাবন-যাত্রা-বার্ত্তা-দান ঃ—

তবে সেই দুই চর রূপ-ঠাঞি আইল ।
'বৃন্দাবন চলিলা প্রভু'—আসিয়া কহিল ॥ ৩১ ॥

সনাতনকে পত্রে রূপের সানুজ প্রভুদর্শনার্থ যাত্রা-সংবাদ-জ্ঞাপন, ও তাঁহাকে যে-কোন উপায়ে চলিয়া আসিতে আহ্বান ঃ—

শুনিয়া শ্রীরূপ লিখিলা সনাতন-ঠাঞি ।
'বৃন্দাবন চলিলা শ্রীচৈতন্য-গোসাঞি ॥ ৩২ ॥
আমি-দুইভাই চলিলাঙ তাঁহারে মিলিতে ।
তুমি যৈছে তৈছে ছুটি' আইস তাঁহা হৈতে ॥ ৩৩ ॥

গৌড়ে রক্ষিত ১০,০০০ মুদ্রা সাহায্যে বন্ধন-মোচন করিতে যুক্তি-দান ঃ—

দশসহস্র মুদ্রা তথা আছে মুদি-স্থানে ।
তাহা দিয়া কর শীঘ্র আত্ম-বিমোচনে ॥ ৩৪ ॥
যৈছে তৈছে ছুটি' তুমি আইস বৃন্দাবন ।'
এত লিখি' দুইভাই করিলা গমন ॥ ৩৫ ॥

অনুপমের পরিচয় ঃ—

অনুপম মল্লিক, তাঁর নাম—'শ্রীবল্লভ' ।
রূপ-গোসাঞির ছোটভাই—পরম বৈষ্ণব ॥ ৩৬ ॥

ভ্রাতৃদ্বয়ের প্রয়াগে আগমন ও তথায় প্রভুর অবস্থিতি-শ্রবণে আনন্দ ঃ—

তাঁহারে লঞা রূপ-গোসাঞি প্রয়াগে আইলা ।
মহাপ্রভু তাঁহা শুনি' আনন্দিত হৈলা ॥ ৩৭ ॥

প্রয়াগে প্রভুর বিন্দুমাধব-দর্শন ও লোক-সংঘট্ট ঃ—

প্রভু চলিয়াছেন বিন্দুমাধব-দরশনে ।
লক্ষ লক্ষ লোক আইসে প্রভুর মিলনে ॥ ৩৮ ॥
কেহ কান্দে, কেহ হাসে, কেহ নাচে, গায় ।
'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলি' কেহ গড়াগড়ি যায় ॥ ৩৯ ॥

প্রেমবন্যায় প্রয়াগ নিমগ্ন ঃ—

গঙ্গা-যমুনা প্রয়াগ নারিল ডুবাইতে ।
প্রভু ডুবাইল কৃষ্ণপ্রেমের বন্যাতে ॥ ৪০ ॥

ভ্রাতৃদ্বয়ের একটু নিভৃতে অবস্থান ঃ—

ভিড় দেখি' দুই ভাই রহিলা নির্জ্জনে ।
প্রভুর আবেশ হৈল মাধব-দরশনে ॥ ৪১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪-২৭। কথিত আছে, সনাতন গোস্বামীকে বাদ্‌শাহ হুসেনসাহ 'কনিষ্ঠ ভাই' বলিয়া মনে করিতেন। যখন সনাতন কর্ম্মত্যাগের নিতান্ত দৃঢ়তা দেখাইলেন, তখন হুসেনসাহ প্রণয়-রোষপূর্ব্বক বলিলেন যে,—"আমি তোমার 'বড় ভাই' ; আমি কিছু রাজ্যপালন করি না, আমি সৈন্যগণ লইয়া যুদ্ধদ্বারা শুধু দেশবিদেশ লুটিয়া বেড়াই এবং জাতিতে যবন হওয়ায় গৌড়-চাক্‌লার মধ্যে মৃগয়া করিয়া বহুবিধ জীব-পশু নাশ করি, এইমাত্র। আমার ভরসাই তুমি ; তোমার বড় ভাই আমি যখন কেবল দস্যু-ব্যবহার ও জীবনাশ-কার্য্যে রহিলাম, আর, ছোট ভাই তুমিও যখন কার্য্য পরিত্যাগ করিয়া সব কার্য্য নাশ করিলে, তখন রাজ্য কিরূপে চলিবে?" সনাতন রহস্য করিয়া বলিলেন,—'তুমি—গৌড়েশ্বর, স্বতন্ত্র রাজা, দণ্ডমুণ্ডের কর্ত্তা ; যিনি যে দোষ করিয়াছেন, তাঁহাকে তাহার ফল দান কর।' এইবাক্যে গূঢ়রহস্য আছে,—রাজা নিজে দস্যুবৎ ব্যবহার করেন, অতএব তিনি তাহার ফল গ্রহণ করুন এবং মন্ত্রীর (আমার) যখন কার্য্যে আলস্য, তখন তাহার (আমার) কর্ম্মচ্যুতিরূপ ফল হউক।' ইহাতে সনাতনের অভিলষিত বিষয় বুঝিয়া গৌড়েশ্বর উঠিয়া গেলেন।

৩৩। আমি-দুই ভাই—আমি রূপ ও মদ্ভ্রাতা (অনুজ) অনুপম বা বল্লভ।

অনুভাষ্য

২৮। ১৪২৪ শকাব্দায় হুসেন সাহ উৎকলের সামন্তরাজ-গণকে বাধ্য করেন।

৩৬। আদি, ১০ম পঃ ৮৪ সংখ্যা দ্রষ্টব্য।

প্রভুর তাৎকালিক অবস্থা ঃ—

প্রেমাবেশে নাচে প্রভু হরিধ্বনি করি'।
ঊর্দ্ধবাহু করি' বলে—বল 'হরি' 'হরি' ॥ ৪২ ॥
প্রভুর মহিমা দেখি' লোকে চমৎকার।
প্রয়াগে প্রভুর লীলা নারি বর্ণিবার ॥ ৪৩ ॥

দাক্ষিণাত্য-বিপ্র-গৃহে প্রভুর ভিক্ষা ঃ—

দাক্ষিণাত্য-বিপ্র-সনে আছে পরিচয়।
সেই বিপ্র নিমন্ত্রিয়া নিল নিজালয় ॥ ৪৪ ॥

নির্জ্জনে প্রভুসহ ভ্রাতৃদ্বয়ের মিলন ঃ—

বিপ্র-গৃহে আসি' প্রভু নিভৃতে বসিলা।
শ্রীরূপ-বল্লভ দুঁহে আসিয়া মিলিলা ॥ ৪৫ ॥

উভয়ের দৈন্যোক্তি ঃ—

দুইগুচ্ছ তৃণ দুঁহে দশনে ধরিয়া।
প্রভু দেখি' দূরে পড়ে দণ্ডবৎ হঞা ॥ ৪৬ ॥
নানা শ্লোক পড়ি' উঠে, পড়ে বার বার।
প্রভু দেখি' প্রেমাবেশ হইল দুঁহার ॥ ৪৭ ॥

তাঁহাদিগকে দেখিয়া প্রভুর প্রীতি ঃ—

শ্রীরূপে দেখিয়া প্রভুর প্রসন্ন হৈল মন।
"উঠ, উঠ, রূপ, আইস", বলিলা বচন ॥ ৪৮ ॥

কৃষ্ণকৃপায় জীবের সংসার-মোচন-বর্ণন ঃ—

"কৃষ্ণের করুণা কিছু না যায় বর্ণনে।
বিষয়কূপ হৈতে তোমা কাড়িল দুইজনে ॥ ৪৯ ॥

যে-কোন কুলোদ্ভব বৈষ্ণবই ভগবানের ন্যায় সকলের সর্ব্বথা পূজ্য ঃ—

শ্রীহরিভক্তিবিলাসে (১০।৯১)—
ইতিহাসসমুচ্চয়ে ভগবদ্বাক্যে—

ন মেঽভক্তশ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হ্যহম্ ॥" ৫০ ॥

প্রভুর আলিঙ্গন ও উভয়ের মস্তকে স্ব-চরণার্পণ ঃ—

এই শ্লোক পড়ি' দুঁহারে কৈলা আলিঙ্গন।
কৃপাতে দুঁহার মাথায় ধরিলা চরণ ॥ ৫১ ॥

ভ্রাতৃদ্বয়ের প্রভু-স্তব ঃ—

প্রভু-কৃপা পাঞা দুঁহে দুই হাত যুড়ি'।
দীন হঞা স্তুতি করে বিনয় আচরি' ॥ ৫২ ॥

স্বরূপ-নাম-রূপ-গুণ-লীলাময় এবং সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাধিদেবতা শ্রীগৌরের প্রণাম ঃ—

শ্রীরূপ-বচন—

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ ॥ ৫৩ ॥

গ্রন্থকারের গৌর-প্রণাম ঃ—

শ্রীগোবিন্দলীলামৃতে (১।২) গ্রন্থকারবাক্য—

যোঽজ্ঞানমত্তং ভুবনং দয়ালুরুল্লাঘয়ন্নপ্যকরোৎ প্রমত্তম্।
স্বপ্রেমসম্পৎসুধয়াদ্ভুতেহং শ্রীকৃষ্ণচৈতন্যমমুং প্রপদ্যে ॥ ৫৪ ॥

শ্রীরূপের নিকট সনাতনের সংবাদ-জিজ্ঞাসা ঃ—

তবে মহাপ্রভু তাঁরে নিকটে বসাইলা।
'সনাতনের বার্ত্তা কহ'—তাঁহারে পুছিলা ॥ ৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫০। চতুর্ব্বেদপাঠী অর্থাৎ চৌবে-ব্রাহ্মণ হইলেই 'ভক্ত' হয়, এরূপ নয়। আমার ভক্ত চণ্ডাল হইলেও আমার প্রিয় ; ভক্তই যথার্থ দান-পাত্র এবং গ্রহণ-পাত্র ; ভক্তমাত্রেই আমার ন্যায় পূজ্য।

অনুভাষ্য

৫০। অভক্তঃ (শুদ্ধভক্তিবিহীনঃ) চতুর্ব্বেদী (চতুর্ব্বেদনিপুণঃ ব্রাহ্মণঃ) মে (মম) প্রিয়ঃ ন (ভবতি) ; মদ্ভক্তঃ শ্বপচঃ (সুনীচ-কুলোদ্ভবোঽপি) মে প্রিয়ঃ (ভবতি) ; তস্মৈ (শুদ্ধভক্তায় নীচ-কুলোদ্ভবায় শ্বপচায়) [অপি চতুর্ব্বেদকুশলৈর্ব্রাহ্মণাদিভিঃ এব সম্মানাদিকং] দেয়ম্ ; ততঃ (তস্মাৎ নীচকুলোদ্ভূতাৎ শ্বপচাৎ অপি শুদ্ধভক্তাৎ) গ্রাহ্যং (তদুচ্ছিষ্টাদিকং প্রতিগৃহ্নীয়াৎ), যথা অহং (সর্ব্বেশ্বরেশ্বরঃ শ্রীভগবান্ বিষ্ণুঃ) পূজ্যঃ [তথা] সঃ (শ্বপচকুলজাতোঽপি ভক্তঃ) [তচ্ছিষ্যস্থানীয়-ব্রাহ্মণাদিভিঃ সর্ব্বৈঃ এব পূজ্যঃ চ]।

৫৩। মহাবদান্যায় (অতুলপরমকরুণাময়ায়) কৃষ্ণপ্রেম-

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৩। মহাবদান্য, কৃষ্ণপ্রেমপ্রদাতা, কৃষ্ণস্বরূপ, কৃষ্ণচৈতন্যনামা গৌরাঙ্গরূপধারী প্রভু তোমাকে নমস্কার।

৫৪। যে দয়ালু পুরুষ অজ্ঞানমত্ত জগৎকে অজ্ঞানব্যাধি হইতে মোচন করত স্বীয় প্রেমসম্পৎসুধাদ্বারা প্রমত্ত করিয়াছিলেন, আমি সেই অদ্ভুত-চেষ্ট শ্রীকৃষ্ণচৈতন্যের শরণাপন্ন হই।

অনুভাষ্য

প্রদায় (শিববিরিঞ্চদুর্ল্লভকৃষ্ণপ্রেমদাতৃপ্রবরায়) কৃষ্ণচৈতন্য-নাম্নে (কৃষ্ণচৈতন্যাখ্যায়) গৌরত্বিষে (শ্রীরাধাদ্যুতিসুবলিত-গৌরকান্তিময়ায়) কৃষ্ণায় (গোপীজনবল্লভায় গোবিন্দায়) তে (তুভ্যং) নমঃ।

৫৪। যঃ দয়ালুঃ (করুণাময়বিগ্রহঃ) অজ্ঞানমত্তং (মায়াবাদ-কর্ম্মফলভোগাদি-মার্গ-কারণে অজ্ঞানে মত্তং বিহ্বলং) ভুবনং (লোকং) স্বপ্রেমসম্পৎসুধয়া (নিজকৃষ্ণপ্রীতিরূপা সম্পৎ শ্রীঃ সা এব সুধা অমৃতং তয়া) উল্লাঘসন্ (তত্তজ্জ্ঞানাদিকং প্রশময়ন্) প্রমত্তং (ভোগমোক্ষাদি-প্রাকৃতবিষয়াদ্যনুসন্ধানরহিতং নিরন্তর-

রূপকর্ত্তৃক সনাতনের কারাবন্ধন-সংবাদ-দান ঃ—

রূপ কহেন,—"তেঁহো বন্দী রাজ-ঘরে ।
তুমি যদি উদ্ধার', তবে হইবে উদ্ধারে ॥" ৫৬ ॥

প্রভুকর্ত্তৃক সনাতনের বন্ধন-মোচন-সংবাদ-দান ঃ—

প্রভু কহে,—"সনাতনের হঞাছে মোচন ।
অচিরাৎ আমা-সহ হইবে মিলন ॥" ৫৭ ॥

সেইদিন উভয়ের তথায় অবস্থান ঃ—

মধ্যাহ্ন করিতে বিপ্র প্রভুরে কহিলা ।
রূপ-গোসাঞি সে-দিবস তথাঞি রহিলা ॥ ৫৮ ॥

উভয়ের প্রভুভুক্তাবশেষ-প্রাপ্তি ঃ—

ভট্টাচার্য্য দুই ভাইয়ে নিমন্ত্রণ কৈল ।
প্রভুর শেষপ্রসাদ-পাত্র দুইভাই পাইল ॥ ৫৯ ॥

প্রভুর বাসস্থানের নিকটে উভয়ের অবস্থান ঃ—

ত্রিবেণী-উপর প্রভুর বাসা-ঘর স্থান ।
দুইভাই বাসা কৈল প্রভু-সন্নিধান ॥ ৬০ ॥

প্রভুসহ বল্লভ-ভট্টের মিলন ঃ—

সে-কালে বল্লভ-ভট্ট রহে আড়াইল-গ্রামে ।
মহাপ্রভু আইলা শুনি' আইল তাঁর স্থানে ॥ ৬১ ॥

বল্লভভট্টের প্রভু-প্রণাম, উভয়ের কৃষ্ণকথালাপ ঃ—

তেঁহো দণ্ডবৎ কৈল, প্রভু কৈলা আলিঙ্গন ।
দুইজনে কৃষ্ণকথা হৈল ততক্ষণ ॥ ৬২ ॥

প্রভুর প্রেমাবেশ ও বল্লভকে বহিরঙ্গ-দর্শনে তৎ-সঙ্গোপন ঃ—

কৃষ্ণকথায় প্রভুর মহাপ্রেম উথলিল ।
ভট্টের সঙ্কোচে প্রভু সম্বরণ কৈল ॥ ৬৩ ॥

প্রভুর প্রেমাবেশ-দর্শনে বল্লভের বিস্ময় ঃ—

অন্তরে গর-গর প্রেম, নহে সম্বরণ ।
দেখি' চমৎকার হৈল বল্লভ-ভট্টের মন ॥ ৬৪ ॥

প্রভুকে ভট্টের নিমন্ত্রণ, ভট্ট-সমীপে ভ্রাতৃদ্বয়ের পরিচয়-দান ঃ—

তবে ভট্ট মহাপ্রভুরে নিমন্ত্রণ কৈলা ।
মহাপ্রভু দুইভাই তাঁহারে মিলাইলা ॥ ৬৫ ॥

অমানী হইয়া উভয়ের বল্লভকে মান-দান ঃ—

দুইভাই দূর হৈতে ভূমিতে পড়িয়া ।
ভট্টে দণ্ডবৎ কৈলা অতি দীন হঞা ॥ ৬৬ ॥

ভট্টের আলিঙ্গন-চেষ্টায় উভয়ের পশ্চাদ্‌গমন ঃ—

ভট্ট মিলিবারে যায়, দুঁহে পলায় দূরে ।
"অস্পৃশ্য পামর মুঞি, না ছুঁইহ মোরে ॥" ৬৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬১। বল্লভ-ভট্ট—ইনি বৈষ্ণবপণ্ডিত। প্রথমে শ্রীমন্মহাপ্রভুর সম্প্রদায়ে প্রবিষ্ট হইয়াও অধিক সম্মান না পাইয়া বিষ্ণুস্বামি-সম্প্রদায়ে আচার্য্যত্ব লাভ করিয়াছিলেন। ইঁহাকেই লোকে 'বল্লভাচার্য্য' বলে। গোকুলে এবং বোম্বাই-প্রদেশে ইঁহার অনেক আধিপত্য। ইঁহার কৃত 'অনুভাষ্য', 'ষোড়শ গ্রন্থ' প্রভৃতি অনেক গ্রন্থ আছে।

অনুভাষ্য

কৃষ্ণানুশীলানসক্তম্) অকরোৎ, অমুং (তং) অদ্ভুতেহম্ (অশ্রুত-পূর্ব্বচেষ্টাযুক্তং) শ্রীকৃষ্ণচৈতন্যম্ [অহং] প্রপদ্যে (প্রপন্নোঽস্মি)।

৬১। বল্লভভট্ট—ইনি ত্রৈলঙ্গদেশে 'নিডাডাভলু'-রেলষ্টেশন হইতে ১৬ মাইল অন্তরে 'কাঙ্কড়বাড়' বা 'কাকুঁরপাঢ়ু'-নামক গ্রামনিবাসী 'লক্ষ্মণ-দীক্ষিতে'র তনয়। আন্ধ্র-ব্রাহ্মণগণের মধ্যে পাঁচটী বিভাগ আছে,—বেল্ল-নাটী, বেগী-নাটী, মুরকি-নাটী, তেলগু-নাটী ও কাশল-নাটী ; তন্মধ্যে বেল্লনাটী আন্ধ্র-ব্রাহ্মণ-কুলে ১৪০০ শকাব্দায় শ্রীবল্লভাচার্য্য জাত হন। কেহ কেহ বলেন,—বল্লভের জন্ম হইবার পূর্ব্বেই তাঁহার পিতা সন্ন্যাস গ্রহণপূর্ব্বক গৃহত্যাগ করেন, পরে পুনর্ব্বার গৃহে প্রত্যাগমন-পূর্ব্বক বল্লভাচার্য্যকে পুত্ররূপে প্রাপ্ত হন।

অন্যমতে,—বিক্রমসম্বৎ ১৫৩৫ অর্থাৎ ১৪০০ শকাব্দার চৈত্রী কৃষ্ণা একাদশী-তিথিতে ত্রৈলঙ্গদেশীয় বেল্লনাটী-ব্রাহ্মণ

অমৃতপ্রবাহ ভাষ্য

আড়াইল-গ্রাম—সঙ্গমের নিকট যমুনার অপর পারে (প্রায় একমাইল দূরে) অড়েলী-গ্রাম বা আড়াইল-গ্রাম ; (এখানে 'বল্লভী'-সম্প্রদায়ের একটী প্রাচীন বিষ্ণুমন্দির বর্ত্তমান।)

অনুভাষ্য

বংশসম্ভূত 'খম্ভংপাটীবারু' উপাধিধারী লক্ষ্মণ-ভট্টদীক্ষিতের পুত্র-রূপে বল্লভাচার্য্য 'চম্পকারণ্যে', মতান্তরে,—মধ্যপ্রদেশের অন্তর্গত বি, এন, আর, লাইনে রাজিম ষ্টেশনের নিকট চাঁপাঝার-গ্রামে প্রাদুর্ভূত হন। একাদশ বর্ষকাল পর্য্যন্ত কাশীতে বাস করিয়া বিদ্যাধ্যয়নানন্তর স্বদেশে প্রত্যাবর্ত্তনকালে পথিমধ্যে শেষাদ্রিতে তাঁহার পিতার পরলোকপ্রাপ্তি-শ্রবণ ঘটে। ভ্রাতা ও মাতাকে গৃহে রাখিয়া তুঙ্গভদ্রা-তীরে বিদ্যানগরে গমনপূর্ব্বক বুক্করাজের পৌত্র কৃষ্ণদেবের উল্লাসবিধান করেন। অতঃপর তিনবার ষড়বর্ষব্যাপী দিগ্বিজয়ে অষ্টাদশবর্ষ যাপন করেন। ত্রিংশদ্‌বর্ষ বয়ঃক্রমকালে কাশীতে 'মহালক্ষ্মী'-নাম্নী স্বজাতীয় ব্রাহ্মণ-তনয়ার পাণিগ্রহণ করেন। গোবর্দ্ধন-পর্ব্বতের অধিত্যকায় শ্রীমূর্ত্তিস্থাপনপূর্ব্বক প্রয়াগের নিকট আড়াইল গ্রামে অবস্থিতি করেন। ইঁহার দুইপুত্র —গোপীনাথ ও বিঠ্ঠলেশ্বর। শেষবয়সে ত্রিদণ্ডসন্ন্যাস গ্রহণ করিয়া ১৪৫২ শকাব্দায় তিনি বারাণসীতে পরলোক গমন করেন। বল্লভের 'ষোড়শগ্রন্থ', ব্রহ্মসূত্রের 'অনুভাষ্য', শ্রীমদ্ভাগবতের 'সুবোধিনী'-টীকা প্রভৃতি কয়েকখানি গ্রন্থ ব্যতীত আরও অনেক গ্রন্থ আছে।

কুলীন পণ্ডিতাভিমানী বল্লভকে বহিরঙ্গ-জ্ঞানে প্রভুর জড়-প্রতিষ্ঠা-দান বা ছলনা ঃ—

ভট্টের বিস্ময় হৈল, প্রভুর হর্ষ মন ।
ভট্টেরে কহিলা প্রভু তাঁর বিবরণ ॥ ৬৮ ॥

"ইঁহো না স্পর্শিহ, ইঁহো জাতি অতি-হীন!
বৈদিক, যাজ্ঞিক তুমি কুলীন প্রবীণ!!" ৬৯ ॥

উভয়ের মুখে নিরন্তর কৃষ্ণনাম-শ্রবণে ভট্টের বিস্ময় ও উভয়কে সর্ব্বোত্তম-জ্ঞান ঃ—

দুঁহার মুখে নিরন্তর কৃষ্ণনাম শুনি' ।
ভট্ট কহে, প্রভুর কিছু ইঙ্গিত-ভঙ্গী জানি' ॥ ৭০ ॥

"দুঁহার মুখে কৃষ্ণনাম করিছে নর্ত্তন ।
এই দুই 'অধম' নহে, হয় সর্ব্বোত্তম ॥ ৭১ ॥

শ্রীমদ্ভাগবতে (৩।৩৩।৭)—

অহো বত শ্বপচোহতো গরীয়ান্ যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা ব্রহ্মানুচুর্নাম গৃণন্তি যে তে ॥"৭২॥

ভট্টের সুবুদ্ধি-দর্শনে ও সুসিদ্ধান্ত-শ্রবণে প্রভুর প্রশংসা ঃ—

শুনি' মহাপ্রভু তাঁরে বহু প্রশংসিলা ।
প্রেমাবিষ্ট হঞা শ্লোক পড়িতে লাগিলা ॥ ৭৩ ॥

নীচবংশোদ্ভূত হইলেও হরিভক্তই পূজ্য, অভক্ত ব্রাহ্মণব্রুব বেদজ্ঞ হইলেও ঘৃণ্য ঃ—

হরিভক্তিসুধোদয়ে (৩।১১।১২)—

শুচিঃ সদ্ভক্তিদীপ্তাগ্নিদগ্ধদুর্জাতিকল্মষঃ ।
শ্বপাকোহপি বুধৈঃ শ্লাঘ্যো ন বেদজ্ঞোহপি নাস্তিকঃ ॥ ৭৪ ॥
ভগবদ্ভক্তিহীনস্য জাতিঃ শাস্ত্রং জপস্তপঃ ।
অপ্রাণস্যৈব দেহস্য মণ্ডনং লোকরঞ্জনম্ ॥ ৭৫ ॥

প্রভুর প্রেম, প্রভাব-সৌন্দর্য্যাদি-দর্শনে ভট্টের বিস্ময় ঃ—

প্রভুর প্রেমাবেশ, আর প্রভাব ভক্তিসার ।
সৌন্দর্য্যাদি দেখি' ভট্টের হৈল চমৎকার ॥ ৭৬ ॥

সগণ প্রভুসঙ্গে নদী উত্তরণ ঃ—

সগণে প্রভুরে ভট্ট নৌকাতে চড়াঞা ।
ভিক্ষা দিতে নিজ ঘরে চলিলা লঞা ॥ ৭৭ ॥

যমুনার নীলজল-দর্শনে কৃষ্ণোদ্দীপনহেতু প্রভুর প্রেমাবেশ ঃ—

যমুনার জল দেখি' চিক্কণ শ্যামল ।
প্রেমাবেশে মহাপ্রভু হইলা বিহ্বল ॥ ৭৮ ॥

প্রভুর যমুনায় ঝম্পপ্রদান, সকলের ত্রাস ঃ—

হুঙ্কার করি' যমুনার জলে দিলা ঝাঁপ ।
প্রভু দেখি' সবার মনে হৈল ভয়-কাঁপ ॥ ৭৯ ॥

প্রভুকে নৌকায় উত্তোলন, প্রভুর নৃত্য ঃ—

আস্তে-ব্যস্তে সবে ধরি' প্রভুরে উঠাইল ।
নৌকার উপরে প্রভু নাচিতে লাগিল ॥ ৮০ ॥

নৃত্যভরে নৌকা বিচলিত-প্রায় ঃ—

মহাপ্রভুর ভরে নৌকা করে টলমল ।
ডুবিতে লাগিল নৌকা, ঝলকে ভরে জল ॥ ৮১ ॥

বহিরঙ্গ ভট্ট-সমীপে সম্বরণ-চেষ্টা-সত্ত্বেও প্রভুর প্রেম-মত্ততা ঃ—

যদ্যপি ভট্টের আগে প্রভুর ধৈর্য্য হৈল মন ।
দুর্ব্বার উদ্ভট প্রেম, নহে সম্বরণ ॥ ৮২ ॥

প্রভুর ধৈর্য্য-ধারণ ; পরপারে অবতরণ ঃ—

দেশ-পাত্র দেখি' মহাপ্রভু ধৈর্য্য হইল ।
আড়াইলের ঘাটে নৌকা আসি' উত্তরিল ॥ ৮৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৪-৭৫। সচ্চরিত্র, সদ্ভক্তিরূপ দীপ্তাগ্নিদ্বারা যাঁহার দুর্জ্জাতিত্ব-কল্মষ দগ্ধ হইয়াছে, এবম্ভূত চণ্ডালও পণ্ডিতের দ্বারা সম্মানিত, কিন্তু নাস্তিক ব্যক্তি বেদজ্ঞ হইলেও সম্মানযোগ্য নহেন। ভগবদ্ভক্তিহীন ব্যক্তির সজ্জাতি, শাস্ত্রজ্ঞান, জপ ও তপঃ মৃতদেহের অলঙ্কারের ন্যায় কোন কার্য্যেরই নয়, কেবল লোকরঞ্জনমাত্র।

৮৩। সে-দেশ অনেকটা প্রেমশূন্য ও সম্মুখস্থিত বল্লভ-ভট্টও অনেকটা তর্কপ্রিয় ব্যক্তি ; ইহা দেখিয়া মহাপ্রভু ধৈর্য্য ধরিলেন।

অনুভাষ্য

৭২। মধ্য, ১১শ পঃ ১৯২ সংখ্যা দ্রষ্টব্য।

৭৪। সদ্ভক্তিদীপ্তাগ্নিদগ্ধদুর্জাতিকল্মষঃ (সতী ঐকান্তিকী কৃষ্ণভক্তিঃ এব দীপ্তাগ্নিঃ তেন দগ্ধং নিঃশেষিতং দুর্জ্জাত্যাদিকম্ এব কল্মষং প্রারব্ধং পাপং যস্য সঃ, অতঃ কৃষ্ণভজনাদেব) শুচিঃ (সদাচারঃ) শ্বপাকঃ (অতি-নীচকুলোদ্ভবঃ) অপি বুধৈঃ (বিদ্বদ্ভিঃ) শ্লাঘ্যঃ (বরণীয়ঃ), (পরন্তু) নাস্তিকঃ (ভগবৎ-সেবাবিমুখঃ) বেদজ্ঞঃ (বেদশাস্ত্রপারঙ্গতঃ ব্রাহ্মণঃ অপি) ন [পূজ্যঃ, দুঃসঙ্গত্বাৎ পরমার্থপথিকেন সর্ব্বথা পরিত্যাজ্য এবেত্যর্থঃ]।

৭৫। ভগবদ্ভক্তিবিহীনস্য (কৃষ্ণসেবা-বিমুখস্য) জাতিঃ (প্রাক্তন-সুকৃতিবশাৎ উত্তমকুলে জন্মাদিকং) শাস্ত্রং (স্বাধ্যায়াদিকং) জপং (মন্ত্রোচ্চারণাদিকং), তপঃ (সাধনাদ্যনুশীলনং)—[এতৎ সর্ব্বমেব] অপ্রাণস্য (মৃতস্য) দেহস্য মণ্ডনম্ (অলঙ্করণম্ ইব ব্যর্থমকিঞ্চিৎকরং) লোকরঞ্জনং (ব্যবহারিকং জড়লোকানাং বহির্দ্দর্শন-সুখকরমিব নিষ্ফলমিত্যর্থঃ)।

৮২। দুর্ব্বার—যাহার প্রকাশ নিবারণ অর্থাৎ বন্ধ করা যায়

বল্লভকর্ত্তৃক স্নানান্তে প্রভুকে স্বগৃহে আনয়ন ঃ—

ভয়ে ভট্ট সঙ্গে রহে, মধ্যাহ্ন করাঞা ।
নিজ-গৃহে আনিলা প্রভুরে সঙ্গেতে লঞা ॥ ৮৪ ॥

বল্লভের স্বহস্তে প্রভুর পদ-ধৌতি ও সবংশে পাদোদক-সম্মান ঃ—

আনন্দিত হঞা ভট্ট দিল দিব্যাসন ।
আপনে করিল প্রভুর পাদপ্রক্ষালন ॥ ৮৫ ॥

প্রভুকে নববস্ত্র দান ঃ—

সবংশে সেই জল মস্তকে ধরিল ।
নূতন কৌপীন-বহির্ব্বাস পরাইল ॥ ৮৬ ॥

প্রভুকে পূজা ও বলভদ্র-দ্বারা অন্নপাক ঃ—

গন্ধ-পুষ্প-ধূপ-দীপে মহাপূজা কৈল ।
ভট্টাচার্য্যে মান্য করি' পাক করাইল ॥ ৮৭ ॥

প্রভুর ও ভ্রাতৃদ্বয়ের বল্লভ-গৃহে ভোজন সম্পাদন ঃ—

ভিক্ষা করাইল প্রভুরে সস্নেহ যতনে ।
রূপগোসাঞি-দুইভাইয়ে করাইল ভোজনে ॥ ৮৮ ॥

শ্রীরূপ ও কৃষ্ণদাসের প্রভুর অবশেষ-প্রাপ্তি ঃ

ভট্টাচার্য্য শ্রীরূপে দেওয়াইল 'অবশেষ' ।
তবে সেই প্রসাদ কৃষ্ণদাস পাইল শেষ ॥ ৮৯ ॥

বল্লভকর্ত্তৃক প্রভুর পাদ-সম্বাহন ঃ—

মুখবাস দিয়া প্রভুরে করাইল শয়ন ।
আপনে ভট্ট করেন প্রভুর পাদ-সম্বাহন ॥ ৯০ ॥

ভোজন সমাপন করিয়া বল্লভের পুনরাগমন ঃ—

প্রভু পাঠাইল তাঁরে করিতে ভোজনে ।
ভোজন করি' আইলা তেঁহো প্রভুর চরণে ॥ ৯১ ॥

ত্রিহুত-পণ্ডিত রঘুপতি উপাধ্যায়ের আগমন ঃ—

হেনকালে আইলা রঘুপতি উপাধ্যায় ।
তিরুহিতা পণ্ডিত, বড় বৈষ্ণব, মহাশয় ॥ ৯২ ॥

প্রভুকে বন্দনা, প্রভুর আশীর্ব্বাদ ঃ—

আসি' তেঁহো কৈল প্রভুর চরণ বন্দন ।
'কৃষ্ণে মতি রহু' বলি' প্রভুর বচন ॥ ৯৩ ॥

উপাধ্যায়কে কৃষ্ণবর্ণনে আদেশ ঃ—

শুনি' আনন্দিত হৈল উপাধ্যায়ের মন ।
প্রভু তাঁরে কহিল,—"কহ কৃষ্ণের বর্ণন ॥" ৯৪ ॥

উপাধ্যায়ের স্বকৃত শ্লোক-পঠন, প্রভুর প্রেমাবেশ ঃ—

নিজ-কৃত কৃষ্ণলীলা-শ্লোক পড়িল ।
শুনি' মহাপ্রভুর মহা প্রেমাবেশ হৈল ॥ ৯৫ ॥

শ্রীনন্দ-প্রণাম ঃ—

পদ্যাবলীতে (১২৬)-ধৃত শ্লোক—

শ্রুতিমপরে স্মৃতিমিতরে ভারতমন্যে ভজন্তু ভব-ভীতাঃ ।
অহমিহ নন্দং বন্দে যস্যালিন্দে পরং ব্রহ্ম ॥ ৯৬ ॥

'আগে কহ',—প্রভু-বাক্যে উপাধ্যায় কহিল ।
রঘুপতি উপাধ্যায় নমস্কার কৈল ॥ ৯৭ ॥

যামুন-কুঞ্জবিহারী-কৃষ্ণ ঃ—

পদ্যাবলীতে (৯৮)-ধৃত শ্লোক—

কম্প্রতি কথয়িতুমীশে সম্প্রতি কো বা প্রতীতিমায়াতু ।
গোপতি-তনয়াকুঞ্জে গোপবধূটী-বিটং ব্রহ্ম ॥ ৯৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৯২। রঘুপতি-উপাধ্যায়ের কৃত কয়েকটী শ্লোক পদ্যাবলীতে পাওয়া যায়। তাঁহার নিবাস—তির্‌হুত বা মিথিলা-দেশে।

৯৬। ভবভীত ব্যক্তিসকল কেহ শ্রুতিকে, কেহ স্মৃতিকে, কেহ বা মহাভারতকে ভজনা করুন ; (আমি কিন্তু) এইস্থানে শ্রীনন্দেরই বন্দনা করি,—যাঁহার অলিন্দে (বারান্দায়) পরম-ব্রহ্ম কৃষ্ণ খেলা করেন।

৯৮। কাহাকেই বা বলিতে পারি, এখন কেইবা তাহা প্রতীতি করিবে যে,—সূর্য্যতনয়া-কুঞ্জে গোপবধূদিগের লম্পট পরম-ব্রহ্ম লীলা করেন?

অনুভাষ্য

না ; উদ্ভট—উদার, শ্রেষ্ঠ, অভিনব, বিচিত্র, প্রসিদ্ধ, অসাধারণ, প্রবল।

৮৩। দেশ-পাত্র—মগ্নপ্রায় নৌকার উপর নৃত্যাদি সুবিধা-জনক নহে ; আবার, বল্লভদীক্ষিতের ন্যায় হীনপ্রেম পণ্ডিতের নিকটও সাত্ত্বিকভাবের উল্লাস হয় না।

৯২। 'তিরুটিয়া' বা 'তির্‌হুটিয়া'—বর্ত্তমানকালে সারণ, চম্পারণ, মজঃফরপুর ও দ্বারভাঙ্গা—এই চারিটী জিলা তির্‌হুট্-বিভাগের অন্তর্ভুক্ত ; এই প্রদেশের অধিবাসীকে 'তিরুটিয়া' বলে।

৯৬। ভবভীতাঃ (সংসার-ভয়াতুরাঃ) অপরে (হরিজনেতরাঃ মোক্ষাভিলাষিণঃ) শ্রুতিং (বেদশাস্ত্রম্), ইতরে (হরিজনেতরাঃ কেচন ফলকামি-কর্ম্মিণঃ) স্মৃতিং (লৌকিক-প্রয়োগানুষ্ঠানপর-শাস্ত্রম্), অন্যে (সংসারিণঃ) ভারতং (মহাভারতাদি-সকলজনসুখ-পাঠ্যগ্রন্থাদিকং) ভজন্তু ; অহং তু ইহ (জগতি) [তং] নন্দং (ব্রজেন্দ্রং) বন্দে,—যস্য (নন্দস্য) অলিন্দে (বহির্দ্বার-প্রাঙ্গণে) পরংব্রহ্ম (শ্রীকৃষ্ণঃ) [বিরাজতে]।

৯৮। গোপতি-তনয়াকুঞ্জে (গোপতিঃ সূর্য্যঃ তস্য তনয়া কালিন্দী তস্যাঃ তটস্থকুঞ্জে) গোপবধূটীবিটং (গোপবধূট্যঃ

রঘুপতির শ্লোক-পঠনে প্রভুর প্রেমাবেশ ঃ—

প্রভু কহেন,—কহ, তেঁহো পড়ে কৃষ্ণলীলা ।
প্রেমাবেশে প্রভুর দেহ-মন আলুয়াইলা ॥ ৯৯ ॥

উপাধ্যায়ের বিস্ময় ও প্রভুকে 'কৃষ্ণ'-জ্ঞান ঃ—

প্রেম দেখি' উপাধ্যায়ের হৈল চমৎকার ।
'মনুষ্য নহে, ইঁহো—কৃষ্ণ'—করিল নির্দ্ধার ॥ ১০০ ॥

প্রভু-রঘুপতি-সংলাপ ; প্রভুর প্রশ্ন ও উপাধ্যায়ের উত্তর-প্রদান ঃ—

(১) কৃষ্ণের 'শ্যাম'রূপই শ্রেষ্ঠ ঃ—

প্রভু কহে,—"উপাধ্যায়, শ্রেষ্ঠ মান' কায় ?"
'শ্যামমেব পরং রূপং'—**কহে উপাধ্যায় ॥ ১০১ ॥**

(২) মথুরাই শ্রেষ্ঠ ধাম ঃ—

'শ্যাম'-রূপের বাসস্থান শ্রেষ্ঠ মান' কায় ?"
'পুরী মধুপুরী বরা'—**কহে উপাধ্যায় ॥ ১০২ ॥**

(৩) কিশোর-বয়সই আরাধ্য ঃ—

"বাল্য, পৌগণ্ড, কৈশোরে, শ্রেষ্ঠ মান' কায় ?"
'বয়ঃ কৈশোরকং ধ্যেয়ং'—**কহে উপাধ্যায় ॥ ১০৩ ॥**

(৪) অপ্রাকৃত শৃঙ্গার-রসই সর্ব্বোত্তম ও শ্রেষ্ঠ-আরাধ্য ঃ—

"রসগণ-মধ্যে তুমি শ্রেষ্ঠ মান' কায় ?"
'আদ্য এব পরো রসঃ'—**কহে উপাধ্যায় ॥ ১০৪ ॥**

প্রভুর আনন্দ ঃ—

প্রভু কহে,—"ভাল তত্ত্ব শিখাইলা মোরে ।"
এত বলি' শ্লোক পড়ে গদ্গদ-স্বরে ॥ ১০৫ ॥

পদ্যাবলীতে (৮২)-ধৃত মাধবেন্দ্রপুরীকৃত-শ্লোক—

শ্যামমেব পরং রূপং পুরী মধুপুরী বরা ।
বয়ঃ কৈশোরকং ধ্যেয়মাদ্য এব পরো রসঃ ॥ ১০৬ ॥

প্রভুর আলিঙ্গন, উপাধ্যায়ের নৃত্য ঃ—

প্রেমাবেশে প্রভু তাঁরে কৈলা আলিঙ্গন ।
প্রেমে মত্ত হঞা তেঁহো করেন নর্ত্তন ॥ ১০৭ ॥

বল্লভের বিস্ময়, পুত্রকে প্রভুপদে সমর্পণ ঃ—

দেখি' বল্লভ-ভট্ট মনে চমৎকার হৈল ।
দুই (?) পুত্র আনি' প্রভুর চরণে পাড়িল ॥ ১০৮ ॥

আড়াইল-গ্রামবাসীর প্রভু-দর্শন ও বৈষ্ণবত্ব-লাভ ঃ—

প্রভু দেখিবারে গ্রামের সব লোক আইল ।
প্রভু-দরশনে সব লোক 'কৃষ্ণভক্ত' হইল ॥ ১০৯ ॥

ব্রাহ্মণগণের নিমন্ত্রণ, বল্লভের নিবারণ ঃ—

ব্রাহ্মণসকল করেন প্রভুর নিমন্ত্রণ ।
বল্লভ-ভট্ট তাঁ সবারে করেন নিবারণ ॥ ১১০ ॥
"প্রেমোন্মাদে পড়ে গোসাঞি মধ্য-যমুনাতে ।
প্রয়াগে চালাইব, ইঁহা না দিব রহিতে ॥ ১১১ ॥
যাঁর ইচ্ছা, প্রয়াগে যাঞা করিবে নিমন্ত্রণ ।"
এত বলি' প্রভু লঞা করিল গমন ॥ ১১২ ॥

প্রভুকে লইয়া নৌকায় পরপারে প্রয়াগে
বল্লভের আগমন ঃ—

গঙ্গা-পথে মহাপ্রভুরে নৌকাতে বসাঞা ।
প্রয়াগে আইলা ভট্ট গোসাঞিরে লঞা ॥ ১১৩ ॥

প্রভুর দশাশ্বমেধঘাটে নিভৃতে শ্রীরূপকে
শক্তিসঞ্চার ও শিক্ষাদান ঃ—

লোক-ভিড়-ভয়ে প্রভু 'দশাশ্বমেধে' যাঞা ।
রূপ-গোসাঞিরে শিক্ষা করা'ন শক্তি সঞ্চারিয়া ॥ ১১৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৬। শ্যামরূপই সর্ব্বশ্রেষ্ঠ রূপ, মধুপুরীই শ্রেষ্ঠা পুরী, কৈশোর-বয়সই ধ্যেয়, আর আদ্য অর্থাৎ শৃঙ্গার-রসই শ্রেষ্ঠ রস।

অনুভাষ্য

তরুণ্যঃ স্বল্পবয়স্কাঃ গোপরামাঃ,—ক্ষুদ্রার্থে টীপ্, তাসাং বিটং লম্পটং) [পরং] ব্রহ্ম (শ্রীকৃষ্ণঃ) [বিরাজতে ইতি] সম্প্রতি কং [জনং] প্রতি কথয়িতুম্ ঈশে (সমর্থো ভবামি), কঃ বা প্রতীতিং (বিশ্বাসম্) আয়াতু (স্থাপয়েৎ)।

৯৯। আলুয়াইলা—অসংলগ্ন হইল ; প্রাকৃত-বিচার-শূন্য হইয়া মন উদাসীন হওয়ায় দৈহিক ক্রিয়াও শ্লথ হইল।

১০১। প্রভু রঘুপতিকে জিজ্ঞাসা করিলেন যে,—কৃষ্ণ, নারায়ণ, রাম ও নৃসিংহাদি ভগবানের অসংখ্য আকার (রূপ) আছে ; তন্মধ্যে তুমি কোন্ আকারকে সর্ব্বশ্রেষ্ঠ রূপ বলিয়া জানিয়াছ?

অনুভাষ্য

১০২। কৃষ্ণ কখনও মাথুরমণ্ডলে, কখনও বা দ্বারকাপুরে পরব্যোমে অবস্থান করেন ; এতদুভয়ের মধ্যে মধুপুরীরই শ্রেষ্ঠত্ব কথিত হইল ; শ্রীরূপপাদ 'উপদেশামৃতে'—"বৈকুণ্ঠাজ্জনিতো বরা মধুপুরী" ইত্যাদি।

১০৩। কৃষ্ণের ত্রিবিধ বয়োধর্ম্মের মধ্যে তোমার কোন্‌টী উপাদেয় বলিয়া মনে হয়?

১০৬। [ভগবদ্রূপাণাং বর্ণাকারাণাং ভগবন্মূর্ত্তিভেদানাং মধ্যে] শ্যামং (নন্দনন্দন-শ্যামসুন্দরস্য অভ্রবপুঃ) রূপম্ এব পরং (শ্রেষ্ঠম্) ; [পুরীণাং বৈকুণ্ঠ-মথুরাদীনাং মধ্যে] মধুপুরী পুরী (মথুরা এব) বরা (শ্রেষ্ঠা) ; [বাল্য-পৌগণ্ড-কৈশোর-বয়সাং মধ্যে যৌবনপূর্ব্বং ধীরললিত-নায়কোচিতং] কৈশোরকং বয়ঃ [এব] ধ্যেয়ং (নিরন্তরমারাধ্যম্) ; [চিন্ময়রসভেদানাং মধ্যে] আদ্যঃ (মধুরঃ শৃঙ্গারঃ) রসঃ এব পরঃ (শ্রেষ্ঠঃ)।

কৃষ্ণতত্ত্ব, ভক্তিতত্ত্ব ও রসতত্ত্বের সীমা-শিক্ষা ঃ—

কৃষ্ণতত্ত্ব, ভক্তিতত্ত্ব, রসতত্ত্ব-প্রান্ত ।
সব শিখাইল প্রভু ভাগবত-সিদ্ধান্ত ॥ ১১৫ ॥

রামানন্দ-কীর্ত্তিত ভক্তিসিদ্ধান্ত শ্রীরূপকে উপদেশ ঃ—

রামানন্দ-পাশে যত সিদ্ধান্ত শুনিলা ।
রূপে কৃপা করি' তাহা সব সঞ্চারিলা ॥ ১১৬ ॥

শ্রীরূপ-হৃদয়ে সর্ব্বতত্ত্ব-স্ফূর্ত্তি ঃ—

শ্রীরূপ-হৃদয়ে প্রভু শক্তি সঞ্চারিলা ।
সর্ব্বতত্ত্ব-নিরূপিয়া 'প্রবীণ' করিলা ॥ ১১৭ ॥

কবিকর্ণপূরের স্বকৃত-গ্রন্থে শ্রীরূপ-শিক্ষার উল্লেখ ঃ—

শিবানন্দ-সেনের পুত্র 'কবিকর্ণপূর' ।
'রূপের মিলন' স্ব-গ্রন্থে লিখিয়াছেন প্রচুর ॥ ১১৮ ॥

শ্রীরূপ-সনাতনদ্বারা প্রভুর ব্রজলীলা-কথা-প্রকাশ ঃ—

শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (৯।৩৮)—

কালেন বৃন্দাবনকেলিবার্ত্তা লুপ্তেতি তাং খ্যাপয়িতুং বিশিষ্য ।
কৃপামৃতেনাভিষিষেচ দেবস্তত্রৈব রূপঞ্চ সনাতনঞ্চ ॥ ১১৯ ॥

শ্রীরূপের অনুগ্রহ-বিধানকারী প্রভু ঃ—

শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (৯।২৯)—

যঃ প্রাগেব প্রিয়গুণগণৈর্গাঢ়বদ্ধোঽপি মুক্তো
গেহাধ্যাসাদ্রস ইব পরো মূর্ত্ত এবাপ্যমূর্ত্তঃ ।
প্রেমালাপৈর্দৃঢ়তরপরিষ্বঙ্গরঙ্গৈঃ প্রয়াগে
তং শ্রীরূপং সমমনুপমেনানুজগ্রাহ দেবঃ ॥ ১২০ ॥

প্রভুর দ্বিতীয় স্বরূপ, প্রভুর সর্ব্বস্ব শ্রীরূপে
ভক্তিরসতত্ত্ব-শাস্ত্র-বিস্তার ঃ—

শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (৯।৩০)—

প্রিয়স্বরূপে দয়িতস্বরূপে প্রেমস্বরূপে সহজাভিরূপে ।
নিজানুরূপে প্রভুরেকরূপে ততান রূপে স্ববিলাসরূপে ॥১২১॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৫। প্রান্ত—সীমা।

১১৯। কালে বৃন্দাবনকেলি-বার্ত্তা লুপ্ত হইয়াছিল, সেই লীলা বিশেষ করিয়া বিস্তার করিবার জন্য শ্রীগৌরাঙ্গদেব কৃপামৃতের দ্বারা তথায় শ্রীরূপকে এবং শ্রীসনাতনকে অভিষিক্ত করিয়াছিলেন।

অনুভাষ্য

১০৮। দুইপুত্র—গোপীনাথ ও বিঠ্ঠলেশ্বর। শ্রীমন্মহাপ্রভু ১৪৩৪ বা ১৪৩৫ শকাব্দায় প্রয়াগে উপনীত হন ; তৎকালে বিঠ্ঠলের জন্ম হয় নাই ; মধ্য, ১৮শ পঃ ৪৭ সংখ্যা দ্রষ্টব্য।

১১৪। ভগবান্ অনন্তশক্তিসম্পন্ন। শক্তিমান্ ভগবান্ হইতে সুকৃতিমান্ জীব কৃপা-শক্তি লাভ করেন। মায়াকবলে পতিত হইয়া কৃষ্ণবৈমুখ্যরূপ অজ্ঞানবশতঃ জীব সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্বে অপ্রবিষ্ট থাকেন। ভগবান্ গৌরহরি কৃপা করিয়া শ্রীরূপ-গোস্বামীকে তত্ত্ববোধ-শক্তি পূর্ব্বে অর্পণ করিয়া তত্ত্বশিক্ষা দিলেন।

১১৯। কালেন (ভগবদিচ্ছারূপ-কালবশেন) বৃন্দাবনকেলি-বার্ত্তা (বৃন্দাবনসম্বন্ধিনী রসক্রীড়া-কথা) লুপ্তা (আচ্ছন্না আসীৎ) ইতি (অতঃ) তাং (কথাং) বিশিষ্য (বিশিষ্টাং কৃত্বা) খ্যাপয়িতুং (প্রকাশয়িতুং) দেবঃ (শ্রীগৌরহরিঃ) তত্রৈব বৃন্দাবনে রূপং চ সনাতনং চ কৃপামৃতেন (করুণাসুধা-বারিণা) অভিষিষেচ (অভি-ষিক্তবান্)।

১২০। যঃ (শ্রীরূপঃ) প্রাগেব প্রিয়গুণগণৈঃ (প্রিয়স্য গৌরস্য গুণগণৈঃ গুণসমূহৈঃ) গাঢ়বদ্ধঃ (গাঢ়ম্ অতিশয়ং বদ্ধঃ আসক্তঃ) অপি গেহাধ্যাসাৎ (লীলাভিনীত-গৃহাসক্তেঃ) মুক্তঃ (ত্যক্তস্পৃহঃ)

অমৃতপ্রবাহ ভাষ্য

১২০। যিনি পূর্ব্বে প্রিয়গুণসমূহের দ্বারা গাঢ়বদ্ধ হইয়াও গৃহচর্য্যা হইতে মুক্ত হইয়াছিলেন, সেই শ্রীরূপকে, তাঁহার কনিষ্ঠ অনুপমের সহিত, স্বয়ং রসতুল্য অমূর্ত্ত হইয়াও শ্রেষ্ঠ মূর্ত্তিমান্ গৌরাঙ্গদেব, প্রয়াগে প্রেমালাপ ও দৃঢ়তর আলিঙ্গন-দ্বারা অনুগ্রহ করিয়াছিলেন।

১২১। নিজের প্রিয়স্বরূপ, দয়িতস্বরূপ, প্রেমস্বরূপ, স্বাভাবিক মনোজ্ঞরূপবিশিষ্ট এবং নিজের অনুরূপ—এবম্ভূত স্বীয় বিলাস-রূপ শ্রীরূপ-গোস্বামীতে প্রভু (ভক্তিরস-শাস্ত্র) বিস্তার করিয়া-ছিলেন।

অনুভাষ্য

আসীৎ, তং (শ্রীরূপম্) অনুপমেন (অনুজেন) সমং (সার্দ্ধম্) অমূর্ত্তঃ অপি পরঃ মূর্ত্তঃ রসঃ ইব (স্বরূপং প্রকটীকৃত্য) দেবঃ (গৌরঃ) প্রয়াগে (গঙ্গাযামুনসঙ্গমে) প্রেমালাপৈঃ দৃঢ়তর-পরিষ্বঙ্গরঙ্গৈঃ (গাঢ়ালিঙ্গনবিলাসৈঃ) অনুজগ্রাহ (অনুকম্পাং কৃতবান্)।

১২১। প্রিয়স্বরূপে (প্রিয়ঃ ভক্তঃ তৎস্বরূপঃ যঃ তস্মিন্ ভক্তরূপে) দয়িতস্বরূপে (দত্তম্ আত্মস্বরূপং যস্মৈ তস্মিন্) প্রেমস্বরূপে (প্রেমময়-নিজাভিন্ন-রূপে) সহজাভিরূপে (সহজং স্বাভাবিকম্ অভিরূপং মনোজ্ঞং রূপং যস্য তস্মিন্) নিজানুরূপে (প্রেমপ্রকাশকতয়া সদৃশং রূপং যস্য তস্মিন্) একরূপে (একং মুখ্যং রূপং যস্য তস্মিন্) স্ববিলাসরূপে (স্বস্য স্বস্বরূপস্য বিলাসঃ লীলার্থং রূপং যস্য তস্মিন্) রূপে (শ্রীরূপ-গোস্বামিনি) প্রভুঃ (শ্রীমন্মহাপ্রভুঃ) ততান (শ্রীরূপদ্বারৈব ভক্তিরসশাস্ত্রং প্রকাশিতবান্)।

এইমত কর্ণপূর লিখে স্থানে-স্থানে ।
প্রভু কৃপা কৈলা যৈছে রূপ-সনাতনে ॥ ১২২ ॥

শ্রীরূপ-সনাতন—সমগ্র গৌরভক্তের প্রিয়তম ঃ—

মহাপ্রভুর যত বড় বড় ভক্ত মাত্র ।
রূপ-সনাতন—সবার কৃপা-গৌরব-পাত্র ॥ ১২৩ ॥

সকলের আদরের দৃষ্টান্ত ; বৃন্দাবন-দর্শনকারীকে রূপ-সনাতন-সম্বন্ধে সাগ্রহ জিজ্ঞাসা ঃ—

কেহ যদি দেশে যায় দেখি' বৃন্দাবন ।
তাঁরে প্রশ্ন করেন প্রভুর পারিষদগণ ॥ ১২৪ ॥
"কহ,—তাঁহা কৈছে রহে রূপ-সনাতন?
কৈছে রহে, কৈছে বৈরাগ্য, কৈছে ভোজন?? ১২৫ ॥
কৈছে অষ্টপ্রহর করেন শ্রীকৃষ্ণ-ভজন?"
তবে প্রশংসিয়া কহে সেই ভক্তগণ ॥ ১২৬ ॥

শ্রীরূপ-সনাতনের বৈরাগ্যযুগ্-ভক্তিরসপান-মত্ততা-বর্ণন ঃ—

"অনিকেত দুঁহে, বনে যত বৃক্ষগণ ।
এক এক বৃক্ষের তলে এক এক রাত্রি শয়ন ॥ ১২৭ ॥
'বিপ্রগৃহে স্থূলভিক্ষা, কাঁহা মাধুকরী ।
শুষ্ক রুটী-চানা চিবায়, ভোগ পরিহরি' ॥ ১২৮ ॥
করোঁয়া-মাত্র হাতে, কাঁথা, ছিঁড়া-বহির্ব্বাস ।
কৃষ্ণকথা, কৃষ্ণনাম, নর্ত্তন-উল্লাস ॥ ১২৯ ॥
অষ্টপ্রহর কৃষ্ণভজন, চারিদণ্ড শয়নে ।
নাম-সঙ্কীর্ত্তন-প্রেমে সেহ নহে কোন দিনে ॥ ১৩০ ॥
কভু ভক্তিরসশাস্ত্র করয়ে লিখন ।
চৈতন্যকথা শুনে, করে চৈতন্য-চিন্তন ॥" ১৩১ ॥

রূপ-সনাতনের ভজনাচরণ-শ্রবণে ভক্তগণের সুখ ঃ—

এইকথা শুনি' মহান্তের মহাসুখ হয় ।
চৈতন্যের কৃপা যাঁহে, তাঁহে কি বিস্ময়?? ১৩২ ॥

স্ব-কৃত 'ভক্তিরসামৃতসিন্ধু'তে প্রভুকৃপা বর্ণন ঃ—

চৈতন্যের কৃপা রূপ লিখিয়াছেন আপনে ।
রসামৃতসিন্ধু-গ্রন্থের মঙ্গলাচরণে ॥ ১৩৩ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (১।১।২)—

হৃদি যস্য প্রেরণয়া প্রবর্ত্তিতোঽহং বরাকরূপোঽপি ।
তস্য হরেঃ পদকমলং বন্দে চৈতন্যদেবস্য ॥ ১৩৪ ॥

প্রয়াগে দশদিন যাবৎ প্রভুর শ্রীরূপকে শিক্ষাদান ঃ—

এইমত দশদিন প্রয়াগে রহিয়া ।
শ্রীরূপে শিক্ষা দিল শক্তি সঞ্চারিয়া ॥ ১৩৫ ॥

শ্রীরূপশিক্ষা ; সূত্রাকারে ভক্তিরস-লক্ষণ-বর্ণন ঃ—

প্রভু কহে,—"শুন, রূপ, ভক্তিরসের লক্ষণ ।
সূত্ররূপে কহি, বিস্তার না যায় বর্ণন ॥ ১৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৯। করোঁয়া—সন্ন্যাসিদিগের হাতের জলপাত্র।

অনুভাষ্য

১২২। স্থানে-স্থানে—শ্রীচৈতন্যচন্দ্রোদয়-গ্রন্থের ভিন্ন ভিন্ন স্থানে।

১২৮। স্থূলভিক্ষা—যে-ভিক্ষাগ্রহণে উদরপূর্ত্তির জন্য অন্যের নিকট অন্য কোন খাদ্যদ্রব্য ভিক্ষা করিতে হয় না।

মাধুকরী—মৌমাছি যেরূপ নানা পুষ্প হইতে মধু সংগ্রহ করিয়া চক্রে লইয়া যায়, সেইরূপ নানাস্থান হইতে স্বল্প স্বল্প খাদ্যদ্রব্য সংগ্রহ করিয়া যাঁহারা উদরপূরণ করেন, তাঁহাদের বৃত্তিই 'মাধুকরী'-নামে কথিত।

ভোগ-পরিহরি'—সুখলাভের আশায় ইন্দ্রিয়বৃত্তি-বর্দ্ধনার্থ যে-সকল উত্তেজক দ্রব্য ব্যবহৃত হয়, ঐগুলি ত্যাগ করিয়া ভজনোপযোগী জীবনরক্ষা করিবার জন্য শুষ্ক রুটি ও ভর্জ্জিত ছোলাদ্বারা জীবন নির্ব্বাহ করিতেন।

১৩১। এতাদৃশ বৈরাগ্যবিশিষ্ট জীবনে তাঁহারা কখনও ভক্তিরসশাস্ত্র লিখিয়া কৃষ্ণভজন করিতেন, কোন-সময়ে নাম-সঙ্কীর্ত্তন এবং কোনসময় গৌর-লীলা-স্মরণ-মননাদিদ্বারা কৃষ্ণ-ভজন করিতেন। প্রাকৃত-সহজিয়াদিগের মধ্যে এই বিশ্বাস প্রবল

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৪। হৃদয়ে যাঁহার প্রেরণাদ্বারা সামান্য কাঙ্গালরূপ আমি ভক্তিগ্রন্থ-রচনে প্রবর্ত্তিত হইয়াছি, সেই শ্রীচৈতন্যদেব হরির পদকমল আমি বন্দনা করি।

অনুভাষ্য

যে, ভক্তিশাস্ত্র-লিখন-পঠনাদি পরিত্যাগ করিয়া নিজ-মূর্খতা-সাধনোদ্দেশে শাস্ত্রাদি-আলোচনা হইতে বিরাম লাভই ভক্তির 'সাধন'! শ্রীরূপানুগ-ভক্তের তাদৃশ কথায় আস্থা নাই ; তবে সাধকের শাস্ত্রলিখনপঠনাদিতে যদি অর্থোপার্জ্জন-বাঞ্ছামূলে জড়েন্দ্রিয়-তর্পণ, জড়ীয় প্রতিষ্ঠা বা পূজা, লাভ বা অন্য কোন ক্ষুদ্র অবান্তর উদ্দেশ্য থাকে,—যাহা 'উপশাখা'-নামে কথিত,—তাহা হইলে সেরূপ ভ্রষ্টাচার-পরায়ণের কখনও মঙ্গল হয় না। প্রকৃত শ্রীমদ্রূপানুগের এরূপ ক্ষুদ্র ফলভোগমূলক কর্ম্মবাসনা নাই।

১৩৪। [নিজ-ভগবৎসেবা-প্রবর্ত্তকং স্বাশ্রয়চরণকমলং ভগবন্তং গৌরহরিং নমস্করোতি—] অহং বরাকরূপঃ (ক্ষুদ্র-দীন-রূপঃ ; স্বয়ং গোস্বামিকুলচূড়ামণেরপি অতিদৈন্যবশাদেবেয়-মুক্তিঃ) অপি যস্য (কর্ত্তৃভূতস্য গৌরস্য) হৃদি (মনসি) প্রেরণয়া (হৃদ্বিষয়ানুজ্ঞয়া) প্রবর্ত্তিতঃ (প্রেরিতঃ), তস্য চৈতন্যদেবস্য হরেঃ

প্রভুর কৃপায় রূপের ভক্তিরসামৃতসিন্ধুর বিন্দুপান ঃ—

পারাপার-শূন্য গভীর ভক্তিরস-সিন্ধু ।
তোমায় চাখাইতে তার কহি এক 'বিন্দু' ॥ ১৩৭ ॥

প্রথমে ব্রহ্মাণ্ডের বদ্ধজীব-বর্ণন ; সংখ্যায় বহুত্ব ঃ—

এইমত ব্রহ্মাণ্ড ভরি' অনন্ত জীবগণ ।
চৌরাশী-লক্ষ যোনিতে করয়ে ভ্রমণ ॥ ১৩৮ ॥

জীবাত্মা ও জীবস্বরূপ-পরিমাণ ঃ—

কেশাগ্র-শতেক-ভাগ পুনঃ শতাংশ করি ।
তার সম সূক্ষ্ম জীবের 'স্বরূপ' বিচারি ॥ ১৩৯ ॥

শাস্ত্র-প্রমাণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।৩০) শ্রুতি-স্তব-ব্যাখ্যা-ধৃত শ্লোক—

কেশাগ্রশতভাগস্য শতাংশসদৃশাত্মকঃ ।
জীবঃ সূক্ষ্মস্বরূপোঽয়ং সংখ্যাতীতো হি চিৎকণঃ ॥ ১৪০ ॥

শ্বেঃ উঃ মন্ত্রানুসারে পঞ্চদশীতে চিত্রদীপে (৮১)—

বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ ।
ভাগো জীবঃ স বিজ্ঞেয় ইতি চাহ পরা শ্রুতিঃ ॥ ১৪১ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।১৬।১১)—

সূক্ষ্মাণামপ্যহং জীবঃ ॥ ১৪২ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।৩০)—

অপরিমিতা ধ্রুবাস্তনুভৃতো যদি সর্ব্বগতা-
স্তর্হি ন শাস্যতেতি নিয়মো ধ্রুব নেতরথা ।
অজনি চ যন্ময়ং তদবিমুচ্য নিয়ন্তৃ ভবেৎ
সমমনুজানতাং যদমতং মতদুষ্টতয়া ॥ ১৪৩ ॥

বিরূপ-ভেদে জীব দ্বিবিধ—(১) স্থাবর, (২) জঙ্গম ; জঙ্গমের ত্রিবিধত্ব—জল-স্থল-খেচর ঃ—

তারে মধ্যে 'স্থাবর', 'জঙ্গম'—দুই ভেদ ।
জঙ্গমে তির্য্যক্-জল-স্থলচর-বিভেদ ॥ ১৪৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪০। কেশের অগ্রভাগকে শতভাগ করিলে তাহার শতশতাংশ-সদৃশস্বরূপই জীবের সূক্ষ্মস্বরূপ ; জীব—চিৎকণ ও সংখ্যাতীত।

অনুভাষ্য

(গৌরহরেঃ কৃষ্ণচৈতন্যস্য) পদকমলং (চরণারবিন্দম্) অহং বন্দে।

১৩৭। পারাপার-শূন্য—পার (অর্থাৎ) একপার ; অপার (অর্থাৎ) অন্য পার ; অতএব যাহার উভয়পারের মধ্যে কোন পারেরই সীমা নাই।

১৩৮। চৌরাশী লক্ষযোনি—"জলজা নবলক্ষাণি স্থাবরা লক্ষবিংশতিঃ। কৃময়ো রুদ্রসংখ্যকাঃ পক্ষিণাং দশলক্ষকম্। ত্রিংশল্লক্ষাণি পশবঃ চতুর্লক্ষাণি মানুষাঃ।।"—(বিষ্ণুপুরাণে)

১৩৯। মুণ্ডকে ৩।১।৯—"এষোঽণুরাত্মা"।

১৪০। অয়ং জীবঃ হি কেশাগ্রশতভাগস্য (অতি-সূক্ষ্মকেশাগ্রায়ামস্য শতধা বিভক্তস্য, পুনঃ তাদৃশ-পরমসূক্ষ্মাংশস্য) শতাংশ-সদৃশাত্মকঃ (পুনঃ শতখণ্ডাংশতুল্যঃ) সূক্ষ্মস্বরূপঃ (পরমাণু-চেতনঃ চিৎকণঃ সূক্ষ্মচিদণুখণ্ডঃ) সংখ্যাতীতঃ (অনন্তসংখ্যকঃ)।

১৪১। [যঃ] বালাগ্রশতভাগস্য (কেশাগ্রস্য শতধা খণ্ডিতস্য, তস্য পুনঃ) শতধা কল্পিতস্য (বিভক্তস্য) চ ভাগঃ (খণ্ডঃ),—সঃ [এব] জীবঃ (জীবস্বরূপাকারঃ) বিজ্ঞেয়ঃ (জ্ঞাতব্যঃ) ইতি চ পরা (শ্রেষ্ঠা) শ্রুতিঃ (শ্বেতাশ্বতরপ্রমুখা) আহ।

১৪২। ভগবদ্বিভূতিসমূহ শ্রবণ করিতে ইচ্ছা করায় শ্রীউদ্ধবের প্রতি শ্রীকৃষ্ণের উক্তি,—

অহং (চিদচিদীশ্বরঃ অদ্বয়জ্ঞানাত্মকঃ শ্রীভগবান্) সূক্ষ্মাণাম্ (অণূনাম্ অপি মধ্যে) জীবঃ (জীবাত্মা)।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪১। কেশাগ্রের শতভাগকে বহুশতবার বিভাগ করিলে যে সূক্ষ্ম ভাগ হয়, জীব—সেইরূপ সূক্ষ্ম ; প্রধান শ্রুতি এইরূপ বলিয়াছেন।

১৪২। কোন কোন পাঠে লিখিত আছে,—শ্রীমদ্ভাগবতে উদ্ধবং প্রতি শ্রীভগবদ্বাক্যম্,—

"গুণিনামপ্যহং সূত্রং মহতাঞ্চ মহানহম্।
সূক্ষ্মাণামপ্যহং জীবো দুর্জ্জয়ানামহং মনঃ ।।"

সূক্ষ্মগণের মধ্যে আমি (ভগবান্) 'জীব' (ভেদাভেদপ্রকাশ)।

১৪৩। হে ধ্রুব, যদি তনুভৃজ্জীবসকল অপরিমিত ধ্রুব অর্থাৎ পরম নিত্য ও সর্ব্বগত হইত, তাহা হইলে তোমার শাসনাধীন থাকার নিয়ম থাকিত না। যদি জীবকে 'অণু', সামান্যতঃ 'নিত্য' বলিয়া স্বীকার করা যায়, তাহা হইলেই তাহারা তোমার অধীন হয়। যন্ময় হইয়া তাহারা জন্মগ্রহণ করিয়াছে, তাহার অপরি-ত্যাগেই নিয়ন্তৃ হইতে পারে। অতএব যাহারা জীব এবং তোমাকে 'এক' করিয়া জানে, তাহাদের মত—'মতবাদে' দূষিত।

১৪৪-১৪৯। জীব দুইপ্রকার,—নিত্যমুক্ত ও নিত্যবদ্ধ।

অনুভাষ্য

১৪৩। জনলোকে ব্রহ্মসত্রযজ্ঞে শ্রবণেচ্ছু মুনিগণের নিকট কুমারগণের অন্যতম ব্রহ্মর্ষি সনন্দন শ্রুতিগণকর্ত্তৃক ভগবৎস্তব বর্ণন করিতেছেন,—

হে ধ্রুব (সর্ব্বাশ্রয়, নিত্য)! অপরিমিতাঃ (বস্তুতঃ এব অনন্তাঃ) ধ্রুবাঃ (নিত্যাঃ) তনুভৃতঃ (শরীরধারিণঃ জীবাঃ) যদি সর্ব্বগতাঃ (বিভবঃ ব্যাপকাঃ স্যুঃ), তর্হি শাস্যতা (তৎশাস্যতা) ইতি যঃ ত্বয়া নিয়মঃ (নিয়মনং) সঃ ন স্যাৎ, ইতরথা ন [ঘটেত,

স্থলচরের শ্রেষ্ঠত্ব ; তন্মধ্যে মানবজাতির সর্ব্বশ্রেষ্ঠত্ব ; তন্মধ্যে কর্ম্মী, জ্ঞানী ও ভক্তের তারতম্য-তুলনা ঃ—

তার মধ্যে মনুষ্য-জাতি অতি অল্পতর ।
তার মধ্যে ম্লেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ, শবর ॥ ১৪৫ ॥
বেদনিষ্ঠ-মধ্যে অর্দ্ধেক বেদ 'মুখে' মানে ।
বেদনিষিদ্ধ পাপ করে, ধর্ম্ম নাহি গণে ॥ ১৪৬ ॥
ধর্ম্মাচারি-মধ্যে বহুত 'কর্ম্মনিষ্ঠ' ।
কোটি-কর্ম্মনিষ্ঠ-মধ্যে এক 'জ্ঞানী' শ্রেষ্ঠ ॥ ১৪৭ ॥

মুক্তগণের মধ্যেও কৃষ্ণভক্তের সুদুর্ল্লভত্ব ঃ—

কোটিজ্ঞানি-মধ্যে হয় একজন 'মুক্ত' ।
কোটিমুক্ত-মধ্যে 'দুর্ল্লভ' এক কৃষ্ণভক্ত ॥ ১৪৮ ॥

কৃষ্ণভক্তের সুদুর্ল্লভত্ব ও সর্ব্বশ্রেষ্ঠত্বের কারণ ঃ—

কৃষ্ণভক্ত—নিষ্কাম, অতএব 'শান্ত' ।
ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কামী—সকলি 'অশান্ত' ॥ ১৪৯ ॥

শাস্ত্রপ্রমাণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (৬।১৪।৫)—

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ ।
সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥ ১৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

নিত্যবদ্ধগণ এই স্থাবর-জঙ্গম-ভেদে দুই প্রকার ; যাহারা—অচল (যেমন, বৃক্ষাদি), তাহারাই 'স্থাবর' জীব ; যাহারা—সচল, তাহারাই 'জঙ্গম'। জঙ্গম তিনপ্রকার,—তির্য্যক্-পক্ষিগণ, জলচর ও স্থলচর। স্থলচরের মধ্যে মানবজাতি অত্যন্ত অল্পসংখ্যক। সেই অল্পসংখ্যক মানবদিগের মধ্যে ম্লেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ ও শবর পরিত্যক্ত হইলে বেদনিষ্ঠ মনুষ্য বাকি থাকে। বেদনিষ্ঠগণ দুইপ্রকার,—ধর্ম্মাচারী ও অধর্ম্মাচারী ; ধর্ম্মাচারি-মধ্যে অনেকেই কর্ম্মনিষ্ঠ ; কেহ বা জ্ঞাননিষ্ঠ ; কোটি জ্ঞাননিষ্ঠের মধ্যে বস্তুতঃ একজন 'মুক্ত' ; এস্থলে, যাঁহারা জড়বুদ্ধি হইতে মুক্ত, তাঁহাদিগকেই 'মুক্ত' বলা যায়। সেই সকল মুক্তদিগের মধ্যে, যিনি শ্রদ্ধালু হইয়া কৃষ্ণভজনে প্রবৃত্ত, তিনিই 'কৃষ্ণভক্ত'। কৃষ্ণভক্তের কামনা নাই। পূর্ব্বোক্ত 'মুক্ত' পর্য্যন্ত সকলেই কামনাযুক্ত ; ধর্ম্মাচারী ও কর্ম্মনিষ্ঠ—'ভুক্তিকামী' ও মুক্ত পর্য্যন্ত জ্ঞানী—'মুক্তিকামী', তন্মধ্যে কেহ কেহ আবার যোগফলের 'সিদ্ধিকামী'। যতদিন তাহাদের হৃদয়ে এই তিনপ্রকার কামনা থাকে, ততদিন তাঁহাদিগকে ঐ সকল কামনা শান্তি দান করে না ; এতন্নিবন্ধন তাঁহারা সকলেই 'অশান্ত'। সুতরাং একমাত্র নিষ্কাম কৃষ্ণভক্তই শান্ত অর্থাৎ শান্তিপ্রাপ্ত।

অনুভাষ্য

নিয়ম্যনিয়ন্তৃ-ভাবাবস্থিতত্বাৎ] ; যন্ময়ং (যৎ অগ্ন্যাদিময়ং স্ফুলিঙ্গাদিকং কার্য্যং জীবাখ্যং বস্তু) অজনি (জাতং, তেষাং জীবানাং) নিয়ন্তৃ (শাস্তৃ) ভবেৎ, তৎ অবিমুচ্য (তান্ জীবান্ অপরিত্যজ্য যৎ উপাদানরূপং পরমাত্মানং জীবতত্ত্বেন) সমম্ অনুজানতাং (কেবলাদ্বৈতবাদিনাং) মতদুষ্টতয়া (মতস্য দুষ্টতয়া অশুদ্ধত্বেন) অমতম্ এব (অজ্ঞাতপ্রায়ম্ অবিষয়ত্বাৎ)।

১৪৪। তার মধ্যে—ব্রহ্মাণ্ডান্তর্গত বদ্ধজীবগণের মধ্যে।

১৪৫। তার মধ্যে—বেদনিষ্ঠের বিপরীত মনুষ্য-জাতির মধ্যে।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫০। হে মহামুনে, কোটী কোটী মুক্ত ও সিদ্ধদিগের মধ্যে নারায়ণপরায়ণ প্রশান্তাত্মা পুরুষ অত্যন্ত দুর্ল্লভ।

অনুভাষ্য

১৪৬। 'বেদনিষ্ঠ' বলিয়া মুখে স্বীকার করিয়া বেদ-বিরুদ্ধাচারী—যথেচ্ছাচারী 'কুকর্ম্মী' বা 'অন্যাভিলাষী'।

১৪৮। কর্ম্মনিষ্ঠ—নিজ-ভোগকামনায় যাহারা পুণ্যাদি সৎকর্ম্ম করে ; আবার, নিষ্কাম-কল্পনায় যাহারা কর্ম্মসমূহ অর্পণ করে,—এরূপ কোটিসংখ্যক কর্ম্মনিষ্ঠের মধ্যে যিনি সত্ত্বে অধিষ্ঠিত হইয়াও রজস্তমো-নিরসনজন্য, প্রাকৃত পুণ্য ও পাপ, উভয় অবস্থা হইতে বিরত হইয়া আত্মার নির্ম্মলতার অনুসরণার্থ প্রকৃত্যতীত নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানরত হন, তিনিই জ্ঞানী। কোটি-জ্ঞানীর মধ্যে যিনি জ্ঞানমার্গের সত্ত্বগুণাশ্রিত হইয়া শমদমাদি সাধন-ষট্ক প্রভৃতি মিশ্রা ও বিদ্ধভক্তিমূলক সৎকর্ম্ম অনুষ্ঠান করিতে করিতে দ্বৈতবুদ্ধিতে নিজের আশ্রয়ীভূত উপায়সমূহকে অসম্পূর্ণ-বোধে পরিত্যাগপূর্ব্বক অনিত্য ও অসত্য সাধনকেই নিত্যসিদ্ধির কারণরূপে জ্ঞান করিয়া ঐরূপ সাধনফলে অবশেষে নিজ-বদ্ধানুভূতি হইতে মুক্তি অর্থাৎ ব্রহ্মভূত স্বরূপ লাভ করিয়াছেন বলিয়া অভিমান করেন এবং তদুদ্দেশে 'দ্রষ্টা', 'দর্শন' ও 'দৃশ্য' অথবা 'জ্ঞাতা', 'জ্ঞান' ও 'জ্ঞেয়ে'র বৈশিষ্ট্য লোপ করেন, তাদৃশ অচিৎ-মিশ্রাতীত কেবল-চিন্মাত্রবাদী জ্ঞানীই 'মুক্ত' বলিয়া কথিত। তাদৃশ কোটি মুক্ত-পুরুষের মধ্যেও কৃষ্ণভক্ত বিরল।

১৪৯। কৃষ্ণভক্তই একমাত্র কামনা-শূন্য এবং একমাত্র কৃষ্ণনিষ্ঠ বলিয়া শান্ত। স্বর্গাদি ভুক্তি-কামী কর্ম্মী, নির্ব্বাণাদি মুক্তিকামী জ্ঞানী এবং অণিমাদি অষ্টাদশ সিদ্ধি-কামী যোগী স্ব-স্ব-কামের বশবর্ত্তী হইয়া তদভাবে অশান্ত ; আবার কামনা-তৃপ্তিতেও অসৎপ্রাপ্তিহেতু কৃষ্ণনিষ্ঠ নহে বলিয়া অশান্ত।

১৫০। মুক্তানাং (অজ্ঞানবন্ধ-রহিতানাং) সিদ্ধানাং (যোগসিদ্ধানাং) কোটিষু অপি মধ্যে প্রশান্তাত্মা (নিষ্কামমনাঃ) নারায়ণ-

লতার সহিত ভক্তির উপমা ; ভক্তির অপর নাম 'কৃষ্ণানুরাগ' ;
বদ্ধজীবের সেই কৃষ্ণপ্রীতি-সেবা-লাভের ক্রমপন্থা-
বর্ণন-মূলে ভক্তিপ্রদা কৃষ্ণকৃপারূপা সুকৃতি, তৎ-
ফলে সদ্‌গুরুলাভ, তৎ-কৃপায় শ্রবণ-ফলে
সম্বন্ধোপলব্ধি ও শ্রদ্ধার উদয় ঃ—

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব ।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ ॥ ১৫১ ॥

যুগপৎ অভিধেয়ারম্ভ ; অনর্থযুক্ত অবস্থাতেও ভজন ঃ—

মালী হঞা করে সেই বীজ আরোপণ ।
শ্রবণ-কীর্ত্তন-জলে করয়ে সেচন ॥ ১৫২ ॥

অনর্থমুক্ত-অবস্থাতেও ভজন ; রাগময়ী ভক্তির আশ্রয়—
কৃষ্ণমাধুর্য্য, ব্রহ্মা ও নারায়ণের ঐশ্বর্য্য নহে ঃ—

উপজিয়া বাড়ে লতা 'ব্রহ্মাণ্ড' ভেদি' যায় ।
'বিরজা', 'ব্রহ্মলোক' ভেদি' 'পরব্যোম' পায় ॥ ১৫৩ ॥
তবে যায় তদুপরি 'গোলোক-বৃন্দাবন' ।
'কৃষ্ণচরণ'-কল্পবৃক্ষে করে আরোহণ ॥ ১৫৪ ॥

কৃষ্ণপ্রেমরূপ প্রয়োজন-প্রাপ্তি ; সাধনাবস্থায়
সর্ব্বদা শ্রবণ-কীর্ত্তন ঃ—

তাঁহা বিস্তারিত হঞা ফলে প্রেম-ফল ।
ইঁহা মালী সেচে নিত্য শ্রবণ-কীর্ত্তনাদি-জল ॥ ১৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫১-১৬৪। জীবসকল আপন আপন কর্ম্মসূত্রে নানা-যোনিতে ব্রহ্মাণ্ডে ভ্রমণ করিতেছেন। তন্মধ্যে যাঁহার ভক্তি-জন্মোপযোগী সুকৃতিরূপ ভাগ্যোদয় হয়, তিনি গুরু-কৃষ্ণপ্রসাদে ভক্তিলতার বীজ যে 'শ্রদ্ধা', তাহা লাভ করেন। সেই বীজ পাইবামাত্র মালিস্বরূপ হইয়া নিজ-হৃদয়ক্ষেত্রে তাহা রোপণ করেন। বীজ রোপিত হইয়া অঙ্কুরিত হইতে হইতে ভগবৎ-কথা ও ভক্তকথার শ্রবণ-কীর্ত্তনরূপ জলে সেই ক্ষেত্রের সেচন করেন। ভক্তিলতা উৎপন্ন হইয়া বাড়িতে বাড়িতে এই মায়িক ব্রহ্মাণ্ড ভেদ করিয়া বিরজা ও জ্যোতির্ম্ময় ব্রহ্মলোক ভেদ করত পরব্যোমে স্থান প্রাপ্ত হয়। সেই পরব্যোমে লতা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া তদুপরি গোলোক-বৃন্দাবন পর্য্যন্ত গমন করত কৃষ্ণচরণরূপ কল্পবৃক্ষে আরোহণ করে। কৃষ্ণচরণারূঢ় ভক্তিলতাতেই 'প্রেম-

অনুভাষ্য

পরায়ণঃ সুদুর্ল্লভঃ। [তন্ত্রবাক্য—"জ্ঞানতঃ সুলভঃ মুক্তির্ভুক্তি-র্যজ্ঞাদি-পুণ্যতঃ। সেয়ং সাধনসাহস্রৈর্হরিভক্তিঃ সুদুর্ল্লভা।।"]*

১৫১। 'ব্রহ্মাণ্ড' বলিতে চতুর্দ্দশ ভুবন (আদি, ৫ম পঃ ৯৮ সংখ্যা)।

ভাগ্যবান্—সুকৃতিসম্পন্ন জীব ; অজ্ঞানক্রমে বিষ্ণু-বৈষ্ণব-সেবা সাধিত হইলে জীবের 'সুকৃতি'র উদয় হয়,—(নারদ-জন্মোপাখ্যান—ভাঃ ১।৫।২৩-৩০ দ্রষ্টব্য)। এই ভক্ত্যুন্মুখী সুকৃতি—জীবাত্মার চিদ্বৃত্তিরই অস্ফুট বিকাশ, উহা জড়কর্ম্ম নহে ; সুকৃতির ফলে শ্রদ্ধা ও শ্রবণ-জনিত সম্বন্ধজ্ঞান লাভ হইলেই প্রকৃত শুদ্ধভক্তির আরম্ভ।

গুরুপ্রসাদ—গুরু কৃপা করিয়া শিষ্যকে কৃষ্ণভক্তিরূপ সর্ব্বোত্তম অনুগ্রহ দান করেন। সুকৃতিমান্ অনুগ্রহযোগ্য জনের পরম শ্রেয়োলাভের উদ্দেশে শ্রীভগবান্ নিজ-প্রিয়তম জনকে শক্তি অর্পণ করিয়া জগতে নিজকৃপাশক্তি-বিতরণের জন্য মহান্ত-গুরুরূপে প্রেরণ করেন ; শ্রীগুরুদেব শিষ্যকে কৃষ্ণসেবা-রূপ নিজানুগ্রহ প্রদান করেন।

কৃষ্ণপ্রসাদ—ভক্তিলতার বীজ-প্রদাতা আশ্রয়জাতীয় ভগবৎস্বরূপ গুরুদেবকে শিষ্যের নিকট প্রেরণ কার্য্যই কৃষ্ণ-প্রসাদ। গুরুপ্রসাদে কৃষ্ণপ্রসাদ-লাভ এবং কৃষ্ণপ্রসাদে গুরু-প্রসাদ লাভ ঘটে।

ভক্তিলতা-বীজ—যে বীজ হইতে ভগবানের সেবা-রূপ লতিকা উৎপন্ন হয়। ভক্তিলতার কারণ—গুরুপ্রসাদ ও কৃষ্ণ-প্রসাদ। অন্যাভিলাষ-বীজ, কর্ম্ম-বীজ ও জ্ঞান-বীজ হইতে তত্তদ্‌বৃক্ষাদি উৎপন্ন হয়। এই সকল বীজ হইতে ভক্তিলতার বীজ—পৃথক্। গুরু-কৃষ্ণের প্রসন্নতা হইতেই ভক্তিলতার বীজ পাওয়া যায়। তাঁহারা অপ্রসন্ন হইলে অন্যাভিলাষ, কর্ম্ম বা জ্ঞান-বীজের প্রাপ্তি ঘটিতে পারে, কিন্তু শুদ্ধভক্তির বীজ লুপ্ত হইয়া যায়। যাহাদের প্রকৃত সৌভাগ্য নাই, তাহাদের ভক্তিলতা-বীজ-প্রাপ্তি ঘটে না। শ্রদ্ধাবান্ জীবই গুরুপাদপদ্ম আশ্রয় করেন। সদ্‌গুরুপ্রদত্ত অনুগ্রহ-মন্ত্র ও প্রদর্শিত পথই 'ভক্তিমার্গ'।

১৫২। গুরুপাদপদ্ম হইতে শ্রবণ করিয়া তৎকীর্ত্তন-কার্য্যই জল-সেচন, তদ্দ্বারা বীজ ক্রমশঃ লতায় পরিণত হয়।

১৫৩। 'ব্রহ্মাণ্ড' অর্থাৎ চতুর্দ্দশ ভুবনমধ্যে ভক্তিলতার আশ্রয় কোন বৃক্ষই নাই। ব্রহ্মাণ্ডের কোন বস্তুর প্রতিই ভক্তি প্রযুক্ত হইতে পারে না। ব্রহ্মাণ্ড অতিক্রম করিয়া 'বিরজা-নদী' ; সেখানে গুণত্রয়সাম্যাবস্থা লক্ষিত হয়,—উহা প্রাকৃত-মল-বিধৌতকারিণী স্রোতস্বিনী। তাহা অতিক্রম করিয়াই জ্ঞানিগণের আদর্শ 'ব্রহ্মলোক'। বিরজায় যেমন ভক্তিলতার আশ্রয়োপযোগী বৃক্ষ নাই, ব্রহ্মলোকেও তদ্রূপ ভক্তিলতার সেব্য-বৃক্ষাভাব। আশ্রয়-

* *জ্ঞান-সাধন হইতে 'মুক্তি' এবং যজ্ঞাদি-পুণ্য হইতে 'ভুক্তি' সুলভ—কিন্তু সহস্র সহস্র সাধনদ্বারাও সেই হরিভক্তি অতিশয় দুর্ল্লভ।*

অপক্কাবস্থায় বৈষ্ণবাপরাধই সাধনপথে সর্ব্বপ্রধান 'বিঘ্ন' ঃ—

যদি বৈষ্ণব-অপরাধ উঠে হাতী মাতা ।
উপাড়ে বা ছিণ্ডে, তার শুখি' যায় পাতা ॥ ১৫৬ ॥

নামাপরাধ হইতে সাবধানতাই শ্রেয়ঃ-কারণ ঃ—

তাতে মালী যত্ন করি' করে আবরণ ।
অপরাধ-হস্তীর যৈছে না হয় উদ্‌গম ॥ ১৫৭ ॥

ভক্তির ন্যায় আকৃতি বা সৌসাদৃশ্য থাকিলেও ভক্তি নহে, এমন অভক্তিসমূহ ঃ—

কিন্তু যদি লতার সঙ্গে উঠে 'উপশাখা' ।
ভুক্তি-মুক্তি-বাঞ্ছা, যত অসংখ্য তার লেখা ॥ ১৫৮ ॥
'নিষিদ্ধাচার', 'কুটীনাটী', 'জীবহিংসন' ।
'লাভ', 'পূজা', 'প্রতিষ্ঠাদি' যত উপশাখাগণ ॥ ১৫৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

ফল' ফলে। এ-যাবৎ মালী শ্রবণ-কীর্ত্তন-জল সেচন করিতে থাকেন। এই প্রক্রিয়া-সময়ে জল-সেচন ব্যতীত আর একটী প্রক্রিয়া আছে,—কিছুদিন জল সেচন করিতে করিতে লতা যখন বর্দ্ধিত হইতে থাকে, তখন অপর জন্তু আসিয়া তাহার পাতা ছিঁড়িয়া ফেলে, বা উত্তাপাদিতে পাতা শুকাইয়া যায়। এই প্রক্রিয়ায় বৈষ্ণব-অপরাধই দুষ্টজন্তু-স্থলীয় বস্তু। সেই বৈষ্ণব-অপরাধই মত্ত হাতীর ন্যায় ঐ সমস্ত ক্ষতি করে। সে-সময়ে মালী বেড়া দিয়া বা আবরণ প্রস্তুত করিয়া বিশেষ যত্ন করিতে থাকে, তাহাতে অপরাধ-হস্তীর উদ্‌গম হয় না। বৈষ্ণব-অপরাধ বা নাম-অপরাধ—দশবিধ (আদি, ৮ম পঃ ২৪ সংখ্যা দ্রষ্টব্য)। এইসময় আর একটা উৎপাত আছে,—যে-সময় ভক্তিলতা উঠিতে থাকে, সে-সময় যদি উপশাখা অধিক বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাহাতে দোষ জন্মে। উপশাখা—যথা ভুক্তি-বাঞ্ছা, মুক্তি-বাঞ্ছা, নিষিদ্ধাচার, কুটীনাটী, জীব-হিংসা-প্রবৃত্তি, লাভেচ্ছা, নিজের

অনুভাষ্য

বৃক্ষ না পাইয়া শ্রবণ-কীর্ত্তন-জলসিক্ত বর্দ্ধমানা লতা ব্রহ্মলোক অতিক্রম করিয়া 'পরব্যোম'-ধাম লাভ করে।

১৫৪। ব্রহ্মলোক ও বিরজার একপারে মায়িক ব্রহ্মাণ্ড অবস্থিত, উহাই 'দেবীধাম' ; দেবীধাম বা ইতর-ব্যোম—প্রকৃতির অধীনরূপে অবস্থিত। প্রকৃতির অপর পারে 'বৈকুণ্ঠ' বা 'পরব্যোম' অবস্থিত। সেখানে মায়া কিছুই 'পরিমাণ করিতে' সমর্থা হয় না। ব্রহ্মময় বৈকুণ্ঠের উপরিভাগেই গোলোক-বৃন্দাবন অবস্থিত। তথায় ভক্তিলতা কৃষ্ণচরণরূপ কল্পতরুকে আশ্রয় করে। পরব্যোমে পরব্যোমনাথ শ্রীনারায়ণের যে পূজা বিহিত হয়, তাহাতে 'শান্ত', 'দাস্য', ও 'সখ্যার্দ্ধ'-রস লক্ষিত হয় ; পরন্তু গোলোক-বৃন্দাবনে শ্রীকৃষ্ণের সেবায় 'শান্ত', দাস্য' ও 'গৌরব-সখ্যার্দ্ধে'র সহিত 'বিশ্রম্ভ-সখ্যার্দ্ধ', 'বাৎসল্য' ও মধুর',—এই ভাব-পঞ্চক পূর্ণমাত্রায় বিকশিত ; এখানেই ভক্তিলতিকা সর্ব্বতোভাবে আশ্রয় পাইয়া থাকেন।

১৫৫। তাঁহা—গোলোক-বৃন্দাবনে ; প্রেমফল—অপ্রাকৃত পরম-লোভনীয় কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা-মূলক অদ্ভুত বস্তু, উহা সচ্চিদানন্দস্বরূপ কৃষ্ণচন্দ্রের নিজস্ব-বস্তু, উহা বদ্ধজীবের ভোগময় প্রাকৃত জড়বুদ্ধির গোচর হয় না।

ইঁহা—প্রপঞ্চে ; এখানে থাকিয়া সেই ভক্তিলতার প্রোথিত বীজোপরি নিত্য অপ্রাকৃত কৃষ্ণনামরূপগুণলীলার শ্রবণ-কীর্ত্তনাদিরূপ জলসেচন করিতে হয়।

১৫৬। বৈষ্ণব-অপরাধ—মত্তহস্তি-সদৃশ। অপরাধ—দশবিধ নামাপরাধ (আদি—৮ম পঃ ২৪ সংখ্যা দ্রষ্টব্য)। হাতী মাতা—প্রবল ভক্তিবিরোধী ভাব বা গুর্ব্ববজ্ঞারূপ বৈষ্ণব-অপরাধ, উহাই ভক্তিলতার বিনাশকারক।

১৫৭। ভক্তিলতার চতুষ্পার্শ্ব ঘিরিয়া বেষ্টন করা আবশ্যক। কৃষ্ণাভক্তসঙ্গ-বর্জ্জনচেষ্টারূপ আবরণ বা বেড়া না থাকিলে অভক্ত-সঙ্গক্রমে জাত অপরাধরূপ মত্তহস্তী-কর্ত্তৃক ভক্তিলতা উৎপাটিত ও বিধ্বস্ত বা দলিত হইবার সম্ভাবনা ; তাহা যাহাতে না ঘটে, তদ্বিষয়ে সাবধান হওয়া সাধকের নিতান্ত আবশ্যক। শ্রীরূপপ্রভু 'উপদেশামৃতে'—"অত্যাহারঃ প্রয়াসশ্চ প্রজল্পো নিয়মাগ্রহঃ। জনসঙ্গশ্চ লৌল্যঞ্চ ষড়্ভির্ভক্তির্বিনশ্যতি।।"

১৫৮। উপশাখা—প্রকৃত লতার নিজশাখা ব্যতীত তৎসদৃশ একই আকৃতি-বিশিষ্ট অন্য লতার শাখা ঐ প্রকৃত লতাকে জড়াইয়া উহারই 'অঙ্গীভূত' বলিয়া প্রতীয়মান হয়, বস্তুতঃ তাহা প্রকৃত লতা নহে। ভুক্তি—কর্ম্মফল-ভোগবাদীর প্রাপ্য ; মুক্তি—জ্ঞানবাদীর প্রাপ্য ; বাঞ্ছা—সিদ্ধিবাদীর প্রাপ্য যোগফল বিভূতি-আদি।

১৫৯। নিষিদ্ধাচার—যাহা সিদ্ধের আচরণ নহে অথবা সিদ্ধিলাভের অন্তরায় অর্থাৎ যে আচারদ্বারা ভক্তি লোপ পায়,—যেমন, ভোক্তার অভিমানে ভোগময়ী বুদ্ধিতে জীবের যোষিৎসঙ্গ ও কৃষ্ণাভক্তসঙ্গ অথবা বিষয়িদর্শন ও স্ত্রীদর্শন।

কুটীনাটী—কৌটিল্যপূর্ণ নাট্য, কপটতা ; কু-টী এবং না-টী—আত্মপ্রসাদ-বিরোধ বা অসন্তোষ।

জীবহিংসা—কৃষ্ণভক্তিমূলা নিত্যকল্যাণ-বাণী-কীর্ত্তনে বা প্রচারে কুণ্ঠতা বা কৃপণতা অর্থাৎ মায়াবাদী, কর্ম্মী ও অন্যাভি-লাষীকে প্রশ্রয়-দান ; প্রাণি-হনন বা প্রাণিমাত্রকেই উদ্বেগ বা ক্লেশ-দান।

প্রশ্রয় দিলে অভক্তির বৃদ্ধিহেতু ভক্তির শৈথিল্যাবরণ-সম্ভাবনা ঃ—

সেকজল পাঞা উপশাখা বাড়ি' যায় ।
স্তব্ধ হঞা মূলশাখা বাড়িতে না পায় ॥ ১৬০ ॥

প্রথমেই সাধকের দুঃসঙ্গোৎসর্গের ব্যবস্থা আবশ্যক ঃ—

প্রথমেই উপশাখার করয়ে ছেদন ।
তবে মূলশাখা বাড়ি' যায় বৃন্দাবন ॥ ১৬১ ॥

তবেই প্রয়োজনসিদ্ধি বা কৃষ্ণপ্রেমা-লাভ-সম্ভাবনা ঃ—

'প্রেমফল' পাকি' পড়ে, মালী আস্বাদয় ।
লতা অবলম্বি' মালী 'কল্পবৃক্ষ' পায় ॥ ১৬২ ॥

তাঁহা সেই কল্পবৃক্ষের করয়ে সেবন ।
সুখে প্রেমফল-রস করে আস্বাদন ॥ ১৬৩ ॥

কৃষ্ণপ্রেমাই চতুর্ব্বর্গ-ধিক্কারী পরমার্থ ঃ—

এইত পরম-ফল 'পরম-পুরুষার্থ' ।
যাঁর আগে তৃণ-তুল্য চারি পুরুষার্থ ॥ ১৬৪ ॥

ব্রহ্মানন্দ-ধিক্কারী কৃষ্ণপ্রেমসেবানন্দ ঃ—

ললিতমাধবে (৫।২)—

ঋদ্ধা সিদ্ধিব্রজ-বিজয়িতা সত্যধর্ম্মা সমাধি-
র্ব্রহ্মানন্দো গুরুরপি চমৎকারয়ত্যেব তাবৎ ।
যাবৎ প্রেম্ণাং মধুরিপু-বশীকার-সিদ্ধৌষধীনাং
গন্ধোঽপ্যন্তঃকরণসরণী-পান্থতাং ন প্রযাতি ॥ ১৬৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

জড়ীয় সম্মান বা প্রতিষ্ঠার আশা। বিশেষ সতর্কতা অবলম্বন না করিলে শ্রবণ-কীর্ত্তনাদি-সেকজলে মূল-লতার প্রতিকূলে উপশাখাগণই অত্যন্ত বাড়িতে থাকে, তাহাতে মূলশাখা স্তব্ধ হইয়া বাড়িতে পারে না। অতএব মালী এই উপশাখারূপ অনর্থগুলিকে শ্রবণ-কীর্ত্তনজল-সেচন-সময়েই প্রথম হইতে ছেদন করিবেন ; তাহা হইলেই, মূলশাখা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া বৃন্দাবনে যায়। এই প্রেমাই জীবের পরম-পুরুষার্থ ; ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চারি পুরুষার্থ ইহার নিকট তৃণতুল্য।

১৬৫। যে-পর্য্যন্ত কৃষ্ণবশীকরণ-সিদ্ধৌষধিরূপ দাস্যাদি প্রেমের লেশমাত্র অন্তঃকরণপথের পথিক না হয়, সে-পর্য্যন্ত সমৃদ্ধিশালিনী সিদ্ধিসমূহের বিজয়িতা, সত্যাদি ধর্ম্মসমূহ, সমাধি ও উৎকৃষ্ট ব্রহ্মানন্দ নিজ-নিজ-চাক্‌চিক্যে জীবকে চমৎকৃত করে।

অনুভাষ্য

লাভ—জড়েন্দ্রিয়-তৃপ্তির উদ্দেশে জগতে ধনাদি-প্রাপ্তি বা তৎসংগ্রহ-বাঞ্ছা।

পূজা—জড়লোকের মনোধর্ম্মে ইন্ধনপ্রদানপূর্ব্বক সম্মান।

প্রতিষ্ঠা—জাগতিক মহত্ত্ব বা লোকের নিকট স্বীয় নশ্বর যশঃপ্রিয়তা।

১৬০। শ্রবণ-কীর্ত্তনাদি-জল-সেচনপ্রভাবে উপশাখা পুষ্ট হইয়া বর্দ্ধমানা হয়, তাহাতে মূল ভক্তিলতিকা বাড়িতে না পাইয়া থামিয়া যায়। শ্রবণ ও কীর্ত্তন নিরপরাধে অর্থাৎ দুঃসঙ্গ পরিত্যাগ না করিয়া অপরাধের সহিত অনুষ্ঠান করিতে করিতে জীবগণ ভোগপরায়ণ, বন্ধমোচনাকাঙ্ক্ষী, সিদ্ধিলোভী, কপটতা-শ্রিত, অবৈধ-যোষিৎলম্পট, মিছা-ভক্তি বা প্রাকৃত-সহজিয়া-বাদের পরিপোষণকারী, শৌক্র-বংশমর্য্যাদার ছলনাদ্বারাই পারমার্থিক-মর্য্যাদায় আগ্রহবিশিষ্ট, পরীক্ষিৎপ্রদত্ত কলির স্থানপঞ্চকের অধিবাসী, বৈষ্ণবে জাতিবুদ্ধিকারী, নাম-মন্ত্র- বিগ্রহ-ভাগবতজীবী, অশুক্ল-বৃত্তিদ্বারা ধনাদি-সংগ্রহে তৎপর, 'নির্জ্জন-ভজনানন্দী' বলিয়া প্রতিষ্ঠাকাঙ্ক্ষী, চিজ্জড়সমন্বয়বাদ-পোষণদ্বারা যশোলাভেচ্ছু অথবা গুরুব্রুবের দাস্যসূত্রে বিষ্ণু-বৈষ্ণব-বিরোধী অদৈব-বর্ণাশ্রমের অধীন ও পোষক প্রভৃতি বহুবিধ আখ্যায় আখ্যাত হইয়া,—অর্থাৎ নিজেন্দ্রিয়তর্পণ-প্রমত্ত হইয়া শুদ্ধভক্তি ব্যতীত নশ্বর অবান্তর বস্তুর লাভোদ্দেশে নির্ব্বোধ লোকগণকে বঞ্চনাপূর্ব্বক জগতে 'ধার্ম্মিক' বা 'সাধু' বা 'মহৎ' বলিয়া পরিচয়াকাঙ্ক্ষী হইয়া পড়ে, বাস্তবিক শুদ্ধ হরিসেবক হইতে পারে না।

১৬১। যদি পূর্ব্বকথিত 'উপশাখার' অঙ্কুরোদ্গম লক্ষ্য করিয়া তাহা তৎক্ষণাৎ সমূলে বিনষ্ট করেন, তাহা হইলেই মূল ভক্তিলতিকার শাখা বৃন্দাবনে অপ্রাকৃত প্রেমফল প্রসব করে ; নতুবা উপশাখার প্রাবল্যে হরিভজন হইতে চিরতরে অবসর গ্রহণ অর্থাৎ ব্রহ্মাণ্ডে (স্বর্গাদি উচ্চলোকে, মর্ত্ত্যলোকে বা নরকে) ক্লেশলাভই অপরিহার্য্য।

১৬২। লতা অবলম্বন করিয়া ভক্ত-মালী কৃষ্ণপাদপদ্ম-বৃক্ষ প্রাপ্ত হন। গোলোক-বৃন্দাবনে প্রেমফল পাকিয়া পতিত হইলে, প্রপঞ্চে অবস্থিত ভক্ত তাহা আস্বাদন করিতে পারেন।

১৬৩। তাঁহা—অপ্রাকৃত গোলোক-বৃন্দাবনে ; সেই কল্প-বৃক্ষের—কৃষ্ণচরণ-কল্পতরুর ; আস্বাদন—ভক্ত অপ্রাকৃতভাবে সেবা করিয়া অপ্রাকৃত সেবা-সুখ লাভ করেন।

১৬৪। তৃণতুল্য—অকিঞ্চিৎকর, তুলনায় মূল্যহীন ; প্রেমের নিকট ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ প্রভৃতি কর্ম্মী, জ্ঞানী, যোগী প্রভৃতির আকাঙ্ক্ষিত পুরুষার্থ-চতুষ্টয়—নিতান্ত অগ্রাহ্য।

১৬৫। যাবৎ মধুরিপুবশীকারসিদ্ধৌষধীনাং (মধুরিপোঃ কৃষ্ণস্য বশীকারে বাধ্যকরণবিষয়ে সিদ্ধৌষধিরূপাণাং) প্রেম্ণাং

শুদ্ধভক্তির লক্ষণ—(১) সাধনভক্তি ঃ—

'শুদ্ধভক্তি' হৈতে হয় 'প্রেমা' উৎপন্ন ।
অতএব শুদ্ধভক্তির কহিয়ে 'লক্ষণ' ॥ ১৬৬ ॥

সমগ্র ভাগবতের সারকথা ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।১।১১)—

অন্যাভিলাষিতা-শূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্ ।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা ॥ ১৬৭ ॥

প্রথম দুই পাদ—'তটস্থ' ও শেষোক্ত দুই পাদ—
শুদ্ধভক্তির 'স্বরূপ' লক্ষণ ঃ—

অন্য-বাঞ্ছা, অন্য-পূজা ছাড়ি' 'জ্ঞান' 'কর্ম্ম' ।
আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন ॥ ১৬৮ ॥

শুদ্ধভক্তিরূপ অভিধেয় হইতেই কৃষ্ণপ্রেমরূপ 'প্রয়োজন',—
ইহাই সাত্বত পঞ্চরাত্র ও ভাগবতের মত ঃ—

এই 'শুদ্ধভক্তি'—ইহা হৈতে 'প্রেমা' হয় ।
পঞ্চরাত্রে, ভাগবতে এই লক্ষণ কয় ॥ ১৬৯ ॥

অনুভাষ্য

(শান্তাদীনাং) গন্ধলেশোঽপি (লবমাত্রমপি) অন্তঃকরণসরণী-পান্থতাম্ (অন্তঃকরণ-মার্গপথিকতাং) ন প্রযাতি (গচ্ছতি), ঋদ্ধা (সম্পন্না) সিদ্ধিব্রজবিজয়িতা (সিদ্ধীনাং বিভূতিনাং ব্রজঃ সমূহঃ তেষাং বিজয়িতা বিজয়িত্বং, বিজেতৃভাবঃ ইত্যর্থঃ), সত্যধর্ম্মা (সত্যশৌচদান-তপোধর্ম্মা), সমাধিঃ (চিত্তৈকাগ্র্যং), ব্রহ্মানন্দঃ (সর্ব্বোৎকৃষ্টং ব্রহ্মসুখং) চ গুরুঃ (শ্লাঘ্যঃ মহান্) অপি তাবৎ (তৎকালপর্য্যন্তম্) এব চমৎকারয়তি (চমৎকারং বিদধাতি—কৃষ্ণসেবা-সুখে প্রাপ্তে সতি বিষয়সুখং কৈবল্যং ব্রহ্মসুখঞ্চ তুচ্ছী ভবতীত্যর্থঃ)।

১৬৬। শুদ্ধভক্তি—ত্রিগুণাতীত কর্ম্মজ্ঞানমিশ্রেতরা অহৈতুকী নির্গুণা উত্তমা ভক্তি।

১৬৭। অমৃতপ্রবাহ ভাষ্যে এই শ্লোকটী ধৃত হয় নাই। ইহার অনুবাদ,—

কৃষ্ণসেবার বিরোধী অবৈধ যোষিৎসঙ্গাদি দুর্নীতিমূলক সমস্ত অভিলাষ-বিহীন এবং মুমুক্ষা ও বুভুক্ষাদ্বারা অব্যবহিত, কৃষ্ণেন্দ্রিয়প্রীতির অনুকূলচেষ্টাময় যে কৃষ্ণার্থে অর্থাৎ কৃষ্ণ-সম্বন্ধী বা কৃষ্ণবিষয়ক অনুক্ষণ ভজন, তাহাই 'উত্তমা ভক্তি'।

[প্রাগস্য তটস্থ-লক্ষণমাহ] অন্যাভিলাষিতাশূন্যং (অন্যাভি-লাষিতা কৃষ্ণভজন-সম্পাদন-বিরোধি-যোষিৎসঙ্গাদিরূপা দুর্নীতিমূলা বাঞ্ছা, তয়া শূন্যং বিহীনং), জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং (জ্ঞান-মত্র—নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধানং, ন তু ভজনীয়ত্বানুসন্ধানমপি, তস্যাবশ্যাপেক্ষণীয়ত্বাৎ,কর্ম্ম চ—স্মৃত্যাদ্যুক্তং নিত্যনৈমিত্তিকাদি, ন তু ভজনীয়-পরিচর্য্যাদি, তস্য তদনুশীলনরূপত্বাৎ ; আদি-শব্দেন বৈরাগ্য-যোগ-সাংখ্যাভ্যাসাদয়ঃ, তৈঃ অনাবৃতম্ অব্যব-হিতম্ অপ্রতিহতং) ; [ততঃ স্বরূপলক্ষণমাহ—] আনুকূল্যেন (আনুকূল্যমত্র ভজনোদ্দেশ্যায় শ্রীকৃষ্ণায় রোচমানা প্রবৃত্তিঃ, প্রাতিকূল্যং তু তদ্বিপরীতং জ্ঞেয়ং তস্য ভজনবিরোধাৎ, তেনেতি-—বিশেষণে তৃতীয়া, ন তু উপলক্ষণেহতঃ আনুকূল্যস্যাপি ভক্তিত্ববিধানং জ্ঞেয়ং) কৃষ্ণানুশীলনং (কৃষ্ণশব্দশ্চাত্র স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য, তদ্রূপাণাং চান্যেষামপি শ্রীবিষ্ণুতত্ত্বানাং গ্রাহকশ্চেতি বোধ্যঃ তস্য, কৃষ্ণস্য সম্বন্ধি, কৃষ্ণার্থং বা অনু-শীলনং কায়বাঙ্মানসীয়-তচ্চেষ্টা-রূপং প্রীতিবিষয়াত্মকং শৈথিল্য-পরিত্যাগপূর্ব্বকং মুহুরেব তত্তৎ-কর্ম্ম-প্রবর্ত্তনং) এব উত্তমা ভক্তিঃ [অনেন বৈধ-রাগানুগমার্গয়োঃ সাধক-সিদ্ধদশয়োরুভয়ত্রাপ্যস্যাঃ সুষ্ঠু বৈশিষ্ট্যং স্ফুটং কথিতম্]।

১৬৮। অন্যবাঞ্ছা—কৃষ্ণসেবেতর বাসনা ; অন্যপূজা—কৃষ্ণেতর-পূজা ; কর্ম্ম,—স্বরূপবিস্মৃতিতে ফলভোগ-পিপাসার উদ্দেশে যে সদনুষ্ঠানের ব্যবস্থা ; জ্ঞান—স্বরূপবিস্মৃতিতে ভোগরাহিত্যের (মুক্তির) উদ্দেশে আত্মোৎকর্ষের জন্য নিত্য অভেদ্যা সন্ধিনী ও হ্লাদিনী-শক্তিদ্বয়রহিত কেবল সম্বিতের চেষ্টা; আনুকূল্যে কৃষ্ণানুশীলন—কৃষ্ণপ্রীতির উদ্দেশে কৃষ্ণসেবা, কৃষ্ণেতর মায়ানুশীলন-ত্যাগপূর্ব্বক অনুকূলভাবে কৃষ্ণসেবা ; সর্ব্বেন্দ্রিয়ে—সকল ইন্দ্রিয়দ্বারা। জড়েন্দ্রিয়দ্বারা মায়ারই অনু-শীলন হয় ; 'জড়েন্দ্রিয়' বলিতে বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এবং চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনকে বুঝায়। জড়েন্দ্রিয়সমূহের দ্বারা কৃষ্ণেতর মায়ার সেবা করিতে গেলে উহা নিজ-ভোগতাৎপর্য্যেই পর্য্যবসিত হয় ; তজ্জন্য সাধন-ভক্তিপর্য্যায়ে চতুঃষষ্টিপ্রকার ভক্ত্যঙ্গের ব্যবস্থা হইয়াছে। এই সাধনভক্তিবলে বদ্ধজীব জড়ভোগের হস্ত হইতে পরিত্রাণ পাইয়া নিবৃত্তানর্থ হইয়া অপ্রাকৃত সেবার অধিকারী হন।

১৬৯। শুদ্ধভক্তির লক্ষণ—পাঞ্চরাত্রিক এবং ভাগবত-সম্প্রদায়, উভয় মতই একার্থ-প্রতিপাদক।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৬। ভক্ত্যাভাসে প্রেমের উৎপত্তি হয় না ; শুদ্ধভক্তি হইতেই প্রেমের উৎপত্তি হয়।

১৬৮। শুদ্ধভক্তির লক্ষণ এই,—শুদ্ধভক্তিতে কৃষ্ণসেবার্থ স্বীয় (পারমার্থিক সিদ্ধি-পথে) উন্নতি-বাঞ্ছা ব্যতীত অন্য কোন বাঞ্ছা থাকিতে পারে না। কৃষ্ণ ব্যতীত অন্য কোন সেব্য ব্রহ্ম-পরমাত্মাদি-স্বরূপের পূজা থাকিতে পারে না এবং জ্ঞান ও কর্ম্ম তৎতৎস্বরূপে থাকিতে পারে না। এই সমস্ত হইতে বিমুক্ত হইয়া জীবন-যাত্রায় যাহা ভক্তির অনুকূল, কেবলমাত্র তাহাই গ্রহণ-পূর্ব্বক সমস্ত ইন্দ্রিয়দ্বারা কৃষ্ণানুশীলন করার নাম 'শুদ্ধভক্তি'।

সমগ্র পঞ্চরাত্রের মত ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।১।১২)-ধৃত শ্রীনারদপঞ্চরাত্র-বাক্য—

সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্ ।
হৃষীকেণ হৃষীকেশ-সেবনং ভক্তিরুচ্যতে ॥ ১৭০ ॥

অহৈতুকী বা ঐকান্তিকী শুদ্ধভক্তি হইতেই কৃষ্ণ-প্রাপ্তি ঃ—
শ্রীমদ্ভাগবতে (৩।২৯।১১-১৪)—

মদ্গুণ শ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে ।
মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ ॥ ১৭১ ॥
লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্ ।
অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে ॥ ১৭২ ॥
সালোক্যসার্ষ্টিসারূপ্য-সামীপ্যৈকত্বমপ্যুত ।
দীয়মানং ন গৃহ্নন্তি বিনা মৎসেবনং জনাঃ ॥ ১৭৩ ॥
স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ ।
যেনাতিব্রজ্য ত্রিগুণং মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৭৪ ॥

কৈতব বা অপরাধ থাকিলে কোটিজন্ম সাধন, সমস্তই বৃথা ঃ—

ভুক্তি-মুক্তি আদি-বাঞ্ছা যদি মনে হয় ।
সাধন করিলে প্রেম উৎপন্ন না হয় ॥ ১৭৫ ॥

বুভুক্ষা ও মুমুক্ষা-পিশাচী—ভক্তির লোপকারিণী ঃ—
ভক্তিরসামৃতসিন্ধু (১।২।২২)—

ভুক্তি-মুক্তি-স্পৃহা যাবৎ পিশাচী হৃদি বর্ত্ততে ।
তাবদ্ভক্তিসুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ ॥ ১৭৬ ॥

সাধনভক্তি হইতে (২) ভাবভক্তি বা রতি, রতি
হইতে (৩) প্রেমভক্তি ঃ—

সাধনভক্তি হৈতে হয় 'রতি'র উদয় ।
রতি গাঢ় হৈলে তার 'প্রেম' নাম কয় ॥ ১৭৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭০। সমস্ত ইন্দ্রিয়দ্বারা হৃষীকেশ-সেবনের নাম 'ভক্তি'। এই স্বরূপ-লক্ষণময়ী সেবার দুইটী 'তটস্থ' লক্ষণ—যথা, ঐ শুদ্ধভক্তি সকল উপাধি হইতে মুক্ত থাকিবে এবং কেবল কৃষ্ণ-পরা হইয়া স্বয়ং নির্ম্মলা থাকিবে।

অনুভাষ্য

১৭০। সর্ব্বোপাধি-বিনির্ম্মুক্তং (সকলভেদাবরণপরিশূন্যং কৃষ্ণেতরান্যাভিলাষিতা-বর্জ্জিতং) তৎপরত্বেন (কৃষ্ণসৈবৈক-তাৎপর্য্যেণ আনুকূল্যেন) নির্ম্মলং (কর্ম্মাবরণ-জ্ঞান-বিমোহনাদ্যু-পাধিরূপ-মল-নির্ম্মুক্তং) হৃষীকেণ (সেবোন্মুখেন্দ্রিয়দ্বারা) হৃষীকেশসেবনং (সর্ব্বেন্দ্রিয়াধিপস্য বিষ্ণোরনুশীলনম্ এব) ভক্তিঃ উচ্যতে (কথ্যতে)।

১৭১-১৭৩। আদি, ৪র্থ পঃ ২০৫-২০৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৭৪। শুদ্ধভক্তিযোগপথের কথা শ্রবণ করিতে ইচ্ছুক মাতা-দেবহূতির প্রতি ভগবান্ শ্রীকপিলদেবের উক্তি,—

স (উক্ত লক্ষণঃ) ভক্তিযোগাখ্যঃ এব আত্যন্তিকঃ (অত্যন্তে সর্ব্বান্তে ভবঃ চরমকাষ্ঠাম্ আপন্নঃ) উদাহৃতঃ (কথিতঃ) যেন (আত্যন্তিক-ভক্তিযোগেন) [পুরুষঃ] ত্রিগুণং (মায়াময়ং সংসারম্) অতিব্রজ্য (অতিক্রম্য) মদ্ভাবায় (মম সাক্ষাৎকারায় ব্রহ্মভূতত্বায়) উপপদ্যতে (সমর্থো ভবতি)।

১৭৫। হৃদয়ে কর্ম্মফলভোগবাসনা অথবা সংসারবন্ধ হইতে মুক্তিবাসনা থাকিলে তাদৃশ ফলাকাঙ্ক্ষাযুক্ত ব্যক্তি যতই চতুঃষষ্টিপ্রকার সাধন-ভক্তির অনুষ্ঠান করুন না কেন, ঐরূপ তথাকথিত বিদ্ধভজন—কর্ম্মমাত্রে অথবা নিষ্ফল-জ্ঞানচেষ্টাতেই পরিণত হইবে, সুতরাং তাঁহার ভাগ্যে সাধন-ভক্তির ফল কৃষ্ণ-প্রেমলাভ ঘটিবে না।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭৪। এতাদৃশী ভক্তিকেই 'আত্যন্তিক-ভক্তিযোগ' বলা যায়। সেই ভক্তিযোগদ্বারা জীব গুণময়ী মায়াকে অতিক্রম করিয়া আমার বিমল প্রেম লাভ করেন।

১৭৬। ভুক্তিস্পৃহা ও মুক্তিস্পৃহা,—এই দুইটী পিশাচী ; যে-পর্য্যন্ত ইহারা কোন ব্যক্তির হৃদয়ে বর্ত্তমান থাকে, সে-পর্য্যন্ত তাহার হৃদয়ে ভক্তিসুখের অভ্যুদয় হইতে পারে না।

১৭৭-১৮১। ভক্তির তিনটী অবস্থা—সাধনাবস্থা, ভাবাবস্থা ও প্রেমাবস্থা। শ্রবণ-কীর্ত্তনাদি নববিধঅঙ্গ প্রথমে সাধন-ভক্তিতেই ক্রিয়মাণ হয়। শ্রদ্ধাপূর্ব্বক শ্রবণ-কীর্ত্তনাদি করিতে করিতে পূর্ব্বোক্ত অনর্থসকল যত হ্রাস পাইতে থাকে, ততই শ্রদ্ধাবৃত্তি ক্রমশঃ উচ্চভাব ধারণ করত নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব বা রতি,—এইসকল নামে পরিচিত হয়। সাধনভক্তি হইতেই রতির উদয় হয় ; শ্রবণ-কীর্ত্তনাদির আলোচনায় (অনুশীলনে) সেই

অনুভাষ্য

১৭৬। যাবৎ হৃদি (অন্তর্মনসি) ভুক্তিমুক্তিস্পৃহা (ভোগ-মোক্ষবাসনারূপা) পিশাচী (গ্রাসকারিণী রাক্ষসী) বর্ত্ততে, তাবৎ অত্র (অন্তঃকরণে) ভক্তিসুখস্য (কৃষ্ণপ্রীতিবিধায়ক-সেবানন্দস্য) কথং (কেন প্রকারেণ) অভ্যুদয়ঃ (প্রাকট্যং) ভবেৎ?

১৭৭। সাধনভক্তি—(ভঃ রঃ সিঃ পূর্ব্ব-বিঃ ২য় লঃ)— "কৃতিসাধ্যা ভবেৎ সাধ্যভাবা সা সাধনাভিধা। নিত্যসিদ্ধস্য ভাবস্য প্রাকট্যং হৃদি সাধ্যতা।।" শ্রবণকীর্ত্তনাদির সহায়ক ইন্দ্রিয়দ্বারা সাধনীয় ভক্তিকেই 'সাধন-ভক্তি' বলে ; নিত্যসিদ্ধভাবের হৃদয়ে প্রকটনই 'সাধন'—উহা শ্রদ্ধা, সাধুসঙ্গ (দীক্ষা ও শ্রবণ), ভজন (নিরপরাধে বিষ্ণু-বৈষ্ণবসেবা), নিষ্ঠা, রুচি ও আসক্তি পর্য্যন্ত। মধ্য, ২৩শ পঃ ১১-১৫ সংখ্যা দ্রষ্টব্য।

প্রেমভক্তির গাঢ়ত্বের তারতম্য-বৈচিত্র্য ; চরমে 'মহাভাব' ঃ—

প্রেম বৃদ্ধিক্রমে নাম—স্নেহ, মান, প্রণয় ।
রাগ, অনুরাগ, ভাব, মহাভাব হয় ॥ ১৭৮ ॥

উপমা ঃ—

যৈছে বীজ, ইক্ষু-রস, গুড়, খণ্ড-সার ।
শর্করা, সিতা-মিছ্‌রি, উত্তম-মিছ্‌রি আর ॥ ১৭৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

রতি যত গাঢ় হইতে থাকে, ততই 'প্রেমাদি' নাম ধারণ করে। (ক্রমশঃ) প্রেম-বৃদ্ধিক্রমে স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব ও মহাভাব পর্য্যন্ত উন্নত হয়। উদাহরণস্থল এই যে, ইক্ষুরস—যেন রতিস্থানীয় বীজস্বরূপ, তাহা যত গাঢ় হয়, ততই প্রথমে গুড়ত্ব, পরে খণ্ডসারত্ব, শর্করাত্ব, সিতা-মিছ্‌রিত্ব ও উত্তম মিছ্‌রিত্ব,—এইসকল অবস্থা লাভ করে। রতি হইতে মহাভাব পর্য্যন্ত, সমস্তই কৃষ্ণভক্তিরসে স্থায়িভাব বলিয়া পরিচিত ; রতিকেই সর্ব্বত্র 'স্থায়িভাব' বলিয়া থাকেন।

অনুভাষ্য

রতি—(ভঃ রঃ সিঃ পূর্ব্ব-বিঃ ৩য় লঃ)—"ব্যক্তং মসৃণতেবান্তর্লক্ষ্যতে রতিলক্ষণম্। মুমুক্ষুপ্রভৃতীনাঞ্চেদ্ভবেদেষা রতির্ন হি।।" অন্তঃস্থিত মসৃণতা প্রকাশিত হইলে উহাকেই 'রতির লক্ষণ' বলে। মুমুক্ষু বা বুভুক্ষুগণের এইরূপ মসৃণতা প্রকাশিত হইলে 'রতি' বলা যায় না।

প্রেম—(ভঃ রঃ সিঃ পূর্ব্ব-বিঃ ৪র্থ লঃ ১ম সংখ্যা)—"সম্যঙ্মসৃণিত-স্বান্তো মমত্বাতিশয়াঙ্কিতঃ। ভাবঃ স এব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যতে।।" অন্তঃকরণ সম্যক্ মসৃণিত হইয়া অতিশয় মমতাযুক্ত ভাব গাঢ়তা প্রাপ্ত হইলে পণ্ডিতগণ তাহাকে 'প্রেমা' বলেন।

১৭৮। স্নেহ—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ২য় লঃ)—"সান্দ্রশ্চিত্তদ্রবং কুর্ব্বন্ প্রেমা 'স্নেহ' ইতীর্য্যতে। ক্ষণিকস্যাপি নেহ স্যাদ্বিশ্লেষস্য সহিষ্ণুতা।।" চিত্তের দ্রবভাব ঘনীভূত হইলে প্রেম 'স্নেহ'-সংজ্ঞা লাভ করে। তাহাতে ক্ষণকাল বিচ্ছেদও সহ্য হয় না।

মান—মধ্য, ২য় পঃ ৬৬ সংখ্যা দ্রষ্টব্য।

প্রণয়—মধ্য, ২য় পঃ ৬৬ সংখ্যা দ্রষ্টব্য।

রাগ—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ২য় লঃ)—"স্নেহঃ স রাগো যেন স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটম্। তৎসম্বন্ধ-লবেঽপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়ৈরপি।।" যে-স্নেহে স্পষ্টভাবে দুঃখই 'সুখ' বলিয়া প্রতীত হয়, তাহাই 'রাগ' ; এই সম্বন্ধমাত্রে নিজের প্রাণ নাশ করিয়াও শ্রীকৃষ্ণের প্রীতি উদয় করাইবার প্রবৃত্তি হয়।

অনুরাগ, ভাব ও মহাভাব—মধ্য, ৬ষ্ঠ পঃ ১৩ সংখ্যার অনুভাষ্যে 'অধিরূঢ়-মহাভাব'-প্রসঙ্গ দ্রষ্টব্য।

রতির সহিত বিভাবাদি চারিপ্রকার ভাবের মিলনে রসোদয় ঃ—

এইসব কৃষ্ণভক্তি-রসে স্থায়িভাব ।
স্থায়িভাবে মিলে যদি বিভাব, অনুভাব ॥ ১৮০ ॥
সাত্ত্বিক, ব্যভিচারি-ভাবের মিলনে ।
কৃষ্ণভক্তি-রস হয় অমৃত আস্বাদনে ॥ ১৮১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

সেই স্থায়িভাবে বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী,—এই চারিটী ভাব মিলিত হইলেই রসোদয় হয়। কৃষ্ণভক্তি-ব্যাপারে স্থায়িভাবে ঐসকল সামগ্রী সংযুক্ত হইলে 'কৃষ্ণভক্তি-রস' হয়। স্থায়িভাবই রসোদ্দীপনকার্য্যে মুখ্য আধার। তাহার সহিত বিভাবাদি চারিটী সামগ্রী সংযোজিত হয়। অতএব স্থায়িভাবই রসের 'মূল', বিভাবই রসের 'হেতু', অনুভাবই রসের 'কার্য্য', সাত্ত্বিক ভাবও রসের 'কার্য্যবিশেষ' এবং সঞ্চারী বা ব্যভিচারী ভাবসকলই রসের 'সহায়'। বিভাব দুইপ্রকারে বিভক্ত—'আলম্বন' ও 'উদ্দীপন'। আলম্বন পুনরায় দুইপ্রকারে বিভক্ত,—'বিষয়' ও 'আশ্রয়'। কৃষ্ণভক্তিরসে ভক্তই 'আশ্রয়', কৃষ্ণই 'বিষয়' এবং কৃষ্ণের গুণগণই 'উদ্দীপন'।

অনুভাব ১৩ প্রকার,—১। নৃত্য, ২। বিলুঠিত, ৩। গীত, ৪। ক্রোশন, ৫। তনুমোটন, ৬। হুঙ্কার, ৭। জৃম্ভণ, ৮। শ্বাসবৃদ্ধি, ৯। লোকাপেক্ষা-ত্যাগ, ১০। লালাস্রাব, ১১। অট্টহাস, ১২। উদঘূর্ণা, ১৩। হিক্কা ; এককালেই সমস্ত অনুভাব-লক্ষণ উদিত হয় না। রসের কার্য্য যেরূপ হইতে থাকে,সেইরূপ কোন কোন লক্ষণ সময় সময় উদিত হয়। সাত্ত্বিকভাব—৮ প্রকার এবং সঞ্চারী বা ব্যভিচারী ভাব—৩৩টী (মধ্য, ১৪ পঃ ১৬৭ সংখ্যার অমৃতপ্রবাহ ভাষ্য)।

অনুভাষ্য

১৮০। স্থায়িভাব—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ১ম লঃ)—"বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ। স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ। এষা কৃষ্ণরতিঃ স্থায়িভাবো ভক্তিরসো ভবেৎ।।" কৃষ্ণরতি—স্থায়িভাব-স্বরূপ ; শ্রবণাদি-দ্বারা বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী ভাবের সম্মিলনে, ভক্তগণের হৃদয়ে আস্বাদনীয়ভাবে আনীত হইলে উহাই 'ভক্তিরস' হয়।

বিভাব—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ১ম লঃ)—"তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদনহেতবঃ। তে দ্বিধালম্বনা একে তথৈবোদ্দীপনা পরে।।" রতির আস্বাদন-হেতুসমূহকে 'বিভাব' বলে ; বিভাব—আলম্বন ও উদ্দীপন-ভেদে দ্বিবিধ।

অনুভাব—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ২য় লঃ)—"অনুভাবাস্তু

উপমা ঃ—

যৈছে দধি, সিতা, ঘৃত, মরীচ, কর্পূর ।
মিলনে 'রসালা' হয় অমৃত মধুর ॥ ১৮২ ॥

ভক্তভেদে পঞ্চবিধ রতি ঃ—

ভক্তভেদে রতি-ভেদ পঞ্চ পরকার ।
শান্তরতি, দাস্যরতি, সখ্যরতি আর ॥ ১৮৩ ॥

রতিভেদে পঞ্চবিধ ভক্তিরস ঃ—

বাৎসল্যরতি, মধুররতি,—এ পঞ্চ বিভেদ ।
রতিভেদে কৃষ্ণভক্তি-রসে পঞ্চ ভেদ ॥ ১৮৪ ॥

পঞ্চ মুখ্যভক্তিরস ও সপ্ত গৌণরস ঃ—

শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর-রস নাম ।
কৃষ্ণভক্তি-রসমধ্যে এ পঞ্চ প্রধান ॥ ১৮৫ ॥

অনুভাষ্য

চিত্তস্থা ভাবানামববোধকাঃ। তে বহির্বিক্রিয়া-প্রায়াঃ প্রোক্তা উদ্ভাস্বরাখ্যয়া।।" যাহারা উদ্ভাস্বরযুক্ত চিত্তস্থ ভাবসমূহের প্রকাশক বাহিরে বিকার-সদৃশ চেষ্টা প্রদর্শন করে, সেগুলিই 'অনুভাব'।

১৮১। সাত্ত্বিক ও ব্যভিচারী—মধ্য, ৩য় পঃ ১৬২ সংখ্যা এবং মধ্য, ১৪শ পঃ ১৬৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৮২। সিতা—মিছরী।

১৮৩। শান্তরতি—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ৫ম লঃ)—"মানসে নির্ব্বিকল্পত্ব শম ইত্যভিধীয়তে" অর্থাৎ মানসে সংশয়াদি-রহিত ভাবকে 'শম' বলা যায়। (ঐ)—"বিহায় বিষয়োন্মুখ্যং নিজানন্দ-স্থিতির্যতঃ। আত্মনঃ কথ্যতে সোঽত্র স্বভাবঃ শম ইত্যসৌ।। প্রায়ঃ শমপ্রধানানাং মমতাগন্ধবর্জ্জিতা। পরমাত্মতয়া কৃষ্ণে জাতা শান্তরতির্মতা।।" বিষয়বাসনা পরিহারপূর্ব্বক নিজানন্দে অবস্থিতিকে 'শম'-স্বভাব বলে। শম-প্রধান ব্যক্তিগণের পরমাত্ম-জ্ঞানে কৃষ্ণের প্রতি মমতা-গন্ধহীন শান্তরতি জন্মে।

দাস্যরতি—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ৫ম লঃ)—"স্বস্মাদ্ভবন্তি যে ন্যূনাস্তেঽনুগ্রাহ্যা হরের্মতাঃ। আরাধ্যত্বাত্মিকা তেষাং রতিঃ প্রীতিরিতীরিতা। তত্রাসক্তিকৃদন্যত্র প্রীতিসংহারিণী হ্যসৌ।।" শ্রীভগবান্ হইতে আপনাকে ন্যূনতাভিমানময়ী রতিবিশিষ্ট হইলে জীব হরির অনুগ্রহের পাত্র হন। 'ভগবান্ই আরাধ্য'—এইরূপ প্রীতি-নাম্নী রতিই আরাধ্য ভগবান্ কৃষ্ণচন্দ্রে 'আসক্তি' বিধান করে এবং ভগবদিতর মায়িকবস্তুর প্রতি প্রীতি বিনাশ করে।

সখ্যরতি—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ৫ম লঃ)—"যে সুস্তুল্যা মুকুন্দস্য তে সখায়ঃ সতাং মতাঃ। সাম্যাদ্বিশ্রম্ভরূপৈষাং রতিঃ সখ্যমিহোচ্যতে।। পরিহাসপ্রহাসাদিকারিণীয়মযন্ত্রণা।" বিবুধ ও সজ্জনগণের মতে যাঁহারা মুকুন্দতুল্যত্বাভিমানময়ী রতিবিশিষ্ট, তাঁহারাই 'সখা'; শ্রীকৃষ্ণের সহিত পরস্পর সমভাবহেতু বন্ধন-রাহিত্য-প্রকাশিনী বিশ্বাসময়ী রতিকে 'সখ্যরতি' বলে। এই সখ্যরতি—পরিহাস ও প্রহাসাদিকারিণী, ইহাকে অযন্ত্রণা অর্থাৎ বন্ধনহীনা রতি বলে।

১৮৪। বাৎসল্য-রতি—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ৫ম লঃ)—"গুরবো যে হরেরস্য তে পূজ্যা ইতি বিশ্রুতাঃ। অনুগ্রহময়ী তেষাং রতির্বাৎসল্যমুচ্যতে। ইদং লালনভব্যাশীশ্চিবুকস্পর্শনাদিকৃৎ।।" গুরুত্বাভিমানময়ী রতিবিশিষ্ট জীবগণই ভগবানের 'পূজ্য'; তাঁহাদের অনুগ্রহময়ী রতিকে 'বাৎসল্য রতি' বলে। এই বাৎসল্য-রতিতে লালন, কল্যাণসাধন, আশীর্ব্বাদ ও চিবুকস্পর্শাদির অনুষ্ঠান আছে।

মধুর-রতি—(ভঃ রঃ সিঃ দঃ-বিঃ ৫ম লঃ)—"মিথো হরের্মৃগাক্ষ্যাশ্চ সম্ভোগস্যাদি-কারণম্। মধুরাপরপর্য্যায়া প্রিয়তাখ্যোদিতা রতিঃ। অস্যাং কটাক্ষভ্রূক্ষেপপ্রিয়বাণীস্মিতাদয়ঃ।।" শ্রীভগবানের এবং মৃগনয়নাগণের পরস্পর স্মরণদর্শনাদি আট-প্রকার সম্ভোগের মূলকারণ—প্রিয়তা বা মধুরা-রতি। মধুরা-রতিতে কটাক্ষ, ভ্রূক্ষেপ, প্রিয়বাক্য এবং মধুরহাস্যাদি অনুষ্ঠান বর্ত্তমান।

১৮৫। শান্তভক্তিরস—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ১ম লঃ)—"বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ শমিনাং স্বাদ্যতাং গতঃ। স্থায়ী শান্তিরতি-র্ধীরৈঃ শান্তভক্তিরসঃ স্মৃতঃ। প্রায়ঃ স্বসুখজাতীয়ং সুখং স্যাদত্র যোগিনাম্। কিন্ত্বাত্মসৌখ্যমঘনং ঘনস্ত্বীশময়ং সুখম্।। তত্রাপীশ-স্বরূপানুভবস্যৈবোরুহেতুতা। দাসাদিবন্মনোজ্ঞত্বলীলাদের্ন তথা মতা।।" শান্তরতিরূপ স্থায়িভাব বক্ষ্যমাণ বিভাবাদির সহিত মিলিত হইয়া যখন শান্তভক্তগণ-কর্ত্তৃক আস্বাদনীয় হয় অর্থাৎ তদ্রূপতা লাভ করে, তখন 'শান্তভক্তিরস' হয়। শান্তরসে যোগি-গণের সর্ব্বমূলস্বরূপ নির্ব্বিশেষ-ব্রহ্মানন্দজাতীয় সুখলাভ হয়, কিন্তু এই আত্মানন্দ—'অঘন' অর্থাৎ স্বল্প; আর সচ্চিদানন্দ ভগবদ্বিগ্রহ-স্ফূর্ত্তিতে প্রচুর সেবা-সুখই 'গাঢ়'। শান্তভক্তগণের সাক্ষাৎকার-জন্য সুখাধিক্য হয় বটে, কিন্তু দাসাদির ন্যায় ভগবানের মনোহর লীলায় তাঁহাদের তাদৃশ রুচি হয় না।

দাস্য-ভক্তিরস—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ২য় লঃ)—"আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ প্রীতিরাস্বাদনীয়তাম্। নীতা চেতসি ভক্তানাং প্রীতিভক্তিরসো মতঃ।। অনুগ্রাহ্যস্য দাসত্বাল্লাল্যত্বা-দপ্যয়ং দ্বিধা। ভিদ্যতে সম্ভ্রমপ্রীতো গৌরবপ্রীত ইত্যপি।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা ভক্তগণের চিত্তে প্রীতিরতি আনীত হইয়া আস্বাদনীয়তা লাভ করিলে উহাই 'প্রীতি' বা 'দাস্য-ভক্তি-রস' হয়। অনুগ্রহযোগ্য দাসগণের দাসত্ব ও লাল্যত্ব-ভেদে দাস্য-রসে সম্ভ্রম-দাস্য ও গৌরবদাস্য,—দুই প্রকার প্রীতি লক্ষিত হয়।

ভক্তিরসামৃতসিন্ধু (২।৫।১১৬)—

হাস্যোঽদ্ভুতস্তথা বীরঃ করুণো রৌদ্র ইত্যপি।
ভয়ানকঃ স বীভৎস ইতি গৌণশ্চ সপ্তধা ॥ ১৮৬ ॥

হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, বীভৎস, ভয়।
পঞ্চবিধ-ভক্তে গৌণ সপ্তরস হয় ॥ ১৮৭ ॥

পঞ্চ মুখ্যরস—স্থায়ী ; সপ্ত গৌণরস—আগন্তুক ঃ—

পঞ্চরস 'স্থায়ী', ব্যাপি' রহে ভক্ত-মনে।
সপ্ত গৌণ 'আগন্তুক' পাইয়ে কারণে ॥ ১৮৮ ॥

শান্ত ও দাস্য-রসের ভক্তের নাম ঃ—

শান্তভক্ত—নবযোগেন্দ্র, সনকাদি আর।
দাস্যভাব-ভক্ত—সর্ব্বত্র সেবক অপার ॥ ১৮৯ ॥

সখ্য ও বাৎসল্য-রসের ভক্তের নাম ঃ—

সখ্য-ভক্ত—শ্রীদামাদি, পুরে ভীমার্জ্জুন।
বাৎসল্য-ভক্ত—মাতা-পিতা, যত গুরুজন ॥ ১৯০ ॥

মধুর-রসের ভক্তগণ—পুর-কান্তা ও ব্রজ-কান্তাগণ ঃ—

মধুর-রসে ভক্তমুখ্য—ব্রজে গোপীগণ।
মহিষীগণ, লক্ষ্মীগণ, অসংখ্য গণন ॥ ১৯১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৬। 'মুখ্যরস' পঞ্চবিধ,—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর। হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস,—এই সাতপ্রকার 'গৌণ রস'।

১৮৮। পূর্ব্বোক্ত পঞ্চমুখ্যরস স্থায়িভাবেই ভক্তহৃদয়ে থাকে। হাস্যাদ্ভুত ইত্যাদি গৌণরসগুলি, 'কারণ' উপস্থিত হইলে ভক্তহৃদয়ে আগন্তুকভাবে উদিত হইয়া মুখ্যরসকে পুষ্টি করিয়া নিবৃত্ত হয়।

অনুভাষ্য

সখ্য-ভক্তিরস—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৪র্থ লঃ)—"স্থায়িভাবো বিভাবাদ্যৈঃ সখ্যমাত্মোচিতৈরিহ। নীতশ্চিত্তে সতাং পুষ্টিং রসপ্রেয়ানুদীর্য্যতে।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা স্থায়িভাবে ভক্তগণের চিত্তে সখ্যরতি পুষ্টি লাভ করিলে 'প্রেয়রস' বা 'সখ্যভক্তিরস' হয়।

বাৎসল্য-ভক্তিরস—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৪র্থ লঃ)—"বিভাবাদ্যৈস্তু বাৎসল্যং স্থায়ী পুষ্টিমুপাগতঃ। এষ বৎসল-নামাত্র প্রোক্তো ভক্তিরসো বুধৈঃ।।" স্থায়িভাব ভক্তচিত্তে বিভাবাদিদ্বারা বাৎসল্যরতি পুষ্টিপ্রাপ্ত হইলে ভক্ত-পণ্ডিতগণ তাহাকে 'বাৎসল্য-ভক্তিরস' বলেন।

মধুরভক্তিরস—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৫ম লঃ)—"আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং নীতা সতাং হৃদি। মধুরাখ্যো ভবেদ্ভক্তিরসোঽসৌ মধুরা রতিঃ।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা সদ্ভক্তের হৃদয়ে মধুর-রতি পুষ্টি লাভ করিলে 'মধুরাখ্য ভক্তিরস' বলিয়া কীর্ত্তিত হয়।

১৮৬। তথা হাস্যঃ, অদ্ভুতঃ, বীরঃ, করুণঃ, রৌদ্রঃ, ভয়ানকঃ, বীভৎসঃ—ইতি সপ্তধা গৌণরসশ্চ অপি।

১৮৭-১৮৮। হাস্য-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ উঃ বিঃ ১ম লঃ)—"বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং হাসরতির্গতা। হাসভক্তিরসো নাম বুধৈরেষ নিগদ্যতে।।" বক্ষ্যমাণ বিভাবাদিদ্বারা হাসরতি পুষ্ট হইলেই পণ্ডিতগণ তাহাকে 'হাস্য-ভক্তিরস' বলে।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯০। ব্রজে—শ্রীদামাদি, পুরে—দ্বারকা-লীলায় ভীমার্জ্জুন।

অনুভাষ্য

অদ্ভুত-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ২য় লঃ)—"আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ স্বাদ্যত্বং ভক্তচেতসি। সা বিস্ময়রতির্নীতাদ্ভুতভক্তিরসো ভবেৎ।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা ভক্তচিত্তে 'বিস্ময়রতি' আস্বাদনীয়রূপে আনীত হইলে 'অদ্ভুত-ভক্তিরস' হয়।

বীর-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৩য় লঃ)—"সৈবোৎসাহরতিঃ স্থায়ী বিভাবাদ্যৈর্নিজোচিতৈঃ। আনীয়মানা স্বাদ্যত্বং বীরভক্তিরসো ভবেৎ। যুদ্ধদানদয়াধর্ম্মৈশ্চতুর্দ্ধা বীর উচ্যতে।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা ভক্তচিত্তে 'উৎসাহ-রতি' আস্বাদনীয়রূপে আনীত হইলে 'বীরভক্তিরস' হয় ; 'যুদ্ধ', 'দান', 'দয়া', ও ধর্ম্ম',—এই চারি ব্যাপারে চারিপ্রকার 'বীর' কথিত হয়।

করুণ-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৪র্থ লঃ)—"আত্মোচিতৈর্বিভাবাদ্যৈর্নীতা পুষ্টিং সতাং হৃদি। ভবেচ্ছোকরতির্ভক্তি-রসো হি করুণাভিধঃ।।" নিজোচিত বিভাবাদিদ্বারা ভক্তচিত্তে 'শোক-রতি' পুষ্টি লাভ করিলে তাহাকে 'করুণভক্তিরস' বলে।

রৌদ্র-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৫ম লঃ)—"নীতা ক্রোধরতিঃ পুষ্টিং বিভাবাদ্যৈর্নিজোচিতৈঃ। হৃদি ভক্তজনস্যাসৌ রৌদ্রভক্তিরসো ভবেৎ।।" আত্মোচিত বিভাবাদিদ্বারা ভক্তহৃদয়ে 'ক্রোধরতি' পুষ্টি লাভ করিলে 'রৌদ্র-ভক্তিরস' হয়।

ভয়ানক-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৬ষ্ঠ লঃ)—"বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং ভয়রতির্গতা। ভয়ানকাভিধো ভক্তিরসো ধীরৈরুদীর্য্যতে।।' বক্ষ্যমাণ বিভাবাদিদ্বারা 'ভয়রতি' পুষ্টি লাভ করিলে পণ্ডিতগণ-কর্ত্তৃক উহা 'ভয়ানক-ভক্তিরস' বলিয়া কথিত হয়।

বীভৎস-ভক্তিরস,—(ভঃ রঃ সিঃ পঃ-বিঃ ৭ম লঃ)—"পুষ্টিং নিজবিভাবাদ্যৈর্জুগুপ্সা রতিরাগতা। অসৌ ভক্তিরসো ধীরৈ-

মধুররতি দ্বিবিধা—(১) ঐশ্বর্য্যমিশ্রা ও (২) কেবলা ঃ—

পুনঃ কৃষ্ণরতি হয় দুইত প্রকার।
ঐশ্বর্য্যজ্ঞানমিশ্রা, কেবলা-ভেদ আর ॥ ১৯২ ॥

গোকুলে 'কেবলা' রতি এবং বৈকুণ্ঠ, মথুরা ও দ্বারকায় 'ঐশ্বর্য্যপ্রধান' রতি ঃ—

গোকুলে 'কেবলা' রতি—ঐশ্বর্য্যজ্ঞানহীন।
পুরীদ্বয়ে, বৈকুণ্ঠাদ্যে—'ঐশ্বর্য্য' প্রবীণ ॥ ১৯৩ ॥

ঐশ্বর্য্যপ্রধান রতিতে রাগ-সঙ্কুচিত, কেবলায় ঐশ্বর্য্য-জ্ঞানের অভাব ঃ—

ঐশ্বর্য্যজ্ঞান-প্রাধান্যে সঙ্কুচিত প্রীতি।
দেখিলে না মানে ঐশ্বর্য্য—কেবলার রীতি ॥ ১৯৪ ॥

ব্রজে শান্ত ও দাস্যে কোথাও ঐশ্বর্য্যজ্ঞান থাকিলেও সখ্য, বাৎসল্য ও মধুর-রসে ঐশ্বর্য্যজ্ঞানাভাব ঃ—

শান্ত-দাস্য-রসে ঐশ্বর্য্য কাঁহা উদ্দীপন।
সখ্যে, বাৎসল্যে, মধুর-রসে সঙ্কোচন ॥ ১৯৫ ॥

ঐশ্বর্য্যমিশ্ররতিতে আপনাকে 'দীন' ও কৃষ্ণকে 'প্রভু' জ্ঞান—

(১) বাৎসল্য-রতিতে বসুদেব ও দেবকী ঃ—

বসুদেব-দেবকীর কৃষ্ণ চরণ বন্দিল।
ঐশ্বর্য্যজ্ঞানে দুঁহার মনে ভয় হৈল ॥ ১৯৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৪৪।৫১)—

দেবকী বসুদেবশ্চ বিজ্ঞায় জগদীশ্বরৌ।
কৃতসংবন্দনৌ পুত্রৌ সস্বজাতে ন শঙ্কিতৌ ॥ ১৯৭ ॥

(২) সখ্য-রতিতে অর্জ্জুন ঃ—

কৃষ্ণের বিশ্বরূপ দেখি' অর্জ্জুনের হৈল ভয়।
সখ্যভাবে ধার্ষ্ট্য ক্ষমাপয় করিয়া বিনয় ॥ ১৯৮ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১১।৪১ (ত্রিপাদ)-৪২ (শেষপাদ)—

সখেতি মত্বা প্রসভং যদুক্তং হে কৃষ্ণ হে যাদব হে সখেতি।
অজানতা মহিমানং তবেদং তৎক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ ॥১৯৯

(৩) মধুর রতিতে রুক্মিণী ঃ—

কৃষ্ণ যদি রুক্মিণীরে কৈলা পরিহাস।
'কৃষ্ণ ছাড়িবেন'—জানি' রুক্মিণীর হৈল ত্রাস ॥ ২০০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯২-১৯৪। কৃষ্ণরতি দুইপ্রকার—ঐশ্বর্য্যজ্ঞানমিশ্রা এবং কেবলা বা ঐশ্বর্য্যজ্ঞানহীনা। পুরীদ্বয়ে অর্থাৎ দ্বারকা ও মথুরায় এবং বৈকুণ্ঠাদিতে ঐশ্বর্য্যজ্ঞানমিশ্রা ভক্তি। এইজন্য তথায় প্রেম—সঙ্কুচিত। কিন্তু গোকুলে কেবলা-রতিতে গোপ-গোপীগণ কৃষ্ণের ঐশ্বর্য্য দেখিলেও তাহা মানিতে চায় না।

১৯৫। কাঁহা—স্থলবিশেষে।

অনুভাষ্য

বীভৎসাখ্য ইতীর্য্যতে।।" আম্নোচিত বিভাবাদিদ্বারা ভক্তচিত্তে জুগুপ্সা বা 'ঘৃণা-রতি' পুষ্টিপ্রাপ্ত হইলে পণ্ডিতগণ তাহাকে 'বীভৎস-ভক্তিরস' বলেন।

পঞ্চবিধ ভক্তে—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর, এই স্থায়ী পঞ্চবিধরসের ভক্তে হাস্যাদি সাতটী গৌণরস 'কারণ' উপলক্ষ্য করিয়া প্রকাশমান হয়।

১৮৯। নবযোগেন্দ্র,—(ভাঃ ৫।৪।১১ ও ১১।২।২১)—(১) কবি, (২) হবি, (৩) অন্তরীক্ষ, (৪) প্রবুদ্ধ, (৫) পিপ্পলায়ন, (৬) আবির্হোত্র, (৭) দ্রবিড় (দ্রুমিল), (৮) চমস ও (৯) করভাজন।

সনকাদি—(১) সনক, (২) সনন্দন, (৩) সনৎকুমার, (৪) সনাতন।

দাস্যভাব-ভক্ত,—(১) গোকুলস্থ রক্তক-চিত্রক-পত্রকাদি দাসগণ, (২) দ্বারকা-পুরীস্থিত দারুকাদি দাসগণ, (৩) বৈকুণ্ঠস্থ দাসগণ, (৪) হনুমানাদি লীলা-দাসগণ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৭। দেবকী ও বসুদেব, বলদেব ও শ্রীকৃষ্ণকে 'জগদীশ্বর' জানিয়া শঙ্কিত হইয়া আলিঙ্গন করিতে পারিলেন না।

১৯৯। সখা-জ্ঞানে তোমার মহিমা না জানিয়া, হে কৃষ্ণ, হে যাদব, হে সখে,—এইরূপ শব্দ-ব্যবহারদ্বারা বলপূর্ব্বক যাহা যাহা তোমাকে বলিয়াছি, হে অপ্রমেয়-স্বরূপ, তোমাকে তাহা ক্ষমা করিতে প্রার্থনা করি।

অনুভাষ্য

১৯৫। শান্ত, দাস্য ও গৌরব-সখ্যে স্থানে-স্থানে ঐশ্বর্য্য-প্রাধান্য লক্ষিত হয় ; বিশ্রম্ভ-সখ্যে, বাৎসল্যে ও মধুর-রসে ঐশ্বর্য্যপ্রাধান্য-ভাব সঙ্কুচিত।

১৯৭। কংস ও তন্নিযুক্ত মল্লগণের বধ সাধনপূর্ব্বক শ্রীকৃষ্ণ মাতা দেবকী ও পিতা বসুদেবের বন্ধন মোচন করিয়া তাঁহাদিগকে প্রণাম করিলে দেবকী ও বসুদেবের যশোদা ও নন্দের ন্যায় ভাব না হইয়া ঐশ্বর্য্যভাব-প্রাবল্য লক্ষিত,—

দেবকী বসুদেবশ্চ (মাতাপিতরৌ) পুত্রৌ (রামকৃষ্ণৌ) জগদীশ্বরৌ ইতি বিজ্ঞায় (জ্ঞাত্বা) শঙ্কিতৌ (ভীতৌ সন্তৌ) কৃতসংবন্দনৌ (কৃতপ্রণামৌ) অপি তৌ ন সস্বজাতে (আলিঙ্গিতবন্তৌ কিন্তু প্রণতৌ বদ্ধাঞ্জলী স্তবন্তৌ স্থিতৌ)।

১৯৯। তব ইদং [বিরাড়্রূপং] মহিমানং (মহত্ত্বম্) অজানতা (অননুভবতা) ময়া [প্রমাদাৎ প্রণয়েন বা অপি] সখা ইতি মত্বা [ত্বাং প্রতি] প্রসভং (হঠাৎ) হে কৃষ্ণ, হে যাদব, হে সখে, ইতি যৎ উক্তং (কথিতং) [যৎ চ অসৎকৃতঃ অসি] অহম্ অপ্রমেয়ম্

প্রমাণ-বচন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৬০।২৪)—

তস্যাঃ সুদুঃখভয়-শোক-বিনষ্ট-বুদ্ধে-
র্হস্তাচ্ছ্লথদ্বলয়তো ব্যজনং পপাত।
দেহশ্চ বিক্লবধিয়ঃ সহসৈব মুহ্যন্
রম্ভেব বাতবিহতা প্রবিকীর্য্য কেশান্ ॥ ২০১ ॥

ব্রজে ঐশ্বর্য্যহীন কেবলা-রতিতে কৃষ্ণকে নিজ-বশ্য-জ্ঞান ঃ—

'কেবলা'র শুদ্ধপ্রেম 'ঐশ্বর্য্য' না জানে।
ঐশ্বর্য্য দেখিলে নিজসম্বন্ধ না মানে ॥ ২০২ ॥

(১) স্বয়ং ভগবান্ কৃষ্ণকে যশোদার নিজপুত্র-জ্ঞান ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮।৪৫)—

ত্রয্যা চোপনিষদ্ভিশ্চ সাংখ্যযোগৈশ্চ সাত্বতৈঃ।
উপগীয়মানমাহাত্ম্যং হরিং সাঽমন্যতাত্মজম্ ॥ ২০৩ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৯।১৪)—

তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্ত্যলিঙ্গমধোক্ষজম্।
গোপীকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথা ॥ ২০৪ ॥

(২) স্বয়ং ভগবান্ কৃষ্ণকে শ্রীদামাদির সখা-জ্ঞান ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৮।২৪)—

উবাহ ভগবান্ কৃষ্ণঃ শ্রীদামানং পরাজিতঃ।
বৃষভং ভদ্রসেনশ্চ প্রলম্বো রোহিণীসুতম্ ॥ ২০৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০১। দ্বারকায় রুক্মিণীকে কৃষ্ণ পরিহাস করিলে দুঃখ-ভয়শোকে বিনষ্টবুদ্ধি রুক্মিণীর শ্লথবলয় হস্ত হইতে পাখাখানি পড়িয়া গেল ; চুল আলাইয়া পড়িল ; এবং বাত-বিহত কলা-গাছের ন্যায় তাঁহার দেহ সহসা বিক্লব হইয়া মোহপ্রাপ্ত হইল।

২০৩। বেদত্রয়, উপনিষৎসমূহ, সাংখ্যযোগ ও ভক্তিশাস্ত্রের দ্বারা উপগীয়মান-মাহাত্ম্য সেই কৃষ্ণকে যশোদা আপনার 'পুত্র' বলিয়া জানিলেন।

২০৪। মর্ত্ত্য-শরীরের ন্যায় ব্যক্ত, সেই অব্যক্ত ও ইন্দ্রিয়াতীত অধোক্ষজ-বস্তুকে স্বীয় আত্মজ-বুদ্ধিতে যশোদা প্রাকৃত-বালকের ন্যায় উদূখলে দড়িদ্বারা বন্ধন করিলেন।

২০৫। ভগবান্ কৃষ্ণ পরাজিত হইয়া শ্রীদামকে স্কন্ধে বহন করিলেন ; ভদ্রসেন বৃষভকে বহন করিলেন, আর প্রলম্ব রোহিণী-পুত্র বলদেবকে বহন করিল।

অনুভাষ্য

(অচিন্ত্যপ্রভাবং) তৎ (সর্ব্ববচন-রূপম্ অসৎকার-রূপম্ অপরাধ-জাতং বা) ক্ষাময়ে (ক্ষমাং কারয়ামি, ত্বং ক্ষমস্ব ইত্যর্থঃ)।

২০০-২০১। একদা স্বগৃহে রুক্মিণী স্বহস্তে শ্রীকৃষ্ণের সেবা আরম্ভ করিলে, শ্রীকৃষ্ণ তাঁহার অনুরাগ-পরীক্ষা করিতে ইচ্ছা করিয়া পরিহাসপূর্ব্বক আপনাকে দীন, নিষ্কিঞ্চিন ও উদাসীন, সুতরাং রুক্মিণীর প্রণয়ের সম্পূর্ণ অযোগ্য-পাত্ররূপে বর্ণন করায় এবং তাঁহাকে শ্রীকৃষ্ণসঙ্গ ছাড়িয়া অন্যত্র প্রণয় স্থাপন করিতে বলায়, তচ্ছ্রবণে কৃষ্ণৈকপ্রাণা রুক্মিণীর তাৎকালিকী অবস্থা বর্ণন,—

সুদুঃখভয়শোকবিনষ্টবুদ্ধেঃ (সুদুঃখম্ অত্যন্তদুঃখম্ অপ্রিয়-শ্রবণাৎ, ভয়ং ত্যাগশঙ্কয়া, শোকঃ অনুতাপঃ তৈঃ বিনষ্টা বুদ্ধিঃ যস্যাঃ রুক্মিণ্যাঃ তস্যাঃ) শ্লথদ্বলয়তঃ (শ্লথন্তি পতন্তি বলয়ানি যস্মাৎ তস্মাৎ) হস্তাৎ ব্যজনং (বীজনযন্ত্রং) পপাত। বিক্লবধিয়ঃ (বিক্লবা অবশা ধীঃ যস্যাঃ তস্যাঃ) দেহঃ চ সহসা এব মুহ্যন্ কেশান্ প্রবিকীর্য্য (ইতস্ততঃ বিক্ষিপ্য) বাতবিহতা (বায়ুতাড়িতা) রম্ভা (কদলীবৃক্ষঃ) ইব পপাত।

২০২। কেবলার শুদ্ধপ্রেম-মাহাত্ম্য ঐশ্বর্য্য-প্রধান ভক্ত বুঝিতে পারে না। ভগবানের ঐশ্বর্য্য দেখিলেও কেবলা-রতিপরায়ণ ভক্ত নিজ-সম্বন্ধ স্বীকার করেন না।

২০৩। শ্রীকৃষ্ণের মুখে ঐশ্বর্য্যময় বিশ্বরূপ দর্শন করিয়া যশোদার তত্ত্বজ্ঞান-হেতু সম্ভ্রমবুদ্ধি আসিতেই পুনরায় কৃষ্ণেচ্ছায় তাঁহার সহজ-মমতা-প্রবল হৃদয়ে কৃষ্ণস্নেহ গাঢ়তর হইয়া বৃদ্ধিপ্রাপ্ত হইল,—

ত্রয্যা (কর্ম্মপাসনাময়ৈঃ ঋগ্‌যজুঃসাম-বেদৈঃ) [ইন্দ্রাদি-রূপেণ ইতি], উপনিষদ্ভিঃ (বেদোত্তর-জ্ঞানকাণ্ডাত্মক-শ্রুতিভিঃ) ['ব্রহ্ম' ইতি], সাংখ্যৈঃ ['পুরুষঃ' ইতি], যোগৈঃ ['পরমাত্মা' ইতি], সাত্বতৈঃ (পঞ্চরাত্রাগমৈঃ) ['ভগবান্' ইতি] উপগীয়মান-মাহাত্ম্যম্ (উপগীয়মানম্ ঈড্যমানং মাহাত্ম্যং যস্য তং) হরিং সা (কেবলরতিবিশিষ্টা যশোদা) আত্মজং (তনয়ম্) অমন্যত।

২০৪। মাতার স্নেহদর্শনার্থ লীলাময় কৃষ্ণ যশোদা-ভবনে দধিভাণ্ড ভাঙ্গিয়া চুরি করিয়া নবনীত ভক্ষণ করিতে আরম্ভ করায় ক্রুদ্ধা যশোদার ব্যবহার বর্ণন,—

অব্যক্তং (জড়েন্দ্রিয়াদ্যবিষয়ম্) অধোক্ষজম্ (অধঃকৃতম্ অক্ষজম্ ইন্দ্রিয়জ-জ্ঞানং যেন তং স্বয়ং ভগবন্তং) মর্ত্ত্যলিঙ্গং (জীবানুকম্পয়া স্বীকৃত-নরতনুম্) আত্মজং (পুত্রং) মত্বা গোপিকা (যশোদা) প্রাকৃতং বালকং [মাতা] যথা, (তথা) দাম্না (রজ্জুনা) উলুখলে (উদূখলে) ববন্ধ (বন্ধনার্থং যত্নবতী আসীৎ)।

২০৫। ব্রজবনে গোচারণকালে রামকৃষ্ণকে হরণার্থ ছদ্মবেশী গোপরূপী প্রলম্বাসুরের আগমনদর্শনে কৃষ্ণ তাহাকে মোহিত

(৩) স্বয়ং ভগবান্ কৃষ্ণকে শ্রীরাধার
স্ববশ্য কান্ত-জ্ঞান ঃ—

সা চ মেনে তদাত্মানং বরিষ্ঠাং সর্ব্বযোষিতাম্ ।
হিত্বা গোপীঃ কামযানা মামসৌ ভজতে প্রিয়ঃ ॥ ২০৬ ॥
ততো গত্বা বনোদ্দেশং দৃপ্তা কেশবমব্রবীৎ ।
ন পারয়েঽহং চলিতুং নয় মাং যত্র তে মনঃ ॥ ২০৭ ॥
এবমুক্তঃ প্রিয়ামাহ স্কন্ধমারুহ্যতামিতি ।
ততশ্চান্তর্দধে কৃষ্ণঃ সা বধূরন্বতপ্যত ॥ ২০৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০৬-২০৮। "কামযান গোপীদিগকে পরিত্যাগপূর্ব্বক এই প্রিয় কৃষ্ণ আমাকে ভজন করিতেছেন"—এইরূপ অহঙ্কারে রাধিকা (আপনাকে সর্ব্বগোপী হইতে শ্রেষ্ঠা বলিয়া জ্ঞান করিলেন এবং অবশেষে) বনে গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে বলিলেন,—"হে কৃষ্ণ, আমি আর চলিতে পারি না, তোমার যেখানে ইচ্ছা আমাকে লইয়া চল।" রাধিকা এইরূপ বলিলে, কৃষ্ণ কহিলেন,—"আমার স্কন্ধে আরোহণ কর।" এই বলিয়া কৃষ্ণ অন্তর্দ্ধান করিলে সেই কৃষ্ণবধূ রাধিকা অনুতাপ করিতে লাগিলেন।

অনুভাষ্য

করিয়া গোচারণ করিতে করিতে শ্রীকৃষ্ণপক্ষীয় ও শ্রীরামপক্ষীয় সখাগণকে পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক ক্রীড়ামত্ত করাইয়া ভাণ্ডীর-বনে উপস্থিত হইলেন এবং শ্রীকৃষ্ণপক্ষীয় সখাগণের পরাজয়-হেতু স্ব-প্রতিজ্ঞানুসারে তাঁহাদের শ্রীরামপক্ষীয় সখাগণকে বহন-চেষ্টা-বর্ণন,—

ভগবান্ কৃষ্ণঃ পরাজিতঃ (সন্) শ্রীদামানং, ভদ্রসেনঃ বৃষভং, প্রলম্বঃ (গোপবালকবেষী কপটী অসুরঃ) রোহিণীসুতং (ভাবি-তন্মৃত্যুরূপং বলদেবম্) উবাহ।

২০৬-২০৮। রাসক্রীড়া হইতে কেবলমাত্র শ্রীমতী রাধিকাকে লইয়া শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইলে শ্রীমতীর অহঙ্কার হওয়ায় গর্ব্বোক্তি,—

অসৌ প্রিয়ঃ (কৃষ্ণঃ) কামযানা (কামো যানম্ আগমন-সাধনং যাসাং তাঃ) গোপীঃ (সর্ব্বাঃ) হিত্বা (পরিত্যজ্য) মাং (রাধিকাং) ভজতে ইতি দৃপ্তা (গর্ব্বিতা সতী) সা (রাধিকা) আত্মানং (স্বাং) সর্ব্বযোষিতাং (সকলগোপীনাং মধ্যে) বরিষ্ঠাং (শ্রেষ্ঠাং) মেনে ; ততঃ (এবমভিমানানন্তরং) বনোদ্দেশং (কানন-প্রদেশবিশেষং) গত্বা "অহং চলিতুং ন পারয়ে (শক্নোমি, অতঃ) যত্র (স্থানে) তে (তব) গন্তুং মনঃ (অভিলাষঃ), [তত্র হে কেশব,] মাং নয় (বহ)", ইতি সা কেশবম্ অব্রবীৎ। এবম্ উক্তঃ [সন্ সঃ শ্রীকৃষ্ণঃ তাং] প্রিয়াং (রাধিকাং) [মম] স্কন্ধম্

শ্রীমদ্ভাগবতে (১০।৩১।১৬)—

পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবানতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ ।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ কিতব যোষিতঃ কস্ত্যজেন্নিশি ॥ ২০৯

শান্তরসের গুণ-ও স্বরূপ ঃ—

শান্তরসে—'স্বরূপবুদ্ধ্যে কৃষ্ণৈকনিষ্ঠতা' ।
"শমো মন্নিষ্ঠতা বুদ্ধেঃ" ইতি শ্রীমুখ-গাথা ॥ ২১০ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (৩।১।৪৭)—

শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিতি শ্রীভগবদ্বচঃ ।
তন্নিষ্ঠা দুর্ঘটা বুদ্ধেরেতাং শান্তরতিং বিনা ॥ ২১১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০৯। হে কৃষ্ণ, আমরা পতি, পুত্র, অন্বয়, ভ্রাতা ও বান্ধব, সকলকে অতিক্রম করিয়া তোমার নিকটে আগমন করিয়াছি ; আমাদের আসিবার কারণ তুমি জান,—তোমার গীতে মোহিত হইয়া আমরা আসিয়াছি। হে ধূর্ত্ত, রাত্রিকালে যোষিৎগণকে কে এরূপ পরিত্যাগ করে ?

২১০। মন্নিষ্ঠতা-বুদ্ধি হইতে 'শম'-ধর্ম্মটী উদিত হয় ; শম-ধর্ম্ম হইতে 'শান্ত'-রস, সুতরাং শান্তরসে—কৃষ্ণই একমাত্র পরমার্থস্বরূপ ; সমস্ত বিশ্বই (কৃষ্ণে আশ্রিত হইয়াও কৃষ্ণ-স্বরূপ হইতে পৃথক্ অন্য) 'ইতর' বস্তু—এই নিষ্ঠা লক্ষিত হয়।

২১১। মন্নিষ্ঠতা-বুদ্ধি হইতে 'শমগুণ'—এই ভগবদ্বাক্যক্রমে বুঝিতে হইবে যে, শান্তিরতি বিনা তন্নিষ্ঠা—দুর্ঘট।

অনুভাষ্য

আরুহ্যতাম্ ইতি আহ ; ততঃ [লীলা-বিলাসী] কৃষ্ণঃ চ অন্তর্দধে (অন্তর্হিতঃ আসীৎ) ; [তদ্দৃষ্ট্বা] সা বধূ (রাধিকা) চ অন্বতপ্যত (অনুতাপবতী)।

২০৯। গোপীদিগের সহিত রাসক্রীড়া করিতে করিতে শ্রীকৃষ্ণ হঠাৎ অন্তর্হিত হওয়ায়, কৃষ্ণের উদ্দেশে বিরহকাতরা গোপীগণের বিলাপ-গীতি,—

হে অচ্যুত, গতিবিদঃ (অস্মদাগমনং জানতঃ, গীতগতীর্ব্বা জানতঃ, যদ্বা গতিবিদঃ বয়ং) তব উদ্গীতমোহিতাঃ (উদ্গীতেন উচ্চৈর্গীতেন মোহিতাঃ বয়ং গোপ্যঃ) পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবান্ (পতীন্ সুতান্ অন্বয়ান্ তৎসম্বন্ধিনঃ পুত্রান্ ভ্রাতৃন্ বান্ধবাংশ্চ সর্ব্বান্) অতিবিলঙ্ঘ্য (অনাদৃত্য) তে (তব) অন্তি (সমীপম্) আগতাঃ ; হে কিতব, (বঞ্চনশীল শঠ,) নিশি এবম্ভূতাঃ যোষিতঃ (স্বয়মাগতাঃ) [ত্বাং ঋতে] কঃ ত্যজেৎ [ন কোঽপীত্যর্থঃ]।

২১০। শান্তরসে জড়ভোগবুদ্ধি অপনোদিত হইলে জীবের স্বরূপবুদ্ধির উদয় হয়। তাঁহার নিত্য স্বরূপই কৃষ্ণে নিত্য এক-নিষ্ঠতা-ধর্ম্মবিশিষ্ট। শ্রীভগবান্ উদ্ধবকে নিজ-মুখে বলিয়াছেন যে, 'শম'-শব্দের অর্থ 'কৃষ্ণৈকনিষ্ঠতা'।

শ্রীমদ্ভাগবতে (১১।১৯।৩৩)—

শমো মন্নিষ্ঠতা বুদ্ধের্দম ইন্দ্রিয়সংযমঃ।
তিতিক্ষা দুঃখসংমর্ষো জিহ্বোপস্থজয়ো ধৃতিঃ ॥ ২১২ ॥

কৃষ্ণ বিনা তৃষ্ণা-ত্যাগ—তার কার্য্য মানি।
অতএব 'শান্ত' কৃষ্ণভক্ত এক জানি ॥ ২১৩ ॥
স্বর্গ, মোক্ষ কৃষ্ণভক্ত 'নরক' করি' মানে।
কৃষ্ণনিষ্ঠা, তৃষ্ণা-ত্যাগ—শান্তের 'দুই' গুণে ॥ ২১৪ ॥

শ্রীমদ্ভাগবতে (৬।১৭।২৮)—

নারায়ণপরাঃ সর্ব্বে ন কুতশ্চন বিভ্যতি।
স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনঃ ॥ ২১৫ ॥

সকল ভগবদ্ভক্তেই শান্ত-রস অনুস্যূত ঃ—

এই দুই গুণ ব্যাপে সব ভক্তজনে।
আকাশের 'শব্দ'-গুণ যেন ভূতগণে ॥ ২১৬ ॥

শান্তরসে—কৃষ্ণে নিরপেক্ষ-ভাব ঃ—

শান্তের স্বভাব—কৃষ্ণে মমতা-গন্ধহীন।
'পরংব্রহ্ম'-'পরমাত্মা'-জ্ঞান-প্রবীণ ॥ ২১৭ ॥

দাস্যরসে—শান্তরস + সেবা ঃ—

কেবল 'স্বরূপ-জ্ঞান' হয় শান্তরসে।
'পূর্ণৈশ্বর্য্যপ্রভু-জ্ঞান' অধিক হয় দাস্যে ॥ ২১৮ ॥
ঈশ্বরজ্ঞান, সম্ভ্রম-গৌরব প্রচুর।
'সেবা' করি' কৃষ্ণে সুখ দেন নিরন্তর ॥ ২১৯ ॥
শান্তের গুণ দাস্যে আছে, অধিক—'সেবন'।
অতএব দাস্যরসের এই 'দুই' গুণ ॥ ২২০ ॥

সখ্যরসে—শান্ত ক্রোড়ীকৃত দাস্যরস + বিশ্রম্ভ-মমতা ঃ—

শান্তের গুণ, দাস্যের সেবন—সখ্যে দুই হয়।
দাস্যের 'সম্ভ্রম-গৌরব'-সেবা, সখ্যে 'বিশ্বাস'-ময় ॥২২১॥
কান্ধে চড়ে, কান্ধে চড়ায়, করে ক্রীড়া-রণ।
কৃষ্ণে সেবে, কৃষ্ণে করায় আপন সেবন!! ২২২ ॥
বিশ্রম্ভ-প্রধান সখ্য—গৌরব-সম্ভ্রম-হীন।
অতএব সখ্য-রসের 'তিন' গুণ—চিহ্ন ॥ ২২৩ ॥
'মমতা' অধিক, কৃষ্ণে আত্মসম জ্ঞান।
অতএব সখ্যরসের বশ ভগবান্ ॥ ২২৪ ॥

বাৎসল্য-রসে—দাস্য-ক্রোড়ীকৃত সখ্যরস + কৃষ্ণে পাল্যজ্ঞান ঃ—

বাৎসল্যে শান্তের গুণ, দাস্যের সেবন।
সেই সেই সেবনের ইঁহা নাম—'পালন' ॥ ২২৫ ॥
সখ্যের গুণ—'অসঙ্কোচ', 'অগৌরব' সার।
মমতাধিক্যে তাড়ন-ভর্ৎসন-ব্যবহার ॥ ২২৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২১২। মন্নিষ্ঠতা-বুদ্ধি হইতে 'শম' গুণ, ইন্দ্রিয়সংযমকে 'দম', দুঃখ-সহনের নাম 'তিতিক্ষা', জিহ্বা ও উপস্থজয়ের নাম 'ধৃতি'।

২১৪-২২৭। কৃষ্ণে একনিষ্ঠা, আর (তাহা হইতে) ইতর-বস্তুতে তৃষ্ণা-ত্যাগ—এই দুইটী শান্ত রসের গুণ। যেমন বায়ু, অগ্নি, জল ও পৃথিবী—এই সকল-ভূতেই আকাশের 'শব্দমাত্র গুণ' ব্যাপ্ত, সেইরূপ শান্তরসের গুণ দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর-রসে আছে। শান্তরসে এই দুইটী গুণ থাকিলেও মমতা ('আমারই তিনি' এই ধর্ম্মটি) নাই, সুতরাং সেই রসের উপাস্য-বস্তু—'পরব্রহ্ম', 'পরমাত্মা' ইত্যাদি ; এই উপাসনা-ক্রিয়াটি—জ্ঞান-প্রধান। 'সেই পরমাত্মাই আমার প্রভু এবং আমিই তাঁহার নিত্যদাস'—এইরূপ মমতা-জ্ঞান যখন তাঁহাতে সংযুক্ত হয়, তখন শান্তরস বিকশিত হইয়া দাস্যরসে পরিণত হয় ; তথাপি তাহাতে 'ঈশ্বরজ্ঞান' ও সম্ভ্রমরূপ 'গৌরব' প্রচুরভাবে থাকে। শান্তরসে—'সেবা' থাকে না, দাস্যরসেই সেবা আরম্ভ হয়। দাস্যরসে—শান্তের গুণ ও 'মমতা'—এই দুইটী গুণ দেখা যায়। আবার, সখ্যরসে—শান্তের গুণ ও দাস্যের গুণ ত' আছেই, তাহাতে বিশ্বাসময় প্রেমও একটু সংযুক্ত। বিশ্বাসের নামই 'বিশ্রম্ভ', সেই বিশ্রম্ভ-প্রধান সখ্যরসে গৌরব-সম্ভ্রম নাই, সুতরাং সখ্যরসে 'তিনটী' গুণ। দাস্যে যে 'মমতা' ছিল, সখ্যে 'আত্মসম'

অনুভাষ্য

২১১। বুদ্ধেঃ মন্নিষ্ঠতা (কৃষ্ণৈকনিষ্ঠতা) 'শমঃ' ইতি শ্রীভগবদ্বচঃ (উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণবাক্যম্) ; এতাং শান্তরতিং বিনা বুদ্ধেঃ তন্নিষ্ঠা (ভগবন্নিষ্ঠা) দুর্ঘটা (দুর্ঘটনীয়া)।

২১২। উদ্ধবের প্রশ্নের উত্তরে শ্রীকৃষ্ণের উক্তি,—

বুদ্ধেঃ মন্নিষ্ঠতা (ন তু শান্তিমাত্রং) 'শমঃ' : ইন্দ্রিয়সংযমঃ [ন চৌরাদি-দমনং] 'দমঃ' ; দুঃখসংমর্ষঃ (আত্মকৃতবিপাকস্য, বিহিত-দুঃখস্য বা, সম্মর্ষঃ সহনং, ন তু ভারাদেঃ) 'তিতিক্ষা' ; জিহ্বোপস্থ জয়ঃ (জিহ্বোপস্থয়োঃ জয়ঃ বেগধারণং, ন তু অনুদ্বেগমাত্রং) 'ধৃতিঃ'।

২১৩। কৃষ্ণ ব্যতীত বস্তুতে তৃষ্ণারাহিত্যই শান্তরসের কার্য্য বলিয়া স্বীকার্য্য ; সুতরাং একমাত্র কৃষ্ণভক্তই শান্ত।

২১৪। দুই গুণে—অর্থাৎ, কৃষ্ণনিষ্ঠা ও কৃষ্ণেতর বস্তুতে বা দ্রব্যে লোভ-ত্যাগ।

২১৫। মধ্য, ৯ম পঃ ২৭০ সংখ্যা দ্রষ্টব্য।

২১৬। সবভক্তজনে—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচপ্রকার ভক্তেই অবস্থিত।

'আকাশের শব্দগুণ'—মধ্য, ৮ম পঃ ৮৫-৮৭ সংখ্যা দ্রষ্টব্য।

আপনারে 'পালক' জ্ঞান, কৃষ্ণে 'পাল্য'-জ্ঞান।
'চারি' গুণে বাৎসল্য রস—অমৃত-সমান ॥ ২২৭ ॥
সে অমৃতানন্দে ভক্ত সহ ডুবেন আপনে।
'কৃষ্ণ—ভক্তবশ' গুণ কহে ঐশ্বর্য্য-জ্ঞানিগণে ॥ ২২৮ ॥

পদ্মপুরাণে 'দামোদরাষ্টকে'—

ইতীদৃক্স্বলীলাভিরানন্দকুণ্ডে
স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তম্।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জ্জিতত্বং
পুনঃ প্রেমতস্ত্বাং শতাবৃত্তি বন্দে ॥ ২২৯ ॥

মধুররসে—দাস্য ও সখ্য-ক্রোড়ীভূত বাৎসল্য + নিজাঙ্গ-দ্বারে সেবা ঃ—

মধুর-রসে—কৃষ্ণনিষ্ঠা, সেবা অতিশয়।
সখ্যের অসঙ্কোচ, লালন-মমতাধিক্য হয় ॥ ২৩০ ॥
কান্তভাবে নিজাঙ্গ দিয়া করেন সেবন।
অতএব মধুর-রসের হয় 'পঞ্চ' গুণ ॥ ২৩১ ॥

আকাশাদির শব্দাদি যেমন ক্ষিতির গন্ধগুণে পর্য্যবসিত, তদ্রূপ মধুর-রসে অবশিষ্ট চারিরস অনুস্যূত ঃ—

আকাশাদি গুণ যেন পর পর ভূতে।
এক-দুই-তিন-চারি-ক্রমে পঞ্চ পৃথিবীতে ॥ ২৩২ ॥
এইমত মধুরে সব ভাব-সমাহার।
অতএব আস্বাদাধিক্যে করে চমৎকার ॥ ২৩৩ ॥

প্রভুর এই দিগ্দর্শন ভক্তিরসামৃতসিন্ধুতে বিস্তারিত ঃ—

এই ভক্তিরসের করিলাঙ, দিগ্দরশন।
ইহার বিস্তার মনে করিহ ভাবন ॥ ২৩৪ ॥
ভাবিতে ভাবিতে কৃষ্ণ স্ফুরয়ে অন্তরে।
কৃষ্ণকৃপায় অজ্ঞ পায় রসসিন্ধু-পারে ॥" ২৩৫ ॥

প্রয়াগ হইতে প্রভুর কাশী যাত্রা ঃ—

এত বলি' প্রভু তাঁরে কৈলা আলিঙ্গন।
বারাণসী চলিবারে প্রভুর হৈল মন ॥ ২৩৬ ॥
প্রভাতে উঠিয়া যবে করিলা গমন।
তবে তাঁর পদে রূপ করে নিবেদন ॥ ২৩৭ ॥

প্রভুর অনুগমনার্থ শ্রীরূপের আজ্ঞা-যাচ্ঞা ঃ—

"আজ্ঞা হয়, আসি মুঞি শ্রীচরণ-সঙ্গে।
সহিতে না পারি মুঞি বিরহ-তরঙ্গে ॥" ২৩৮ ॥

শ্রীরূপকে বৃন্দাবনে যাইতে এবং পরে তথা হইতে পুরীতে মিলিতে আজ্ঞা-দান ঃ—

প্রভু কহে,—"তোমার কর্ত্তব্য, আমার বচন।
নিকটে আসিয়াছ তুমি, যাহ বৃন্দাবন ॥ ২৩৯ ॥
বৃন্দাবন হৈতে তুমি গৌড়দেশ দিয়া।
আমারে মিলিবা নীলাচলেতে আসিয়া ॥" ২৪০ ॥

প্রভুর নৌকারোহণ, শ্রীরূপের মূর্চ্ছা ঃ—

তাঁরে আলিঙ্গিয়া প্রভু নৌকাতে চড়িলা।
মূর্চ্ছিত হঞা তেঁহো তাহাঞি পড়িলা ॥ ২৪১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

হইয়া তাহাই বৃদ্ধি পাইল। বাৎসল্যে—শান্তের গুণ, দাস্যের সেবন 'পালন'রূপে পরিণত ; বিশেষতঃ সখ্যের অসঙ্কোচ ও অগৌরব-গুণ ও মমতাধিক্যে তাড়ন-ভর্ৎসন-ব্যবহার এবং আপনাকে 'পালক'-জ্ঞান ও কৃষ্ণে 'পাল্য'-জ্ঞান—এবম্বিধ চারিরসের গুণে 'বাৎসল্য' অমৃতসমান হইয়াছে।

২২৯। হে ভগবন্, আমি তোমাকে শত শতবার প্রেমপূর্ব্বক বন্দনা করি ; যেহেতু, এইপ্রকার স্বীয় লীলাদ্বারা তুমি গোপী-দিগকে আনন্দকুণ্ডে নিমজ্জিত কর এবং ঐশ্বর্য্য-জ্ঞানসম্পন্ন ভক্তদের নিকট তুমি যে ভক্ত-পরাজিত, তাহা জানাও।

২৩০-২৩৪। শান্তের 'কৃষ্ণনিষ্ঠা', দাস্যের 'অতিশয় সেবা', সখ্যের 'অসঙ্কোচ সেবা' ও বাৎসল্যের 'মমতাধিক্যে লালন'—এইসকল-ভাবে আবার কান্তা-ভাব-গত 'নিজাঙ্গ-দানরূপ সেবা' দৃঢ়রূপ সংযুক্ত হইলে পঞ্চগুণ-বিশিষ্ট 'মধুর-রস' হয়। তাহাতে সমস্ত ভাবেরই সমাহার আছে। অতএব আস্বাদাধিক্যক্রমে অত্যন্ত চমৎকারিত্ব লক্ষিত হয়। সংক্ষেপে কথিত এই ভক্তি-রসের সূত্র বিচারপূর্ব্বক ভক্তিরসামৃতসিন্ধু-রূপ শাস্ত্র উদয় করাইবে।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে ঊনবিংশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

২২৮। ঐশ্বর্য্যপ্রধান জ্ঞানিগণ কৃষ্ণের নিজভক্তবশ্যতা-গুণ বলিয়া থাকেন।

২৩০। ইতি (অনয়া দামোদরলীলয়া) ঈদৃক্স্বলীলাভিঃ (ঈদৃশীভিঃ দামোদরলীলাসদৃশীভিঃ স্বাভিঃ লীলাভিঃ ক্রীড়াভিঃ) স্বঘোষং (স্বস্য প্রেমবতঃ গোপাদীন্ সর্ব্বমেব) আনন্দকুণ্ডে নিমজ্জন্তং (পরমসুখবিশেষমনুভবন্তং) তদীয়েশিতজ্ঞেষু (ভগবদৈশ্বর্য্যপরেষু ভক্তেষু) ভক্তৈর্জ্জিতত্বম্ (আত্মনো ভক্তবশ্য-তাম্) আখ্যাপয়ন্তং (প্রথয়ন্তম্) ত্বাম্ (ঈশ্বরং) প্রেমতঃ (ভক্তি-বিশেষেণ) শতাবৃত্তি (যথা স্যাৎ তথা শতবারান্) অহং বন্দে।

২৩২। মধ্য, ৮ম পঃ ৮৭ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে ঊনবিংশ পরিচ্ছেদ।

শ্রীরূপ ও অনুপমের বৃন্দাবন-যাত্রা ঃ—

দাক্ষিণাত্য-বিপ্র তাঁরে ঘরে লঞা গেলা ।
তবে দুই ভাই বৃন্দাবনেরে চলিলা ॥ ২৪২ ॥

প্রভুর কাশী-আগমন ঃ—

মহাপ্রভু চলি' চলি' আইলা বারাণসী ।
চন্দ্রশেখর মিলিলা গ্রামের বাহিরে আসি' ॥ ২৪৩ ॥

বৈদ্য শেখরের স্বপ্নানুসারে প্রভুকে দর্শন ও স্বগৃহে আনয়ন ঃ—

রাত্রে তেঁহো স্বপ্ন দেখে,—প্রভু আইলা ঘরে ।
প্রাতঃকালে আসি' রহে গ্রামের বাহিরে ॥ ২৪৪ ॥
আচম্বিতে প্রভু দেখি' চরণে পড়িলা ।
আনন্দিত হঞা নিজ-গৃহে লঞা গেলা ॥ ২৪৫ ॥

প্রভুকে তপনমিশ্রের এবং বলভদ্রকে চন্দ্রশেখরের নিমন্ত্রণ ঃ—

তপনমিশ্র শুনি' আসি' প্রভুরে মিলিলা ।
ইষ্টগোষ্ঠী করি' প্রভুর নিমন্ত্রণ কৈলা ॥ ২৪৬ ॥
নিজ ঘরে লঞা প্রভুরে ভিক্ষা করাইল ।
ভট্টাচার্য্যে চন্দ্রশেখর নিমন্ত্রণ কৈল ॥ ২৪৭ ॥

কাশীতে অবস্থানকাল পর্য্যন্ত প্রভুকে ভিক্ষা দিতে মিশ্রের আজ্ঞা-যাচ্ঞা ঃ—

ভিক্ষা করাঞা মিশ্র কহে প্রভু-পায় ধরি' ।
"এক ভিক্ষা মাগি, মোরে দেহ কৃপা করি' ॥ ২৪৮ ॥
যাবৎ তোমার হয় কাশীপুরে স্থিতি ।
মোর ঘর বিনা ভিক্ষা না করিবা কতি ॥" ২৪৯ ॥

মায়াবাদী সন্ন্যাসীর সঙ্গ দুঃসঙ্গ-হেতু প্রভুর ভক্ত-প্রার্থনায় সম্মতি ঃ—

প্রভু জানেন—'দিন পাঁচ-সাত সে রহিব ।
সন্ন্যাসীর সঙ্গে ভিক্ষা কাঁহা না করিব ॥' ২৫০ ॥

প্রভুর তপনমিশ্র-গৃহে ভিক্ষা ও চন্দ্রশেখর-গৃহে অবস্থান ঃ—

এত জানি' তাঁর ভিক্ষা কৈলা অঙ্গীকার ।
বাসা-নিষ্ঠা কৈলা চন্দ্রশেখরের ঘর ॥ ২৫১ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রের প্রভুকৃপা-লাভ ঃ—

মহারাষ্ট্রীয় বিপ্র আসি' তাঁহারে মিলিলা ।
প্রভু তাঁরে স্নেহ করি' কৃপা প্রকাশিলা ॥ ২৫২ ॥
মহাপ্রভু আইলা শুনি' শিষ্ট শিষ্ট জন ।
ব্রাহ্মণ, ক্ষত্রিয় আসি' করেন দরশন ॥ ২৫৩ ॥

শ্রীরূপ-শিক্ষা সংক্ষেপে বর্ণিত ঃ—

শ্রীরূপ-উপরে প্রভুর যত কৃপা হৈল ।
অত্যন্ত বিস্তার-কথা সংক্ষেপে কহিল ॥ ২৫৪ ॥

শ্রীরূপশিক্ষা-শ্রবণে চৈতন্যচরণে প্রেমভক্তি-লাভ ঃ—

শ্রদ্ধা করি' এই কথা শুনে যেই জনে ।
প্রেমভক্তি পায় সেই চৈতন্য-চরণে ॥ ২৫৫ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২৫৬ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে শ্রীরূপানুগ্রহো নাম ঊনবিংশ-পরিচ্ছেদঃ।

বিংশ পরিচ্ছেদ

কথাসার—সনাতন গোস্বামী গৌড়ের বন্দিশালে আছেন, এমত সময় রূপগোস্বামী লিখিলেন,—'মহাপ্রভু মথুরা গিয়াছেন।' বন্দিশাল-রক্ষককে মিষ্টবাক্যে এবং ৭০০০ মুদ্রা দিয়া সনাতন গঙ্গা পার হইয়া পলায়ন করিলেন। সঙ্গী ঈশানের নিকট আটটী স্বর্ণমুদ্রা থাকায় পাতড়া-পর্ব্বতের ভৌমিক সেই মুদ্রা মারিয়া লইবার আশায় সনাতনের আতিথ্য-বিধান করিলেন। সনাতন ঈশানকে জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন যে, তৎসমীপে স্বর্ণমুদ্রা আছে। সেই মুদ্রাকে অনর্থরূপ জানিয়া ভূঞাকে প্রদান করিয়া তিনি পর্ব্বতময় দেশ অতিক্রম করিলেন। পর্ব্বত পার হইয়া ঈশানকে দেশে বিদায় দিলেন। হাজিপুরে পৌঁছিলে তদীয় ভগ্নীপতি রাজকর্ম্মচারী শ্রীকান্ত তাঁহাকে দেখিয়া এবং তাঁহার নিকট সমস্ত বৃত্তান্ত শুনিয়া তাঁহাকে গঙ্গা পার করিয়া দিলেন। তিনি চলিয়া চলিয়া কাশীধামে আসিয়া চন্দ্রশেখরের দ্বারে পৌঁছিলেন ; মহাপ্রভু তাঁহাকে ডাকাইয়া তাঁহার প্রতি কৃপাপূর্ব্বক বেশ পরিবর্ত্তন ও ভদ্র করিবার আজ্ঞা দিলেন। সনাতন ভদ্র হইয়া আসিলে তপনমিশ্র-প্রদত্ত পুরাতন বস্ত্রকে কৌপীন ও বহির্ব্বাস করিয়া পরিধান করিলেন। সঙ্গের ভোট-কম্বলটী বদল করিয়া গঙ্গাতীর হইতে একখানি ছেঁড়া কাঁথা ধারণপূর্ব্বক প্রভুর আনন্দ উৎপন্ন করিলেন। সনাতন তথায় অবস্থান করিয়া মহাপ্রভুকে তত্ত্ব জিজ্ঞাসা করিলে, প্রভু প্রথমে 'জীবের স্বরূপ' ও 'কৃষ্ণশক্তি' বুঝাইলেন, পরে সম্বন্ধ-জ্ঞান শিখাইয়া অভিধেয়-রূপা ভক্তির ব্যাখ্যা করিলেন। কৃষ্ণের স্বরূপ-বিচারে ব্রহ্ম, আত্মা ও ভগবানের বিচার, স্বয়ংরূপ ও তদেকাত্ম ও আবেশ, তন্মধ্যে 'বৈভব' ও 'প্রাভব'-বিলাসাদিক্রমে ভগবানের মূর্ত্তিভেদ-সকলের বিচার করিয়া দিলেন ; অতঃপর পুরুষাবতারের মায়া-বৈভব, মন্বন্তরাবতার, গুণাবতার, শক্ত্যা-বেশাবতার ও বাল্যপৌগণ্ড-বয়স-ভেদে লীলাসকল এবং কিশোর-লীলার নিত্যতা ব্যাখ্যা করিলেন। (অঃ প্রঃ ভাঃ)

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীচৈতন্যমহাপ্রভুম্ ।
নীচোঽপি যৎপ্রসাদাৎ স্যাদ্ভক্তিশাস্ত্রপ্রবর্ত্তকঃ ॥ ১ ॥
জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

বন্দী সনাতনের শ্রীরূপের নিকট হইতে পূর্ব্বোক্ত পত্র-প্রাপ্তি ঃ—

এথা গৌড়ে সনাতন আছে বন্দিশালে ।
শ্রীরূপ-গোসাঞির পত্রী আইল হেনকালে ॥ ৩ ॥

সনাতনের আনন্দ ও কারারক্ষককে চাটূক্তি ঃ—

পত্রী পাঞা সনাতন আনন্দিত হৈলা ।
যবন-রক্ষক-পাশ কহিতে লাগিলা ॥ ৪ ॥
"তুমি এক জিন্দাপীর মহাভাগ্যবান্ ।
কেতাব-কোরাণ-শাস্ত্রে আছে তোমার জ্ঞান ॥ ৫ ॥
এক বন্দী ছাড়ে যদি নিজ-ধর্ম্ম দেখিয়া ।
সংসার হইতে তারে মুক্ত করেন গোসাঞা ॥ ৬ ॥

প্রত্যুপকার প্রার্থনা ঃ—

পূর্ব্বে আমি তোমার করিয়াছি উপকার ।
তুমি আমা ছাড়ি' কর প্রত্যুপকার ॥ ৭ ॥

শুদ্ধহরিভজনার্থ লৌকিক সুনীতি-বিগর্হিত চেষ্টাকেও সনাতনের অনুকূলরূপে নিয়োগ,—উহাই সত্য-ধর্ম্ম ঃ—

পাঁচ সহস্র মুদ্রা দিব, তুমি কর অঙ্গীকার ।
পুণ্য, অর্থ,— দুই লাভ হইবে তোমার ॥" ৮ ॥

কারারক্ষকের রাজভয় ঃ—

তবে সেই যবন কহে,—"শুন, মহাশয় ।
তোমারে ছাড়িব, কিন্তু করি রাজভয় ॥" ৯ ॥

সনাতনের পরামর্শদান ঃ—

সনাতন কহে,—"তুমি না কর রাজভয় ।
দক্ষিণ গিয়াছে, যদি লেউটি' আওয়য় ॥ ১০ ॥
তাঁহারে কহিও—সেই বাহ্যকৃত্যে গেল ।
গঙ্গার নিকট গঙ্গা দেখি' ঝাঁপ দিল ॥ ১১ ॥
অনেক দেখিল, তার লাগ্ না পাইল ।
দাড়ুকা-সহিত ডুবি কাঁহা বহি' গেল ॥ ১২ ॥
কিছু ভয় নাহি, আমি এ-দেশে না রব ।
দরবেশ হঞা আমি মক্কাকে যাইব ॥"১৩ ॥

কারারক্ষকের অসন্তোষ ; তাহাকে অধিকতর উৎকোচদান-চেষ্টা ঃ—

তথাপি যবন-মন প্রসন্ন না দেখিলা ।
সাত-হাজার মুদ্রা তার আগে রাশি কৈলা ॥ ১৪ ॥

সনাতনের কারামুক্তি ঃ—

লোভ হইল যবনের মুদ্রা দেখিয়া ।
রাত্রে গঙ্গাপার কৈল দাড়ুকা কাটিয়া ॥ ১৫ ॥

ঈশান-সহ সনাতনের পাতড়া-শৈলে আগমন ঃ—

গড়দ্বার-পথ ছাড়িলা, নারে তাঁহা যাইতে ।
রাত্রি-দিন চলি' আইলা পাতড়া-পর্ব্বতে ॥ ১৬ ॥

দস্যুদলপতি-সহ সাক্ষাৎকার ঃ—

তথা এক ভৌমিক হয়, তার ঠাঞি গেলা ।
'পর্ব্বত পার কর আমায়'—বিনতি করিলা ॥ ১৭ ॥

সামুদ্রিক-মুখে দস্যুপতির সনাতন-সমীপে অর্থের সন্ধান প্রাপ্তি ও সনাতনকে হত্যাসঙ্কল্প ঃ—

সেই ভূঞার সঙ্গে হয় হাতগণিতা ।
ভূঞার কাণে কহে সেই জানি' এই কথা ॥ ১৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যাঁহার প্রসাদে নীচব্যক্তিও ভক্তিশাস্ত্রপ্রবর্ত্তক হইতে পারেন, সেই অনন্ত-অদ্ভুত-ঐশ্বর্য্যবিশিষ্ট শ্রীচৈতন্যমহাপ্রভুকে আমি বন্দনা করি।

৩। পত্রী—উদ্ভটচন্দ্রিকা-গ্রন্থের টীকাকার লিখিয়াছেন যে, নিম্নলিখিত শ্লোকটী শ্রীরূপ বাক্‌লা হইতে লিখিয়া গৌড়ের বন্দিশালে সনাতনকে পাঠাইয়াছিলেন। এই শ্লোকে মহাপ্রভুর মথুরা গমনের সঙ্কেত থাকায় রূপগোস্বামীর পত্রী বলিয়া উহাকে বিশ্বাস করা যাইতে পারে ;—"যদুপতেঃ ক্ব গতা মথুরাপুরী, রঘুপতেঃ ক্ব গতোত্তরকোশলা। ইতি বিচিন্ত্য কুরুস্ব মনঃ স্থিরং, ন সদিদং জগদিত্যবধারয়।।"**

৫। জিন্দাপীর—জীবিত পীর।

১২। দাড়ুকা—বেড়ী।

অনুভাষ্য

১। যৎপ্রসাদাৎ (যস্য কৃপয়া) নীচঃ (বিষয়ী) অপি ভক্তি-শাস্ত্র-প্রবর্ত্তকঃ (ভক্তিশাস্ত্রলেখকঃ) স্যাৎ, তম্ অনন্তাদ্ভুতৈশ্বর্য্যম্ (অশেষাপূর্ব্বৈশ্বর্য্যপূর্ণং) শ্রীচৈতন্যমহাপ্রভুম্ অহং বন্দে।

৬। 'গোসাঞা'—খোদা, ভগবান্।

১০। লেউটি' আওয়য়—ফিরিয়া আসেন। 'লৌট্ আওয়য়ে'—পশ্চিমদেশীয় হিন্দী ভাষা।

---

* *যদুপতির মথুরাপুরী কোথায় গিয়াছে, রঘুপতিরই বা উত্তরকোশলা (অযোধ্যা) কোথায় গিয়াছে—ইহা বিশেষরূপে চিন্তা করিয়া মন স্থির করুন এবং এই দৃশ্যমান্ জগৎ নিত্য নহে,—ইহা অবগত হউন।*

"ইঁহার ঠাঞি সুবর্ণের অষ্ট মোহর হয় ।"
শুনি' আনন্দিত ভূঞা সনাতনে কয় ॥ ১৯ ॥

সনাতনকে দস্যুর আদরাপ্যায়ন ; সনাতনের স্নান-ভোজন ঃ—

"রাত্রে পর্ব্বত পার করিব নিজ-লোক দিয়া ।
ভোজন করহ তুমি রন্ধন করিয়া ॥" ২০ ॥
এত বলি' অন্ন দিল করিয়া সম্মান ।
সনাতন আসি' তবে কৈল নদীস্নান ॥ ২১ ॥
দুই উপবাসে কৈলা রন্ধন-ভোজনে ।
রাজমন্ত্রী সনাতন বিচারিলা মনে ॥ ২২ ॥

সনাতনের সন্দেহ ও আশঙ্কা, ঈশানের নিকট অর্থ-সন্ধানাবগতি ঃ—

'এই ভূঞা কেনে মোরে সম্মান করিল ?'
এত চিন্তি' সনাতন ঈশানে পুছিল ॥ ২৩ ॥
"তোমার ঠাঞি জানি কিছু দ্রব্য আছয় ।"
ঈশান কহে,—"মোর ঠাঞি সাত মোহর হয় ॥" ২৪ ॥

ঈশানকে ভর্ৎসনা ঃ—

শুনি' সনাতন তারে করিলা ভর্ৎসন ।
"সঙ্গে কেনে আনিয়াছ এই কাল-যম ?" ২৫ ॥

দস্যুকে অর্থপ্রদান ও সাহায্য প্রার্থনা ঃ—

তবে সেই সাত মোহর হস্তেতে করিয়া ।
ভূঞার কাছে যাঞা কহে মোহর ধরিয়া ॥ ২৬ ॥
"এই সাত সুবর্ণ মোহর আছিল আমার ।
ইহা লঞা ধর্ম্ম দেখি' পর্ব্বত কর পার ॥ ২৭ ॥
রাজবন্দী আমি, গড়দ্বার যাইতে না পারি ।
পুণ্য হবে, পর্ব্বত আমা দেহ' পার করি ॥" ২৮ ॥

দস্যুর হত্যা-সঙ্কল্প হইতে নিষ্কৃতি ; অর্থগ্রহণে অস্বীকার ও সাহায্যাঙ্গীকার ঃ—

ভূঞা হাসি' কহে,—"আমি জানিয়াছি পহিলে ।
অষ্ট-মোহর হয় তোমার সেবক-আঁচলে ॥ ২৯ ॥
তোমা মারি' মোহর লইতাম আজিকার রাত্রে ।
ভাল হৈল, কহিলা তুমি, ছুটিলাঙ পাপ হৈতে ॥ ৩০ ॥
সন্তুষ্ট হইলাঙ আমি, মোহর না লইব ।
পুণ্য লাগি' পর্ব্বত তোমা' পার করি' দিব ॥" ৩১ ॥
গোসাঞি কহে,—"কেহ দ্রব্য লইবে আমা মারি' ।
আমার প্রাণ রক্ষা কর দ্রব্য অঙ্গীকরি' ॥" ৩২ ॥

দস্যুর সনাতনকে পর্ব্বতোত্তরণে সাহায্য ঃ—

তবে ভূঞা গোসাঞির সঙ্গে চারি পাইক দিল ।
রাত্রে রাত্রে বনপথে পর্ব্বত পার কৈল ॥ ৩৩ ॥

সনাতনের ঈশানকে সম্বল-জিজ্ঞাসা ও দেশে প্রেরণ ঃ—

পার হঞা গোসাঞি তবে পুছিলা ঈশানে ।
"জানি,—শেষ দ্রব্য কিছু আছে তোমা-স্থানে ॥" ৩৪ ॥
ঈশান কহে,—"এক মোহর আছে অবশেষ ।"
গোসাঞি কহে,—"মোহর লঞা যাহ' তুমি দেশ ॥"৩৫॥

অকিঞ্চন নিঃসম্বল সনাতনের একাকী গমন ঃ—

তারে বিদায় দিয়া গোসাঞি চলিলা একলা ।
হাতে করোঁয়া, ছিড়া কান্থা, নির্ভয় হইলা ॥ ৩৬ ॥

হাজিপুরে আগমন ঃ—

চলি' চলি' গোসাঞি তবে আইলা হাজিপুরে ।
সন্ধ্যাকালে বসিলা এক উদ্যান-ভিতরে ॥ ৩৭ ॥

তথায় স্বসৃপতি-রাজসেবক শ্রীকান্তসহ সাক্ষাৎকার ঃ—

সেই হাজিপুরে রহে,—শ্রীকান্ত তাহার নাম ।
গোসাঞির ভগিনীপতি, করে রাজকাম ॥ ৩৮ ॥
তিন লক্ষ মুদ্রা রাজা দিয়াছে তার স্থানে ।
ঘোড়া মূল্য লঞা পাঠায় পাৎসার স্থানে ॥ ৩৯ ॥

সনাতন-সহ কথোপকথন ঃ—

টুঙ্গির উপর বসি' সেই গোসাঞিরে দেখিল ।
রাত্র্য একজন-সঙ্গে গোসাঞি-পাশ আইল ॥ ৪০ ॥
দুইজন মিলি' তথা ইষ্টগোষ্ঠী কৈল ।
বন্ধন-মোক্ষণ-কথা সকলি গোসাঞি কহিল ॥ ৪১ ॥

সনাতনকে অবস্থান-জন্য শ্রীকান্তের অনুরোধ ঃ—

তেঁহো কহে,—"দিন-দুই রহ এইস্থানে ।
ভদ্র হও, ছাড়' এই মলিন বসনে ॥" ৪২ ॥

সনাতনের অসম্মতি ও গঙ্গাপার করিতে অনুরোধ ঃ—

গোসাঞি কহে,—"একক্ষণ ইহা না রহিব ।
গঙ্গা পার করি' দেহ', এক্ষণে চলিব ॥" ৪৩ ॥

সনাতনকে ভোটকম্বল-প্রদান ও গঙ্গাপারকরণ ঃ—

যত্ন করি' তেঁহো এক ভোটকম্বল দিল ।
গঙ্গা পার করি' দিল—গোসাঞি চলিল ॥ ৪৪ ॥

সনাতনের কাশীতে আগমন ঃ—

তবে বারাণসী গোসাঞি আইলা কতদিনে ।
শুনি' আনন্দিত হইলা প্রভুর আগমনে ॥ ৪৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৭। হাজিপুর—গঙ্গা-নদীর ও গণ্ডক-নদের সঙ্গমস্থলে পাটনার অপরপারে হাজিপুর।

অনুভাষ্য

২২। দুই উপবাসে—দুইদিন উপবাস করিয়া।

২৪। হয়—আছে ; পশ্চিমদেশীয় হিন্দী-ভাষায় 'হ্যায়'।

চন্দ্রশেখরের গৃহে উপস্থিত ঃ—

চন্দ্রশেখরের ঘরে আসি' দ্বারেতে বসিলা ।
মহাপ্রভু জানি' চন্দ্রশেখরে কহিলা ॥ ৪৬ ॥

বাহ্যবেষ-নিরপেক্ষ প্রকৃত বৈষ্ণব সনাতনকে আনয়নার্থ শেখরকে আদেশ ঃ—

"দ্বারে এক 'বৈষ্ণব' হয়, বোলাহ তাঁহারে ।"
চন্দ্রশেখর দেখে, 'বৈষ্ণব' নাহিক দ্বারে ॥ ৪৭ ॥

সনাতনের বহির্বৈষ্ণব-বেষ না দেখিয়া প্রত্যাবর্ত্তন ঃ—

"দ্বারেতে বৈষ্ণব নাহি"—প্রভুরে কহিল ।
'কেহ হয়?' করি' প্রভু তাহারে পুছিল ॥ ৪৮ ॥

দরবেশবেষী সনাতনকে আনিতে প্রভুর আদেশ ঃ—

তেঁহো কহে,—"এক 'দরবেশ' আছে দ্বারে ।"
'তাঁরে আন' প্রভুর বাক্যে কহিল আসি তাঁরে ॥ ৪৯ ॥

সনাতনকে চন্দ্রশেখরের 'দরবেশ' বলিয়া সম্বোধন ঃ—

"প্রভু তোমায় বোলায়, আইস, দরবেশ!"
শুনি' আনন্দে সনাতন করিলা প্রবেশ ॥ ৫০ ॥

সনাতন-দর্শনে দ্রুতবেগে প্রভুর আগমন ও আলিঙ্গন ঃ—

তাঁহারে অঙ্গনে দেখি' প্রভু ধাঞা আইলা ।
তাঁরে আলিঙ্গন করি' প্রেমাবিষ্ট হৈলা ॥ ৫১ ॥

আলিঙ্গনফলে সনাতনের প্রেম ও দৈন্যোক্তি ঃ—

প্রভুস্পর্শে প্রেমাবিষ্ট হইলা সনাতন ।
'মোরে না ছুঁইহ'—কহে গদ্গদ-বচন ॥ ৫২ ॥

প্রভু ও সনাতন, উভয়েরই প্রেম-ক্রন্দন, চন্দ্রশেখরের বিস্ময় ঃ—

দুইজনে গলাগলি রোদন অপার ।
দেখি' চন্দ্রশেখরের হইল চমৎকার ॥ ৫৩ ॥

সস্নেহে সনাতনকে নিজসমীপে আসনপ্রদান ঃ—

তবে প্রভু তাঁর হাত ধরি' লঞা গেলা ।
পিণ্ডার উপরে তাঁরে আপন-পাশ বসাইলা ॥ ৫৪ ॥

স্বহস্তে সনাতনাঙ্গ-মার্জ্জন, সনাতনের দৈন্যোক্তি ঃ—

শ্রীহস্তে করেন তাঁর অঙ্গ সম্মার্জ্জন ।
তেঁহো কহে,—"মোরে, প্রভু, না কর স্পর্শন ॥" ৫৫ ॥

প্রভুকর্ত্তৃক তাঁহাকে মহাভাগবতোচিত গৌরব-দান ঃ—

প্রভু কহে,—"তোমা স্পর্শি আত্ম পবিত্রিতে ।
ভক্তি-বলে পার তুমি ব্রহ্মাণ্ড শোধিতে ॥ ৫৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১।১৩।১০)—

ভবদ্বিধা ভাগবতাস্তীর্থভূতাঃ স্বয়ং প্রভো ।
তীর্থীকুর্ব্বন্তি তীর্থানি স্বান্তঃস্থেন গদাভৃতা ॥ ৫৭ ॥

হরিভক্তিবিলাসে (১০।৯১)—

ন মেঽভক্তশ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হ্যহম্ ॥ ৫৮ ॥

শ্রীমদ্ভাগবতে (৭।৯।১০)—

বিপ্রাদ্দ্বিষড়্গুণযুতাদরবিন্দনাভ-
পাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠম্ ।
মন্যে তদর্পিত-মনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি স কুলং ন তু ভূরিমানঃ ॥ ৫৯ ॥

অনুভাষ্য

৫৭। আদি, ১ম পঃ ৬৩ সংখ্যা দ্রষ্টব্য।

৫৮। মধ্য, ১৯শ পঃ ৫০ সংখ্যা দ্রষ্টব্য।

৫৯। ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে দেবর্ষি নারদ ভগবান্ শ্রীনৃসিংহ-কর্ত্তৃক হিরণ্যকশিপুর বধ-বৃত্তান্ত-বর্ণন-প্রসঙ্গে বধান্তে ভক্ত প্রহ্লাদকর্ত্তৃক ভগবান্ নৃসিংহের স্তব কীর্ত্তন করিতেছেন,—

অরবিন্দনাভপাদারবিন্দবিমুখাৎ (পদ্মনাভ-কৃষ্ণস্য পাদপদ্মাৎ বিমুখাৎ) দ্বিষড়্গুণযুতাৎ (পূর্ব্বশ্লোকোক্তাঃ ধনাভিজন-রূপ-তপঃ-শ্রুতৌজস্তেজঃ-প্রভাব বল-পৌরুষ-বুদ্ধিযোগাঃ ইত্যাদয়ঃ যে দ্বিষট্ দ্বাদশগুণাঃ, যদ্বা, "ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চ অমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষাঽনসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতিঃ শ্রুতঞ্চ ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্য।।" ইতি মহাভারতীয়-সনৎসুজাতোক্তা

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৯। কৃষ্ণপাদপদ্মবিমুখ দ্বাদশগুণবিশিষ্ট ব্রাহ্মণ অপেক্ষাও যাঁহার কৃষ্ণে মন, বচন, চেষ্টা, অর্থ ও প্রাণ অর্পিত, এবম্ভূত শ্বপচকেও শ্রেষ্ঠ বলিয়া আমি মনে করি ; কেননা, তিনি (শ্বপচ-কুলোদ্ভূত ভক্ত) স্বীয় কুল পবিত্র করেন, আর ভূরিমানবিশিষ্ট ব্রাহ্মণ তাহা করিতে পারেন না।

অনুভাষ্য

দ্বাদশ-গুণাঃ, যদ্বা, "শমো দমস্তপঃ শৌচং ক্ষান্ত্যার্জ্জব-বিরক্তয়ঃ। জ্ঞান-বিজ্ঞান-সন্তোষাঃ সত্যাস্তিক্যে দ্বিষড়্গুণাঃ।।" ইতি মুক্তাফল-টীকোক্তা দ্বাদশগুণাঃ, ** তৈঃ যুক্তাৎ) বিপ্রাৎ অপি তদর্পিতমনো-বচনেহিতার্থপ্রাণং (তৎ তস্মিন্ অরবিন্দনাভে কৃষ্ণে অর্পিতাঃ মনঃ বচনং ঈহিতং কর্ম্ম অর্থঃ প্রাণশ্চ এতে যেন,

** শ্রীমদ্ভাগবতে "বিপ্রাদ্দ্বিষড়্"-শ্লোকের পূর্ব্বশ্লোকে যে 'দ্বিষট্' অর্থাৎ দ্বাদশগুণ কথিত হইয়াছে—"ধন, সৎকুলে জন্ম, সৌন্দর্য্য, তপস্যা, পাণ্ডিত্য, ইন্দ্রিয়নৈপুণ্য, তেজ, প্রতাপ, শারীরিক বল, পৌরুষ, বুদ্ধি এবং অষ্টাঙ্গযোগ" ইত্যাদি ; অথবা, মহাভারতের সনৎসুজাত-কথিত দ্বাদশগুণ—"ধর্ম্ম, সত্য, দম, তপ, মাৎসর্য্যশূন্যতা, লজ্জা, তিতিক্ষা, অনসূয়া, যজ্ঞ, দান, ধৈর্য্য, পাণ্ডিত্য—ইহাই ব্রাহ্মণের দ্বাদশ ব্রত।" অথবা, 'মুক্তাফল'-টীকায় কথিত দ্বাদশগুণ যথা,—"শম, দম, তপ, শৌচ, ক্ষমা, সরলতা, বিষয়-বিরক্তি, জ্ঞান, বিজ্ঞান, সন্তোষ, সত্য, আস্তিক্য—এই দ্বাদশগুণ।"*

ভক্তসেবাতে নিয়োগফলেই সকল ইন্দ্রিয়ের সার্থকতা ঃ—

তোমা দেখি, তোমা স্পর্শি, গাই তোমার গুণ ।
সর্ব্বেন্দ্রিয়-ফল,—এই শাস্ত্র-নিরূপণ ॥ ৬০ ॥

জগতে শুদ্ধ-ভগবদ্ভক্ত—সুদুর্ল্লভ ঃ—
হরিভক্তিসুধোদয়ে (১৩।২)—

অক্ষ্ণোঃ ফলং ত্বাদৃশ-দর্শনং হি তনোঃ ফলং ত্বাদৃশ-গাত্রসঙ্গঃ ।
জিহ্বাফলং ত্বাদৃশ-কীর্ত্তনং হি সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ॥৬১॥

কৃষ্ণের অহৈতুকী কৃপা-মাহাত্ম্য-বর্ণন ; প্রভু স্বয়ংই সনাতনের বন্ধন-মোচন-লীলাভিনয়ের মূলসূত্রধর ঃ—

এত কহি' কহে প্রভু,—"শুন, সনাতন ।
কৃষ্ণ—বড় দয়াময়, পতিত-পাবন ॥ ৬২ ॥
মহারৌরব হৈতে তোমায় করিলা উদ্ধার ।
কৃপার সমুদ্র কৃষ্ণ গম্ভীর অপার ॥" ৬৩ ॥

সনাতনের প্রভুকে অভিন্নকৃষ্ণ-জ্ঞান ঃ—

সনাতন কহে,—"কৃষ্ণ আমি নাহি জানি ।
আমার উদ্ধার-হেতু তোমার কৃপা মানি ॥" ৬৪ ॥

প্রভুর প্রশ্নোত্তরে নিজবৃত্তান্ত বর্ণন ঃ—

'কেমনে ছুটিলা' বলি প্রভু প্রশ্ন কৈলা ।
আদ্যোপান্ত সব কথা তেঁহো শুনাইলা ॥ ৬৫ ॥

প্রভুকর্ত্তৃক রূপ ও অনুপমের সংবাদ-জ্ঞাপন ঃ—

প্রভু কহে,—"তোমার দুই ভাই প্রয়াগে মিলিলা ।
রূপ, অনুপম—দুঁহে বৃন্দাবন গেলা ॥" ৬৬ ॥

তপনমিশ্র ও চন্দ্রশেখর-সহ সনাতনের মিলন ঃ—

তপনমিশ্রেরে আর চন্দ্রশেখরেরে ।
প্রভু-আজ্ঞায় সনাতন মিলিলা দোঁহারে ॥ ৬৭ ॥

সনাতনকে তপনমিশ্রের নিমন্ত্রণ, সনাতনকে ক্ষৌরকরণার্থ প্রভুর আজ্ঞা ঃ—

তপনমিশ্র তবে তাঁরে কৈলা নিমন্ত্রণ ।
প্রভু কহে,—"ক্ষৌর করাহ, যাহ, সনাতন ॥" ৬৮ ॥

চন্দ্রশেখরকে সনাতনের অবৈষ্ণব-বেষ ত্যাগ করাইয়া বৈষ্ণবোচিত বেষ ধারণ করাইতে আজ্ঞা ঃ—

চন্দ্রশেখরেরে প্রভু কহে বোলাঞা ।
"এই বেশ দূর কর, যাহ ইঁহারে লঞা ॥" ৬৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬১। হে বৈষ্ণব, তোমার মত ব্যক্তিকে দর্শন করাই চক্ষুর ফল ; তোমার মত ব্যক্তির গাত্র স্পর্শ করাই শরীরের ফল ; তোমার মত ব্যক্তির গুণ কীর্ত্তন করাই জিহ্বার ফল ; কেননা, জগতে ভাগবতেরাই সুদুর্ল্লভ।

অনুভাষ্য

তং) শ্বপচং বরিষ্ঠং (শ্রেষ্ঠম্) অহং মন্যে ; [যতঃ] স (এবম্ভূতঃ শ্বপচঃ সর্ব্বং) কুলং পুনাতি, ভূরিমানঃ (ভূরিঃ মানঃ গর্ব্বঃ যস্য সঃ বিপ্রঃ) তু [আত্মানমপি] ন [পুনাতি, কুতঃ কুলম্? যতো ভক্তিহীনস্য এতে গুণাঃ গর্ব্বায়ৈব ভবন্তি, ন তু শুদ্ধয়ে ; অতো হীন ইতি ভাবঃ]।

অনুভাষ্য

৬১। ত্বাদৃশদর্শনং (ত্বাদৃশানাং ভবত্তুল্যানাং ভাগবতানাং শ্রদ্ধাপূর্ব্বক-দর্শনং) অক্ষ্ণোঃ (চক্ষুর্ভ্যাং বীক্ষণকার্য্যস্য) ফলং (তাৎপর্য্যম্) ; ত্বাদৃশগাত্রসঙ্গঃ (ত্বাদৃশানাং ভক্তানাং গাত্রসঙ্গঃ অঙ্গস্পর্শঃ) তনোঃ (শরীরস্য ধারণকার্য্যস্য) ফলম্ ; ত্বাদৃশ-কীর্ত্তনং (ত্বাদৃশানাং ভক্তানাং গুণকীর্ত্তনং) হি (এব) জিহ্বা-ফলং (বাক্যোচ্চারণস্য প্রয়োজনম্) ; [অতঃ] লোকে (জগতি) ভাগবতাঃ (শুদ্ধভক্তাঃ) সুদুর্ল্লভাঃ (সুদুরাপাঃ) হি (এব)।

৬৩। মহা-রৌরব—জীবিকার্থে জন্তুবধকারী 'মহারৌরব' সংজ্ঞক নরক লাভ করে (ভাঃ ৫।২৬।১০-১২ শ্লোক দ্রষ্টব্য)।

অমৃতানুকণা—৬৮-৬৯। "মহাপ্রভুর প্রসাদাকাঙ্ক্ষী সনাতন যখন মহাপ্রভুর মধুর মূর্ত্তি দর্শন করেন, তখন তাঁহার দাড়ি-গোঁফ ছিল। সেই দাড়ি-গোঁফই বাউল-বৈষ্ণবগণের গোঁফ-দাড়ি রাখিবার একমাত্র প্রমাণ। কিন্তু মহাপ্রভু সনাতনকে অবলোকনপূর্ব্বক প্রেমালিঙ্গন করিয়া তৎক্ষণাৎ ক্ষৌরকার্য্য করাইয়াছিলেন। অতএব বাউল-বৈষ্ণবদিগের অচ্ছেদ্য প্রমাণ সেইকালেই নরসুন্দরের ক্ষুরে কাটা গিয়াছে। এখন সাধারণের অবশ্যই স্বীকার্য্য যে, বাউলেরা কখনই শ্রীচৈতন্য-সম্প্রদায়-বৈষ্ণব বলিয়া পরিচিত হইতে পারে না।

"সনাতনকে 'ফকিরা' বলিয়া উল্লেখ করায় সাঁই, দরবেশ, চরণপালী, দুলালচাঁদী প্রভৃতিরা মুসলমানের ফকির-বেষ ধারণপূর্ব্বক তদ্বৎ আচার-ব্যবহার অধিকাংশই করিয়া থাকে ও আপনাদিগকে চৈতন্য-সম্প্রদায়-বৈষ্ণব বলিয়া পরিচয় দেয়। যদি কেহ তাহাদিগকে জিজ্ঞাসা করেন যে, তোমরা মুসলমানের ফকিরের বেষধারণ ও তাহাদের ন্যায় আচার-ব্যবহারও প্রায় করিয়া থাক এবং চৈতন্য-সম্প্রদায়-বৈষ্ণব বলিয়াও পরিচয় দাও, ইহার প্রমাণ কি? তাঁহার প্রশ্নের উত্তরে তাহারা বলিয়া থাকে যে, ইহার প্রমাণ গোঁসাই সনাতন, তিনি ফকির ছিলেন। কিন্তু যখন মহাপ্রভু সনাতনের গোঁফ-দাড়ি ও মস্তকের কেশ ফেলাইয়া দিয়া বৈষ্ণব-বেষ ধারণ করাইয়া দিলেন, তখন সেইখানেই সাঁই, দরবেশ, চরণপালী, দুলালচাঁদী প্রভৃতির প্রমাণ পরিসমাপ্ত হইয়াছে। এ-কারণ সাঁই, দরবেশ প্রভৃতিরা চৈতন্য-সম্প্রদায়-বৈষ্ণব হওয়া দূরে থাকুক, বরং তাহাদিগকে একপ্রকার মহম্মদ-সম্প্রদায় বলিতে হইবে।'

—জগদ্গুরু শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-কৃত 'শ্রীশ্রীসনাতন গোস্বামী প্রভু' প্রবন্ধ। (শ্রীগৌড়ীয়-পত্রিকা, ৭ম বর্ষ, ৪র্থ সংখ্যা)

ভদ্র করাঞা তাঁরে গঙ্গাস্নান করাইল ।
শেখর আনিয়া তাঁরে নূতন বস্ত্র দিল ॥ ৭০ ॥

চন্দ্রশেখর প্রদত্ত নববস্ত্র পরিধানে সনাতনের অসম্মতি ঃ—

সেই বস্ত্র সনাতন না কৈল অঙ্গীকার ।
শুনিয়া প্রভুর মনে আনন্দ অপার ॥ ৭১ ॥

মধ্যাহ্নে তপনমিশ্র-গৃহে প্রভুর ভোজন, সনাতনের প্রভুভুক্তশেষ-প্রাপ্তি ঃ—

মধ্যাহ্ন করিয়া প্রভু গেলা ভিক্ষা করিবারে ।
সনাতনে লঞা গেলা তপনমিশ্রের ঘরে ॥ ৭২ ॥
পাদপ্রক্ষালন করি' ভিক্ষাতে বসিলা ।
"সনাতনে ভিক্ষা দেহ"—মিশ্রেরে কহিলা ॥ ৭৩ ॥
মিশ্র কহে,—"সনাতনের কিছু কৃত্য আছে ।
তুমি ভিক্ষা কর, প্রসাদ তাঁরে দিব পাছে ॥" ৭৪ ॥
ভিক্ষা করি' মহাপ্রভু বিশ্রাম করিলা ।
মিশ্র প্রভুর শেষপাত্র সনাতনে দিলা ॥ ৭৫ ॥

মিশ্রপ্রদত্ত নববস্ত্র-পরিধানে সনাতনের আপত্তি ঃ—

মিশ্র সনাতনে দিলা নূতন বসন ।
বস্ত্র নাহি নিলা, তেঁহো করে নিবেদন ॥ ৭৬ ॥

বৈষ্ণবোচ্ছিষ্ট পুরাতন বসন-গ্রহণে সনাতনের ইচ্ছা ঃ—

"মোরে বস্ত্র দিতে যদি তোমার হয় মন ।
নিজ পরিধান এক দেহ' পুরাতন ॥" ৭৭ ॥

একখণ্ড বস্ত্রকে দুইখণ্ড বহির্ব্বাস ও তদুচিত ডোর-কৌপীনে বিভাগ ঃ—

তবে মিশ্র পুরাতন এক ধুতি দিলা ।
তেঁহো দুই বহির্ব্বাস-কৌপীন করিলা ॥ ৭৮ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রসহ সনাতনের মিলন ঃ—

মহারাষ্ট্রীয় দ্বিজে প্রভু মিলাইলা সনাতনে ।
সেই বিপ্র তাঁরে কৈল মহা-নিমন্ত্রণে ॥ ৭৯ ॥

কাশীবাসকালে সনাতনকে বিপ্রের স্বগৃহে প্রত্যহ নিমন্ত্রণ ঃ—

"সনাতন, তুমি যাবৎ কাশীতে রহিবা ।
তাবৎ আমার ঘরে ভিক্ষা যে করিবা ॥" ৮০ ॥

সনাতনের স্থূলভিক্ষায় অসম্মতি, মাধুকরী-ভিক্ষায় ইচ্ছা ঃ—

সনাতন কহে,—"আমি মাধুকরী করিব ।
ব্রাহ্মণের ঘরে কেনে একত্র ভিক্ষা লব ??" ৮১ ॥

সনাতনের যুক্তবৈরাগ্যে প্রভুর আনন্দ ঃ—

সনাতনের বৈরাগ্যে প্রভুর আনন্দ অপার ।
ভোটকম্বল-পানে প্রভু চাহে বারে বার ॥ ৮২ ॥

ভোটকম্বল প্রভুর অনভিপ্রেত জানিয়া ছিন্নকন্থা-গ্রহণ ঃ—

সনাতন জানিল এই প্রভুরে না ভায় ।
ভোট ত্যাগ করিবারে চিন্তিলা উপায় ॥ ৮৩ ॥
এত চিন্তি' গেলা গঙ্গায় মধ্যাহ্ন করিতে ।
এক গৌড়ীয়া দিয়াছে কান্থা ধুঞা শুকাইতে ॥ ৮৪ ॥
তারে কহে,—"ওরে ভাই, কর উপকারে ।
এই ভোট লঞা এই কাঁথা দেহ' মোরে ॥" ৮৫ ॥
সেই কহে,—"রহস্য কর প্রামাণিক হঞা ?
বহুমূল্য ভোট দিবা কেনে কাঁথা লঞা ??" ৮৬ ॥
তেঁহো কহে,—"রহস্য নহে, কহি সত্যবাণী ।
ভোট লহ, তুমি দেহ' মোরে কাঁথাখানি ॥" ৮৭ ॥
এত বলি' কাঁথা লইল, ভোট তাঁরে দিয়া ।
গোসাঞির ঠাঁই আইলা কাঁথা গলে দিয়া ॥ ৮৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭০। ভদ্র করাঞা—ক্ষৌর করাইয়া অর্থাৎ দরবেশী দাড়ী-চুল ক্ষৌর করাইয়া সুবৈষ্ণব-বেষী করাইয়া।

অনুভাষ্য

৮৬। প্রামাণিক—বিচারাদর্শ-চরিত্র, পণ্ডিত।

অমৃতানুকণা—৭৮। "বাহ্যজগতে অক্ষজজ্ঞান-বাদীর জন্য বর্ণচিহ্ন ও আশ্রম-চিহ্নের ব্যবস্থা নিতান্ত অপ্রয়োজনীয় নহে। তবে অক্ষজ-জ্ঞানবাদী চিহ্নমাত্র দেখিয়াই অনেক সময়ে প্রতারিত হন। প্রতারিত হইবার ফলে সিঁদুর মেঘ দেখিলেই যেরূপ গবাদি পশু ভীত হয়, সেইরূপভাবে বৈষ্ণবের বাহ্য চিহ্ন লইয়াই ব্যতিব্যস্ত হন। অন্তরানুধাবন-প্রবৃত্তির অভাবে এরূপ বিড়ম্বনা অবশ্যম্ভাবী।

"গৌড়ীয়-বৈষ্ণব পরমহংস হইতে পারেন, তখন তাঁহার বেষ দেখিয়া কেহ বৈষ্ণব বা অবৈষ্ণব স্থির করিতে পারেন না। শ্রীসনাতন গোস্বামীর বেষে বর্ণাশ্রমের চিহ্ন নাই, আবার শ্রীপ্রবোধানন্দ সরস্বতী গোস্বামীর বেষে পরিধানে কাষায় বস্ত্র ও ত্রিদণ্ড দেখা যায়। শ্রীপরমানন্দ পুরী, ঈশ্বরপুরী প্রভৃতির বেষে একদণ্ড ও কাষায় বস্ত্র। (সুতরাং) ত্রিদণ্ডী ও একদণ্ডী বা নির্দণ্ডী সকলেই গৌড়ীয় বৈষ্ণব হইতে পারেন। তাঁহারা কর্ম্ম-ত্রিদণ্ড, জ্ঞান-ত্রিদণ্ড এবং ভক্তি-নির্দণ্ড প্রভৃতি আশ্রম-চিহ্ন পরিত্যাগ করিবার বেষ লইতে পারেন। আবার বর্ণাশ্রমে অবস্থিত গৌড়ীয় বৈষ্ণবের অভাব নাই। তাঁহাদের বর্ণচিহ্ন, আশ্রমবেষ রাখিয়াও তাঁহারা গৌড়ীয় বৈষ্ণব হইতে পারেন, আবার তত্তৎচিহ্ন ধারণ করিয়া বর্ণাশ্রমে অবস্থিত হইবারও কেহ বাধা দিতে পারেন না। কাষায় বসন-মাহাত্ম্য, ত্রিদণ্ড-মাহাত্ম্য প্রভৃতি শাস্ত্রে প্রচুর পরিমাণে উল্লিখিত আছে। চিহ্নদ্বারা বা বেষগ্রহণ-রীতিদর্শনে গৌড়ীয়-বৈষ্ণব নির্দ্দেশ হয় না। হরিভজনে নিষ্কপটতাই বৈষ্ণব-পরিচয়ের একমাত্র নিদর্শন। যাঁহারা কর্ম্মকাণ্ড বৈষ্ণবের স্কন্ধে চাপাইতে গিয়া বৈষ্ণবকে কর্ম্মী বা জ্ঞানীমাত্র জানেন, তাঁহারা সুবিচার করিতে অসমর্থ ও বৈষ্ণবাপরাধী। কৌপীন-বহির্ব্বাসাদি

প্রভুর ভোটকম্বল সম্বন্ধে জিজ্ঞাস, সনাতনের সব ঘটনা বর্ণন ঃ—

প্রভু কহে,—"তোমার ভোটকম্বল কোথা গেল?"
প্রভুপদে সব কথা গোসাঞি কহিল ॥ ৮৯ ॥

প্রভুর কৃষ্ণকৃপা-মাহাত্ম্য-বর্ণন ঃ—

প্রভু কহে,—"ইহা আমি করিয়াছি বিচার।
বিষয়-রোগ খণ্ডাইল কৃষ্ণ যে তোমার ॥ ৯০ ॥
সে কেনে রাখিবে তোমার শেষ বিষয়-ভোগ?
রোগ খণ্ডি' সদ্বৈদ্য না রাখে শেষ রোগ ॥ ৯১ ॥

আচার ও প্রচারে পরস্পর সামঞ্জস্য রাখিবার উপদেশ ঃ—

তিন মুদ্রার ভোট গায়, মাধুকরী গ্রাস।
ধর্ম্মহানি হয়, লোকে করে উপহাস ॥" ৯২ ॥

সনাতনের প্রভুকৃপা-মাহাত্ম্য-প্রশংসা ঃ—

গোসাঞি কহে,—"যে খণ্ডিল কুবিষয়-ভোগ।
তাঁর ইচ্ছায় গেল মোর শেষ বিষয়-রোগ ॥" ৯৩ ॥

সনাতনকে প্রভুর শক্তিসঞ্চার ঃ—

প্রসন্ন হঞা প্রভু তাঁরে কৃপা কৈল।
তাঁর কৃপায় প্রশ্ন করিতে তাঁর শক্তি হৈল ॥ ৯৪ ॥

পূর্ব্বে প্রভুর শক্তি-বলে রায়ের প্রভুপ্রশ্নের উত্তরদান-সামর্থ্য ঃ—

পূর্ব্বে যৈছে রায়-পাশে প্রভু প্রশ্ন কৈলা।
তাঁর শক্ত্যে রামানন্দ তাঁর উত্তর দিলা ॥ ৯৫ ॥

তদ্রূপ প্রভুর শক্তিসঞ্চারবলে সনাতনের প্রশ্ন, আর স্বয়ং প্রভুর উত্তর-প্রদান ঃ—

ইহাঁ প্রভুর শক্ত্যে প্রশ্ন করে সনাতন।
আপনে মহাপ্রভু করে 'তত্ত্ব'-নিরূপণ ॥ ৯৬ ॥

সনাতনকে স্বয়ং প্রভুর সম্বন্ধাভিধেয়-প্রয়োজনতত্ত্ব-কীর্ত্তন— (গ্রন্থকার-বাক্য—)

কৃষ্ণস্বরূপমাধুর্য্যৈশ্বর্য্যভক্তিরসাশ্রয়ম্।
তত্ত্বং সনাতনায়েশঃ কৃপয়োপদিদেশ সঃ ॥ ৯৭ ॥

'সনাতনশিক্ষা'-বর্ণনারম্ভ ; সদৈন্যে প্রণিপাত-পরিপ্রশ্ন-সেবাপূর্ব্বক লোকশিক্ষার্থ নিত্যসিদ্ধ সনাতনের বদ্ধজীবাভিনয়ে শিষ্যবৎ কীর্ত্তনবিগ্রহ জগদ্গুরু প্রভুর সমীপে তত্ত্ব-জিজ্ঞাসা ঃ—

তবে সনাতন প্রভুর চরণে ধরিয়া।
দৈন্য বিনতি করে দন্তে তৃণ লঞা ॥ ৯৮ ॥
"নীচ জাতি, নীচ সঙ্গী, পতিত অধম।
কুবিষয়-কূপে পড়ি' গোঙাইনু জনম ॥ ৯৯ ॥
আপনার হিতাহিত কিছুই না জানি!
গ্রাম্য-ব্যবহারে পণ্ডিত, তাই সত্য মানি ॥ ১০০ ॥
কৃপা করি' যদি মোরে করিয়াছ উদ্ধার।
আপন-কৃপাতে কহ 'কর্ত্তব্য' আমার ॥ ১০১ ॥

জীবের স্বরূপ ও বন্ধন-জনিত দুঃখের কারণ-জিজ্ঞাসা ঃ—

কে আমি, কেনে আমায় জারে তাপত্রয়।
ইহা নাহি জানি—কেমনে 'হিত' হয় ॥ ১০২ ॥
'সাধ্য', 'সাধন'-তত্ত্ব পুছিতে না জানি।
কৃপা করি' সব তত্ত্ব কহ ত' আপনি ॥" ১০৩ ॥

সনাতনকে নিত্যসিদ্ধজ্ঞানে শুধু বদ্ধজীবের মঙ্গলার্থই প্রভুর উত্তর প্রদান ঃ—

প্রভু কহে,—"কৃষ্ণ-কৃপা তোমাতে পূর্ণ হয়।
সব তত্ত্ব জান, তোমার নাহি তাপত্রয় ॥ ১০৪ ॥

অনুভাষ্য

৯৩। কুবিষয়-ভোগ—পাপ-বিষয়-সেবা।

৯৭। স ঈশঃ (মহাপ্রভুঃ) কৃপয়া (অতুল-করুণয়া) সনাতনায় (সনাতন-গোস্বামিনে) কৃষ্ণস্বরূপমাধুর্য্যৈশ্বর্য্যভক্তিরসাশ্রয়ং (কৃষ্ণস্য স্বরূপং সর্ব্বেশ্বরেশ্বরেশ্বর-সচ্চিদানন্দঘনাত্মক-কিশোর-শেখর-যশোদানন্দনত্বং, মাধুর্য্যম্ অসমোর্দ্ধতয়া সর্ব্বমনোহরং স্বাভাবিক-রূপগুণলীলাদিসৌষ্ঠবং, ঐশ্বর্য্যম্ অসমোর্দ্ধানন্ত-স্বাভাবিকপ্রভুত্বং, ভক্তিরসশ্চ, তেষাম্ আশ্রয়ং—"দশমে দশমং লক্ষ্যমাশ্রিতাশ্রয়-বিগ্রহম্" ইতি বচনোদ্দিষ্টং বস্তু তৎ এব) তত্ত্বম্ (অদ্বয়জ্ঞানম্) উপদিদেশ (উপদিষ্টবান্)।

১০০। গ্রাম্য-ব্যবহার—স্ত্রী-পুরুষগত লৌকিক-ব্যবহার।

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৭। শ্রীকৃষ্ণের স্বরূপমাধুর্য্য, স্বরূপঐশ্বর্য্য ও ভক্তিরসাশ্রয়-রূপ তত্ত্ব ভগবান্ কৃপাপূর্ব্বক সনাতনকে উপদেশ করিলেন।

১০২-১০৩। সনাতন জিজ্ঞাসা করিলেন,—"আমি কে? আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক—এই তাপত্রয় আমাকে কেন জর্জ্জরিত করিতেছে এবং আমার কিরূপে হিত হয়? সাধ্য-সাধন তত্ত্ব আমি জিজ্ঞাসা করিতে অক্ষম, আপনি কৃপা করিয়া আমার জ্ঞাতব্য বলুন।"

অনুভাষ্য

১০২। তাপত্রয়—(১) আধ্যাত্মিক, (২) আধিভৌতিক ও (৩) আধিদৈবিক—এই ত্রিবিধ দুঃখ। (১) আধ্যাত্মিক তাপ

দেখাইয়া যাঁহারা বৈষ্ণবতাকে বিপন্ন করেন এবং ভজনের সন্ধান না রাখিয়া 'নবমীতে আলাবুভক্ষণ নিষেধ' প্রভৃতি বিধিই বৈষ্ণবাচার বলিয়া প্রতিপন্ন করিতে ব্যস্ত, তাঁহারা শ্রীমদ্ভাগবতের বিচারমতে 'ত্রিধাতুক কুণপ' লইয়াই প্রমত্ত—সুতরাং বৈষ্ণববেষ স্থির করিতে গিয়া (তাঁহারা) লোকদৃষ্টির অনুগমনে বৈষ্ণব চিনিতে অসমর্থ।"

—জগদ্গুরু শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ-কৃত 'গৌড়ীয়ের বেষ' প্রবন্ধ। (সাপ্তাহিক 'গৌড়ীয়' ২য় বর্ষ, শ্রীগৌড়ীয়-পত্রিকা ১৭শ বর্ষ)

কৃষ্ণভক্তি ধর তুমি, জান তত্ত্বভাব ।
জানি' দার্ঢ্য লাগি' পুছে,—সাধুর স্বভাব ॥ ১০৫ ॥

তত্ত্বজিজ্ঞাসার একান্ত প্রয়োজনীয়তা, তাহাতেই অভীষ্টসিদ্ধি ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।১০৩)-ধৃত নারদীয় বাক্য—

সদ্ধর্ম্মস্যাববোধায় যেষাং নির্ব্বন্ধিনী মতিঃ ।
অচিরাদেব সর্ব্বার্থঃ সিধ্যত্যেষামভীপ্সিতঃ ॥ ১০৬ ॥

সনাতনকে আচার্য্যরূপে প্রভুর অঙ্গীকার ঃ—

যোগ্যপাত্র হও তুমি ভক্তি প্রবর্ত্তাইতে ।
ক্রমে সব তত্ত্ব শুন, কহিয়ে তোমাতে ॥ ১০৭ ॥

শ্রীশ্রীসনাতন-শিক্ষারম্ভ ; (ক-১)

সর্ব্বপ্রথমে জীবের 'স্বরূপ'-বিচার ঃ—

জীবের 'স্বরূপ' হয়—কৃষ্ণের 'নিত্যদাস' ।
কৃষ্ণের 'তটস্থা-শক্তি', 'ভেদাভেদ-প্রকাশ' ॥ ১০৮ ॥
সূর্য্যাংশু-কিরণ, যেন অগ্নিজ্বালাচয় ।
স্বাভাবিক কৃষ্ণের তিনপ্রকার 'শক্তি' হয় ॥ ১০৯ ॥

বিষ্ণুর সর্ব্বব্যাপিনী শক্তিদ্বারা লীলাবিলাস ঃ—

বিষ্ণুপুরাণে (১।২২।৫৩)—

একদেশস্থিতস্যাগ্নের্জ্যোৎস্না বিস্তারিণী যথা ।
পরস্য ব্রহ্মণঃ শক্তিস্তথেদমখিলং জগৎ ॥ ১১০ ॥

(ক-২) কৃষ্ণের শক্তি-বিচার ঃ—

কৃষ্ণের স্বাভাবিক তিনশক্তি পরিণতি ।
চিচ্ছক্তি, জীবশক্তি, আর মায়াশক্তি ॥ ১১১ ॥

ত্রিবিধা শক্তি ঃ—

বিষ্ণুপুরাণে (৬।৭।৬১)—

বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা ।
অবিদ্যা-কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরীষ্যতে ॥ ১১২ ॥

(১) অন্তরঙ্গা স্বরূপশক্তি অচ্ছেদ্যভাবে শক্তিমানের আশ্রিত ঃ—

বিষ্ণুপুরাণে (১।৩।২)—

শক্তয়ঃ সর্ব্বভাবানামচিন্ত্যজ্ঞানগোচরাঃ ।
যতোঽতো ব্রহ্মণস্তাস্তু সর্গাদ্যা ভাবশক্তয়ঃ ।
ভবন্তি তপতাং শ্রেষ্ঠ পাবকস্য যথোষ্ণতা ॥ ১১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৬। সদ্ধর্ম্মের উদয় করাইবার জন্য যাঁহাদের দৃঢ়া মতি, তাঁহাদের শীঘ্রই অভীপ্সিত সর্ব্বার্থসিদ্ধি হয়।

১০৮-১০৯। "কে আমি?"—এই প্রশ্নের উত্তরে মহাপ্রভু আজ্ঞা করিতেছেন যে,—"তুমি—জীব। এই জড়সম্ভূত শরীরটী কি তুমি? তাহাও নহে ; অথবা তোমার মন-বুদ্ধি-অহঙ্কারস্বরূপ লিঙ্গ-শরীরটী কি তুমি? তাহাও নহে। তুমি স্বরূপতঃ কৃষ্ণের নিত্যদাস, তুমি কৃষ্ণের তটস্থাশক্তি অর্থাৎ কৃষ্ণের চিজ্জগৎ ও মায়িক জগৎ,—এই দুইয়ের মধ্যগত সীমায় স্থিত হইয়া তোমার উভয় জগতের সম্বন্ধ থাকায়, তুমি—তটস্থা-শক্তি। কৃষ্ণের সহিত তোমার ভেদাভেদ-প্রকাশরূপ উভয়বিধ 'সম্বন্ধ'। চিন্ময়-ধর্ম্ম-সম্বন্ধে তুমি—কৃষ্ণের অভেদ-প্রকাশ এবং অণুচৈতন্য-ধর্ম্মবশতঃ বৃহৎ-চৈতন্যরূপ কৃষ্ণের ভেদ-প্রকাশ। (কৃষ্ণসহ তোমার) ভেদ ও অভেদ—যুগপৎ সিদ্ধ। জীবের তটস্থ-স্বভাব হইতেই এই যুগপৎ ভেদাভেদ-প্রকাশ সিদ্ধ হইয়াছে। জীব সূর্য্যস্বরূপ কৃষ্ণের অংশ-কিরণ ; অথবা উদ্দীপ্ত অগ্নির বিস্ফুলিঙ্গ-রূপ জ্বালাচয়ও জীবসমূহের উদাহরণ-স্থল।

অনুভাষ্য

দুইপ্রকার—(ক) শারীরিক, যথা জ্বরাদি রোগ ; (খ) মানসিক, যথা প্রিয়াদির বিয়োগ। (২) আধিভৌতিক তাপ চারিপ্রকার, —(ক) জরায়ুজ-প্রাণী হইতে তাপ ; (খ) অণ্ডজ-প্রাণী হইতে তাপ; (গ) স্বেদজ-প্রাণী হইতে তাপ ; (ঘ) উদ্ভিজ্জ-প্রাণী হইতে তাপ ; (৩) আধিদৈবিক তাপ অর্থাৎ বরদেবতা যেমন ইন্দ্রাদি

অমৃতপ্রবাহ ভাষ্য

১১০। একস্থানস্থিত অগ্নির জ্যোৎস্না বা আলোক যেরূপ বিস্তৃত, পরব্রহ্মের শক্তি অখিল জগৎ সেইরূপ ব্যাপ্ত করিয়া আছে।

১১৩। সমস্ত ভাবের অচিন্ত্যজ্ঞানগোচর শক্তিসকল ব্রহ্মে বর্ত্তমান ; এই কারণে সেই ব্রহ্মশক্তিসকল সৃষ্ট্যাদি-ভাবশক্তিরূপে ক্রিয়া করে। হে তাপস-শ্রেষ্ঠ, অগ্নির যেরূপ উষ্ণতা-ধর্ম্ম স্বতঃসিদ্ধ, শক্তিসকলও ব্রহ্মের সেইরূপ স্বতঃসিদ্ধ ধর্ম্ম।

অনুভাষ্য

হইতে উৎপন্ন তাপ—শীত, বজ্রপতন ইত্যাদি, এবং অপদেবতা যেমন হিংস্রস্বভাব যক্ষ-পিশাচাদি হইতে অশুভজনক আপদ্‌বিপৎ-পাতাদি।

১০৬। সদ্ধর্ম্মস্য (নিত্যোপাদেয়-ভাগবতধর্ম্মস্য) অববোধায় (তত্ত্বজ্ঞানায়, তত্ত্বং জিজ্ঞাসিতুমিত্যর্থঃ) যেষাং ভক্ত্যুন্মুখ-সুকৃতি-বতাং পুংসাং) নির্ব্বন্ধিনী (অচঞ্চলা) মতিঃ (রুচিঃ বুদ্ধির্ব্বা) (বর্ত্ততে), এষাং (শুদ্ধচিত্তানাং নির্ম্মলচেতসাম্) অভীপ্সিতঃ (প্রার্থিতঃ) সর্ব্বার্থঃ (সাধ্যঃ) অচিরাৎ (শীঘ্রম্) এব সিদ্ধ্যতি (সফলো ভবতি)।

১০৮-১০৯। আদি, ২য় পঃ ৯৬ সংখ্যা দ্রষ্টব্য।

১১০। যথা একদেশস্থিতস্য (নির্দ্দিষ্টস্থানাধিষ্ঠিতস্য) অগ্নেঃ জ্যোৎস্না (প্রভা) বিস্তারিণী (ব্যাপিনী), তথা ইদম্ অখিলং (সর্ব্বং চিদচিন্ময়ং) জগৎ পরস্য ব্রহ্মণঃ (কৃষ্ণস্য) শক্তিঃ।

১১২। আদি, ৭ম পঃ ১১৯ সংখ্যা দ্রষ্টব্য।

১১৩। হে তপতাং (তাপসানাং) শ্রেষ্ঠ, যথা পাবকস্য

(২) তটস্থা জীবশক্তি ঃ—

বিষ্ণুপুরাণে (৬।৭।৬২-৬৩)—

যয়া ক্ষেত্রজ্ঞশক্তিঃ সা বেষ্টিতা নৃপ সর্ব্বগা ।
সংসারতাপানখিলানবাপ্নোত্যত্র সন্ততান্ ॥ ১১৪ ॥
তয়া তিরোহিতত্বাচ্চ শক্তিঃ ক্ষেত্রজ্ঞ-সংজ্ঞিতা ।
সর্ব্বভূতেষু ভূপাল তারতম্যেন বর্ত্ততে ॥ ১১৫ ॥

(৩) বহিরঙ্গা মায়াশক্তি ঃ—

শ্রীমদ্ভগবদ্গীতায় (৭।৫)—

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্ ।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ১১৬ ॥

(খ) বিরূপ-বিচার ; বদ্ধজীবের ভবরোগ ও তৎফলে দুর্দ্দশা বা শাস্তি ঃ—

কৃষ্ণ ভুলি' সেই জীব—অনাদি বহির্ম্মুখ ।
অতএব মায়া তারে দেয় সংসার-দুঃখ ॥ ১১৭ ॥
কভু স্বর্গে উঠায়, কভু নরকে ডুবায় ।
দণ্ড্যজনে রাজা যেন নদীতে চুবায় ॥ ১১৮ ॥

(গ) বদ্ধজীবের রোগ ; তাহার নিদান ও চিকিৎসা অর্থাৎ পথ্য ও ঔষধ-সেবন-বিধি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।২।৩৭)—

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যা-
দীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ ।
তন্মায়য়াতো বুধ আভজেত্তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ॥ ১১৯ ॥

(ঘ) চিচ্ছক্তিমান্ পরমেশ্বরের অবরোহ বা অবতার-বর্ণন ; মায়া-জয়ের একমাত্র উপায় ঃ—

সাধু-শাস্ত্র-কৃপায় যদি কৃষ্ণোন্মুখ হয় ।
সেই জীব নিস্তারে, মায়া তাহারে ছাড়য় ॥ ১২০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৭। 'আমি কৃষ্ণের নিত্যদাস',—এই কথা ভুলিয়াই জীবের মায়াবন্ধন। তটস্থশক্তিরূপ জীবের চিজ্জগৎ ও মায়িক জগতের সন্ধিসীমায় অবস্থিতিকালে মায়াভোগ বাসনা করায় তাঁহার মায়া-প্রবেশ হয়। মায়া-প্রবেশ হইতেই মায়িক-কালের গণন। সেই কালগণনার অগ্রেই বহির্ম্মুখতা হওয়ায় তাহাকে 'অনাদি' বলা যায় ; যেহেতু তাহা মায়িক-কালের পূর্ব্বে হইয়াছে।

অনুভাষ্য

(অগ্নেঃ) উষ্ণতা (দাহকত্বাদিশক্তিঃ) [অস্তি, তথা] যতঃ (ব্রহ্মণঃ) এব সর্ব্বভাবানাম্ অচিন্ত্যজ্ঞানগোচরাঃ (মানববুদ্ধেঃ অগোচরাঃ) অতঃ তু [এব] তাঃ (তথাবিধাঃ) সর্গাদ্যাঃ (চিৎসর্গাদ্যাঃ) [অবিচ্ছেদ্যরূপেণ] ব্রহ্মণঃ শক্তয়ঃ [নিত্য-প্রকটিতাঃ] ভবন্তি।

১১৪-১১৫। মধ্য, ৬ষ্ঠ পঃ ১৫৫-১৫৬ সংখ্যা দ্রষ্টব্য।

১১৬। আদি, ৭ম পঃ ১১৮ সংখ্যা দ্রষ্টব্য।

১১৮। নিত্যমুক্ত জীব কখনও কৃষ্ণবিস্মৃত হন না, অনাদি-কাল হইতে কৃষ্ণোন্মুখ থাকিয়া হরিসেবারূপ নিত্যবৃত্তিতে অধিষ্ঠিত। কিন্তু যে-সকল জীব কৃষ্ণসেবাধিকার বিস্মৃত হইয়া অনাদি-কর্ম্মফল-ভোগবাসনাক্রমে মায়ার অনুশীলন করিয়া নিজকে কর্ম্মফল-ভোক্তা বুদ্ধি করে, তাহাদের মায়াকর্ত্তৃক কর্ম্মফল-ভোগ নির্দ্দিষ্ট হয়। রাজার পুরস্কার ও দণ্ডের ন্যায় বদ্ধজীব পুণ্যকর্ম্মপ্রভাবে স্বর্গে দেবপদারূঢ় হইয়া সুখ ভোগ করে, আবার, পাপফলে নরকাদিতে ক্লেশ লাভ করে।

১১৯। দ্বারকাপুরে বসুদেবের জিজ্ঞাসা-ফলে দেবর্ষি নারদ ভাগবত-ধর্ম্মকীর্ত্তন-প্রসঙ্গে বিদেহরাজ নিমি ও নবযোগেন্দ্রের সংবাদ বর্ণন করিলেন ; নিমির যজ্ঞে নবযোগেন্দ্র গমন করিলে তিনি তাঁহাদিগকে ভাগবত-ধর্ম্ম কীর্ত্তন করিতে প্রার্থনা করায়, তাঁহাদিগের অন্যতম 'কবি'ঋষি প্রথমে ভাগবত ধর্ম্ম-লক্ষণ বলিয়া বদ্ধজীবের দুরবস্থা ও ভগবদ্ভজন-কর্ত্তব্যতা উপদেশ করিতেছেন,—

[যতঃ] ঈশাৎ (ভগবতঃ কৃষ্ণাৎ) অপেতস্য (বিমুখস্য বদ্ধজীবস্য) তন্মায়য়া (তস্য ভগবতঃ কৃষ্ণস্য মায়য়া বহিরঙ্গ-শক্ত্যা) অস্মৃতিঃ (ভগবতঃ স্বরূপস্য অস্ফূর্ত্তিঃ ধারণাভাবঃ ইত্যর্থঃ) [ততঃ] বিপর্য্যয়ঃ (মায়াকৃত-কর্ম্মফল-ভোগপরাভি-মানঃ—স্বরূপাস্মরণাৎ দেহোঽস্মীতি বিবর্ত্তমূল-বুদ্ধিবৈপরীত্য-মিত্যর্থঃ) [ততঃ] দ্বিতীয়াভিনিবেশতঃ (নিজ-ভোগজ-কল্পনাৎ—স্বরূপাৎ অন্যস্মিন্ বস্তুনি দেহাদৌ আবেশতঃ, স চ দেহাহঙ্কারতঃ, স চ স্বরূপাস্মরণাৎ) ভয়ং (দেহদ্রবিণ-সুহৃন্নিমিত্তং সংসৃতিঃ আশঙ্কাঃ যা) স্যাৎ (ভবতি)। অতঃ বুধ (কৃষ্ণোন্মুখো বুদ্ধিমান্ জীবঃ) তম্ (ঈশম্ অধোক্ষজম্ এব) গুরুদেবতাত্মা (গুরুঃ এব দেবতা ঈশ্বরঃ, আত্মা প্রেষ্ঠশ্চ যস্য তথাদৃষ্টিঃ সন্) একয়া

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৯। কৃষ্ণ হইতে ইতর যে মায়া, তাহাতে অভি-নিবিষ্টতাপ্রযুক্ত জীবের 'ভয়' উপস্থিত হয় এবং সেই ঈশ হইতে বহির্ম্মুখ হওয়ায় মায়াজনিত বিপরীত স্মৃতি ; এতন্নিবন্ধন পণ্ডিত ব্যক্তি গুরুকে 'দেবতা' ও 'আত্ম'-স্বরূপ জ্ঞান করিয়া অনন্য-ভক্তির সহিত সেই পরমেশ্বরকে ভজন করিবেন।

১২০। কৃষ্ণবহির্ম্মুখতা হইতেই যে জীবের পতন—ইহা সাধু ও শাস্ত্র-কৃপায় জানা যায় এবং তাহা জানিয়া যে জীব পুনরায় কৃষ্ণোন্মুখ হন, তিনি নিস্তার লাভ করেন এবং মায়া তাঁহাকে পরিত্যাগ করে।

একমাত্র কৃষ্ণের শরণাগত ভক্তই মায়া-জয়ী ঃ—
শ্রীমদ্ভগবদ্‌গীতায় (৭।১৪)—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া ।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ১২১ ॥

জীবের প্রতি অহৈতুকী-কৃপাময় অধোক্ষজ বিষ্ণুর অবতার-প্রাকট্য ঃ—

মায়ামুগ্ধ জীবের নাহি কৃষ্ণস্মৃতি-জ্ঞান ।
জীবেরে কৃপায় কৈলা কৃষ্ণ বেদ-পুরাণ ॥ ১২২ ॥

কৃষ্ণই ত্রিবিধ প্রকাশে কৃষ্ণজ্ঞানদাতৃরূপে অবতীর্ণ—(১) বেদ বা বেদান্ত-ভাষ্য শ্রীমদ্ভাগবত, (২) ভাগবত-শ্রেষ্ঠ গুরু, (৩) অন্তর্য্যামী ঃ—

'শাস্ত্র'-'গুরু'-'আত্ম'-রূপে আপনারে জানান ।
'কৃষ্ণ মোর প্রভু, ত্রাতা'—জীবের হয় জ্ঞান ॥ ১২৩ ॥

(৬) ঈশ্বর-বিশ্বাসিমাত্রেরই বেদকে অপৌরুষেয়-জ্ঞানহেতু গ্রন্থ-কারের প্রাগুক্ত ত্রিবিধ প্রমাণের মধ্যে সর্ব্বপ্রত্যক্ষীভূত বেদ বা শ্রুতির সাহায্যেই নিজ-বক্তব্য একমাত্র শুদ্ধভক্তির শ্রেষ্ঠ অভিধেয়ত্ব-সংস্থাপন ; শাস্ত্রে প্রতিপন্ন ত্রিবিধ অন্বেষণীয় তত্ত্ব বা ব্রহ্মবস্তু ঃ—

বেদশাস্ত্র কহে—'সম্বন্ধ', 'অভিধেয়', 'প্রয়োজন' ।
'কৃষ্ণ'—প্রাপ্য-সম্বন্ধ, 'ভক্তি'—প্রাপ্যের সাধন ॥১২৪॥

কৃষ্ণই সম্বন্ধ, শুদ্ধভক্তিই অভিধেয়, প্রেমই প্রয়োজন ঃ—

অভিধেয়-নাম—'ভক্তি', 'প্রেম'—প্রয়োজন ।
পুরুষার্থ-শিরোমণি—প্রেম মহাধন ॥ ১২৫ ॥

সাধনভক্তির সাধ্য প্রেমের চেষ্টা ঃ—

কৃষ্ণমাধুর্য্য-সেবা-প্রাপ্ত্যের কারণ ।
কৃষ্ণে সেবা করে, কৃষ্ণরস-আস্বাদন ॥ ১২৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২১। এই ত্রিগুণময়ী মদীয়া মায়া অত্যন্ত-কষ্টে পার হওয়া যায় ; আমাকে যিনি প্রপত্তি করেন, তিনিই কেবল এই মায়া পার হইতে পারেন।

১২৩-১২৫। জীব মায়ামুগ্ধ হইয়া কৃষ্ণস্মৃতি-জ্ঞান হইতে বঞ্চিত হইলেন দেখিয়া অপার-করুণাময় কৃষ্ণ বেদ-পুরাণ-শাস্ত্র প্রকাশ করিয়া সেই শাস্ত্ররূপে এবং শাস্ত্রার্থপ্রদর্শক গুরু এবং অন্তর্যামী আত্মা-রূপে জীবকে নিজতত্ত্ব অবগত করান। সর্ব্ববেদশাস্ত্রে সম্বন্ধ-জ্ঞান, অভিধেয়-জ্ঞান ও প্রয়োজন-জ্ঞানের শিক্ষা আছে। জীবের প্রাপ্য কৃষ্ণ যেই তত্ত্ব, তাহা সম্বন্ধজ্ঞানে পাওয়া যায়। সেই কৃষ্ণপ্রাপ্তির সাধনের নাম—'ভক্তি' ; তাহাকে 'অভিধেয়' বলে। কৃষ্ণপ্রাপ্তিতে 'প্রেম' নামে একটী বিচিত্র ব্যাপার আছে, তাহার নাম 'প্রয়োজন'।

অনুভাষ্য

(কেবলয়া অব্যভিচারিণ্যা ঐকান্তিক্যা) ভক্ত্যা (ইতরজ্ঞান-কর্ম্মমার্গানুসরণত্যাগেন) আভজেৎ (সম্যক্ সেবেত)।

১২০। জীব কৃষ্ণবিমুখ থাকিয়া সংসারে সুখভোগে ব্যস্ত হন। বৈষ্ণব-কৃপায় ও শাস্ত্রানুগ্রহে কর্ম্মফলভোগ-বাসনা-নির্ম্মুক্ত হইয়া তিনি কৃষ্ণসেবায় উন্মুখ হইলে ভোগ করিবার বা মুক্ত হইবার পিপাসা হইতে নিস্তার লাভ করেন। কৃষ্ণসেবাপরা বুদ্ধি হইলে বিষয়ভোগবাসনা-রূপা মায়া তাঁহাকে ছাড়িয়া দেয়। কৃষ্ণসেবোন্মুখ হইলে তখন জীব আর অহংগ্রহোপাসনায় মত্ত হইয়া মুক্তিকামী জ্ঞানী বা বিষয়-ভোগবাসনাক্রমে ফলভোগ-কামী হইয়া কৃষ্ণেতর বস্তুতে আবদ্ধ হন না, পরন্তু মায়ার হস্ত হইতে নিস্তার লাভ করেন।

১২১। এষা মম (পরমেশ্বরস্য) দৈবী (অলৌকিকী বৈষ্ণবী) গুণময়ী (সত্ত্বরজস্তমোময়ী) মায়া (বহিরঙ্গা শক্তিঃ) দুরত্যয়া (ভুক্তিমুক্তিবাসনাবদ্ধজীবানাং দুরতিক্রমা) হি (এব) ; মাং (স্বরূপশক্তিযুক্তং স্বয়ং ভগবন্তং কৃষ্ণং) যে (জনাঃ) প্রপদ্যন্তে (সর্ব্বাত্মনা আশ্রয়ং কুর্ব্বন্তি), তে (এব) এতাং মায়াং (জীব-বিমোহিনীং প্রকৃতিং) তরন্তি (অতিক্রামন্তি পরাজয়ন্তে)।

১২২। মায়ামুগ্ধ জীব প্রতিক্ষণে প্রতিবিষয়ে স্বরূপবিভ্রান্তি-ক্রমে নিজভোগফল-লাভার্থ নিযুক্ত থাকেন। কখনও তিনি বদ্ধ-বুদ্ধিতে ফলভোগ-কাম হইতে বিমোচন আকাঙ্ক্ষা করেন, কখনও বা তিনি ফলকামী হইয়া অনিত্য ভোগকে বহুমানন করেন ; উভয়স্থলেই, তাঁহার মায়াচ্ছন্ন হইয়া কৃষ্ণস্মরণাভাব লক্ষিত হয়। তজ্জন্য পরমকারুণিক কৃষ্ণ তাদৃশ ভ্রান্তবুদ্ধি কুবিচারপর ও ভোগপর ব্যক্তিকে অমঙ্গল হইতে উদ্ধার করিবার জন্য বেদ-পুরাণাদি প্রকাশ করিয়াছেন।

১২৩। শাস্ত্র, গুরু ও চৈত্ত্যগুরু—এই তিনরূপে ভগবান্ উদিত হইয়া বদ্ধজীবের হৃদয়ে 'জীবের প্রভু' বা 'জীবের উদ্ধার-কর্ত্তা' প্রভৃতি ভাবসমূহ প্রকাশ করাইয়া দেন।

১২৫। বেদশাস্ত্রে 'সম্বন্ধ', 'অভিধেয়' ও 'প্রয়োজন'—এই ত্রিবিধ বিষয় আখ্যাত হয়। শুদ্ধজীবের প্রাপ্য কৃষ্ণই 'সম্বন্ধ' ; প্রাপ্য কৃষ্ণসেবার সাধনই 'অভিধেয়' ; এবং ধর্ম্মার্থকাম-ভোগ ও ভোগরহিত 'মোক্ষ'—এই চারিটী পুরুষার্থ অপেক্ষা শ্রেষ্ঠ মহাধনরূপ প্রাপ্য কৃষ্ণপ্রেমই 'প্রয়োজন'।

চতুর্ব্বিধ অভিধেয়-মধ্যে সকল-শাস্ত্রে একমাত্র শুদ্ধভক্তিরই নিরাপদত্ব ও অনায়াসত্ব বর্ণন ; উপমা—সর্ব্বজ্ঞ বা সিদ্ধ মহাজনের উপদেশ ঃ—

ইহাতে দৃষ্টান্ত—যৈছে দরিদ্রের ঘরে ।
'সর্ব্বজ্ঞ' আসি' দুঃখ দেখি' পুছয়ে তাহারে ॥ ১২৭ ॥

জীবের নিত্যসিদ্ধভাব কৃষ্ণপ্রেমা ঃ—

'তুমি কেনে এত দুঃখী, তোমার আছে পিতৃধন ।
তোমারে না কহিল, অন্যত্র ছাড়িল জীবন ॥' ১২৮ ॥

সাধ্য-প্রেমার সাধনভূত ভক্তির অবশ্য-কর্ত্তব্যতা ; শাস্ত্রে তাহাই বিধান ঃ—

সর্ব্বজ্ঞের বাক্যে করে ধনের উদ্দেশে ।
ঐছে বেদ-পুরাণ জীবে 'কৃষ্ণ' উপদেশে ॥ ১২৯ ॥

জীবের নিত্যসম্বন্ধ কৃষ্ণই সর্ব্বশাস্ত্রের উদ্দিষ্ট ঃ—

সর্ব্বজ্ঞের বাক্যে মূলধন অনুবন্ধ ।
সর্ব্বশাস্ত্রে উপদেশে, 'শ্রীকৃষ্ণ'—সম্বন্ধ ॥ ১৩০ ॥

নিত্যসিদ্ধভাবের প্রাকট্যই বদ্ধজীবের সাধন ঃ—

'বাপের ধন আছে'—জানে, ধন নাহি পায় ।
সর্ব্বজ্ঞ কহে তারে প্রাপ্তির উপায় ॥ ১৩১ ॥

অভক্তিমার্গ—(১) ভুক্তিলাভার্থ কর্ম্মমার্গে বিপদাশঙ্কা ঃ—

'এই স্থানে আছে ধন'—বলি' দক্ষিণে খুদিবে ।
'ভীমরুল-বরুলী' উঠিবে, ধন না পাইবে ॥ ১৩২ ॥

(২) বিভূতি-সিদ্ধিলাভার্থ যোগমার্গে বিপদাশঙ্কা ঃ—

'পশ্চিমে' খুদিবে, তাহা 'যক্ষ' এক হয় ।
সে বিঘ্ন করিবে,—ধনে হাত না পড়য় ॥ ১৩৩ ॥

(৩) সাযুজ্যলাভার্থ জ্ঞান-মার্গে বিপদাশঙ্কা ঃ—

'উত্তরে' খুদিলে আছে কৃষ্ণ-'অজগরে' ।
ধন নাহি পাবে, খুদিতে গিলিবে সবারে ॥ ১৩৪ ॥

পূর্ব্ব বা পুরাণ বা নিত্য শাশ্বত ধন কৃষ্ণভক্তিই একমাত্র আপৎশূন্য ঃ—

পূর্ব্বদিকে তাতে মাটী অল্প খুদিতে ।
ধনের ঝারি পড়িবেক তোমার হাতেতে ॥ ১৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৭। জীবের কৃষ্ণবহির্ম্মুখতাক্রমে নিজের স্বরূপস্মৃতি লুপ্ত হইলে কৃষ্ণ বেদ-পুরাণাদি করিয়া আপনাকে প্রকাশিত করিয়াছেন। দরিদ্র ও সর্ব্বজ্ঞের কথা—তাহারই উপমা।

১৩৫। বেদ ও পুরাণশাস্ত্র অনেকপ্রকার উপায়ের কথা স্থানে স্থানে লিখিয়াছেন ; তাহাতে কোন দিকে ভীমরুল-বরুলী অর্থাৎ বোলতারূপ কর্ম্মকাণ্ড, কোন দিকে জ্ঞানকাণ্ডরূপ যক্ষ, কোন দিকে কৃষ্ণবর্ণ অজগর-রূপ যোগগত কৈবল্য, আবার, কোন দিকে রক্ষিত ধনের পাত্র অল্প-পরিশ্রমে হাতে আইসে। অতএব বেদশাস্ত্র কর্ম্ম, জ্ঞান ও যোগ পরিত্যাগপূর্ব্বক ভক্তিপথেই যে কৃষ্ণপ্রাপ্তি হয়, ইহা বলিয়াছেন।

অনুভাষ্য

১২৭। 'সর্ব্বজ্ঞ'—ভাঃ ৫।৫।১০-১৩ মাধ্ব-ভাষ্য দ্রষ্টব্য।

১৩২-১৩৫। উপমেয় যথা,—পূর্ব্বদিকে—কৃষ্ণভক্তি, দক্ষিণদিকে—কর্ম্মকাণ্ড, পশ্চিমদিকে—সিদ্ধিকাণ্ড (মতান্তরে, জ্ঞানকাণ্ড), উত্তরদিকে—জ্ঞানকাণ্ড (মতান্তরে যোগকাণ্ড)।

ইহার উপমান,—যথা, পূর্ব্বদিকে—পিতৃধন, দক্ষিণদিকে—ভীমরুলবরুলী, পশ্চিমদিকে—যক্ষ, উত্তরদিকে—কৃষ্ণসর্প।

দক্ষিণা-মার্গীয় সাধনই ফলভোগপর কর্ম্মকাণ্ড ; যম-দণ্ড্যগণ 'দক্ষিণা' গ্রহণ করিয়া ফল আরোপ করেন। এই কর্ম্মমার্গে জীব ভোগবাসনারূপ ভীমরুল-বরুলীকর্ত্তৃক দষ্ট হইয়া ক্লেশ লাভ করেন, ইহাতে তাহার ভোগের আশা পূর্ণ হয় না, উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হয় মাত্র।

উত্তরা-মার্গীয় সাধনই সিদ্ধিবাঞ্ছা-পর যোগমার্গ ; তাহাতে কৈবল্যরূপ কৃষ্ণবর্ণ অজগর-সর্প শুদ্ধজীব-সত্তাকে গ্রাস করে। কাহারও মতে, উত্তরা-মার্গীয় সাধনই নিষ্কাম-জ্ঞানমার্গ, তথায় শুদ্ধজীব-সত্তা—ব্রহ্মসাযুজ্যরূপ কৃষ্ণসর্পের কবলগ্রস্ত।

অমৃতানুকণা—১২৭-১২৮। "ত ইমে সত্যাঃ কামা অনৃতাপিধানাস্তেষাং সত্যানাং সতামনৃতমপিধানং ** অথ যে চাস্যেহ জীবা যে চ প্রেতা যচ্চান্যদিচ্ছন্ন লভতে সর্ব্বং তদত্র গত্বা বিন্দতেঽত্র হ্যস্যৈতে সত্যাঃ কামা অনৃতাপিধানাস্তদ্‌যথাপি হিরণ্যনিধিং নিহিতমক্ষেত্রজ্ঞা উপর্য্যুপরি সঞ্চরন্তো ন বিন্দেয়ুরেবমেবেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্ত্যনৃতেন হি প্রত্যূঢ়াঃ।" (ছান্দোগ্য উপঃ ৮ম প্রপাঠক)। অর্থাৎ এই জগতে এইসকল সত্যকামনা আত্মাতে বিদ্যমান থাকিলেও অবিদ্যারূপ অসত্যের আবরণে আবৃত। কিন্তু আত্মদর্শী ব্যক্তি সত্যকাম হওয়ায় ইহলোকস্থ, পরলোকস্থ বা অন্য যাহা কিছু দুর্ল্লভ, তাহা সকলই হৃদয়াকাশে গমনদ্বারা লাভ করেন। যেমন, ভূগর্ভ-নিহিত স্বর্ণ প্রভৃতি গুপ্তধন-সম্বন্ধে অজ্ঞ ব্যক্তি সেই ভূমির উপর বারম্বার বিচরণ করিয়াও তাহা লাভ করিতে পারে না, তেমনই প্রাণীসকল অজ্ঞানতাবশতঃ হৃদয়ে অবস্থিত ব্রহ্মবস্তুকে লাভ করিতে পারে না।

সর্ব্বজ্ঞ—"পরচিত্তস্থিতং দেশকালাদ্যন্তরিতং তথা। যো জানাতি সমস্তার্থং স সর্ব্বজ্ঞো নিগদ্যতে।।" (ভঃ রঃ সিঃ২।১।১৮২)—পরচিত্তে অবস্থিত এবং দেশ-কালাদির ব্যবধানযুক্ত সমস্ত বিষয় যিনি জানেন, তাঁহাকে সর্ব্বজ্ঞ বলে।

শুদ্ধভক্তিবলে কৃষ্ণপ্রেমা-লাভই সর্ব্বশাস্ত্রের তাৎপর্য্য ঃ—

ঐছে শাস্ত্র কহে,—কর্ম্ম, জ্ঞান, যোগ ত্যজি'।
'ভক্ত্যে' কৃষ্ণ বশ হয়, ভক্ত্যে তাঁরে ভজি ॥ ১৩৬ ॥

ভগবান্ ভক্ত্যেকলভ্য ; ভক্তিবলেই মুচিও শুচি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।১৪।২০-২১)—

ন সাধয়তি মাং যোগো না সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা ॥ ১৩৭ ॥
ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্।
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥ ১৩৮ ॥

সর্ব্বশাস্ত্রে কৃষ্ণপ্রাপ্তির সাধন-'ভক্তিরই' অভিধেয়ত্ব গীত ঃ—

অতএব 'ভক্তি'—কৃষ্ণপ্রাপ্ত্যের উপায়।
'অভিধেয়' বলি' তারে সর্ব্বশাস্ত্রে গায় ॥ ১৩৯ ॥

দৃষ্টান্ত ঃ—

ধন পাইলে যৈছে সুখভোগ-ফল পায়।
সুখভোগ হৈতে দুঃখ আপনি পলায় ॥ ১৪০ ॥

সম্বন্ধযুক্ত সেবা-ফলে কৃষ্ণপ্রীতি-বৃদ্ধি, তৎসঙ্গে-সঙ্গে মুক্তি বা অনর্থ-নিবৃত্তি ঃ—

তৈছে ভক্তি-ফলে কৃষ্ণে প্রেম উপজয়।
প্রেমে কৃষ্ণাস্বাদ হৈলে ভব নাশ পায় ॥ ১৪১ ॥

কৃষ্ণপ্রীতিমূলা সেবার মুখ্যফল—কৃষ্ণপ্রেমানন্দ-লাভ, গৌণফল—বৈমুখ্য-নিবৃত্তি ও মুক্তি ঃ—

দারিদ্র্য-নাশ, ভয়ক্ষয়,—প্রেমের 'ফল' নয়।
প্রেমসুখ-ভোগ—মুখ্য প্রয়োজন হয় ॥ ১৪২ ॥

বেদে কৃষ্ণ—সম্বন্ধ, ভক্তি—অভিধেয়, প্রেম—প্রয়োজন ঃ—

বেদশাস্ত্রে কহে সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন।
কৃষ্ণ, কৃষ্ণভক্তি, প্রেম,—তিন মহাধন ॥ ১৪৩ ॥

সম্বন্ধজ্ঞানের সঙ্গে-সঙ্গে ভববন্ধন-মোচন ঃ—

বেদাদি সকল শাস্ত্রে কৃষ্ণ—মুখ্যসম্বন্ধ।
তাঁর জ্ঞানে আনুষঙ্গে যায় মায়াবন্ধ ॥ ১৪৪ ॥

সমগ্র পুরাণে ও আগমে বিষ্ণুরই পরমেশ্বরত্ব বর্ণিত ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (২।৪।১৪২)—ধৃত পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেব হি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে ॥ ১৪৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৮। সাধুদিগের প্রিয় আমি, অনন্যশ্রদ্ধাজনিত ভক্তি-দ্বারাই প্রাপ্য হই। ভক্তিই মন্নিষ্ঠ-চণ্ডালকেও জন্মদোষ হইতে পরিত্রাণ করে।

অনুভাষ্য

যক্ষ ধন আগ্‌লাইয়া থাকে অর্থাৎ ধনের রক্ষাকর্ত্তা, ধন-প্রদাতা নহে। যক্ষের নিকট প্রার্থিগণের বিনাশ ব্যতীত ধনলাভ—দুরাশামাত্র, অর্থাৎ ধনলোভে প্রলোভিত করিয়া যক্ষ পরিশেষে গ্রহণাভিলাষীরই বিনাশকারী ; বস্তুতঃ জ্ঞানমার্গে বা যোগমার্গে সাযুজ্য বা কৈবল্য, উভয়েই জীবসত্তায় সংহারকর্ত্তা।

কৃষ্ণভক্তিই বদ্ধজীবের পূর্ব্ব অর্থাৎ সিদ্ধধন ; তাহা লাভ করিয়া শুদ্ধজীব—নিত্যকাল ধনী। ভক্তিধন-হীন ব্যক্তি জড়ীয় নশ্বর অভাবগ্রস্ত হইয়া কখনও কর্ম্মরূপ ভীমরুলের দংশনে ছট্‌ফট্ করেন, ধন পান না ; আবার কখনও কৃষ্ণের দিকে পশ্চাৎ করিয়া অহংগ্রহোপাসনায় বা কৈবল্যসাধনে ব্যস্ত হইয়া যোগ-যক্ষকর্ত্তৃক প্রেমধন হইতে বঞ্চিত হন ; আবার উত্তরে অর্থাৎ শুদ্ধজীবসত্তা-রাহিত্যে সাযুজ্য বা কৈবল্য-সর্পের গ্রাসে পতিত হইলেও ধন লাভ করেন না।

১৩৭। আদি, ১৭শ পঃ ৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৮। উদ্ধবের প্রশ্নের উত্তরে শ্রীকৃষ্ণের উক্তি,—

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪২। কৃষ্ণসেবাস্বাদের মুখ্যফলই প্রেম-সুখ, কৃষ্ণ-বহির্ম্মুখতাই জীবের দরিদ্রতা। এই দরিদ্রতা-নাশ এবং সংসার-ক্ষয় কৃষ্ণ-সেবাস্বাদের সঙ্গে সঙ্গে অবান্তর-ফলরূপে উদিত হয়, বস্তুতঃ মুখ্যফল নয়।

১৪৫। সেই সেই পুরাণ ও আগম-গ্রন্থসকল তত্তদুদ্দিষ্ট দেবতাগণকে চরাচরের মোহ উৎপাদনের জন্য 'প্রধান' বলিয়া কল্পাবধি জল্পনা করিতে থাকুন। সেই সমস্ত আগমাদি ভাল করিয়া বিবেচনা করিয়া দেখিলে সিদ্ধান্তস্থলে বিষ্ণুই একমাত্র ভগবান্ বলিয়া নিশ্চিত হয়।

অনুভাষ্য

সতাং (নিত্যসেবকানাং সজ্জনানাং) প্রিয়ঃ (সেব্যঃ) আত্মা (প্রেষ্ঠঃ) অহম্ (স্বয়ং ভগবান্ কৃষ্ণঃ) একয়া (অব্যভিচারিণ্যা, অহৈতুক্যা) শ্রদ্ধয়া (শ্রদ্ধাপূর্ব্বিকয়া) ভক্ত্যা গ্রাহ্যঃ (সাধ্যঃ, প্রাপ্যঃ, লভ্যঃ ইত্যর্থঃ) ; মন্নিষ্ঠা (কৃষ্ণৈকসেবনধর্ম্ম-তৎপরা) ভক্তিঃ শ্বপাকান্ (নীচকুলোদ্ভবান্ জনান্) অপি সম্ভবাৎ (প্রাক্তন-দুষ্কৃতি-জনিত-শৌক্র-জাতি-দোষাৎ) পুনাতি।

১৪৫। চরাচরস্য (স্থিরজঙ্গমস্য) জগতঃ ব্যামোহায় (অজ্ঞানতমোবর্দ্ধনায়) তে তে পুরাণাগমাঃ (স্মৃতিতন্ত্রাদয়ঃ) কল্পাবধি (কল্পকালপর্য্যন্তং) তাং তাং দেবতাম্ এব পরমিকাং

অন্বয় ও ব্যতিরেক-ভাবে সমগ্র-বেদে কৃষ্ণই
বেদ্য ও প্রতিপাদ্য ঃ—

মুখ্য-গৌণ-বৃত্তি, কিংবা অন্বয়-ব্যতিরেকে ।
বেদের প্রতিজ্ঞা কেবল কহয়ে কৃষ্ণকে ॥ ১৪৬ ॥

শাস্ত্র-প্রমাণ ; শ্রীমুখের বাণী ঃ—
শ্রীমদ্ভাগবতে (১১।২১।৪২-৪৩)—

কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ ।
ইত্যস্যা হৃদয়ং লোকে নান্যো মদ্বেদ কশ্চন ॥ ১৪৭ ॥
মাং বিধত্তেঽভিধত্তে মাং বিকল্প্যাপোহ্যতে হ্যহম্ ।
এতাবান্ সর্ব্ববেদার্থঃ শব্দ আস্থায় মাং ভিদাম্ ।
মায়ামাত্রমনূদ্যান্তে প্রতিষিধ্য প্রসীদতি ॥ ১৪৮ ॥

অনন্তস্বরূপ কৃষ্ণের অনন্ত শক্তি-বৈভব ঃ—

কৃষ্ণের স্বরূপ—অনন্ত, বৈভব—অপার ।
চিচ্ছক্তি, মায়াশক্তি, জীবশক্তি আর ॥ ১৪৯ ॥

চিৎ ও অচিজ্জগৎ—তচ্ছক্তিপরিণত এবং কৃষ্ণাশ্রিত ঃ—

বৈকুণ্ঠ, ব্রহ্মাণ্ডগণ—শক্তি-কার্য্য হয় ।
স্বরূপশক্তি শক্তি-কার্য্যের—কৃষ্ণ সমাশ্রয় ॥ ১৫০ ॥

ভাবার্থদীপিকায় (ভাঃ ১০।১।১)—

দশমে দশমং লক্ষ্যমাশ্রিতাশ্রয়-বিগ্রহম্ ।
শ্রীকৃষ্ণাখ্যং পরং ধাম জগদ্ধাম নমামি তৎ ॥ ১৫১ ॥

কৃষ্ণের স্বরূপ-বিচার ; তিনি—অদ্বয়জ্ঞান,
বিভু-সচ্চিদানন্দ, সর্ব্বাবতারী, কিশোর
ও ব্রজেন্দ্রনন্দন ঃ—

কৃষ্ণের স্বরূপ-বিচার শুন, সনাতন ।
অদ্বয়জ্ঞান-তত্ত্ব, ব্রজে ব্রজেন্দ্রনন্দন ॥ ১৫২ ॥
সর্ব্ব-আদি, সর্ব্ব-অংশী, কিশোর-শেখর ।
চিদানন্দ-দেহ, সর্ব্বাশ্রয়, সর্ব্বেশ্বর ॥ ১৫৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৭-১৪৮। বেদবচনসকল কাঁহাকে বিধান করে এবং কাঁহাকেই বা প্রতিপন্ন করে, কাঁহাকে উদ্দেশ্য করিয়া বিকল্পনা করে—বেদের এইরূপ তাৎপর্য্য আমি ব্যতীত আর কেহ জানে না। আমি বলিতেছি,—আমাকেই বেদ-বচনসকল সাক্ষাৎ বিধান ও অভিধান করে এবং আমাকেই বিকল্পনাদ্বারা উক্তি করে। আমিই সর্ব্ববেদার্থের একমাত্র তাৎপর্য্য। বেদ মায়ামাত্রকে বিচার করিয়া তাহাকে পরিশেষে সম্পূর্ণরূপে প্রতিষেধ করত প্রসন্ন (বিচারাদি হইতে শান্ত) হয়।

অনুভাষ্য

(শ্রেষ্ঠাং) জল্পন্তু (কথয়ন্তু ইত্যুপহাসে) ; পুনঃ (কিন্তু) সমস্তাগমব্যাপারেষু (সমস্তানাং সকলানাম্ আগমানাং শাস্ত্রাণাং ব্যাপারেষু প্রয়োজনেষু) বিবেচনব্যতিকরং (বিবেচনস্য ব্যাপারস্য দূষণত্বেন তদেব স্কন্দপুরাণাদি-বিচারস্য ব্যতিকরঃ আসঙ্গঃ তং) নীতেষু (প্রাপিতেষু সৎসু) সিদ্ধান্তে (বিষয়ে) বিষ্ণুঃ এব একঃ ভগবান্ (সর্ব্বেশ্বরঃ ইতি) নিশ্চীয়তে (নির্দ্ধার্য্যতে, সংস্থাপ্যতে ইত্যর্থঃ)।

১৪৬। রূঢ়ি ও লক্ষণা-বৃত্তি অথবা অন্বয় ও ব্যতিরেক-দর্শনেও কৃষ্ণই বেদের প্রতিপাদ্য-বিষয়রূপে নির্দ্দিষ্ট।

১৪৭-১৪৮। বেদের বিধি ও নিষেধ-সম্বন্ধে উদ্ধবের জিজ্ঞাসার ফলে শ্রীকৃষ্ণ প্রথমে বৈদিক কর্ম্মকাণ্ডের ফলশ্রুতি ও পরে বিবিধ বৈদিক ছন্দ বর্ণন করিয়া স্বয়ংই যে গূঢ়রহস্যময় দুর্ব্বিজ্ঞেয় সমগ্র ত্রিকাণ্ডাত্মক বেদের একমাত্র প্রতিপাদ্য ও বেদ্য বস্তু, তাহা বলিতেছেন,—

[বৃহত্যাঃ বৈখর্য্যাঃ শ্রুতেঃ সাকল্যেন স্বরূপতো দুর্জ্ঞেয়ত্বমুক্ত্বা অর্থতোঽপি দুর্জ্ঞেয়ত্বমাহ—] কিং বিধত্তে (কর্ম্ম-দেব-জ্ঞান-ত্রিকাণ্ডাত্মক-বেদশাস্ত্রমধ্যে কর্ম্মকাণ্ডে বিধি-বাক্যৈঃ কিং বিদধাতি), কিম্ আচষ্টে (দেবতাকাণ্ডে মন্ত্রবাক্যৈঃ কিং প্রকাশয়তি কথয়তীত্যর্থঃ), কিম্ অনূদ্য (জ্ঞানকাণ্ডে কিম্ আশ্রিত্য) বিকল্পয়েৎ ইতি (এবম্) অস্যাঃ (শ্রুতেঃ) হৃদয়ং (তাৎপর্য্যং) লোকে (ইহ জগতি) মৎ (মত্তঃ) অন্যঃ কশ্চন ন বেদ (জানাতি)। [ননু তর্হি ত্বং মৎকৃপয়া কথয়েতি কথয়তি—] মাং (যজ্ঞরূপং) [বিধিনা] বিধত্তে, [অভিধা-বৃত্ত্যা] মামেব (তত্তদ্দেবতারূপং) অভিধত্তে, অহম্ (এব) বিকল্প্য (সন্দেহং কৃত্বা) অপোহ্যতে (নিরাক্রিয়তে, তদপ্যহমেব, ন মত্তঃ পৃথগস্তি)। [সর্ব্ববেদার্থং সংক্ষেপতঃ কথয়তি—] এতাবান্ এব সর্ব্ববেদার্থঃ (সর্ব্বেষাং বেদানাং তাৎপর্য্যম্)—শব্দঃ (বেদঃ) ভিদাম্ (অবতারাদিরূপাম্) অনূদ্য (উক্ত্বা) মায়ামাত্রং (জগৎ) প্রতিষিদ্ধ্য (নিষিদ্ধ্য) অন্তে (শেষে) মাং (পরমার্থরূপম্) আস্থায় (আশ্রিত্য) প্রসীদতি (নিবৃত্তব্যাপারো ভবতি ; মাং শ্রীকৃষ্ণরূপমেবাবলম্ব্য কৃতকৃত্যো ভবতীত্যর্থঃ)।

১৫১। আদি, ২য় পঃ ৯৫ সংখ্যা দ্রষ্টব্য।

১৫২। হে সনাতন, কৃষ্ণের স্বরূপ বিচার এই যে, কৃষ্ণ—ব্রজধামে—ব্রজপতি নন্দের কুমার। তিনি অদ্বয়জ্ঞানতত্ত্ব, তাঁহার নাম, রূপ, গুণ ও লীলা,—এই চারিপ্রকার তত্ত্বে মায়াজনিত পরস্পর ভেদ বা বিরোধ দৃষ্ট হয় না অর্থাৎ কৃষ্ণের নাম, রূপ, গুণ ও লীলার মধ্যে মায়িক ভেদ-বিধি কার্য্য করিতে পারে না।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫০। স্বরূপশক্তি এবং সমস্ত শক্তির কার্য্যরূপ জগৎ,—কৃষ্ণই ইঁহাদিগের একমাত্র সমাশ্রয়।

ব্রহ্মসংহিতায় (৫।১)—

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্ ॥ ১৫৪ ॥

কৃষ্ণই গোবিন্দ এবং গোলোকধামে বিরাজমান ঃ—

স্বয়ং ভগবান্ কৃষ্ণ, 'গোবিন্দ'—পর-নাম।
সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ যাঁর গোলোক—নিত্যধাম ॥ ১৫৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১।৩।২৮)—

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্।
ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ১৫৬ ॥

ত্রিবিধ অভিধেয়ে সম্বন্ধ-তত্ত্ব অদ্বয়জ্ঞান কৃষ্ণের ত্রিবিধ প্রতীতি ঃ—

জ্ঞান, যোগ, ভক্তি,—তিন সাধনের বশে।
ব্রহ্ম, আত্মা, ভগবান্—ত্রিবিধ প্রকাশে ॥ ১৫৭ ॥

শাস্ত্র-প্রমাণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।২।১১)—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ১৫৮ ॥

(১) নির্ব্বিশেষ-ব্রহ্ম—কৃষ্ণাঙ্গপ্রভা ঃ—

ব্রহ্ম—অঙ্গকান্তি তাঁর, নির্ব্বিশেষ-প্রকাশে।
সূর্য্য যেন চর্ম্মচক্ষে জ্যোতির্ম্ময় ভাসে ॥ ১৫৯ ॥

শাস্ত্র-প্রমাণ ঃ—

ব্রহ্মসংহিতায় (৫।৪০)—

যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নম্।
তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৬০ ॥

(২) পরমাত্মা—কৃষ্ণাংশবৈভব ঃ—

পরমাত্মা যেঁহো, তেঁহো কৃষ্ণের এক অংশ।
আত্মার 'আত্মা' হন কৃষ্ণ—সর্ব্ব-অবতংস ॥ ১৬১ ॥

কৃষ্ণই পরমাত্মা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৫৫)—

কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্।
জগদ্ধিতায় যোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া ॥ ১৬২ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১০।৪২)—

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥ ১৬৩ ॥

(৩) ভক্তিযোগেই কৃষ্ণের পূর্ণ ভগবৎপ্রতীতি ঃ—

'ভক্ত্যে' ও ভগবানের অনুভব—পূর্ণরূপ।
একই বিগ্রহে তাঁর অনন্ত স্বরূপ ॥ ১৬৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫৫। 'পর'-নাম—শ্রেষ্ঠ অর্থাৎ মুখ্য নাম ; 'কৃষ্ণ', 'গোবিন্দ' ইত্যাদি—ভগবানের মুখ্য নাম।

১৫৭। যাঁহারা নির্ব্বিশেষজ্ঞানদ্বারা সেই অদ্বয়তত্ত্বকে অনুসন্ধান করেন, তাঁহাদের নিকট নির্ব্বিশেষ ব্রহ্মই প্রতীত হন। যাঁহারা অষ্টাঙ্গযোগমার্গে সেই পরমবস্তুর অনুসন্ধান করেন, তাঁহাদের নিকট হৃদ্দেশস্থিত হইয়া জগদ্গত পরমাত্মা উদিত হন। যাঁহারা শুদ্ধভক্তিদ্বারা পরমতত্ত্বের সাধন করেন, তাঁহারা ভগবানকে দর্শন করেন।

অনুভাষ্য

১৫৩। কৃষ্ণ—সকল বিষ্ণুতত্ত্বের এবং বৈষ্ণবতত্ত্বের আদি তত্ত্ব ; তাঁহা হইতেই সকল অংশ প্রকটিত হইয়াছে ; তিনি—পূর্ণ কিশোরবয়ঃ, সচ্চিদানন্দবিগ্রহ, সকলের প্রভু এবং সকল বস্তুর আশ্রয়।

১৫৪। আদি, ২য় পঃ ১০৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৫৫। কৃষ্ণের আবাসস্থল—সকল ঐশ্বর্য্যপূর্ণ, অবিনাশী ও নিত্যকালস্থিত গোলোক-ধাম।

১৫৬। আদি, ২য় পঃ ৬৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৫৮। আদি, ২য় পঃ ১১ সংখ্যা দ্রষ্টব্য।

১৬০। আদি, ২য় পঃ ১৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৬১। মায়িক অনুভূতিক্রমে সর্ব্বব্যাপী পরমাত্মাকে মায়িক

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬২। অখিলাত্মার আত্মস্বরূপ বলিয়া এই শ্রীকৃষ্ণকে জান; জগতের হিত-কামনায় তিনি এখানে স্বরূপশক্তির আশ্রয়ে মনুষ্যের ন্যায় প্রকট হইয়াছেন।

১৬৪-১৬৬। ভক্তিতে তাঁহার উপাসনা করিলে ভগবানের পূর্ণ রূপ অনুভূত হয়, সেই এক নিত্যবিগ্রহে অনন্তস্বরূপ

অনুভাষ্য

জগতের অংশসমূহের অংশী বলিয়া সর্ব্বব্যাপক 'পরমাত্মা' সংজ্ঞা দেওয়া হয়। কিন্তু কৃষ্ণ—সকল চিদচিৎপ্রকাশের ও যাবতীয় পরমাত্মার 'পরমাত্মা' বলিয়া সর্ব্বশ্রেষ্ঠ।

১৬২। পরীক্ষিৎ কৃষ্ণকে ব্রজবাসিগণের পুত্র ও প্রাণাদি সর্ব্ববস্তু অপেক্ষা প্রিয়তম বলিয়া জ্ঞান করিবার কারণ জিজ্ঞাসা করায় শ্রীশুকদেব—আত্মাই যে সমগ্র দেহীর সর্ব্বাপেক্ষা প্রিয়তম ও আদরভাজন এবং শ্রীকৃষ্ণই যে সকল আত্মার আত্মা, সুতরাং স্বভাবতঃ সকলেরই আকর্ষক ও নিত্যানন্দ-প্রদাতা, তাহা বলিতেছেন,—

ত্বম্ এনং কৃষ্ণং অখিলাত্মনাং (সকলদেহিনাম্) আত্মানং (প্রাণস্বরূপং) অবেহি (জানীহি) ; যঃ (কৃষ্ণঃ) অপি অত্র (জগতি) জগদ্ধিতায় (পৃথিব্যাঃ মঙ্গলায়) মায়য়া (স্বরূপশক্ত্যা) দেহী (নরঃ জীবঃ) ইব আভাতি (প্রকাশয়তি)।

১৬৩। আদি, ২য় পঃ ২০ সংখ্যা দ্রষ্টব্য।

একই কৃষ্ণের ত্রিবিধ রূপ—(ক) স্বয়ংরূপ, (খ) তদেকাত্মরূপ ও (গ) আবেশরূপ ঃ—

স্বয়ংরূপ, তদেকাত্মরূপ, আবেশ—নাম ।
প্রথমেই তিনরূপে রহেন ভগবান্ ॥ ১৬৫ ॥

(ক) 'স্বয়ংরূপ'—দ্বিবিধ ; (১) 'স্বয়ংরূপ' ব্রজেন্দ্রনন্দন ও (২) 'স্বয়ংপ্রকাশ' ঃ—

'স্বয়ংরূপ' 'স্বয়ংপ্রকাশ'—দুইরূপে স্ফূর্ত্তি ।
স্বয়ংরূপে—এক 'কৃষ্ণ' ব্রজে গোপমূর্ত্তি ॥ ১৬৬ ॥

কৃষ্ণস্বরূপের ষড়্বিধ বিলাসের মধ্যে (২) স্বয়ংপ্রকাশ দ্বিবিধ, (ক) প্রাভব ও (খ) বৈভব ; তন্মধ্যে (ক) প্রাভবপ্রকাশ-রূপে বহুরূপে লীলা বা বিলাস—যথা রাসে, যথা মহিষী-বিবাহে ঃ—

'প্রাভব'-'বৈভব'রূপে দ্বিবিধ প্রকাশে ।
এক-বপু বহু রূপ যৈছে হৈল রাসে ॥ ১৬৭ ॥
মহিষী-বিবাহে হৈল বহুবিধ মূর্ত্তি ।
'প্রাভব-বিলাস'—এই শাস্ত্র-পরসিদ্ধি ॥ ১৬৮ ॥

তাঁহারা আত্মারামেরও মনোহারী, কখনই প্রাকৃত নহেন ঃ—

সৌভর্য্যাদি-প্রায় সেই কায়ব্যূহ নয় ।
কায়ব্যূহ হৈলে নারদের বিস্ময় না হয় ॥ ১৬৯ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৬৯।২)—

চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্ ।
গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ ॥ ১৭০ ॥

(খ) বৈভব-প্রকাশের সংজ্ঞা ঃ—

সেই বপু, সেই আকৃতি পৃথক্ যদি ভাসে ।
ভাবাবেশ-ভেদে নাম 'বৈভবপ্রকাশে' ॥ ১৭১ ॥

একই অংশী কৃষ্ণের অসংখ্য প্রাভব ও বৈভব-প্রকাশে অচিন্ত্যশক্তি-হেতু পরস্পরে নাম-রূপাদি-বৈচিত্র্য ঃ—

অনন্ত-প্রকাশে কৃষ্ণের নাহি মূর্ত্তিভেদ ।
আকার-বর্ণ-অস্ত্রভেদে নাম-বিভেদ ॥ ১৭২ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৪০।৭)—

অন্যে চ সংস্কৃতাত্মানো বিধিনাভিহিতেন তে ।
যজন্তি ত্বন্ময়াস্ত্বাং বৈ বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকম্ ॥ ১৭৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

প্রতিভাত হয়। প্রথমেই 'স্বয়ংরূপ', 'তদেকাত্মরূপ', ও 'আবেশ-রূপ'—এই তিনরূপে ভগবান্ পরিদৃষ্ট হন। স্বয়ংরূপে 'স্বয়ং ও প্রকাশ'—এই দ্বিবিধরূপে তাঁহার স্ফূর্ত্তি। তন্মধ্যে স্বয়ংরূপে ব্রজে গোপমূর্ত্তিরূপে শ্রীকৃষ্ণ উদিত। ভাগবতামৃতের মতে,—কৃষ্ণের গোপমূর্ত্তিই স্বয়ংরূপ ; কেননা, তাহা তাঁহার অন্য কোনও রূপকে অপেক্ষা করে না। তাঁহার যেই রূপ স্বয়ংরূপ হইতে অভেদ, অথচ আকৃতি ও বৈভবাদিতে ভিন্ন, তাহাকেই 'তদেকাত্মরূপ' বলে। যে-সকল জীবে ভগবচ্ছক্তি প্রবেশপূর্ব্বক মহৎকার্য্য করেন, তাঁহারাই ভগবানের 'আবেশ'-রূপ।

অনুভাষ্য

১৬৫। স্বয়ংরূপ—(শ্রীরূপপ্রভু-কৃত লঘু-ভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে ১২ শ্লোক)—"অনন্যাপেক্ষি যদ্রূপং স্বয়ংরূপঃ স উচ্যতে" কৃষ্ণের যেই রূপ অন্যরূপকে অপেক্ষা করে না অর্থাৎ স্বতঃসিদ্ধ কৃষ্ণরূপ, তাহাকেই 'স্বয়ংরূপ' বলা যায়।

তদেকাত্মরূপ—(লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে ১৪ শ্লোক)—"যদ্রূপং তদভেদেন স্বরূপেণ বিরাজতে। আকৃত্যাদিভিরন্যাদৃক্ স তদেকাত্মরূপকঃ।।" যাঁহার রূপ স্বয়ংরূপের সহিত একরূপে প্রকাশ পায়, কিন্তু আকৃতি ও বৈভবাদিতে (অঙ্গ-সন্নিবেশ ও চরিত্রাদিতে) ভিন্ন বলিয়া প্রতিভাত হয়, তাঁহাকে 'তদোকাত্মরূপ' বলে ; উহা—স্বাংশ ও বিলাসভেদে দ্বিবিধ।

আবেশরূপ—(লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে ১৮ শ্লোক)—'জ্ঞানশক্ত্যাদিকলয়া যত্রাবিষ্টো জনার্দ্দনঃ। ত আবেশা নিগদ্যন্তে

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৯। সৌভর্য্যাদি ঋষিগণ যোগবলে কায়ব্যূহ হইয়া নিজ-নিজ কার্য্য সাধন করিয়াছিলেন। কিন্তু কৃষ্ণের বহুমূর্ত্তি-প্রকাশ সেরূপ নয় ; কেননা, যোগমার্গের কায়ব্যূহ দেখিলে নারদের বিস্ময় জন্মে না।

১৭৩। (সাত্বত ও শৈব তন্ত্রাদিতে) অভিহিত বিধিদ্বারা যাঁহারা সংস্কৃতাত্মা, তাঁহারা বহুমূর্ত্তিতে একমূর্ত্তিস্বরূপ আপনাকেই যজন করেন।

অনুভাষ্য

জীবা এব মহত্তমাঃ।।"যে-সকল জীবে জনার্দ্দন জ্ঞান-শক্ত্যাদি-কলাদ্বারা আবিষ্ট হন, সেইসকল মহত্তম জীবকে 'আবেশ' বলা যায়।

১৭০। আদি, ১ম পঃ ৭৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৭৩। ভগবান্ রাম ও কৃষ্ণকে রথে আরোহণপূর্ব্বক গোকুল হইতে মথুরায় লইয়া যাইবার পথে মহাত্মা অক্রূর যমুনা-জলমধ্যে প্রবেশ করিয়া তথায় বিষ্ণুলোকে শেষ, নারদ ও চতুঃসনাদিসহ পরমৈশ্বর্য্যময় ভগবানকে দর্শন করিয়া স্তব করিতে করিতে সাংখ্য-যোগত্রয়ীমার্গের বিষয় বলিয়া বৈষ্ণব ও শৈব-পাশুপতাদি দীক্ষায় দীক্ষিত জনগণের উপাসনা-মার্গ-সম্বন্ধে বর্ণন করিতেছেন,—

অন্যে (জনাঃ) চ তে (ত্বয়া) অভিহিতেন (কথিতেন) বিধিনা (পাঞ্চরাত্রিকবিধানাদিনা) সংস্কৃতাত্মানঃ (বৈষ্ণব-শৈব-দীক্ষয়া দীক্ষিতাঃ সংস্কৃতাঃ আত্মানঃ যেষাং তে) ত্বন্ময়াঃ (ত্বন্ময়ত্বেন

(খ) বৈভব প্রকাশ (১) বলরাম ঃ—

বৈভবপ্রকাশ কৃষ্ণের—শ্রীবলরাম।
বর্ণমাত্র-ভেদ, সব—কৃষ্ণের সমান ॥ ১৭৪ ॥

(২) কৃষ্ণরূপী দ্বিভুজ বাসুদেব বা দেবকীনন্দন, (৩) কৃষ্ণরূপী চতুর্ভুজ বাসুদেব বা দেবকীনন্দন ঃ—

বৈভবপ্রকাশ যৈছে দেবকী-তনুজ।
দ্বিভুজ-স্বরূপ কভু, কভু হন চতুর্ভুজ ॥ ১৭৫ ॥

উক্ত চতুর্ভুজ—উক্ত দ্বিভুজেরই প্রকাশ-বিগ্রহ ঃ—

যে-কালে দ্বিভুজ, নাম—বৈভবপ্রকাশ।
চতুর্ভুজ হৈলে, নাম—প্রাভববিলাস ॥ ১৭৬ ॥

ব্রজেন্দ্রনন্দনে গোপাভিমান ও বাসুদেবে ক্ষত্রিয়াভিমান ঃ—

স্বয়ংরূপের গোপবেশ, গোপ-অভিমান।
বাসুদেবের ক্ষত্রিয়-বেশ, 'আমি—ক্ষত্রিয়'-জ্ঞান ॥১৭৭॥

বাসুদেব অপেক্ষা নন্দনন্দনে চারিটী অধিক চমৎকারিতা ঃ—

সৌন্দর্য্য, ঐশ্বর্য্য, মাধুর্য্য, বৈদগ্ধ্য-বিলাস।
ব্রজেন্দ্রনন্দনে ইহা অধিক উল্লাস ॥ ১৭৮ ॥

নন্দনন্দন-মাধুর্য্যে বাসুদেবও মুগ্ধ ও আকৃষ্ট ঃ—

গোবিন্দের মাধুরী দেখি' বাসুদেবের ক্ষোভ।
সে মাধুরী আস্বাদিতে উপজয় লোভ ॥ ১৭৯ ॥

দৃষ্টান্তস্থল—মথুরায় ও দ্বারকায় ঃ—

মথুরায় যৈছে গন্ধর্ব্বনৃত্য-দরশনে।
পুনঃ দ্বারকাতে যৈছে চিত্র-বিলোকনে ॥ ১৮০ ॥

ললিতমাধবে (৪।১৯)—

উদ্‌গীর্ণাদ্ভুত-মাধুরী-পরিমলস্যাভীরলীলস্য মে
দ্বৈতং হন্ত সমক্ষয়ন্ মুহুরসৌ চিত্রীয়তে চারণঃ।
চেতঃ কেলি-কুতূহলোত্তরলিতং সত্যং সখে মামকং
যস্য প্রেক্ষ্য স্বরূপতাং ব্রজবধূসারূপ্যমন্বিচ্ছতি ॥ ১৮১ ॥

ললিতমাধবে (৮।৩৪)—

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী
স্ফুরতু মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।
অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥ ১৮২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭৪। স্বয়ংরূপ, তদেকাত্মরূপ, আবেশ, বৈভব, প্রাভব ইত্যাদি বুঝিবার জন্য পরস্পরের সম্বন্ধ সংক্ষেপে নিম্নে প্রদর্শিত হইল।

শ্রীকৃষ্ণের আদি তিনরূপ—

(১) স্বয়ংরূপ,—ব্রজে গোপমূর্ত্তি শ্রীকৃষ্ণ, (২) তদেকাত্ম-রূপ,—(ক) স্বাংশক,—(১) কারণাব্ধিশায়ী, গর্ভোদশায়ী, ক্ষীরোদশায়ী, (২) মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ ইত্যাদি। (খ) বিলাস—(১) প্রাভব,—বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ; (২) বৈভব,—চব্বিশ মূর্ত্তি; (ক) আবরণ—চতুর্ব্যূহগত বাসুদেবাদি চারিমূর্ত্তি; (খ) প্রত্যেক তিন তিনটী মূর্ত্তি করিয়া বার মূর্ত্তি—বারমাসের ও তিলকের আদর্শ দেবতা; (গ) ঐ চারিজনের পুরুষোত্তম ও অচ্যুতাদি আটজন বিলাসমূর্ত্তি, এই চব্বিশ মূর্ত্তিরই অস্ত্রধারণ-ভেদে ভিন্ন ভিন্ন নাম।

অনুভাষ্য

আত্মানম্ অপ্রাকৃতসেবনধর্ম্মপরং ভাবয়ন্তঃ ত্বদেকপ্রধানা ইতি বা) বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকং (বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ-ভেদেন তথা যুগ-মন্বন্তর-লীলাবতারভেদেন চ বহুমূর্ত্তিং মহানারায়ণ-রূপেণ মূর্ত্তিকং চ ত্বাং) বৈ (এব) যজন্তি (অর্চ্চয়ন্তি)।

১৭৮। বসুদেব-নন্দনের সৌন্দর্য্য, ঐশ্বর্য্য, মাধুর্য্য ও বৈদগ্ধ্য-বিলাস অপেক্ষা নন্দনন্দনের এই বিলাসচতুষ্টয় অধিক উল্লাস-বিশিষ্ট।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮১। হে সখে, এই চারণ আমার দ্বিতীয় স্বরূপের ন্যায় অদ্ভুত-মাধুরীপরিমলযুক্ত গোপলীলাত্মিকা আমার লীলা চিত্রিত করিতেছে। আমার চিত্ত কেলিকুতূহলের দ্বারা তরলিত হইয়া মদীয় চরিত্র দর্শন করত ব্রজবধূদিগের সারূপ্য ইচ্ছা করিতেছে।

অনুভাষ্য

১৭৯। নন্দনন্দনের লোভনীয় মাধুর্য্য দেখিয়া বাসুদেব ক্ষুব্ধ হন; সেই মাধুরী-আস্বাদনে লুব্ধ হইবার প্রসঙ্গ মথুরায় গন্ধর্ব্ব-নৃত্যদর্শনে ও দ্বারকায় কৃষ্ণচিত্রাঙ্কন-অবলোকনে পরিব্যক্ত হইয়াছে।

১৮১। হে সখে, অসৌ চারণঃ (নটঃ) উদ্‌গীর্ণাদ্ভুতমাধুরী-পরিমলস্য (উদ্‌গীর্ণঃ উত্থিতঃ নির্গতঃ অদ্ভুতায়াঃ অপূর্ব্বায়াঃ মাধুর্য্যাঃ পরিমলঃ সুগন্ধঃ যস্য তস্য) আভীরলীলস্য (গোপ-নন্দনন্দন-লীলাময়স্য) মে (মম) দ্বৈতং (দ্বিতীয়মূর্ত্তিং) সমক্ষয়ন্ (দর্শয়ন্) মুহুঃ (পুনঃ পুনঃ) চিত্রীয়তে; যস্য স্বরূপতাং (সাদৃশ্যং) প্রেক্ষ্য (দৃষ্ট্বা) হন্ত (অহো) মামকং (মদীয়ং) চেতঃ (মনঃ) সত্যং কেলিকুতূহলোত্তরলিতং (কেলিষু ব্রজজনো-চিতক্রীড়াসু কুতূহলায় ঔৎসুক্যায় উত্তরলিতম্ অতিশয়েন দ্রবীভূতং সৎ) ব্রজবধূসারূপ্যং (শ্রীবার্ষভানব্যাঃ সদৃশরূপতাং) অন্বিচ্ছতি (বাঞ্ছতি)।

১৮২। আদি, ৪র্থ পঃ ১৪৬ সংখ্যা দ্রষ্টব্য।

(খ) তদেকাত্মরূপের সংজ্ঞা ঃ—

সেই বপু ভিন্নাভাসে কিছু ভিন্নাকার ।
ভাবাবেশাকৃতি-ভেদে 'তদেকাত্ম'-নাম তাঁর ॥ ১৮৩ ॥

উহা দ্বিবিধ—(১) বিলাস ও (২) স্বাংশ ঃ—

তদেকাত্মরূপে 'বিলাস', 'স্বাংশ'—দুই ভেদ ।
বিলাস, স্বাংশের ভেদে বিবিধ বিভেদ ॥ ১৮৪ ॥

বিলাসের দ্বিবিধ বিলাস—(ক) প্রাভব ও (খ) বৈভব ঃ—

প্রাভব-বৈভব-ভেদে বিলাস—দ্বিধাকার ।
বিলাসের বিলাস-ভেদ—অনন্ত প্রকার ॥ ১৮৫ ॥

(ক) প্রাভববিলাস—মথুরা ও দ্বারকা-পুরীতে আদি চতুর্ব্ব্যূহের চারিমূর্ত্তি ঃ—

প্রাভববিলাস—বাসুদেব, সঙ্কর্ষণ ।
প্রদ্যুম্ন, অনিরুদ্ধ,—মুখ্য চারিজন ॥ ১৮৬ ॥

তন্মধ্যে এক মূর্ত্তিতেই বলরাম—ব্রজে গোপাভিমানী ও পুরে ক্ষত্রিয়াভিমানী ; বিলাস-সংজ্ঞার হেতু ঃ—

ব্রজে গোপভাব রামের, পুরে ক্ষত্রিয়-ভাবন ।
বর্ণ-বেশ-ভেদ, তাতে 'বিলাস' তাঁর নাম ॥ ১৮৭ ॥

বৈভবপ্রকাশরূপে ও প্রাভববিলাস (আদি চতুর্ব্ব্যূহ)-রূপে ভাবভেদে একই বলরাম ঃ—

বৈভবপ্রকাশে আর প্রাভববিলাসে ।
একই মূর্ত্ত্যে বলদেব ভাব-ভেদে ভাসে ॥ ১৮৮ ॥

প্রাভববিলাস আদি-চতুর্ব্ব্যূহই সমগ্র চতুর্ব্ব্যূহরূপী বৈভববিলাসগণের কারণ ঃ—

আদি-চতুর্ব্ব্যূহ—কেহ নাহি ইঁহার সম ।
অনন্ত চতুর্ব্ব্যূহগণের প্রাকট্য-কারণ ॥ ১৮৯ ॥

তাঁহারাই পুরীর (মথুরা ও দ্বারকাধামের) অধীশ্বর ঃ—

কৃষ্ণের এই চারি প্রাভববিলাস ।
দ্বারকা-মথুরা-পুরে নিত্য ইঁহার বাস ॥ ১৯০ ॥

(১) আদি-চতুর্ব্ব্যূহ হইতে নাম ও অস্ত্র-বৈচিত্র্যে ২৪ মূর্ত্তি 'বৈভববিলাস' ঃ—

এই চারি হৈতে চব্বিশ মূর্ত্তি পরকাশ ।
***অস্ত্রভেদে নাম-ভেদ—বৈভববিলাস* ॥ ১৯১ ॥**

(ক) পুর হইতে আদি-চতুর্ব্ব্যূহসহ কৃষ্ণই বৈকুণ্ঠে দ্বিতীয়-চতুর্ব্ব্যূহসহ নারায়ণরূপে বিলাসবিগ্রহ ঃ—

পুনঃ কৃষ্ণ চতুর্ব্ব্যূহ লঞা পূর্ব্বরূপে ।
পরব্যোম-মধ্যে বৈসে নারায়ণরূপে ॥ ১৯২ ॥
তাঁহা হৈতে পুনঃ চতুর্ব্ব্যূহ-পরকাশ ।
আবরণরূপে চারিদিকে যাঁর বাস ॥ ১৯৩ ॥

(খ) দ্বিতীয় চতুর্ব্ব্যূহের প্রত্যেকের তিনমূর্ত্তি করিয়া প্রকাশ-বিগ্রহ—১২ মাসের ও ১২ টী তিলকের ১২ মূর্ত্তি দেবতা ঃ—

চারিজনের পুনঃ পৃথক্ তিন তিন মূর্ত্তি ।
কেশবাদি যথা হৈতে বিলাসের পূর্ত্তি ॥ ১৯৪ ॥

ঐ ১২ মূর্ত্তি বৈভববিলাসের পরিচয় ঃ—

চক্রাদি-ধারণ-ভেদে নাম-ভেদ সব ।
বাসুদেবের মূর্ত্তি—কেশব, নারায়ণ, মাধব ॥ ১৯৫ ॥
সঙ্কর্ষণের মূর্ত্তি—গোবিন্দ, বিষ্ণু, শ্রীমধুসূদন ।
এ অন্য গোবিন্দ—নহে ব্রজেন্দ্রনন্দন ॥ ১৯৬ ॥
প্রদ্যুম্নের মূর্ত্তি—ত্রিবিক্রম, বামন, শ্রীধর ।
অনিরুদ্ধের মূর্ত্তি—হৃষীকেশ, পদ্মনাভ, দামোদর ॥১৯৭॥

তাঁহারাই ১২ মাসের ১২ মূর্ত্তি দেবতা ঃ—

দ্বাদশ-মাসের দেবতা—এই বার জন ।
মার্গশীর্ষে—কেশব, পৌষে—নারায়ণ ॥ ১৯৮ ॥
মাঘের দেবতা—মাধব, গোবিন্দ—ফাল্গুনে ।
চৈত্রে—বিষ্ণু, বৈশাখে—শ্রীমধুসূদনে ॥ ১৯৯ ॥
জৈষ্ঠ্যে—ত্রিবিক্রম, আষাঢ়ে—বামন দেবেশ ।
শ্রাবণে—শ্রীধর, ভাদ্রে—দেব হৃষীকেশ ॥ ২০০ ॥

অনুভাষ্য

১৮৪। বিলাস,—আদি, ১ম পঃ ৭৭সংখ্যা দ্রষ্টব্য।

স্বাংশ—লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে ১৭ শ্লোক—"তাদৃশো ন্যূনশক্তিং যো ব্যনক্তি স্বাংশ ঈরিতঃ। সঙ্কর্ষণাদি মৎস্যাদির্যথা তত্তৎস্বধামসু।।" স্বয়ংরূপের সহিত অভিন্ন হইয়াও যিনি বিলাস অপেক্ষা ন্যূন (অল্পতর) শক্তি প্রকাশ করেন, তাঁহাকে 'স্বাংশ' বলে ; যেমন নিজ নিজ ধামে বিরাজমান সঙ্কর্ষণাদি পুরুষাবতার ও মৎস্যাদি লীলাবতার, মন্বন্তরাবতার ও যুগাবতারগণ।

১৮৮। শ্রীবলদেব—কৃষ্ণের বৈভবপ্রকাশ ; তিনিই আদি-চারিব্যূহ বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ,—এই প্রাভব-বিলাসচতুষ্টয়ে ভাবভেদে প্রকাশিত।

১৮৯। অনন্ত চতুর্ব্ব্যূহের গণ আদি-চতুর্ব্ব্যূহের তুল্য নহেন ; আদি চারিব্যূহ—প্রাভববিলাস, অন্য চারি ব্যূহগণ—বৈভববিলাস ; বৈভববিলাসের প্রাকট্যলাভের কারণই প্রাভব-বিলাস।

১৯০। পরব্যোমের উপরিভাগে গোলোকের ত্রিবিধ প্রকোষ্ঠের মধ্যে মথুরা ও দ্বারকাপুরীতে কৃষ্ণের প্রাভববিলাস নিত্য অবস্থিত। গোকুলে বৈভব-প্রকাশ বলদেব নিত্য-বিরাজমান। প্রাভববিলাস-চতুষ্টয় হইতে প্রত্যেকের চারিহস্তে অস্ত্রভেদে চতুর্ব্বিংশতি মূর্ত্তিরূপে বৈভববিলাস প্রকাশিত।

আশ্বিনে—পদ্মনাভ, কার্ত্তিকে—দামোদর ।
'রাধা-দামোদর' অন্য ব্রজেন্দ্র-কোঙর ॥ ২০১ ॥

আবার তাঁহারাই ১২ টী তিলকমন্ত্রের ১২ মূর্ত্তি দেবতা ঃ—

দ্বাদশ-তিলক-মন্ত্র এই দ্বাদশ নাম ।
আচমনে এই নামে স্পর্শি তত্তৎস্থান ॥ ২০২ ॥

(গ) দ্বিতীয় চতুর্ব্ব্যূহের প্রত্যেকের দুইমূর্ত্তি করিয়া বিলাস-বিগ্রহ—অষ্ট বৈভববিলাস ঃ—

এই চারিজনের বিলাস-মূর্ত্তি আর অষ্ট জন ।
তাঁ সবার নাম কহি, শুন, সনাতন ॥ ২০৩ ॥
পুরুষোত্তম, অচ্যুত, নৃসিংহ, জনার্দ্দন ।
হরি, কৃষ্ণ অধোক্ষজ, উপেন্দ্র,—অষ্টজন ॥ ২০৪ ॥
বাসুদেবের বিলাস দুই—অধোক্ষজ, পুরুষোত্তম ।
সঙ্কর্ষণের বিলাস—উপেন্দ্র, অচ্যুত, দুইজন ॥ ২০৫ ॥
প্রদ্যুম্নের বিলাস—নৃসিংহ, জনার্দ্দন ।
অনিরুদ্ধের বিলাস—হরি, কৃষ্ণ, দুইজন ॥ ২০৬ ॥

প্রাভববিলাস আদি-চতুর্ব্ব্যূহেরই বিলাস—বৈভববিলাস ; অস্ত্রভেদে নাম-বৈচিত্র্য ঃ—

এই চব্বিশ মূর্ত্তি—প্রাভববিলাস প্রধান ।
অস্ত্রধারণ-ভেদে ধরে ভিন্ন ভিন্ন নাম ॥ ২০৭ ॥

বেশ ও আকারভেদে পুনরায় ইঁহাদেরই বিলাস-বৈভব-বৈচিত্র্য ঃ—

ইঁহার মধ্যে যাহার হয় আকার-বেশ-ভেদ ।
সেই সেই হয় বিলাস-বৈভব-বিভেদ ॥ ২০৮ ॥

আকারে বৈচিত্র্যযুক্ত বিষ্ণুমূর্ত্তিগণ ঃ—

পদ্মনাভ, ত্রিবিক্রম, নৃসিংহ, বামন ।
হরি, কৃষ্ণ আদি হয় 'আকারে' বিলক্ষণ ॥ ২০৯ ॥

দ্বিতীয়-চতুর্ব্ব্যূহ ব্যতীত অবশিষ্ট ২০ মূর্ত্তি বিলাস-বিগ্রহ ঃ—

কৃষ্ণের প্রাভববিলাস—বাসুদেবাদি চারিজন ।
সেই চারিজনার বিলাস—বিংশতি গণন ॥ ২১০ ॥

অষ্টদিকের প্রত্যেকদিকে তিনমূর্ত্তি করিয়া ২৪ মূর্ত্তিই বৈকুণ্ঠে স্ব-স্ব-ধামে নিত্য বিরাজমান ঃ—

ইঁহা সবার পৃথক্ বৈকুণ্ঠ—পরব্যোম-ধামে
পূর্ব্বাদি অষ্টদিকে তিন তিন ক্রমে ॥ ২১১ ॥

কোন কোন তদেকাত্মরূপের স্ব-স্ব-ধামসহ ব্রহ্মাণ্ডে অধিষ্ঠান ঃ—

যদ্যপি পরব্যোম সবাকার নিত্যধাম ।
তথাপি ব্রহ্মাণ্ডে কারো কাঁহো সন্নিধান ॥ ২১২ ॥

বৈকুণ্ঠে দ্বিতীয়-চতুর্ব্ব্যূহাবরণসহ নারায়ণ, তদুপরি গোলোকে অর্থাৎ পুরে আদি-চতুর্ব্ব্যূহাবরণ-সহ দেবকীনন্দন ও গোকুলে যশোদানন্দন ঃ—

পরব্যোম-মধ্যে নারায়ণের নিত্য-স্থিতি ।
পরব্যোম-উপরি কৃষ্ণলোকের বিভূতি ॥ ২১৩ ॥

গোলোকে তিনটী প্রকোষ্ঠ ঃ—

এক 'কৃষ্ণলোক' হয় ত্রিবিধপ্রকার ।
গোকুলাখ্য, মথুরাখ্য, দ্বারকাখ্য আর ॥ ২১৪ ॥

অনুভাষ্য

১৯২। উপরিভাগ গোলোকের নিম্নভাগে পরব্যোমে কৃষ্ণই চতুর্ভুজ-বিশিষ্ট হইয়া নারায়ণরূপে অবস্থিত।

১৯৩। পরব্যোমনাথ নারায়ণ হইতে পুনরায় আবরণরূপে চারিদিকে অনন্ত চতুর্ব্ব্যূহ প্রকাশিত।

২০২। ১২টী তিলকমন্ত্রে ১২টী বিষ্ণুনাম—"ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে। বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠ-কূপকে।। বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনম্। ত্রিবিক্রমং কন্ধরে তু বামনং বামপার্শ্বকে।। শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে। পৃষ্ঠে চ পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ।।"

বৈষ্ণবাচমন (হঃ ভঃ বিঃ ৩য় বিঃ ১০২ সংখ্যা)—"ত্রিঃপানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ। প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যোর্গোবিন্দং বিষ্ণুমপ্যুভৌ।। মধুসূদনমেকঞ্চ মার্জ্জনেঽন্যং ত্রিবিক্রমম্। উন্মার্জ্জনেঽপ্যধরয়োর্বামন-শ্রীধরাবুভৌ।। প্রক্ষালনে পুনঃ পাণ্যোর্হৃষীকেশঞ্চ পাদয়োঃ। পদ্মনাভং প্রোক্ষণে তু মূর্দ্ধ্নোদামোদরং ততঃ।। বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ। নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমম্।। অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতম্। জনার্দ্দনঞ্চ হৃদয়ে উপেন্দ্রং মস্তকে ততঃ।। দক্ষিণে তু হরিং বাহৌ বামে কৃষ্ণং যথাবিধি। নমোঽন্তঞ্চ চতুর্থ্যন্তমাচমেৎ ক্রমতো জপন্।।"*

অমৃতপ্রবাহ ভাষ্য

২০২। আচমন—আহ্নিকপূজার পর মুখে যে জল স্পর্শরূপ আচমন বিহিত, তাহা।

** তিনবার আচমনকালে কেশব, নারায়ণ ও মাধবকে, অনন্তর দুই হস্তের প্রক্ষালনে উভয় গোবিন্দ ও বিষ্ণুকে, এক হস্ত মার্জ্জনে মধুসূদনকে ও অন্য হস্ত মার্জ্জনে ত্রিবিক্রমকে, অধর ও ওষ্ঠের মার্জ্জনে বামন ও শ্রীধর উভয়কে, পুনঃ হস্তদ্বয়ের প্রক্ষালনে হৃষীকেশকে, পদদ্বয়ের ধৌতকালে পদ্মনাভকে এবং তৎপশ্চাৎ শিরোদেশ-প্রক্ষালনে দামোদরকে, মুখ-প্রক্ষালনে বাসুদেবকে, নাসাদ্বয়-প্রক্ষালনে সঙ্কর্ষণ ও প্রদ্যুম্ন উভয়কে, নেত্রযুগলে অনিরুদ্ধ ও পুরুষোত্তমকে, কর্ণদ্বয়ে অধোক্ষজ ও নৃসিংহকে, নাভিদেশে অচ্যুতকে, হৃদয়ে জনার্দ্দনকে, তদনন্তর মস্তকে উপেন্দ্রকে, দক্ষিণবাহুতে হরিকে ও বাম বাহুতে কৃষ্ণকে যথাবিধি ক্রমানুসারে চতুর্থী বিভক্তি সংযোগে অন্তে 'নমঃ'-শব্দসহকারে জপ করিতে করিতে আচমন করিবে।*

ব্রহ্মাণ্ডে ২৪টী বিভিন্ন স্থানে ঐ ২৪ মূর্ত্তির স্ব-স্ব-ধামসহ অধিষ্ঠান ঃ—

মথুরাতে কেশবের নিত্য সন্নিধান ।
নীলাচলে পুরুষোত্তম—'জগন্নাথ' নাম ॥ ২১৫ ॥
প্রয়াগে মাধব, মন্দারে শ্রীমধুসূদন ।
আনন্দারণ্যে বাসুদেব, পদ্মনাভ, জনার্দ্দন ॥ ২১৬ ॥
বিষ্ণুকাঞ্চীতে বিষ্ণু রহে, হরি মায়াপুরে ।
ঐছে আর নানা মূর্ত্তি ব্রহ্মাণ্ড-ভিতরে ॥ ২১৭ ॥

ভক্ত-তোষণ, ধর্ম্মসংস্থাপন ও অধর্ম্মনাশরূপ বিলাস বা লীলার নিমিত্তই ব্রহ্মাণ্ডে তাঁহাদের প্রাকট্য ঃ—

এইমত ব্রহ্মাণ্ড-মধ্যে সবার 'পরকাশ' ।
সপ্তদ্বীপে নবখণ্ডে যাঁহার বিলাস ॥ ২১৮ ॥
সর্ব্বত্র প্রকাশ তাঁর—ভক্তে সুখ দিতে ।
জগতের অধর্ম্ম নাশি' ধর্ম্ম স্থাপিতে ॥ ২১৯ ॥

তন্মধ্যে কেহ কেহ জগতে অবতীর্ণ ঃ—

ইঁহার মধ্যে কারো হয় 'অবতারে' গণন ।
যৈছে বিষ্ণু, ত্রিবিক্রম, নৃসিংহ, বামন ॥ ২২০ ॥

অস্ত্রভেদে পরস্পরের নাম-বৈচিত্র্য ঃ—

অস্ত্রধৃতি-ভেদ—নাম-ভেদের কারণ ।
চক্রাদি-ধারণ-ভেদ শুন, সনাতন ॥ ২২১ ॥
দক্ষিণাধো হস্ত হৈতে বামাধঃ পর্য্যন্ত ।
চক্রাদি অস্ত্রধারণ-গণনার অন্ত ॥ ২২২ ॥

সিদ্ধার্থ-সংহিতা-কথিত ২৪ মূর্ত্তি ঃ—

সিদ্ধার্থ-সংহিতা করে চব্বিশ মূর্ত্তি গণন ।
তার মতে আগে কহি চক্রাদি-ধারণ ॥ ২২৩ ॥

পরব্যোমে দ্বিতীয়-চতুর্ব্যূহের অস্ত্রভেদ ঃ—

বাসুদেব—গদা-শঙ্খ-চক্র-পদ্মধর ।
সঙ্কর্ষণ—গদা-শঙ্খ-পদ্ম-চক্রকর ॥ ২২৪ ॥
প্রদ্যুম্ন—চক্র-শঙ্খ-গদা-পদ্মধর ।
অনিরুদ্ধ—চক্র-গদা-শঙ্খ-পদ্মকর ॥ ২২৫ ॥
পরব্যোমে বাসুদেবাদি—নিজ নিজ অস্ত্রধর ।
তাঁর মত কহি, যে-সব অস্ত্রকর ॥ ২২৬ ॥

পরব্যোমে অবশিষ্ট ২০ মূর্ত্তির অস্ত্র-ভেদ-বর্ণন ঃ—

শ্রীকেশব—পদ্ম-শঙ্খ-চক্র-গদাধর ।
নারায়ণ—শঙ্খ-পদ্ম-গদা-চক্রধর ॥ ২২৭ ॥
শ্রীমাধব—গদা-চক্র-শঙ্খ-পদ্মকর ।
শ্রীগোবিন্দ—চক্র-গদা-পদ্ম-শঙ্খধর ॥ ২২৮ ॥
বিষ্ণুমূর্ত্তি—গদা-পদ্ম-শঙ্খ চক্রকর ।
মধুসূদন—চক্র-শঙ্খ-পদ্ম-গদাধর ॥ ২২৯ ॥
ত্রিবিক্রম—পদ্ম-গদা-চক্র-শঙ্খকর ।
শ্রীবামন—শঙ্খ-চক্র-গদা-পদ্মধর ॥ ২৩০ ॥
শ্রীধর—পদ্ম-চক্র-গদা-শঙ্খকর ।
হৃষীকেশ—গদা-চক্র-পদ্ম-শঙ্খধর ॥ ২৩১ ॥

অনুভাষ্য

২১৫-২১৭। ব্রহ্মাণ্ডে অর্চ্চা-মূর্ত্তিরূপে মথুরায় 'কেশব', নীলাচলে 'পুরুষোত্তম জগন্নাথ', প্রয়াগে 'বিন্দুমাধব' ; মন্দারে 'মধুসূদন', কেরলদেশে দাক্ষিণাত্যে আনন্দারণ্যে 'বাসুদেব', 'পদ্মনাভ' ও 'জনার্দ্দন', বিষ্ণুকাঞ্চীতে 'বরদরাজ বিষ্ণু', মায়াপুরে 'হরি' এবং অন্যান্যস্থানে নানামূর্ত্তিতে ভগবান্ বিরাজমান আছেন।

২১৮। সপ্তদ্বীপ,—(সিদ্ধান্তশিরোমণিতে গোলাধ্যায়ে গোল-প্রশংসা-প্রকরণে)—"ভূমেরর্দ্ধং ক্ষীরসিন্ধোরুদকস্থং জম্বুদ্বীপং প্রাহুরাচার্য্যবর্য্যাঃ। অর্দ্ধেঽন্যস্মিন্ দ্বীপষট্‌কস্য যাম্যে ক্ষারক্ষীরাদ্যম্বুধীনাং নিবেশঃ।। শাকং ততঃ শাল্মলমত্র কৌশং ক্রৌঞ্চঞ্চ গোমেদকপুষ্করে চ। দ্বয়োর্দ্বয়োরন্তরমেকমেকং সমুদ্রয়োর্দ্বীপমুদাহরন্তি।।"*—(১) জম্বু, (২) শাক, (৩) শাল্মলী, (৪) কুশ, (৫) ক্রৌঞ্চ, (৬) গোমেদ বা প্লক্ষ ও (৭) পুষ্কর,—এই সপ্তদ্বীপ।

অনুভাষ্য

নবখণ্ড,—(১) ভারত, (২) কিন্নর (কিংপুরুষ), (৩) হরি, (৪) কুরু, (৫) হিরণ্ময়, (৬) রম্যক (রমণক), (৭) ইলাবৃত, (৮) ভদ্রাশ্ব, (৯) কেতুমাল—এই নবখণ্ড বা বর্ষ (জম্বুদ্বীপের নব অংশ) ; পর্ব্বতদ্বয়ের মধ্যবর্ত্তী প্রদেশকে 'খণ্ড' বা 'বর্ষ' বলে—গোলাধ্যায়ে ভুবনকোষ দ্রষ্টব্য।

২২২। চতুর্ভুজ বিষ্ণুর দক্ষিণদিকের নিম্নস্থ হস্তে, দক্ষিণদিকের ঊর্দ্ধস্থ হস্তে, বামদিকের ঊর্দ্ধস্থ হস্তে এবং বামদিকের নিম্নস্থ হস্তে পর্য্যায়ক্রমে চারিপ্রকার অস্ত্র লিখিত হইয়াছে।

২২৩। চব্বিশমূর্ত্তি—১। বাসুদেব, ২। সঙ্কর্ষণ, ৩। প্রদ্যুম্ন, ৪। অনিরুদ্ধ, ৫। কেশব, ৬। নারায়ণ, ৭। মাধব, ৮। গোবিন্দ, ৯। বিষ্ণু, ১০। মধুসূদন, ১১। ত্রিবিক্রম, ১২। বামন, ১৩। শ্রীধর, ১৪। হৃষীকেশ, ১৫। পদ্মনাভ, ১৬। দামোদর, ১৭।

** পৃথিবীর মধ্যস্থলে লবণসমুদ্র, ইহার উত্তরে পৃথিবীর অর্দ্ধাংশ, দক্ষিণে অর্দ্ধাংশ। উত্তরের অর্দ্ধাংশের নাম জম্বুদ্বীপ, দক্ষিণের অর্দ্ধাংশে ৭টী সমুদ্র ও ৬টী দ্বীপ। প্রথমে লবণসমুদ্র, তাহার পর দুগ্ধসমুদ্র—যাহা হইতে অমৃত, চন্দ্র ও লক্ষ্মীর উদ্ভব হইয়াছে এবং যাহাতে ব্রহ্মাদি দেবগণপূজিত চরণকমল ও সকল ভুবনাশ্রয় ভগবান্ বাসুদেব বাস করেন। তাহার পর পর্য্যায়ক্রমে দধি, ঘৃত, ইক্ষু, মদ্য ও সর্ব্বশেষে স্বাদুদক-সমুদ্র। পৃথিবীর (লবণসমুদ্রের) দক্ষিণার্দ্ধে প্রথমে শাকদ্বীপ, তৎপর পর্য্যায়ক্রমে শাল্মল, কৌশ, ক্রৌঞ্চ, গোমেদক এবং পুষ্করদ্বীপ। দুই দুই সমুদ্রের মধ্যে এক এক দ্বীপ অবস্থিত।*

পদ্মনাভ—শঙ্খ-পদ্ম-চক্র-গদাকর ।
দামোদর—পদ্ম-চক্র-গদা-শঙ্খধর ॥ ২৩২ ॥

পুরুষোত্তম—চক্র-পদ্ম-শঙ্খ-গদাধর ।
শ্রীঅচ্যুত—গদা-পদ্ম-চক্র-শঙ্খধর ॥ ২৩৩ ॥

শ্রীনৃসিংহ—চক্র-পদ্ম-গদা-শঙ্খধর ।
জনার্দ্দন—পদ্ম-চক্র-শঙ্খ-গদাকর ॥ ২৩৪ ॥

শ্রীহরি—শঙ্খ-চক্র-পদ্ম-গদাকর ।
শ্রীকৃষ্ণ—শঙ্খ-গদা-পদ্ম-চক্রকর ॥ ২৩৫ ॥

অধোক্ষজ—পদ্ম-গদা-শঙ্খ-চক্রকর ।
উপেন্দ্র—শঙ্খ-গদা-চক্র-পদ্মকর ॥ ২৩৬ ॥

হয়শীর্ষ-পঞ্চরাত্রে কথিত ১৬ মূর্ত্তির অস্ত্র-ভেদ-বর্ণন ঃ—

হয়শীর্ষ-পঞ্চরাত্রে কহে ষোলজন ।
তার মতে কহি এবে চক্রাদি-ধারণ ॥ ২৩৭ ॥

কেশব-ভেদে পদ্ম-শঙ্খ-গদা-চক্রধর ।
মাধব-ভেদে চক্র-গদা-শঙ্খ-পদ্মকর ॥ ২৩৮ ॥

নারায়ণ-ভেদে নানা অস্ত্র-ভেদ-ধর ।
ইত্যাদিক ভেদ এই সব অস্ত্রকর ॥ ২৩৯ ॥

অনুভাষ্য

পুরুষোত্তম, ১৮। অচ্যুত, ১৯। নৃসিংহ, ২০। জনার্দ্দন, ২১। হরি, ২২। কৃষ্ণ, ২৩। অধোক্ষজ ও ২৪। উপেন্দ্র।

২২৪-২৩৬। সিদ্ধার্থ-সংহিতায়—(হঃ ভঃ বিঃ ৫ম বিঃ ১৭৬ ও ১৭৭ সংখ্যা)"বাসুদেবো গদাশঙ্খচক্রপদ্মধরো মতঃ। পদ্মং শঙ্খং তথা চক্রং গদাং বহতি কেশবঃ। শঙ্খং পদ্মং গদাঞ্চক্রং ধত্তে নারায়ণঃ সদা। গদাং চক্রং তথা শঙ্খং পদ্মং বহতি মাধবঃ॥ চক্রং পদ্মং তথা শঙ্খং গদাঞ্চ পুরুষোত্তমঃ। পদ্মং কৌমোদকীং শঙ্খং চক্রং ধত্তেঽপ্যধোক্ষজঃ। সঙ্কর্ষণো গদাশঙ্খপদ্মচক্রধরঃ স্মৃতঃ। চক্রং গদাং পদ্মশঙ্খৌ গোবিন্দো ধরতে ভুজৈঃ॥ গদাং পদ্মং তথা শঙ্খং চক্রং বিষ্ণুর্ব্বিভর্ত্তি যঃ। চক্রং শঙ্খং তথা পদ্মং গদাঞ্চ মধুসূদনঃ। গদাং সরোজং চক্রঞ্চ শঙ্খং ধত্তেঽচ্যুতঃ সদা। শঙ্খং কৌমোদকীং চক্রমুপেন্দ্রঃ পদ্মমুদ্বহেৎ। চক্রশঙ্খগদাপদ্মধরঃ প্রদ্যুম্ন উচ্যতে। পদ্মং কৌমোদকীং চক্রং শঙ্খং ধত্তে ত্রিবিক্রমঃ॥ শঙ্খং চক্রং গদাং পদ্মং বামনো বহতে সদা। পদ্মং চক্রং গদাং শঙ্খং শ্রীধরো বহতে ভুজৈঃ॥ চক্রং পদ্মং গদাং শঙ্খং নরসিংহো বিভর্ত্তি যঃ। পদ্মং সুদর্শনং শঙ্খং গদাং ধত্তে জনার্দ্দনঃ॥ অনিরুদ্ধশ্চক্রগদাশঙ্খপদ্মলসদ্ভুজঃ। হৃষীকেশো গদাং চক্রং পদ্মং শঙ্খঞ্চ ধারয়েৎ॥ পদ্মনাভো বহেৎ শঙ্খং পদ্মং চক্রং গদাং তথা। পদ্মং চক্রং গদাং শঙ্খং ধত্তে দামোদরঃ সদা॥ শঙ্খং চক্রং সরোজঞ্চ গদাং বহতি যো হরিঃ। শঙ্খং কৌমোদকীং পদ্মং চক্রং কৃষ্ণো বিভর্ত্তি যঃ। এতাশ্চ মূর্ত্তয়ো জ্ঞেয়া দক্ষিণাধঃ-করক্রমাৎ॥"

২৩৭। ষোলজন,—১। বাসুদেব, ২। সঙ্কর্ষণ, ৩। প্রদ্যুম্ন, ৪। অনিরুদ্ধ, ৫। কেশব, ৬। নারায়ণ, ৭। মাধব, ৮। গোবিন্দ, ৯। বিষ্ণু, ১০। মধুসূদন, ১১। ত্রিবিক্রম, ১২। বামন, ১৩। শ্রীধর, ১৪। হৃষীকেশ, ১৫। পদ্মনাভ ও ১৬। দামোদর।

২৩৮-২৩৯। হয়শীর্ষ-পঞ্চরাত্রে (হঃ ভঃ বিঃ ৫ম বিঃ ১৬৮-১৭৫)—"আদিমূর্ত্তির্বাসুদেবঃ সঙ্কর্ষণমথাসৃজৎ। চতুর্মূর্ত্তিঃ পরং প্রোক্তমেকৈকো ভিদ্যতে ত্রিধা। কেশবাদিপ্রভেদেন মূর্ত্তির্দ্বাদশকং স্মৃতম্॥ পঙ্কজং দক্ষিণে দদ্যাৎ পাঞ্চজন্যং তথোপরি। বামোপরি গদা যস্য চক্রং চাধো ব্যবস্থিতম্॥ আদিমূর্ত্তেস্তু ভেদোঽয়ং কেশবেতি প্রকীর্ত্ত্যতে। অধরোত্তরভাবেন কৃতমেতত্তু যত্র বৈ। নারায়ণাখ্যা সা মূর্ত্তিঃ স্থাপিতা ভুক্তিমুক্তিদা॥ সব্যাধঃ পঙ্কজং যস্য পাঞ্চজন্যং তথোপরি। দক্ষিণোর্দ্ধ্বং গদা যস্য চক্রং চাধো ব্যবস্থিতম্। আদিমূর্ত্তেস্তু ভেদোঽয়ং মাধবেতি প্রকীর্ত্ত্যতে॥ দক্ষিণাধঃস্থিতং চক্রং গদা যস্যোপরি স্থিতা। বামোর্দ্ধ্বসংস্থিতং পদ্মং শঙ্খং চাধো ব্যবস্থিতম্। সঙ্কর্ষণস্য ভোদোঽয়ং গোবিন্দেতি প্রকীর্ত্ত্যতে॥ দক্ষিণোপরি পদ্মন্তু গদা চাধো ব্যবস্থিতা। সঙ্কর্ষণস্য ভেদোঽয়ং বিষ্ণুরিত্যভিশব্দতে॥ দক্ষিণোপরি শঙ্খঞ্চ চক্রং চাধঃ প্রদৃশ্যতে॥ বামোপরি তথা পদ্মং গদা চাধঃ প্রদৃশ্যতে। মধুসূদননামায়াং ভেদঃ সঙ্কর্ষণস্য চ॥ বামোর্দ্ধ্বসংস্থিতঞ্চক্রমধঃ শঙ্খং প্রদৃশ্যতে। ব্রহ্মাণ্ডগং বামপদং দক্ষিণং শেষপৃষ্ঠগম্। বলিবন্ধনসংযুক্তং বামনঞ্চাপ্যধঃস্থিতম্॥ বামোর্দ্ধ্বে কৌমোদী যস্য পুণ্ডরীকমধঃস্থিতম্। দক্ষিণোর্দ্ধ্বং সহস্রারং পাঞ্চজন্যমধঃস্থিতম্। সপ্ততালপ্রমাণেন বামনং কারয়েৎ সদা॥ ঊর্দ্ধ্বং দক্ষিণতশ্চক্রমধঃ পদ্মং ব্যবস্থিতম্। পদ্মা পদ্মকরা বামে পার্শ্বে যস্য ব্যবস্থিতা। স্থিতো বাপ্যুপবিষ্টো বা সানুরাগো বিলাসবান্। প্রদ্যুম্নস্য হি ভেদোঽয়ং শ্রীধরেতি প্রকীর্ত্ত্যতে॥ দক্ষিণোর্দ্ধ্বং মহাচক্রং কৌমোদী তদধঃস্থিতা। বামোর্দ্ধ্বে নলিনং যস্য অধঃ শঙ্খং বিরাজতে। হৃষীকেশেতি বিজ্ঞেয়ঃ স্থাপিতঃ সর্ব্বকামদঃ॥ দক্ষিণোর্দ্ধ্বে পুণ্ডরীকং পাঞ্চজন্যমধস্তথা। বামোর্দ্ধ্বে সংস্থিতং চক্রং কৌমোদী তদধঃস্থিতা। পদ্মনাভেতি সা মূর্ত্তিঃ স্থাপিতা মোক্ষদায়িনী॥ দক্ষিণোর্দ্ধ্বে পাঞ্চজন্যমধস্তাত্তু কুশেশয়ম্। সব্যোর্দ্ধ্বে কৌমোদী চৈব হেতিরাজমধঃস্থিতম্। অনিরুদ্ধস্য ভেদোঽয়ং দামোদর ইতি স্মৃতঃ॥ এতেষান্তু স্ত্রিয়ৌ কার্য্যে পদ্মবীণাধরে শুভে। ইতি ক্রমেণ মার্গাদিমাসাধিপাঃ কেশবাদয়ো দ্বাদশ॥*

** হয়শীর্ষ-পঞ্চরাত্র অনুসারে—আদিমূর্ত্তি বাসুদেব সঙ্কর্ষণকে প্রকাশ করেন। এইরূপে প্রধানরূপে কথিত চারিমূর্ত্তি (বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ) প্রত্যেকে তিন মূর্ত্তিতে বিভক্ত। তাঁহারা কেশবাদি-প্রভেদে দ্বাদশ-মূর্ত্তি বলিয়া কথিত। যাঁহার দক্ষিণভাগে নিম্নহস্তে পদ্ম এবং তদুপরি (অর্থাৎ ঊর্দ্ধহস্তে) পাঞ্চজন্য-শঙ্খ, বাম ঊর্দ্ধহস্তে গদা এবং নিম্নে চক্র—আদিমূর্ত্তি বাসুদেবের এই ভেদ 'কেশব'-নামে*

ব্রজেন্দ্রনন্দনের দুই নাম ঃ—

'স্বয়ং ভগবান্', আর 'লীলা-পুরুষোত্তম'।
এই দুই নাম ধরে ব্রজেন্দ্রনন্দন ॥ ২৪০ ॥

মথুরা ও দ্বারকার আবরণরূপে নবব্যূহ ঃ—

পুরীর আবরণরূপে পুরীর নবদেশে।
নবব্যূহরূপে নবমূর্ত্তি পরকাশে ॥ ২৪১ ॥

নবব্যূহের পরিচয় ঃ—

লঘুভাগবতামৃতে (১।৪৫১)—

চত্বারো বাসুদেবাদ্যা নারায়ণনৃসিংহকৌ।
হয়গ্রীবো বরাহশ্চ ব্রহ্মা চেতি নবোদিতাঃ ॥ ২৪২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪২। বাসুদেবাদি চারিজন, নারায়ণ, নৃসিংহ, হয়গ্রীব, বরাহ ও ব্রহ্মা,—এই নয়জন।

অনুভাষ্য

২৪১। এইস্থলে দ্রষ্টব্য এই যে, এই নবব্যূহের অন্তর্গত বরাহ ও হয়গ্রীব 'বৈভবাবস্থ' অবতার হইয়াও পরাবস্থ-তুল্য।

২৪২। বাসুদেবাদ্যাঃ (বাসুদেবসঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধাঃ) চত্বারঃ (দ্বিতীয়-ব্যূহাঃ) নারায়ণনৃসিংহকৌ (নারায়ণঃ নৃসিংহশ্চ দ্বৌ), হয়গ্রীবঃ, বরাহশ্চ, ব্রহ্মা চ ইতি নবমূর্ত্তয়ঃ (ব্যূহাঃ) উদিতাঃ (কথিতাঃ—"তত্র ব্রহ্মা তু বিজ্ঞেয়ঃ পূর্ব্বোক্তবিধয়া হরিঃ" ইতি, "ভবেৎ ক্বচিন্মহাকল্পে ব্রহ্মা জীবোঽপ্যুপাসনৈঃ। ক্বচিদত্র মহাবিষ্ণুর্ব্রহ্মত্বং প্রতিপদ্যতে।।" ইতি পাদ্মবচনোক্তরীত্যা ব্রহ্মণোঽত্রেশ্বরকোটিত্বং জ্ঞেয়ম্ *)।

এতাবৎ কৃষ্ণস্বরূপের ছয়প্রকার বিলাসের অন্তর্গত প্রাভব ও বৈভবরূপ দ্বিবিধ প্রকাশের বিলাস বর্ণিত ; এক্ষণে স্বাংশ ও শক্ত্যাবেশরূপ দ্বিবিধাবতার বক্ষ্যমাণ ঃ—

প্রকাশ-বিলাসের এই কৈলুঁ বিবরণ।
স্বাংশের ভেদ এবে শুন, সনাতন ॥ ২৪৩ ॥

স্বাংশের প্রধানতঃ দুই রূপ—(১) প্রকৃতির অধিষ্ঠাতা চালক,(২) সাধুর পালক ও অসাধুর বিনাশকরূপে নানা অবতার ঃ—

সঙ্কর্ষণ, মৎস্যাদিক,—দুই ভেদ তাঁর।
সঙ্কর্ষণ—পুরুষাবতার, মৎস্যাদি—অবতার ॥ ২৪৪ ॥

ছয়প্রকার অবতার ঃ—

অবতার হয় কৃষ্ণের ষড়্‌বিধ প্রকার।
পুরুষাবতার এক, লীলাবতার আর ॥ ২৪৫ ॥

অনুভাষ্য

২৪৫। পুরুষাবতার—মহাসঙ্কর্ষণ হইতে কারণোদকশায়ী (ভাঃ ১১।৪।৩), গর্ভোদকশায়ী (ভাঃ ১।৩।২-৩) ও ক্ষীরোদকশায়ী (ভাঃ ১।১৮।২১, ২।২।৮, ২।৮।১৬, ১০।৮৮।৫)—এই তিন মূর্ত্তি।

লীলাবতার—(ভাঃ ১ম স্কঃ ৩য় অঃ দ্রষ্টব্য) ১। চতুঃসন, ২। নারদ, ৩। বরাহ, ৪। মৎস্য, ৫। যজ্ঞ, ৬। নরনারায়ণ, ৭। কার্দ্দমি কপিল, ৮। দত্ত (আত্রেয়—ভাঃ ২।৭।৪), ৯। হয়শীর্ষা (ভাঃ ২।৭।১১), ১০। হংস (ভাঃ ২।৭।১৯), ১১।ধ্রুবপ্রিয় বা পৃশ্নিগর্ভ (ভাঃ ২।৭।৮), ১২। ঋষভ, ১৩। পৃথু, ১৪। নৃসিংহ, ১৫। কূর্ম্ম, ১৬। ধন্বন্তরি, ১৭। মোহিনী, ১৮। বামন, ১৯। ভার্গব পরশুরাম, ২০। রাঘবেন্দ্র, ২১। ব্যাস, ২২। প্রলম্বারি বলরাম, ২৩। কৃষ্ণ, ২৪। বুদ্ধ, ২৫। কল্কি—এই ২৫ মূর্ত্তি লীলাবতার ;

প্রকীর্ত্তিত। কেশব-মূর্ত্তির অস্ত্রধারণের বিপরীতক্রমে যে-মূর্ত্তিতে অস্ত্রধারণ হইয়া থাকে তিনি ভুক্তিমুক্তিপ্রদাতা 'নারায়ণ'-নামে কথিত হন। যাঁহার বাম নিম্ন হস্তে পদ্ম এবং ঊর্দ্ধহস্তে পাঞ্চজন্য-শঙ্খ, দক্ষিণ ঊর্দ্ধহস্তে গদা এবং নিম্নহস্তে চক্র—আদিমূর্ত্তির এই ভেদ 'মাধব'-নামে খ্যাত। যাঁহার দক্ষিণ নিম্নহস্তে চক্র এবং ঊর্দ্ধে গদা, বাম ঊর্দ্ধহস্তে পদ্ম এবং নিম্নে শঙ্খ—সঙ্কর্ষণের এই ভেদ 'গোবিন্দ'-নামে প্রকীর্ত্তিত। দক্ষিণ ঊর্দ্ধহস্তে পদ্ম ও নিম্নহস্তে গদা (বাম ঊর্দ্ধহস্তে শঙ্খ ও নিম্নহস্তে চক্র)—সঙ্কর্ষণের এই ভেদে 'বিষ্ণু'-নামে কথিত হয়। যাঁহার দক্ষিণ ঊর্দ্ধহস্তে শঙ্খ ও নিম্নে চক্র দৃষ্ট হয়, বাম ঊর্দ্ধহস্তে পদ্ম ও নিম্নে গদা দৃষ্ট হয়—সঙ্কর্ষণের এই ভেদ 'মধুসূদন'-নামে কথিত। যাঁহার (দক্ষিণ নিম্নহস্তে পদ্ম ও ঊর্দ্ধে গদা) বাম ঊর্দ্ধকরে চক্র ও নিম্নে শঙ্খ দৃষ্ট হয়, বামচরণ ব্রহ্মাণ্ডগামী ও দক্ষিণচরণ অনন্তদেবের পৃষ্ঠগামী—তিনি 'ত্রিবিক্রম'। বলিকে বঞ্চনাকারী এবং অধোলোকে অবস্থিত যাঁহার বাম ঊর্দ্ধহস্তে গদা ও নিম্নহস্তে পদ্ম এবং দক্ষিণ ঊর্দ্ধহস্তে চক্র, নিম্নহস্তে শঙ্খ—এরূপ 'শ্রীবামন'দেবের মূর্ত্তি সপ্ততাল-পরিমাণে নির্ম্মাণ করিতে হইবে। দক্ষিণ ঊর্দ্ধহস্তে চক্র ও নিম্নহস্তে পদ্ম (বাম ঊর্দ্ধহস্তে গদা ও নিম্নহস্তে শঙ্খ) বিশিষ্ট যাঁহার বামপার্শ্বে লক্ষ্মীদেবী পদ্মহস্তে অবস্থিতা এবং যিনি দণ্ডায়মান অথবা উপবিষ্ট, এরূপ অনুরাগযুক্ত ও বিলাসবান্ 'শ্রীধর' প্রদ্যুম্নের ভেদ বলিয়া পরিকীর্ত্তিত। যাঁহার দক্ষিণ ঊর্দ্ধহস্তে মহাচক্র, নিম্নহস্তে গদা এবং বাম ঊর্দ্ধহস্তে পদ্ম ও নিম্নহস্তে শঙ্খ বিরাজিত, তাঁহাকে সমস্ত কামনাপূরণকারী 'হৃষীকেশ' বলিয়া জানিতে হইবে। দক্ষিণ-ঊর্দ্ধকরে পদ্ম ও নিম্ন-করে পাঞ্চজন্য-শঙ্খ এবং বাম ঊর্দ্ধকরে চক্র এবং তন্নিম্নে গদা অবস্থিত, সেই মূর্ত্তি মোক্ষপ্রদাতা 'পদ্মনাভ'-নামে প্রতিষ্ঠিত। দক্ষিণ ঊর্দ্ধহস্তে পাঞ্চজন্য-শঙ্খ, নিম্নহস্তে পদ্ম এবং বাম ঊর্দ্ধহস্তে গদা ও নিম্নে চক্র—অনিরুদ্ধের এই ভেদ 'দামোদর'-নামে কথিত। তাঁহাদের সকলের পদ্ম ও বীণাধারিণী পরমশুভা দুইটী করিয়া স্ত্রী বিদ্যমান। কেশবাদি দ্বাদশমূর্ত্তি এইরূপে অগ্রহায়ণাদি সকল মাসগুলির অধিপতি।

** পূর্ব্বোক্ত বিধি-অনুসারে সেস্থলে ব্রহ্মা কিন্তু শ্রীহরিই জানিতে হইবে। কোন কোন মহাকল্পে জীবও উপাসনাদ্বারা ব্রহ্মা হন, আবার কোন সময়ে মহাবিষ্ণু ব্রহ্মা-রূপে প্রতিপাদিত হন। এই পদ্মপুরাণ-কথিত নিয়মানুসারে ব্রহ্মার এস্থলে ঈশ্বরকোটিত্ব জানিতে হইবে।*

গুণাবতার, আর মন্বন্তরাবতার।
যুগাবতার, আর শক্ত্যাবেশাবতার ॥ ২৪৬ ॥

কিশোর কৃষ্ণের ছয়প্রকার বিলাসের মধ্যে বয়োধর্ম্মভেদে দ্বিবিধ বিলাস বা লীলা ঃ—

বাল্য, পৌগণ্ড হয় বিগ্রহের ধর্ম্ম।
এতরূপে লীলা করেন ব্রজেন্দ্রনন্দন ॥ ২৪৭ ॥

কৃষ্ণের অসংখ্য অবতার ঃ—

অনন্ত অবতার কৃষ্ণের, নাহিক গণন।
শাখা-চন্দ্র-ন্যায় করি দিগ্‌দরশন ॥ ২৪৮ ॥

শ্রীমদ্ভাগবতে (১।৩।২৬)—

অবতারা হ্যসংখ্যেয়া হরেঃ সত্ত্বনিধের্দ্বিজাঃ।
তথাহবিদাসিনঃ কুল্যাঃ সরসঃ স্যুঃ সহস্রশঃ ॥ ২৪৯ ॥

(ক) সর্ব্বপ্রথমে তিনটী পুরুষাবতার—কারণ-গর্ভ-ক্ষীরসাগরশায়ী ঃ—

প্রথমেই করে কৃষ্ণ 'পুরুষাবতার'।
সেইত পুরুষ হয় ত্রিবিধ প্রকার ॥ ২৫০ ॥

লঘুভাগবতামৃতে (১।৩৩) সাত্বততন্ত্র-বাক্য—

বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ।
একন্তুঃ মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতম্।
তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ॥ ২৫১ ॥

এক কৃষ্ণই ত্রিবিধ স্বরূপশক্তির অধিষ্ঠাতা ঃ—

অনন্তশক্তি-মধ্যে কৃষ্ণের তিন শক্তি প্রধান।
'ইচ্ছাশক্তি', 'ক্রিয়াশক্তি', 'জ্ঞানশক্তি' নাম ॥ ২৫২ ॥

স্বয়ং কৃষ্ণ—ইচ্ছা বা আনন্দশক্তির এবং চতুর্ব্ব্যূহর মধ্যে (১) বাসুদেবরূপে তিনিই সম্বিচ্ছক্তির প্রভু ঃ—

ইচ্ছাশক্তি-প্রধান কৃষ্ণ—ইচ্ছায় সর্ব্বকর্ত্তা।
জ্ঞানশক্তি-প্রধান বাসুদেব অধিষ্ঠাতা ॥ ২৫৩ ॥
ইচ্ছা-জ্ঞান-ক্রিয়া বিনা না হয় সৃজন।
তিনের তিনশক্তি মেলি' প্রপঞ্চ-রচন ॥ ২৫৪ ॥

তিনিই বলরাম বা সঙ্কর্ষণরূপে সন্ধিনীশক্তির প্রভু, ত্রিবিধ-শক্তিদ্বারে চিদচিজ্জগৎপ্রাকট্য ঃ—

ক্রিয়াশক্তি-প্রধান সঙ্কর্ষণ বলরাম।
প্রাকৃতাপ্রাকৃত-সৃষ্টি করেন নির্ম্মাণ ॥ ২৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪৯। হে দ্বিজসকল, যেমন মহাজলাশয় হইতে সহস্র সহস্র ক্ষুদ্র জলাশয় হয়, তদ্রূপ সত্ত্বনিধি হরির অবতার—অসংখ্য।

২৫০। 'সেইত পুরুষ হয় ত্রিবিধ প্রকার'—এই পর্য্যন্ত কৃষ্ণের বহুবিধ স্বরূপ বিচারিত হইল। এখন কৃষ্ণের শক্তি বিচারিত হইবে।

অনুভাষ্য

ইঁহারা প্রায় প্রতিকল্পেই (ব্রহ্মার একদিনের নামই এক 'কল্প') আবির্ভূত হন বলিয়া 'কল্পাবতার'-নামেও কথিত। ইঁহাদের মধ্যে 'হংস' ও 'মোহিনী'—অচিরস্থায়ী ও অনতিপ্রসিদ্ধ প্রাভবাবস্থ অবতার ; কপিল, দত্তাত্রেয়, ঋষভ, ধন্বন্তরি ও ব্যাস,—এই পাঁচ-মূর্ত্তি চিরস্থায়ী ও বিস্তৃত-কীর্ত্তি এবং মুনিচেষ্টাযুক্ত প্রাভবাবস্থ অবতার ; আর কূর্ম্ম, মৎস্য, নারায়ণ, বরাহ, হয়গ্রীব, পৃশ্নিগর্ভ ও প্রলম্বঘ্ন বলদেব—বৈভবাবস্থ অবতার।

২৪৬। গুণাবতার—ব্রহ্মা, বিষ্ণু ও শিব (ভাঃ ১০।৮৮।৩), —এই তিন মূর্ত্তি।

মন্বন্তরাবতার—(ভাঃ ৮ম স্কঃ, ১ম অঃ, ৫ম অঃ ও ১৩ অঃ)—১। যজ্ঞ, ২। বিভু, ৩। সত্যসেন, ৪। হরি, ৫। বৈকুণ্ঠ ৬। অজিত, ৭। বামন, ৮। সার্ব্বভৌম, ৯। ঋষভ, ১০। বিষ্বক্সেন, ১১। ধর্ম্মসেতু, ১২। সুধামা, ১৩। যোগেশ্বর, ১৪। বৃহদ্ভানু—এই চৌদ্দ মূর্ত্তির মধ্যে, 'যজ্ঞ' ও 'বামন' লীলাবতারও বটেন, সুতরাং ১২ মূর্ত্তি মন্বন্তরাবতার ; আবার এই চৌদ্দ মন্বন্তরাবতার 'বৈভবাবস্থ' অবতার বলিয়াও কথিত।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৫২-২৫৬। সেই অদ্বয়তত্ত্ব কৃষ্ণের অনন্তশক্তি আছে, তন্মধ্যে 'ইচ্ছাশক্তি', 'ক্রিয়াশক্তি' ও 'জ্ঞানশক্তি'—সর্ব্বকার্য্যেরই এই তিনটী বিশেষ পরিচয় আছে ; ইচ্ছাশক্তি-প্রধান—'কৃষ্ণ',

অনুভাষ্য

যুগাবতার—(১) সত্যে 'শুক্ল' (ভাঃ ১১।৫।২১), (২) ত্রেতায় 'রক্ত' (ভাঃ ১১।৫।২৪), (৩) দ্বাপরে 'শ্যাম' (ভাঃ ১১।৫।২৭), (৪) সাধারণ-কলিতে 'কৃষ্ণবর্ণ' এবং বিশেষ কলিতে 'পীতবর্ণ' (ভাঃ ১১।৫।৩২ ও ১০।৮।১৩ দ্রষ্টব্য)।

শক্ত্যাবেশাবতার—(ক) ভগবদাবেশ—কপিল ও ঋষভদেব; (খ) শক্ত্যাবেশ—১। বৈকুণ্ঠস্থ শেষ (স্ব-সেবনশক্তি), ২। অনন্ত (ভূধারণ-শক্তি), ৩। ব্রহ্মা (সৃষ্টিশক্তি), ৪। চতুঃসন (জ্ঞানশক্তি), ৫। নারদ (ভক্তিশক্তি), ৬। পৃথু (পালনশক্তি), ৭। পরশুরাম (দুষ্টদমন-শক্তি)—এই সপ্তমূর্ত্তি।

২৪৮। শাখাচন্দ্রন্যায়—ভূমিস্থিত সমতলে বৃক্ষশাখা নির্দ্দেশ করিয়া আকাশ-গোলস্থিত চন্দ্রের স্থান-নির্দ্দেশের ন্যায় দিক্‌-প্রদর্শন মাত্র। অবতারসমূহ লৌকিক দর্শনের গোচরীভূত হইলেও তাঁহারা মায়িক নহেন। তাঁহাদের অপ্রাকৃত লীলা—অন্বয়ভাবে অনুগত জীবেরই জ্ঞেয়, তর্কপন্থী লোকের প্রাকৃত ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে।

২৪৯। শৌনকাদি ঋষিগণকে শ্রীসূত-গোস্বামী শ্রীহরির অসংখ্য অবতারের কথা বর্ণন করিয়া অবতারগণের অসংখ্যত্ব বলিতেছেন,—

সঙ্কর্ষণই আদিপুরুষ বা কারণশায়ী ও চিদ্‌বৈভব সত্তার কারণ ঃ—

অহঙ্কারের অধিষ্ঠাতা কৃষ্ণের ইচ্ছায় ।
গোলোক, বৈকুণ্ঠ সৃজে চিচ্ছক্তিদ্বারায় ॥ ২৫৬ ॥

চিচ্ছক্তিবিলাস তদ্রূপবৈভব সঙ্কর্ষণ হইতে প্রকাশিত ঃ—

যদ্যপি অসৃজ্য নিত্য চিচ্ছক্তিবিলাস ।
তথাপি সঙ্কর্ষণ-ইচ্ছায় তাহার প্রকাশ ॥ ২৫৭ ॥

অনন্তরূপী সঙ্কর্ষণ হইতে গোলোকধাম-প্রাকট্য—

ব্রহ্মসংহিতায় (৫।২)—

সহস্রপত্রং কমলং গোকুলাখ্যং মহৎপদম্ ।
তৎকর্ণিকারং তদ্ধাম তদনন্তাংশসম্ভবম্ ॥ ২৫৮ ॥

সাংখ্যবাদ-নিরাস, সঙ্কর্ষণের ঈক্ষণশক্তি-ক্ষুব্ধা জড়া মায়াই ক্রিয়াবতী হইয়া বিশ্ব-সৃষ্টিকারিণী ঃ—

মায়া-দ্বারে সৃজে তেঁহো ব্রহ্মাণ্ডের গণ ।
জড়রূপা প্রকৃতি নহে ব্রহ্মাণ্ড-কারণ ॥ ২৫৯ ॥
জড় হৈতে সৃষ্টি নহে ঈশ্বরশক্তি বিনে ।
তাহাতেই সঙ্কর্ষণ করে শক্তির আধানে ॥ ২৬০ ॥

উপমা ঃ—

ঈশ্বরের শক্ত্যে সৃষ্টি করয়ে প্রকৃতি ।
লৌহ যেন অগ্নিশক্ত্যে পায় দাহ-শক্তি ॥ ২৬১ ॥

রামকৃষ্ণই বিশ্বের একমাত্র জনক ও নিয়ামক ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৪৬।৩১)—

এতৌ হি বিশ্বস্য চ বীজযোনী রামো মুকুন্দঃ পুরুষঃ প্রধানম্ ।
অন্বীয় ভূতেষু বিলক্ষণস্য জ্ঞানস্য চেশাত ইমৌ পুরাণৌ ॥২৬২

প্রপঞ্চাতীত ধাম হইতে কৃপাপূর্ব্বক প্রপঞ্চে প্রাকট্য বা অবতরণই অবতার ঃ—

সৃষ্টি-হেতু যেই মূর্ত্তি প্রপঞ্চে অবতরে ।
সেই ঈশ্বরমূর্ত্তি 'অবতার' নাম ধরে ॥ ২৬৩ ॥
মায়াতীত পরব্যোমে সবার অবস্থান ।
বিশ্বে অবতরি' ধরে 'অবতার' নাম ॥ ২৬৪ ॥

সঙ্কর্ষণই প্রকৃতি-বীক্ষণ ও বীজবপনকারী আদি-পুরুষাবতার ঃ—

সেই মায়া অবলোকিতে শ্রীসঙ্কর্ষণ ।
পুরুষরূপে অবতীর্ণ হইলা প্রথম ॥ ২৬৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১।৩।১)—

জগৃহে পৌরুষং রূপং ভগবান্মহদাদিভিঃ ।
সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়া ॥ ২৬৬ ॥

শ্রীমদ্ভাগবতে (২।৬।৪২)—

আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্য কালঃ স্বভাবঃ সদসন্মনশ্চ ।
দ্রব্যং বিকারো গুণ ইন্দ্রিয়াণি বিরাট্ স্বরাট্ স্থাস্নু চরিষ্ণু ভূম্নঃ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

যাঁহার ইচ্ছায় সমস্ত ব্যাপারই হইয়া থাকে ; জ্ঞানশক্তিপ্রধান—'বাসুদেব' আর 'ক্রিয়াশক্তিপ্রধান—'সঙ্কর্ষণ'। এই তিনের ঐ তিনটী শক্তি লইয়াই প্রাকৃতাপ্রাকৃত জগৎ সৃষ্ট বা প্রকটিত হইয়াছে। অহঙ্কারের অধিষ্ঠাতা 'সঙ্কর্ষণ' কৃষ্ণের ইচ্ছায় চিচ্ছক্তিদ্বারা চিচ্ছক্তিবিলাসরূপ গোলোক-বৈকুণ্ঠাদি ধাম প্রকট করিয়াছেন।

২৫৮। গোকুলাখ্য মহৎপদ—সহস্রদলপদ্মপত্র ; তাহার কর্ণিকার তদাধার, সমস্তই অনন্তের অংশসম্ভব।

অনুভাষ্য

হে দ্বিজাঃ, অবিদাসিনঃ (অপক্ষয়হীনাৎ) সরসঃ [সকাশাৎ] [যথা] কুল্যাঃ (স্বল্পপ্রবাহাঃ) সহস্রশঃ স্যুঃ (সম্ভবন্তি), তথা হি সত্ত্বনিধেঃ (সর্ব্বসত্ত্বাশ্রয়স্য বিশুদ্ধসত্ত্বসেবধেঃ) হরেঃ অসংখ্যেয়াঃ (গণনাতীতাঃ) অবতারাঃ।

২৫১। আদি, ৫ম পঃ ৭৭ সংখ্যা দ্রষ্টব্য।

২৫৮। গোকুলাখ্যং মহৎপদং (তদ্রূপবৈভবশ্রেষ্ঠং ধাম)—সহস্রপত্রং কমলং (সহস্রদল-পদ্মমিব) ; তৎকর্ণিকারং (তৎ-পদ্মপুষ্পমধ্যম্ এব) তদ্ধাম (তস্য কৃষ্ণস্য ধাম) ; তৎ—অনন্তাংশসম্ভবং (বলদেবাংশজাতম্)।

২৫৯-২৬১। আদি, ৫ম পঃ ৬০-৬৪ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬২। এই—রাম-কৃষ্ণ ; এই বিশ্বের বীজযোনিস্বরূপ। তাঁহারা দুইজনই সমস্ত-ভূতে প্রবেশপূর্ব্বক পরস্পর ভেদ-জ্ঞান উৎপন্ন করিয়াছেন।

অনুভাষ্য

২৬২। কৃষ্ণের অনুরোধক্রমে ব্রজবাসিগণের কৃষ্ণ-বিরহজ শোক-লাঘবের জন্য মহাত্মা উদ্ধব ব্রজে আগমন করিয়া বিশ্রাম করিলে পর নন্দ কৃষ্ণসম্বন্ধে জিজ্ঞাসা করায় নন্দ-যশোদার নিকট উদ্ধবের কৃষ্ণমাহাত্ম্য বর্ণন,—

রামঃ মুকুন্দশ্চ ইতি এতৌ—বিশ্বস্য বীজযোনী (নিমিত্তোপাদানে), পুরুষঃ (অংশঃ), প্রধানং (শক্তিঃ) [অতঃ প্রধান-পুরুষৌ অপি এতৌ এবেত্যর্থঃ,—এবমনয়োর্জ্জনকত্বমুক্তম্] ; ইমৌ—পুরাণৌ (অনাদী, সনাতনৌ ; অতঃ) ভূতেষু অন্বীয় (অনুপ্রবিশ্য) [ভূতানাং তদুপহিতস্য] বিলক্ষণস্য (নানাভেদস্য) জ্ঞানস্য (জীবস্য) চ ঈশাতে (নিয়ন্তারৌ ভবতঃ, এবমনয়োর্নিয়ন্তৃত্বমপ্যুক্তম্)।

২৬৪। আদি, ৫ম পঃ ৮১ সংখ্যা দ্রষ্টব্য।

২৬৬। আদি, ৫ম পঃ ৮৪ সংখ্যা দ্রষ্টব্য।

২৬৭। আদি, ৫ম পঃ ৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

(১) স্বীয় বৈকুণ্ঠে শেষ-পর্য্যঙ্কে কারণার্ণব বা বিরজাশায়ী—
প্রকৃতির অন্তর্যামী ব্রহ্মাণ্ড-কারণ-স্রষ্টা ঃ—

সেই পুরুষ বিরজাতে করেন শয়ন ।
'কারণাব্ধিশায়ী' নাম—জগৎকারণ ॥ ২৬৮ ॥

বিরজা ও কারণাব্ধির একপারে তুরীয় পরব্যোম
বা চিদ্বৈভব বৈকুণ্ঠ, অপরপারে মায়াবিলাস
বা অচিদ্বৈভব প্রাকৃত দেবীধাম ঃ—

কারণাব্ধি-পারে মায়ার নিত্য অবস্থিতি ।
বিরজার পারে পরব্যোমে নাহি গতি ॥ ২৬৯ ॥

বৈকুণ্ঠের মাহাত্ম্য ঃ—
শ্রীমদ্ভাগবতে (২।৯।১০)—

প্রবর্ত্ততে যত্র রজস্তমস্তয়োঃ সত্ত্বঞ্চ মিশ্রং ন চ কালবিক্রমঃ ।
ন যত্র মায়া কিমুতাপরে হরেরনুব্রতা যত্র সুরাসুরার্চ্চিতাঃ ॥২৭০

মায়ার দুইরূপে দ্বিবিধা বৃত্তি—(ক) প্রকৃতি ও
(খ) প্রধানের কার্য্য ঃ—

মায়ার যে দুই বৃত্তি—'মায়া' আর 'প্রধান' ।
'মায়া' নিমিত্তহেতু, 'প্রধান' বিশ্বের উপাদান ॥ ২৭১ ॥

প্রকৃতির প্রতি কারণোদশায়ীর ঈক্ষণ ঃ—

সেই পুরুষ মায়া-পানে করে অবধান ।
প্রকৃতি ক্ষোভিত করি' করে বীর্য্যের আধান ॥ ২৭২ ॥

স্বয়ং শুদ্ধ হইয়াও অশুদ্ধের ন্যায় প্রতীত ; সঙ্কল্পমাত্রেই
প্রকৃতিস্পর্শ ও প্রকৃতি-যোনিতে লোমকূপস্থ অনন্ত
চিৎপরমাণু জীবশক্তি-নিধান ঃ—

স্বাঙ্গ-বিশেষাভাসরূপে প্রকৃতি-স্পর্শন ।
জীব-রূপ 'বীজ' তাতে কৈলা সমর্পণ ॥ ২৭৩ ॥

জীব ও তাহার ভোগায়তন ২৭টী তত্ত্বের উৎপত্তির ইতিবৃত্ত ;
প্রকৃতির আদি পরিণাম ও বিশ্বাঙ্কুর চিত্তরূপী
'মহত্তত্ত্বে'র উৎপত্তির কারণ ঃ—
শ্রীমদ্ভাগবতে (৩।২৬।১৯)—

দৈবাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্ ।
আধত্ত বীর্য্যং সাহসূত মহত্তত্ত্বং হিরণ্ময়ম্ ॥ ২৭৪ ॥

জীবশক্তির প্রাকট্য-ইতিহাস ঃ—
শ্রীমদ্ভাগবতে (৩।৫।২৬)—

কালবৃত্ত্যা তু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ ।
পুরুষেণাত্মভূতেন বীর্য্যমাধত্ত বীর্য্যবান্ ॥ ২৭৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭০। সেই বৈকুণ্ঠে রজস্তমঃ বা তাহাদের সহিত মিশ্রসত্ত্ব অথবা কালবিক্রম নাই এবং সেখানে মায়া পর্য্যন্ত নাই, অন্যের কি কথা ; সেখানে শ্রীকৃষ্ণের অনুব্রত সুরাসুরার্চ্চিত পার্ষদ-ভক্তগণ বাস করেন।

অনুভাষ্য

২৭০। 'শুদ্ধজীবাত্মার কিরূপে দেহসম্বন্ধ হয়?'—রাজা পরীক্ষিতের এই প্রশ্নের উত্তরে শ্রীশুকদেব তাঁহার নিকট, ভগবৎকর্ত্তৃক ব্রহ্মার নিকট চতুঃশ্লোকীস্থ তত্ত্বজ্ঞান-কীর্ত্তনপ্রসঙ্গ বলিবার পূর্ব্বে সৃষ্টির প্রারম্ভে ভগবদ্দর্শনার্থ ব্রহ্মার দিব্য সহস্র বৎসর তপস্যাফলে ভগবান্ ব্রহ্মাকে যে বৈকুণ্ঠধাম প্রদর্শন করাইয়াছিলেন, সেই বৈকুণ্ঠের বর্ণন করিতেছেন,—

যত্র (বৈকুণ্ঠে) রজঃ, তমঃ, তয়োঃ মিশ্রং (তাভ্যাং যুক্তং) সত্ত্বং চ [ন প্রবর্ত্ততে, পরন্তু বিশুদ্ধমেব সত্ত্বং প্রবর্ত্ততে], কাল-বিক্রমঃ (নাশঃ চ ন প্রবর্ত্ততে), যত্র (বৈকুণ্ঠে) মায়া ন প্রবর্ত্ততে (নাস্তি), অপরে (মায়াসম্বন্ধিনঃ রাগ-লোভাদয়ঃ) ন [সন্তি ইতি] কিমুত (কিং বক্তব্যম্?) যত্র (বৈকুণ্ঠে) সুরাসুরার্চ্চিতাঃ (দেব-দৈত্যৈঃ সর্ব্বৈঃ অপি পূজিতাঃ) হরেঃ অনুব্রতাঃ (পার্ষদাঃ) [বর্ত্তন্তে]।

২৭১। আদি, ৫ম পঃ ৫৮ সংখ্যা দ্রষ্টব্য।

২৭২-২৭৩। ব্রহ্মসংহিতায় ৫ম অঃ ১০-১৩ শ্লোক দ্রষ্টব্য।

২৭৪। দেবহূতি পুরুষ ও প্রকৃতির লক্ষণ জিজ্ঞাসা করায় ভগবান্ কপিলদেব তাঁহাকে মহদাদি অষ্টাবিংশতি-তত্ত্ব বর্ণন-পূর্ব্বক তদধীশ-তত্ত্ব পুরুষাবতার ভগবান্ ও তাঁহা হইতে জীব-প্রাকট্য বর্ণন করিতেছেন,—

দৈবাৎ (কালাৎ) ক্ষুভিতধর্ম্মিণ্যাং (ক্ষুভিতাঃ ধর্ম্মাঃ গুণাঃ যস্যাং তস্যাং) [স্বকীয়ায়াং] যোনৌ (অভিব্যক্তিস্থানে প্রকৃতৌ) পরঃ পুমান্ (পরমপুরুষঃ ভগবান্ কারণার্ণবশায়ী) বীর্য্যং (জীবশক্তিম্) আধত্ত (আহিতবান্) ; সা (প্রকৃতিঃ) হিরণ্ময়ং (প্রকাশবহুলং) মহত্তত্ত্বম্ অসূত।

২৭৫। মহাত্মা বিদুর শ্রীমৈত্রেয় ঋষির নিকট শ্রীহরির পুরুষাবতার-লীলা-কথা জিজ্ঞাসা করায় পুরুষাবতারের মায়া-দ্বারা-বিশ্বসৃষ্টি-বর্ণনপূর্ব্বক তাহা হইতে জীবসর্গোদ্ভব বর্ণন করিতেছেন,—

বীর্য্যবান্ (চিচ্ছক্তিমান্) অধোক্ষজঃ (অতীন্দ্রিয়ঃ মহাবৈকুণ্ঠ-

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৪। সেই শ্রেষ্ঠপুরুষ দৈবাৎ ক্ষুভিত-ধর্ম্মিণী স্বীয় মায়ায় নিজবীর্য্য আধান করিয়াছিলেন, তাহাতে মায়া হিরণ্ময় মহত্তত্ত্বকে প্রসব করেন।

২৭৫। কালবৃত্তিদ্বারা গুণময়ী (ক্ষুভিতা) মায়ায় বীর্য্যবান্ (চিচ্ছক্তিমান্) অধোক্ষজ (মহাবৈকুণ্ঠনাথ) আত্মাংশস্বরূপ পুরুষ অর্থাৎ প্রকৃত্যধিষ্ঠাতা আদি-পুরুষদ্বারা বীর্য্য (চিৎপরমাণুপুঞ্জ জীবশক্তি) আধান করিয়াছিলেন।

ব্রহ্মাণ্ডের উপাদান-চয়—মহত্তত্ত্ব হইতে 'অহঙ্কারত্রয়' ঃ—

তবে মহত্তত্ত্ব হৈতে ত্রিবিধ অহঙ্কার ।
যাহা হৈতে দেবতেন্দ্রিয়ভূতের প্রচার ॥ ২৭৬ ॥

২৮টী তত্ত্বযুক্ত অনন্তব্রহ্মাণ্ড-সৃষ্টি ঃ—

সর্ব্বতত্ত্ব মিলি' সৃজিল ব্রহ্মাণ্ডের গণ ।
অনন্ত ব্রহ্মাণ্ড, তার নাহিক গণন ॥ ২৭৭ ॥

ইনিই মহত্তত্ত্ব-স্রষ্টা মহাবিষ্ণু ; ইঁহার লোমকূপেই অনন্ত চিৎপরমাণু-জীব ঃ—

ইঁহো মহৎস্রষ্টা পুরুষ—'মহাবিষ্ণু' নাম ।
অনন্ত ব্রহ্মাণ্ড তাঁর লোমকূপে ধাম ॥ ২৭৮ ॥

তাঁহার নিশ্বাসে ব্রহ্মাণ্ডের 'সৃষ্টি', প্রশ্বাসে 'প্রলয়' ঃ—

গবাক্ষে উড়িয়া যৈছে রেণু আসে যায় ।
পুরুষ-নিশ্বাস-সহ ব্রহ্মাণ্ড বাহিরায় ॥ ২৭৯ ॥
পুনরপি নিশ্বাস-সহ যায় অভ্যন্তর ।
অনন্ত ঐশ্বর্য্য তাঁর, সব—মায়া-পার ॥ ২৮০ ॥

ব্রহ্মসংহিতায় (৫।৪৮)—

যস্যৈক-নিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ ।
বিষ্ণুর্ম্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ২৮১ ॥

সমগ্র জীবশক্তি ও প্রকৃতির কারণরূপে তিনিই অনন্তকোটি ধামের মূলকর্ত্তা ঃ—

সমস্ত ব্রহ্মাণ্ডগণের ইঁহো অন্তর্যামী ।
কারণাব্ধিশায়ী—সব জগতের স্বামী ॥ ২৮২ ॥

(২) প্রদ্যুম্নরূপী দ্বিতীয়-পুরুষাবতার গর্ভোদশায়ীর বর্ণন ঃ—

এইত কহিলুঁ প্রথম পুরুষের তত্ত্ব ।
দ্বিতীয় পুরুষের এবে শুনহ মহত্ত্ব ॥ ২৮৩ ॥

কারণোদশায়ীই ব্রহ্মাণ্ড-সংস্থিত গর্ভোদশায়ী ঃ—

সেই পুরুষ অনন্তকোটি ব্রহ্মাণ্ড সৃজিয়া ।
একৈক-মূর্ত্ত্যে প্রবেশিলা বহুমূর্ত্তি হঞা ॥ ২৮৪ ॥
প্রবেশ করিয়া দেখে সব—অন্ধকার ।
রহিতে নাহিক স্থান, করিলা বিচার ॥ ২৮৫ ॥

গর্ভবারি প্রাকট্য, তথায় বৈকুণ্ঠে শেষশয্যায় শয়ন ঃ—

নিজাঙ্গ-স্বেদজলে ব্রহ্মাণ্ডার্দ্ধ ভরিল ।
সেই জলে শেষশয্যায় শয়ন করিল ॥ ২৮৬ ॥

চতুর্ম্মুখান্তর্যামী গর্ভোদশায়ী হইতেই গুণাবতারের প্রাকট্য,—
(ক) জগৎস্রষ্টা ব্রহ্মার উৎপত্তি ঃ—

তাঁর নাভিপদ্ম হৈতে উঠিল এক পদ্ম ।
সেই পদ্মে হইল ব্রহ্মার জন্ম-সদ্ম ॥ ২৮৭ ॥
সেই পদ্মনালে হইল চৌদ্দভুবন ।
তেঁহো 'ব্রহ্মা' হঞা সৃষ্টি করিলা সৃজন ॥ ২৮৮ ॥

(খ) জগৎপালক বিষ্ণু-প্রাকট্য ; তিনি সত্ত্বাধিষ্ঠাতৃদেব হইয়াও স্বয়ং গুণমায়াতীত ঃ—

'বিষ্ণু'-রূপ হঞা করে জগৎ পালনে ।
গুণাতীত বিষ্ণু—স্পর্শ নাহি মায়া-সনে ॥ ২৮৯ ॥

(গ) জগৎসংহারক রুদ্রের উৎপত্তি ঃ—

'রুদ্র'-রূপ ধরি' করে জগৎ সংহার ।
সৃষ্টি, স্থিতি, প্রলয় হয় ইচ্ছায় যাঁহার ॥ ২৯০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৬। ত্রিবিধ অহঙ্কার—বৈকারিক, তৈজস ও তামস।

অনুভাষ্য

নাথঃ ভগবান্) আত্মভূতেন (স্বাংশেন) পুরুষেণ (প্রকৃত্যধিষ্ঠাতৃ-রূপেণ কারণাব্ধিশায়িনা) কালবৃত্ত্যা (নিমিত্তভূতয়া কালশক্ত্যা) গুণময্যাং (ক্ষুভিতগুণায়াং) মায়ায়াং বীর্য্যং (চিদাভাস-জীবাখ্য-শক্তিম্) আধত্ত (আদধৌ)।

২৭৬। চিত্তরূপে মহত্তত্ত্বের অবস্থান, যাহার অধিষ্ঠাতৃদেব — বাসুদেব (ভাঃ ৩।২৬।২১) ; মহত্তত্ত্বের বিকার হইতে (১) বৈকারিক, অর্থাৎ সাত্ত্বিক অহঙ্কার, তাহা হইতে একাদশ ইন্দ্রিয় বা মন, যাহার অধিষ্ঠাতৃদেব—অনিরুদ্ধ (ভাঃ ৩।২৬।২৭-২৮); (২) তৈজস অর্থাৎ রাজস অহঙ্কার হইতে 'বুদ্ধি' (যাহার অধিষ্ঠাতৃদেব—প্রদ্যুম্ন) এবং ইন্দ্রিয়গণ (ভাঃ ৩।২৬।৩০-৩১); (৩) তামস অহঙ্কার হইতে শব্দ-তন্মাত্র এবং তাহা হইতে আকাশ ও শ্রোত্রেন্দ্রিয়াদির উৎপত্তি (ভাঃ ৩।২৬।৩২) ; এই অহঙ্কার-ত্রয়ের অধিষ্ঠাতৃদেব—সঙ্কর্ষণ (ভাঃ ৩।২৬।২৫)। সাংখ্যকারি-কায়—"সাত্ত্বিক একাদশকঃ প্রবর্ত্ততে বৈকৃতাদহঙ্কারাৎ—ভূতা-দেস্তন্মাত্রং স তামসস্তৈজসাদুভয়ম্।" *

২৭৮। মহত্তত্ত্বের সৃষ্টিকর্ত্তা আদিপুরুষাবতারের নাম 'মহাবিষ্ণু'। মহাবিষ্ণুর লোমকূপে অনন্ত ব্রহ্মাণ্ড আশ্রিত।

২৮১। আদি, ৫ম পঃ ৭১ সংখ্যা দ্রষ্টব্য।

২৮৭। সদ্ম—গৃহ, নিকেতন আবাস।

২৮৯। ব্রহ্মা ও শিবের ন্যায় বিষ্ণুকে বিষ্ণুমায়া আবরণ করিতে পারে না ; বিষ্ণু—গুণাতীত বস্তু, তজ্জন্য মায়িক গুণ তাঁহাকে স্পর্শ করিতে সমর্থ নহে। গুণাবতার ব্রহ্মা ও শিব—

** সাংখ্যকারিকায়—"বৈকারিক অহঙ্কার হইতে সাত্ত্বিক অহঙ্কার-রূপ একাদশটী ইন্দ্রিয় প্রকাশিত হয় ; তৈজস অহঙ্কার হইতে ভূতাদির তন্মাত্র ও সেই তামস অহঙ্কার উভয় প্রকাশিত হয়।*

তিনটী গুণাবতারে ত্রিবিধ অধিকার-ভার ন্যস্ত ঃ—

ব্রহ্মা, বিষ্ণু, শিব—তাঁর গুণ-অবতার ।
সৃষ্টি-স্থিতি-প্রলয়ের তিনের অধিকার ॥ ২৯১ ॥

হিরণ্যগর্ভ বা সমষ্টিজীবের অন্তর্যামী এই গর্ভোদশায়ীই ঋক্‌সূক্তের স্তবনীয় ঃ—

হিরণ্যগর্ভ-অন্তর্যামী—গর্ভোদকশায়ী ।
'সহস্রশীর্ষাদি' করি' বেদে যাঁরে গাই ॥ ২৯২ ॥

তিনিও স্বয়ং মায়াধীশ তত্ত্ব ঃ—

এই ত' দ্বিতীয়-পুরুষ—ব্রহ্মাণ্ডের ঈশ্বর ।
মায়ার 'আশ্রয়' হয়, তবু মায়া-পার ॥ ২৯৩ ॥

(৩) অনিরুদ্ধরূপী তৃতীয়-পুরুষাবতার ক্ষীরোদশায়ী বা গুণাবতার বিষ্ণু ঃ—

তৃতীয়-পুরুষ বিষ্ণু—'গুণ-অবতার' ।
দুই অবতার-ভিতর গণনা তাঁহার ॥ ২৯৪ ॥

তিনিই সর্ব্বভূতস্থ অর্থাৎ বিরাট্‌ বা ব্যষ্টিজীবের অন্তর্যামী ও পালক ঃ—

বিরাট্‌ ব্যষ্টি-জীবের তেঁহো অন্তর্যামী ।
ক্ষীরোদকশায়ী, তেঁহো—পালনকর্ত্তা, স্বামী ॥ ২৯৫ ॥

(খ) লীলাবতার-বর্ণন ঃ—

পুরুষাবতারের এই কৈলুঁ নিরূপণ ।
লীলাবতার এবে শুন, সনাতন ॥ ২৯৬ ॥

অসংখ্য লীলাবতারের মধ্যে ২৫ মূর্ত্তিই মুখ্য ঃ—

লীলাবতার কৃষ্ণের না যায় গণন ।
প্রধান করিয়া কহি দিগ্‌দরশন ॥ ২৯৭ ॥
মৎস্য, কূর্ম্ম, রঘুনাথ, নৃসিংহ, বামন ।
বরাহাদি—লেখা যাঁর না যায় গণন ॥ ২৯৮ ॥

শাস্ত্রপ্রমাণ ঃ

শ্রীমদ্ভাগবতে (১০।২।৪০)—

মৎস্যাশ্ব-কচ্ছপ-নৃসিংহ-বরাহ-হংস-
রাজন্যবিপ্রবিবুধেষু কৃতাবতারঃ ।
ত্বং পাসি নস্ত্রিভুবনঞ্চ তথাধুনেশ
ভারং ভুবো হর যদূত্তম বন্দনং তে ॥ ২৯৯ ॥

(গ) গুণাবতারত্রয়-বর্ণন ঃ—

লীলাবতারের কৈলুঁ দিগ্‌দরশন ।
গুণাবতারের এবে শুন বিবরণ ॥ ৩০০ ॥

তিনজন—তিনটী কার্য্যের কর্ত্তা ঃ—

ব্রহ্মা, বিষ্ণু, শিব,—তিন গুণ-অবতার ।
ত্রিগুণ অঙ্গীকরি' করে সৃষ্ট্যাদি-ব্যবহার ॥ ৩০১ ॥

(১) রজোগুণে ব্রহ্মা,—কখনও মহত্তম জীবের বৈরাজব্রহ্মত্ব, কখনও তদভাবে গর্ভোদশায়ীরই হিরণ্যগর্ভ-ব্রহ্মত্ব ঃ—

ভক্তিমিশ্রকৃতপুণ্যে কোন জীবোত্তম ।
রজোগুণে বিভাবিত করি' তাঁর মন ॥ ৩০২ ॥
গর্ভোদকশায়ীদ্বারা শক্তি সঞ্চারি' ।
ব্যষ্টি সৃষ্টি করে কৃষ্ণ ব্রহ্মা-রূপ ধরি' ॥ ৩০৩ ॥

অনুভাষ্য

২৯৯। মৎস্য, অশ্বগ্রীব, কচ্ছপ, নৃসিংহ, বরাহ, হংস, দাশরথি, পরশুরাম, বামন ইত্যাদিরূপে বিবিধ অবতার হইয়া আমাদিগকে এবং ত্রিভুবনকে তুমি প্রতিপালন করিয়া থাক ; হে যদূত্তম, তোমাকে বন্দনা করি, হে ঈশ্বর, এই পৃথিবীর ভার এখন গ্রহণ কর।

অনুভাষ্য

মায়ার অধীন, কিন্তু বিষ্ণু তাদৃশ নহেন ; যেহেতু, "মায়াধীশ-মায়াবশ ঈশ্বরে-জীবে ভেদ।"

২৯২। "সহস্রশীর্ষ পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ" ইত্যাদি ঋক্‌সূক্ত।

২৯৯। কংস-কারাগারস্থিতা দেবকীর গর্ভগত ভগবান্‌ শ্রীকৃষ্ণকে দেবগণের সহিত ব্রহ্মা অসুর-নিধনের জন্য স্তব করিতেছেন,—

হে ঈশ, ত্বং মৎস্যাশ্বকচ্ছপবরাহনৃসিংহ-হংসরাজন্য-বিপ্রবিবুধেষু (মৎস্য-হয়গ্রীব-কূর্ম্ম-বরাহ-নৃসিংহ-হংস-দাশরথি-পরশুরাম-বামনাদিষু) [কলারূপেণ] কৃতাবতারঃ সন্‌ (রূপাণি প্রকাশ্য অবতারান্‌ প্রকটয়ন্‌, অবতীর্ণঃ সন্‌) নঃ (অস্মান্‌ দেবান্‌) ত্রিভুবনং (ভূর্ভুবঃস্বরিতি স্বর্গমর্ত্ত্যপাতালান্‌ বা লোকত্রয়ান্‌) চ (অন্যদা যথা) পাসি (রক্ষয়সি), তথা অধুনা [অপি] ভুবঃ (পৃথিব্যাঃ) ভারম্‌ (অধর্ম্মং) হর (নাশয়, অস্মান্‌ পাহীত্যর্থঃ) ; (অতঃ) হে যদূত্তম, (যদুকুলশ্রেষ্ঠ,) তে (তুভ্যং) বন্দনং [কূর্ম্মঃ ইতি বয়ং সর্ব্বে ত্বাং শিরোভিঃ প্রণমামঃ]।

৩০১। ত্রিগুণ অঙ্গীকরি',—রজঃ, সত্ত্ব ও তমোগুণত্রয় অঙ্গীকার করিয়া অর্থাৎ স্বীকারপূর্ব্বক জগতের সৃষ্টি, স্থিতি ও

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০১-৩০৩। সেই গর্ভোদকশায়ী পুরুষাবতার বিষ্ণু—সত্ত্ব, রজঃ ও তমোগুণ আশ্রয় করিয়া বিষ্ণু, ব্রহ্মা ও শিব—এই তিনটী গুণাবতার প্রকাশ করেন ; তন্মধ্যে কোন জীবোত্তমকে ভক্তিমিশ্র-পুণ্যক্রমে রজোগুণে বিভাবিত করিয়া, তাঁহাতে নিজশক্তি সঞ্চার করত 'ব্রহ্মারূপে' ব্যষ্টি-সৃষ্টি করেন।

ব্রহ্মসংহিতায় (৫।৪৯)—

ভাস্বান্ যথাশ্মসকলেষু নিজেষু তেজঃ
স্বীয়ং কিয়ৎ প্রকটয়ত্যপি তদ্বদত্র।
ব্রহ্মা য এষ জগদণ্ডবিধানকর্ত্তা
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৩০৪ ॥

কোন কল্পে যদি যোগ্য জীব নাহি পায়।
আপনে ঈশ্বর তবে অংশে 'ব্রহ্মা' হয় ॥ ৩০৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৬৮।৩৭)—

যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজোঽখিললোকপালৈ-
র্মৌল্যুত্তমৈর্ধৃতমুপাসিত-তীর্থতীর্থম্।
ব্রহ্মা ভবোঽহমপি যস্য কলাঃ কলায়াঃ
শ্রীশ্চোদ্বহেম চিরমস্য নৃপাসনং ক্ব ॥ ৩০৬ ॥

(২) তমোগুণে রুদ্র ; মায়াসঙ্গিরূপে গর্ভোদশায়ীরই রুদ্রত্ব ঃ—

নিজাংশ-কলায় কৃষ্ণ তমো-গুণ অঙ্গীকারে।
সংহারার্থে মায়া-সঙ্গে রুদ্র-রূপ ধরে ॥ ৩০৭ ॥

কৃষ্ণের স্বাংশরূপে বস্তুতঃ অভিন্নাংশ ঈশ্বর-কোটি হইয়াও রুদ্র—মায়াসঙ্গবিকারে জগৎসংহারকরূপে বিভিন্নাংশ জীব ঃ—

মায়াসঙ্গ-বিকারে রুদ্র—ভিন্নাভিন্ন রূপ।
জীবতত্ত্ব হয়, নহে কৃষ্ণের 'স্বরূপ' ॥ ৩০৮ ॥

রুদ্রের ভেদাভেদপ্রকাশত্বের উপমা—দুগ্ধ ও দধির দৃষ্টান্ত ঃ—

দুগ্ধ যেন অম্লযোগে দধিরূপ ধরে।
দুগ্ধান্তর বস্তু নহে, দুগ্ধ হৈতে নারে ॥ ৩০৯ ॥

ব্রহ্মসংহিতায় (৫।৪৫)—

ক্ষীরং যথা দধি বিকারবিশেষযোগাৎ
সংজায়তে ন তু ততঃ পৃথগস্তি হেতোঃ।
যঃ শম্ভুতামপি তথা সমুপৈতি কার্য্যাদ্-
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৩১০ ॥

রুদ্র ও বিষ্ণুর পার্থক্য ঃ—

'শিব'—মায়াশক্তিসঙ্গী, তমোগুণাবেশ।
মায়াতীত, গুণাতীত 'বিষ্ণু'—পরমেশ ॥ ৩১১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০৪। সূর্য্য যেরূপ পৃথক্ পৃথক্ প্রস্তরে নিজ তেজকে কিয়ৎপরিমাণে প্রকট করেন, সেইরূপ যে আদিপুরুষ গোবিন্দ কোন জীবে স্বীয় শক্তি আধানপূর্ব্বক 'ব্রহ্মা' হইয়া জগদণ্ড বিধান করেন, তাঁহাকে আমি ভজনা করি।

৩০৭-৩০৮। নিজ অংশ-কলায় তমোগুণ অঙ্গীকার করত সংহারের উদ্দেশ্যে মায়াসঙ্গে 'রুদ্র'রূপ ধারণ করেন। মায়াসঙ্গ-বিকারে রুদ্র—ভেদাভেদপ্রকাশরূপ তত্ত্ব ; সুতরাং তিনি জীবতত্ত্ব-মধ্যে পরিগণিত হন, কৃষ্ণের 'স্বরূপ' হন না।

৩১০। বিকারবিশেষ-যোগে ক্ষীর (দুগ্ধ) যেরূপ দধি হইয়া জাত হয়, বিকার ব্যতীত তাহাতে আর কোন হেতু নাই, সেইরূপ যে আদিপুরুষ গোবিন্দ কার্য্যক্রমে শম্ভুতা গ্রহণ করেন, তাঁহাকে আমি ভজন করি।

অনুভাষ্য

প্রলয়াদি ব্যবহারোদ্দেশে ব্রহ্মা, বিষ্ণু ও শিব,—এই তিন গুণাবতার।

৩০৪। যথা ভাস্বান্ (সূর্য্যঃ) নিজেষু (নিত্য-স্বীয়ত্বেন বিখ্যাতেষু) অশ্মসকলেষু অপি (সূর্য্যকান্তাখ্যেষু) স্বীয়ং কিয়-ত্তেজঃ (কিঞ্চিৎ প্রভাবং) প্রকটয়তি, তদ্বৎ যঃ এষঃ পুরুষঃ (গর্ভোদশায়ী) অত্র (ব্রহ্মাণ্ডে) ব্রহ্মা (সন্) জগদণ্ডবিধানকর্ত্তা (ব্রহ্মাণ্ডস্য ব্যষ্টিসৃষ্টিকর্ত্তা,) তং আদিপুরুষং গোবিন্দম্ অহং ভজামি।

৩০৫। কল্প—ব্রহ্মায়ুকাল, ব্রহ্মার শতবর্ষ-স্থিতিকাল। ব্রহ্মার একদিবসে অর্থাৎ সহস্রচতুর্যুগে ৪৩২০০০০০০০ সৌরবর্ষে মানবের 'কল্প' অর্থাৎ ব্রহ্মদিন। তাদৃশ ৩৬০ দিনে ব্রহ্মাবর্ষ, তাদৃশ শতবর্ষই ব্রহ্মার আয়ুষ্কাল।

৩০৬। আদি, ৫ম পঃ ১৪১ সংখ্যা দ্রষ্টব্য।

৩০৭। কৃষ্ণ নিজ সঙ্কর্ষণরূপের অংশ কারণার্ণবশায়ীর কলা গর্ভোদকশায়ী মহাবিষ্ণু হইয়া তমোগুণ গ্রহণ করিয়া জগৎ-সংহারের জন্য গুণাবতার রুদ্ররূপ ধারণ করেন। বিষ্ণুতে সত্ত্বগুণাধিষ্ঠান স্বীকৃত হইলেও তাঁহার মায়াধীনতা সম্ভবপর নহে। যেখানে বিষ্ণুত্বের অভাব, সেইখানে শিবত্ব বা ব্রহ্মত্ব ; তাহাতে মায়ার সংযোগ আছে। শিবত্ব ও ব্রহ্মত্ব—বিষ্ণুমায়ার অভিভাব্য।

৩০৮-৩০৯। রুদ্র—বিষ্ণুর সহিত ভেদাভেদতত্ত্ব ; মায়ার সঙ্গে বিকার লাভ করায় বিষ্ণুর সহিত 'ভিন্ন' এবং স্বয়ং বস্তুতঃ বিষ্ণুর সহিত অভিন্ন। বিষ্ণু—বিষ্ণুর সহ কখনও ভিন্ন নহেন, কিন্তু মায়াবশে শিব ও ব্রহ্মাদি—বিষ্ণু হইতে ভিন্ন। বিষ্ণু কখনই বিকারী নহেন। যেখানে ঈশ্বরত্বে মায়িক বিকার লক্ষিত হয়, তাহা বিষ্ণু হইতে ভিন্নরূপ—গুণাবতার-সংজ্ঞক শিব বা ব্রহ্মা। সুতরাং রুদ্র—বিকারবিশিষ্ট ভেদাভেদপ্রকাশ জীবতত্ত্ব, স্বরূপতঃ কৃষ্ণস্বরূপ বিষ্ণুতত্ত্ব নহেন, পরন্তু বৈষ্ণবতত্ত্ব। ঈশ্বররূপ দুগ্ধ মায়ারূপ অম্লযোগে দুগ্ধাবস্থা হইতে দুগ্ধবিকার দধিরূপে অন্তরিত হওয়ায়, ঐ দধি দুগ্ধ হইতে জাত হইলেও কখনই দুগ্ধ বলিয়া পরিচয় প্রদান করিতে সমর্থ হয় না।

৩১০। ক্ষীরং (দুগ্ধং) যথা বিকারবিশেষযোগাৎ (অম্ল-

ব্যবহারতঃ রুদ্র সর্ব্বদা গুণমায়া-মিলিত ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮৮।৩, ৫)—

শিবঃ শক্তিযুক্তঃ শশ্বৎ ত্রিলিঙ্গো গুণসংবৃতঃ ।
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিধা ॥ ৩১২ ॥

বিষ্ণুর গুণ-মায়াতীতত্ব ও অধোক্ষজত্ব ঃ—

হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ ।
স সর্ব্বদৃগুপদ্রষ্টা তং ভজন্নির্গুণো ভবেৎ ॥ ৩১৩ ॥

(৩) সত্ত্বগুণে বিষ্ণু গর্ভোদশায়ীরই বিলাস, কৃষ্ণের কলা ঃ—

পালনার্থ স্বাংশ বিষ্ণুরূপে অবতার ।
সত্ত্বগুণ দৃষ্টান্ত, তাতে গুণমায়া-পার ॥ ৩১৪ ॥
স্বরূপ—ঐশ্বর্য্যপূর্ণ, কৃষ্ণসম প্রায় ।
কৃষ্ণ অংশী, তেঁহো অংশ, বেদে হেন গায় ॥ ৩১৫ ॥

দীপের দৃষ্টান্ত ঃ—

ব্রহ্মসংহিতায় (৫।৪৬)—

দীপার্চ্চিরেব হি দশান্তরমভ্যুপেত্য
দীপায়তে বিবৃতহেতুসমানধর্ম্মা ।
যস্তাদৃগেব হি চ বিষ্ণুতয়া বিভাতি
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৩১৬ ॥

ব্রহ্মা ও শিব—বশ্য-তত্ত্ব ও কৃষ্ণ হইতে ভিন্নাকৃতি ; বিষ্ণু—ঈশ-তত্ত্ব ও কৃষ্ণের সমাকৃতি ঃ—

ব্রহ্মা, শিব—আজ্ঞাকারী ভক্ত-অবতার ।
পালনার্থে বিষ্ণু—কৃষ্ণের স্বরূপ-আকার ॥ ৩১৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১২। বৈকারিক, তৈজস ও তামস,—এই তিনপ্রকার অহঙ্কারদ্বারা সংবৃত এবং সর্ব্বদা মায়াশক্তিযুক্ত তত্ত্বই 'শিব'।

৩১৩। শ্রীহরি—প্রকৃতির অতীত সাক্ষাৎ নির্গুণ পুরুষ ; তিনি সর্ব্বদৃক্ এবং সকলের উপদ্রষ্টা ; তাঁহাকে ভজন করিলে, জীব নির্গুণ হয়।

৩১৪-৩১৫। ব্রহ্মা শক্ত্যাবেশ হইয়াও গুণাবতার। রুদ্র ভেদাভেদ হইয়াও গুণাবতার। কিন্তু বিষ্ণু স্বাংশরূপে গুণাবতার হইলেও তাঁহার শুদ্ধসত্ত্বগুণদর্শনে তাঁহাকে মায়াগুণের অতীত বলিতে হইবে। বিষ্ণু—অংশ, কৃষ্ণ—তাঁহার অংশী ; অতএব কৃষ্ণের ন্যায় বিষ্ণু—স্বরূপৈশ্বর্য্যপূর্ণ।

৩১৬। দীপরশ্মি যেরূপ ভিন্নাধারে পৃথক্ দীপের ন্যায় কার্য্য করে অর্থাৎ পূর্ব্বদীপের ন্যায় সমানধর্ম্মা, তদ্রূপ যে আদি-পুরুষ গোবিন্দ 'বিষ্ণু' হইয়া প্রকাশ পাইতেছেন, তাঁহাকে আমি ভজন করি।

অনুভাষ্য

সংযোগেন) দধি সংজায়তে (দধিরূপেণ পরিণমতে), ততঃ হেতোঃ (ক্ষীরাৎ অপি তু) ন পৃথক্ (ভিন্নম্) অস্তি ; তথা কার্য্যাৎ (প্রাকৃত-বিশ্বসংহারার্থং গুণমায়াসঙ্গজ-বিকারাৎ) যঃ পুরুষঃ (গর্ভোদকশায়ী বিষ্ণুঃ) শম্ভুতাং (রুদ্রত্বম্) অপি সমুপৈতি (গৃহ্নাতি) তম্ আদিপুরুষং গোবিন্দম্ অহং ভজে।

৩১১। ভগবান্ বিষ্ণু—ত্রিগুণাতীত ও স্বীয় মায়ার অনভি-ভাব্য স্বতন্ত্র পরমেশ্বর বস্তু। শিব স্বরূপতঃ ভাগবত হইয়াও ত্রিগুণের অন্যতম তমো-গুণাধীশ হইয়া মায়াসম্বন্ধযুক্ত এবং মায়াশক্তির সঙ্গবলে তৎসংশ্লিষ্ট। ভগবান্ বিষ্ণুতে মায়ার অস্তিত্ব নাই ; মায়ার অস্তিত্বানুভূতিতেই শিবের সত্তা, সুতরাং রুদ্র বিষ্ণুতত্ত্ব না হইয়া মায়ার সংপৃক্ত তত্ত্ববিশেষ। নিজের ভাগবত-সত্তানুভূতিতে শিবের মায়াপতিত্ব বা মায়াভোক্তৃত্ব-বুদ্ধি বিগত হইলেই তাঁহার হরিজনত্ব প্রকটিত।

৩১২। রুদ্র ও বিষ্ণুর উপাসকগণের বিরুদ্ধগতি-বিষয়ে জিজ্ঞাসা করায় পরীক্ষিতের প্রতি শ্রীশুকদেবের নিম্নলিখিত উক্তিদ্বয়—

শিবঃ শশ্বৎ (নিত্যং) শক্তিযুতঃ (স্বেচ্ছা-গৃহীতয়া গুণ-সাম্যাবস্থয়া মায়াশক্ত্যা সমন্বিতঃ) বৈকারিকঃ (সাত্ত্বিকঃ) তৈজসঃ (রাজসঃ) তামসঃ চ ইতি অহং (অহঙ্কার-তত্ত্বং)—ত্রিধা (অন্যো-হন্যোপমর্দ্দেন তমসস্ত্রৈবিধ্যাৎ) ত্রিলিঙ্গঃ (গুণত্রয়োপাধিবিশিষ্টঃ) গুণসংবৃতঃ (প্রকটৈশ্চ সদ্ভিঃ তৈঃ গুণৈঃ দূরতঃ সংবৃতঃ তদধিষ্ঠাতা)।

৩১৩। হরিঃ হি (খলু) প্রকৃতে পরঃ (ন তু ব্রহ্মশিবাদিবৎ প্রাকৃতগুণমিশ্রঃ, অধোক্ষজত্বাৎ) সাক্ষাৎ (অনাবৃতঃ) নির্গুণঃ (সঙ্কল্পেনৈব সত্ত্বস্য প্রবর্ত্তনাৎ) পুরুষঃ (পুরুষোত্তমঃ) ; সঃ (হরিঃ) সর্ব্বদৃক্ (সর্ব্বেষাং ব্রহ্মশিবাদীনাং দৃক্ মোক্ষহেতুর্জ্ঞানং যস্মাৎ সঃ, সর্ব্বং পশ্যতীতি বা, অতঃ) উপদ্রষ্টা (সন্নিধৌ মুক্তান্ পশ্যতি, মুক্তগম্যঃ, আদিসাক্ষী বা অতঃ) তং (হরিং) ভজন্ নির্গুণো (স্বরূপস্থঃ) ভবেৎ।

৩১৬। [যতঃ] হি দীপার্চ্চিঃ (প্রদীপশিখা) এব দশান্তরং (মহাদীপাৎ ক্রমপরম্পরয়া অন্যদীপম্) অভ্যুপেত্য বিবৃত-হেতুসমানধর্ম্মা (প্রাকট্য-কারণ-মূলদীপেন সহ সমধর্ম্মযুক্তঃ অর্থাৎ জ্যোতীরূপত্বাংশে যথা তেন সহ সমঃ) দীপায়তে (ভাতি), তাদৃক্ এব যঃ পুরুষঃ হি বিষ্ণুতয়া (গর্ভোদশায়িনঃ বিলাসরূপ-ক্ষীরোদশায়িত্বেন) চ বিভাতি (দীব্যতি) তম্ আদিপুরুষং গোবিন্দম্ অহং ভজামি।

শ্রীমদ্ভাগবতে (২।৬।৩২)—

সৃজামি তন্নিযুক্তোঽহং হরো হরতি তদ্বশঃ ।
বিশ্বং পুরুষরূপেণ পরিপাতি ত্রিশক্তিধৃক্ ॥ ৩১৮ ॥

(ঘ) মন্বন্তরাবতার বর্ণন ঃ—

মন্বন্তরাবতার এবে, শুন সনাতন ।
অসংখ্য গণন তাঁর, শুনহ কারণ ॥ ৩১৯ ॥

মন্বন্তরাবতারের কাল ঃ—

ব্রহ্মার একদিনে হয় চৌদ্দ মন্বন্তর ।
এ চৌদ্দ অবতার তাঁহা করেন ঈশ্বর ॥ ৩২০ ॥

সংখ্যা-নির্দ্দেশ ঃ—

চৌদ্দ এক দিনে, মাসে চারিশত বিশ ।
ব্রহ্মার বৎসরে পঞ্চসহস্র চল্লিশ ॥ ৩২১ ॥
শতেক বৎসর হয় 'জীবন' ব্রহ্মার ।
পঞ্চলক্ষ চারিসহস্র মন্বন্তরাবতার ॥ ৩২২ ॥

কারণাব্ধিশায়ীর নিশ্বাস-ত্যাগ হইতে প্রশ্বাস-গ্রহণ-কাল পর্য্যন্ত ব্রহ্মার আয়ুঃ ঃ—

অনন্ত ব্রহ্মাণ্ডে ঐছে করহ গণন ।
মহাবিষ্ণু একশ্বাসে ব্রহ্মার জীবন ॥ ৩২৩ ॥
মহাবিষ্ণুর নিশ্বাসের নাহিক পর্য্যন্ত ।
এক মন্বন্তরাবতারের দেখ লেখা অন্ত ॥ ৩২৪ ॥

চৌদ্দ মন্বন্তরাবতারের নাম ঃ—

স্বায়ম্ভুবে 'যজ্ঞ', স্বারোচিষে 'বিভু' নাম ।
উত্তমে 'সত্যসেন', তামসে 'হরি' অভিধান ॥ ৩২৫ ॥
রৈবতে 'বৈকুণ্ঠ', চাক্ষুষে 'অজিত', বৈবস্বতে 'বামন' ।
সাবর্ণ্যে 'সার্ব্বভৌম', দক্ষসাবর্ণ্যে 'ঋষভ' গণন ॥৩২৬॥
ব্রহ্মসাবর্ণ্যে 'বিষ্বক্সেন', 'ধর্ম্মসেতু' ধর্ম্মসাবর্ণ্যে ।
রুদ্রসাবর্ণ্যে 'সুধামা', 'যোগেশ্বর' দেবসাবর্ণ্যে ॥৩২৭॥
ইন্দ্রসাবর্ণ্যে 'বৃহদ্ভানু' অভিধান ।
এক চৌদ্দ মন্বন্তরে চৌদ্দ 'অবতার' নাম ॥ ৩২৮ ॥

(ঙ) যুগাবতার-বর্ণন ঃ—

যুগাবতার এবে শুন, সনাতন ।
সত্য-ত্রেতা-দ্বাপর-কলি-যুগের গণন ॥ ৩২৯ ॥

চারিযুগে চারিবর্ণ অবতার ঃ—

শুক্ল-রক্ত-কৃষ্ণ-পীত-ক্রমে চারি বর্ণ ।
চারিবর্ণ ধরি' কৃষ্ণ করেন যুগধর্ম্ম ॥ ৩৩০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১৮। ব্রহ্মা কহিলেন,—হরির নিয়োগমতেই আমি সৃষ্টি করি, তাঁহার আজ্ঞামতেই শিব নাশ করেন, ত্রিশক্তিধৃক্ সেই হরিই পুরুষরূপে বিশ্বকে পালন করেন।

৩২০। মন্বন্তরাবতার—ব্রহ্মার একদিনে ১৪ মন্বন্তর, তাহাতে ১৪ অবতার। ব্রহ্মার এক মাসে ৪২০ এবং একবৎসরে (৩৬০ দিনে) ৫০৪০ অবতার ; ব্রহ্মার জীবনে ৫০৪০০০ মন্বন্তরাবতার।

অনুভাষ্য

৩১৭। পালনশক্তিধৃক্ বিষ্ণু কৃষ্ণেতর বস্তু নহেন ; তিনি —কৃষ্ণস্বরূপই বটেন, পরন্তু ব্রহ্মা বা শিব—তাঁহার আজ্ঞাকারী ভক্তাবতার ভৃত্য।

৩১৮। দেবর্ষি নারদ স্বীয় গুরু ব্রহ্মার নিকট হইতে তাঁহারও আরাধ্য সর্ব্বশ্রেষ্ঠ-তত্ত্ব পরমাত্মা শ্রীহরির সম্বন্ধে জানিতে ইচ্ছা করায়, ব্রহ্মা তাঁহার নিকট ভগবানের বিশ্বরূপ-বর্ণনানন্তর অদ্বয়জ্ঞান বিষ্ণুর পরমেশ্বরত্ব কীর্ত্তন করিতেছেন,—

অহং (ব্রহ্মা) তন্নিযুক্তঃ (তেন প্রয়োজিতঃ সন্ তস্য হরেঃ অনুজ্ঞয়া বিশ্বং) সৃজামি ; হরঃ (শিবঃ) তদ্বশঃ (তন্নিযুক্তঃ সন্ তস্য হরেরনুজ্ঞয়া বিশ্বং) হরতি (বিনাশয়তি) ; ত্রিশক্তিধৃক্ (ত্রিশক্তিঃ ত্রিগুণ-মায়াশক্তিঃ ; অন্তরঙ্গা, বহিরঙ্গা, তটস্থাশক্তিঃ বা, তাং ধরতি যঃ সঃ ঈশ্বরঃ স্বয়ম্ এব) পুরুষরূপেণ (ক্ষীরোদশায়ি-বিষ্ণুরূপেণ) পরিপাতি (পালয়তি)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩২৫। স্বায়ম্ভুবে—স্বায়ম্ভুব-মন্বন্তরে যজ্ঞ-অবতার, স্বারোচিষ-মন্বন্তরে 'বিভু' ইত্যাদি ১৪ টী মন্বন্তরে ১৪ টী অবতার।

অনুভাষ্য

৩১৯। মন্বন্তরাবতার—আদি, ২য় পঃ ৯৭ সংখ্যার অমৃতপ্রবাহভাষ্য এবং আদি ৩য় পঃ ৭-৯ সংখ্যার অনুভাষ্য ও মধ্য ২০শ পঃ ২৪৬ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

৩২৮। মনুগণ—যথা, (১) স্বায়ম্ভুব—স্বয়ম্ভু ব্রহ্মার পুত্র ; (২) স্বারোচিষ—স্বরোচিঃ বা অগ্নির পুত্র ; (৩) উত্তম—প্রিয়ব্রতের পুত্র ; (৪) তামস—উত্তমের ভ্রাতা ; (৫) রৈবত—তামসের সহোদর ; (৬) চাক্ষুষ—চক্ষুর পুত্র ; (৭) বৈবস্বত—বিবস্বান্ সূর্য্যের পুত্র ; (৮) সাবর্ণি—সূর্য্যের ঔরসে ছায়ার গর্ভজাত পুত্র ; (৯) দক্ষসাবর্ণি—বরুণপুত্র ; (১০) ব্রহ্মসাবর্ণি —উপশ্লোকের পুত্র ; রুদ্রসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণির নামান্তর রুদ্রপুত্র, রৌচ্য ও ভৌত্যক।

৩৩০। সত্যযুগে—শুক্লবর্ণ যুগাবতার, ত্রেতাযুগে—রক্তবর্ণ যুগাবতার, দ্বাপরযুগে—কৃষ্ণবর্ণ যুগাবতার এবং কলিযুগে—পীতবর্ণ যুগাবতার ; এই চারিপ্রকার বর্ণ ধারণ করিয়া কৃষ্ণ যুগাবতার-ধর্ম্ম রক্ষা করেন।

শ্রীমদ্ভাগবতে (১০।৮।১৩)—

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥ ৩৩১ ॥

সত্যে ব্রহ্মচারিবেষী শুক্লবর্ণ চতুর্ভুজ ভগবান্ এবং ত্রেতায় রক্তবর্ণ চতুর্ভুজ ভগবান্ ঃ—

সত্যযুগে ধ্যান-কর্ম্ম করায় 'শুক্ল'-মূর্ত্তি ধরি'।
কর্দ্দমকে বর দিলা যেঁহো কৃপা করি' ॥ ৩৩২ ॥
কৃষ্ণ-'ধ্যান' করে লোক জ্ঞান-অধিকারী।
ত্রেতার ধর্ম্ম 'যজ্ঞ' করায় 'রক্ত'-বর্ণ ধরি' ॥ ৩৩৩ ॥

দ্বাপরে শ্যামবর্ণ দ্বিভুজ ভগবান্ ঃ—

'কৃষ্ণপদার্চ্চন' হয় দ্বাপরের ধর্ম্ম।
'কৃষ্ণ'-বর্ণে করায় লোকে কৃষ্ণার্চ্চন-কর্ম্ম ॥ ৩৩৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।৫।২৭, ২৯)—

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ।
শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥ ৩৩৫ ॥
নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ ॥ ৩৩৬ ॥

এই মন্ত্রে দ্বাপরে করে কৃষ্ণার্চ্চন।
'কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন'—কলিযুগের ধর্ম্ম ॥ ৩৩৭ ॥

কলিযুগে পীতবর্ণ নাম-প্রেম-প্রচারক দ্বিভুজ ভগবান্ ঃ—

'পীত'-বর্ণ ধরি' তবে কৈলা প্রবর্ত্তন।
প্রেমভক্তি দিলা লোকে লঞা ভক্তগণ ॥ ৩৩৮ ॥

কলিতে স্বয়ং কৃষ্ণই অবতারিরূপে অবতীর্ণ ঃ—

ধর্ম্ম প্রবর্ত্তন করে ব্রজেন্দ্রনন্দন।
প্রেমে গায়, নাচে লোক, করে সঙ্কীর্ত্তন ॥ ৩৩৯ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।৫।৩২)—

কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তন-প্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ৩৪০ ॥

কলিযুগ-ধর্ম্ম নামকীর্ত্তন-মাহাত্ম্য ঃ—

আর তিনযুগে ধ্যানাদিতে যেই ফল হয়।
কলিযুগে কৃষ্ণনামে সেই ফল পায় ॥ ৩৪১ ॥

কলিযুগের প্রশংসা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১২।৩।৫১-৫২)—

কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥ ৩৪২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৩২। কর্দ্দম—প্রজাপতি, যিনি মনুকন্যা দেবহূতিকে বিবাহ করেন এবং যাঁহার পুত্র—কপিলদেব। তাঁহার তপস্যায় তুষ্ট হইয়া ভগবান্ শুক্লমূর্ত্তিতে তাঁহাকে দর্শন দিয়াছিলেন।

৩৩৬। ভগবান্ সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধকে নমস্কার।

অনুভাষ্য

৩৩১। আদি, ৩য়ঃ পঃ ৩৬ সংখ্যা দ্রষ্টব্য।

৩৩২। (ভাঃ ১১।৫।২১)—"কৃতে শুক্লশ্চতুর্ব্বাহুর্জটিলো বল্কলাম্বরঃ। কৃষ্ণাজিনোপবীতাক্ষাম্ বিভ্রদ্দণ্ডং কমণ্ডলুম্।।"* এবং ভাঃ ৩।২১।১৬, ৩৫, ৫১, ৩।২২।১৯, ৩।২৩।২৩, ৫।১০।১৬ শ্লোক দ্রষ্টব্য।

৩৩৩। (ভাঃ ১১।৫।২৪)—"ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্ব্বাহুস্ত্রিমেখলঃ। হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্স্রুবাদ্যুপলক্ষণঃ।।"✤ ভাঃ ১১।৫।২৬ শ্লোক দ্রষ্টব্য।

৩৩৫। আদি, ৩য়ঃ পঃ ৩৯ সংখ্যা দ্রষ্টব্য। শ্যাম—অতসী-কুসুম-সঙ্কাশ বর্ণ। সকল দ্বাপরেই স্বয়ংরূপ শ্রীকৃষ্ণমূর্ত্তিতে অবতার ঘটে না ; শ্রীকৃষ্ণাবতারের পূর্ব্ববর্ত্তী অন্যান্য দ্বাপরযুগে ভগবান্ শুকপত্র-বর্ণ অর্থাৎ হরিদ্বর্ণাদি গ্রহণ করিয়া অংশে অবতীর্ণ হইয়াছিলেন,—ইহা শ্রীবিষ্ণুপুরাণে, শ্রীহরিবংশে ও মহাভারতাদিতে শুনা যায়।

৩৩৬। কোন্ যুগে কোন্ বর্ণ ধারণ করিয়া কোন্ বিধি-দ্বারা ভগবান্ পূজিত হন?'—বিদেহরাজ নিমি এইরূপ জিজ্ঞাসা করায় নবযোগেন্দ্রের অন্যতম করভাজন-ঋষি দ্বাপরযুগের অবতারের প্রণাম-মন্ত্র বলিতেছেন,—

[চতুর্ব্ব্যূহাত্মকস্য ভগবতঃ নামান্যাহ—] ভগবতে বাসুদেবায় তে (তুভ্যং) নমঃ ; সঙ্কর্ষণায় নমঃ প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় চ তুভ্যং নমঃ।

৩৩৮। কৃষ্ণ পীতবর্ণ ধারণ করিয়া কলিযুগের ধর্ম্ম কৃষ্ণ-নাম-সঙ্কীর্ত্তন প্রবর্ত্তন এবং ভক্তগণের সহিত লোকসমূহকে কৃষ্ণপ্রেমভক্তি প্রদান করিলেন।

৩৪০। আদি, ৩য় পঃ ৫১ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৪২-৩৪৩। হে রাজন্, দোষনিধি কলির একটী মহৎ গুণ আছে ; কলিযুগে কৃষ্ণকীর্ত্তন হইতেই জীব অত্যন্তবন্ধ

অনুভাষ্য

** সত্যযুগে ভগবান্ শুক্লবর্ণ, চতুর্ভুজ, জটাধারী, বল্কলবসন, কৃষ্ণাজিন, উপবীত, অক্ষমালা, দণ্ড এবং কমণ্ডলু ধারণপূর্ব্বক ব্রহ্মচারি-বেশে অবতীর্ণ হইয়া থাকেন।*

✤ ত্রেতাযুগে রক্তবর্ণ, চতুর্ভুজ, ত্রিগুণ-মেখলাযুক্ত, পিঙ্গলকেশ-বিশিষ্ট, বেদত্রয়-প্রতিপাদিত বিগ্রহ, স্রুক্-স্রুব (যজ্ঞে ব্যবহৃত পাত্র-বিশেষ) প্রভৃতি চিহ্নধারী ভগবান্ অবতীর্ণ হইয়া থাকেন।

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥ ৩৪৩ ॥

বিষ্ণুপুরাণে (৬।২।১৭), পাদ্মোত্তর-খণ্ডে (৭২।২৫), বৃহন্নারদীয়ে (৩৮।৯৭)—

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্ ।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্ত্য কেশবম্ ॥ ৩৪৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।৫।৩৬)—

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ ।
যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বস্বার্থোঽভিলভ্যতে ॥ ৩৪৫ ॥

পূর্ব্ববৎ লিখি যবে গুণাবতারগণ ।
অসংখ্য সংখ্যা তাঁর, না হয় গণন ॥ ৩৪৬ ॥

গৌরলীলা-তত্ত্বজ্ঞ কৃষ্ণভজন-চতুর সনাতন ঃ—

চারিযুগাবতারে এই ত' গণন ।"
শুনি' ভঙ্গি করি' তাঁরে পুছে সনাতন ॥ ৩৪৭ ॥

স্বয়ং প্রভুর শ্রীমুখ হইতে প্রভুর অবতারোদ্দেশ্য নির্ভয়ে জিজ্ঞাসা ঃ—

রাজমন্ত্রী সনাতন—বুদ্ধ্যে বৃহস্পতি ।
প্রভুর কৃপাতে পুছে অসঙ্কোচ-মতি ॥ ৩৪৮ ॥

"অতি ক্ষুদ্র জীব মুঞি নীচ, নীচাচার ।
কেমনে জানিব কলিতে কোন্ অবতার ??" ৩৪৯ ॥

প্রভুকর্ত্তৃক কলিযুগাবতার-পরিচয়-প্রদান ঃ—

প্রভু কহে,—"অন্যাবতার শাস্ত্রদ্বারা জানি ।
কলিতে অবতার তৈছে শাস্ত্রদ্বারা মানি ॥ ৩৫০ ॥

শাস্ত্রালোকেই ভগবজ্জ্ঞান-লাভ ঃ—

সর্ব্বজ্ঞ মুনির বাক্য—শাস্ত্র-'প্রমাণ' ।
আমা-সবা জীবের হয় শাস্ত্রদ্বারা 'জ্ঞান' ॥ ৩৫১ ॥

পরোক্ষবাদই অবতারের প্রিয় ; লক্ষণদ্বারা তত্ত্বকোবিদগণের বস্তু-নির্দ্দেশ ঃ—

অবতার নাহি কহে,—'আমি অবতার' ।
মুনি সব জানি' করে লক্ষণ-বিচার ॥ ৩৫২ ॥

জীবের দুঃসাধ্য ও অপরিমেয়-বীর্য্যদ্বারা বিষ্ণুত্বের উপলব্ধি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১০।৩৪)—

যস্যাবতারা জ্ঞায়ন্তে শরীরিষ্বশরীরিণ ।
তৈস্তৈরতুল্যাতিশয়ৈর্বীর্য্যৈর্দেহিষ্বসঙ্গতৈঃ ॥ ৩৫৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

হইতে মুক্তি লাভ করেন। সত্যযুগে বিষ্ণুকে ধ্যান করিয়া, ত্রেতাযুগে যজ্ঞদ্বারা যজন করিয়া এবং দ্বাপরযুগে অর্চ্চনাদি করিয়া যে ফল লাভ হইত, কলিকালে হরিকীর্ত্তন হইতে সে-সব ফল লাভ হয়।

৩৪৫। গুণজ্ঞ সারগ্রাহী আর্য্যপুরুষসকল কলিকে এইজন্য 'ধন্য' বলিয়া থাকেন, যেহেতু সঙ্কীর্ত্তনের দ্বারাই কলিকালে সর্ব্ব স্বার্থলাভ হয়।

৩৫৩। প্রাকৃত-শরীরহীন অপ্রাকৃত শরীরী পরমেশ্বরের অবতারতত্ত্ব—জীবের পক্ষে দুঃসাধ্য ; ঐ অতুল অতিশয় ও অলৌকিক বীর্য্যদ্বারা তাদৃশ তোমার অবতারসকল কথঞ্চিৎ পরিজ্ঞাত হন।

অনুভাষ্য

৩৪২। পরীক্ষিৎ পাপময় কলিযুগে মানবের ধর্ম্ম ও অনর্থ-নাশের উপায় জিজ্ঞাসা করায় শ্রীশুকদেব সত্য-ত্রেতা-দ্বাপর-ধর্ম্ম-বর্ণনানন্তর কলিযুগের অসংখ্য দোষ বলিয়া অধ্যায়-শেষে উহার গুণ কীর্ত্তন করিতেছেন,—

হে রাজন্, দোষনিধেঃ (দোষাণাং আধারস্য অপি) কলেঃ (কলিযুগস্য) একঃ মহান্ গুণঃ অস্তি ; হি (যতঃ) কৃষ্ণস্য কীর্ত্তনাৎ (শ্রীহরেঃ তদীয়ানাং চ নামরূপগুণলীলানুবাদাৎ) এব মুক্তসঙ্গঃ (অন্যাভিলাষবর্জ্জিতঃ জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতঃ চ সন্) পরং (পঞ্চম-পুরুষার্থং কৃষ্ণপ্রেম) ব্রজেৎ (লভেৎ)।

৩৪৩। কৃতে (সত্যযুগে) বিষ্ণুং ধ্যায়তঃ (হরিধ্যানপরস্য জনস্য), ত্রেতায়াং মখৈঃ (যজ্ঞাদিভিঃ) যজতঃ (বৈদিকবিধানেন অনুষ্ঠানবতঃ জনস্য), দ্বাপরে পরিচর্য্যায়াং (পাঞ্চরাত্রিক-বিধানেন অর্চ্চনায়াং) [যৎ ফলং লব্ধং] তৎ (সর্ব্বং) কলৌ হরিকীর্ত্তনাৎ এব [প্রাপ্নোতি]।

৩৪৪। কৃতে (সত্যযুগে) ধ্যায়ন্ (ধ্যানানুষ্ঠানেন), ত্রেতায়াং যজ্ঞৈঃ যজন্ (যজ্ঞেশ্বরং পরিতোষয়ন্), দ্বাপরে অর্চ্চয়ন্ (শ্রীমূর্ত্ত্যাদিকং পূজয়ন্) যৎ (ফলম্) আপ্নোতি (লভতে) কলৌ কেশবং সঙ্কীর্ত্ত্য (বহুভির্মিলিত্বা কীর্ত্তয়ন্) তৎ [সর্ব্বম্ এব ভগবত্তোষণরূপ-ফলম্] আপ্নোতি।

৩৪৫। বিদেহরাজ নিমি 'কোন্ যুগে কোন্ বর্ণ ধারণপূর্ব্বক কি কি বিধিদ্বারা শ্রীভগবান্ পূজিত হন?'—এ বিষয়ে জিজ্ঞাসা করায় নবযোগেন্দ্রের অন্যতম করভাজন-ঋষি কলিযুগে ভাবী অবতারী শ্রীগৌরসুন্দরকে প্রণামপূর্ব্বক কলিযুগের গুণ ও মাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন,—

যত্র (কলৌ) সঙ্কীর্ত্তনেন (কীর্ত্তনাখ্য-ভক্ত্যনুষ্ঠানেন) এব সর্ব্বঃ স্বার্থঃ (সর্ব্বপুরুষার্থঃ) অভিলভ্যতে (সর্ব্বতোভাবেন প্রাপ্যতে) [অতঃ ইতি] গুণজ্ঞাঃ (কলের্গুণং জানন্তি যে তে) আর্য্যাঃ (মহাত্মানঃ) সারভাগিনঃ (গুণাংশগ্রাহিণঃ) [তং] কলিং সভাজয়ন্তি (অর্চ্চয়ন্তি)।

স্বরূপ ও তটস্থ-লক্ষণের সংজ্ঞা ঃ—

'স্বরূপ'-লক্ষণ, আর 'তটস্থ-লক্ষণ' ।
এই দুই লক্ষণে 'বস্তু' জানে মুনিগণ ॥ ৩৫৪ ॥

আকৃতি, প্রকৃতি, স্বরূপ,—স্বরূপ-লক্ষণ ।
কার্য্যদ্বারা জ্ঞান,—এই তটস্থ-লক্ষণ ॥ ৩৫৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১।১।১) শ্লোকের মঙ্গলাচরণ-প্রারম্ভে স্বরূপ ও তটস্থলক্ষণে পরমেশ্বর কৃষ্ণের নিরূপণ ঃ—

ভাগবতারম্ভে ব্যাস মঙ্গলাচরণে ।
'পরমেশ্বর' নিরূপিল এই দুই লক্ষণে ॥ ৩৫৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১।১।১)—

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥ ৩৫৭ ॥

ঐ ১ম শ্লোকে পরমেশ্বরের (১) স্বরূপ-লক্ষণ ঃ—

এই শ্লোকে 'পরং'-শব্দে 'কৃষ্ণ'-নিরূপণ ।
'সত্যং' শব্দে কহে তাঁর স্বরূপ-লক্ষণ ॥ ৩৫৮ ॥

(২) তটস্থ-লক্ষণ ঃ—

বিশ্বসৃষ্ট্যাদি কৈল, বেদ ব্রহ্মাকে পড়াইল ।
অর্থাভিজ্ঞতা, স্বরূপশক্ত্যে মায়া দূর কৈল ॥ ৩৫৯ ॥

এইসব কার্য্য—তাঁর তটস্থ-লক্ষণ ।
অন্য অবতার ঐছে জানে মুনিগণ ॥ ৩৬০ ॥

দেশিকগণের উক্ত লক্ষণদ্বয়-দ্বারাই সর্ব্ব-অবতার-নির্ণয় ঃ—

অবতারকালে হয় জগতের গোচর ।
এই দুই লক্ষণে কেহ জানেন ঈশ্বর ॥" ৩৬১ ॥

ভজনচতুর ভক্তের নিকট ভগবানের গুপ্ত স্বভাব ব্যক্ত ঃ—

সনাতন কহে,—"যাতে ঈশ্বর-লক্ষণ ।
পীতবর্ণ, কার্য্য—প্রেমদান-সঙ্কীর্ত্তন ॥ ৩৬২ ॥

প্রভুদ্বারা প্রভুর লীলা-ব্যাখ্যা-শ্রবণে অভিলাষ ঃ—

কলিকালে সেই 'কৃষ্ণাবতার' নিশ্চয় ।
সুদৃঢ় করিয়া কহ, যাউক সংশয় ॥" ৩৬৩ ॥

ভক্তের জয়, ভগবানের পরাজয় ঃ—

প্রভু কহে,—"চতুরালি ছাড়, সনাতন ।
শক্ত্যাবেশাবতারের শুন বিবরণ ॥ ৩৬৪ ॥

কৃষ্ণের ষড়্‌বিধ বিলাসের ও ত্রিবিধ রূপের অন্যতম (গ) শক্ত্যাবেশাবতার-বর্ণন ঃ—

শক্ত্যাবেশাবতার কৃষ্ণের অসংখ্য গণন ।
দিগ্‌দরশন করি মুখ্য মুখ্য জন ॥ ৩৬৫ ॥

দ্বিবিধ শক্ত্যাবেশ—সাক্ষাৎশক্ত্যাবিষ্ট মুখ্য-'অবতার' ও শক্ত্যাভাসাবিষ্ট গৌণ-'বিভূতি' সংজ্ঞা ঃ—

শক্ত্যাবেশ দুইরূপ—'মুখ্য', 'গৌণ' দেখি ।
সাক্ষাৎশক্ত্যে 'অবতার', আভাসে 'বিভূতি' লিখি ॥৩৬৬॥

(১) মুখ্যাবেশাবতারগণের নাম ঃ—

'সনকাদি', 'নারদ', 'পৃথু', 'পরশুরাম' ।
জীবরূপ 'ব্রহ্মার' আবেশাবতার-নাম ॥ ৩৬৭ ॥

বৈকুণ্ঠে '[illegible]ষ'—ধরা ধরয়ে 'অনন্ত' ।
এই মুখ্যাবেশাবতার—বিস্তারে নাহি অন্ত ॥ ৩৬৮ ॥

মুখ্যশক্তিভেদে মুখ্যাবেশাবতারগণ ঃ—

সনকাদ্যে 'জ্ঞান'-শক্তি , নারদে শক্তি 'ভক্তি' ।
ব্রহ্মায় 'সৃষ্টি'-শক্তি, অনন্তে 'ভূ-ধারণ'-শক্তি ॥ ৩৬৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৫৫। আকৃতি—আকার ; প্রকৃতি—স্বভাব ; স্বরূপ—মূর্ত্তি ; স্বরূপলক্ষণ—সেই বিগ্রহের ব্যবহার ; তটস্থ লক্ষণ—কার্য্যদ্বারা জ্ঞান।

৩৬৬। শক্ত্যাবেশ—গৌণ ও মুখ্যভেদে দুইপ্রকার ; যাঁহাতে সাক্ষাৎ শক্তির অবতার,—তিনি মুখ্যশক্ত্যাবেশ-অবতার এবং যে-স্থলে শক্তির আভাসমাত্র বিভূতিরূপে দেখা যায়, সে-স্থলে গৌণশক্ত্যাবেশ-অবতার।

অনুভাষ্য

৩৫৩। কৃষ্ণ কৃপাপ্রকাশপূর্ব্বক যমলার্জ্জুন-বৃক্ষদ্বয়কে ভগ্ন করিলে, কুবেরের সেই নলকূবর ও মণিগ্রীব-নামক পুত্রদ্বয় কৃষ্ণকে স্তব করিতেছেন,—

দেহিষু (জীবেষু) অসঙ্গৈতঃ (দুষ্প্রাপ্যৈঃ) অতুল্যাতিশয়ৈঃ (নাস্তি তুল্যম্ অতিশয়ম্ আধিক্যং যেভ্যঃ তৈঃ) তৈঃ তৈঃ বীর্য্যৈঃ (বিভবৈঃ) শরীরিষু (প্রপঞ্চে দেহিষু জীবেষু মধ্যে) অশরীরিণঃ (প্রাকৃতশরীরবর্জ্জিতস্য অপি) যস্য (তব) অবতারাঃ জ্ঞায়ন্তে।

৩৫৫। আকৃতি, প্রকৃতি এবং স্বরূপ,—এই তিনটীই 'স্বরূপ' বা 'মুখ্য' লক্ষণ। কার্য্যদ্বারা জ্ঞানই 'তটস্থ' বা 'গৌণ' লক্ষণ।

৩৫৬। ভাগবতের 'জন্মাদ্যস্য' শ্লোকে 'সত্যং' ও 'পরং' শব্দদ্বয়ে স্বরূপ-লক্ষণ এবং বিশ্ব-সৃষ্টিস্থিতিলয়, ব্রহ্মার হৃদয়ে বস্তুজ্ঞান-প্রকটন ও অর্থাভিজ্ঞতা প্রভৃতি তটস্থ লক্ষণ ব্যক্ত করিয়া পরমেশ্বরকে নিরূপণ করিয়াছেন।

৩৫৭। মধ্য, ৮ম পঃ ২৬৬ সংখ্যা দ্রষ্টব্য।

৩৬২। কলিকালে যুগাবতারের স্বরূপ-লক্ষণ—পীতবর্ণ আকার, তটস্থ-লক্ষণ—প্রেমদান ও সঙ্কীর্ত্তন-কার্য্য।

৩৬৪। চতুরালি—কৌশলে মনোগত অভিপ্রায়-স্থাপন, নৈপুণ্য-প্রদর্শন, বুদ্ধিমত্তা-প্রকাশ।

শেষে 'স্ব-সেবন'-শক্তি, পৃথুতে 'পালন'।
পরশুরামে 'দুষ্টনাশ-বীর্য্যসঞ্চারণ' ॥ ৩৭০ ॥

আবেশাবতারের সংজ্ঞা ঃ—
লঘুভাগবতামৃতে (১।১।১৮) আবেশপ্রকরণে—

জ্ঞানশক্ত্যাদিকলয়া যত্রাবিষ্টো জনার্দ্দনঃ ।
ত আবেশা নিগদ্যন্তে জীবা এব মহত্তমাঃ ॥ ৩৭১ ॥

(২) গীতায় বিভূতির বর্ণন ঃ—

'বিভূতি' কহিয়ে যৈছে গীতা-একাদশে।
জগৎ ব্যাপিল কৃষ্ণশক্ত্যাভাসাবেশে ॥ ৩৭২ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১০।৪১-৪২)—

যদ্যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা ।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্ ॥ ৩৭৩ ॥
অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন ।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥ ৩৭৪ ॥

কৃষ্ণস্বরূপের ষড়্বিধ বিলাসমধ্যে অবশিষ্ট দ্বিবিধ বয়োধর্ম্মি-রূপে লীলা ঃ—

এইত' কহিলুঁ শক্ত্যাবেশ-অবতার।
বাল্য-পৌগণ্ড-ধর্ম্মের শুনহ বিচার ॥ ৩৭৫ ॥

স্বয়ং কৃষ্ণের লীলা-প্রকটনের পূর্ব্বে গুরুবর্গরূপ সেবকগণের প্রকটন ঃ—

কিশোরশেখর-ধর্ম্মী ব্রজেন্দ্রনন্দন।
প্রকটলীলা করিবারে যবে করে মন ॥ ৩৭৬ ॥
আদৌ প্রকট করায় মাতা-পিতা-ভক্তগণে।
পাছে প্রকট হয় জন্মাদিক-লীলাক্রমে ॥ ৩৭৭ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (২।১৬৩)—

বয়সো বিবিধত্বেঽপি সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ ।
ধর্ম্মী কিশোর এবাত্র নিত্যলীলা-বিলাসবান্ ॥ ৩৭৮ ॥

প্রতিব্রহ্মাণ্ডে প্রতিক্ষণে সেই বিচিত্রা নবনবায়মানা চিন্ময়ী লীলা ঃ—

পূতনা-বধাদি যত লীলা ক্ষণে ক্ষণে।
সব লীলা নিত্য প্রকট করে অনুক্রমে ॥ ৩৭৯ ॥
অনন্ত ব্রহ্মাণ্ড, তার নাহিক গণন।
কোন লীলা কোন ব্রহ্মাণ্ডে হয় প্রকটন ॥ ৩৮০ ॥

কৃষ্ণাবতার-লীলার দৃষ্টান্ত—যেন নিরবচ্ছিন্ন গঙ্গাধারা ঃ—

এইমত সব লীলা—যেন গঙ্গাধার।
সে-সে লীলা প্রকট করে ব্রজেন্দ্রকুমার ॥ ৩৮১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৭০। শেষে স্ব-সেবনশক্তি—শেষরূপী ভগবদবতারে স্বীয় সেবারূপ শক্তি অর্পিত হইয়াছে।

৩৭১। জ্ঞানশক্ত্যাদি-কলাদ্বারা যেস্থলে ভগবদাবেশ, সেই মহত্তম জীবসকল 'আবেশ-অবতার' বলিয়া গণিত হন।

৩৭৩। যে-সকল জীব—বিভূতিমান্ ও শ্রীমান্, তাঁহাদিগকে আমার তেজাংশসম্ভব বলিয়া জান।

অনুভাষ্য

৩৭১। যত্র (মহত্তমেষু জীবেষু) জ্ঞানশক্ত্যাদিকলয়া (জ্ঞান-ভক্তি-সৃষ্টি-সেবন-পালন-ধারণ-বিনাশনাদি-ভাগেন) জনার্দ্দনঃ আবিষ্টঃ, তে মহত্তমাঃ জীবাঃ এব 'আবেশাঃ' (আবেশাবতারাঃ) নিগদ্যন্তে (কথ্যন্তে)।

৩৭২। ভাঃ ২।৭।৩৯ শ্লোকে মায়া-বিভূতিগণের পরিচয় দ্রষ্টব্য।

৩৭৩। বিভূতিমৎ (ঐশ্বর্য্যযুক্তং) শ্রীমৎ (সম্পত্তিযুক্তম্) ঊর্জ্জিতং (বলপ্রভাবাদিনা গুণেনাতিশয়িতং) যৎ যৎ সত্ত্বং (প্রাকৃতং বস্তু) ভবতি, তৎ তৎ এব মম তেজোঽংশসম্ভবং (প্রভাবকলয়া সিদ্ধং প্রভাবস্যাংশেন সম্ভূতম্ ইতি) ত্বম্ অবগচ্ছ (জানীহি)।

৩৭৪। আদি, ২য় পঃ ২০ সংখ্যা দ্রষ্টব্য।

৩৭৮। বয়সঃ বিবিধত্বে (বাল্যপৌগণ্ডকৈশোরাদিপ্রকার-ভেদে) অপি অত্র সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ নিত্যলীলাবিলাসবান্ কিশোরঃ এব ধর্ম্মী (সর্ব্ববয়ো-ধর্ম্মবিশিষ্টঃ পূর্ণতমঃ)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৭৮। নিত্যলীলাবিলাসবান্ সর্ব্বভক্তিরসাশ্রয় কৃষ্ণের বিবিধ বয়স থাকিলেও কিশোর বয়সই শ্রেষ্ঠ।

অনুভাষ্য

৩৭৯-৩৯৫। কৃষ্ণের লীলা—নিত্যপ্রকট। অনন্ত ব্রহ্মাণ্ডে কালে কালে ক্রমে ক্রমে নিত্যলীলা প্রকটিত হয়। এক ব্রহ্মাণ্ডে কৃষ্ণজন্ম-লীলা হইতে আরম্ভ করিয়া ১২৫ বর্ষকাল মৌষলান্ত লীলা পর্য্যন্ত প্রকটিত হইয়া সেই ব্রহ্মাণ্ডে লীলা অপ্রকট হয়। কৃষ্ণের লীলার ক্ষণকাল এক ব্রহ্মাণ্ডে প্রকট হইয়া, প্রথম ক্ষণান্তে দ্বিতীয়-ক্ষণ আরম্ভ হইলে প্রথমক্ষণ-সম্বন্ধিনী লীলা অন্য-ব্রহ্মাণ্ডে প্রকট হয়। এইরূপ অসংখ্য অনন্ত ব্রহ্মাণ্ডে প্রতিক্ষণ-সম্বন্ধিনী লীলা প্রকট হইয়া অন্য ব্রহ্মাণ্ডে আবার সেইক্ষণ-সম্বন্ধিনী লীলার উদয় হয়। ইহার উদাহরণ সূর্য্যের ভ্রমণমার্গ অর্থাৎ জ্যোতিশ্চক্রে ভ্রমণ কথিত হইয়াছে। অনন্ত ব্রহ্মাণ্ডে কৃষ্ণের অসংখ্য লীলা ক্রমে ক্রমে উদিত হইয়া অপ্রকটিত হইতেছেন। জীবজ্ঞানে সেই অনন্তলীলার উপলব্ধির সম্ভাবনা নাই। গঙ্গাধারা যেরূপ নিরবচ্ছিন্ন, অলাতচক্র-ভ্রমণ যেরূপ নিরন্তর ও ব্যাপক, তাদৃশ কৃষ্ণলীলারও নিরবচ্ছিন্ন প্রাকট্য ভিন্ন ভিন্ন ব্রহ্মাণ্ডে উপলব্ধ হয়। কৃষ্ণের জন্ম, বাল্য ও পৌগণ্ড-

কিশোর কৃষ্ণেরই ব্রজলীলা ঃ—

ক্রমে বাল্য-পৌগণ্ড-কৈশোরতা প্রাপ্তি ।
রাস-আদি লীলা করে, কৈশোরে নিত্যস্থিতি ॥ ৩৮২ ॥

কৃষ্ণলীলার নিত্যত্ব ব্যাখ্যা ঃ—

'নিত্যলীলা' কৃষ্ণের সর্ব্বশাস্ত্রে কয় ।
বুঝিতে না পারে লীলা কেমনে 'নিত্য' হয় ॥ ৩৮৩ ॥

জ্যোতিশ্চক্রের দৃষ্টান্ত ঃ—

দৃষ্টান্ত দিয়া কহি, তবে লোক সব জানে ।
কৃষ্ণলীলা—নিত্য, জ্যোতিশ্চক্র-প্রমাণে ॥ ৩৮৪ ॥
জ্যোতিশ্চক্রে সূর্য্য যেন ফিরে রাত্রি-দিনে ।
সপ্তদ্বীপাম্বুধি লঙ্ঘি' ফিরে ক্রমে ক্রমে ॥ ৩৮৫ ॥
রাত্রি-দিনে হয় ষষ্টিদণ্ড-পরিমাণ ।
তিনসহস্র ছয়শত 'পল' তার মান ॥ ৩৮৬ ॥
সূর্য্যোদয় হৈতে ষষ্টিপল-ক্রমোদয় ।
সেই এক দণ্ড, অষ্ট দণ্ডে 'প্রহর' হয় ॥ ৩৮৭ ॥
এক-দুই-তিন-চারি প্রহরে অস্ত হয় ।
চারিপ্রহর রাত্রি গেলে পুনঃ সূর্য্যোদয় ॥ ৩৮৮ ॥

১৪ মন্বন্তরে সমগ্র ব্রহ্মাণ্ডে অবতার-লীলা ঃ—

ঐছে কৃষ্ণের লীলা-মণ্ডল চৌদ্দ মন্বন্তরে ।
ব্রহ্মাণ্ডমণ্ডল ব্যাপি' ক্রমে ক্রমে ফিরে ॥ ৩৮৯ ॥

কৃষ্ণপ্রকটলীলা-কাল ঃ—

সওয়াশত বৎসর কৃষ্ণের প্রকট-প্রকাশ ।
তাহা যৈছে ব্রজ-পুরে করিলা বিলাস ॥ ৩৯০ ॥

কৃষ্ণাবতার-লীলার উপমা—যেন, অলাতচক্র-ভ্রমণ ঃ—

অলাতচক্রপ্রায় সেই লীলাচক্র ফিরে ।
সব লীলা ব্রহ্মাণ্ডে ক্রমে উদয় করে ॥ ৩৯১ ॥

জন্ম হইতে মৌষলান্ত পর্য্যন্ত লীলা ঃ—

জন্ম, বাল্য, পৌগণ্ড, কৈশোর প্রকাশ ।
পূতনা বধাদি করি' মৌষলান্ত বিলাস ॥ ৩৯২ ॥

অনন্তকোটি ব্রহ্মাণ্ডে কোন না কোন ব্রহ্মাণ্ডে নিত্যই একটী না একটী লীলা বর্ত্তমান, এজন্য লীলার 'নিত্যতা' ঃ—

কোন ব্রহ্মাণ্ডে কোন লীলার হয় অবস্থান ।
তাতে লীলা 'নিত্য' কহে নিগম-পুরাণ ॥ ৩৯৩ ॥

সঙ্কর্ষণের চিদ্বৈভব সমস্ত বিষ্ণুধামই বিষ্ণুসম ও হরির সহিত প্রপঞ্চে অবতীর্ণ ঃ—

গোলোক, গোকুল-ধাম—'বিভু' কৃষ্ণসম ।
কৃষ্ণেচ্ছায় ব্রহ্মাণ্ডগণে তাহার সংক্রম ॥ ৩৯৪ ॥

ব্রহ্মাণ্ডসমূহে অবতারীর সহিত তদীয় গোলোক-ধামও অবতীর্ণ ঃ—

অতএব গোলোকস্থানে নিত্য বিহার ।
ব্রহ্মাণ্ডগণের ক্রমে প্রকট তাহার ॥ ৩৯৫ ॥

অনুভাষ্য

কৈশোরাদি লীলা নিত্যকালই সংঘটিত হইতেছে। কোন এক ব্রহ্মাণ্ডে অবস্থিত জীবের কৃষ্ণলীলার নিত্য-প্রাকট্যানুভূতি না হইলেও তাঁহার লীলার নিত্যতা আছে। সকল লীলার এক-কালে নিত্যপ্রাকট্যের নামই 'নিত্যলীলা' ; কিন্তু প্রপঞ্চে অনুক্রমে লীলার প্রাকট্য ঘটে। তৎকালে অন্যান্য লীলা অপর ব্রহ্মাণ্ডে প্রকট থাকে বলিয়া কোন এক ব্রহ্মাণ্ডে এককালে নিত্যত্ব উপলব্ধ হয় না। বস্তুতঃ লীলা—নিত্য ; চৌদ্দ মন্বন্তর অর্থাৎ কল্পের নির্দ্দিষ্টকালে কোন এক ব্রহ্মাণ্ডে ক্রমে ক্রমে কৃষ্ণলীলা-মণ্ডল পুনরাবর্ত্তিত হয় ; অতএব লীলা অনিত্য নহে। অন্য কোন ব্রহ্মাণ্ডে নিত্যলীলা পরিদৃশ্য হয় না বলিয়া এই ব্রহ্মাণ্ডের লোক নিত্যলীলা উপলব্ধি করিতে সমর্থ হয় না। এজন্য বেদ-পুরাণাদি নিত্যলীলার কথাই বলেন ; গোলোকের নিত্যবিহারস্থলী ক্রমে ক্রমে ব্রহ্মাণ্ডে প্রকটিত হয়।

৩৯৩-৩৯৫। শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর তৎকৃত 'রাগবর্ত্ম-চন্দ্রিকা'র দ্বিতীয় প্রকাশে উজ্জ্বলনীলমণির 'তদ্ভাববদ্ধরাগা যে জনাস্তে" শ্লোকের টীকায় লিখিয়াছেন,—"অনুরাগৌঘং রাগানুগাভজনৌৎকণ্ঠ্যং, ন ত্বনুরাগস্থায়িনং, সাধকদেহেঽনুরাগোৎপত্ত্য-সম্ভবাৎ। ব্রজেঽভবন্নিতি অবতারসময়ে নিত্যপ্রিয়াদ্যা যথা আবির্ভবন্তি, তথৈব গোপিকাগর্ভে সাধনসিদ্ধা অপি আবির্ভবন্তি। ততশ্চ গোপিকাদেহে উৎপদ্যন্তে, পূর্ব্বজন্মনি সাধকদেহে তেষাং (স্নেহমানপ্রণয়রাগানুরাগমহাভাবানাম্) উৎপত্ত্যসম্ভবাৎ। * * সাধক-দেহভঙ্গসময়ে এব তস্মৈ প্রেমবতে ভক্তায় * * চিদানন্দ-ময়ী গোপিকাতনুশ্চ দীয়তে। সৈব তনুর্যোগমায়য়া বৃন্দাবনীয়-প্রকটপ্রকাশে কৃষ্ণপরিবারপ্রাদুর্ভাবসময়ে গোপীগর্ভাদুদ্ভাব্যতে। নাত্র কালবিলম্বগন্ধোঽপি ; প্রকটলীলায়া অপি বিচ্ছেদাভাবাৎ। যস্মিন্নেব ব্রহ্মাণ্ডে তদানীং বৃন্দাবনীয়লীলানাং প্রাকট্যং, তত্রৈ-বাস্যামেব ব্রজভূমৌ, অতঃ সাধকপ্রেমিভক্তদেহভঙ্গসমকালে-ঽপি সপরিকর শ্রীকৃষ্ণপ্রাদুর্ভাবঃ সদৈবাস্তি, ইতি ভো ভো মহানুরাগিসোৎকণ্ঠভক্তাঃ, মা ভৈষ্ট, সুস্থিরাস্তিষ্ঠত, স্বস্ত্যেবাস্তি ভবদ্ভ্যঃ ইতি। *

** "তদ্ভাববদ্ধরাগা যে জনাস্তে সাধনে রতাঃ। তদ্যোগ্যমনুরাগৌঘং প্রাপ্যোৎকণ্ঠানুসারতঃ। তা একশোঽথবা দ্বিত্রাঃ কালে কালে ব্রজেঽভবন্।" অর্থাৎ 'যাঁহারা ব্রজবাসিগণের বিশেষ ভাবে অনুরক্ত হইয়া সাধনরত, তাঁহারা উৎকণ্ঠার অনুরূপ তদ্যোগ্য অনুরাগরাশি লাভ করিয়া একাকী*

ব্রজে কৃষ্ণ—পূর্ণতম, মথুরায় পূর্ণতর ও দ্বারকায় পূর্ণবিগ্রহ-রূপে প্রকাশিত ঃ—

ব্রজে কৃষ্ণ—সর্ব্বৈশ্বর্য্যপ্রকাশে 'পূর্ণতম'।
পুরীদ্বয়ে, পরব্যোমে—'পূর্ণতর', 'পূর্ণ' ৷৷ ৩৯৬ ৷৷

গোস্বামি-বচন ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (২।১।২২১-২২৩)—

হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈর্নাট্যে যঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৩৯৭ ॥
প্রকাশিতাখিলগুণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ।
অসর্ব্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোঽল্পদর্শকঃ ॥ ৩৯৮ ॥
কৃষ্ণস্য পূর্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে।
পূর্ণতা পূর্ণতরতা দ্বারকা-মথুরাদিষু ॥ ৩৯৯ ॥

এই কৃষ্ণ—ব্রজে 'পূর্ণতম' ভগবান্।
আর সব স্বরূপ—'পূর্ণতর', 'পূর্ণ' নাম ॥ ৪০০ ॥

কৃষ্ণের স্বরূপবিচার অতিসংক্ষেপে বর্ণিত ; স্বয়ং শেষেরও উহার সম্যক্ কীর্ত্তনে অসামর্থ্য ঃ—

সংক্ষেপে কহিলুঁ কৃষ্ণের স্বরূপ-বিচার।
'অনন্ত' কহিতে নারে ইহার বিস্তার ॥ ৪০১ ॥

গ্রন্থকারের দৈন্য ; শাখাচন্দ্র-ন্যায়াবলম্বনে বর্ণিত ঃ—

অনন্ত স্বরূপ কৃষ্ণের নাহিক গণন।
শাখা-চন্দ্র-ন্যায়ে করি দিগ্‌দরশন ॥" ৪০২ ॥

কৃষ্ণস্বরূপ-কীর্ত্তন-শ্রবণে তত্ত্বজ্ঞান-স্ফূর্ত্তি-লাভ ঃ—

ইহা যেই শুনে, পড়ে, সেই ভাগ্যবান্।
কৃষ্ণের স্বরূপতত্ত্বের হয় কিছু জ্ঞান ॥ ৪০৩ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৪০৪ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে স্বরূপতত্ত্বরূপ-শ্রীভগবৎ-স্বরূপভেদবিচারো নাম বিংশতিতমঃ পরিচ্ছেদঃ।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৯৭। শ্রেষ্ঠ-মধ্যাদি-শব্দদ্বারা নাট্যশাস্ত্রে যাঁহার কীর্ত্তন আছে, সেই ভগবান্ হরি—পূর্ণ, পূর্ণতর ও পূর্ণতম,—এই তিনপ্রকার।

৩৯৮। অল্পগুণের প্রকাশক হরি—পূর্ণ ; সর্ব্বগুণের স্বল্প-প্রকাশক হরি—পূর্ণতর ; আর যাঁহাতে অখিলগুণ প্রকাশিত, সেই হরি—পূর্ণতম ; পণ্ডিতেরা ইহা কীর্ত্তন করেন।

৩৯৯। গোকুলে কৃষ্ণের পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা ও দ্বারকায় পূর্ণতা ব্যক্ত হইয়াছিল।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে বিংশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

৩৯৬। কৃষ্ণ ব্রজে সর্ব্বৈশ্বর্য্য প্রকাশ করেন, তজ্জন্য ব্রজেন্দ্রনন্দন—'পূর্ণতম'। দ্বারকা ও মথুরা-পুরীদ্বয়ে কৃষ্ণ তদপেক্ষা ন্যূনভাবে সর্ব্বৈশ্বর্য্য প্রকাশ করেন, তজ্জন্য তথায় তিনি—'পূর্ণতর' এবং পরব্যোম-বৈকুণ্ঠে কৃষ্ণ পুরীদ্বয় অপেক্ষাও ন্যূন (স্বল্পরূপে) সর্ব্বৈশ্বর্য্য প্রকাশ করেন, তজ্জন্য তথায় তিনি—'পূর্ণ'।

৩৯৭। নাট্যে (নাট্যশাস্ত্রে) শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈঃ যঃ [কীর্ত্তিতঃ, সঃ] হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণঃ ইতি ত্রিধা পরিকীর্ত্তিতঃ।

৩৯৮। প্রকাশিতাখিলগুণঃ (প্রকাশিতাঃ অখিলাঃ গুণাঃ যস্মিন্ সঃ, প্রকটিত-সমগ্রগুণঃ হরিঃ)—পূর্ণতমঃ ; সর্ব্বব্যঞ্জকঃ (স্বল্প-প্রকটিত-সর্ব্বগুণঃ হরিঃ)—পূর্ণতরঃ ; অল্পদর্শকঃ (প্রকটিত-স্বল্পগুণঃ হরিঃ) পূর্ণঃ ইতি বুধৈঃ স্মৃতঃ।

৩৯৯। গোকুলান্তরে কৃষ্ণস্য পূর্ণতমতা ; দ্বারকা-মথুরাদিষু পূর্ণতরতা ; [পরব্যোমে] পূর্ণতা ব্যক্তাভূৎ।

৪০০। ভগবান্ ব্রজেন্দ্রনন্দনে—'পূর্ণতম' প্রকাশ, দ্বারকানাথ-মথুরেশে 'পূর্ণতর' প্রকাশ এবং বৈকুণ্ঠনাথে—'পূর্ণ' প্রকাশ।

৪০২। শাখাচন্দ্র-ন্যায়—মধ্য, ২০শ পঃ ২৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে বিংশ পরিচ্ছেদ।

---

*অথবা দুই-তিন জন একত্রে সময়ে সময়ে ব্রজভূমিতে আবির্ভূত হইয়াছিলেন।' এস্থলে 'অনুরাগৌঘং' অর্থাৎ রাগানুগ-ভজনোচিত উৎকণ্ঠা—স্থায়িভাবগত অনুরাগ নহে, যেহেতু সাধকদেহে অনুরাগের উৎপত্তি অসম্ভব। 'ব্রজেঽভবন্'—ব্রজে আবির্ভূত হইয়াছিলেন, ইহার অর্থ এই যে, শ্রীকৃষ্ণের অবতার-কালে নিত্যপ্রিয়াগণ যেরূপ আবির্ভূত হন, তদ্রূপ সাধনসিদ্ধগণও গোপী-গর্ভে আবির্ভূত হন। তদনন্তর (নিত্যসিদ্ধাগণের সঙ্গ-মহিমাবশতঃ) উক্ত গোপীদেহে স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, মহাভাবসমূহ উৎপাদিত হয়, যেহেতু পূর্ব্বজন্মে (উক্ত সাধকদেহে) উহাদের উৎপত্তি সম্ভব হয় না। * * সাধকদেহের ভঙ্গকালেই সেই প্রেমবান্ ভক্তকে চিদানন্দময় গোপীদেহ প্রদান করা হয়। সেই সিদ্ধদেহই যোগমায়া বৃন্দাবনীয় লীলার 'প্রকট'প্রকাশকালে কৃষ্ণপরিকরগণের আবির্ভাব-সময়ে গোপীগর্ভ হইতে উৎপন্ন করিয়া থাকেন। এইস্থলে কালবিলম্বের গন্ধমাত্রও নাই, যেহেতু প্রকটলীলারও বিচ্ছেদ নাই। যে-ব্রহ্মাণ্ডেই তদানীং বৃন্দাবনীয় লীলার প্রাকট্য ঘটিয়া থাকে, সেই ব্রজভূমিতেই গোপীগর্ভে সাধনসিদ্ধগণের আবির্ভাব হইয়া থাকে। সুতরাং সাধক-প্রেমিভক্তের দেহভঙ্গ-কালেও সপরিকর শ্রীকৃষ্ণের আবির্ভাব সর্ব্বদাই হইয়া থাকে। অতএব, হে মহানুরাগী উৎকণ্ঠাযুক্ত ভক্তগণ! ভীত হইবেন না, সুস্থির হউন্, আপনাদের কল্যাণ নিশ্চিত।*

একবিংশ পরিচ্ছেদ

কথাসার—এই পরিচ্ছেদে প্রভু কৃষ্ণলোকতত্ত্ব, পরব্যোম-তত্ত্ব, কারণবারি-তত্ত্ব এবং মায়িকব্রহ্মাণ্ড-তত্ত্ব বর্ণন করিয়া দ্বারকায় ব্রহ্মার দর্পহরণরূপ কৃষ্ণের একটী লীলা বর্ণন করিয়াছেন। তদনন্তর গ্রন্থকার মহাপ্রভুর বাক্য বলিয়া কৃষ্ণ-রূপের সৌন্দর্য্য-প্রকাশক কয়েকটী মধুর পদ্য লিখিয়াছেন। এই পর্য্যন্ত সম্বন্ধতত্ত্ব ব্যাখ্যাত হইল। (অঃ প্রঃ ভাঃ)

গ্রন্থকারের গৌরকৃষ্ণের মাধুর্য্যৈশ্বর্য্য-বর্ণনে মঙ্গলাচরণ ঃ—

অগত্যেকগতিং নত্বা হীনার্থাধিকসাধকম্ ।
শ্রীচৈতন্যং লিখাম্যস্য মাধুর্য্যৈশ্বর্য্য-শীকরম্ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

পরব্যোমে সকল বিষ্ণু-বিগ্রহের অনন্ত বৈকুণ্ঠ-ধাম ঃ—

"সর্ব্বস্বরূপের ধাম—পরব্যোম-ধামে ।
পৃথক্ পৃথক্ বৈকুণ্ঠ, নাহিক গণনে ॥ ৩ ॥

শত, সহস্র, অযুত, লক্ষ, কোটী-যোজন ।
এক এক বৈকুণ্ঠের বিস্তার বর্ণন ॥ ৪ ॥

পরব্যোমে আধার ও আধেয়, ধাম ও বিগ্রহ—অভিন্ন শুদ্ধসত্ত্বচিদ্বিলাসময় ভগবদ্বিগ্রহ ঃ—

সব বৈকুণ্ঠ—ব্যাপক, আনন্দ-চিন্ময় ।
পারিষদ-ষড়ৈশ্বর্য্য-পূর্ণ সব হয় ॥ ৫ ॥

অনন্ত বৈকুণ্ঠ এক এক দেশে যার ।
সে পরব্যোমের কেবা গণয়ে বিস্তার ॥ ৬ ॥

গোলোকই সহস্রদল-পদ্মতুল্য পরব্যোমের 'কর্ণিকার'—

অনন্ত বৈকুণ্ঠ-পরব্যোম যার দলশ্রেণী ।
সর্ব্বোপরি কৃষ্ণলোকে 'কর্ণিকার' গণি ॥ ৭ ॥

বিষ্ণু ও বিষ্ণুধাম, উভয়েই অধোক্ষজ বলিয়া ব্রহ্মাদিরও অনধিগম্য ঃ—

এইমত ষড়ৈশ্বর্য্য, স্থান, অবতার ।
ব্রহ্মা, শিব অন্ত না পায়—জীব কোন্ ছার ॥ ৮ ॥

অপ্রাকৃত অতীন্দ্রিয় অধোক্ষজ বিষ্ণু—মনোধর্ম্মের দুর্জ্ঞেয় ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।১৪।২১)—

কো বেত্তি ভূমন্ ভগবন্ পরাত্মন্ যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্।
ক্ব বা কথং বা কতি কদেতি বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্ ॥৯॥

এইমত কৃষ্ণের দিব্য সদ্গুণ অনন্ত ।
ব্রহ্মা-শিব-সনকাদি না পায় যাঁর অন্ত ॥ ১০ ॥

বিশ্বের সর্ব্বাপেক্ষা সূক্ষ্মগণকেরও বিষ্ণুগুণ-পরিমাণে অসামর্থ্য ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৭)—

গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য ।
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূ-পাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ ॥ ১১ ॥

স্বয়ং শেষও কৃষ্ণগুণ কীর্ত্তন করিয়া শেষ পান না ঃ—

ব্রহ্মাদি রহু—সহস্রবদনে 'অনন্ত' ।
নিরন্তর গায় মুখে, না পায় গুণের অন্ত ॥ ১২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। অগতির গতি এবং হীনগণের প্রতি অধিক অর্থ-দাতা বা উপকারক শ্রীচৈতন্যকে প্রণাম করত তাঁহার মাধুর্য্য-ঐশ্বর্য্যকণা বর্ণন করিতেছি।

৭। চিন্ময়জগৎ—একটী পদ্মস্বরূপ ; সেই পদ্মের উচ্চ (মধ্য) ভাগ 'কর্ণিকার' রূপী কৃষ্ণলোকের চতুর্দ্দিকে দলশ্রেণীরূপে অনন্ত বৈকুণ্ঠ-পরব্যোম বিরাজমান।

৯। হে ভূমন্, হে ভগবন্, হে পরাত্মন্, হে যোগেশ্বর, এই ত্রিভুবনে তোমার লীলা কোথায়, কিরূপ, যোগমায়াকে বিস্তার করিয়া তুমি কখন ক্রীড়া করিয়া থাক, তাহা কে জানিতে পারে?

১১। পণ্ডিতসকল ভূমির রেণুকণ এবং আকাশের হিমকণ, নক্ষত্রাদি কাল গণনা করিয়াছেন ; তাঁহাদের মধ্যে কেই বা, জগতের হিতের নিমিত্ত অবতীর্ণ এবং অনন্তগুণরূপ যে তুমি, তোমার গুণসকল গণনা করিতে সমর্থ হয়?

অনুভাষ্য

১। অগত্যেকগতিং (গতিহীনানাম্ একাবলম্বনং) হীনার্থাধিক-সাধকং (হীনানাং কৃষ্ণপ্রেম-দরিদ্রাণাং যে অর্থাঃ প্রয়োজনানি তেষাম্ অধিকং যথা স্যাত্তথা সাধকং) শ্রীচৈতন্যং নত্বা (প্রণম্য) অস্য ভগবতঃ (চৈতন্যদেবস্য) মাধুর্য্যৈশ্বর্য্যশীকরং (মাধুর্য্যে যদৈশ্বর্য্যং, মাধুর্য্যম্ ঐশ্বর্য্যঞ্চ বা, তয়োঃ শীকরং কণং) লিখামি।

৪। মায়িক ব্রহ্মাণ্ডের ন্যায় বৈকুণ্ঠের পরিমাণ নাই। বৈকুণ্ঠ—শত-সহস্র-অযুত-লক্ষ-কোটি বা অসংখ্য যোজনবিশিষ্ট। যাহাতে কোনপ্রকার পরিমাণবিশিষ্ট কুণ্ঠধর্ম্ম নাই, তাহাই 'বৈকুণ্ঠ'।

৮। বৈকুণ্ঠের ষড়ৈশ্বর্য্যপূর্ণ স্থান এবং ষড়ৈশ্বর্য্যবিশিষ্ট অবতারের সীমা মায়িক রাজ্যের ঈশ্বর ব্রহ্মা বা শিবাদির গোচর হইতে পারে না—বশ্য জীবের ত' কথাই নাই।

৯, ১১। গো-বৎস হরণ-ফলে ব্রহ্মার দর্প শ্রীকৃষ্ণকর্ত্তৃক চূর্ণ

শ্রীমদ্ভাগবতে (২।৭।৪১)—

নান্তং বিদাম্যহমমী মুনয়োঽগ্রজাস্তে
মায়াবলস্য পুরুষস্য কুতোঽপরে যে।
গায়ন্ গুণান্ দশশতানন আদিদেবঃ
শেষোঽধুনাপি সমবস্যতি নাস্য পারম্ ॥ ১৩ ॥

সাক্ষাৎ কৃষ্ণের নিকটও কৃষ্ণগুণ অপরিমেয় ঃ—

তেঁহো রহু—সর্ব্বজ্ঞ-শিরোমণি শ্রীকৃষ্ণ।
নিজ-গুণের অন্ত না পাঞা হয়েন সতৃষ্ণ ॥ ১৪ ॥

অতন্নিরসনপূর্ব্বক নির্ব্বিশেষ-বর্ণনানন্তর সবিশেষ বিগ্রহ-বর্ণনেই শ্রুতি পর্য্যবসিত ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।৪১)—

দ্যুপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া
ত্বমপি যদন্তরাণ্ডনিচয়া ননু সাবরণাঃ।
খ ইব রজাংসি বান্তি বয়সা সহ যচ্ছ্রুতয়-
স্ত্বয়ি হি ফলন্ত্যতন্নিরসনেন ভবন্নিধনাঃ ॥ ১৫ ॥

ব্রজে কৃষ্ণের অদ্ভুত গোচারণ-লীলা-বর্ণন ঃ—

সেহ রহু—ব্রজে যবে কৃষ্ণ-অবতার।
তাঁর চরিত্র বিচারিতে মন না পায় পার ॥ ১৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩। আমি ব্রহ্মা এবং তোমার অগ্রজ মুনিসকলই মায়াধীশ পুরুষের অন্ত জানিতে পারি না ; অপরে কে জানিবে? সহস্রানন অনন্তদেবও তাঁহার গুণগণ গান করিতে করিতে আজ পর্য্যন্ত পার পান নাই।

১৫। আপনি—অনন্ত, সেইজন্য সেই দেবতাগণ আপনার অন্ত পান নাই। আপনিও আপনার গুণের অন্ত পান না। আকাশে পরমাণুগণের ন্যায় সাবরণ ব্রহ্মাণ্ডসকল কালের সহিত পরিভ্রমণ করিতেছে। সেই কারণে শ্রুতিগণ আপনাকে অনুসন্ধান করিতে গিয়া, যাহাকেই লক্ষ্য করে, তাহা আপনি নন—এইরূপ করিতে করিতে সমস্তই আপনাতে পর্য্যবসিত হয় ; এইরূপ স্থির করিয়া আপনিই যে সকলের আধার,—এই সিদ্ধান্ত করে।

অনুভাষ্য

হইলে ব্রহ্মা শ্রীকৃষ্ণের পরমেশ্বরত্ব অবগত হইয়া নিম্নলিখিত শ্লোকদ্বয়ে স্তব করিতেছেন,—

হে ভূমন্ (বিরাট্), ভগবন্, পরাত্মন্, যোগেশ্বর ভবতঃ উতীঃ (লীলাঃ) ক্ব বা, কথং বা, কদা বা, কতি বা, যোগমায়াং বিস্তারয়ন্ ক্রীড়সি, ইতি ত্রিলোক্যাং কঃ বেত্তি? [ন কোঽপি জানাত্যতোঽচিন্ত্যং তব যোগমায়াবৈভবমিতি ভাবঃ]।

যৈঃ সুকল্পৈঃ (সুনিপুণৈঃ জনৈঃ বহুজন্মনা) বা [বিতর্কে] কালেন ভূ-পাংশবঃ (পৃথ্বীপরমাণবঃ) খে (আকাশে) মিহিকাঃ (হিমকণাঃ) দ্যুভাসঃ (দিবি জ্যোতিষ্কাণাং কিরণপরমাণবঃ) অপি বিমিতাঃ (বিশেষেণ গণিতাঃ) [তেষাং] কে (লোকাঃ) অস্য (বিশ্বস্য) হিতাবতীর্ণস্য (মঙ্গলায় প্রকটমানস্য, পালনায় বহু-গুণাবিষ্কারেণ অবতীর্ণস্য বা) গুণাত্মনঃ (ত্রিগুণাধিষ্ঠাতুঃ) তে (তব) গুণান্ অপি [পুনঃ] বিমাতুং (এতাবন্তঃ ইতি গণয়িতুম্) ঈশিরে (সমর্থাঃ বভূবুঃ, দূরতঃ তদ্বিশেষবার্ত্তা ইত্যর্থঃ)। ভাঃ ২।৭।৪০ ও ১১।৪।২ শ্লোক দ্রষ্টব্য।

১২। চতুর্ম্মুখে ব্রহ্মা বা পঞ্চমুখে শিব দূরে যাউক—অনন্তদেব নিরন্তর সহস্রমুখে গান করিয়াও যাঁহার গুণের সীমা প্রাপ্ত হন না। পাঠান্তরে,—"ব্রহ্মাদি রহু, অনন্ত সহস্রবদন। নিরন্তর গায় মুখে, না পায় গণন।।"

১৩। ব্রহ্মা তচ্ছিষ্য নারদের নিকট ভগবান্ বিষ্ণুর লীলা-বতারসমূহের চেষ্টা, প্রয়োজন ও বিভূতির কথা বর্ণন করিয়া তাঁহার দুর্জ্ঞেয় ও অপরিমেয় শক্তিবৈভব বলিতেছেন,—

পুরুষস্য (ভগবতঃ) বিষ্ণোঃ মায়াবলস্য (মায়াবিভূতেঃ)

অনুভাষ্য

অন্তম্ অহং (ব্রহ্মা) ন বিদামি (বেদ্মি, তথা) তে (তব) অগ্রজাঃ (ভ্রাতরঃ) অমী মুনয়ঃ (সনকাদয়ঃ) চ ন জানন্তি ; দশশতাননঃ (সহস্রবদনঃ) আদিদেবঃ শেষঃ (ভূধারী অনন্তঃ) অপি অস্য (ভগবতঃ) গুণান্ গায়ন্ (কীর্ত্তয়ন্) অধুনা (সাম্প্রতম্) অপি পারং (সীমানং) ন সমবস্যতি (নিশ্চিনোতি প্রাপ্নোতীত্যর্থঃ, অতঃ) যে অপরে (লোকাঃ, তে) কুতঃ [বিদন্তীতি ভাবঃ]।

১৪। তেঁহো রহু—অনন্তদেব দূরে থাকুন, স্বয়ং শ্রীকৃষ্ণও নিজ গুণের সীমা প্রাপ্ত না হইয়া তৃষ্ণান্বিত।

১৫। জনলোকে ব্রহ্মসত্রযজ্ঞে শ্রবণেচ্ছু ঋষিগণের সমীপে চতুঃসনের অন্যতম ব্রহ্মর্ষি সনন্দন শ্রুতিগণকর্ত্তৃক (কৃত) এই ভগবৎস্তুতি কীর্ত্তন করিয়াছিলেন, তাহাই আবার আদি ঋষি নারায়ণ দেবর্ষি নারদের নিকট পরে বর্ণন করিয়াছিলেন,—

হে ভগবন্, দ্যুপতয়ঃ (স্বর্গাধিপাঃ লোকপতয়ঃ ব্রহ্মাদয়ঃ) এব (অপি) তে (তব) অনন্ততয়া (অন্তাভাবেন) অন্তং (গুণসীমাং) ন যযুঃ (প্রাপুঃ—যৎ অন্তবদ্বস্তু, তৎ কিমপি ত্বং ন ভবসীত্যর্থঃ) ; [আস্তাং দ্যুপতয়ঃ,] যদ্ (যস্মাৎ) ত্বমপি [স্বয়ম্ আত্মনঃ অন্তম্ অনন্ততয়া ন যাসি] ; ননু (অহো) যদ্ (যস্য তব) অন্তরা (মধ্যে) সাবরণাঃ (উত্তরোত্তরং দশগুণসপ্তাবরণ-সমন্বিতাঃ) অণ্ডনিচয়াঃ (ব্রহ্মাণ্ড-গণাঃ) বয়সা (কালচক্রেণ) খে (আকাশে) রজাংসি ইব সহ [একদৈব ন তু পর্য্যায়েণ] বান্তি

গোবৎস-হরণ-হেতু চিদ্বিলাস প্রকটপূর্ব্বক ব্রহ্মার দর্প-নাশ ঃ—

প্রাকৃতাপ্রাকৃত সৃষ্টি কৈলা একক্ষণে ।
অশেষ বৈকুণ্ঠাজাণ্ড স্ব-স্ব-নাথ-সনে ॥ ১৭ ॥

সেই লীলার পরম-চমৎকারিতা ঃ—

এমত অন্যত্র নাহি শুনিয়ে অদ্ভুত ।
যাহার শ্রবণে চিত্ত হয় অবধূত ॥ ১৮ ॥

কৃষ্ণকর্ত্তৃক অসংখ্য গো ও গোবৎস-প্রকটন ঃ—

"কৃষ্ণবৎসৈরসংখ্যাতৈঃ"—শুকদেব-বাণী ।
কৃষ্ণ-সঙ্গে কত গোপ সংখ্যা নাহি জানি ॥ ১৯ ॥
এক এক গোপ করে যে বৎস চারণ ।
কোটি, অর্ব্বুদ, শঙ্খ, পদ্ম, তাহার গণন ॥ ২০ ॥
বেত্র, বেণু, দল, শৃঙ্গ, বস্ত্র, অলঙ্কার ।
গোপগণের যত, তার নাহি লেখা-পার ॥ ২১ ॥

কৃষ্ণ-প্রকটিত অসংখ্য বৈকুণ্ঠনাথ ও
ব্রহ্মাণ্ডপতির কৃষ্ণস্তুতি ঃ—

সবে হৈলা চতুর্ভুজ বৈকুণ্ঠের পতি ।
পৃথক্ পৃথক্ ব্রহ্মাণ্ডের ব্রহ্মা করে স্তুতি ॥ ২২ ॥

কৃষ্ণ হইতে লীলা-প্রকাশ, কৃষ্ণেই সঙ্গোপন ঃ—

এক কৃষ্ণদেহ হৈতে সবার প্রকাশে ।
ক্ষণেকে সবাই সেই শরীরে প্রবেশে ॥ ২৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭-২০। কৃষ্ণাবতারে ব্রহ্মা কৃষ্ণের মহিমা পরীক্ষা করিবার জন্য গোবৎস ও গোপসকল চুরি করিলে কৃষ্ণ অচিন্ত্যশক্তিক্রমে, প্রাকৃত ও অপ্রাকৃত বস্তু, সমস্তই প্রকট করিয়াছিলেন। চিন্ময় গো, গোপবালক ও অশেষ বৈকুণ্ঠতত্ত্ব প্রকট করিয়া অপ্রাকৃত সৃষ্টি করিলেন। স্বীয় স্বীয় ব্রহ্মার সহিত অনন্ত ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া প্রাকৃত সৃষ্টি করিলেন। এই অদ্ভুত কথা শ্রবণ করিলে চিত্তমল ধৌত হয়। 'অসংখ্য কৃষ্ণবৎস' এই শব্দদ্বারা কৃষ্ণের গোবৎস-সকল এবং গোপবালকসকল অসংখ্যরূপে প্রকট হইল।

অনুভাষ্য

(পরিভ্রমন্তি) ; যদ্ (যস্মাৎ) শ্রুতয়ঃ অতন্নিরসনেন (নিরন্তরং জড়নিষেধেন) ভবন্নিধনাঃ (ভবতি ত্বয়ি নিধনং সমাপ্তিঃ যাসাং তাঃ সত্যঃ) ত্বয়ি (চিদ্বিলাস-বিশেষময়ে) হি ফলন্তি (পর্য্যবসন্তি)।

১৭। এককক্ষণমধ্যে কৃষ্ণ পরব্যোমনাথ-সহ অসংখ্য অপ্রাকৃত বৈকুণ্ঠ এবং বহু ব্রহ্মাদি সহ অসংখ্য প্রাকৃত ব্রহ্মাণ্ড সৃষ্টি করিলেন।

১৮। অবধূত—কম্পিত, আন্দোলিত, উদ্বেলিত, অভিভূত, পরাহত। পাঠান্তরে, "যাঁহার শ্রবণে চিত্ত-মল হয় ধূত।"

ব্রহ্মার বিস্ময় ও মূর্চ্ছা, মূর্চ্ছান্তে কৃষ্ণকৃপায় কৃষ্ণৈশ্বর্য্য অবগতি ঃ—

ইহা দেখি' ব্রহ্মা হৈলা মোহিত, বিস্মিত ।
স্তুতি করি' সেই পাছে করিলা নিশ্চিত ॥ ২৪ ॥

অধোক্ষজ কৃষ্ণবৈভব-নির্ণয়ে স্বীয় অক্ষমতা-জ্ঞাপন ঃ—

"যে কহে,—'কৃষ্ণের বৈভব মুঞি সব জানোঁ ।
সে জানুক,—কায়মনে মুঞি এই মানোঁ ॥ ২৫ ॥
এই যে তোমার অনন্ত বৈভবামৃতসিন্ধু ।
মোর বাঙ্মানসের গম্য নহে এক বিন্দু ॥ ২৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৩৮)—

জানন্ত এব জানন্তু কিং বহূক্ত্যা ন মে প্রভো ।
মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরঃ ॥" ২৭ ॥

কৃষ্ণাভিন্ন শ্রীবৃন্দাবন-ধাম ঃ—

কৃষ্ণের মহিমা বহু—কেবা তার জ্ঞাতা ।
বৃন্দাবন-স্থানের দেখ আশ্চর্য্য বিভুতা ॥ ২৮ ॥

বৃন্দাবনের একদেশে পরব্যোমস্থ অনন্তকোটি বৈকুণ্ঠ ঃ—

ষোলক্রোশ বৃন্দাবন,—শাস্ত্রের প্রকাশে ।
তার একদেশে বৈকুণ্ঠাজাণ্ডগণ ভাসে ॥ ২৯ ॥

অসীম কৃষ্ণবৈভবসিন্ধুর একবিন্দু-নির্দ্দেশ ঃ—

অপার ঐশ্বর্য্য কৃষ্ণের—নাহিক গণন ।
শাখা-চন্দ্র-ন্যায়ে করি দিগ্‌দরশন ॥ ৩০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭। যাঁহারা বলেন,—'আমরা কৃষ্ণতত্ত্ব জানি', তাঁহারা জানুন, কিন্তু আমি অনেক উক্তি করিতে ইচ্ছা করি না। প্রভো! আমি এইমাত্র বলি যে, তোমার বৈভবসকল—আমার মন, শরীর ও বাক্যের অগোচর।

২৯। ব্রজমণ্ডলে যে দ্বাদশবন আছে—যে সমস্ত মিলিয়া চৌরাশি ক্রোশ হয়, তন্মধ্যে বৃন্দাবন-নামক বনটি—বর্ত্তমান বৃন্দাবন-নগরের সীমা হইতে নন্দগ্রাম বৃষভানুপুর পর্য্যন্ত ১৬ ক্রোশ।

৩০। শাখা-চন্দ্র-ন্যায়—চন্দ্রের এক শাখা দেখাইয়া যেমন চন্দ্রের পরিচয় দেওয়া যায়, সেইরূপ কোন তত্ত্বের এক দেশ

অনুভাষ্য

১৯। ভাঃ ১০।১২।৩ শ্লোকের প্রথম চরণ।

২০। একং দশং শতঞ্চৈব সহস্রমযুতং তথা। লক্ষঞ্চ নিযুতং চৈব কোটিরর্ব্বুদমেব চ।। বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খপদ্মৌ চ সাগরঃ। অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথাক্রমম্।। *

২৭। গো-বৎস-হরণফলে ব্রহ্মার দর্প শ্রীকৃষ্ণকর্ত্তৃক চূর্ণ

** দশ দশ বৃদ্ধিদ্বারা যথাক্রমে এক, দশ, শত, সহস্র, অযুত, লক্ষ, নিযুত, কোটি, অর্ব্বুদ, বৃন্দ, খর্ব্ব, নিখর্ব্ব, শঙ্খ, পদ্ম, সাগর, অন্ত্য, মধ্য ও পরার্দ্ধ সংখ্যার গণনা হইয়া থাকে।*

বাঙ্মানসাতীত কৃষ্ণৈশ্বর্য্য-বর্ণনে ব্রহ্মার বিহ্বলতা ঃ—

ঐশ্বর্য্য কহিতে স্ফুরিল ঐশ্বর্য্য-সাগর ।
মনেন্দ্রিয় ডুবিলা, প্রভু হইলা ফাঁপর ॥ ৩১ ॥

ভাগবতের এই শ্লোক পড়িলা আপনে ।
অর্থ আস্বাদিতে সুখে করেন ব্যাখ্যানে ॥ ৩২ ॥

ত্রিসর্গাধীশ অদ্বিতীয় অবিনশ্বর লোকপতিগণ-পূজিত বিগ্রহ ঃ—

শ্রীমদ্ভাগবতে (৩।২।২১)—

স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥৩৩॥

কৃষ্ণ—(১) অসাম্যাতিশয় ঃ—

পরম ঈশ্বর কৃষ্ণ স্বয়ং ভগবান্ ।
তাতে বড়, তাঁর সম কেহ নাহি আন ॥ ৩৪ ॥

ব্রহ্মসংহিতায় (৫।১)—

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্ ॥ ৩৫ ॥

কৃষ্ণ—(২) ত্র্যধীশ ; (ক) গুণাবতারগত ১ম (বাহ্য) অর্থঃ—

ব্রহ্মা, বিষ্ণু, হর,—এই সৃষ্ট্যাদি-ঈশ্বর ।
তিনে আজ্ঞাকারী কৃষ্ণের, কৃষ্ণ—অধীশ্বর ॥ ৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

দেখাইয়া সর্ব্বদেশের কিঞ্চিৎ জ্ঞান দেওয়া যায়। এই ন্যায়কে 'শাখা-চন্দ্র-ন্যায়' বলে।

৩৩। তিনি স্বয়ং ব্রহ্মা, বিষ্ণু ও শিবের অধীশ্বর, অতএব তিনি সমান-হীন ও অতিশয় রহিত এবং স্বারাজ্যলক্ষ্মীদ্বারা সমস্ত কাম প্রাপ্ত হইয়াছেন। চির-লোকপালসকল তাঁহার পূজা দিতে আসিয়া তাঁহার পাদপীঠ স্তুতি করিতে গিয়া মস্তকে শোভিত কিরীটকোটি সকল নত করিয়া শব্দ করিয়া থাকেন।

অনুভাষ্য

হইলে ব্রহ্মা কৃষ্ণের ভক্তবাৎসল্য ও অধোক্ষজত্ব কীর্ত্তন করিতেছেন,—

হে প্রভো, জানন্তঃ (বিজ্ঞাঃ ত্বদচিন্ত্যানন্তগুণগণজ্ঞানা-ভিমানিনঃ) এব জানন্তু, বহূক্ত্যা (অতি প্রজল্পেন) কিম্ (অধিক-বাগ্বেগেন ফলং নাস্তীত্যর্থঃ)। তব বৈভবং মে (মম ব্রহ্মণঃ) বপুষঃ মনসঃ বাচঃ (কায়মনোবাক্যানাং) ন গোচরঃ (ন বিষয়ঃ, ন স্পর্শাধিকারঃ ভবতি)।

২৯। শাস্ত্রে বৃন্দাবন 'ষোলক্রোশ' বলিয়া উক্ত আছে। ইহারই একপার্শ্বে যাবতীয় বৈকুণ্ঠ ও সুবৃহৎ ব্রহ্মাণ্ডগণ প্রকাশিত।

৩৩। লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে 'শ্রীকৃষ্ণ—নারায়ণের বিলাস' এই পূর্ব্বপক্ষের খণ্ডনমুখে উত্তরপক্ষ বর্ণনে ৩০২-৩২৩ সংখ্যায় এই শ্লোকের ব্যাখ্যা ও কারিকা দ্রষ্টব্য।

অনুভাষ্য

শ্রীকৃষ্ণ অপ্রকট হইলে শ্রীল উদ্ধব তদ্বিয়োগ-জন্য শোকাকুল হইয়া শ্রীবিদুরের নিকট কৃষ্ণের বাল্যচরিত ও পারমৈশ্বর্য্য কীর্ত্তন করিতেছেন,—

স্বয়ং [ভগবান্] তু অসাম্যাতিশয়ঃ (ন সাম্যম্ অতিশয়শ্চ যস্মাৎ সঃ অসমোর্দ্ধঃ), ত্র্যধীশঃ (গোলোকপরব্যোমদেবীধাম্নাং, গোকুল-মথুরা-দ্বারকাধাম্নাং বা, কারণং চ সমষ্টিঃ হিরণ্যোগর্ভো বা ব্যষ্টিঃ বিরাট্ বেতি সর্গত্রয়াণাং বা, সত্ত্বরজস্তমোগুণাধিষ্ঠাতৃণাং বিষ্ণুব্রহ্মাশিবানাং বা, চিজ্জীবমায়াশক্তীনাং বা, ভূর্ভুবঃস্বরিতি ব্যাহৃতিত্রয়াণাং বা, স্বর্গমর্ত্ত্য-পাতাল-লোকত্রয়াণাং বা ঈশঃ অধিপতিঃ) স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ (পরমচিদানন্দস্বরূপ-সম্পত্ত্যা এব লব্ধনিখিলভোগঃ) বলিং (করম্ অর্হণং বা) হরদ্ভিঃ (সমর্পয়দ্ভিঃ) চিরলোকপালৈঃ (চিরকালীনৈঃ ব্রহ্মারুদ্রাদ্যৈঃ) কিরীট-কোটীড়িত-পাদপীঠঃ (কিরীটকোটিভিঃ কোটি মুকুটাগ্রেঃ ঈড়িতং বন্দিতং পাদপীঠং পাদসিংহাসন যস্য সঃ—উগ্রসেনং যৎ ন্যবোধয়ৎ, তৎ নঃ বিপ্লাপয়তীত্যুত্তরেণান্বয়ঃ)।

৩৫। আদি, ২য় পঃ ১০৭ সংখ্যা দ্রষ্টব্য।

৩৬। ব্রহ্মা—জগৎসৃষ্টিকর্ত্তা, বিষ্ণু—জগৎপালনকর্ত্তা, হর—জগৎসংহারকর্ত্তা, এই কর্ত্তৃত্রয় কৃষ্ণের আজ্ঞাবহ ভৃত্য ; কৃষ্ণই একমাত্র সর্ব্বেশ্বর।

অমৃতানুকণা—৩৩। শ্রীশ্রীমদ্ রূপ গোস্বামী প্রভু তাঁহার শ্রীলঘুভাগবতামৃত-গ্রন্থে আলোচ্য 'স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ' (ভাঃ ৩।২।২১)-শ্লোকের যে-ব্যাখ্যা স্বীয় কারিকা-মধ্যে প্রদান করিয়াছেন, তাহা এই প্রকার,—'অসাম্যাতিশয়ঃ'—যাঁহার অন্যের সহিত সাম্য নাই এবং যাঁহা হইতে আধিক্য নাই, এই দুই বিশেষণদ্বারা সকল ভগবৎস্বরূপ হইতে শ্রীকৃষ্ণের উৎকর্ষ নিরূপিত হইয়াছে, অতএব এস্থলে পরব্যোমনাথ অপেক্ষাও শ্রীকৃষ্ণের আধিক্য প্রদর্শিত হইল। 'স্বয়ং'—এই পদদ্বারা অন্য কাহাকেও অপেক্ষা করিয়া শ্রীকৃষ্ণের স্বরূপাদি প্রকাশিত হয় নাই, ইহাই কথিত হইল। শ্রীমদ্ভাগবতে শ্রীদশরথ-নন্দন শ্রীরামচন্দ্র-সম্বন্ধেও কথিত হইয়াছে,—'অধিকসাম্যবিমুক্তধাম্নঃ' (ভাঃ ৯।১১।২০)—তাঁহার প্রভাব আধিক্য ও সাম্যরহিত। কিন্তু তথাপি ইহাতে 'স্বয়ং' এই পদটী প্রযুক্ত হয় নাই। তজ্জন্য শ্রীকৃষ্ণের সহিত শ্রীরামের ঐক্য-হেতুই উক্ত "অধিকসাম্যবিমুক্তধাম্নঃ" বিশেষণের প্রয়োগ হইয়াছে, বুঝিতে হইবে,—যেহেতু শ্রীকৃষ্ণ ও শ্রীরামের মধ্যে নরলীলা, নরাকার ও নরস্বভাবের সাম্য আছে এবং সেহেতুই শ্রীকৃষ্ণের নিকট শ্রীরামরূপ অতিশয় প্রিয়। তাহা ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীকৃষ্ণবাক্যেও ব্যক্ত হইয়াছে,—"অন্তরঙ্গাস্বরূপা সে মৎস্য-কূর্ম্মাদয়স্ত্বমী। সর্ব্বাত্মনায়মত্রাপি শ্রীমদ্দশরথাত্মজঃ।।" অর্থাৎ 'মৎস্য-কূর্ম্মাদি অবতারসমূহ আমার অন্তরঙ্গস্বরূপ ; ইঁহাদের মধ্যে তথাপি দশরথপুত্র শ্রীরাম-স্বরূপই সর্ব্বতোভাবে অর্থাৎ নরলীলাদি-সাম্যে আমার অতিশয় প্রিয়।' "স্বয়ন্ত্বসাম্যাতিশয়ঃ", "কৃষ্ণস্তু ভগবান্

শ্রীমদ্ভাগবতে (২।৬।৩২)—

সৃজামি তন্নিযুক্তোঽহং হরো হরতি তদ্বশঃ।
বিশ্বং পুরুষরূপেণ পরিপাতি ত্রিশক্তিধৃক্ ॥ ৩৭ ॥

(খ) পুরুষাবতারগত ২য় (বাহ্য) অর্থ ঃ—

এ সামান্য, ত্র্যধীশ্বরের শুন অর্থ আর।
জগৎকারণ তিন পুরুষাবতার ॥ ৩৮ ॥

মহাবিষ্ণু, পদ্মনাভ, ক্ষীরোদকস্বামী।
এই তিন—স্থূল-সূক্ষ্ম-সর্ব্ব-অন্তর্যামী ॥ ৩৯ ॥

এই তিন—সর্ব্বাশ্রয়, জগৎ-ঈশ্বর।
ইঁহো—কলা-অংশ যাঁর, কৃষ্ণ—অধীশ্বর ॥ ৪০ ॥

ব্রহ্মসংহিতায় (৫।৪৪)—

যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইব যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৪১ ॥

(গ) কৃষ্ণাধীনধামগত ৩য় (গুহ্য) অর্থ ঃ—

এই অর্থ—বাহ্য, শুন 'গূঢ়' অর্থ আর।
তিন আবাস-স্থান কৃষ্ণের, শাস্ত্রে খ্যাতি যার ॥ ৪২ ॥

(১) অন্তরাবাস গোলোক-বৃন্দাবন-বর্ণন ঃ—

'অন্তঃপুর'—গোলোক-শ্রীবৃন্দাবন।
যাঁহা নিত্যস্থিতি মাতাপিতা-বন্ধুগণ ॥ ৪৩ ॥

মধুর ঐশ্বর্য্য-মাধুর্য্য-কৃপাদি-ভাণ্ডার।
যোগমায়া—দাসী, যাঁহা রাসাদি লীলা-সার ॥ ৪৪ ॥

গোস্বামিপাদোক্ত-শ্লোক—

করুণানিকুরম্বকোমলে মধুরৈশ্বর্য্যবিশেষশালিনি।
জয়তি ব্রজরাজনন্দনে ন হি চিন্তাকণিকাভ্যুদেতি নঃ ॥ ৪৫ ॥

(২) মধ্যমাবাস বিষ্ণুলোক বৈকুণ্ঠ-বর্ণন ঃ—

তার তলে পরব্যোম—'বিষ্ণুলোক'-নাম।
নারায়ণ-আদি অনন্ত স্বরূপের ধাম ॥ ৪৬ ॥

অনুভাষ্য

৩৭। মধ্য, ২০শ পঃ ৩১৮ সংখ্যা দ্রষ্টব্য।

৩৯। মহাবিষ্ণু—কারণোদশায়ী অর্থাৎ সর্ব্বান্তর্যামী ; পদ্মনাভ—ব্রহ্মার স্রষ্টা গর্ভোদশায়ী অর্থাৎ হিরণ্যগর্ভ, সমষ্টি বা সূক্ষ্মান্তর্যামী ; এবং ক্ষীরোদকস্বামী—বিষ্ণু অর্থাৎ বিরাট্, ব্যষ্টি স্থূলান্তর্যামী।

৪১। আদি, ৫ম পঃ ৭১ সংখ্যা দ্রষ্টব্য।

৪২। তিন আবাস-স্থান—(১) অন্তরাবাস গোলোক, (২) মধ্যমাবাস পরব্যোম, (৩) বাহ্যাবাস দেবীধাম।

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৫। করুণাসমূহদ্বারা কোমল, মধুরৈশ্বর্য্য-বিশেষযুক্ত ব্রজ-রাজনন্দন জয়যুক্ত হওয়ায় আমাদিগের চিন্তাকণিকারও অভ্যুদয় হয় না।

অনুভাষ্য

৪৫। করুণানিকুরম্বকোমলে (করুণাসমূহেন কোমলঃ স্বভাবঃ যস্য সঃ তস্মিন্) মধুরৈশ্বর্য্যবিশেষশালিনি (মাধুর্য্যৈ-শ্বর্য্য-বিচিত্র-সম্পত্তিসম্পন্নে) ব্রজরাজনন্দনে (কৃষ্ণে) জয়তি (সর্ব্বোৎকর্ষমাবিষ্কুর্ব্বতি) নঃ (অস্মাকং) চিন্তাকণিকা (চিন্তা-লবমাত্রম্ অপি) ন অভ্যুদেতি (আবির্ভবতি)।

স্বয়ম্" (ভাঃ ১।৩।২৮)—এই দুই শ্লোকে শ্রীকৃষ্ণের বিশেষ পরমৈশ্বর্য্য-বর্ণনায় যে 'স্বয়ং'-পদ দুইবার উক্ত হইয়াছে, ইহা শ্রীকৃষ্ণের অন্য স্বরূপের সহিত সাধর্ম্ম্যের ঐক্যহেতু নহে,—তাঁহার আধিক্যই স্বতঃসিদ্ধ।

"ত্র্যধীশঃ"—গোলোক, মথুরা এবং দ্বারকা-নামক যে ধামত্রয় আছে, উহাদের অধিপতি বলিয়া শ্রীকৃষ্ণ অধীশ্বর ; অথবা প্রকৃতির ঈশ (নিয়ন্তা) কারণোদশায়ী, বিরাটের অন্তর্যামী গর্ভোদশায়ী এবং ক্ষীরোদশায়ী—এই পুরুষাবতার-ত্রয়ের উপরিস্থ ঈশ্বর বলিয়া তিনি 'ত্র্যধীশ'। 'স্বারাজ্যলক্ষ্ম্যা আপ্তসমস্তকামঃ'—স্বারাজ্য-লক্ষ্মীহেতু সমস্ত কাম তাঁহাকে প্রাপ্ত হইয়াছে। তিনি 'স্ব'-দ্বারা অর্থাৎ আত্মদ্বারা অথবা আত্মভূতা শ্রেষ্ঠশক্তিদ্বারা বিরাজ করেন বলিয়া তিনি 'স্বরাট্' ; সেই স্বরাট্‌জনিত ভাব (ধর্ম্ম)ই—'স্বারাজ্য' নামে অভিহিত। সেই স্বারাজ্যই লক্ষ্মী—সর্ব্বাতিশায়িণী সম্পত্তি ; সেইহেতু সমস্ত কাম যাঁহাকে প্রাপ্ত হইয়াছে ; 'সমস্তকাম'-শব্দে—অভীষ্টবিষয়ের সিদ্ধিসমূহ।

'চিরলোকপাল'—চির অর্থাৎ চিরজীবী (দীর্ঘজীবী), লোকপাল—পদ্মজ ব্রহ্মাদি ; সেই লোকপালগণের কিরীট-কোটীদ্বারা অর্থাৎ শত শত অর্ব্বুদ মুকুটদ্বারা যাঁহার পাদপীঠদ্বয় (পাদুকাদ্বয়) 'ঈড়িত' অর্থাৎ সংস্তুত হইয়া থাকে, সেই শ্রীকৃষ্ণ। হীরকাদি রত্নময় মুকুটসমূহদ্বারা পাদপীঠের সংঘট্ট হইতে উত্থিত যে-শব্দপরম্পরা, তাহাই 'স্তুতি'-রূপে উদ্ভাবিত হইয়াছে। 'বলিং হরদ্ভিঃ'—নিজ নিজ কার্য্যে অবস্থিত ব্রহ্মাদি লোকপালগণের দ্বারা ভগবানের আজ্ঞাপালনই এস্থলে 'বলিহরণ' বলিয়া উক্ত হইয়াছে।

বিচিত্র নানাবিধ অনন্ত ব্রহ্মাণ্ড ভগবৎশক্তিতে প্রকাশমান। শ্রীহরির শক্তির বিচিত্রতাহেতু কতকগুলি ব্রহ্মাণ্ডের বিস্তৃতি শতকোটী যোজন, কতগুলির নিখর্ব্ব যোজন, কতগুলির পদ্মাযুত যোজন, আর কতকগুলির পরার্দ্ধশত যোজন। তাহাদের মধ্যে কতক ব্রহ্মাণ্ডে বিংশতি ভুবন, কতক ব্রহ্মাণ্ডে পঞ্চাশৎ, কোন ব্রহ্মাণ্ডে শত, কোন ব্রহ্মাণ্ডে সহস্র, কোন ব্রহ্মাণ্ডে অযুত, বা কোন ব্রহ্মাণ্ডে লক্ষ ভুবন আছে। সেইসকল ব্রহ্মাণ্ডে ব্রহ্মা-ইন্দ্রাদি লোকপালগণ নানারূপে বিরাজমান। তাঁহারা 'চিরলোকপাল' বলিয়া কথিত। তাঁহাদের কোটী কোটী মুকুটদ্বারা এই শ্রীকৃষ্ণের পাদপীঠ স্তুত হইয়া থাকে।

'মধ্যম-আবাস' কৃষ্ণের—ষড়ৈশ্বর্য্য-ভাণ্ডার।
অনন্ত স্বরূপে যাঁহা করেন বিহার ॥ ৪৭ ॥
অনন্ত বৈকুণ্ঠ যাঁহা—ভাণ্ডার-কোঠরি।
পারিষদগণে ষড়ৈশ্বর্য্যে আছে ভরি' ॥ ৪৮ ॥

ব্রহ্মসংহিতায় (৫।৪৩)—

গোলোকনাম্নি নিজধাম্নি তলে চ তস্য
দেবী-মহেশ-হরিধামসু তেষু তেষু।
তে তে প্রভাবনিচয়া বিহিতাশ্চ যেন
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৪৯ ॥

বিরজার অবস্থান-বর্ণন ঃ—

পাদ্মোত্তরখণ্ডে (২৫৫।৫৭)—

প্রধান-পরমব্যোম্নোরন্তরে বিরজা নদী।
বেদাঙ্গস্বেদজনিতৈস্তোয়ৈঃ প্রস্রাবিতা শুভা ॥ ৫০ ॥

পরব্যোম বা বৈকুণ্ঠাবস্থান-বর্ণন ঃ—

পাদ্মোত্তরখণ্ডে (২৫৫।৫৮)—

তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভূতং সনাতনম্।
অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্ ॥ ৫১ ॥

(৩) বাহ্যাবাস দেবীধামই জীবভোগক্ষেত্র মায়ারাজ্য ঃ—

তার তলে 'বাহ্যাবাস' বিরজার পার।
অনন্ত ব্রহ্মাণ্ড যাঁহা কোঠরি অপার ॥ ৫২ ॥
'দেবীধাম' নাম তার, জীব যার বাসী।
জগল্লক্ষ্মী রাখে, যাঁহা রহে মায়াদাসী ॥ ৫৩ ॥
এই তিন ধামের হয় কৃষ্ণ অধীশ্বর।
গোলোক-পরব্যোম—প্রকৃতির পর ॥ ৫৪ ॥

শুদ্ধসত্ত্বময় চিচ্ছক্তিবিলাস তদ্রূপবৈভব—কৃষ্ণের ত্রিপাদ-বিভূতি, দেবীধাম—একপাদ-বিভূতি ঃ—

চিচ্ছক্তিবিভূতি-ধাম—ত্রিপাদৈশ্বর্য্য-নাম।
মায়িক বিভূতি—একপাদ অভিধান ॥ ৫৫ ॥

ত্রিপাদবিভূতি—মায়াতীতা ও একপাদবিভূতি মায়িক ঃ—

লঘুভাগবতামৃতে (১।৫৬৩)—

ত্রিপাদ্বিভূতের্ধামত্বাৎ ত্রিপাদ্ভূতং হি তৎ পদম্।
বিভূতির্মায়িকী সর্ব্বা প্রোক্তা পাদাত্মিকা যতঃ ॥ ৫৬ ॥

একপাদবিভূতি দেবীধামের বর্ণন ঃ—

ত্রিপাদবিভূতি কৃষ্ণের—বাক্য-অগোচর।
একপাদ বিভূতির শুনহ বিস্তার ॥ ৫৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৯। গোলোকনামা নিজ-ধামের নিম্নে দেবী, মহেশ ও হরির ধামনিচয়ে সেই সমস্ত প্রভাবনিচয় যিনি বিহিত করিয়াছেন, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজন করি।

৫০। প্রধান অর্থাৎ মায়িকতত্ত্ব এবং পরব্যোম, এই দুয়ের মধ্যে বিরজা-নদী ; তাহা—মঙ্গলজনক বেদাঙ্গ অর্থাৎ পুরুষের ঘর্ম্মজনিতজলে স্রাবিত।

৫১। সেই বিরজার পারে অমৃত, নিত্য, সনাতন, অনন্ত পরম পদস্বরূপ, ত্রিপাদভূত, পরব্যোম আছেন ; তাৎপর্য্য এই যে,—পরব্যোম—চিজ্জগৎ। অতএব অশোক, অভয় ও অমৃতরূপ ত্রিপাদ-বিভূতি তাহাতে নিত্য বর্ত্তমান। মায়িকব্যাপার-সমুদায় মিলিত হইয়া কৃষ্ণের একপাদবিভূতি মাত্র।

অনুভাষ্য

৪৯। তস্য (কৃষ্ণস্য) গোলোকনাম্নি নিজধাম্নি তলে (নিম্নভাগে) দেবীমহেশহরিধামসু (পারম্পর্য্যক্রমেণ বৈকুণ্ঠ-শিবধাম-দেবীধামসু) তেষু তেষু চ যেন (গোবিন্দেন) তে তে প্রভাবনিচয়াঃ (বিক্রমসমূহাঃ) বিহিতাঃ (স্থাপিতাঃ) চ, তম্ আদিপুরুষং গোবিন্দম্ অহং ভজামি।

৫০। প্রধান-পরমব্যোম্নোঃ (দেবীধাম-বৈকুণ্ঠয়োঃ) অন্তরে (মধ্যে) বেদাঙ্গস্বেদজনিতৈঃ (বেদাঃ অঙ্গানি যস্য—"অস্য নিশ্বসিতম্" ইতি শ্রুতেঃ, তস্য ভগবতঃ ঘর্ম্মোদ্ভবৈঃ) তোয়ৈঃ (সলিলৈঃ) প্রস্রাবিতা (প্রবাহিতা) শুভা (জড়ক্রিয়াহীনা নৈষ্কর্ম্মরূপিণী চিন্মাত্রময়ী) বিরজা নদী [বর্ত্ততে]।

৫১। তস্যাঃ (বিরজায়াঃ নদ্যাঃ) পারে (তটে) ত্রিপাদ্ভূতং (তুরীয়ং) সনাতনম্ (নিত্যবর্ত্তমানম্) অমৃতম্ (অক্ষয়ং) শাশ্বতং নিত্যম্ অনন্তং পরমং পদং পরব্যোম।

৫৩। জীব—ভোগপরায়ণ বদ্ধজীব দেবীধামে বাস করে ; স্বারাজ্যলক্ষ্মী কৃষ্ণসেবিকা হইয়া কৃষ্ণের অভিলাষ পূরণ করেন, জগল্লক্ষ্মী দেবীধামবাসী জীবগণের রক্ষা করেন। 'যাঁহা'—এই দেবীধামে জগল্লক্ষ্মীর দাসী মায়াই অধিষ্ঠাত্রী।

৫৪। তিন ধাম—সর্ব্বোপরিধাম গোলোক, হরিধাম-পরব্যোম ও দেবীধাম। দেবীধাম হইতে মুক্ত জীব পরব্যোমে হরিসেবা না পাইলে মহেশ-ধাম লাভ করে। দেবীধামের উপরে হইলেও উহা হরিধাম-পরব্যোম নহে।

৫৫। হরিধাম-পরব্যোম ও গোলোক—অপ্রাকৃত চিচ্ছক্তি-বিভূতিবিশিষ্ট ধাম ; তাহা 'ত্রিপাদৈশ্বর্য্য'-নামে আখ্যাত। মায়িকবিভূতিযুক্ত দেবীধাম—'একপাদ'—নামে প্রসিদ্ধ।

৫৬। তৎপদং ত্রিপাদবিভূতের্ধামত্বাৎ ত্রিপাদভূতং হি

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৬। 'ত্রিপাদবিভূতি' ধাম বলিয়া সেই পদকে ত্রিপাদভূত বলে, আর সমস্ত মায়িক বিভূতি—একপাদমাত্র।

'চিরলোকপাল'-শব্দের অর্থ ঃ—

অনন্ত ব্রহ্মাণ্ডের যত ব্রহ্মা-রুদ্রগণ ।
চিরলোকপাল-শব্দে তাঁহার গণন ॥ ৫৮ ॥

কৃষ্ণৈশ্বর্য্যদর্শনার্থ আগত ব্রহ্মার দর্প-নাশ সম্বন্ধে একটী পৌরাণিক আখ্যান ঃ—

একদিন দ্বারকাতে কৃষ্ণ দেখিবারে ।
ব্রহ্মা আইলা,—দ্বারপাল জানাইল কৃষ্ণেরে ॥ ৫৯ ॥
কৃষ্ণ কহেন,—"কোন্ ব্রহ্মা, কি নাম তাহার?"
দ্বারী আসি' ব্রহ্মারে পুছে আর বার ॥ ৬০ ॥
বিস্মিত হঞা ব্রহ্মা দ্বারীকে কহিলা ।
'কহ গিয়া সনক-পিতা চতুর্ম্মুখ আইলা ॥' ৬১ ॥
কৃষ্ণে জানাঞা দ্বারী ব্রহ্মারে লঞা গেলা ।
কৃষ্ণের চরণে ব্রহ্মা দণ্ডবৎ কৈলা ॥ ৬২ ॥
কৃষ্ণ মান্য-পূজা করি' তাঁরে প্রশ্ন কৈল ।
"কি লাগি' তোমার ইঁহা আগমন হৈল?" ৬৩ ॥
ব্রহ্মা কহে,—"তাহা পাছে করিব নিবেদন ।
এক সংশয় মনে হয়, করহ ছেদন ॥ ৬৪ ॥
'কোন্ ব্রহ্মা?' পুছিলে তুমি কোন্ অভিপ্রায়ে?
আমা বই জগতে আর কোন্ ব্রহ্মা হয়ে?" ৬৫ ॥
শুনি' হাসি' কৃষ্ণ তবে করিলেন ধ্যানে ।
অসংখ্য ব্রহ্মার গণ আইলা ততক্ষণে ॥ ৬৬ ॥
দশ-বিশ-শত-সহস্র-অযুত-লক্ষ-বদন ।
কোট্যর্ব্বুদ মুখ কারো, না যায় গণন ॥ ৬৭ ॥
রুদ্রগণ আইলা লক্ষ-কোটি-বদন ।
ইন্দ্রগণ আইলা লক্ষ-কোটি-নয়ন ॥ ৬৮ ॥
দেখি' চতুর্ম্মুখ ব্রহ্মা ফাঁপর হইলা ।
হস্তিগণ-মধ্যে যেন মশক রহিলা ॥ ৬৯ ॥
আসি' সব ব্রহ্মা কৃষ্ণপাদপীঠ-আগে ।
দণ্ডবৎ করিতে মুকুট পাদপীঠে লাগে ॥ ৭০ ॥
কৃষ্ণের অচিন্ত্যশক্তি লিখিতে কেহ নারে ।
যত ব্রহ্মা, তত মূর্ত্তি একই শরীরে ॥ ৭১ ॥
পাদপীঠ-মুকুটাগ্র-সংঘট্টে উঠে ধ্বনি ।
পাদপীঠে স্তুতি করে মুকুট হেন জানি' ॥ ৭২ ॥
যোড়-হাতে ব্রহ্মা-রুদ্রাদি করয়ে স্তবন ।
"বড় কৃপা করিলা প্রভু, দেখাইলা চরণ ॥ ৭৩ ॥
ভাগ্য, মোরে বোলাইলা 'দাস' অঙ্গীকরি' ।
কোন্ আজ্ঞা হয়, তাহা করি' শিরে ধরি' ॥" ৭৪ ॥
কৃষ্ণ কহে,—"তোমা-সবা দেখিতে চিত্ত হৈল ।
তাহা লাগি' এক ঠাঞি সবা বোলাইল ॥ ৭৫ ॥
সুখী হও সবে, কিছু নাহি দৈত্য-ভয়?"
তারা কহে,—"তোমার প্রসাদে সর্ব্বত্রেই জয় ॥ ৭৬ ॥
সম্প্রতি পৃথিবীতে যেবা হৈয়াছিল ভার ।
অবতীর্ণ হঞা তাহা করিলা সংহার ॥" ৭৭ ॥
দ্বারকাদি বিভূতির এই ত' প্রমাণ ।
'আমারই ব্রহ্মাণ্ডে কৃষ্ণ' সবার হৈল জ্ঞান ॥ ৭৮ ॥
কৃষ্ণ-সহ দ্বারকা-বৈভব অনুভব হৈল ।
একত্র মিলনে কেহ কাহো না দেখিল ॥ ৭৯ ॥
তবে কৃষ্ণ সর্ব্ব-ব্রহ্মাগণে বিদায় দিলা ।
দণ্ডবৎ হঞা সবে নিজ ঘরে গেলা ॥ ৮০ ॥
দেখি' চতুর্ম্মুখ ব্রহ্মার হৈল চমৎকার ।
কৃষ্ণের চরণে আসি' কৈলা নমস্কার ॥ ৮১ ॥
ব্রহ্মা বলে,—"পূর্ব্বে আমি যে নিশ্চয় করিলুঁ ।
তার উদাহরণ আমি আজি ত' দেখিলুঁ ॥ ৮২ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৩৮)—

জানন্ত এব জানন্তু কিং বহূক্ত্যা ন মে প্রভো ।
মনসো-বপুষো বাচো বৈভবং তব গোচরঃ ॥ ৮৩ ॥

কৃষ্ণ কহে,—"এই ব্রহ্মাণ্ড পঞ্চাশৎ কোটি যোজন ।
অতি ক্ষুদ্র, তাতে তোমার চারি বদন ॥ ৮৪ ॥

অনুভাষ্য

(ত্রিচরণাত্মকম্ এব উচ্যতে) ; যতঃ সর্ব্বা মায়িকী বিভূতিঃ পাদাত্মিকা (একচরণা) প্রোক্তা (কথিতা)।

৫৮। চিরলোকপাল—ব্রহ্মাণ্ডের আধিকারিক চিরস্থায়ি-কার্য্যকারক ব্রহ্মারুদ্রাদি ; লোকপাল-শব্দে সাধারণতঃ অষ্ট-দিক্পাল—ইন্দ্র, অগ্নি, যম, বরুণ, নির্ঋতি, বায়ু, কুবের ও শিব।

৫৯-৮৯। লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে 'শ্রীকৃষ্ণ—নারায়ণের বিলাস' এই পূর্ব্বপক্ষের খণ্ডনমুখে শ্রীরূপকৃত-ব্যাখ্যা ও কারিকায় ৩১৩-৩২৩ সংখ্যায় এই আখ্যানটী বর্ণিত আছে।

অনুভাষ্য

৭৯। কৃষ্ণ এবং দ্বারকা-ধামের অলৌকিক বিভূতি চতুর্ম্মুখ ব্রহ্মা অনুভব করিলেন। যদিও দশ-শত-সহস্র-অযুত-লক্ষ-কোটি-মুখযুক্ত ব্রহ্মা ও রুদ্রগণ একত্র মিলিত হইলেন এবং এই সম্মিলন চতুর্ম্মুখ ও কৃষ্ণ দেখিলেন, তথাপি কৃষ্ণেচ্ছায় আগত বৃহৎ ব্রহ্মা ও বৃহৎ শিবসমূহের পরস্পরের সাক্ষাৎকার হয় নাই ; অথবা, ব্রহ্মশিবপুঞ্জের এতাদৃশ সংঘট্ট হইল যে, তাঁহাদের পরস্পর সাক্ষাৎকার ও আলাপাদি করিবার একেবারেই অবসর হয় নাই এবং কেহ কাহাকেও আদর বা অভ্যর্থনাও করিবার অবকাশ পান নাই।

কোন ব্রহ্মাণ্ড শতকোটি, কোন লক্ষকোটি ।
কোন নিযুতকোটি, কোন কোটি-কোটি ॥ ৮৫ ॥
ব্রহ্মাণ্ডানুরূপ ব্রহ্মার শরীর-বদন ।
এইরূপে পালি আমি ব্রহ্মাণ্ডের গণ ॥" ৮৬ ॥
'একপাদ বিভূতি', ইহার নাহি পরিমাণ ।
'ত্রিপাদ বিভূতি'র কেবা করে পরিমাণ ॥ ৮৭ ॥

পাদ্মোত্তরখণ্ডে (২৫৫।৫৮)—

তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভূতং সনাতনম্ ।
অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্ ॥ ৮৮ ॥

কৃষ্ণবৈভব—দুর্জ্ঞেয় ঃ—

তবে কৃষ্ণ ব্রহ্মারে দিলেন বিদায় ।
কৃষ্ণের বিভূতি-স্বরূপ জানন না যায় ॥ ৮৯ ॥

(ঘ) কৃষ্ণের তদ্রূপবৈভব-ধামগত ৪র্থ (গূঢ়) অর্থ ঃ—

'ত্র্যধীশ্বর'-শব্দের অর্থ 'গূঢ়' আর হয় ।
'ত্রি'-শব্দে কৃষ্ণের তিন লোক কয় ॥ ৯০ ॥

কৃষ্ণের ধামত্রয় ঃ—

গোলোকাখ্য গোকুল, মথুরা, দ্বারাবতী ।
এই তিন লোকে কৃষ্ণের সহজে নিত্যস্থিতি ॥ ৯১ ॥

স্বয়ং কৃষ্ণই ধামত্রয়ের সম্রাট্ ঃ—

অন্তরঙ্গ-পূর্ণৈশ্বর্য্যপূর্ণ তিন ধাম ।
তিনের অধীশ্বর কৃষ্ণ—স্বয়ং ভগবান্ ॥ ৯২ ॥

অনন্ত বৈকুণ্ঠ, ব্রহ্মাণ্ড ও দিক্‌সমূহের অধিপতিগণের বন্দিত-চরণ কৃষ্ণ ঃ—

পূর্ব্ব-উক্ত ব্রহ্মাণ্ডের যত দিক্‌পাল ।
অনন্ত বৈকুণ্ঠাবরণ, চিরলোকপাল ॥ ৯৩ ॥
তাঁ-সবার মুকুট কৃষ্ণপাদপীঠ-আগে ।
দণ্ডবৎকালে তার মণি পীঠে লাগে ॥ ৯৪ ॥
মণি-পীঠে ঠেকাঠেকি, উঠে ঝন্‌ঝনি ।
পীঠের স্তুতি করে মুকুট হেন জানি ॥ ৯৫ ॥

স্বারাজ্যলক্ষ্মীর অর্থ ঃ—

নিজ-চিচ্ছক্ত্যে কৃষ্ণ নিত্য বিরাজমান ।
চিচ্ছক্তি-সম্পত্তির 'ষড়ৈশ্বর্য্য' নাম ॥ ৯৬ ॥

তিনি—কৃষ্ণসেবিকা ঃ—

সেই স্বারাজ্যলক্ষ্মী করে নিত্য পূর্ণ কাম ।
অতএব বেদে কহে 'স্বয়ং ভগবান্' ॥ ৯৭ ॥

কৃষ্ণৈশ্বর্য্য—অগাধ অমৃতসিন্ধু ঃ—

কৃষ্ণের ঐশ্বর্য্য—অপার অমৃতের সিন্ধু ।
অবগাহিতে নারি, তার ছুঁইল এক বিন্দু ॥" ৯৮ ॥

ঐশ্বর্য্য-মাধুরী বর্ণন করিতে গিয়া প্রভুর কৃষ্ণবিগ্রহমাধুরী-স্ফূর্ত্তি ঃ—

ঐশ্বর্য্য কহিতে প্রভুর কৃষ্ণস্ফূর্ত্তি হৈল ।
মাধুর্য্যে মজিল মন, এক শ্লোক পড়িল ॥ ৯৯ ॥

অনুভাষ্য

৮৩। মধ্য, ২১শ পঃ ২৭ সংখ্যা দ্রষ্টব্য।

৮৪। ব্রহ্মাণ্ড শতকোটিযোজন ধরিলে তদর্দ্ধ পঞ্চাশৎ-কোটি-যোজন হয়। মনু লিখিয়াছেন,—"স্বয়মেবাত্মনো ধ্যানাৎ তদণ্ডমকরোদ্দ্বিধা।" সূর্য্যসিদ্ধান্ত ১২ অধ্যায়ে ৯০ শ্লোকে "খ-ব্যোম-খত্রয়-খসাগর-ষট্‌কনাগ-ব্যোমাষ্টশূন্য-যমরূপ-নগাষ্টচন্দ্রাঃ। ব্রহ্মাণ্ডসম্পুট-পরিভ্রমণং সমন্তাদভ্যন্তরে দিনকরস্য করপ্রসারঃ।।" সিদ্ধান্তশিরোমণিতে গ্রহগণিতে মধ্যমাধিকারে কক্ষা-প্রক্রমে তথা গোলাধ্যায়ে ভুবনকোশে ৬৭ শ্লোকে—"কোটিঘ্নৈর্নখনন্দষট্‌ক-নখভূভূভৃদ্-ভুজঙ্গেন্দুভির্জ্যোতিঃ শাস্ত্রবিদো বদন্তি নভসঃ কক্ষা-মিমাং যোজনৈঃ তদ্ব্রহ্মাণ্ড-কটাহসম্পুটতটে কেচিজ্জগুর্বেষ্টনং কেচিৎ প্রোচুরদৃশ্য-দৃশ্যকগিরিং পৌরাণিকাং সূরয়ঃ।।"* ১৮৭১২০৬৯২০০০০০০০০ যোজন খ-কক্ষা ; উহাকে কেহ কেহ ব্রহ্মাণ্ড-কটাহদ্বয়ের মিলনস্থলের বেষ্টন-পরিমাণ বলেন।

৮৮। মধ্য, ২১শ পঃ ৫১ শ্লোক দ্রষ্টব্য।

৯১। গোলোকে প্রকোষ্ঠত্রয়—(১) গোকুল, (২) মথুরা, (৩) দ্বারকা। কৃষ্ণলীলার প্রকোষ্ঠত্রয়ের ন্যায় গৌরলীলাতেও অন্তরঙ্গ পূর্ণৈশ্বর্য্যময় প্রকোষ্ঠত্রয় আছে,—(১) নবদ্বীপ-মণ্ডল, (২) শ্রীক্ষেত্রমণ্ডল, (দাক্ষিণাত্য?) ও (৩) ব্রজমণ্ডল।

৯৩। মধ্য, ২১শ পঃ ৫৮ সংখ্যা দ্রষ্টব্য।

৯৬। কৃষ্ণ—স্বারাজ্যলক্ষ্মীরূপ নিজ-চিচ্ছক্তিবিশিষ্ট হইয়া নিত্য বিরাজমান। ভগবানের চিচ্ছক্তিসম্পত্তিকেই 'ষড়ৈশ্বর্য্য' বলে। চিচ্ছক্তি—চিচ্ছক্তিমদ্‌বিগ্রহ কৃষ্ণের নিজশক্তি ও সেবিকা।

** মনু লিখিয়াছেন,—'তিনি স্বয়ং নিজ ধ্যান হইতে, সেই ব্রহ্মাণ্ড দুইভাগে বিভক্ত করিয়াছেন।" সূর্য্যসিদ্ধান্তে—"ব্রহ্মাণ্ডের কক্ষা ১৮৭১২০৮০৮৬৪০০০০০০ যোজন; ইহার মধ্যে সূর্য্যের কিরণের বিস্তার।" সিদ্ধান্তশিরোমণিতে—"জ্যোতির্ব্বিদগণ বলিয়াছেন, আকাশকক্ষার পরিমাণ ১৮৭১২০৬৯২০০০০০০০০ যোজন। এই পরিমাণকে কোন কোন পৌরাণিক পণ্ডিত ব্রহ্মাণ্ডরূপ কটাহের বেষ্টনের পরিমাণ বলেন। কেহ কেহ বলেন, ইহা লোকালোক পর্ব্বতের পরিমাণ।"*

স্বীয় নরলীলোপযুক্ত অলৌকিক লীলা-মাধুর্য্যে
কৃষ্ণ স্বয়ংই মুগ্ধ ঃ—
শ্রীমদ্ভাগবতে (৩।২।১২)—

"যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগমায়াবলং দর্শয়তা গৃহীতম্ ।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গম্ ॥১০০॥

দ্বিভুজ চিরকিশোর মুরলীধর-বিগ্রহ ঃ—

[যথা রাগঃ]

কৃষ্ণের যতেক খেলা, সর্ব্বোত্তম নরলীলা,
নরবপু তাহার স্বরূপ ।
গোপবেশ, বেণুকর, নবকিশোর, নটবর,
নরলীলার হয় অনুরূপ ॥ ১০১ ॥

কৃষ্ণের শ্রীবিগ্রহমাধুরী-বর্ণন ; কৃষ্ণরূপ—সর্ব্বসত্ত্বাকর্ষক ঃ—

কৃষ্ণের মধুর রূপ, শুন, সনাতন ।
যে রূপের এক কণ, ডুবায় যে ত্রিভুবন,
সর্ব্বপ্রাণী করে আকর্ষণ ॥ ১০২ ॥ ধ্রু ॥

নিত্যলীলা-প্রকটনে যোগমায়ার প্রভাব-প্রদর্শন ঃ—

যোগমায়া চিচ্ছক্তি, বিশুদ্ধসত্ত্ব-পরিণতি,
তার শক্তি লোকে দেখাইতে ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১০০। সেই শ্রীকৃষ্ণমূর্ত্তি—স্বীয় চিচ্ছক্তির বল প্রদর্শন করাইবার মানসে মর্ত্ত্যলীলার উপযোগী, আপনারও বিস্ময়জনক এবং সমস্ত সৌভাগ্য-ঋদ্ধির পরমপদ (পরাকাষ্ঠা) ও সমস্ত ভূষণকে ভূষিত করিতে সমর্থ।

অনুভাষ্য

১০০। শ্রীকৃষ্ণের অপ্রকট অবস্থায় শ্রীল উদ্ধব তদ্বিরহে শোককাতর হইয়া শ্রীবিদুরকে শ্রীকৃষ্ণের অতুল্য রূপ-মাধুর্য্য কীর্ত্তন করিতেছেন,—

যৎ (বিম্বং) মর্ত্ত্যলীলৌপয়িকং (মর্ত্ত্যলীলাসু ঔপয়িকং যোগ্যং নরাকারং) স্বযোগমায়াবলং (নিজচিচ্ছক্তেঃ বীর্য্যং) দর্শয়তা (প্রকাশয়তা) [ভগবতা স্বয়ং] গৃহীতং (স্বীকৃতং) স্বস্য চ (আত্মনঃ অপি) বিস্মাপনং (বিস্ময়জনকং) সৌভগর্দ্ধেঃ (সৌভাগ্যাতিশয়স্য) পরং পদং (পরাকাষ্ঠা, প্রতিষ্ঠা) ভূষণ-ভূষণাঙ্গং (ভূষণানাং ভূষণানি অঙ্গানি যস্মিন্ তৎ স্ববিম্বং) [প্রদর্শ্য অন্তরধাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ]।

অনুভাষ্য

১০১। কৃষ্ণের গোকুললীলা, বাসুদেব-সঙ্কর্ষণাদি পরব্যোম-লীলা, কারণার্ণবশায়ী প্রভৃতি পুরুষাবতার-লীলা, মৎস্য-কূর্ম্মাদি নৈমিত্তিক অবতার-লীলা, ব্রহ্মা-শিবাদি গুণাবতারলীলা, পৃথু-ব্যাসাদি আবেশাবতার-লীলা, সবিশেষ পরমাত্মাদি লীলা, নির্ব্বিশেষ ব্রহ্ম প্রভৃতি অনন্তক্রীড়াময় ভগবানের খেলাসমূহের মধ্যে, তারতম্য-বিচারে কৃষ্ণের নরলীলাই সর্ব্বশ্রেষ্ঠ। কৃষ্ণের স্বরূপ—নরবপু, গোপবেশ, বেণুহস্ত, নবকিশোর ও নটবর। কৃষ্ণস্বরূপ—নরলীলার সদৃশ, কিন্তু হেয়, মর্ত্ত্য, অনিত্য, অনু-পাদেয়, সসীম, অবিচ্ছিন্ন বা পরিচ্ছিন্ন প্রভৃতি প্রাকৃত বিশেষণ-মল-বিশিষ্ট নহে।

১০২। কৃষ্ণের মধুররূপের এককণা গোকুল, মথুরা ও দ্বারকা,—এই ভুবনত্রয়কে, বা অন্তঃপুর গোলোক-বৃন্দাবন, মধ্যমাবাস পরব্যোম ও বাহ্যাবাস দেবীধাম,—এই ত্রিভুবনকে ডুবাইয়া দিতে সমর্থ এবং তত্তৎ ত্রিভুবনস্থ প্রাণিগণকে রূপ-মাধুরীতে আকর্ষণ করে।

অমৃতানুকণা—১০০। শ্রীশ্রীমদ্রূপ-গোস্বামী প্রভুপাদ-কৃত 'লঘুভাগবতামৃতে' স্বীয় কারিকায় আলোচ্য শ্রীমদ্ভাগবতীয় শ্লোকের ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে,—'যন্মর্ত্ত্যলীলৌপয়িকং'—এস্থলে 'যৎ'পদদ্বারা ইহার পূর্ব্বশ্লোকস্থিত 'স্ববিম্বং' এই 'বিম্ব'-পদ আকর্ষিত হইয়াছে, অর্থাৎ যে বিম্ব (শ্রীবিগ্রহ) মর্ত্ত্যলীলাসমূহের অতিশয় উপযোগী। নানাপ্রকার আশ্চর্য্য মাধুর্য্য, বীর্য্য ও ঐশ্বর্য্যাদির সম্যক্ প্রকাশ হওয়ায় শ্রীকৃষ্ণের মর্ত্ত্যলীলা তাঁহার অপরাপর দেবলীলা অপেক্ষাও অতীব মনোহারিণী। এস্থলে যে 'বিম্ব'-পদ, তদ্দ্বারা সদ্গুণাবলীসম্পন্ন পরব্যোমনাথাদি সকল স্ব-স্বরূপগণের মূলতত্ত্ব যে শ্রীকৃষ্ণ, তাহাই ধ্বনিত হইল। অতএব, অশেষ রূপ ও গুণের আশ্রয় হেতু সেই বিম্ব যে বিচিত্র নরলীলার অতিশয় যোগ্য, তাহাই কথিত হইল। 'স্বযোগমায়াবলং'—স্বযোগমায়া অর্থাৎ চিৎশক্তি, তাঁহার 'বল' অর্থাৎ সামর্থ্য। তাঁহাকেই 'দর্শয়তা গৃহীতম্' অর্থাৎ সাক্ষাৎ করাইবার জন্য (তিনি যে বিম্ব) প্রকটিত করিয়াছেন। 'অহো, আমার চিৎশক্তির অদ্ভুত প্রভাব দর্শন কর, যাহার গন্ধমাত্রও দিব্যাতিদিব্য লোকসমূহে সম্ভবপর নহে'—এইরূপে চিৎশক্তি-প্রভাব দর্শন করাইতে শ্রীকৃষ্ণের এইপ্রকার জগমোহন-রূপ যে-যোগমায়ার দ্বারা আবিষ্কৃত হইয়াছে,—ইহাই সেই 'স্বযোগমায়া' ইত্যাদি পদের অভিপ্রায়। 'বিস্মাপনং স্বস্য চ'—সেই বিম্ব 'স্বস্য' অর্থাৎ নিজের ও পরব্যোমনাথাদি আত্মদর্শীর 'বিস্মাপন' অর্থাৎ নবনবায়মানরূপে পরমচমৎকারকারী। 'সৌভগর্দ্ধেঃ পরং পদং'— 'সৌভগর্দ্ধি' অর্থাৎ মহাশ্চর্য্য সৌন্দর্য্যের পরাকাষ্ঠা তাহার 'পরংপদ' অর্থাৎ নিত্য উৎকর্ষ-সম্পত্তির পরমাশ্রয়। 'ভূষণভূষণাঙ্গম্'—কৌস্তভ, মকর-কুণ্ডলাদি যে ভূষণ, তাহারও ভূষণস্বরূপ অর্থাৎ শোভাবর্দ্ধক যাঁহার অঙ্গসমূহ, সেই শ্রীবিগ্রহের অসমোর্দ্ধত্বই এস্থলে বর্ণিত হইয়াছে। এস্থলে 'শ্রীকৃষ্ণের যে বিম্ব (শ্রীবিগ্রহ) নিজেরও অত্যন্ত বিস্ময়-উৎপাদনকারী'—এইরূপ বাক্যে যে দেহ-দেহি-ভেদ প্রতীত হইতেছে, তাহা ঔপচারিক (আরোপিত) মাত্র, যেহেতু ভগবান্ ও ভগবদ্বিগ্রহ উভয়ই অভিন্ন এবং সচ্চিদানন্দঘন। কূর্ম্মপুরাণেও সেইপ্রকার কথিত আছে—"দেহ-দেহি-ভিদা চাত্র নেশ্বরে বিদ্যতে ক্বচিৎ"—পরমেশ্বরে কখনই দেহ-দেহি-ভেদ থাকে না।

এইরূপ রতন, ভক্তগণের গূঢ়ধন,
প্রকট কৈলা নিত্যলীলা হৈতে ॥ ১০৩ ॥

নিজরূপ-ভোগার্থ নিজেরই তীব্র আকাঙ্ক্ষা ঃ—

রূপ দেখি' আপনার, কৃষ্ণের হৈল চমৎকার,
আস্বাদিতে মনে উঠে কাম ।
'স্বসৌভাগ্য' যাঁর নাম, সৌন্দর্য্যাদি-গুণগ্রাম,
এইরূপ নিত্য তার ধাম ॥ ১০৪ ॥

গোলোকের আশ্রয়বর্গ বিষয়ের রূপে মুগ্ধ ও আকৃষ্ট ঃ—

ভূষণের ভূষণ অঙ্গ, তাঁহে ললিত ত্রিভঙ্গ,
তাহার উপর ভ্রূধনু-নর্ত্তন ।
তেরছে নেত্রান্তে বাণ, তার দৃঢ় সন্ধান,
বিন্ধে রাধা-গোপীগণ-মন ॥ ১০৫ ॥

কৃষ্ণরূপে পরব্যোমের নারায়ণ ও লক্ষ্মীগণও আকৃষ্ট ঃ—

ব্রহ্মাণ্ডোপরি পরব্যোম, তাঁহা যে স্বরূপগণ,
তাঁ-সবার বলে হরে মন ।
পতিব্রতা-শিরোমণি, যাঁরে কহে বেদবাণী,
আকর্ষয়ে সেই লক্ষ্মীগণ ॥ ১০৬ ॥

"রাধা-সঙ্গে যদা ভাতি, তদা মদনমোহনঃ" ঃ—

চড়ি' গোপী-মনোরথে, মন্মথের মন মথে,
নাম ধরে 'মদনমোহন' ।
জিনি' পঞ্চশর-দর্প, স্বয়ং নবকন্দর্প,
রাস করে লঞা গোপীগণ ॥ ১০৭ ॥

কৃষ্ণবেণু-মাধুরী-বর্ণন ঃ—

নিজ-সম সখা-সঙ্গে, গোগণ-চারণ রঙ্গে,
বৃন্দাবনে স্বচ্ছন্দে বিহার ।
যাঁর বেণুধ্বনি শুনি', স্থাবর-জঙ্গম প্রাণী,
পুলক, কম্প, অশ্রু বহে ধার ॥ ১০৮ ॥

কৃষ্ণরূপ বর্ণন ঃ—

মুক্তাহার—বকপাঁতি, ইন্দ্রধনু-পিঞ্ছ তথি,
পীতাম্বর—বিজলী-সঞ্চার ।
কৃষ্ণ নব-জলধর, জগৎ-শস্য-উপর,
বরিষয়ে লীলামৃত-ধার ॥ ১০৯ ॥

কৃষ্ণমাধুর্য্যরূপ সর্ব্বোৎকৃষ্ট ভগবত্তা একমাত্র ভাগবতেই বর্ণিত ঃ—

মাধুর্য্য ভগবত্তা-সার, ব্রজে কৈল পরচার,
তাহা শুক—ব্যাসের নন্দন ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৩। শ্রীকৃষ্ণমূর্ত্তি—তাঁহার চিচ্ছক্তি-নামক যোগমায়ার সন্ধিনীগত বিশুদ্ধসত্ত্ব-তত্ত্বের পরিণামস্বরূপ।

১০৪। সৌন্দর্য্যাদি গুণসমূহ যে চিত্তত্ত্বের পরমসৌভাগ্য, তাহা এই কৃষ্ণরূপেই নিত্য অবস্থিতি করে।

অনুভাষ্য

১০৩। পরব্যোমাদিতে বিশুদ্ধসত্ত্ব-পরিণতিরূপা চিচ্ছক্তি-যোগমায়ার অবস্থিতি নাই। সেই যোগমায়ার অপূর্ব্ব অসামান্য শক্তির কার্য্য দেখাইতে ভক্তগণের নিতান্ত গোপনীয় ও আদরণীয় রত্নস্বরূপ নিত্যলীলা গোলোক হইতে প্রপঞ্চে প্রকট করিলেন।

১০৪। কৃষ্ণরূপের অসামান্য চমৎকারিতা এরূপ যে, তাহা স্বয়ং কৃষ্ণেরই বিস্ময় উৎপন্ন করে এবং উহা আস্বাদন করিবার জন্য কৃষ্ণেরই উৎকণ্ঠা বৃদ্ধি পায়। সমগ্র সৌন্দর্য্য, জ্ঞান, ঐশ্বর্য্য, বীর্য্য, যশ ও বৈরাগ্যাত্মক ষড়ৈশ্বর্য্যপূর্ণ নিজ সৌভাগ্যাতিশয় কৃষ্ণেই নিত্যস্থিত।

১০৫। অলঙ্কার—অঙ্গের ভূষণ; কিন্তু কৃষ্ণাঙ্গ-শোভা এতাদৃশ অপরূপ যে, কৃষ্ণের অঙ্গ যেন অলঙ্কারেরও অলঙ্কার। তাদৃশ অঙ্গশোভা-সত্ত্বেও ললিত-ত্রিভঙ্গে যেন অধিক পরিমাণে শোভা বৃদ্ধি পাইয়াছে। তৎসত্ত্বেও চক্ষুর উপরিভাগে ধনুতুল্য ভ্রূ নৃত্য করিতেছে। তির্য্যগ্ভাবে অপাঙ্গদৃষ্টিরূপ বাণ ভ্রূধনুতে সংযোগ করিয়া রাধা এবং তদনুগ গোপীগণের মনকে বিদ্ধ করিবার উদ্দেশে দৃঢ়ভাবে সন্ধান করিতেছে।

অনুভাষ্য

১০৬। কৃষ্ণের রূপ এতাদৃশ মনোহর যে, তাহা প্রাকৃত-জগতের সকল প্রাণী ও দেবতা দূরে যাউক, ব্রহ্মাণ্ডের উপরি পরব্যোমস্থ নারায়ণাদি কৃষ্ণস্বরূপের মনও বলপূর্ব্বক হরণ করে। বেদে যে লক্ষ্মীগণকে একমাত্র 'পতিব্রতা-শিরোমণি' বলিয়া উক্তি করেন, তাঁহারাও কৃষ্ণসৌন্দর্য্যে আকৃষ্ট হইয়া কৃষ্ণপাদপদ্ম অভিলাষ করেন।

১০৭। গোপীর অনুকূল চিত্তবৃত্তিরূপ মনোরথে আরোহণ করিয়া তাঁহাদের দ্বারা নিজসেবা স্বীকারপূর্ব্বক কন্দর্পের মনো-মথন করিয়া 'মদনমোহন'-নামে সংজ্ঞিত হন। রূপরসগন্ধশব্দ-স্পর্শাত্মক পঞ্চবাণাধিপ মদনের স্বসৌন্দর্য্যদ্বারা নারী-বিমোহনরূপ অহঙ্কার পদদলিত করিয়া কৃষ্ণ স্বয়ং নবকন্দর্প (ব্রজে অপ্রাকৃত নবীন মদন)-সজ্জায় গোপীগণের সহিত রাসে ক্রীড়া করেন।

১০৯। কৃষ্ণের গলদেশে যে মুক্তামালার হার আছে, উহা শুভ্র বকশ্রেণী-সদৃশ, কৃষ্ণের শিরোদেশে যে ময়ূরপাখা আছে, তাহা ইন্দ্রধনুতুল্য এবং কৃষ্ণের পীতবসন বিদ্যুতের ন্যায়। কৃষ্ণ—যেন নবমেঘসদৃশ, আর গোপীজন—যেন জগতের শস্য-রাশিসদৃশ। সেই শস্যনিচয়ের উপর মেঘের বারিবর্ষণের ন্যায় কৃষ্ণ স্বীয় লীলা-মৃতধারা বর্ষণপূর্ব্বক তাঁহাদের জীবন-সঞ্চারী। বর্ষাকালে বক উড়ে, রামধনু এবং তড়িৎও দেখা যায়।

স্থানে স্থানে ভাগবতে, বর্ণিয়াছে জানাইতে,
তাহা শুনি' নাচে ভক্তগণ ॥" ১১০ ॥

কৃষ্ণগুণ-বর্ণনমুখে প্রভুর গোপীসৌভাগ্য বর্ণন ঃ—

কহিতে কৃষ্ণের রসে, শ্লোক পড়ে প্রেমাবেশে,
প্রেমে সনাতন-হাত ধরি'।
গোপী-ভাগ্য, কৃষ্ণ-গুণ, যে করিল বর্ণন,
ভাবাবেশে মথুরা-নাগরী ॥ ১১১ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৪৪।১৪)—

"গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপং
লাবণ্যসারমসমোর্দ্ধমনন্যসিদ্ধম্।
দৃগ্‌ভিঃ পিবন্ত্যনুসবাভিনবং দুরাপ-
মেকান্তধাম যশসঃ শ্রিয় ঐশ্বরস্য ॥ ১১২ ॥

কৃষ্ণের তারুণ্যামৃত-সিন্ধুর লাবণ্যামৃত-তরঙ্গে গোপী নিত্য ভাসমানা ঃ—

তারুণ্যামৃত—পারাবার, তরঙ্গ—লাবণ্যসার,
তাতে সে আবর্ত্ত ভাবোদ্‌গম।
বংশীধ্বনি—চক্রবাত, নারীর মন—তৃণপাত,
তাহা ডুবায়, না হয় উদ্‌গম ॥ ১১৩ ॥

কৃষ্ণরূপ-সুধাপানে গোপী কৃতকৃতার্থ ঃ—

সখি হে, কোন্ তপ কৈল গোপীগণ।
কৃষ্ণরূপ-সুমাধুরী, পিবি' পিবি' নেত্র ভরি',
শ্লাঘ্য করে জন্ম-তনু-মন ॥ ১১৪ ॥ ধ্রু ॥

কৃষ্ণরূপ-মাধুর্য্য—অসমোর্দ্ধ, নারায়ণে তদভাব ঃ—

যে মাধুরীর ঊর্দ্ধ আন, নাহি যার সমান,
পরব্যোমে স্বরূপের গণে।
যিঁহো সর্ব্ব-অবতারী, পরব্যোম-অধিকারী,
এ মাধুর্য্য নাহি নারায়ণে ॥ ১১৫ ॥

প্রমাণ,—নারায়ণী লক্ষ্মীরও কৃষ্ণমাধুর্য্যে লোভ ঃ—

তাতে সাক্ষী সেই রমা, নারায়ণের প্রিয়তমা,
পতিব্রতাগণের উপাস্যা।
তিঁহো যে মাধুর্য্যলোভে, ছাড়ি' সব কামভোগে,
ব্রত করি' করিলা তপস্যা ॥ ১১৬ ॥

অন্যান্য প্রকাশবিগ্রহে স্বেচ্ছানুরূপ প্রয়োজনমত স্বীয় স্বতঃসিদ্ধ মাধুর্য্যাংশ-প্রকটন ঃ—

সেই ত' মাধুর্য্য-সার, অন্য-সিদ্ধি নাহি তার,
তিঁহো—মাধুর্য্যাদি-গুণখনি।
আর সব প্রকাশে, তাঁর দত্ত গুণ ভাসে,
যাঁহা যত প্রকাশে কার্য্য জানি ॥ ১১৭ ॥

কৃষ্ণমাধুর্য্য ও গোপীপ্রেম, উভয়ই নিত্যনবনবায়মান ঃ—

গোপীভাব-দরপণ, নব নব ক্ষণে ক্ষণ,
তার আগে কৃষ্ণের মাধুর্য্য।
দোঁহে করে হুড়াহুড়ি, বাড়ে মুখ নাহি মুড়ি,
নব নব দোঁহার প্রাচুর্য্য ॥ ১১৮ ॥

রাগানুগা ভক্তি ব্যতীত কৃষ্ণমাধুর্য্য সুদুর্ল্লভ ঃ—

কর্ম্ম, তপ, যোগ, জ্ঞান, বিধি-ভক্তি, জপ, ধ্যান,
—ইঁহা হৈতে মাধুর্য্য দুর্ল্লভ।
কেবল যে রাগমার্গে, ভজে কৃষ্ণে অনুরাগে,
তারে কৃষ্ণ-মাধুর্য্য সুলভ ॥ ১১৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১০। মাধুর্য্য ভগবত্তাসার,—সমগ্র ঐশ্বর্য্য, সমগ্র বীর্য্য, সমগ্র যশ, সমগ্র সৌন্দর্য্য, সমগ্র জ্ঞান, সমগ্র বৈরাগ্য,—এই ছয়টী গুণকে 'ভগবত্তা' বলে ; তন্মধ্যে সমগ্র শ্রীর নাম 'মাধুর্য্য'। তাহাই ষড়্‌বিধ ভগবত্তার সার ; তাহারই নামান্তর 'মাধুর্য্য' ; শ্রীকৃষ্ণ-মূর্ত্তিতে মাধুর্য্যপ্রধান ভগবত্তা এবং নারায়ণাদিতে ঐশ্বর্য্যপ্রধান ভগবত্তা।

১১৩। নিত্যতরুণতারূপ মহাসমুদ্রের তরঙ্গবৎ লাবণ্যসার কৃষ্ণ-শরীরে লক্ষিত হয়। তাহাতে ভাবোদ্‌গম আবর্ত্ত অর্থাৎ ঘূর্ণি, এবং বংশীধ্বনি—ঘূর্ণিবায়ু ; এমতস্থলে নারীর চিত্ত তৃণপাতের ন্যায় পড়িয়া গেলে আর উঠিতে পারে না।

১১৭। সেই কৃষ্ণমাধুর্য্য—অনন্যসিদ্ধ অর্থাৎ স্বয়ংসিদ্ধ, অন্য কোন গুণাদিদ্বারা সিদ্ধ নয়। সেই কৃষ্ণমূর্ত্তি তাঁহার অন্যান্য প্রকাশে অর্থাৎ নারায়ণাদি-মূর্ত্তিতে স্বীয় প্রকাশের দ্বারা যে যে কার্য্য হইবে, তদনুরূপ ঐশ্বর্য্যবীর্য্যাদি গুণ প্রকট করাইয়াছেন।

অনুভাষ্য

১১০। ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবানের ভগবত্তা-সারই মাধুর্য্য ; ঐ মাধুর্য্য ব্রজেই প্রচারিত হইয়াছে। সেই ভক্তহৃদয়োন্মাদিনী মাধুর্য্য-কণা দ্বৈপায়নপুত্র শ্রীশুকদেব শ্রীমদ্ভাগবতের স্থানে স্থানে ভক্তগণের জন্য বর্ণনা করিয়াছেন।

১১১। মথুরাবাসিনীগণ গোপীর অসামান্য সৌভাগ্য ও কৃষ্ণের অলৌকিক গুণ ভাবভরে যেরূপ বর্ণন করিয়াছেন, শ্রীগৌরহরি 'কৃষ্ণরস' বলিতে গিয়া প্রেমপূর্ণ হইয়া সনাতনের হাত ধরিয়া প্রেমাবেশে সেই শ্লোক পড়িলেন।

১১২। আদি, ৪র্থ পঃ ১৫৬ সংখ্যা দ্রষ্টব্য।

১১৩। চক্রবাত—গোলাকার চক্রসদৃশ ঘূর্ণিবায়ু।

ব্রজে স্বয়ং ভগবান্ ব্রজেন্দ্রনন্দন হইতেই
অন্যান্য ভগবত্তা ঃ—

সেইরূপ ব্রজাশ্রয়, ঐশ্বর্য্য-মাধুর্য্যময়,
দিব্যগুণগণ-রত্নালয় ।
আনের বৈভব-সত্তা, কৃষ্ণদত্ত ভগবত্তা,
কৃষ্ণ—সর্ব্ব-অংশী, সর্ব্বাশ্রয় ॥ ১২০ ॥

কৃষ্ণ—নিখিল চিন্ময়সদ্‌গুণ-সমাশ্রয় ঃ—

শ্রী, লজ্জা, দয়া, কীর্ত্তি, ধৈর্য্য, বৈশারদী মতি,
এই সব কৃষ্ণে প্রতিষ্ঠিত ।
সুশীল, মৃদু, বদান্য, কৃষ্ণ বিনা নাহি অন্য,
কৃষ্ণ করে জগতের হিত ॥ ১২১ ॥

কৃষ্ণরূপমাধুর্য্য-পানে অনিমেষত্ব আকাঙ্ক্ষ চক্ষু ঃ—

কৃষ্ণ দেখি' যত জন, কৈল নিমিষে নিন্দন,
ব্রজে বিধি নিন্দে গোপীগণ ।"
সেই সব শ্লোক পড়ি', মহাপ্রভু অর্থ করি',
সুখে মাধুর্য্য করে আস্বাদন ॥ ১২২ ॥

কৃষ্ণমুখপদ্ম-মধুপানে জড়সুলভ তৃপ্তি নাই ; গোপীগণের
প্রতিক্ষণে আনন্দাম্বুধি-বর্দ্ধন ঃ—
শ্রীমদ্ভাগবতে (৯।২৪।৬৫)—

"যস্যাননং মকরকুণ্ডলচারুকর্ণ-
ভ্রাজৎকপোলসুভগং সবিলাসহাসম্ ।
নিত্যোৎসবং ন ততৃপুর্দৃশিভিঃ পিবন্ত্যো
নার্য্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ॥ ১২৩ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৩১।১৫)—

অটতি যদ্ভবানহ্নি কাননং ত্রুটির্যুগায়তে ত্বামপশ্যতাম্ ।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাম্ ॥১২৪

কামগায়ত্রী—সাক্ষাৎকৃষ্ণবিগ্রহ, এক একটী অক্ষর—
এক একটী অঙ্গপ্রত্যঙ্গ ঃ—

[যথা রাগঃ]

কামগায়ত্রী-মন্ত্ররূপ, হয় কৃষ্ণের স্বরূপ,
সার্দ্ধ চব্বিশ অক্ষর তার হয় ।
সে অক্ষর 'চন্দ্র' হয়, কৃষ্ণ করি' উদয়,
ত্রিজগৎ কৈলা কামময় ॥ ১২৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২০। নারায়ণাদির যে বৈভবসত্তা, তাহাকে কৃষ্ণদত্ত ভগবত্তা বলিয়া জানিবে।

১২১। নারায়ণে শ্রী, লজ্জা, দয়া, কীর্ত্তি, ধৈর্য্য, বৈশারদী মতিরূপ যে-সকল গুণগণ প্রদীপ্ত, সে সমস্ত কৃষ্ণের দ্বারা তাহাতে প্রতিষ্ঠিত হইয়াছে। কিন্তু সৌশীল্য, মৃদুতা ও বদান্যতা কৃষ্ণ বিনা অন্য কোন প্রকাশে দেখা যায় না।

অনুভাষ্য

১১৯। কর্ম্ম, তপ, যোগ, জ্ঞান, বিধিভক্তি, জপ, ধ্যান প্রভৃতি সাধনবশে মাধুর্য্য-প্রাপ্তি ঘটে না ; কৃষ্ণমাধুর্য্য কেবলমাত্র রাগমার্গে কৃষ্ণ-নামভজনে অনুরাগবিশিষ্ট ব্যক্তিরই সহজপ্রাপ্য।

১২২। নিমিষে নিন্দন—চক্ষের আবরণ-পত্রকে 'পক্ষ্ম' বলে। তাহা চক্ষের উপরে সন্নিবেশ করায় দৃষ্টির বাধা হয় বলিয়া নিন্দা।

১২৩। শ্রীল শুকদেব মহারাজ পরীক্ষিৎকে যদুবংশ বর্ণন করিতে করিতে শ্রীকৃষ্ণের অবতারের উদ্দেশ্য ও সর্ব্বলোকমনোহর অতুল সুন্দর রূপমাধুর্য্য বর্ণন করিতেছেন,—

যস্য (কৃষ্ণস্য) মকরকুণ্ডলচারুকর্ণভ্রাজৎকপোলসুভগং (মকরকুণ্ডলাভ্যাং চারু শোভিতৌ কর্ণৌ তাভ্যাং ভ্রাজন্তৌ

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৩। যাঁহার মুখচন্দ্র, মকরকুণ্ডল-শোভিত কর্ণ, শোভমান কপোল, সৌন্দর্য্য, সবিলাস হাস—এইসমস্ত নিত্যোৎসব চক্ষুর্দ্বারা পান করিয়া নরনারীগণ পরমানন্দিত হইতেন এবং দর্শনবাধক চক্ষুর নিমেষের প্রতি কিঞ্চিৎ কুপিত হইতেন।

১২৫। কামগায়ত্রীমন্ত্র—কৃষ্ণস্বরূপ। কামবীজকে অর্দ্ধ অক্ষর ধরিয়া তাহাতে সাড়ে চব্বিশ অক্ষর হয়।

অনুভাষ্য

সমুজ্জ্বলৌ যৌ কপোলৌ গণ্ডদেশৌ, তাভ্যাং সুভগং কমনীয়ং) সবিলাসহাসং (সবিলাসঃ সলীলঃ হাসঃ যস্মিন্ তৎ) নিত্যোৎসবং (নিত্যম্ উৎসবঃ আনন্দঃ যস্মিন্ তৎ) আননং (মুখপদ্মং) নার্য্যঃ নরাঃ দৃশিভিঃ (নেত্রৈঃ) পিবন্ত্যঃ [অপি] ন তু ততৃপুঃ (তৃপ্তাঃ) [নিমেষোন্মেষমাত্রব্যবধানমপ্যসহমানাস্তৎকর্ত্তুঃ] নিমেঃ (বিধাতুঃ) কুপিতাঃ (ক্রুদ্ধাঃ চ বভূবুঃ)।

১২৪। আদি, ৪র্থ পঃ ১৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

১২৫। কামগায়ত্রী—মধ্য ৮ম পঃ ১৩৭ সংখ্যা দ্রষ্টব্য। কামগায়ত্রীর সাড়ে চব্বিশ অক্ষরই কৃষ্ণাঙ্গে সাড়ে চব্বিশ চন্দ্রোপম, এবং উহা—কৃষ্ণস্বরূপ, যেহেতু উহা—সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্বত্রয়-সমন্বিত।

অমৃতানুকণা—১২৫। "পদ্মপুরাণের সৃষ্টিখণ্ডে উল্লেখ আছে যে, বেদমাতা গায়ত্রীও গোপীজন্ম লাভ করিয়া শ্রীকৃষ্ণসঙ্গম লাভ করিয়াছিলেন। সেই সময় হইতেই তিনি কামগায়ত্রীরূপ ধারণ করেন। ** কামগায়ত্রী অবশ্য অনাদি। সেই অনাদি গায়ত্রী প্রথমে বেদমাতা গায়ত্রীরূপে প্রকট ছিলেন। পরে সাধনবলে এবং অন্যান্য উপনিষদ্‌গণের সৌভাগ্য আলোচনা করত গোপালোপনিষদের সহিত ব্রজে জন্মগ্রহণ করেন। কামগায়ত্রীরূপে নিত্য হইয়াও তিনি বেদমাতা-গায়ত্রীরূপে নিত্য পৃথক্ অবস্থান করেন।" (জৈবধর্ম্ম, ৩২ অঃ)

কৃষ্ণের ২৪॥০টী অঙ্গ-চন্দ্রের উপর শ্রীমুখচন্দ্রের রাজত্ব ঃ—

সখি হে, কৃষ্ণ মুখ—দ্বিজরাজ-রাজ ।
কৃষ্ণবপু-সিংহাসনে, বসি' রাজ্য-শাসনে,
করে সঙ্গে চন্দ্রের সমাজ ॥ ১২৬ ॥ ধ্রু ॥

দুই গণ্ড সুচিক্কণ, জিনি' মণি-সুদর্পণ,
সেই দুই পূর্ণচন্দ্র জানি ।
ললাটে অষ্টমী-ইন্দু, তাহাতে চন্দন-বিন্দু,
সেহ এক পূর্ণচন্দ্র মানি ॥ ১২৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৬। দ্বিজরাজচন্দ্র—চন্দ্রের রাজা। সেই কৃষ্ণমুখচন্দ্র রাজা হইয়া, কৃষ্ণশরীররূপ সিংহাসনে বসিয়া, (অঙ্গ-প্রত্যঙ্গাদি) চন্দ্রের সমাজ লইয়া মাধুর্য্যরাজ্য শাসন করিতেছেন। কোথায় কোন্ চন্দ্র, তাহা পরে কথিত হইতেছে।

১২৭। অষ্টমী-ইন্দু—অর্দ্ধচন্দ্র।

অনুভাষ্য

১২৬। কৃষ্ণমুখমণ্ডল-চন্দ্রই চন্দ্ররাজ ; (১) মুখচন্দ্র, (২) বামগণ্ডচন্দ্র, (৩) দক্ষিণগণ্ডচন্দ্র, (৪) চন্দনবিন্দুচন্দ্র, (৫-১৪) করনখচন্দ্র, (১৫-২৪) পদনখচন্দ্র, (২৪॥০) ললাটের অর্দ্ধচন্দ্র; —এই ২৪॥০টী চন্দ্রের সমাজ লইয়া কৃষ্ণমুখ-চন্দ্ররাজা কৃষ্ণ-দেহরূপ রাজসিংহাসনে বসিয়া রাজত্ব করিতেছেন।

শ্রীশ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর 'মন্ত্রার্থ-দীপিকা'-গ্রন্থে সার্দ্ধচব্বিশ-অক্ষরাত্মক কামগায়ত্রী-মন্ত্রের যে ব্যাখ্যা-রহস্য জ্ঞাপন করেন, তাহার বঙ্গানুবাদ এইরূপ,—"হে বৈষ্ণবগণ, আমার এই 'কামগায়ত্রী'-র ব্যাখ্যার লিখন-বৃত্তান্ত আপনারা শ্রবণ করুন। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রাকৃত বর্ণানুক্রমে কামগায়ত্রীর বর্ণসংখ্যা সাড়ে চব্বিশ বলিয়া যাহা লিখিয়াছেন, সেই মতানুসারে আমিও তাহা লিখিতেছি। তাহা যথা,—"কামগায়ত্রী মন্ত্ররূপ, হয় কৃষ্ণের স্বরূপ, সার্দ্ধচব্বিশ অক্ষর তার হয়। সে অক্ষর চন্দ্র হয়, কৃষ্ণ করি উদয়, ত্রিজগৎ কৈল কামময়।।"—এই প্রমাণ অবলম্বন করিয়া পূর্ব্বমতানুসারে অনুক্রম সংস্থাপিত হইতেছে। কিন্তু শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী কামগায়ত্রীর অক্ষরসংখ্যা 'পঞ্চবিংশতি' পরিত্যাগ করিয়া কোন্ প্রমাণে বা কি অভিপ্রায়ে সার্দ্ধ-চতুর্ব্বিংশতি বলিলেন, তাহা আমার বুদ্ধিগোচরের অভাব। নানা পাঠ্য ও শ্রাব্য শাস্ত্রবিচারে অর্দ্ধাক্ষরের সম্ভাবনা নাই, অতএব মহাসন্দেহ-সাগরে নিমগ্ন হইলাম। যদি কেহ বলেন, মাত্রাহীন 'ত'কার (ৎ)—অর্দ্ধাক্ষর, তাহা হইলে মাত্রাহীন অক্ষর এস্থলে অন্য আরও আছে, অতএব ইহাও নহে। ব্যাকরণ, পুরাণ, আগম, নাট্য-অলঙ্কারাদি শাস্ত্রে স্বরবর্ণ-ব্যঞ্জনবর্ণ-ভেদে পঞ্চাশৎ বর্ণই নির্ণীত আছে, সেস্থলে কোন অর্দ্ধাক্ষর নাই। তাহা যেমন,—শ্রীহরিনামামৃত-ব্যাকরণে সংজ্ঞাপাদে "নারায়ণাদুদ্ভুতোঽয়ং বর্ণক্রমঃ"—এইরূপে 'অ'-কারাদি ও 'ক'-কারাদি পঞ্চাশৎ বর্ণ,—এইপ্রকার অন্য ব্যাকরণেও। পুনরায় বৃহন্নারদীয় পুরাণে শ্রীরাধিকা-সহস্রনাম-স্তোত্রে বৃন্দাবনেশ্বরী শ্রীরাধা—পঞ্চাশৎ-বর্ণরূপিণী। এইপ্রকারে অন্য শাস্ত্রেও এবং মাতৃকাদি-প্রকরণেও কোথাও আমি সার্দ্ধ-পঞ্চাশৎ বর্ণক্রম দেখিলাম না। তাহা হইলে এইসকল শাস্ত্র কি শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর বুদ্ধিগোচর হয় নাই? ইহাও সম্ভব নহে, যেহেতু তিনি ভ্রম-প্রমাদাদি দোষশূন্য বলিয়া সকলই জ্ঞাত আছেন।

পুনরায়, যদি মাত্রাহীন 'ত'কার (অর্থাৎ সর্ব্বশেষ 'প্রচোদয়াৎ'এর 'ৎ')-কেই অর্দ্ধাক্ষর-রূপে নিশ্চয় করা হয়, তাহা হইলে কি শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী ক্রমভঙ্গ করিয়া (অর্দ্ধচন্দ্র) লিখিয়াছেন? যেহেতু উক্ত বর্ণক্রমানুসারে শ্রীকৃষ্ণের মুখ-গণ্ড-চরণান্ত এইক্রমে সর্ব্বশেষ যে শ্রীচরণ হয়, উহাকে পরিত্যাগ করিয়া তিনি ললাটে অর্দ্ধচন্দ্র সংস্থাপন করিয়াছেন। তাহা যথা,—শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যলীলায় একবিংশ পরিচ্ছেদে শ্রীসনাতন-শিক্ষাপ্রসঙ্গে সম্বন্ধতত্ত্ব বিচারে,—"সখি হে, কৃষ্ণমুখ দ্বিজরাজ-রাজ। কৃষ্ণবপু-সিংহাসনে, বসি রাজ্যশাসনে, করে সঙ্গে চন্দ্রের সমাজ।। দুই গণ্ড সুচিক্কণ, জিনি মণি সুদর্পণ, সেই দুই পূর্ণচন্দ্র মানি।। * * সব লোক করে আপ্যায়িত।।"—এইরূপে দ্বিবিধ অনুবাদ-দ্বারা বহু বাদানন্তরেও এস্থলে কোন মীমাংসা হইল না। তখন সকল উপায় ত্যাগ করিয়া অন্নপানাদি ছাড়িয়া আমি মনোদুঃখে দেহত্যাগের অভিপ্রায়ে রাধাকুণ্ডতটে গমন করিলাম। যখন মন্ত্রাক্ষর অবগতি না হয়, তখন কিরূপে মন্ত্রদেবতা গোচর হইবেন, অতএব দেহত্যাগই কর্ত্তব্য, (স্থির করিলাম)।

তাহার পর রাত্রি দ্বিতীয় প্রহর হইলে পর আমি তন্দ্রা লাভ করিলে দেখিলাম যে, শ্রীবৃষভানুনন্দিনী আসিয়া বলিতেছেন,—'হে বিশ্বনাথ! হে হরিবল্লভ! তুমি উঠ। শ্রীকৃষ্ণদাস কবিরাজ যাহা লিখিয়াছে, তাহাই সত্য। সে আমার নর্ম্মসখী—আমার অনুগ্রহে আমার অন্তর সকলই জানে। সুতরাং তাহার বাক্যে সন্দেহ করিও না। ইহা আমার উপাসনা-মন্ত্র—আমিও এই মন্ত্রাক্ষরদ্বারা বেদ্যা। আমার অনুগ্রহ বিনা অন্য কেহই তাহা জানিতে পারে না। 'বর্ণাগমভাস্বৎ'-এ অর্দ্ধাক্ষর-নিরূপণ যাহা আছে, যাহা দেখিয়া শ্রীকৃষ্ণদাস কবিরাজ লিখিয়াছে, তাহা শ্রবণ কর। তৎপর তুমি এই গ্রন্থ দেখিয়া সকলের উপকার-জন্য প্রমাণ সংগ্রহ কর।" ইহা শ্রবণ করিয়া শীঘ্র চেতনা লাভ করিলাম। জাগ্রত হইয়া সন্দেহ মোচন হওয়ায় 'হা রাধে' এইরূপ মুহুর্মুহুঃ বিলাপ করত তাঁহার আদেশ হৃদয়ে ধারণ করিয়া তাহা পালনের জন্য যত্নবান্ হইলাম। অর্দ্ধাক্ষর-নির্ণয়ে শ্রীরাধিকা-বাক্য যথা—"ব্যস্ত-যকারোঽর্দ্ধাক্ষরং ললাটেঽর্দ্ধচন্দ্রবিম্বঃ তদিতরং পূর্ণাক্ষরং পূর্ণচন্দ্রঃ।" অন্তে 'বি'-যুক্ত 'য'-কার—অর্দ্ধাক্ষর (অর্থাৎ 'কামদেবায়'-পদের 'য'-কারের পর 'বিদ্মহে'-পদের 'বি'-অক্ষর থাকায় উক্ত 'য'-কার অর্দ্ধাক্ষর')। উহাই ললাটে অর্দ্ধচন্দ্র-স্বরূপ। এতদ্ভিন্ন আর সমস্তই পূর্ণাক্ষর এবং পূর্ণচন্দ্র-স্বরূপ। * * 'বর্ণাগম-ভাস্বৎ'-এ প্রমাণ, যথা—"বিকারান্ত-যকারেণ অর্দ্ধাক্ষরং প্রকীর্ত্তিতম্।।"

করনখ—চান্দের ঠাট, বংশী-উপর করে নাট,
তার গীত মুরলীর তান।
পদনখ-চন্দ্রগণ, তলে করে নর্ত্তন,
নূপুরের ধ্বনি যার গান ॥ ১২৮ ॥

বিলাস-মত্ত ক্ষত্রিয়ের ন্যায় কৃষ্ণমুখপদ্ম—
গোপীচিত্ত বিদ্ধকারী ঃ—

নাচে মকর-কুণ্ডল, নেত্র—লীলা-কমল,
বিলাসী রাজা সতত নাচায়।
ভ্রূ—ধনু, নেত্র—বাণ, ধনুর্গুণ—দুই কাণ,
নারীমন-লক্ষ্য বিন্ধে তায় ॥ ১২৯ ॥

মহাবদান্যরূপে সকলকে অঙ্গ-চন্দ্রনিচয় হইতে
অমৃত-বিতরণ ঃ—

এই চান্দের বড় নাট, পসারি' চান্দের হাট,
বিনিমূলে বিলায় নিজামৃত।
কাঁহো স্মিত-জ্যোৎস্নামৃতে, কাঁহারে অধরামৃতে,
সব লোক করে আপ্যায়িত ॥ ১৩০ ॥

কামক্রীড়ামত্ত মুখচন্দ্ররাজের মন্ত্রী ও প্রমোদ-
বিলাস-ভবনাদি-বর্ণন ঃ—

বিপুলায়তারুণ, মদন-মদ-ঘূর্ণন,
মন্ত্রী যার এ দুই নয়ন।
লাবণ্য—কেলি-সদন, জন-নেত্র-রসায়ন,
সুখময় গোবিন্দ-বদন ॥ ১৩১ ॥

কৃষ্ণমুখচন্দ্র-দর্শনে গোপীর নবনবায়মানা, নিত্য বর্দ্ধমানা, পরম-
চমৎকারময়ী চিন্ময়ী অতৃপ্তি, তজ্জন্য বিধি-নিন্দা ঃ—

যাঁর পুণ্যপুঞ্জ-ফলে, সে মুখ দর্শন মিলে,
দুই আঁখি কি করিবে পানে?
দ্বিগুণ বাড়ে তৃষ্ণা-লোভ, পিতে নারে—মনঃক্ষোভ,
দুঃখে করে বিধির নিন্দনে ॥ ১৩২ ॥

বিধি—কৃষ্ণমাধুরী-রস-বোধহীন ঃ—

না দিলেক লক্ষ কোটি, সবে দিলা আঁখি দুটি,
তাতে দিলা নিমিষ-আচ্ছাদন।
বিধি—জড় তপোধন, রসশূন্য তার মন,
নাহি জানে যোগ্য সৃজন ॥ ১৩৩ ॥

বিধিকে পরামর্শ ও উপদেশ-দান ঃ—

যে দেখিবে কৃষ্ণানন, তার করে দ্বি-নয়ন,
বিধি হঞা হেন অবিচার।
মোর যদি বোল ধরে, কোটি আঁখি তার করে,
তবে জানি যোগ্য সৃষ্টি তার ॥ ১৩৪ ॥

কৃষ্ণের অঙ্গমাধুরী, বদন-মাধুরী ও হাস্য-মাধুরীতে
গোপীভাবান্বিত প্রভুর লোভ ঃ—

কৃষ্ণাঙ্গ-মাধুর্য্য—সিন্ধু, সুমধুর মুখ—ইন্দু,
অতি-মধু স্মিত—সুকিরণ।
এ তিনে লাগিল মন, লোভে করে আস্বাদন,
শ্লোক পড়ে, স্বহস্ত-চালন ॥ ১৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩১। বিপুল বিস্তৃত অরুণবর্ণ-স্বরূপ দুই নয়ন—সেই কৃষ্ণমুখ-রূপ রাজার মন্ত্রী, তাহা মদনের মদকে নষ্ট করে।

অনুভাষ্য

১২৮। ঠাট—স্থিতি ; নাট— নাট্য।

১২৯। কৃষ্ণমুখচন্দ্র—বিলাসী রাজা ; সেই মুখচন্দ্র মকুর-কুণ্ডল ও নেত্রপদ্মকে সর্ব্বদা নৃত্য করান। ভ্রূ—ধনুসদৃশ, নেত্র—তাহার শর ; কর্ণদ্বয়—ধনুর্গুণে আবদ্ধ ; আকর্ণবিস্তৃতচক্ষুর্দ্বারা কৃষ্ণ গোপ-নারীমন-রূপ লক্ষ্যবস্তুকে বিদ্ধ করে।

১৩০। এই মুখচন্দ্রের নাট্য সকলকেই অতিক্রম করে এবং অন্য সাড়ে তেইশটী চন্দ্ররূপ পণ্যদ্রব্যে হাট বিস্তার করিয়া নিজামৃত বিনামূল্যে বিতরণ করে। কোন ক্রেতাকে মধুর হাস্যরূপ জ্যোৎস্নামৃতদ্বারা, কোন ক্রেতাকে অধরামৃতদ্বারা এবং অন্যান্য সকলকে অন্যপ্রকারে আপ্যায়িত করেন।

১৩২। ভক্তিজনিত অনুষ্ঠানেই ভক্ত্যুন্মুখী 'সুকৃতি' উৎপন্ন হয়। অবলোকনকারীর দুইটী চক্ষুদ্বারা তাদৃশ কৃষ্ণমুখ কতটুকুই পান করা সম্ভব হয়? তাহার তৃষ্ণা ও লোভ দ্বিগুণ বর্দ্ধিত

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩২। 'দুই আঁখি কি করিবে পানে'—দর্শকের দুইটী চক্ষু কিরূপে সেই অমৃতসমুদ্র পান করিতে পারে?

১৩৫। 'এ তিনে লাগিল মন'—কৃষ্ণাঙ্গ-মাধুর্য্য—যেন সিন্ধু,

অনুভাষ্য

হইলেও অভীপ্সিত পরিমাণ-মত পান করিতে না পাইয়া, নিজের অযোগ্যতা ও অভাববশতঃ তাহার মন বিশেষভাবে ক্ষুব্ধ হয় ; দ্রষ্টা তখন দুঃখিতচিত্তে নিজসৃষ্টিকর্ত্তাকে দোষ দিতে থাকে।

১৩৩। অতৃপ্ত দ্রষ্টা তখন খেদসহকারে বলেন যে,—'আমার লক্ষ-কোটি চক্ষু নাই, কেবলমাত্র দুইটী আছে, তাহাও আবার পাতা দিয়া ঢাকা ; মাঝে মাঝে যখন স্বল্পক্ষণের জন্য পলক পতিত হয়, তৎকালেও আবার কৃষ্ণ-দর্শনের ব্যাঘাত হয়। এইজন্য শরীর-নির্ম্মাণ-কর্ত্তা বিধি—নিতান্ত নির্ব্বোধ এবং কৃষ্ণদর্শন-সেবা ছাড়িয়া তুচ্ছ তপস্যারত হওয়ায় আদৌ 'রসজ্ঞ' নহেন, সৃষ্ট্যাদি শুষ্ককার্য্যকারক-মাত্র,—কোথায় কিরূপ বিধান করা উচিত, তদ্বিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ।

১৩৪। আমার পরামর্শ গ্রহণ করিয়া, কৃষ্ণমুখদ্রষ্টার কোটি

গোপীর নিকট কৃষ্ণাঙ্গ, কৃষ্ণানন ও কৃষ্ণহাস্য-
মাধুরীর তারতম্য ঃ—
শ্রীকৃষ্ণকর্ণামৃতে (৯২) বিল্বমঙ্গলবাক্য—

মধুরং মধুরং বপুরস্য বিভোর্মধুরং মধুরং বদনং মধুরম্ ।
মধুগন্ধি-মৃদুস্মিতমেতদহো মধুরং মধুরং মধুরং মধুরম্ ॥১৩৬॥

গোপীভাবান্বিত প্রভুর কৃষ্ণমাধুর্য্যাস্বাদনে নিত্যবর্দ্ধমান-অতৃপ্তি ঃ—

সনাতন, কৃষ্ণমাধুর্য্য—অমৃতের সিন্ধু ।
মোর মন—সন্নিপাতি, সব পিতে করে মতি,
দুর্দ্দৈব, বৈদ্য না দেয় এক বিন্দু ॥ ১৩৭ ॥ ধ্রু ॥

কৃষ্ণাঙ্গ—মধুর, কৃষ্ণমুখ—মধুরতর, কৃষ্ণহাস্য—মধুরতম ঃ—

কৃষ্ণাঙ্গ—লাবণ্যপূর, মধুর হৈতে সুমধুর,
তাতে সেই মুখ সুধাকর ।
মধুর হৈতে সুমধুর, তাহা হইতে সুমধুর,
তাঁর যেই স্মিত জ্যোৎস্না-ভর ॥ ১৩৮ ॥

সমগ্র ত্রিভুবনই—সেই হাস্যচন্দ্রিকালোক-স্নাত ঃ—

মধুর হৈতে সুমধুর, তাহা হৈতে সুমধুর,
তাহা হৈতে অতি সুমধুর ।
আপনার এককণে, ব্যাপে সব ত্রিভুবনে,
দশদিক্ ব্যাপে যার পূর ॥ ১৩৯ ॥

কৃষ্ণের ক্রীড়াবিগ্রহ বেণু-মাধুরীতে ত্রিভুবনই উন্মত্ত ঃ—

স্মিত-কিরণ-সুকর্পূরে, পৈশে অধর-মধুরে,
সেই মধু মাতায় ত্রিভুবনে ।
বংশীছিদ্র আকাশে, তার গুণ শব্দে পৈশে,
ধ্বনিরূপে পাঞা পরিণামে ॥ ১৪০ ॥

কৃষ্ণবংশী—ব্রহ্মাণ্ড, পরব্যোম ও গোলোকস্থ যাবতীয়
শুদ্ধসত্ত্বের, বিশেষতঃ শৃঙ্গার-রসের
আশ্রয়বর্গের উন্মাদিনী ঃ—

সে ধ্বনি চৌদিকে ধায়, অণ্ড ভেদি' বৈকুণ্ঠে যায়,
বলে পৈশে জগতের কাণে ।
সবা মাতোয়াল করি', বলাৎকারে আনে ধরি',
বিশেষতঃ যুবতীর গণে ॥ ১৪১ ॥

বেণুমাধুরীর প্রভাব ঃ—

ধ্বনি—বড় উদ্ধত, পতিব্রতার ভাঙ্গে ব্রত,
পতি-কোল হৈতে টানি' আনে ।

অমৃতপ্রবাহ ভাষ্য

তাঁহার সুমধুর মুখ—যেন তদুখ চন্দ্র, এবং তাঁহার অতি মধুর হাসি—যেন সেই চন্দ্রের কিরণ—এই তিনটীতে মন লাগিল।

১৩৬। এই কৃষ্ণের বপু—মধুর, ইঁহার বদন—মধুর ও ইঁহার মৃদুহাস্য—মধুগন্ধি ; অহো! ইঁহার সমস্তই মধুর।

১৩৭। ধাতুতে ত্রিদোষ জন্মিলে তাহাকে 'সন্নিপাত' বলে। আমার মন যখন, কৃষ্ণাঙ্গমাধুর্য্য, কৃষ্ণের মুখমাধুর্য্য ও কৃষ্ণের হাস্যমাধুর্য্য,—এই তিনটীর আঘাত পাইয়া পীড়িত হইয়াছে, তখন আমার মন যে সন্নিপাত-রোগেই পীড়িত হইয়াছে, তাহাতে সন্দেহ নাই। উহা সেই সেই সৌন্দর্য্যরসসমুদ্রের প্রতি পিপাসু হইয়া দৌড়াইতেছে। সাধারণ সন্নিপাত-রোগের বৈদ্য যেরূপ রোগীকে একবিন্দুও জলপান করিতে দেয় না, তদ্রূপ আমার এই রোগের বৈদ্য কৃষ্ণ বই আর কেহ না থাকিলেও তিনি তাঁহার সৌন্দর্য্যামৃত-সমুদ্রের একবিন্দুও আমাকে পান করিতে দেন না,—ইহাই দুঃখ (দুর্দ্দৈব)!!

অনুভাষ্য

চক্ষু বিধান করিলেই বিধিকে আমি সৃষ্টিকরণ-বিষয়ে যোগ্য বলিয়া জানিতাম।

১৩৫। সাধারণতঃ প্রথম দৃষ্টিতে কৃষ্ণের অঙ্গরূপ মাধুর্য্য-সমুদ্র-দর্শন, বিশেষ দ্বিতীয়-দৃষ্টিতে অঙ্গ-সিন্ধুস্থিত সুমধুর মুখ-চন্দ্র এবং সবিশেষ তৃতীয়-দর্শনে মধুরাদপি অতিমধুর মৃদুহাস্য-রূপ মুখচন্দ্র-কিরণ,—এই তিনের মাধুর্য্য প্রভুর শ্লোকপাঠ-কালে ক্রমে ক্রমে উদিত হইতে লাগিল এবং প্রভুর স্বহস্তচালন-বিকার দেখা দিল।

১৩৬। অস্য বিভোঃ (কৃষ্ণস্য) বপুঃ (মূর্ত্তিঃ অঙ্গং বা) মধুরং মধুরং (তাদৃশ-স্বয়ংরূপেতর-সর্ব্ববিগ্রহাণাং রূপতারতম্যেন অতি-মধুরম্) ; [কৃষ্ণস্য] বদনং (চ) মধুরং মধুরং মধুরং (কৃষ্ণাঙ্গ-তারতম্যেন অতিতরং মধুরম্) ; অহো, এতৎ মধুগন্ধি (মধু-সুরভিযুক্তং) মৃদু-স্মিতং (মন্দহাস্যং চ) মধুরং মধুরং মধুরং মধুরং (কৃষ্ণদেহ-কৃষ্ণমুখ-তারতম্যেন অতিতমং মধুরম্)।

১৩৭। বিপ্রলম্ভ-রসে গোপীভাবে ভাবিত প্রভুর কৃষ্ণ-মাধুর্য্যাস্বাদ-পিপাসা এত তীব্র যে, তিনি অপার কৃষ্ণমাধুর্য্য আস্বাদন করিয়াও অপ্রাকৃত পরমচমৎকারময় উত্তরোত্তর বর্দ্ধন-শীল তৃপ্ত্যভাবহেতু প্রবল আবেগ ও উৎকণ্ঠাবশতঃ সামান্য পরিমাণেও কৃষ্ণমাধুর্য্য আস্বাদন করিতে পাইতেছেন না বলিয়া খেদ ও আক্ষেপ করিতেছেন।

১৩৮। তাঁর—কৃষ্ণমুখচন্দ্রের ; (স্মিত জ্যোৎস্না-ভর)—কৃষ্ণমুখে মন্দহাস্য—যেন গোপীজনাহ্লাদকারিণী চন্দ্রিকার পূর্ণালোক।

১৩৯। যদিও শ্রীমুখের একপার্শ্বে সেই হাস্য দেখা দেয়, তাহা হইলেও তাহাতে গোলোক, পরব্যোম ও দেবীধাম ব্যাপ্ত হইয়া, দশদিক্ আলোকে ভরিয়া যায়।

বৈকুণ্ঠের লক্ষ্মীগণে, যেই করে আকর্ষণে,
তার আগে কেবা গোপীগণে ॥ ১৪২ ॥
নীবি খসায় পতি-আগে, গৃহধর্ম্ম করায় ত্যাগে,
বলে ধরি' আনে কৃষ্ণস্থানে।
লোকধর্ম্ম, লজ্জা, ভয়, সব জ্ঞান লুপ্ত হয়,
ঐছে নাচায় সব নারীগণে ॥ ১৪৩ ॥

কৃষ্ণেতর নিখিলশব্দ-স্তম্ভনকারী ঃ—

কাণের ভিতর বাসা করে, আপনে তাঁহা সদা স্ফুরে,
অন্য শব্দ না দেয় প্রবেশিতে।
আন কথা না শুনে কাণ, আন বুঝিতে বোলয় আন,
এই কৃষ্ণের বংশীর চরিতে ॥ ১৪৪ ॥

প্রভুর বাহ্যদশায় আগমন, অমানী ও মানদ-ধর্ম্ম ঃ—

পুনঃ কহে বাহ্যজ্ঞানে, আন কহিতে কহিলুঁ আনে,
কৃষ্ণ-কৃপা তোমার উপরে।
মোর চিত্ত-ভ্রম করি', নিজৈশ্বর্য্য-মাধুরী,
মোর মুখে শুনায় তোমারে ॥ ১৪৫ ॥

গোপীভাবান্বিত প্রভুর কৃষ্ণমাধুর্য্যগ্রস্ত স্বীয় চিত্তের বশ্যতা ও সৌভাগ্য প্রখ্যাপন ঃ—

আমি ত' বাউল, আন কহিতে আন কহি।
কৃষ্ণের মাধুর্য্যস্রোতে আমি যাই বহি' ॥" ১৪৬ ॥

প্রভুর ক্ষণকাল মৌনভাব ঃ—

তবে মহাপ্রভু ক্ষণেক মৌন করি' রহে।
মনে এক করি' পুনঃ সনাতনে কহে ॥ ১৪৭ ॥

কৃষ্ণমাধুর্য্য-শ্রবণকারীর কৃষ্ণপ্রেমসুখে নিমজ্জন ঃ—

কৃষ্ণের মাধুরী আর মহাপ্রভুর মুখে।
ইহা যেই শুনে, সেই ভাসে প্রেমসুখে ॥ ১৪৮ ॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১৪৯ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে সম্বন্ধতত্ত্ববিচারে শ্রীকৃষ্ণৈশ্বর্য্যমাধুর্য্যবর্ণনং নাম একবিংশঃ পরিচ্ছেদঃ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৩। নীবি—ঘাগ্‌রার কোমরবন্ধ-বাশি।

১৪৪। 'কাণের ভিতর বাসা করে'—'আমরা—গোপী, আমাদের কাণের ভিতর বংশীধ্বনি বাসা করে অর্থাৎ সর্ব্বদা যেন কাণে লাগিয়াই আছে।'

১৪৫। এই প্রেমাবেশে কৃষ্ণতত্ত্ব বলিতে বলিতে বাহ্যজ্ঞান-শূন্য হইয়া মহাপ্রভু যে রসসন্দর্ভ আনিলেন, এই স্থান তাহার বর্ণন-স্থল নয় ; অতএব বলিতেছেন,—আমি একবিষয় বলিতে অন্য বিষয় বলিতেছি ; কৃষ্ণ কৃপা করিয়া আমার চিত্তভ্রম জন্মাইয়া তাঁহার নিজের ঐশ্বর্য্যমাধুরী তোমাকে শুনাইলেন।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে একবিংশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

১৪০। স্মিতকিরণ-সুকর্পূরে—অল্পহাস্যকিরণরূপ কর্পূরে। পৈশে—প্রবেশ করে।

১৪১। অণ্ড ভেদি'—ব্রহ্মাণ্ডরূপ প্রাকৃত-রাজ্য ভেদ করিয়া অপ্রাকৃত বৈকুণ্ঠে গমন করে এবং বলপূর্ব্বক গোপীজন-জগতের কর্ণে প্রবেশ করে।

১৪৪। কৃষ্ণের বংশীর রব গোপীজনের কর্ণে আবাস স্থাপন করিয়া আপনা হইতেই ধ্বনি-স্ফূর্ত্তিতে গোপীকে উন্মত্তপ্রায় রাখেন, তখন তাঁহার কর্ণে অন্য কোন শব্দ প্রবেশ করিতে না পারায়, তিনি অন্যমনা হইয়া যথাযথ উত্তর দিতে পারেন না। সেই বংশীধ্বনি গোপীকে সম্পূর্ণ বিমনা করিয়া ফেলে।

ইতি অনুভাষ্যে একবিংশ পরিচ্ছেদ।

দ্বাবিংশ পরিচ্ছেদ

কথাসার—এই দ্বাবিংশ পরিচ্ছেদে শ্রীমন্মহাপ্রভু অভিধেয়-তত্ত্ব বর্ণন করিয়াছেন। প্রথমেই জীবের তত্ত্ব, পরে ভক্তির শ্রেষ্ঠতা এবং কেবল-জ্ঞানযোগাদির অকর্ম্মণ্যতা, সর্ব্বজীবের ভক্তি-বিষয়ক কর্ত্তব্যতা ব্যাখ্যা করিয়াছেন এবং জ্ঞানিদিগের মুক্ত্যভিমান যে বৃথা, তাহাও দেখাইয়াছেন। ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কাম পরিত্যাগ-পূর্ব্বক শুদ্ধভক্তিযোগে অভীষ্ট বা প্রয়োজনাদি সমস্তই সিদ্ধ হয়। যদিও কোন ব্যক্তির ভজনকালে সেই সকল কাম অজ্ঞতা-বশতঃ কিছু অনুসৃত থাকে, তথাপি কৃষ্ণ তাহা দূর করিয়া তাঁহাকে শুদ্ধভক্তি দেন। মহৎকৃপা ব্যতীত ভক্তির উদয় হয় না, এইজন্য সাধুসঙ্গ অবশ্যই কর্ত্তব্য। শ্রদ্ধাই অনন্যভক্তিতে অধিকার দেয়। অতঃপর প্রভু উহার এবং অনন্যভক্তদিগের প্রকারভেদ এবং বৈষ্ণবদিগের স্বভাবসকল বর্ণন করিলেন। স্ত্রীসঙ্গ

ও অভক্ত-সঙ্গই অসৎসঙ্গ। এই দুইটীকেই পরিত্যাগপূর্ব্বক বর্ণাশ্রমাসক্তি ছাড়িয়া কৃষ্ণের শরণাগত হওয়া চাই। শরণাগতির ছয় লক্ষণও ব্যাখ্যাত হইয়াছে। সাধনভক্তি—বৈধী-রাগানুগা-ভেদে দুইপ্রকার। বৈধীভক্তির চতুঃষষ্টি অঙ্গই প্রধান ; তন্মধ্যে শেষ পঞ্চাঙ্গই অত্যন্ত বলবান্। ভক্তির একাঙ্গ বা বহু অঙ্গসাধনেও ফল হয়। জ্ঞান-বৈরাগ্য-যোগাদি কখনই ভক্তির অঙ্গ নয় ; অহিংসা, যম, নিয়মাদির জন্য কোন পৃথক্ চেষ্টা করিতে হয় না ; তাহারা ভক্তির সঙ্গে সঙ্গে থাকে। রাগানুগা ভক্তি—রাগাত্মিকা-ভক্তিরই অনুগামিনী। ব্রজবাসিগণের রাগাত্মিকা ভক্তিই মুখ্যা। রাগাত্মিকা ভক্তির লক্ষণ বলিয়া প্রভু তৎপর রাগানুগা ভক্তির সাধন-লক্ষণ বলিলেন। (অঃ প্রঃ ভাঃ)

কলিযুগপাবনাবতার প্রেমদাতা প্রভুর প্রণাম ঃ—

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যদেবং তং করুণার্ণবম্ ।
কলাবপ্যতিগূঢ়েয়ং ভক্তির্যেন প্রকাশিতা ॥ ১ ॥

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

সমগ্র বেদশাস্ত্রে কৃষ্ণই 'সম্বন্ধ'রূপে নিরূপিত ঃ—

"এই ত' কহিলুঁ সম্বন্ধ-তত্ত্বের বিচার ।
বেদশাস্ত্রে উপদেশে, কৃষ্ণ—এক সার ॥ ৩ ॥

শ্রীসনাতন-শিক্ষা—(২) অভিধেয় (কৃষ্ণভক্তি)-***বর্ণন*** ;

অভিধেয়ই সম্বন্ধ ও প্রয়োজন-প্রদাতা ঃ—

এবে কহি, শুন, অভিধেয়-লক্ষণ ।
যাহা হৈতে পাই—কৃষ্ণ, কৃষ্ণপ্রেমধন ॥ ৪ ॥

কৃষ্ণভক্তিই অভিধেয় ঃ—

কৃষ্ণভক্তি—অভিধেয়, সর্ব্বশাস্ত্রে কয় ।
অতএব মুনিগণ করিয়াছে নিশ্চয় ॥ ৫ ॥

শ্রুতি-স্মৃতি-পুরাণ-পঞ্চরাত্রে কৃষ্ণভক্তিই 'অভিধেয়' বলিয়া বিহিত ঃ—

মুনিবাক্য—

শ্রুতির্মাতা পৃষ্টা দিশতি ভবদারাধনবিধিং
যথা মাতুর্বাণী স্মৃতিরপি তথা বক্তি ভগিনী ।
পুরাণাদ্যা যে বা সহজনিবহাস্তে তদনুগা
অতঃ সত্যং জ্ঞাতং মুরহর ভবানেব শরণম্ ॥ ৬ ॥

কৃষ্ণ ও স্বরূপশক্তি একাত্মা হইয়াও বিলাসার্থ পরস্পর আশ্লিষ্ট ঃ—

অদ্বয়জ্ঞান-তত্ত্ব কৃষ্ণ—স্বয়ং ভগবান্ ।
'স্বরূপ-শক্তি'-রূপে তাঁর হয় অবস্থান ॥ ৭ ॥

অসংখ্য বৈকুণ্ঠে স্বাংশ বিষ্ণুরূপে ও ব্রহ্মাণ্ডে জীবরূপে লীলা-বিলাস ঃ—

স্বাংশ-বিভিন্নাংশ-রূপে হঞা বিস্তার ।
অনন্ত বৈকুণ্ঠ-ব্রহ্মাণ্ডে করেন বিহার ॥ ৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যাঁহা কর্ত্তৃক কলিকালেও অতিগূঢ় ভক্তি প্রকাশিত হইয়াছে, সেই করুণার্ণব শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে আমি বন্দনা করি।

৬। মাতৃ-স্বরূপ শ্রুতি জিজ্ঞাসিত হইয়া আপনার আরাধন-বিধি উপদেশ করেন, স্মৃতি সেইরূপ ভগিনীস্বরূপ হইয়া উপদেশ করেন ; পুরাণাদি ভ্রাতৃরূপে শ্রুতিমাতার অনুগত হইয়া তাহাই বলিতেছেন। অতএব হে মুরহর! আপনিই যে একমাত্র শরণ, ইহা আমি সত্যরূপে জানিলাম।

৮-১৫। স্বাংশ-রূপে—অর্থাৎ চতুর্ব্ব্যূহ ও তদবতার-রূপে। স্বাংশ-অবস্থায় কৃষ্ণের স্ব-স্বরূপত্ব সর্ব্বত্র লক্ষিত হয়। জীব—

অনুভাষ্য

১। কলৌ (ধর্ম্মরহিতে তর্কাশ্রিতবিবাদময়ে যুগে) অপি যেন (মহাপ্রভুণা) অতিগূঢ়া (ধর্মবহুলে সত্যত্রেতাদ্বাপরযুগে সদ্ধর্ম্মজ্ঞৈরপ্যজ্ঞাতা) ইয়ং ভক্তিঃ (হেতুরহিতা কৃষ্ণসেবা) প্রকাশিতা (সাধারণ্যে প্রচারিতা), তং করুণার্ণবং (জীবদয়া-সাগরং) শ্রীকৃষ্ণচৈতন্যদেবম্ অহং বন্দে।

৬। মাতা (মাতৃবৎ হিতাভিলাষিণী জীবপালয়িত্রী) শ্রুতিঃ পৃষ্টা (জিজ্ঞাসিতা সতী) ভবদারাধনবিধিং (কৃষ্ণসেবাং) দিশতি (আজ্ঞাপয়তি) ; যথা মাতুঃ (শ্রুতেঃ) বাণী (কথা), তথা ভগিনী (শ্রুতিমাতৃ-লাল্যা) স্মৃতিঃ অপি বক্তি (প্রকাশয়তি, কৃষ্ণভক্তিং কথয়তি) ; পুরাণাদ্যাঃ (পুরাণাগমাদয়ঃ) যে বা সহজনিবহাঃ (সহোদরাঃ), তে (অপি) তদনুগাঃ (মাতৃভগিন্যোঃ অনুগামিনঃ সন্তঃ কৃষ্ণভক্ত্যুপদেশপরাঃ) ; অতঃ হে মুরহর (মুরারে,) ভবান্ এব [মম] শরণম্ [ইতি] সত্যং [ময়া] জ্ঞাতম্।

৭। কৃষ্ণ—অদ্বয়জ্ঞান-তত্ত্ব। শক্তি ও শক্তিমান্—অভেদতত্ত্ব। ভ্রান্তিক্রমে 'শক্তি'-শব্দে কেহ যেন জীবের স্বরূপাবরণী মায়া-শক্তিকেই না বুঝেন। যে-শক্তি কৃষ্ণস্বরূপের সেবায় কেবলমাত্র নিযুক্তা, সেই স্বরূপশক্তি—মায়াশক্তি হইতে পৃথক্। স্বরূপশক্তি এবং স্বরূপশক্তিমান্ কৃষ্ণ অভিন্নভাবে অবস্থিত।

স্বাংশ-বিলাস চতুর্ব্ব্যূহ ও অবতারগণ—কৃষ্ণস্বরূপ বা শক্তিমত্তত্ত্ব ; জীব—বিভিন্নাংশ বা শক্তিতত্ত্ব ঃ—

স্বাংশ-বিস্তার—চতুর্ব্ব্যূহ, অবতারগণ ।
বিভিন্নাংশ জীব—তাঁর শক্তিতে গণন ॥ ৯ ॥

দ্বিবিধ জীব ঃ—

সেই বিভিন্নাংশ জীব—দুই ত' প্রকার ।
এক—'নিত্যমুক্ত', এক—'নিত্য-সংসার' ॥ ১০ ॥

(১) নিত্যমুক্তের চরিত্র ঃ—

'নিত্যমুক্ত'—নিত্য কৃষ্ণচরণে উন্মুখ ।
'কৃষ্ণ-পারিষদ' নাম, ভুঞ্জে সেবা-সুখ ॥ ১১ ॥

(২) নিত্যবদ্ধ জীবের চরিত্র ঃ—

'নিত্যবদ্ধ'—কৃষ্ণ হৈতে নিত্য-বহির্ম্মুখ ।
'নিত্যসংসার', ভুঞ্জে নরকাদি দুঃখ ॥ ১২ ॥

কৃষ্ণবিমুখতার ফল বা শাস্তি ঃ—

সেই দোষে মায়া-পিশাচী দণ্ড করে তারে ।
আধ্যাত্মিকাদি তাপত্রয় তারে জারি' মারে ॥ ১৩ ॥

কাম-ক্রোধের দাস হঞা তার লাথি খায় ।
ভ্রমিতে ভ্রমিতে যদি সাধু-বৈদ্য পায় ॥ ১৪ ॥

উদ্ধারের উপায় ঃ—

তাঁর উপদেশ-মন্ত্রে পিশাচী পলায় ।
কৃষ্ণভক্তি পায়, তবে কৃষ্ণ-নিকট যায় ॥ ১৫ ॥

শরণাগতের প্রার্থনা ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (৩।২।২৫)—

কামাদীনাং কতি ন কতিধা পালিতা দুর্নিদেশা-
স্তেষাং জাতা ময়ি ন করুণা ন ত্রপা নোপশান্তিঃ ।
উৎসৃজ্যৈতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবুদ্ধি-
স্ত্বামায়াতঃ শরণমভয়ং মাং নিযুঙ্ক্ষ্বাত্মদাস্যে ॥ ১৬ ॥

ভক্তিই নিরপেক্ষ অভিধেয় এবং কর্ম্মজ্ঞানযোগাদি ভক্তি-সাপেক্ষ ঃ—

কৃষ্ণভক্তি হয় অভিধেয়-প্রধান ।
ভক্তিমুখ-নিরীক্ষক কর্ম্ম-যোগ-জ্ঞান ॥ ১৭ ॥

ভক্তির আশ্রয় ব্যতীত কর্ম্মজ্ঞানযোগাদির নিষ্ফলতা ঃ—

এই সব সাধনের অতি তুচ্ছ বল ।
কৃষ্ণভক্তি বিনা তাহা দিতে নারে ফল ॥ ১৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

তাঁহার বিভিন্নাংশরূপ। জীবও কৃষ্ণের শক্তিমধ্যে পরিগণিত। জীব দুইপ্রকার—নিত্যমুক্ত ও নিত্যসংসার (বদ্ধ)। নিত্যমুক্ত জীবগণ কখনই মায়াসম্বন্ধ আস্বাদন করেন নাই। তাঁহারা কৃষ্ণের চিন্ময়ধামে কৃষ্ণচরণোন্মুখ থাকিয়া 'কৃষ্ণ-পারিষদ'-নামে পরিচিত এবং কৃষ্ণসেবাসুখই তাঁহাদের ভোগ। নিত্যবদ্ধ জীবসকল কৃষ্ণ হইতে নিত্যবহির্ম্মুখ থাকিয়া সংসারে স্বর্গ-নরকাদি সুখ-দুঃখ ভোগ করেন ;—কৃষ্ণবহির্ম্মুখতা-দোষের জন্য মায়া-পিশাচী তাহাদিগকে স্থূল ও লিঙ্গ-আবরণে বদ্ধ করিয়া দণ্ডপ্রদান করিয়া থাকেন অর্থাৎ আধ্যাত্মিকাদি তাপত্রয় তাহা-দিগকে বড়ই জর্জ্জরিত করে; তাহারা কামক্রোধাদি ষড়ূর্ম্মির বশীভূত হইয়া মায়াপিশাচীর লাথি খাইতে থাকে ;—ইহাই জীবের রোগ। সংসারে উপর্য্যধঃ ভ্রমণ করিতে করিতে যদি কখনও সাধুবৈদ্য লাভ করে, তবে তাঁহার উপদেশ-মন্ত্রে মায়া-পিশাচী পলায় এবং জীবও কৃষ্ণভক্তি লাভ করিয়া কৃষ্ণের নিকট গমন করে।

১৬। হে ভগবন্, কামাদির কতপ্রকার দুষ্ট আদেশই আমি (কতপ্রকারে) পালন করিয়াছি! তথাপি আমার প্রতি তাহাদের করুণা (হইল না) এবং আমার লজ্জারও উপশান্তি হইল না! হে যদুপতে, আপাততঃ আমি তাহাদিগকে পরিত্যাগ করিয়া সদ্বুদ্ধি লাভ করত তোমার অভয়চরণে শরণাগত হইলাম, তুমি এখন আমাকে আত্মদাস্যে নিযুক্ত কর।

১৭-১৮। শাস্ত্রে অনেকস্থলে কর্ম্মকে, অনেকস্থলে যোগকে এবং অনেকস্থলে জ্ঞানকে 'অভিধেয়' বলিয়া উক্তি করিয়াছেন; তথাপি সর্ব্বত্র ভক্তিকেই সর্ব্বপ্রধান 'নিত্য অভিধেয়' বলিয়া উক্তি করিয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, কৃষ্ণভক্তিই পরম-পুরুষার্থ (প্রেম)-লাভের একমাত্র প্রধান অর্থাৎ 'সাক্ষাৎ' অভিধেয় ; কর্ম্ম, যোগ ও জ্ঞানের যে অভিধেয়ত্ব, তাহা—'গৌণ' ; কেননা, ভক্তির মুখ অপেক্ষা করিয়াই তাহাদের ফলাদি যাহা কিছু প্রদান ঘটে ; ভক্তির আশ্রয় ব্যতীত কর্ম্ম, যোগ ও জ্ঞান কোন ফল দিতে পারে না। ভক্তির আশ্রয় পাইলেই কর্ম্ম ও হঠ-যোগ ভুক্তি-ফল এবং জ্ঞান ও রাজ-যোগ মুক্তি ও সিদ্ধি-ফল দিতে পারে।

অনুভাষ্য

১৬। কামাদীনাং (কামক্রোধলোভমোহমদমাৎসর্য্যাদীনাং) দুর্নিদেশাঃ (দুষ্টাঃ আদেশাঃ) কতিধা (প্রকারাঃ) ময়া কতি ন পালিতাঃ (অপি তু পালিতা এব) ; তেষাং (কামাদিরিপূণাং) ময়ি করুণা (দয়া) ন, ত্রপা (মমাপি লজ্জা) ন, উপশান্তিঃ (মম তদ্‌বিসর্জ্জনেচ্ছাপি) ন চ জাতা। অথ (অনন্তরং) হে যদুপতে, সাম্প্রতম্ (ইদানীং) তান্ (কামাদীন্) উৎসৃজ্য (রিপু-পারবশ্যং ত্যক্ত্বা) লব্ধবুদ্ধিঃ (অভিজ্ঞঃ সন্) অভয়ম্ (অকুতোভয়ং) ত্বাং শরণম্ আয়াতঃ (প্রাপ্তঃ) ; মাম্ আত্মদাস্যে (নিজকৈঙ্কর্য্যে) নিযুঙ্ক্ষ্ব (নিযোজয়)।

ভক্তিবিহীন শুষ্কজ্ঞান বা নিষ্কাম কর্ম্মেরও ব্যর্থতা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।৫।১২)—

নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাব-বর্জ্জিতং ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্।
কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে না চার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্ ॥১৯

কৃষ্ণার্পণ বিনা যাবতীয় কর্ম্মকাণ্ড—সংসারজনক ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৪।১৭)—

তপস্বিনো দানপরা যশস্বিনো মনস্বিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ ।
ক্ষেমং ন বিন্দন্তি বিনা যদর্পণং তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥২০

ভক্তিবিহীন জ্ঞান মুক্তিপ্রদ নহে ; মুক্তি—ভক্তির দাসী ঃ—

কেবল জ্ঞান 'মুক্তি' দিতে নারে ভক্তি বিনা ।
কৃষ্ণোন্মুখে সেই মুক্তি হয় জ্ঞান বিনা ॥ ২১ ॥

ভক্তিমার্গেই একমাত্র নিত্যকল্যাণ, তদ্ব্যতীত শুষ্কজ্ঞানে বৃথা পরিশ্রমই সার ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৪)—

শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো
ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে ।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে
নান্যদ্ যথা স্থূলতুষাবঘাতিনাম্ ॥ ২২ ॥

ভগবৎপ্রপন্নেরই মায়া-মুক্তি ঃ—

শ্রীমদ্ভগবদ্গীতায় (৭।১৪)—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া ।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ২৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯। নৈষ্কর্ম্ম্যরূপ নির্ম্মলজ্ঞানই যখন অচ্যুতভক্তি-বর্জ্জিত হইলে শোভা পায় না, তখন সর্ব্বদা অভদ্র-স্বভাব কর্ম্ম ঈশ্বরে অর্পিত না হইলে নিষ্কাম হইলেও কিরূপে শোভা পাইবে?

২০। তপস্বিসকল, দানপর ব্যক্তিসকল, যশস্বিব্যক্তিগণ, মনস্বিগণ, বেদমন্ত্রে অভিজ্ঞ ব্যক্তিগণ, তাঁহাদের সেই সেই কর্ম্ম সুমঙ্গল হইলেও, যাঁহাকে অর্পণ না করিলে কিছুতেই মঙ্গল লাভ করিতে পারে না, সেই সুভদ্রশ্রবা ভগবানকে পুনঃ পুনঃ নমস্কার করি।

২১। "জ্ঞানতঃ সুলভা মুক্তিঃ" এই শাস্ত্রবচন হইতে জানা যায় যে, জ্ঞানই মুক্তি দিতে পারে, কিন্তু তাহাতে একটু গূঢ় কথা আছে ;—ভক্তির আশ্রয়েই জ্ঞান মুক্তি দিয়া থাকেন। পক্ষান্তরে, কৃষ্ণোন্মুখী ভক্তির উদয় হইলে কোন জ্ঞানচেষ্টা না করিলেও সেই মুক্তি আপনি উপস্থিত হয়।

অনুভাষ্য

১৯। শ্রীব্যাসদেব বহু তপস্যানুষ্ঠান ও সর্ব্বশাস্ত্র প্রণয়নাদি-সত্ত্বেও আত্মপ্রসাদলাভে বঞ্চিত হইয়া সরস্বতী-নদীতীরে অপ্রসন্নচিত্তে মনে মনে নানা তর্কবিতর্ক ও খেদ করিতে থাকিলে তাঁহার অন্তর্যামী গুরুদেব শ্রীনারদগোস্বামী তথায় আসিয়া উপস্থিত হইলেন। ব্যাসদেব তাঁহার নিকট আত্মপ্রসাদাভাবের কারণ জিজ্ঞাসা করায়, শ্রীনারদ কর্ম্ম ও জ্ঞানাদি সকল পন্থা অপেক্ষা শুদ্ধহরিভক্তির মাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন,—

অচ্যুতভাববর্জ্জিতম্ (অচ্যুতে কৃষ্ণে ভাববর্জ্জিতম্ অনুকূলানুশীলনবিহীনং চেৎ) নিরঞ্জনং (নিরুপাধিকং নির্ম্মলমিতি যাবৎ) নৈষ্কর্ম্ম্যং (ফলভোগরাহিত্যম্ অপি) জ্ঞানম্ অলম্ (অত্যর্থং) ন শোভতে (সম্যক্ মোক্ষায় ন কল্পতে) ; পুনঃ তথা শশ্বৎ (সর্ব্বসময়ে সাধনকালে প্রাপ্তিকালে চ অতএব) অভদ্রং (দুঃখাত্মকং) যৎ চ অকারণং কর্ম্ম (প্রবৃত্তিপরং কাম্য যদ্যপি নিবৃত্তিপরম্ অকাম্যং তচ্চাপি কর্ম্ম) ঈশ্বরে (বিষ্ণৌ) ন অর্পিতং (নোদ্দিষ্টং সৎ) কুতঃ [শোভতে? নৈব হীতি ভাবঃ]।

২০। পরীক্ষিৎ মায়াধীশ শ্রীহরির সৃষ্ট্যাদি লীলাসম্বন্ধে জিজ্ঞাসা করায় শ্রীশুকদেব শ্রীহরির ও তদীয় সেবার মাহাত্ম্য বর্ণন করিতেছেন,—

তপস্বিনঃ (তপোনিরতাঃ জ্ঞানিনঃ) দানপরাঃ (বদান্যাঃ) যশস্বিনঃ (কীর্ত্তিমন্তঃ) মন্ত্রবিদঃ (নিগমাগমবিদঃ) সুমঙ্গলাঃ (সদাচারাঃ) যদর্পণঃ (যস্মিন্ শ্রীহরৌ পূর্ব্বোক্ত-তপআদিনা স্ব-স্ব-প্রাপ্যফলসমর্পণং) বিনা (ঋতে) ক্ষেমং (কল্যাণং) ন বিন্দন্তি (ন প্রাপ্নুবন্তি), তস্মৈ সুভদ্রশ্রবসে (মঙ্গলকীর্ত্তিবিগ্রহায় ভগবতে শ্রীহরয়ে) নমো নমঃ।

২১। কেবল-জ্ঞান অর্থাৎ ভক্তিরহিত সম্বিদ্বৃত্তির অনুভব জীবকে জড়বন্ধ হইতে মোচন করিতে পারে না। যতই কেননা জীব অতন্নিরসন করুন, কৃষ্ণস্বরূপের অজ্ঞানতাক্রমে অহংগ্রহোপাসনা প্রবল হইয়া অধঃপতিত হন। জ্ঞানানুশীলন না করিয়াও জীব কৃষ্ণসেবায় তৎপর হইলে জ্ঞানফল জড়বন্ধ হইতে মুক্তিলাভ করিয়া কৃষ্ণস্বরূপানুভব প্রাপ্ত হন। "ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যাদ্দৈবেন ন ফলতি দিব্য-কিশোরমূর্ত্তিঃ। মুক্তিঃ

অমৃতপ্রবাহ ভাষ্য

২২। হে বিভো, তোমাতে ভক্তিই শ্রেয়ঃপথ, তাহা পরিত্যাগ করিয়া যে-সকল ব্যক্তি কেবল-বোধলাভের জন্য অর্থাৎ 'আমি—ব্রহ্ম' এইটী স্থির জানিবার জন্য নানাবিধ ক্লেশ স্বীকার করেন, স্থূলতুষকে যাহারা পেষণ করে, তাহারা যেরূপ তণ্ডুল পায় না, সেইরূপ, তাহাদের ক্লেশমাত্রই অবশেষ হয়।

২৩। এই মায়া—আমারই শক্তি, অতএব দুর্ব্বলজীবের পক্ষে স্বভাবতঃই দুরতিক্রমা। যাঁহারা আমার ভগবৎস্বরূপের প্রপত্তি স্বীকার করেন, তাঁহারাই কেবল এই মায়া-সমুদ্র পার হইতে পারেন।

অনুভাষ্য

জীবের সংসার-বন্ধনের হেতু ঃ—

'কৃষ্ণ-নিত্যদাস'—জীব, তাহা ভুলি' গেল।
এই দোষে মায়া তার গলায় বান্ধিল ॥ ২৪ ॥

উদ্ধারলাভ ও প্রয়োজনপ্রাপ্তির একমাত্র উপায় ঃ—

তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ ॥ ২৫ ॥

ভক্তিবিহীন বর্ণাশ্রমধর্ম্মপালনে নিরয়-লাভ ঃ—

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বকর্ম্ম করিতে সে রৌরবে পড়ি' মজে ॥ ২৬ ॥

দৈববর্ণাশ্রম-ধর্ম্মের উৎপত্তি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।৫।২-৩)—

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্ব্বিপ্রাদয়ঃ পৃথক্ ॥ ২৭ ॥

ভক্তির প্রতিকূল অদৈব-বর্ণাশ্রমীর নিরয়লাভ ঃ—

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥ ২৮ ॥

অনুভাষ্য

স্বয়ং মুকুলিতাঞ্জলিঃ সেবতেঽস্মান্ ধর্ম্মার্থকামগতয়ঃ সময়-প্রতীক্ষাঃ।।"* (কর্ণামৃতে)।

২২। গোবৎস-হরণ-ফলে শ্রীকৃষ্ণকর্তৃক ব্রহ্মার দর্প চূর্ণ হইলে ব্রহ্মা শ্রীকৃষ্ণের একান্ত শরণাগত হইয়া স্তব করিতেছেন,—

হে বিভো (ভগবন্), যে (জনাঃ আরোহবাদি-তর্কপন্থিনঃ) শ্রেয়ঃসৃতিং (শ্রেয়সাং অভ্যুদয়াপবর্গলক্ষণানাং সৃতিং সরণং মার্গ-ভূতাং) তে (তব) ভক্তিং (শুদ্ধভজনম্) উদস্য (ত্যক্ত্বা) কেবল-বোধলব্ধয়ে (ভক্তিরহিতজ্ঞানমাত্র-প্রাপ্তয়ে) ক্লিশ্যন্তি (বৈরাগ্য-তপঃ-ক্লেশাদিকং স্বীকুর্ব্বন্তি), তেষাং (নির্ব্বেদ-ব্রহ্মবাদি-শুষ্ক-জ্ঞানিনাং) যথা স্থূলতুষাবঘাতিনাং (শস্যান্তঃকণহীনান্ স্থূল-ধান্যাভাসান্ তুষান্ অবঘ্নতাং যথা ব্যর্থশ্রমঃ এব ভবতি, তথা) অসৌ (শাস্ত্রাভ্যাস-ষট্ক-সাধনাদিজনিতঃ) ক্লেশলঃ (ক্লেশঃ ব্যর্থশ্রমঃ) এব শিষ্যতে (অবশিষ্যতে) ন অন্যৎ (তেষাং ন কিঞ্চিৎ তদিতরং ফলম্—তেষাং জ্ঞানপ্রাপ্তিরপি দুর্ল্লভা এবেত্যর্থঃ)।

২৩। মধ্য, ২০শ পঃ ১২১ সংখ্যা দ্রষ্টব্য।

২৪। 'জীব যে কৃষ্ণের নিত্যদাস'—এই সত্য বিস্মৃত হওয়াতেই মায়া জীবকে নানাপ্রকারে প্রলুব্ধ ও বিমোহিত করিয়া ত্রিগুণ-শৃঙ্খলে গলদেশে আবদ্ধ করিলেন। তাহাতে বদ্ধজীবের ভোগবাসনারূপ মায়িক শৃঙ্খল-বন্ধন হইতে পরিত্রাণ পাওয়া দুর্ঘট হইল।

২৫। গুরুসেবা ও কৃষ্ণভজনবলেই বদ্ধজীব মায়াজাল হইতে মুক্ত হইয়া কৃষ্ণপাদপদ্ম লাভ করেন।

২৬। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র নিজ-নিজ বর্ণধর্ম্ম সুষ্ঠু-ভাবে পালন করিয়াও, অথবা ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাসী নিজ নিজ আশ্রম-ধর্ম্ম সর্ব্বতোভাবে পালন করিয়াও যদি কৃষ্ণ-ভজন না করে, তাহা হইলে তাহারা প্রাকৃত অভিমান-বশে উচ্চতা লাভ করিয়াও অবশেষে পুণ্যক্ষয়ে রৌরবে অবশ্যই পতিত হয়।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭। ব্রহ্মার মুখ হইতে 'ব্রাহ্মণ', বাহু হইতে 'ক্ষত্রিয়', উরু হইতে 'বৈশ্য' ও পদ হইতে 'শূদ্র',—এই চারিবর্ণ পৃথক্ পৃথক্ আশ্রমের সহিত এবং স্বীয় বর্ণগত গুণের সহিত জন্মিয়াছিলেন।

২৮। এই চারিবর্ণাশ্রমীর মধ্যে যাঁহারা স্বীয় প্রভু ভগবান্ বিষ্ণুর সাক্ষাৎ ভজন না করিয়া, নিজ নিজ বর্ণাশ্রমাহঙ্কারে তাঁহার ভজনে অবজ্ঞা করে, তাঁহারা স্বস্থানভ্রষ্ট হইয়া অধঃপতিত হন।

অনুভাষ্য

অপ্রাকৃত ভক্তির অনুশীলন ব্যতীত বিষয়ী বর্ণাশ্রমীর কোনই মঙ্গল নাই।

২৭। বসুদেবের নিকট শ্রীনারদ শ্রীভাগবত-ধর্ম্ম কীর্ত্তন করিতে গিয়া বিদেহরাজ নিমি ও নবযোগেন্দ্র-সংবাদ বর্ণন করিতেছেন ; 'হরিভজন-বিমুখ গোদাসগণের গতি কি?'—মহারাজ নিমির এই প্রশ্নের উত্তরে নবযোগেন্দ্রের অন্যতম চমস-ঋষি নিম্নস্থ শ্লোকদ্বয়ে ভক্ত্যনুকূল দৈব-বর্ণাশ্রম-সৃষ্টি ও তদ্ব্যভি-চারীর দুরবস্থা বর্ণন করিতেছেন,—

পুরুষস্য (ভগবতঃ বৈরাজস্য ব্রহ্মণঃ) মুখবাহূরুপাদেভ্যঃ গুণৈঃ (সত্ত্বরজস্তমোগুণৈঃ) আশ্রমৈঃ (ব্রহ্মচারিগৃহস্থবানপ্রস্থ-ভিক্ষুকাশ্রমচতুষ্টয়ৈঃ) সহ পৃথক্ বিপ্রাদয়ঃ (ব্রাহ্মণক্ষত্রিয়-বৈশ্যশূদ্রাঃ) চত্বারঃ বর্ণাঃ জজ্ঞিরে।

২৮। এষাং-(বিপ্রক্ষত্রিয়বৈশ্যশূদ্রাণাং ব্রহ্মচারিগৃহস্থবানপ্রস্থ-যতীনাং মধ্যে) যে (জনাঃ) সাক্ষাৎ আত্মপ্রভবম্ (আত্মনঃ প্রভবঃ জন্ম প্রাকট্যং বা, যস্মাৎ তম্) ঈশ্বরম্ [অজ্ঞাত্বা কৃতঘ্নাঃ সন্তঃ] ন ভজন্তি, অবজানন্তি (জ্ঞাত্বাপি বর্ণাশ্রম-মর্য্যাদা-মদভরেণ কৃষ্ণ-ভজনস্যাবশ্যকতা নাস্তীতি মন্যমানাঃ দ্বিষন্তি), [তে হরি-গুরু-বৈষ্ণব-সেবা-বিহীনাঃ] স্থানাৎ (স্ব-স্ব-বর্ণাশ্রমাৎ) ভ্রষ্টাঃ (সন্তঃ) অধঃপতন্তি (নিরয়ং যান্তি) ; [যতঃ প্রাকৃতবর্ণাশ্রমধর্ম্মঃ অনিত্যঃ কালক্ষুব্ধশ্চ তাৎকালিক-ফলোপযোগী অসচ্ছব্দ-বাচ্যশ্চ]।

** হে ভগবন্! তোমাতে যদি আমাদের অচলা ভক্তি থাকে, তাহা হইলে তোমার অপ্রাকৃত কিশোরমূর্ত্তি স্বতঃই আমাদের হৃদয়ে উদিত হন। তৎকালে মুক্তি স্বয়ং কৃতাঞ্জলিপুটে আমাদিগের সেবারতা হন এবং ধর্ম্ম, অর্থ ও কাম সেবার নিমিত্ত আদেশকাল প্রতীক্ষা করেন।*

ভক্তিশূন্য মুক্তাভিমানী জ্ঞানীও সমল-মনোধর্ম্মী,
শুদ্ধভক্তই নির্ম্মল আত্মধর্ম্মী ঃ—

জ্ঞানী জীবন্মুক্তদশা পাইনু করি' মানে ।
বস্তুতঃ বুদ্ধি 'শুদ্ধ' নহে কৃষ্ণভক্তি বিনে ॥ ২৯ ॥

কৃষ্ণভক্তিবিহীন শুষ্কজ্ঞানীর অধোগতি-লাভ ঃ—
শ্রীমদ্ভাগবতে (১০।২।৩২)—

যেহন্যেহরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোহনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥৩০

কৃষ্ণদর্শনে মায়া-দর্শন নাই, মায়াদর্শনে কৃষ্ণদর্শন নাই ঃ—

কৃষ্ণ—সূর্য্যসম, মায়া হয় অন্ধকার ।
যাঁহা কৃষ্ণ, তাঁহা নাহি মায়ার অধিকার ॥ ৩১ ॥

মায়া-চেটী স্বীয় প্রভুর সম্মুখে থাকিতে লজ্জিতা,
আবার প্রভুবিমুখ জনকে বিবর্ত্তবুদ্ধি
দিয়া কারাবদ্ধকারিণী ঃ—
শ্রীমদ্ভাগবতে (২।৫।১৩)—

বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া ।
বিমোহিতা বিকত্থন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ ॥ ৩২ ॥

আত্মনিবেদনকারী সম্বন্ধজ্ঞানলব্ধ সাধকের
অনর্থনিবৃত্তি ঃ—

'কৃষ্ণ, তোমার হঙ' যদি বলে একবার ।
মায়াবন্ধ হৈতে কৃষ্ণ তারে করে পার ॥ ৩৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৯। মায়াবাদ প্রভৃতি মতাবলম্বী ব্যক্তিগণ আপনাকে আপনি 'জ্ঞানী' বলিয়া থাকেন, কিন্তু বস্তুতঃ কৃষ্ণভক্তি বিনা বুদ্ধি শুদ্ধা হয় না।

৩০। হে অরবিন্দাক্ষ, যাহারা 'বিমুক্ত হইয়াছি' বলিয়া অভিমান করে, তাহারা আপনাতে ভক্তিশূন্য হওয়ায় অবিশুদ্ধ-বুদ্ধি। তাহারা অনেক ক্লেশে মায়াতীত পরমপদ ব্রহ্ম পর্য্যন্ত আরোহণ করিয়া ভগবদ্ভক্তির অনাদর করত অধঃপতিত হয়।

৩২। কৃষ্ণের দর্শনপথে থাকিতে মায়া বিলজ্জমানা হয় ; সেই মায়াকর্ত্তৃক বিমোহিত হইয়া দুর্ব্বুদ্ধি ব্যক্তিগণ 'আমি' 'আমার' এইপ্রকার বহুবিধ বাগ্জাল প্রকাশ করিয়া থাকে।

অনুভাষ্য

২৯। যদিও জ্ঞানী মনে করিতে পারেন,—'আমি জীবদ্দশায় সংসার-বন্ধ হইতে মুক্ত হইয়াছি', তথাপি কৃষ্ণভক্তি ব্যতীত অহংগ্রহোপাসনায় বুদ্ধি শুদ্ধ হইতে পারে না ; যেহেতু মুক্তিকামী আপনার বদ্ধ-অবস্থা জানিয়া তাহা হইতে মোচন এবং মুক্ত-অবস্থা জানিয়া তদতিরিক্ত দৃশ্যবস্তুতে বদ্ধ মনে করেন, সুতরাং এরূপ অনিত্য ভাবসমূহের হস্ত হইতে মুক্ত হইতে পারেন না।

৩০। ভগবান্ শ্রীকৃষ্ণ কংস-কারাগারস্থিতা দেবকীর গর্ভে আবির্ভূত হইলে ব্রহ্মাদি দেবগণ 'গর্ভস্তোত্র'-নামে প্রসিদ্ধ স্তবে ভগবান্‌কে স্তুতি করিতেছেন,—

হে অরবিন্দাক্ষ (পদ্মপলাশলোচন,) অন্যে (অভক্তাঃ জনাঃ) যে বিমুক্তমানিনঃ (বিমুক্তাঃ—জ্ঞানিনঃ বয়মিতি মন্যমানাঃ) ত্বয়ি (ভগবতি) অস্তভাবাৎ (অস্তঃ নিরস্তঃ অতএব অসন্ যঃ ভাবঃ তস্মাৎ, ভক্তেরভাবাৎ তদনুশীলনরাহিত্যাৎ) অবিশুদ্ধবুদ্ধয়ঃ (ন বিশুদ্ধা বুদ্ধিঃ যেষাং তে তথা, মুক্তিপিশাচীং বহুমন্যমানাঃ জ্ঞান-জনিত-কৈতব-কল্মষকষায়-দুষ্টমতয়ঃ ইত্যর্থঃ) কৃচ্ছ্রেণ (বহুজ্ঞান-বৈরাগ্যাভ্যাসবিধিনা) পরং পদং (মোক্ষসন্নিহিতমিতি স্বামিচরণাঃ, মোক্ষপীঠাদব্যবহিতপ্রদেশম্) আরুহ্য (অধিরুহ্য) অনাদৃত-যুষ্মদঙ্ঘ্রয়ঃ (ন আদৃতৌ যুষ্মদঙ্ঘ্রী যৈঃ তে, তব পাদপদ্মনিত্য-সেবয়াঃ অনাদরেণ অপরাধবশাৎ কৃষ্ণকৃপারজ্জুবিচ্ছিন্নাঃ সন্তঃ) ততঃ (পরমোচ্চজ্ঞানাখ্য-পীঠপ্রান্তাৎ) অধঃ পতন্তি (অজ্ঞানান্ধ-কারে সংসার-তমিস্রে নিমজ্জন্তি)।

৩১। ভাগবতের চতুঃশ্লোকীতে লিখিত আছে যে, "ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথা ভাসঃ যথা তমঃ।।" আলোক থাকিলে যেরূপ অন্ধকার থাকে না, তদ্রূপ জীব কৃষ্ণোন্মুখ হইলে মায়িক বাসনার হস্ত হইতে মুক্ত হয়। কৃষ্ণভক্ত ব্যতীত জ্ঞানী, কর্ম্মী ও অন্যাভিলাষীকে মায়া গ্রাস করে।

৩২। এইখানে পাঠান্তরে (ভাঃ ২।৭।৪৭) শ্লোক উদ্ধৃত হইয়াছে—"শশ্বৎ প্রশান্তমভয়ং প্রতিবোধমাত্রং শুদ্ধং সমং সদসতঃ পরমাত্মতত্ত্বম্। শব্দো ন যত্র পুরুকারকবান্ ক্রিয়ার্থো মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা।। তদ্বৈ পদং ভগবতঃ পরমস্য পুংসো ব্রহ্মেতি যদ্বিদুরজস্রসুখং বিশোকম্।।" 'বৃহৎ নির্ব্বিকল্প-ব্রহ্ম' বলিয়া মুনিগণ যে বস্তুকে জানেন, তাহাই পরম-পুরুষ ভগবানের প্রথম প্রতীতি-স্বরূপ। ঐ ব্রহ্ম অজস্রসুখবিশিষ্ট, বিশোক, নিত্যপ্রশান্ত, ভেদশূন্য, অভয়, জ্ঞানৈকরস, শুদ্ধ, বিষয়-করণ-সঙ্গশূন্য, পরমাত্মতত্ত্ব, উৎপত্ত্যাদি চতুর্ব্বিধ ক্রিয়াফল-প্রকাশক ; কর্ম্মকাণ্ডীয়-শব্দ-ব্যাপার তাঁহার বোধক হইতে পারে

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৩। যাঁহারা প্রত্যহ কেবল মুখে অভ্যাসক্রমে "কৃষ্ণ আমি তোমার" এই কথা বারম্বার বলিয়া থাকেন, তাঁহাদের কথা সহৃদয় (সরল) নয় ; কিন্তু যিনি একবারও সহৃদয়ে (কায়মনোবাক্যে) "হে কৃষ্ণ, আমি—তোমার দাস" এই কথা বলেন, তাঁহাকে কৃষ্ণ মায়াবন্ধ হইতে পার করেন।

পরম দয়ালু কৃষ্ণের আশ্বাসবাণী ঃ—
হরিভক্তিবিলাসে (১১।৩৩৭)-ধৃত শ্লোক, রামায়ণে লঙ্কাকাণ্ডে (১৮।৩৩) বিভীষণ-সহ মিলন সম্বন্ধে সুগ্রীবের প্রতি শ্রীরামচন্দ্রবচন—

সকৃদেব প্রপন্নো যস্তবাস্মীতি চ যাচতে।
অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মম ॥ ৩৪ ॥

সকাম অশান্ত পুরুষের নিরন্তর ভজনফলে শান্তি-লাভ ঃ—

মুক্তি-ভুক্তি-সিদ্ধিকামী 'সুবুদ্ধি' যদি হয়।
গাঢ়-ভক্তিযোগে তবে কৃষ্ণেরে ভজয় ॥ ৩৫ ॥

বুদ্ধিমান্ মাত্রেরই কৃষ্ণভজন বিধেয় ঃ—
শ্রীমদ্ভাগবতে (২।৩।১০)—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজতে পুরুষং পরম্ ॥ ৩৬ ॥

কৃষ্ণের অহৈতুকী দয়ার পরিচয় ঃ—

অন্যকামী যদি করে কৃষ্ণের ভজন।
না মাগিলেহ কৃষ্ণ তারে দেন স্ব-চরণ ॥ ৩৭ ॥
কৃষ্ণ কহে,—"আমা ভজে, মাগে বিষয়-সুখ।
অমৃত ছাড়ি' বিষ মাগে,—এই বড় মূর্খ ॥ ৩৮ ॥
আমি—বিজ্ঞ, এই মূর্খে বিষয়' কেনে দিব ?
স্বচরণামৃত দিয়া 'বিষয়' ভুলাইব ॥" ৩৯ ॥

সকাম উপাসকেরও কৃষ্ণকৃপায় শুদ্ধভক্তি-কামনা বা নিষ্কামতা ঃ—
শ্রীমদ্ভাগবতে (৫।১৯।২৬)—

সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণাং নৈবার্থদো যৎ পুনরর্থিতা যতঃ।
স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিচ্ছাপিধানং নিজপাদপল্লবম্ ॥৪০

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৪। আমার ব্রত এই যে, যদি কেহ প্রকৃতপ্রস্তাবে প্রপন্ন হইয়া একবারও "তোমার আমি" এই কথা বলিয়া আমার অভয় যাচ্ঞা করে, তাহা হইলে আমি তাহাকে তাহা সর্ব্বদা দিয়া থাকি।

৩৫। দুর্ব্বাসনা-দুঃসঙ্গক্রমে জীবের মুক্তি, ভুক্তি ও সিদ্ধি-কাম উদিত হয়। যদি কোন সৎসঙ্গে সুবুদ্ধির উদয় হয়, তবে মুক্তি-ভুক্তি-সিদ্ধি-পিপাসা পরিত্যাগপূর্ব্বক গাঢ় শুদ্ধভক্তিযোগে কৃষ্ণকে ভজন করে।

৩৬। পূর্ব্বে অকামই থাকুক, সর্ব্বকামই থাকুক বা মোক্ষ-কামই থাকুক, উদারবুদ্ধি হইবা মাত্র মানুষ তীব্র শুদ্ধভক্তি-যোগে পরম পুরুষ কৃষ্ণের যজন করিবেন।

অনুভাষ্য

না এবং মায়া তাঁহার সম্মুখিনী হইতে লজ্জা পাইয়া পলায়ন করে।

৩২। দেবর্ষি নারদ লোকপিতামহ ব্রহ্মাকে তপস্যায় প্রবৃত্ত দেখিয়া তদ্ব্যতীতও যে একজন স্বতন্ত্র সর্ব্বেশ্বরেশ্বর নিয়ন্তা আছেন, তৎসম্বন্ধে জিজ্ঞাসা করায় ব্রহ্মা সেই পরমাত্মা শ্রীহরির লীলা ও মায়াদ্বারা সৃষ্ট্যাদি বর্ণন করিতেছেন,—

যস্য (ভগবতঃ) ঈক্ষাপথে (নেত্রগোচরে) স্থাতুং বিলজ্জ-মানয়া (মৎকপটোঽসৌ প্রভুর্জানাতীতি লজ্জাযুক্তয়া) অমুয়া (মায়য়া) বিমোহিতাঃ (মুগ্ধাঃ) দুর্দ্ধিয়ঃ (অবিদ্যাবৃতজ্ঞানাঃ অসদ্ধিয়ঃ জীবাঃ এব কেবলং) 'মম' 'অহম্' ইতি [এতৎ] বিকত্থন্তে (আত্মানং শ্লাঘ্যন্তে) [তস্মৈ নমঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ]।

৩৪। যঃ (জনঃ) প্রপন্নঃ (শরণাগতঃ সন্) তবাস্মি (ত্বয়া সহ নিত্যদাস্যসূত্রে আবদ্ধঃ ভবামি) ইতি সকৃদেব (বারমেকং) চ যাচতে (কাকুযুক্তং প্রার্থয়তে), অহং (দাশরথিঃ ভগবান্) তস্মৈ সর্ব্বদা অভয়ং দদামি,—এতৎ (এব) মম ব্রতং (প্রতিজ্ঞাতম্)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৭-৩৯। মুক্তি, ভুক্তি ও সিদ্ধি-কামিগণ শুদ্ধভক্তিকামী নন; তাঁহারা কোন ভাগ্যক্রমে শুদ্ধকৃষ্ণভজনে প্রবৃত্ত হইলে, সাধন-ভক্তির ফল যে প্রেম, তাহা যদিও তখন তাহাদের উদ্দেশ্য না থাকে, তথাপি কৃষ্ণ কৃপা করিয়া তাহা তাহাদিগকে দেন। কৃষ্ণ এই কথা বলেন যে,—'এই সম্প্রতি ভজনপ্রবৃত্ত ব্যক্তির হৃদয়ে বিষয়-সুখস্পৃহা ছিল এবং অবশিষ্ট কিঞ্চিৎ স্বভাবগত হইয়া আছে; এ ব্যক্তি প্রেমরূপ অমৃত ছাড়িয়া বিষয়রূপ বিষের বাসনা করিয়াছে, অতএব এ ব্যক্তি বড়ই মূর্খ। এ ব্যক্তি অজ্ঞতাক্রমে সদ্বিষয় প্রার্থনা করিতে পারে নাই বটে, কিন্তু আমি—বিজ্ঞ ও অভিজ্ঞ, উহার পক্ষে যাহা সদসৎ, তাহা জানি, অতএব আমার স্বচরণামৃত দিয়া উহার বিষয়বিষ-পিপাসা ভুলাইয়া দিব।'

৪০। কৃষ্ণ প্রার্থিত হইলেই মনুষ্যদিগের প্রার্থনা পূরণ করেন, সত্য; কিন্তু যে-অর্থ হইতে পুনঃ পুনঃ প্রার্থনার উদয় হয়, সেই অর্থ দেন না। অন্যকাম হইয়া যাঁহারা কেবল তাঁহার পাদপল্লব পাইবার ইচ্ছা না করিয়াও তাহা ভজনা করেন, তাঁহাদিগকে তিনি স্বয়ংই অন্যকামনা-শান্তিকারী সেই নিজ-পাদপল্লব দিয়া থাকেন।

অনুভাষ্য

পাঠান্তরে,"সকৃদেব প্রপন্নায় তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্ব-ভূতেভ্যো দদাম্যেতদ্ ব্রতং মম।।"

৩৬। 'ম্রিয়মান্ মনুষ্যের কর্ত্তব্য কি ?'—পরীক্ষিতের এই প্রশ্নের উত্তরে শ্রীশুকদেব জীবের পক্ষে অহৈতুকী শুদ্ধকৃষ্ণ-ভক্তিই একমাত্র নিত্যধর্ম্ম বলিয়া দুর্ব্বলচিত্ত কামিগণের পক্ষেও শ্রীহরির ভজনই যে বিহিত, তাহা বলিতেছেন,—

সর্ব্বকামঃ (উক্তানুক্তসর্ব্বকামনা-যুক্তঃ) মোক্ষকামঃ (মুমুক্ষুঃ) অকামঃ (একান্ত শুদ্ধভক্তঃ) বা, উদারধীঃ (সুধীঃ পুরুষঃ) তীব্রেণ

কোন কোন সকাম উপাসকের শুদ্ধভক্তীতর অসৎ কামনা থাকিলেও নিরন্তর সেবানন্দ-প্রভাবে ঐরূপ অভদ্র-নাশ হয়, তাহা হইলেও সকামভাব নিষ্কামভাবের কারণ নহে ঃ—

কাম লাগি' কৃষ্ণে ভজে, পায় কৃষ্ণ-রসে ।
কাম ছাড়ি' 'দাস' হৈতে হয় অভিলাষে ॥ ৪১ ॥

সকাম ধ্রুবের শ্রীহরিদর্শনে প্রার্থনা ঃ—

হরিভক্তিসুধোদয়ে ধ্রুবচরিতে (৭।২৮)—

স্থানাভিলাষী তপসি স্থিতোঽহং ত্বাং প্রাপ্তবান্ দেবমুনীন্দ্রগুহ্যম্ ।
কাচং বিচিন্বন্নপি দিব্যরত্নং স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে ॥৪২

অমৃতপ্রবাহ ভাষ্য

৪১। সামান্য কামের উদ্দেশে যদি কেহ কৃষ্ণভজনের অনুসন্ধান করিয়া সাধুসঙ্গে শুদ্ধকৃষ্ণভজন অবলম্বন করে, তাহা হইলে তাহার পূর্ব্বোদ্দিষ্ট কাম দূর হইয়া যায় এবং সে কৃষ্ণরস প্রাপ্ত হয়। কৃষ্ণভজন এমনই পবিত্র বস্তু যে, কৃষ্ণভজন-প্রবৃত্ত ব্যক্তি পূর্ব্বোদ্দিষ্ট কাম পরিত্যাগ করিয়া কৃষ্ণদাস হইতে অভিলাষ করে।

৪২। ধ্রুবকে কৃষ্ণ বর দিতে ইচ্ছা করিলে ধ্রুব কহিলেন,—স্বামিন্, আমি স্থানাভিলাষী হইয়া তোমার তপস্যায় স্থিত হইয়াছিলাম, কিন্তু এখন দেবমুনীন্দ্রগুহ্য তোমাকে প্রাপ্ত হইয়া আমি কৃতার্থ হইলাম ;—সামান্য কাচ অন্বেষণ করিতে করিতে দিব্যরত্ন পাইলাম। আমি কৃতার্থ হইয়াছি, আর অন্য বর যাচ্ঞা করি না।

অনুভাষ্য

(দৃঢ়েন স্বভাবতঃ এব অপ্রতিহতেন) ভক্তিযোগেন পরং (মায়াধীশং) পুরুষং (পুরুষোত্তমং) যজেত (সেবেত)।

৪০। শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিৎকে দেবগণকর্ত্তৃক মানবজন্মের সর্ব্বজন্মাপেক্ষা শ্রেষ্ঠতা ও প্রয়োজনীয়তা এবং মানবগণের মধ্যে অবতীর্ণ শ্রীহরির ও অহৈতুকী শুদ্ধহরিভক্তির মাহাত্ম্যগান বর্ণন করিতেছেন,—

[সঃ হরিঃ কামিভিঃ] অর্থিতঃ (প্রার্থিতঃ সন্) নৃণাং (কামিনাং পুংসাম্) অর্থিতং (প্রার্থিতম্ অভীষ্টং দ্রব্যং) দিশতি (দদাতি ইতি) সত্যম্, [তথাপি সঃ প্রভুঃ প্রায়শঃ তেষাম্] অর্থদঃ (পরমার্থপ্রদঃ) ন [ভবত্যেব] ; যৎ (যস্মাৎ) যতঃ (দত্তাদনন্তরং সকামৈঃ পুরুষৈঃ) পুনঃ অপি অর্থিতা (কামপূরণ-প্রার্থনা) ভবতি। [তু] অনিচ্ছতাং (নিষ্কামানাং) ভজতাং (সেবকানাম্) ইচ্ছাপিধানং (ইচ্ছানাং বাসনানাং পিধানম্ আচ্ছাদকং সর্ব্বকামপরিপূরকং) স্বয়ম্ এব বিধত্তে (সম্পাদয়তি)।

৪২। স্থানাভিলাষী (স্থানং পদম্ অভিলষিতুং শীলমস্য তথাভূতঃ) অহং তপসি স্থিতঃ ; হে প্রভো, কাচং বিচিন্বন্ (অন্বেষণং কুর্ব্বন্) দিব্যরত্নম্ (ইব) দেবমুনীন্দ্রগুহ্যং (দেবানাং মুনীন্দ্রাণামপি গুহ্যং দুর্ল্লভং) ত্বাং প্রাপ্তবান্ ; হে স্বামিন্, অহং কৃতার্থঃ অস্মি, [অতঃ অন্যং] বরং ন যাচে (ন প্রার্থয়ে)।

সুকৃতিমান্ জীব-বর্ণন ঃ—

সংসার ভ্রমিতে কোন ভাগ্যে কেহ তরে ।
নদীর প্রবাহে যেন কাষ্ঠ লাগে তীরে ॥ ৪৩ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৩৮।৫)—

মৈবং মমাধমস্যাপি স্যাদেবাচ্যুতদর্শনম্ ।
হ্রিয়মাণঃ কালনদ্যা ক্বচিত্তরতি কশ্চন ॥ ৪৪ ॥

ভক্ত্যুন্মুখীসুকৃতিফলে বদ্ধজীবের সিদ্ধি-লাভ ঃ—

কোন ভাগ্যে কারো সংসার ক্ষয়োন্মুখ হয় ।
সাধুসঙ্গে তরে, কৃষ্ণে রতি উপজয় ॥ ৪৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৪। 'আমি অত্যন্ত অধম বলিয়া ভগবদ্দর্শন পাইব না'—আমার এরূপ আশঙ্কা—মিথ্যা। কালনদীর বেগে বাহিত হইয়া কদাচিৎ কেহ কেহ নদী পারও হইয়া যান।

৪৫। এইস্থলে 'ভাগ্য'-শব্দের অর্থ কি কেবল ঘটনামাত্র, না আর কিছু? ভক্তিশাস্ত্র সুকৃতিকেই 'ভাগ্য' বলেন। সুকৃতি তিন প্রকার—ভক্ত্যুন্মুখী সুকৃতি, ভোগোন্মুখী সুকৃতি ও মোক্ষোন্মুখী সুকৃতি। যে সমস্ত কার্য্য সংসারে শুদ্ধভক্তিজনক বলিয়া স্থির আছে, সেই সকল কার্য্য ভক্ত্যুন্মুখী সুকৃতিকে উৎপন্ন করে ; যে-সকল কার্য্যের ফল—বিষয়ভোগ, সেইসকল কার্য্যই ভোগোন্মুখী-সুকতিপ্রদ ; যে-সকল কার্য্যের ফল—মোক্ষ, সেইসকল কার্য্যই মোক্ষোন্মুখী-সুকৃতিজনক। সংসার-ক্ষয়পূর্ব্বক স্বরূপধর্ম্ম কৃষ্ণভক্তির উদ্বোধিনী সুকৃতি যখন পুষ্ট হইয়া ফলোন্মুখ হয়, তখনই ভক্ত সাধুসঙ্গে সংসার হইতে উদ্ধার পান এবং কৃষ্ণে তাঁহার রতি উৎপন্ন হয়।

অনুভাষ্য

৪৩। অনন্ত কৃষ্ণবিমুখজীব নিরুপায় হইয়া সংসারে উচ্চাবচ-যোনিতে ভ্রমণ করিতেছে। তাহাদের মধ্যে কাহারও কোন সুকৃতি উদিত হইলে, সেই ব্যক্তি মহৎপাদসেবা-প্রভাবে উত্তীর্ণ হন। নদীতে অনেক কাষ্ঠখণ্ড ভাসিয়া যায় ; প্রবাহের ঘাত-প্রতিঘাতে কোন এক কাষ্ঠখণ্ড কূলে আসিয়া উপস্থিত হয়, অন্যগুলি জলপ্রবাহে নীত হইতে থাকে।

৪৪। দেবর্ষি নারদ কংসবধাদি কার্য্যের কথা জানাইয়া প্রস্থান করিলে, মহাত্মা অক্রূর রামকৃষ্ণকে আনিবার জন্য গোকুল যাত্রা করিয়া গমন-পথে স্বীয় কৃষ্ণদর্শন-সৌভাগ্য আলোচনা করিতেছেন,—

[এতদুত্তমশ্লোকদর্শনং মম দুর্ল্লভম্ এব মন্যে ; যদ্বা,] মৈবম্ ; অধমস্য (নীচস্যাপি) মম অচ্যুতদর্শনং স্যাৎ এব ;

সুকৃতিফলে সাধুসঙ্গ, তৎফলে ভজনপ্রবৃত্তি ও
অনর্থনিবৃত্তিক্রমে সাধনের সিদ্ধি বা
সাধ্য কৃষ্ণপ্রেম-লাভ ঃ—
শ্রীমদ্ভাগবতে (১০।৫১।৫৩)—

ভবাপবর্গো ভ্রমতো যদা ভবে-
জ্জনস্য তর্হ্যচ্যুত সৎসমাগমঃ।
সৎসঙ্গমো যর্হি তদৈব সদ্‌গতৌ
পরাবরেশে ত্বয়ি জায়তে রতিঃ ॥ ৪৬ ॥

কৃষ্ণপ্রসাদেই গুরুপ্রসাদ লাভ ঃ—

কৃষ্ণ যদি কৃপা করে কোন ভাগ্যবানে।
গুরু-অন্তর্যামি-রূপে শিখায় আপনে ॥ ৪৭ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।২৯।৬)—

নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ
ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ।
যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্ব-
ন্নাচার্য্যচৈত্তবপুষা স্বগতিং ব্যনক্তি ॥ ৪৮ ॥

দীক্ষান্তে সম্বন্ধজ্ঞান ও অভিধেয়-ফলে অনর্থনিবৃত্তি, রুচি,
আসক্তি ও প্রাপ্য-প্রয়োজন-লাভ ঃ—

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়।
ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয় ॥ ৪৯ ॥

শ্রদ্ধাবান্ ভক্তিযোগী অতিরাগী বা অতিবৈরাগী নহেন ঃ—
শ্রীমদ্ভাগবতে (১১।২০।৮)—

যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃ পুমান্।
ন নির্ব্বিণ্ণো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ ॥ ৫০ ॥

গুরু ও বৈষ্ণব বা সাধুর কৃপাতেই অনর্থনিবৃত্তি
ও শুদ্ধভক্তি-লাভ ঃ—

মহৎ-কৃপা বিনা কোন কর্ম্মে 'ভক্তি' নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে ক্ষয় ॥ ৫১ ॥

শুদ্ধভক্তের আনুগত্য ব্যতীত কৃষ্ণপ্রাপ্তি সুদুর্ল্লভা ঃ—
শ্রীমদ্ভাগবতে (৫।১২।১২)—

রহূগণৈতত্তপসা ন যাতি ন চেজ্যয়া নির্ব্বপণাদ্‌গৃহাদ্বা।
ন চ্ছন্দসা নৈব জলাগ্নিসূর্য্যৈর্বিনা মহৎপাদরজোভিষেকম্ ॥৫২॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৬। হে অচ্যুত, সংসার ভ্রমণ করিতে করিতে যখন ভব-মোচন-ফল আসিয়া উপস্থিত হয়, তখন জীবের যদি সৎসঙ্গ হইয়া পড়ে, তবেই সদ্‌গতি ও পরাবরেশ্বর-স্বরূপ তোমাতে রতি জন্মে।

৪৭। পূর্ব্বোক্ত ভক্ত্যুন্মুখী-সুকৃতিশালী ব্যক্তির নিকট যদি কোন মহাত্মা পুরুষ উপস্থিতও না হন, তথাপি কৃষ্ণ অন্তর্যামি-গুরুরূপে তাঁহাকে শুদ্ধভক্তি শিক্ষা দেন।

অনুভাষ্য

(যতঃ) কালনদ্যা হ্রিয়মাণঃ কশ্চন ক্বচিৎ তরতি। অয়ং ভাবঃ—যথা নদ্যাং হ্রিয়মাণানাং তৃণাদীনাং কিঞ্চিৎ কদাচিৎ তরতি, তথা কর্ম্মবশেন কালেন হ্রিয়মাণানাং ক্বচিৎ জীবানামপি মধ্যে কশ্চিৎ তরেদিতি সম্ভবতীত্যর্থঃ।

৪৬। কালযবন-দৈত্য তৎপদাঘাতে নিদ্রোত্থিত মুচুকুন্দের দৃষ্টিপাতে তাঁহার দেবগণ হইতে পূর্ব্বলব্ধ-বরপ্রভাবে ভস্মীভূত হওয়ায় শ্রীকৃষ্ণ তাঁহাকে বর দিতে উদ্যত হইলেন ; তখন মুচুকুন্দ শ্রীকৃষ্ণকে স্তব করিতেছেন,—

হে অচ্যুত, ভ্রমতঃ (সংসরতঃ) জনস্য যদা (ভগবদনুকম্পয়া) ভবাপবর্গঃ (ভবস্য সংসারস্য অপবর্গঃ অন্তঃ নাশঃ) ভবেৎ, (প্রাপ্তকালঃ স্যাদিত্যর্থঃ), [তদা] সৎসমাগমঃ (সাধুসঙ্গঃ) ভবেৎ, যর্হি (যদা) সৎসঙ্গমঃ হি ভবেৎ, [তদা] এব সদ্‌গতৌ (সর্ব্বোত্তম-জনপ্রাপ্যে নিত্যপরমপদে) পরাবরেশে (ভগবতি কৃষ্ণে) ত্বয়ি রতিঃ (ভক্তিঃ) জায়তে [ততো সংসারাৎ মুচ্যতে ইতি ভাবঃ]।

৪৮। আদি, ১ম পঃ ৪৮ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৫০। যদৃচ্ছাক্রমে যে পুরুষ—আমার কথাতে শ্রদ্ধাবান্, যিনি অত্যন্ত নির্ব্বিণ্ণও নহেন এবং অতিশয় আসক্তিযুক্তও নন, তাঁহার পক্ষেই ভক্তিযোগ প্রেমভক্তিসিদ্ধি দিয়া থাকেন।

৫২। হে রহূগণ, মহাজনের পদরজে অভিষেক বিনা ভগবদ্-ভক্তি তপস্যাদ্বারা, বৈদিক অর্চ্চনাদিদ্বারা, সন্ন্যাসপালনদ্বারা, গার্হস্থ্য-ধর্ম্ম-পালনদ্বারা, বেদপাঠদ্বারা অথবা জলাগ্নিসূর্য্যদ্বারা কখনই লব্ধ হয় না।

অনুভাষ্য

৫০। শ্রীউদ্ধবকে ত্রিবিধ যোগের কথা বলিতে গিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তিযোগের অধিকারী নির্ণয় করিতেছেন,—

যদৃচ্ছয়া (কেনাপি ভাগ্যোদয়েন) যঃ পুমান্ মৎকথাদৌ (ভগবৎকথা-শ্রবণ-কীর্ত্তনাদৌ) তু জাতশ্রদ্ধঃ, [অথচ] নির্ব্বিণ্ণঃ (অতিবিরক্তঃ ফল্গুবৈরাগ্যাশ্রিতঃ) ন, অতিসক্তঃ (সংসারে অত্যভিনিবিষ্টঃ) চ ন, অস্য (শ্রদ্ধালোর্জনস্য এব) ভক্তিযোগঃ সিদ্ধিদঃ (অভীষ্টপ্রদঃ ভবতি)।

৫১। কর্ম্মকাণ্ডীয় কোন প্রাকৃত সুকৃতিদ্বারা অপ্রাকৃত কৃষ্ণ-ভক্তি হয় না। একমাত্র কৃষ্ণভক্তের কৃপা ব্যতীত অপ্রাকৃত কৃষ্ণ-ভক্তির উদয়-সম্ভাবনা নাই ; কৃষ্ণভক্তি দূরে যাউক, প্রাকৃত-বুদ্ধিরূপ সংসার পর্য্যন্ত বিনষ্ট হয় না। কৃষ্ণভক্ত ব্যতীত অন্য কোন জীবেই মহত্ত্বের সম্ভাবনা হয় না। কৃষ্ণভক্তই একমাত্র অপ্রাকৃত। প্রাকৃত-দর্শনে তাঁহাকে কেহ কেহ 'প্রাকৃত' বলিয়া মনে করিলেও প্রকৃতপক্ষে প্রাকৃত সমস্ত বস্তু পরিত্যাগপূর্ব্বক কৃষ্ণভক্তকেই অতুলনীয় শ্রেষ্ঠ ও জীবের একমাত্র প্রার্থনীয়

মহৎ বা শুদ্ধবৈষ্ণবের কৃপাতেই অনর্থ-নাশ
ও তৎফলে বিষ্ণুপদ-লাভ ঃ—

শ্রীমদ্ভাগবতে (৭।৫।৩২)—

নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ।
মহীয়সাং পাদরজোভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥৫৩॥

চেতনের ক্ষণার্দ্ধ সঙ্গফলেই জীবের চিদ্বৃত্তি কৃষ্ণসেবার
উদ্বোধন ও সাধ্যপ্রাপ্তি ঃ—

'সাধুসঙ্গ' 'সাধুসঙ্গ'—সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয় ॥ ৫৪ ॥

সাধুসঙ্গের মহিমা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।১৮।১৩)—

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ৫৫ ॥

গীতার শিক্ষা ঃ—

কৃষ্ণ কৃপালু অর্জ্জুনেরে লক্ষ্য করিয়া।
জগতেরে রাখিয়াছেন উপদেশ দিয়া ॥ ৫৬ ॥

কৃষ্ণপ্রাপ্তির উদ্দেশেই যাবতীয় ক্রিয়া কর্ত্তব্য ঃ—

শ্রীমদ্ভগবদ্গীতায় (১৮।৬৪-৬৫)—

সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥ ৫৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৩। যাবৎ মানবদিগের মতি নিষ্কিঞ্চন ভগবদ্ভক্তদিগের পদধূলিদ্বারা অভিষিক্ত না হয়, তাবৎ তাহা অনর্থনাশক কৃষ্ণ-পাদপদ্ম স্পর্শ করিতে পারে না।

৫৫। ভগবৎসঙ্গি-সঙ্গদ্বারা জীবের যে অসীম মঙ্গল হয়, তাহার সহিত স্বর্গ বা মোক্ষের কিছুমাত্র তুলনা করা যাইতে পারে না (অতিতুচ্ছ বিত্তবৈভবাদি-সম্বন্ধে আর কি বক্তব্য)।

অনুভাষ্য

হিতৈষী জানিয়া তাঁহার কৃপাভিক্ষু হইলেই প্রাকৃত ভোগ আর থাকে না এবং অপ্রাকৃত কৃষ্ণসেবাধিকার-লাভ হয়।

৫২। সিন্ধুসৌবীরাধিপতি রহূগণ দ্বিজবন্ধুলিঙ্গ অবধূত ভরতের মুখে তত্ত্বজ্ঞান-শ্রবণে তাঁহাকে প্রণামপূর্ব্বক দুর্ব্বোধ অধ্যাত্ম-যোগ সুবোধ্যভাবে ব্যাখ্যা করিতে প্রার্থনা করায়, ব্রাহ্মণ-বেষী মহাভাগবত পরমহংস ভরত রহূগণকে প্রথমে অবিদ্যার ও তদ্বিনাশক শুদ্ধজ্ঞানময়বিগ্রহ ভগবান্ বাসুদেবের কথা বলিয়া পরে ভগবৎপ্রাপ্তির উপায় বর্ণন করিতেছেন,—

হে রহূগণ, মহৎপাদরজোঽভিষেকং (শুদ্ধকৃষ্ণভক্তপদরেণুনা অভিষেচনং) বিনা (ঋতে) এতৎ (অপ্রাকৃতং বাসুদেবাত্মক-ভগবত্তত্ত্বং) তপসা (বানপ্রস্থধর্ম্মেণ) ন, ইজ্যয়া (বৈদিককর্ম্মণা দেবার্চ্চনেনেত্যর্থঃ) চ ন, নির্ব্বপণাৎ (যোষিৎসঙ্গরাহিত্যাৎ সন্ন্যাসাৎ ইত্যর্থঃ) ন, গৃহাৎ (যোষিৎসঙ্গমূলকগৃহমেধ-যজ্ঞ-চালনাৎ) বা ন, ছন্দসা (বেদাভ্যাসেন) ন, জলাগ্নিসূর্য্যৈঃ (তত্ত-দুপাসিতৈঃ) ন যাতি (ন প্রাপ্নোতি) এব।

৫৩। দেবর্ষি নারদ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে প্রহ্লাদোপাখ্যান বর্ণন করিতেছেন। মহাভাগবত প্রহ্লাদ দৈত্যরাজ হিরণ্যকশিপুর প্রশ্নোত্তরে বিষ্ণুর নববিধা ভক্তিকেই একমাত্র সর্ব্বশ্রেষ্ঠ পাণ্ডিত্য ও শিক্ষারূপে বর্ণন করায়, হিরণ্যকশিপু গুরুপুত্র ষণ্ডামর্ককে তীব্রভাবে ভর্ৎসনা করিলেন। তখন ষণ্ডামর্ক প্রহ্লাদের স্বাভাবিকী মতিকেই তাঁহার বিষ্ণুভক্তির কারণরূপে নির্দ্দেশ করিয়া স্বীয় দোষ ক্ষালন করিলে হিরণ্যকশিপু প্রহ্লাদকে তাঁহার ঐরূপ বৈষ্ণবী মতির কারণ বর্ণন করিতে বলায় প্রহ্লাদ তৎসম্বন্ধে কিছুই না বলিয়া বিষ্ণুভক্তি-বিরোধী গৃহব্রতগণের বন্ধন ও মোচনের উপায় বলিতেছেন,—

৩০-৩১। সাধন-ভক্তির একপ্রকার লক্ষণ এবং প্রেমভক্তির নয়প্রকার লক্ষণ, যথা রতি (ভাবভক্তি)-লক্ষণা, প্রেম-লক্ষণা, স্নেহ-লক্ষণা, মান-লক্ষণা, প্রণয়-লক্ষণা, রাগ-লক্ষণা, অনুরাগ-লক্ষণা, ভাব-লক্ষণা ও মহাভাব-লক্ষণা।

৩৭। আদি, ৭ম পঃ ৯৮ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০। প্রেমভক্তি নব প্রকার—রতি, প্রেম, স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব, মহাভাব—এই নয় প্রকার।

'গুণ'-শব্দের অর্থ ; কৃষ্ণের অনন্তগুণের অতুল অমোঘ প্রভাব ঃ—

'গুণ'-শব্দের অর্থ—কৃষ্ণের গুণ অনন্ত ।
সচ্চিদ্রূপ-গুণ সর্ব্ব-পূর্ণানন্দ ॥ ৪১ ॥

ঐশ্বর্য্য-মাধুর্য্য-কারুণ্যে স্বরূপ-পূর্ণতা ।
ভক্তবাৎসল্য, আত্মা পর্য্যন্ত বদান্যতা ॥ ৪২ ॥

এক একটীগুণ এক এক ভক্তবিশেষকে বশকারক ঃ—

অলৌকিক রূপ, রস, সৌরভাদি গুণ ।
কারো মন কোন গুণে করে আকর্ষণ ॥ ৪৩ ॥

পাদপদ্ম-সৌরভে চতুঃসনকে এবং লীলামাধুর্য্যে শুকদেবকে আকর্ষণ ঃ—

সনকাদির মন হরিল সৌরভাদি গুণে ।
শুকদেবের মন হরিল লীলা-শ্রবণে ॥ ৪৪ ॥

শ্রীমদ্ভাগবতে (৩।১৫।৪৩)—

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥ ৪৫ ॥

শ্রীমদ্ভাগবতে (২।১।৯)—

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া ।
গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ৪৬ ॥

অঙ্গমাধুর্য্যে গোপীর এবং রূপ-গুণ-মাধুর্য্যে রুক্মিণীর মনোহরণ ঃ—

শ্রীঅঙ্গ-রূপে হরে গোপিকার মন ।
রূপ-গুণ-শ্রবণে রুক্মিণ্যাদির আকর্ষণ ॥ ৪৭ ॥

কৃষ্ণের অঙ্গ, বদন ও হাস্য-মাধুর্য্যে মুগ্ধা গোপীর আত্মনিবেদন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।২৯।৩৯)—

বীক্ষ্যালকাবৃতমুখং তব কুণ্ডলশ্রি-
গণ্ডস্থলাধরসুধং হসিতাবলোকম্ ।
দত্তাভয়ঞ্চ ভুজদণ্ডযুগং বিলোক্য
বক্ষঃ শ্রিয়ৈকরমণঞ্চ ভবাম দাস্যঃ ॥ ৪৮ ॥

কৃষ্ণগুণাকৃষ্টা রুক্মিণীর আত্মনিবেদন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৫২।৩৭)—

শ্রুত্বা গুণান্ ভুবনসুন্দর শৃণ্বতাং তে
নির্ব্বিশ্য কর্ণবিবরৈর্হরতোঽঙ্গতাপম্ ।
রূপং দৃশাং দৃশিমতামখিলার্থলাভং
ত্বয্যচ্যুতাবিশতি চিত্তমপত্রপং মে ॥ ৪৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৬। হে রাজর্ষে, নৈর্গুণ্যে পরিনিষ্ঠিত হইয়াও শ্রীকৃষ্ণলীলায় আকৃষ্ট হইয়া আমি শ্রীমদ্ভাগবত পাঠ করিয়াছিলাম।

৪৮। হে কৃষ্ণ, তোমার অলকাবৃত মুখ, তোমার কুণ্ডলশ্রী-গণ্ডস্থলাধর-সুধাযুক্ত ঈষদ্ধাস্যের সহিত অবলোকন, অভয়-দত্ত ভুজদণ্ডদ্বয় এবং একমাত্র শ্রীদ্বারা শোভিত বক্ষ দেখিয়া আমরা তোমার দাসী হইলাম।

৪৯। হে ভুবনসুন্দর, তোমার গুণসমূহ শ্রবণকারী ব্যক্তি-

অনুভাষ্য

৪৫। মধ্য, ১৭শ পঃ ১৪২ সংখ্যা দ্রষ্টব্য।

৪৬। 'মুমূর্ষু ব্যক্তির কি করা কর্ত্তব্য?' পরীক্ষিতের এই প্রশ্নের বহুমানন করিয়া শ্রীল শুকদেব শ্রীহরিকীর্ত্তন ও হরিকথা-কীর্ত্তনময় শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্য কীর্ত্তন করিয়া শ্রীহরির গুণপ্রভাব বর্ণন করিতেছেন,—

হে রাজর্ষে, নৈর্গুণ্যে (নির্গুণে ব্রহ্মণি) পরিনিষ্ঠিতঃ (স্থিতধীঃ) অপি [অহং বৈয়াসকিঃ] উত্তমঃশ্লোকলীলয়া (কৃষ্ণমাধুর্য্যেণ) গৃহীতচেতাঃ (আকৃষ্টচিত্তঃ সন্) যৎ আখ্যানং (ভাগবতাখ্যম্) অধীতবান্, [তৎ তে অভিধাস্যামীতি পরেণান্বয়ঃ]।

৪৮। জ্যোৎস্না-স্নাতা শারদীয়া রজনীতে শ্রীকৃষ্ণের বংশী-রবে সমাকৃষ্টা গোপবধূগণ আত্মহারা হইয়া শ্রীকৃষ্ণসমীপে উপস্থিত হইলে তিনি তাঁহাদের অনুরাগ আরও বর্দ্ধন করিবার

অমৃতপ্রবাহ ভাষ্য

দিগের কর্ণবিবরদ্বারা প্রবিষ্ট হইয়া তাহাদের অঙ্গতাপ নাশ করে। চক্ষুষ্মান্ ব্যক্তিদিগের তোমার রূপ-দর্শনে অখিলার্থ লাভ হয়। হে অচ্যুত, সেই গুণসকল শ্রবণ করিয়া আমার চিত্ত নির্লজ্জ হইয়া তোমাতে প্রবেশ করিতেছে।

অনুভাষ্য

আশয়ে গৃহে গমন করিতে বলায় কৃষ্ণগতপ্রাণা গোপীগণ দুঃখিতা হইয়া রুদ্ধকণ্ঠে গদ্গদবাক্যে কৃষ্ণকে বলিতেছেন,—

[হে পুরুষভূষণ,] তব অলকাবৃতমুখং (কেশদামৈঃ আবৃত-মুখং) কুণ্ডলশ্রিগণ্ডস্থলাধরসুধং (কুণ্ডলয়োঃ শ্রীর্যয়ো তে গণ্ড-স্থলে যস্মিন্ অধরে সুধা যস্মিন্ তচ্চ মুখং) হসিতাবলোকং (হসিতেন সহ অবলোকং যস্মিন্ তচ্চ মুখং) বীক্ষ্য (দৃষ্ট্বা) দত্তাভয়ং (দত্তম্ অভয়ং যেন তৎ) ভুজদণ্ডযুগং (বাহুদ্বয়ং) শ্রিয়ৈকরমণং (শ্রিয়াঃ লক্ষ্ম্যাঃ একং মুখ্যম্ এব রমণং রতি-জনকং তৎ) বক্ষঃ চ বিলোক্য বয়ং দাস্যঃ এব ভবাম।

৪৯। পরীক্ষিতের প্রশ্নের উত্তরে শ্রীশুক ভগবান্ শ্রীকৃষ্ণ ও ভীষ্মকদুহিতা মহালক্ষ্মীস্বরূপিণী শ্রীমতী রুক্মিণীর পরিণয়-বৃত্তান্ত বর্ণন করিতেছেন। লোকমুখে শ্রীকৃষ্ণের সদ্গুণগ্রাম শ্রবণ করিয়া মনে মনে তাঁহাকে পতিত্বে বরণ করা সত্ত্বেও কৃষ্ণদ্বেষী জ্যেষ্ঠ ভ্রাতা রুক্মী চৈদ্য-শিশুপালকে তাঁহার বর স্থির করিতেছে শুনিয়া নির্জ্জনে একখানি প্রেমপত্র লিখিয়া এক

বংশীগানে নারায়ণী লক্ষ্মীকে এবং বেণু ও বিগ্রহ-মাধুর্য্যে
সমগ্র কান্তাগণকে আকর্ষণ ঃ—

বংশী-গীতে হরে কৃষ্ণ লক্ষ্ম্যাদির মন ।
যোগ্যভাবে জগতের যত যুবতীর গণ ॥ ৫০ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।১৬।৩৬)—

কস্যানুভাবোঽস্য ন দেব বিদ্মহে তবাঙ্ঘ্রিরেণুস্পর্শাধিকারঃ ।
যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতা ॥৫১॥

শ্রীমদ্ভাগবতে (১০।২৯।৪০)—

কা স্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-
সম্মোহিতার্য্যচরিতান্ন চলেৎত্রিলোক্যাম্ ।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥ ৫২ ॥

বাৎসল্যরসে মাতৃগণকে ও সখ্য-দাস্যাদি-রসে পুরুষরূপী
সখা ও দাসগণকে আকর্ষণ ঃ—

গুরুতুল্য স্ত্রীগণের বাৎসল্যে আকর্ষণ ।
দাস্য-সখ্যাদি-ভাবে পুরুষাদি গণ ॥ ৫৩ ॥

শান্তরসে ধামস্থ সমস্ত স্থাবর-জঙ্গমকে আকর্ষণ ঃ—

পক্ষী, মৃগ, বৃক্ষ, লতা, চেতনাচেতন ।
প্রেমে মত্ত করি' আকর্ষয়ে কৃষ্ণগুণ ॥ ৫৪ ॥

(৯) 'হরি'-শব্দের অর্থ ; দ্বিবিধ হরণ—(ক) গৌণ ও
(খ) মুখ্য লক্ষণ ঃ—

'হরিঃ'-শব্দে নানার্থ, দুই মুখ্যতম ।
সর্ব্ব অমঙ্গল হরে, প্রেম দিয়া হরে মন ॥ ৫৫ ॥

(১) জীবের আবরণ-রূপ অনর্থহর গুণ—
(ক) নিখিল তাপবিনাশ ঃ—

যৈছে তৈছে যোহি কোহি করয়ে স্মরণ ।
চারিবিধ তাপ তার করে সংহরণ ॥ ৫৬ ॥

কৃষ্ণভক্তি—পাপ, পাপবীজ ও অবিদ্যা,
এই ত্রিবিধ ক্লেশঘ্নী ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।১৪।১৯)—

যথাগ্নিঃ সুসমৃদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥ ৫৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৫২। হে কৃষ্ণ, তোমার কলপদামৃত বেণুগীতদ্বারা সম্মোহিত হইয়া ত্রৈলোক্যমধ্যে কোন্ স্ত্রী আর্য্যচরিত (ধর্ম্ম) হইতে বিচলিত না হয়? ত্রৈলোক্যের সৌভাগ্যস্বরূপ তোমার এই রূপ দেখিয়া গো-সকল, পক্ষীসকল, দ্রুমসকল ও মৃগসকল পুলক-ধারণ করিয়া থাকে।

অনুভাষ্য

বিশ্বস্ত ব্রাহ্মণকে দিয়া তৎক্ষণাৎ শ্রীকৃষ্ণের নিকট প্রেরণ করিলেন। ব্রাহ্মণ দ্বারকায় উপস্থিত হইয়া শ্রীকৃষ্ণকর্ত্তৃক যথা-বিধি সৎকারলাভানন্তর রুক্মিণীর সেই প্রেমপত্রখানা শ্রীকৃষ্ণের অনুমতিক্রমে পাঠ করিতে লাগিলেন,—

হে অচ্যুত, হে ভুবনসুন্দর, শৃণ্বতাং (শ্রোতৃবর্গাণাং) কর্ণ-বিবরৈঃ (অন্তঃ প্রবিশ্য) অঙ্গতাপং হরতঃ তে (তব) গুণান্, দৃশিমতাং (চক্ষুষ্মতাং) দৃশাং (চক্ষুষাম্) অখিলার্থলাভং (সর্ব্ব-সারার্থপ্রদং) রূপং চ শ্রুত্বা মে (মম) চিত্তম্ অপত্রপং (অপগতা ত্রপা যস্মাৎ তৎ, লজ্জাবিহীনং সৎ) ত্বয়ি আবিশতি (আসজ্জতে, অনুসন্ধান-রাহিত্যেন মগ্নং ভবতি)।

৫১। মধ্য, ৮ম পঃ ১৪৭ সংখ্যা দ্রষ্টব্য।

৫২। কৌমুদী-প্লাবিতা শারদীয়া-রজনীতে শ্রীকৃষ্ণের মুরলী-রবে সমাকৃষ্টা গোপবধূগণ আত্মহারা হইয়া শ্রীকৃষ্ণসমীপে উপস্থিত হইলে তিনি তাঁহাদের অনুরাগ আরও বর্দ্ধন করিবার অভিপ্রায়ে স্ব-স্ব-গৃহে গমন করিতে বলায়, কৃষ্ণগত-চিত্তা গোপবধূগণ দুঃখিত হইয়া রুদ্ধকণ্ঠে গদ্গদবাক্যে কৃষ্ণকে বলিতেছেন,—

অমৃতপ্রবাহ ভাষ্য

৫৬। চারিবিধ তাপ,—চারিবিধ পাতকের তাপ—(১) পাতক, (২) উরুপাতক, (৩) মহাপাতক, (৪) অতিপাতক।

৫৭। প্রজ্জ্বলিত অগ্নি যেরূপ সমস্ত কাষ্ঠকে পুড়াইয়া ভস্মসাৎ করে, সেইরূপ মদ্বিষয়া ভক্তি, হে উদ্ধব, সর্ব্ববিধ পাপকে সম্পূর্ণরূপে নষ্ট করিয়া ফেলে।

অনুভাষ্য

হে অঙ্গ (কৃষ্ণ), ত্রিলোক্যাং (ত্রিভুবনমধ্যে) কা সা স্ত্রী (নারী গোপীত্যর্থঃ),—যা তে (তব) কলপদামৃতবেণুগীত-সম্মোহিতা (কলানি মধুরাণি পদানি যস্মিন্ তৎ চ অমৃতং তন্ময়ম্ এব বেণুগীতং তেন, কলপদায়তমূর্চ্ছিতেনেতি পাঠে—কলানি পদানি যস্মিন্ তৎ আয়তং দীর্ঘং মূর্চ্ছিতং স্বরালাপমেদঃ তেন সম্মোহিতা আকৃষ্টহৃদয়া সতী) ত্রৈলোক্যসৌভগং (ত্রৈলোক্যস্য ঊর্দ্ধাধো-মধ্যবর্ত্তমানস্য যাবল্লোকস্য সৌভগং মনোহরং তব সুন্দরম্) ইদং রূপঞ্চ—যৎ গোদ্বিজ-দ্রুমমৃগাঃ (সর্ব্বে স্থাবর-জঙ্গমজীবাঃ) পুলকানি অবিভ্রন্ (অবিভরুঃ), তৎ—নিরীক্ষ্য (দৃষ্টা) আর্য্যচরিতাৎ (নিজ-নিজবিধিধর্ম্মাৎ) ন চলেৎ (ভ্রশ্যেৎ)?

৫৭। সর্ব্বশ্রেয়ঃসাধনশ্রেষ্ঠ ভক্তিযোগ-সম্বন্ধে আরও অধিক জানিতে ইচ্ছা করায় শ্রীউদ্ধবকে ভগবান্ বলিতেছেন,—

হে উদ্ধব, যথা সুসমৃদ্ধার্চ্চিঃ (সুসমৃদ্ধা অর্চ্চিঃ যস্য সঃ) অগ্নিঃ এধাংসি (কাষ্ঠানি) ভস্মসাৎ করোতি (বিনাশয়তি), তথা মদ্বিষয়া ভক্তিঃ কৃৎস্নশঃ (সর্ব্বাণি) এনাংসি (পাপানি—প্রারব্ধা-প্রারব্ধানি চ বিধুনোতি)।

(খ) অজ্ঞান ও অবিদ্যা-বিনাশ ; তখন কৃষ্ণপ্রীতিবাঞ্ছামূলে শ্রবণ-কীর্ত্তনাদি শুদ্ধ-চিত্তে স্বপ্রকাশ নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেমোদয় ঃ—

তবে করে ভক্তিবাধক কর্ম্ম-অবিদ্যা-নাশ ।
শ্রবণাদ্যের ফল 'প্রেমা' করয়ে প্রকাশ ॥ ৫৮ ॥

(২) অনাবৃত শুদ্ধ জীবস্বরূপকে প্রেমে আকর্ষণ ঃ—

নিজ-গুণে তবে হরে দেহেন্দ্রিয় মন ।
ঐছে কৃপালু কৃষ্ণ, ঐছে তাঁর গুণ ॥ ৫৯ ॥

হরি বা হরিপ্রেম চতুর্ব্বর্গ-ধিক্কারী ও সর্ব্বচিত্তহর ঃ—

চারি পুরুষার্থ ছাড়ায়, হরে সবার মন ।
'হরি'-শব্দের এই মুখ্য কহিলুঁ লক্ষণ ॥ ৬০ ॥

(১০) চ-শব্দের ও (১১) অপি-শব্দের অর্থ ঃ—

'অপি' 'চ', দুই শব্দ তাতে 'অব্যয়' হয় ।
যেই অর্থ লাগাইয়ে, সেই অর্থ হয় ॥ ৬১ ॥

চ-শব্দের সপ্ত ও অপি-শব্দের সপ্ত অর্থ ঃ—

তথাপি চ-কারের কহে মুখ্য অর্থ সাত ।
অপি-শব্দে মুখ্য অর্থ সাত বিখ্যাত ॥ ৬২ ॥

চ-শব্দের প্রয়োগস্থল ; প্রমাণ ঃ—

বিশ্বপ্রকাশে—

চান্বাচয়ে সমাহারেঽন্যোঽন্যার্থে চ সমুচ্চয়ে ।
যত্নান্তরে তথা পাদপূরণেঽপ্যবধারণে ॥ ৬৩ ॥

অপি-শব্দের প্রয়োগস্থল, প্রমাণ ঃ—

বিশ্বপ্রকাশে—

অপি সম্ভাবনা-প্রশ্ন-শঙ্কা-গর্হা সমুচ্চয়ে ।
তথা যুক্তপদার্থেষু কামচারক্রিয়াসু চ ॥ ৬৪ ॥

এই পর্য্যন্ত পদসমূহের অর্থ নির্ণীত ; এক্ষণে তদ্দ্বারা শ্লোকার্থ নির্ণয় ঃ—

এই ত' একাদশ পদের অর্থ-নির্ণয় ।
এবে শ্লোকার্থ করি, যথা যে লাগয় ॥ ৬৫ ॥

প্রথমে 'আত্মারাম'-পদের অন্তর্গত 'আত্মা'-শব্দের

(১) 'ব্রহ্ম'-অর্থদ্বারা ব্যাখ্যা ঃ—

'ব্রহ্ম'-শব্দের অর্থ—তত্ত্ব সর্ব্ব-বৃহত্তম ।
স্বরূপ-ঐশ্বর্য্য করি' নাহি যাঁর সম ॥ ৬৬ ॥

ব্রহ্মের সংজ্ঞা ; শাস্ত্র-প্রমাণ ঃ—

বিষ্ণুপুরাণে (১।১২।৫৭)—

বৃহত্ত্বাদ্বৃংহণত্বাচ্চ তদ্ব্রহ্ম পরমং বিদুঃ ।
তস্মৈ নমস্তে সর্ব্বাত্মন্ যোগিচিন্ত্যাবিকারী যৎ ॥ ৬৭ ॥

আত্মা-শব্দের আততত্বই ব্রহ্মত্ব ঃ—

শ্রীমদ্ভাগবত (১১।২।৪৫) শ্লোক-ব্যাখ্যায় শ্রীধরস্বামি-ধৃত তন্ত্র-বাক্য—

আততত্বাচ্চ মাতৃত্বাদাত্মা হি পরমো হরিঃ ॥ ৬৮ ॥

'ব্রহ্ম'-শব্দের অভিধা-বৃত্তিতে পূর্ণ প্রতীতিময় ভগবান্ ঃ—

সেই 'ব্রহ্ম'-শব্দে কহে স্বয়ং ভগবান্ ।
অদ্বিতীয়-জ্ঞান, যাঁহা বিনা নাহি আন ॥ ৬৯ ॥

শাস্ত্র-প্রমাণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।২।১১)—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্ ।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ৭০ ॥

কৃষ্ণই স্বয়ং ভগবান্ ও ত্রিকালসত্য বস্তু ঃ—

সেই অদ্বয়তত্ত্ব কৃষ্ণ—স্বয়ং ভগবান্ ।
তিনকালে সত্য তিঁহো—শাস্ত্র-প্রমাণ ॥ ৭১ ॥

সৃষ্টির পূর্ব্বে ও পরে কৃষ্ণের নিত্য অধিষ্ঠান ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩২)—

অহমেবাসমেবাগ্রে নান্যদ্‌যৎ সদসৎপরম্ ।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥ ৭২ ॥

আত্মা-শব্দে বিভু কৃষ্ণ ঃ—

'আত্মা'-শব্দে কহে কৃষ্ণ বৃহত্ত্বস্বরূপ ।
সর্ব্বব্যাপক, সর্ব্বসাক্ষী, পরমস্বরূপ ॥ ৭৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৩। অন্বাচয়ে অর্থাৎ অনুগম্যসমূহার্থে, সমাহারে, অন্যোন্যার্থে, সমুচ্চয়ে, যত্নান্তরে, পাদপূরণে ও অবধারণে অর্থাৎ নিশ্চয়ার্থে 'চ'-শব্দের প্রয়োগ হয়।

৬৪। 'অপি'-শব্দ সম্ভাবনা, প্রশ্ন, শঙ্কা, গর্হা, সমুচ্চয়, যুক্ত-পদার্থ, কামচার-ক্রিয়ায় ব্যবহৃত হয়।

অনুভাষ্য

৬০। ভগবান্ শ্রীহরি জীবের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষাত্মক চারিটী পুরুষার্থ লাভের পিপাসা ছাড়াইয়া দেন এবং সকলের মনোহরণ করিয়া নিজ-প্রেমাকৃষ্ট করান।

৬৭। [বুধাঃ] বৃহত্ত্বাদ্ (সর্ব্বব্যাপকত্বাৎ) বৃংহণত্বাচ্চ (সম্বর্দ্ধ-কত্বাৎ, পোষকত্বাৎ বা) তৎ পরমং ব্রহ্ম বিদুঃ (জানন্তি) ; হে সর্ব্বাত্মন্, তে (তব) যৎ যোগিচিন্ত্যাবিকারী (সূরিজনমোহনং স্বরূপং) তস্মৈ নমঃ।

৬৮। আততত্বাৎ (সর্ব্বব্যাপকত্বাৎ) মাতৃত্বাৎ (সর্ব্বপ্রসবিতৃ-ত্বাৎ) চ হরিঃ হি পরমঃ আত্মা।

৭০। আদি, ২য় পঃ ১১ সংখ্যা দ্রষ্টব্য।

৭২। আদি, ১ম পঃ ৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৬৭। বৃহত্ত্বপ্রযুক্ত, বৃংহণত্ব অর্থাৎ বৃদ্ধিকারকত্ব-প্রযুক্ত সেই তত্ত্বকে 'পরমব্রহ্ম' বলে। হে সর্ব্বাত্মন্, যোগিচিন্ত্যাবিকারী যে তুমি, তোমাকে প্রণাম।

৬৮। বিস্তৃতত্ব ও পরিমাতৃত্ব-প্রযুক্ত হরিই পরমাত্মা।

শ্রীমদ্ভাগবতে (১১।২।৪৫) শ্লোক-ব্যাখ্যায় শ্রীধরস্বামি-ধৃত তন্ত্র-বচন—

আততত্বাচ্চ মাতৃত্বাদাত্মা হি পরমো হরিঃ ॥ ৭৪ ॥

ত্রিবিধ অভিধেয়ে কৃষ্ণের ত্রিবিধ প্রতীতি—ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ ঃ—

সেই কৃষ্ণপ্রাপ্তি-হেতু ত্রিবিধ 'সাধন'।
জ্ঞান, যোগ, ভক্তি,—তিনের পৃথক্ লক্ষণ ॥ ৭৫ ॥

তিন সাধনে ভগবান্ তিন স্বরূপে ভাসে।
ব্রহ্ম, পরমাত্মা, ভগবান্—ত্রিবিধ-প্রকাশে ॥ ৭৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১।২।১১)—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ৭৭ ॥

'ব্রহ্ম-আত্মা'-শব্দে যদি কৃষ্ণেরে কহয়।
'রূঢ়ি-বৃত্ত্যে' নির্ব্বিশেষ অন্তর্যামী কয় ॥ ৭৮ ॥

জ্ঞানমার্গে চিন্মাত্র ব্রহ্ম, যোগমার্গে সচ্চিন্ময় পরমাত্ম-প্রতীতি ঃ—

জ্ঞানমার্গে—নির্ব্বিশেষ-ব্রহ্ম প্রকাশে।
যোগমার্গে—অন্তর্যামি-স্বরূপেতে ভাসে ॥ ৭৯ ॥

দ্বিবিধ ভক্তি (রাগময়ী ও বৈধী)-দ্বারা দ্বিবিধ ভগবৎস্বরূপ (স্বয়ং কৃষ্ণ ও তৎপ্রকাশ)-প্রাপ্তি ঃ—

রাগভক্তি, বিধিভক্তি হয় দুইরূপ।
'স্বয়ং-ভগবত্তা', 'প্রকাশ'—দুইত' স্বরূপ ॥ ৮০ ॥

রাগানুগা-ভক্তির সিদ্ধিতে ব্রজে ব্রজেন্দ্রনন্দন, বৈধীভক্তির সিদ্ধিতে বৈকুণ্ঠে নারায়ণ-দাস্য ঃ—

রাগভক্ত্যে ব্রজে স্বয়ং-ভগবানে পায়।
বিধিভক্ত্যে পার্ষদদেহে বৈকুণ্ঠকে যায় ॥ ৮১ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৯।২১)—

নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ।
জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ ॥ ৮২ ॥

শ্রীমদ্ভাগবতে (৩।১৫।২৫)—

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে-যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ৮৩ ॥

ত্রিবিধ উপাসক ঃ—

সেই উপাসক হয় ত্রিবিধ প্রকার।
অকাম, মোক্ষকাম, সর্ব্বকাম আর ॥ ৮৪ ॥

শ্রীমদ্ভাগবতে (২।৩।১০)—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥ ৮৫ ॥

'উদারধী'-শব্দের অর্থ ঃ—

বুদ্ধিমান্-অর্থে—যদি বিচারজ্ঞ হয়।
নিজ-কাম লাগিহ তবে কৃষ্ণেরে ভজয় ॥ ৮৬ ॥

সর্ব্ববিধ সাধনই ভক্তিসাপেক্ষ, ভক্তিই কেবল নিরপেক্ষ ঃ—

ভক্তি বিনা কোন সাধন দিতে নারে ফল।
সব ফল দেয় ভক্তি স্বতন্ত্র প্রবল ॥ ৮৭ ॥

ভক্তির আশ্রয় বিনা অন্য সাধন, সমস্তই নিষ্ফল ঃ—

অজাগলস্তন-ন্যায় অন্য সাধন।
অতএব হরি ভজে বুদ্ধিমান্ জন ॥ ৮৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৩। পরস্পর কৃষ্ণকথা-বর্ণনে যাঁহারা অনুরাগ-বৈক্লব্য-জনিত বাষ্প-কলাদ্বারা পুলকিতাঙ্গ, তাঁহারা দেবাদিদেব কৃষ্ণের অনুবৃত্তি-ক্রমে যম-নিয়মাদি দূরে নিক্ষেপ করত আমাদের উপরিভাগে স্পৃহাশীল হইয়া বৈকুণ্ঠে গমন করেন।

৮৬। এই শ্লোকে যদি উদারধী অর্থাৎ বুদ্ধিমান্ বিচারজ্ঞ হন, তাহা হইলে কামবাসনাসত্ত্বেও কৃষ্ণের ভজন করিবেন।

অনুভাষ্য

৭৪। মধ্য, ২৪ পঃ ৬৮ সংখ্যা দ্রষ্টব্য।

৭৭। আদি, ২য় পঃ ১১ সংখ্যা দ্রষ্টব্য।

৮২। মধ্য, ৮ম পঃ ২২৭ সংখ্যা দ্রষ্টব্য।

৮৩। ব্যাসসখা শ্রীমৈত্রেয়ঋষি শ্রীবিদুরকে দিতিগর্ভ-ভীত দেবগণের নিকট ব্রহ্মা দিতিগর্ভস্থ অসুরদ্বয়ের আদি বৃত্তান্ত বলিতে গিয়া চতুঃসনাদির বৈকুণ্ঠগমনাখ্যান-বর্ণন-প্রসঙ্গে বৈকুণ্ঠের মাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন,—

অনিমিষাং (কালানধীনানাং দেবানাম্) ঋষভানুবৃত্ত্যা (ঋষভস্য শ্রেষ্ঠস্য শ্রীহরেঃ অনুবৃত্ত্যা অনুসরণেন) দূরে-যমাঃ (দূরে যমঃ যেষাং তে, যদ্বা, দূরীকৃতযমনিয়মাঃ) স্পৃহণীয়শীলাঃ (স্পৃহণীয়ং কারুণ্যাদি শীলং যেষাং তে) ভর্ত্তুঃ (হরেঃ) সুযশসঃ (সুমঙ্গল-লীলাগুণস্য) মিথঃ (পরস্পরং) কথানুরাগবৈক্লব্যবাষ্পকলয়া (কথনে বর্ণনে যঃ অনুরাগঃ, তেন বৈক্লব্যঃ বৈবশ্যঃ তেন বাষ্পকলা অশ্রুবিন্দুঃ তয়া সহ) পুলকীকৃতাঙ্গাঃ (পুলকীকৃতং রোমাঞ্চিতম্ অঙ্গং যেষাং তে তথাভূতাঃ) চ নঃ (অস্মাকম্) উপরি (উপরিস্থিতং) যৎ চ [বৈকুণ্ঠং] ব্রজন্তি (গচ্ছন্তি) [তৎ বিকুণ্ঠমুপেত্য মুনয়ঃ পরাং মুদমাপুরিতি পরেণান্বয়ঃ]।

৮৫। মধ্য, ২২ পঃ ৩৬ সংখ্যা দ্রষ্টব্য।

৮৮। ভক্তিব্যতীত অন্যপ্রকার সাধন—নিতান্ত নিষ্ফল, কখনই ফল প্রসব করিতে পারে না ; যেহেতু অজার গলদেশস্থ স্তন যেরূপ দুগ্ধ দিতে পারে না, কেবলমাত্র অনভিজ্ঞ লোকের মিথ্যা-ভ্রমেরই বিষয় হয়, তদ্রূপ ভক্তি ব্যতীত জ্ঞান ও কর্ম্মের সাধনে কোন ফল হয় না।

বুভুক্ষু ও মুমুক্ষুভেদে চারিপ্রকার অনর্থযুক্ত সুকৃত ; তাহা হইলেও এই চতুর্ব্বিধ কামনা নিষ্কাম ভক্তির কারণ নহে ঃ—

শ্রীমদ্ভগবদ্‌গীতায় (৭।১৬)—

চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন ।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ ॥ ৮৯ ॥

আর্ত্ত ও অর্থার্থী—বুভুক্ষু ; জিজ্ঞাসু ও জ্ঞানী—মুমুক্ষু ঃ—

আর্ত্ত, অর্থার্থী,—দুই সকাম-ভিতরে গণি ।
জিজ্ঞাসু, জ্ঞানী,—দুই মোক্ষকামী মানি ॥ ৯০ ॥

চতুর্ব্বিধ কামনা ছাড়িলেই শুদ্ধভক্তিলাভে যোগ্যতা ঃ—

এই চারি সুকৃতি হয় মহাভাগ্যবান্ ।
তত্তৎকামাদি ছাড়ি' হয় শুদ্ধভক্তিমান্ ॥ ৯১ ॥

চতুর্ব্বিধ কামই দুঃসঙ্গ, সাধুগুরু-কৃষ্ণকৃপায় দুঃসঙ্গ-মোচন ঃ—

সাধুসঙ্গ-কৃপা কিম্বা কৃষ্ণের কৃপায় ।
কামাদি 'দুঃসঙ্গ' ছাড়ি' শুদ্ধভক্তি পায় ॥ ৯২ ॥

সৎসঙ্গের প্রভাব ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।১০।১১)—

সৎসঙ্গান্মুক্ত-দুঃসঙ্গো হাতুং নোৎসহতে বুধঃ ।
কীর্ত্ত্যমানং যশো যস্য সকৃদাকর্ণ্য রোচনম্ ॥ ৯৩ ॥

দুঃসঙ্গের অর্থ ঃ—

'দুঃসঙ্গ' কহিয়ে—'কৈতব', 'আত্মবঞ্চনা' ।
কৃষ্ণ, কৃষ্ণভক্তি বিনা অন্য কামনা ॥ ৯৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১।১।২)—

ধর্ম্মঃ প্রোজ্ঝিত-কৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্ ।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিংবা পরৈরীশ্বরঃ
সদ্যো হৃদ্যবরুদ্ধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥ ৯৫ ॥

'প্র'-শব্দে—মোক্ষবাঞ্ছা কৈতবপ্রধান ।
এই শ্লোকে শ্রীধরস্বামী করিয়াছেন ব্যাখ্যান ॥ ৯৬ ॥
সকাম-ভক্তে 'অজ্ঞ' জানি' দয়ালু ভগবান্ ।
স্ব-চরণ দিয়া করে ইচ্ছার পিধান ॥ ৯৭ ॥

শ্রীমদ্ভাগবতে (৫।১৯।২৬)—

সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণাং নৈবার্থদো যৎ পুনরর্থিতা যতঃ ।
স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিচ্ছাপিধানং নিজপাদপল্লবম্ ॥৯৮

শুদ্ধভক্তসঙ্গ, সেবা ও কৃষ্ণকৃপাতেই অনর্থ-নিবৃত্তি ও সিদ্ধিলাভ ঃ—

সাধুসঙ্গ, কৃষ্ণকৃপা, ভক্তির স্বভাব ।
এ তিনে সব ছাড়ায়, করে কৃষ্ণে 'ভাব' ॥ ৯৯ ॥

পরবর্ত্তী সমস্ত ব্যাখ্যায় ইহাই জ্ঞাতব্য ঃ—

আগে যত যত অর্থ ব্যাখ্যান করিব ।
কৃষ্ণগুণাস্বাদের এই হেতু জানিব ॥ ১০০ ॥
শ্লোকব্যাখ্যা লাগি' এই করিলুঁ আভাস ।
এবে করি শ্লোকের মূলার্থ প্রকাশ ॥ ১০১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৯। হে অর্জ্জুন, আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও জ্ঞানী—এই চারিপ্রকার লোক ভক্ত্যুন্মুখী সুকৃতিবান্ হইলে সেই সেই কাম পরিত্যাগ করিয়া আমাকে ভজন করে।

৯৩। সৎসঙ্গক্রমে দুঃসঙ্গ পরিত্যাগপূর্ব্বক পণ্ডিতব্যক্তি যাঁহার কীর্ত্ত্যমান, রুচিকর যশ একবার শুনিয়া কখনও পরিত্যাগ করিতে পারেন না।

অনুভাষ্য

৮৯। হে অর্জ্জুন, হে ভরতর্ষভ, সুকৃতিনঃ (বর্ণাশ্রমাচারলক্ষণ-ধর্ম্মপরাঃ) জনাঃ মাং ভজন্তে; তে চ চতুর্ব্বিধাঃ—আর্ত্তঃ (ক্লিষ্টঃ আপদ্‌গ্রস্তঃ—গজেন্দ্রাদিঃ), জিজ্ঞাসুঃ (আত্মস্বরূপজ্ঞানেচ্ছুঃ—শৌনকাদিঃ), অর্থার্থী (সুখসম্পদিচ্ছুঃ ধ্রুবাদি,—এতে সকামাঃ), জ্ঞানী (লব্ধ-বোধঃ—শুকাদিঃ; অয়ং তু নিষ্কামঃ) চ।

৯৩। ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে রাজ্যে অভিষিক্ত করিয়া কয়েক-মাস হস্তিনাপুরে অবস্থানানন্তর শ্রীকৃষ্ণ দ্বারকা-গমনাভিলাষী হইয়া কুরুপাণ্ডবকুলের স্ত্রীপুরুষ সকলকেই যথাবিধি যথাযোগ্য অভিবাদনপূর্ব্বক তাঁহাদের নিকট বিদায় গ্রহণ করিয়া রথে আরোহণ করিলে, শৌনকাদি ঋষিগণের নিকট শ্রীসূত তাঁহাদের কৃষ্ণবিরহে অধৈর্য্য-প্রসঙ্গে সাধুসঙ্গের মাধুর্য্য বলিতেছেন,—সৎসঙ্গাৎ (কৃষ্ণভক্তসঙ্গাৎ হেতোঃ) মুক্তদুঃসঙ্গঃ (মুক্তঃ জ্ঞানকর্ম্মান্যাভিলাষবিষয়ঃ পুত্রাদিবিষয়ো বা দুঃসঙ্গো যেন সঃ) বুধঃ (সুধীঃ) কীর্ত্ত্যমানম্ (উচ্চার্য্যমাণং) যস্য (শ্রীকৃষ্ণস্য) রোচনং (রুচিকরং) যশঃ সকৃৎ আকর্ণ্য (শ্রুত্বা) হাতুং (সৎ-সঙ্গং ত্যক্তুং) ন উৎসহতে, [তস্য বিরহং পার্থাঃ কথং সহেরন্নিতি পরেণান্বয়ঃ]।

৯৪। ছলনাবিশিষ্ট আত্মবঞ্চকই 'দুঃসঙ্গ'। কৃষ্ণকাম ও কৃষ্ণ-ভক্তি-কামনা ব্যতীত অপর সমস্ত কামই 'দুঃসঙ্গ'।

৯৫। আদি, ১ম পঃ ৯১ সংখ্যা দ্রষ্টব্য।

৯৮। মধ্য, ২২ পঃ ৪০ সংখ্যা দ্রষ্টব্য।

৯৯। এই তিনে—কৃষ্ণজন-সঙ্গ, কৃষ্ণকৃপা এবং কৃষ্ণভক্তি। ইঁহারা কৃষ্ণাভক্তসঙ্গ, মায়া-প্রদত্ত যাবতীয় সৌভাগ্য এবং অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান ও যোগ-প্রবৃত্তি সমস্তই ছাড়াইয়া দিয়া কৃষ্ণে 'ভাব' উৎপাদন করেন।

অমৃতপ্রবাহ ভাষ্য

৯৭। ইচ্ছার পিধান—ইচ্ছার আচ্ছাদন (পরিপূরণ)।

৯৯। অকাম, সর্ব্বকাম ও মোক্ষকাম,—এই তিনজন সেই সেই কামনাদোষ ছাড়িয়া কৃষ্ণে শুদ্ধভক্তি করে।

জ্ঞানীর দ্বিবিধ বিভেদ ঃ—

জ্ঞানমার্গে উপাসক—দুইত' প্রকার ।
কেবল ব্রহ্মোপাসক, মোক্ষাকাঙ্ক্ষী আর ॥ ১০২ ॥

(১) কেবল ব্রহ্মজ্ঞানী ত্রিবিধ ঃ—

কেবল ব্রহ্মোপাসক তিন ভেদ হয় ।
সাধক, ব্রহ্মময়, আর প্রাপ্ত-ব্রহ্মলয় ॥ ১০৩ ॥

ভক্ত্যাশ্রিত-জ্ঞানের সাধনেই সাধকের ব্রহ্মভূতত্ব ঃ—

ভক্তি বিনা কেবল জ্ঞানে 'মুক্তি' নাহি হয় ।
ভক্তি সাধন করে যেই 'প্রাপ্ত-ব্রহ্মলয়' ॥ ১০৪ ॥

বাস্তব-বস্তুর আনুগত্যে বা ভক্তিফলেই 'ব্রাহ্মণত্ব' এবং সেবা-সংযোগে 'বৈষ্ণবত্ব' ঃ—

ভক্তির স্বভাব,—ব্রহ্ম হৈতে করে আকর্ষণ ।
দিব্য দেহ দিয়া করায় কৃষ্ণের ভজন ॥ ১০৫ ॥

বৈষ্ণব হইয়াও কৃষ্ণসেবানুষ্ঠান ঃ—

ভক্তদেহ পাইলে হয় গুণের স্মরণ ।
গুণাকৃষ্ট হঞা করে নির্ম্মল ভজন ॥ ১০৬ ॥

মুক্তগণেরও অপ্রাকৃত সিদ্ধদেহে ভগবৎসেবা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।২১) শ্লোকে শ্রীধর-ধৃত সর্ব্বজ্ঞ ভাষ্যকার ব্যাখ্যা ও নৃসিংহতাপনীতে (২।৫।১৬)—

মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে ॥ ১০৭ ॥

ব্রহ্মময় শুক ও চতুঃসনাদিও কৃষ্ণে আকৃষ্ট হইয়া কৃষ্ণভজনরত ঃ—

জন্ম হৈতে শুক-সনকাদি 'ব্রহ্মময়' ।
কৃষ্ণগুণাকৃষ্ট হঞা কৃষ্ণেরে ভজয় ॥ ১০৮ ॥

চতুঃসনাদি কৃষ্ণচরণগন্ধে আকৃষ্ট হইয়া শুদ্ধভক্তিরত ঃ—

সনকাদ্যের কৃষ্ণকৃপায় সৌরভে হরে মন ।
গুণাকৃষ্ট হঞা করে নির্ম্মল ভজন ॥ ১০৯ ॥

শ্রীমদ্ভাগবতে (৩।১৫।৪৩)—

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥ ১১০ ॥

ব্যাসকৃপায় তচ্ছিষ্য শুক কৃষ্ণলীলায় আকৃষ্ট হইয়া শুদ্ধভক্তিরত ঃ—

ব্যাসকৃপায় শুকদেবের লীলাদি-স্মরণ ।
কৃষ্ণগুণাকৃষ্ট হঞা করেন ভজন ॥ ১১১ ॥

কৃষ্ণগুণাকৃষ্ট হইয়া শ্রৌতপন্থী শুকের ব্যাস-সমীপে ভাগবতাধ্যয়ন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।৭।১১)—

হরের্গুণাক্ষিপ্তমতির্ভগবান্ বাদরায়ণিঃ ।
অধ্যগান্মহদাখ্যানং নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ ॥ ১১২ ॥

শ্রৌতপন্থী ব্রহ্মজ্ঞানী নব-যোগেন্দ্রের কৃষ্ণগুণ-শ্রবণে কৃষ্ণভজন ঃ—

নব-যোগীশ্বর জন্ম হৈতে 'সাধক'-জ্ঞানী ।
বিধি-শিব-নারদ-মুখে কৃষ্ণগুণ শুনি' ॥ ১১৩ ॥
গুণাকৃষ্ট হঞা করে কৃষ্ণের ভজন ।
একাদশ-স্কন্ধে তাঁর ভক্তি-বিবরণ ॥ ১১৪ ॥

শাস্ত্রপ্রমাণ ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (৩।১।২০)-ধৃত মহোপনিষদ্-বাক্য—

অক্লেশাং কমলভুবঃ প্রবিশ্য গোষ্ঠীং
কুর্ব্বন্তঃ শ্রুতিশিরসাং শ্রুতিং শ্রুতজ্ঞাঃ ।
উত্তুঙ্গং যদুপুরসঙ্গমায় রঙ্গং
যোগীন্দ্রাঃ পুলকভৃতো নবাপ্যবাপুঃ ॥ ১১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০২-১০৬। জ্ঞানমার্গের উপাসক কেবল-ব্রহ্মোপাসক ও মোক্ষাকাঙ্ক্ষি-ভেদে দ্বিবিধ। কৈবল্য-বাসনায় ব্রহ্মের উপাসনা করিলে 'কেবল-ব্রহ্মোপাসক' হয়। তাঁহাদের তিন অবস্থা—সাধক, (নিত্যসিদ্ধ) ব্রহ্মময় ও ব্রহ্মলয়-প্রাপ্ত (অর্থাৎ ব্রহ্মভূত)। ভক্তি বিনা জ্ঞান মুক্তি দিতে পারে না। যে ব্যক্তি ব্রহ্মলয়প্রাপ্ত (অর্থাৎ ব্রহ্মভূত হইয়াছেন), তিনিই ভক্তিসাধন করিতে পারেন। ভক্তিসাধন উপস্থিত হইলে ভক্তির স্বভাব উপস্থিত হয়। সেই স্বভাব-ক্রমে ভক্তি (তাঁহাকে) ব্রহ্ম হইতে আকর্ষণ করত দিব্য দেহ দিয়া কৃষ্ণভজন করায়। ভক্তের মনোনীত উপাস্য দেহ পাইলে কৃষ্ণের সকল গুণের স্মরণ হয় এবং সেই গুণাকৃষ্ট হইয়া নির্ম্মল ভজন করে।

১০৭। মুক্তগণও লীলায় বিগ্রহ করিয়া ভগবান্‌কে ভজন করেন।

১১২। হরির গুণে আক্ষিপ্তমতি হইয়া বৈষ্ণবপ্রিয় ভগবান্ শুকদেব এই মহদাখ্যান অধ্যয়ন করিয়াছিলেন।

১১৫। ব্রহ্মার ক্লেশশূন্য গোষ্ঠীতে প্রবেশপূর্ব্বক নবযোগীন্দ্র

অনুভাষ্য

১১০। মধ্য, ১৭ পঃ ১৪২ সংখ্যা দ্রষ্টব্য।

১১২। 'নিবৃত্তি-নিরত, সর্ব্বত্র উপেক্ষাশীল, আত্মারাম ব্রহ্ম-জ্ঞানী শ্রীশুকদেব কি-নিমিত্ত এই শ্রীমদ্ভাগবত অধ্যয়ন করিয়াছিলেন?'—শৌনকের এই প্রশ্নের উত্তরে শ্রীসূত তাহার কারণ বর্ণন করিতেছেন,—

নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ (বিষ্ণুজনাঃ প্রিয়াঃ যস্য সঃ) ভগবান্

(২) মোক্ষাকাঙ্ক্ষীর ত্রিবিধ ভেদ ঃ—

মোক্ষাকাঙ্ক্ষী জ্ঞানী হয় তিনপ্রকার ।
মুমুক্ষু, জীবন্মুক্ত, প্রাপ্তস্বরূপ আর ॥ ১১৬ ॥

(ক) মুমুক্ষু বিষয়িগণের ভক্তির আশ্রয়ে কৃষ্ণভজন ঃ—

'মুমুক্ষু' অনেক জগতে সংসারী জন ।
'মুক্তি' লাগি' ভক্ত্যে করে কৃষ্ণের ভজন ॥ ১১৭ ॥

শ্রীমদ্ভাগবতে (১।২।২৬)—

মুমুক্ষবো ঘোররূপান্ হিত্বা ভূতপতীনথ ।
নারায়ণ-কলাঃ শান্তা ভজন্তি হ্যনসূয়বঃ ॥ ১১৮ ॥

সাধুসঙ্গে মুমুক্ষা-ত্যাগ ঃ—

সেই সবের সাধুসঙ্গে গুণ স্ফুরায় ।
কৃষ্ণভজন করায়, 'মুমুক্ষা' ছাড়ায় ॥ ১১৯ ॥

সৎসঙ্গের গুণ ও মহিমা ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (৩।২।২৭)-ধৃত হরিভক্তিসুধোদয়-বচন—

অহো মহাত্মন্ বহুদোষদুষ্টোঽপ্যেকেন ভাত্যেষ ভবো গুণেন ।
সৎসঙ্গমাখ্যেন সুখাবহেন কৃতাদ্য নো যেন কৃশা মুমুক্ষা ॥১২০॥

জিজ্ঞাসু মুমুক্ষু সনকাদির শুদ্ধভক্তসঙ্গে মুমুক্ষা-ত্যাগ ঃ—

নারদের সঙ্গে শৌনকাদি মুনিগণ ।
মুমুক্ষা ছাড়িয়া কৈলা কৃষ্ণের ভজন ॥ ১২১ ॥

কখনও কৃষ্ণদর্শনে, কখনও কৃষ্ণকৃপায় মুমুক্ষা-ত্যাগ ও শুদ্ধভক্তিলাভ ঃ—

কৃষ্ণের দর্শনে, কারো কৃষ্ণের কৃপায় ।
মুমুক্ষা ছাড়িয়া গুণে ভজে তাঁর পা'য় ॥ ১২২ ॥

শুদ্ধকৃষ্ণভক্তিলাভে পূর্ব্বাচরিত জ্ঞানপ্রয়াসে খেদ ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (৩।১।৩৪)—

অস্মিন্ সুখঘনমূর্ত্তৌ পরমাত্মনি বৃষ্ণিপত্তনে স্ফুরতি ।
আত্মারামতয়া মে বৃথা গতো বত চিরং কালঃ ॥ ১২৩ ॥

(খ) দ্বিবিধ জীবন্মুক্ত ঃ—

'জীবন্মুক্ত' অনেক সেই, দুই ভেদ জানি ।
'ভক্ত্যে জীবন্মুক্ত', 'জ্ঞানে জীবন্মুক্ত' মানি ॥ ১২৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

উপনিষৎ শ্রবণ করত শ্রুতজ্ঞ ও পুলকধারী হইয়া যদুপুরী দ্বারকায় গমনের জন্য রঙ্গক্ষেত্র প্রাপ্ত হইয়াছিলেন।

১১৮। মুমুক্ষু ব্যক্তিগণ ঘোররূপ ভূতপতিদিগকে পরিত্যাগপূর্ব্বক অথচ তাহাদের প্রতি অসূয়া-রহিত হইয়া নারায়ণের কলাসকলকে ভজনা করেন।

১১৯। চতুঃসন ও শুকদেবের ব্রহ্মময়তা এবং নবযোগীন্দ্রদিগের সাধকত্ব দেখাইয়া, 'মুমুক্ষু', 'জীবন্মুক্ত' ও 'প্রাপ্তস্বরূপ' এইরূপ তিনপ্রকার মোক্ষাকাঙ্ক্ষী জ্ঞানীর কথা বিচার করত প্রথমে মুমুক্ষুদিগের কথা কহিতেছেন ; সেই মুমুক্ষুগণ সাধুসঙ্গে ভগবদ্‌গুণস্ফূর্ত্তি-হেতু মুমুক্ষা ছাড়িয়া কৃষ্ণের ভজন করে।

১২০। হে মহাত্মন্, এই ভবসংসারে বহুদোষ থাকিলেও সাধুসঙ্গরূপ একটী মহাগুণ আছে। সেই এক সুখাবহ গুণের দ্বারা অদ্য আমাদের মুক্তিবাঞ্ছা দুর্ব্বল হইয়া পড়িল।

১২৩। এই বৃষ্ণিপত্তন দ্বারকায় চিৎসুখঘনমূর্ত্তি কৃষ্ণ স্ফুরিত হইলে আমার সুখোদয় হইল। হায়, আত্মারামতা অবলম্বনপূর্ব্বক আমার অনেক দিন বৃথা গিয়াছে!

অনুভাষ্য

বাদরায়ণিঃ (বৈয়াসকিঃ শ্রীশুকঃ) হরেঃ গুণাক্ষিপ্তমতিঃ (গুণেন আক্ষিপ্তা মতিঃ যস্য সঃ হরিগুণানুবাদাকৃষ্টচিত্তঃ সন্) মহদাখ্যানম্ (ইদং শ্রীভাগবতং মহাপুরাণম্) অধ্যগাৎ (অধীতবান্)।

১১৫। শ্রুতজ্ঞাঃ (বেদকুশলাঃ) নবযোগীন্দ্রাঃ (জায়ন্তেয়াঃ) কমলভুবঃ (পদ্মযোনেঃ) অক্লেশাং (ক্লেশবর্জ্জিতাং) গোষ্ঠীং (সভাং) প্রবিশ্য, শ্রুতিশিরসাম্ (উপনিষদাং) শ্রুতিং (শ্রবণং) কুর্ব্বন্তঃ অপি যদুপুরসঙ্গমায় (দ্বারকাং গন্তুমিত্যর্থঃ) পুলকভৃতঃ (রোমাঞ্চিতদেহাঃ সন্তঃ) উত্তুঙ্গম্ (অত্যুচ্চং) রঙ্গং (রঙ্গক্ষেত্রম্) অবাপুঃ (প্রাপ্তবন্তঃ)।

১১৮। নিঃশ্রেয়সার্থী সুধীগণই যে অধোক্ষজ বিষ্ণু বা তদবতারগণের এবং সকাম অশান্ত সমশীল উপাসকগণই যে বিষ্ণু ব্যতীত দেবতান্তরের উপাসনা করেন, তাহা শ্রীসূত শৌনকাদি ঋষিগণকে বলিতেছেন,—

[ননু অন্যানপি কেচিদ্ভজন্তো দৃশ্যন্তে? সত্যং, মুমুক্ষবস্তু অন্যান্ ন ভজন্তি, কিন্তু সকামা এবেত্যাহ]—অথ (অতএব) ঘোররূপান্ (ভীষণাকৃতীন্) ভূতপতীন্ (পিতৃভূতপ্রজেশাদীন্) হিত্বা (ত্যক্ত্বা) মুমুক্ষবঃ (নিঃশ্রেয়সার্থিনঃ জ্ঞানিনঃ) অনসূয়বঃ (অহিংস্রব্রতাঃ দেবতান্তরানিন্দকাঃ) শান্তাঃ (নিষ্কামাঃ সন্তঃ) নারায়ণকলাঃ (নারায়ণস্য অংশাবতারান্)হি ভজন্তি।

১২০। হে মহাত্মন্, অহো এষ ভবঃ (মানবজন্ম) বহুদোষদুষ্টঃ (অশেষদোষাকরভূতঃ) অপি সুখাবহেন (অর্থদেন, নিত্যকল্যাণ-প্রদেন) সৎসঙ্গমাখ্যেন (সাধুসঙ্গনাম্না) একেন গুণেন ভাতি (দীপ্যতি), যেন (গুণেন) অদ্য নঃ (অস্মাকং) মুমুক্ষা (মোক্ষবাঞ্ছা) কৃশা কৃতা (ক্ষয়ীভূতা ভবতি)।

১২৩। বত (খেদে) বৃষ্ণিপত্তনে (দ্বারকানগর্য্যাং) সুখঘনমূর্ত্তৌ (চিৎসুখঘনবিগ্রহে) পরমাত্মনি অস্মিন্ (শ্রীকৃষ্ণে) স্ফুরতি [সতি] আত্মারামতয়া (নির্ব্বিশেষব্রহ্মানুশীলনেন) চিরং মে (মম) কালঃ বৃথা গতঃ (হৃতঃ)।

ভক্তিফলে জীবন্মুক্ত অবরোহপন্থী ভক্তের কৃষ্ণসেবানন্দ-লাভ, জ্ঞানফলে আরোহপন্থী মুক্তাভিমানীর অধোগতি ঃ—

'ভক্ত্যে জীবন্মুক্ত' গুণাকৃষ্ট হঞা কৃষ্ণ ভজে।
'শুষ্কজ্ঞানে জীবন্মুক্ত' অপরাধে অধো মজে ॥ ১২৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।২।৩২)—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥১২৬

শ্রীমদ্ভগবদ্গীতায় (১৮।৫৪)—

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ১২৭ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (৩।১।৪৪)-ধৃত বিল্বমঙ্গলবাক্য—

অদ্বৈতবীথিপথিকৈরুপাস্যাঃ স্বানন্দসিংহাসনলব্ধদীক্ষাঃ।
শঠেন কেনাপি বয়ং হঠেন দাসীকৃতা গোপবধূবিটেন ॥ ১২৮ ॥

(গ) প্রাপ্তস্বরূপ ভক্তের চিদানন্দদেহে কৃষ্ণভজন ঃ—

ভক্তিবলে 'প্রাপ্তস্বরূপ' দিব্যদেহ পায়।
কৃষ্ণগুণাকৃষ্ট হঞা ভজে কৃষ্ণ-পা'য় ॥ ১২৯ ॥

দশবিধ লক্ষণের অন্যতম নিরোধ ও মুক্তির লক্ষণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।১০।৬)—

নিরোধোঽস্যানুশয়নমাত্মনঃ সহ শক্তিভিঃ।
মুক্তির্হিত্বান্যথারূপং স্বরূপেণ ব্যবস্থিতিঃ ॥ ১৩০ ॥

মায়ারূপ ভোগবাঞ্ছায় কৃষ্ণবৈমুখ্য, কৃষ্ণসেবায় বা কৃষ্ণোন্মুখতায় মায়া-মুক্তি ঃ—

কৃষ্ণ-বহির্ম্মুখ-দোষ মায়া হৈতে হয়।
কৃষ্ণোন্মুখী ভক্তি হৈতে মায়া-মুক্তি হয় ॥ ১৩১ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।২।৩৭)—

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেত্তং ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ॥১৩২

শ্রীমদ্ভগবদ্গীতায় (৭।১৪)—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ১৩৩ ॥

ভক্তিবলেই মুক্তি এবং মুক্ত হইয়া কৃষ্ণভক্তি ঃ—

ভক্তি বিনা মুক্তি নাহি, ভক্ত্যে মুক্তি হয়।
তবে মুক্তি পাইলে অবশ্য কৃষ্ণ ভজয় ॥ ১৩৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৪)—

শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো
ক্লিশ্যন্তি যে কেবল-বোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে
নান্যদ্যথা স্থূলতুষাবঘাতিনাম্ ॥ ১৩৫ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।২।৩২)—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরংপদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥১৩৬

শ্রীমদ্ভাগবতে (১১।৫।৩)—

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥ ১৩৭ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।২১) শ্লোকে শ্রীধর-ধৃত সর্ব্বজ্ঞ ভাষ্যকার ব্যাখ্যা ও নৃসিংহতাপনীতে (২।৫।১৬)—

মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে ॥ ১৩৮ ॥

পূর্ব্বোক্ত ষড়্‌বিধ আত্মারামের কৃষ্ণভজন ঃ—

এই ছয় আত্মারাম কৃষ্ণেরে ভজয়।
পৃথক্ পৃথক্ চ-কারে ইহা 'অপি'র অর্থ কয় ॥ ১৩৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৫। অপরাধে অধো মজে—শুষ্কজ্ঞানজনিত জীবন্মুক্ত-(অভিমানী)-গণ অপরাধক্রমে অধঃপতিত হইয়া মজে অর্থাৎ নষ্ট হয়।

১৩০। শক্তিগণের সহিত আত্মার অনুশয়নকে জীবের 'নিরোধ' বলা যায়। অন্যপ্রকার রূপ পরিত্যাগপূর্ব্বক স্ব-স্বরূপে ব্যবস্থিতির (বিশেষভাবে অবস্থানের) নামই 'মুক্তি'।

অনুভাষ্য

১২৬। মধ্য, ২২শ পঃ ৩০ সংখ্যা দ্রষ্টব্য।

১২৭। মধ্য, ৮ম পঃ ৬৫ সংখ্যা দ্রষ্টব্য।

১২৮। মধ্য, ১০ম পঃ ১৭৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৩০। পরীক্ষিতের নিকট শ্রীশুকদেব সর্গ, বিসর্গ, স্থান, পোষণ, ঊতি, মন্বন্তর, ঈশকথা, নিরোধ, মুক্তি ও আশ্রয়,—মহাপুরাণের এই দশটী লক্ষণই দশম-পদার্থ আশ্রয়স্বরূপ ভগবানের বিশুদ্ধতত্ত্বজ্ঞানার্থ বর্ণন করিতে গিয়া এই শ্লোকে তদন্তর্গত নিরোধ ও মুক্তির স্বরূপ বা লক্ষণ বলিতেছেন,—[শ্রীহরেঃ যোগনিদ্রাম্] অনু (পশ্চাৎ) অস্য আত্মনঃ (জীবস্য) শক্তিভিঃ (স্বোপাধিভিঃ) শয়নং (লয়ঃ) নিরোধঃ (ইতি স্মৃতঃ); তথা অন্যথা রূপং (অবিদ্যয়া অধ্যস্তং কর্ত্তৃত্বাদি) হিত্বা (ত্যক্ত্বা) স্বরূপেণ (ভগবদ্দাস্যে শুদ্ধজীবস্বরূপেণ) ব্যবস্থিতিঃ (বিশেষেণ অবস্থানং স্বরূপসাক্ষাৎকার ইত্যর্থ এব) 'মুক্তিঃ'।

১৩২। মধ্য, ২০শ পঃ ১১৯ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৩। মধ্য, ২০শ পঃ ১২১ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৫। মধ্য, ২২শ পঃ ২২ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৬। মধ্য, ২২শ পঃ ৩০ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৭। মধ্য, ২২শ পঃ ২৮ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতানুকণা—১৩৯-১৪১। 'এই ছয় আত্মারাম'—অর্থাৎ 'ব্রহ্মসাধক', 'ব্রহ্মময়' ও প্রাপ্তব্রহ্মলয়—এই ব্রহ্মোপাসক-ত্রয় (১০৩ সংখ্যা)

আত্মারাম, মুনি ও নির্গ্রন্থগণের কৃষ্ণভজন ঃ—

"আত্মারামাশ্চ অপি" করে কৃষ্ণে অহৈতুকী ভক্তি।
"মুনয়ঃ সন্তঃ" ইতি কৃষ্ণমননে আসক্তি ॥ ১৪০ ॥

"নির্গ্রন্থাঃ"—অবিদ্যাহীন, কেহ—বিধিহীন।
যাঁহা যেই যুক্ত, সেই অর্থের অধীন ॥ ১৪১ ॥

অন্য একপ্রকার অর্থ ঃ—

চ-শব্দে করি যদি 'ইতরেতর' অর্থ।
আর এক অর্থ কহে পরম সমর্থ ॥ ১৪২ ॥

'আত্মারামাশ্চ আত্মারামাশ্চ" করি বার ছয়।
পঞ্চ আত্মারাম, ছয়ে চ-কারে লুপ্ত হয় ॥ ১৪৩ ॥

এক 'আত্মারাম'-শব্দে অবশেষ রহে।
এক 'আত্মারাম'-শব্দে ছয়জন কহে ॥ ১৪৪ ॥

দৃষ্টান্ত—(বিশ্বপ্রকাশে এবং পাণিনিতে ১।২।৬৪ ও সিদ্ধান্ত-কৌমুদীতে অজন্ত পুংলিঙ্গ-শব্দ-প্রকরণে)—

"স্বরূপাণামেকশেষ একবিভক্তৌ।" উক্তার্থানামপ্রয়োগঃ।
রামশ্চ রামশ্চ রামশ্চ রামা ইতিবৎ ॥ ১৪৫ ॥

তবে যে চ-কার, সেই 'সমুচ্চয়' কয়।
"আত্মারামাশ্চ মুনয়শ্চ" কৃষ্ণেরে ভজয় ॥ ১৪৬ ॥

সপ্তবিধ অর্থ ঃ—

"নির্গ্রন্থা অপি'র এই 'অপি'—সম্ভাবনে।
এই সাত অর্থ প্রথমে করিলুঁ ব্যাখ্যানে ॥ ১৪৭ ॥

পরমাত্মনিষ্ঠ দ্বিবিধ আত্মারাম ঃ—

অন্তর্যামি-উপাসকে 'আত্মারাম' কয়।
সেই আত্মারাম যোগীর দুই ভেদ হয় ॥ ১৪৮ ॥

(১) সগর্ভ-যোগী ও (২) নিগর্ভ-যোগী,
প্রত্যেকে ত্রিবিধ ঃ—

সগর্ভ, নিগর্ভ,—এই হয় দুই ভেদ।
এক এক তিন ভেদে ছয় বিভেদ ॥ ১৪৯ ॥

তৃতীয় পুরুষ ক্ষীরোদশায়ীর ধ্যান ঃ—
শ্রীমদ্ভাগবতে (২।২।৮)—

কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তম্।
চতুর্ভুজং কঞ্জরথাঙ্গশঙ্খগদাধরং ধারণয়া স্মরন্তি ॥ ১৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৯। ছয় আত্মারাম—সাধক, ব্রহ্মময় ও প্রাপ্তব্রহ্মলয় এবং মুমুক্ষু, জীবন্মুক্ত ও প্রাপ্তস্বরূপ,—এই ছয় প্রকার 'আত্মারাম'।

১৪০। "মুনয়ঃ সন্তঃ" ইতি কৃষ্ণমননে আসক্তি—আত্মারামসকল 'মুনি' হইয়া কৃষ্ণমননে আসক্ত হন।

১৪৫। স্বরূপদিগের একশেষ ও এক বিভক্তিতে যাহাদের অর্থ উক্ত হয়, তথায় একস্বরূপ রাখিয়া অন্য সব স্বরূপের অপ্রয়োগ হয়, যথা,—'রামশ্চ, রামশ্চ, রামশ্চ',—ইহাদের পরিবর্ত্তে একটী 'রামাঃ' প্রয়োগ হয়।

১৫০। কোন কোন যোগী স্বীয় দেহস্থিত প্রাদেশমাত্র হৃদয়-মধ্যে চতুর্ভুজ শঙ্খচক্রগদাপদ্মধারী পুরুষকে ধারণাদ্বারা স্মরণ করিয়া থাকেন,—ইহাই 'সগর্ভ' যোগীর লক্ষণ।

অনুভাষ্য

১৩৮। মধ্য, ২৪শ পঃ ১০৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৯। সগর্ভ যোগী,—যাহারা উপাস্যের রূপ-ধ্যানাদি অবলম্বনপর যোগী ; এবং নিগর্ভ-যোগী,—শূন্যধ্যানাদিপর অবলম্বনরহিত যোগী। ছয় বিভেদ,—(১) সগর্ভ-যোগারুরুক্ষু, (২) নিগর্ভ-যোগারুরুক্ষু, (৩) সগর্ভ-যোগারূঢ়, (৪) নিগর্ভ-যোগারূঢ়, (৫) সগর্ভ-প্রাপ্তসিদ্ধি, (৬) নিগর্ভ-প্রাপ্তসিদ্ধি।

১৫০। পরীক্ষিতের নিকট শ্রীশুকদেব স্থূল-জগতের বিষয়-

এবং 'মুমুক্ষু', 'জীবন্মুক্ত' (তবে 'ভক্ত্যেই জীবন্মুক্ত', 'জ্ঞানে জীবন্মুক্ত' নহে—১২৫ সংখ্যা) ও 'প্রাপ্তস্বরূপ' (১১৬ সংখ্যা), এই মোক্ষাকাঙ্ক্ষী-ত্রয়—সর্ব্বমোট এই ষড়্‌বিধ আত্মারাম। তাঁহাদের সহিত পৃথক্ পৃথক্‌রূপে 'চ'-কার যোগে 'অপি'র অর্থ ব্যক্ত হইতেছে—অর্থাৎ যেমন—ব্রহ্মসাধক-আত্মারামও 'মুনি' (মননশীল) হইয়া অর্থাৎ শ্রীকৃষ্ণমননে আসক্ত হইয়া অহৈতুকী ভক্তি তথা ভুক্তি-মুক্তি-সিদ্ধিবাঞ্ছাশূন্য হইয়া ভক্তি করিয়া থাকেন। এইরূপে পৃথক্ পৃথগ্‌ভাবে উক্ত ছয়প্রকার আত্মারামগণের ক্ষেত্রে অর্থ বুঝিতে হইবে। তাঁহাদের বিশেষণরূপে কথিত হইয়াছে, 'নির্গ্রন্থা অপি'—নির্গ্রন্থ হইয়াও। নির্গ্রন্থ-শব্দের অর্থ অবিদ্যা-গ্রন্থিহীন ও বিধিহীন ; এস্থলে 'বিধিহীন' বলিতে রাগমার্গগত বিধিহীনত্ব নহে, যেহেতু পূর্ব্বেই উক্ত হইয়াছে,—"নির্গ্রন্থ-শব্দে কহে,—(ক) অবিদ্যাগ্রন্থিহীন। (খ) বিধিনিষেধ-বেদশাস্ত্র-জ্ঞানাদিবিহীন।।" (১৬ সংখ্যা)। এই অর্থদ্বয় এস্থলে 'আত্মারাম'-শব্দের অর্থানুসারে যুক্ত হইবে।

১৪২-১৪৭। 'ইতরেতর অর্থ'-যোগে 'চ'-শব্দে অপর এক ব্যাখ্যা প্রদত্ত হইতেছে। যেস্থলে প্রত্যেক পদের প্রাধান্য থাকিয়া সকল পদের অন্বয় হয়, তদ্রূপ দ্বন্দ্ব-সমাসকেই 'ইতরেতর-যোগ' বলা হয়। সেস্থলে ঐ সকল পদ একই বিভক্তি এবং একই বচন-বিশিষ্ট হয়—ইতরেতর-যোগে তখন উহাদের একটীপদ মাত্র অবশিষ্ট থাকে। যেমন, 'রামশ্চ রামশ্চ রামশ্চ'—এই 'রাম'-পদত্রয়-মধ্যে দুইটী লোপ পাইয়া অবশেষে সমাসবদ্ধ পদটী হয় 'রামাঃ'। তদ্রূপ, 'আত্মারামাশ্চ', 'আত্মারামাশ্চ' এইরূপে ছয়টী 'আত্মারামাশ্চ'-পদ 'ইতরেতর'-সমাসে যুক্ত হইলে তন্মধ্যে পাঁচটী 'আত্মারামাশ্চ'-পদ লুপ্ত হয় এবং ষষ্ঠ 'আত্মারামাশ্চ-পদে 'চ'-কার লুপ্ত হইয়া কেবল 'আত্মারামাঃ'-পদ অবশিষ্ট থাকে—তদ্দ্বারা উক্ত ষড়্‌বিধ আত্মারামই সূচিত হয়। এস্থলে 'আত্মারামাশ্চ'-পদে যে 'চ'-কার আছে, তাহা সমুচ্চয়-অর্থে ব্যবহৃত হইয়া 'আত্মারামাশ্চ মুনয়শ্চ' অর্থাৎ পূর্ব্বোক্ত ষড়্‌বিধ আত্মারামগণ ও মুনিগণ শ্রীকৃষ্ণভজন করেন—এইরূপ অর্থ হইতেছে। 'নির্গ্রন্থা অপি'—ইহাতে 'অপি' সম্ভাবনা-অর্থে

ধ্যানযোগমিশ্রা ভক্তির সিদ্ধিলাভ ঃ—

শ্রীমদ্ভাগবতে (৩।২৮।৩৪)—

এবং হরৌ ভগবতি প্রতিলব্ধভাবো
ভক্ত্যা দ্রবদ্ধৃদয় উৎপুলকঃ প্রমোদাৎ ।
ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমান-
স্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্ক্তে ॥ ১৫১ ॥

(ক) আরুরুক্ষু, (খ) আরূঢ় ও (গ) প্রাপ্তসিদ্ধি-ভেদে ত্রিবিধ যোগী ঃ—

'যোগারুরুক্ষু', 'যোগারূঢ়', 'প্রাপ্তসিদ্ধি' আর ।
এই তিন ভেদে হয় ছয় প্রকার ॥ ১৫২ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (৬।৩-৪)—

আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে ।
যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে ॥ ১৫৩ ॥
যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে ।
সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে ॥ ১৫৪ ॥

ষড়্‌বিধ যোগীর সাধুসঙ্গে যোগমার্গ-ত্যাগ ও কৃষ্ণভক্তিলাভ ঃ—

এই ছয় যোগী সাধুসঙ্গাদি-হেতু পাঞা ।
কৃষ্ণ ভজে কৃষ্ণগুণে আকৃষ্ট হঞা ॥ ১৫৫ ॥
চ-শব্দে 'অপি'র অর্থ ইঁহাও কহয় ।
'মুনি', 'নির্গ্রন্থ'-শব্দের পূর্ব্ববৎ অর্থ হয় ॥ ১৫৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫১। এইরূপে ভগবান্ হরিতে লব্ধভাব হইয়া ভক্তিদ্বারা হৃদয়দ্রব এবং আনন্দভরে পুলকাদি উৎপন্ন হয়, উৎকণ্ঠাহেতু আনন্দ-বাষ্পকলার দ্বারা মুহুর্মুহুঃ পীড্যমান (আনন্দে নিমজ্জমান) হইতে থাকে ; তখন বড়িশের (মাছধরা কাঁটার) ন্যায় ধ্যানযুক্ত চিত্ত (ধ্যেয়বস্তুর ধারণা হইতে) অল্প অল্প করিয়া বাহির করিয়া ফেলে,—ইহাই 'নিগর্ভ' যোগীর উদাহরণ।

১৫৩-১৫৪। যাঁহার যোগে আরোহণ করিবার ইচ্ছা, তিনি 'আরুরুক্ষু' ; সেই আরুরুক্ষু মুনির যম, নিয়ম, আসন ও প্রাণায়ামরূপ কর্ম্মই 'কারণ'। যোগারূঢ় ব্যক্তির ধ্যানধারণা প্রত্যাহাররূপ শমই 'কারণ'। ইন্দ্রিয়ার্থ কর্ম্মেতে যখন আসক্তি থাকে না, তখন সকল সঙ্কল্প পরিত্যাগপূর্ব্বক যোগী 'সমাধি'-যুক্ত বা 'যোগারূঢ়' হন।

অনুভাষ্য

ভোগকে গর্হণপূর্ব্বক তাহা হইতে নিবৃত্ত বৈরাজ-ধারণা-নিষ্ঠ যোগীর কথা বলিয়া তদপেক্ষা শ্রেষ্ঠ ব্যষ্ট্যন্তর্যামীর চিদ্ঘনরূপ-ধ্যানকারী যোগীর কথা বলিতেছেন,—

কেচিৎ (বিরলাঃ) স্বদেহান্তর্হৃদয়াবকাশে (স্বদেহস্য নিজ-শরীরস্য অন্তঃ মধ্যে যৎ হৃদয়ং তত্র যঃ অবকাশঃ তস্মিন্) বসন্তম্ (অন্তর্যামিতয়া কৃতবাসং) প্রাদেশমাত্রং (অঙ্গুষ্ঠতর্জ্জন্যোর্বিস্তারঃ সঃ এব মাত্রা প্রমাণং যস্য তস্মিন্ প্রাদেশপ্রমাণহৃদয়ে ধ্যেয়ত্বাৎ, তাবন্মাত্রপ্রদেশেঽপ্যচিন্ত্যশক্ত্যা পঞ্চদশবর্ষীয়পুরুষাকারপ্রমাণং) চতুর্ভুজং কঞ্জরথাঙ্গ-শঙ্খগদাধরং (পদ্মচক্রশঙ্খগদাধারিণং) পুরুষং (ক্ষীরোদশায়িনং তৃতীয়ং) ধারণয়া স্মরন্তি।

১৫১। প্রপন্না দেবহূতিকে ভগবান্ শ্রীকপিলদেব সবীজ-যোগীর পক্ষে শ্রীভগবানের অপ্রাকৃত শ্রীমূর্ত্তির প্রত্যেক অঙ্গ-প্রত্যঙ্গের ধ্যান-কর্ত্তব্যতা উপদেশ করিয়া ধ্যানফল মনো-নিগ্রহের কথা বলিতেছেন,—

এবং (ধ্যানপথেন) ভগবতি হরৌ প্রতিলব্ধভাবঃ (প্রতিলব্ধঃ ভাবঃ প্রেমা যেন সঃ) ভক্ত্যা (শ্রদ্ধয়া) দ্রবদ্ধৃদয়ঃ (দ্রবৎ আর্দ্রীভবৎ হৃদয়ং যস্য সঃ) প্রমোদাৎ (হর্ষপ্রকর্ষাৎ) উৎপুলকঃ (উদ্গতানি পুলকানি যস্য সঃ রোমাঞ্চিতদেহঃ) ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া (ঔৎকণ্ঠ্যেন প্রবৃত্তয়া অশ্রুকলয়া) মুহুঃ (পুনঃ পুনঃ) অর্দ্দ্যমানঃ (আনন্দসংপ্লবে নিমজ্জমানঃ) চ তৎ অপি চিত্তবড়িশং (দুর্গ্রহস্য ভগবতঃ গ্রহণে বড়িশং মৎস্যবেধনম্ ইব উপায়ভূতং চিত্তম্ অপি) শনকৈঃ (ক্রমশঃ ধ্যেয়-বস্তুনঃ) বিযুঙ্ক্তে (তদ্ধারণে শিথিলপ্রযত্নঃ ভবতি)।

১৫৩। যোগং (জ্ঞানযোগম্) আরুরুক্ষোঃ (প্রাপ্তুমিচ্ছোঃ) মুনেঃ [তদারোহে] কর্ম্ম কারণং (সাধনম্) উচ্যতে ; যোগারূঢ়স্য (জ্ঞানযোগমারূঢ়স্য তু) তস্য (জ্ঞাননিষ্ঠস্য) এব শমঃ (জ্ঞানপরিপাকে সমাধিশ্চিত্তবিক্ষেপকর্ম্মোপরমঃ) কারণম্ উচ্যতে।

১৫৪। যদা হি ইন্দ্রিয়ার্থেষু (ইন্দ্রিয়ভোগ্যেষু শব্দাদিষু তৎ-সাধনেষু চ) কর্ম্মসু ন অনুষজ্জতে (আসক্তিং ন করোতি), তদা সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী (সর্ব্বান্ ভোগবিষয়ান্ কর্ম্মবিষয়ান্ চ আসক্তি-মূলভূতান্ সঙ্কল্পান্ সন্ন্যাসিতুং শীলং যস্য সঃ) যোগারূঢ় (মুক্তঃ) উচ্যতে।

হওয়ায় আত্মারামগণ, মুনিগণ ও সম্ভাবনার্থে নির্গ্রন্থগণ অর্থাৎ অবিদ্যাগ্রন্থিহীন, শাস্ত্রবিধিহীন, মূর্খ, নীচ, ম্লেচ্ছ, ধনসঞ্চয়ী, নির্ধন প্রভৃতি (১৬, ১৭ সংখ্যা) শ্রীকৃষ্ণভজন করেন—এইরূপে 'ইতরেতর'-যোগে প্রকাশিত এই অর্থ ও পূর্ব্বকথিত ছয়টী অর্থ (১৩৯-১৪১ সংখ্যা), সর্ব্বমোট এ পর্য্যন্ত সাতটী অর্থ ব্যাখ্যাত হইল।

১৫৫-১৫৮। পূর্ব্বে আত্মা-শব্দে 'ব্রহ্ম'-অর্থস্থলে জ্ঞানমার্গের উপাসকরূপ আত্মারামগণের সম্বন্ধে সাতপ্রকার অর্থ ব্যাখ্যাত হইয়াছে। এক্ষণে আত্মা-শব্দে 'অন্তর্যামী'-অর্থ লক্ষিত হওয়ায় যোগমার্গে যাঁহারা অন্তর্যামী-উপাসক, সেই যোগিগণ এস্থলে 'আত্মারাম'-শব্দবাচ্য হন।

এই পর্য্যন্ত ১৩ প্রকার অর্থ ঃ—

'উরুক্রমে' 'অহৈতুকী' কাঁহা কোন অর্থ ।
এই তের অর্থ কহিলুঁ পরম সমর্থ ॥ ১৫৭ ॥

এই সব শান্ত যবে ভজে ভগবান্ ।
'শান্ত' ভক্ত করি' তবে কহি তাঁর নাম ॥ ১৫৮ ॥

'আত্মারামাঃ'-পদের অন্তর্গত আত্মা-শব্দের (৩) 'মন' অর্থদ্বারা ব্যাখ্যা ঃ—

'আত্মা' শব্দে 'মন' কহ—মনে যেই রমে ।
সাধুসঙ্গে সেই ভজে শ্রীকৃষ্ণচরণে ॥ ১৫৯ ॥

মনোনিগ্রহকারীর পরমপদলাভ ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।১৮)—

উদরমুপাসতে য ঋষিবর্ত্মসু কূর্পদৃশঃ
পরিসরপদ্ধতিং হৃদয়মারুণয়ো দহরম্ ।
তত উদগাদনন্ত তব ধাম শিরঃ পরমং
পুনরিহ যৎ সমেত্য ন পতন্তি কৃতান্তমুখে ॥ ১৬০ ॥

নিগৃহীতচিত্ত মুনিগণের কৃষ্ণগুণাকৃষ্ট হইয়া শুদ্ধভক্তি ঃ—

এহো কৃষ্ণগুণাকৃষ্ট মহামুনি হঞা ।
অহৈতুকী ভক্তি করে নির্গ্রন্থ হঞা ॥ ১৬১ ॥

'আত্মারামাঃ'-পদের অন্তর্গত আত্মা-শব্দের (৪) 'যত্ন' অর্থদ্বারা ব্যাখ্যা ঃ—

'আত্মা'-শব্দে 'যত্ন' কহে—যত্ন করিয়া ।
"মুনয়োঽপি" কৃষ্ণ ভজে নির্গ্রন্থ হঞা ॥ ১৬২ ॥

নিত্যসত্য বাস্তব বস্তুর অনুসন্ধান-জন্য যত্ন করা কর্ত্তব্য ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।৫।১৮)—

তস্যৈব হেতোঃ প্রযতেত কোবিদো ন লভ্যতে যদ্ভ্রমতামুপর্য্যধঃ।
তল্লভ্যতে দুঃখবদন্যতঃ সুখং কালেন সর্ব্বত্র গভীর-রংহসা ॥১৬৩

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫৮। এই সব শান্ত যবে ভজে—এই সব যোগী যখন শান্তরসারূঢ় হইয়া ভজন করে।

১৬০। (ঋষিগণের সম্প্রদায়মার্গে) যাঁহারা কর্ম্মযোগে উদর অর্থাৎ মণিপুরস্থ ব্রহ্মের উপাসনা করেন, তাঁহারা (অর্থাৎ 'শার্করাক্ষ' ঋষিগণ)—কূর্পদৃক্ অর্থাৎ স্থূলদৃষ্টি এবং আরুণি-ঋষিগণ (সম্প্রদায়ভুক্ত ঋষিগণ) নাড়ীসমূহের প্রসরণ-স্থান দহরে অর্থাৎ হৃদয়াকাশে (সূক্ষ্ম ব্রহ্মের) উপাসনা করেন। হে অনন্ত, তাহা হইতে উৎকৃষ্ট শিরোগত (মূলাধার হইতে আরম্ভ করিয়া হৃদয়মধ্য হইতে মস্তক, ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত প্রত্যুদ্গত) সহস্রদল-পদ্মস্বরূপ তোমার (উপলব্ধিক্ষেত্র সুষুম্না-নামক পরম-শ্রেষ্ঠ জ্যোতির্ম্ময়) ধামে উঠিয়া যোগিগণ আর কৃতান্তমুখে সংসারে পতিত হন না।

১৬৩। যাহা সত্যলোক বা ব্রহ্মলোক প্রভৃতি উপরিধামে এবং সুতল ও অতল প্রভৃতি অধোদেশে ভ্রমণ করিলেও পাওয়া

অনুভাষ্য

১৫৭। এই তের,—(১) সাধক, (২) ব্রহ্মময়, (৩) প্রাপ্ত-ব্রহ্মালয়, (৪) মুমুক্ষু, (৫) জীবন্মুক্ত, (৬) প্রাপ্তস্বরূপ,—এই ছয় আত্মারাম, এবং (৭) নির্গ্রন্থমুনি, (৮) সগর্ভ-যোগারুরুক্ষু, (৯) নিগর্ভ-যোগারুরুক্ষু, (১০) সগর্ভ-যোগারূঢ়, (১১) নিগর্ভ-যোগারূঢ়, (১২) সগর্ভ-প্রাপ্তসিদ্ধি, (১৩) নিগর্ভ-প্রাপ্তসিদ্ধি।

১৬০। জনলোকে ব্রহ্মসত্র-যজ্ঞে শ্রবণেচ্ছু ঋষিগণের সমীপে চতুঃসনের অন্যতম ব্রহ্মর্ষি সনন্দন যে শ্রুতিগণ-কর্ত্তৃক এই ভগবৎ-স্তব কীর্ত্তন করিয়াছিলেন, তাহাই পরে আদিঋষি শ্রীনারায়ণ নারদের নিকট বর্ণন করিয়াছিলেন,—

ঋষিবর্ত্মসু (ঋষীণাং বর্ত্মসু সম্প্রদায়মার্গেষু) যে কূর্পদৃশঃ (কূর্পং শর্করারজঃ বিদ্যতে দৃক্ষু অক্ষিষু যেষাং তে তথা রজঃ-পিহিতদৃষ্টয়ঃ শার্করাক্ষাঃ স্থূলদৃষ্টয়ঃ) উদরম্ (উদরালম্বনং মণি-পুরকস্থং ব্রহ্ম) উপাসতে (ধ্যায়ন্তি) ; আরুণয়ঃ (আরুণ্যাখ্যাঃ ঋষয়ঃ) পরিসরপদ্ধতিং (পরিতঃ সরন্তি প্রসর্পন্তীতি পরিসরাঃ নাড্যঃ তাসাং পদ্ধতিং মার্গং প্রসরণস্থানং) হৃদয়ং দহরম্ (আকাশালম্বনং সূক্ষ্মমেব ব্রহ্ম উপাসতে) ; হে অনন্ত, ততঃ (হৃদয়াৎ) তব পরমং (শ্রেষ্ঠং জ্যোতির্ম্ময়ং) ধাম (উপলব্ধি-স্থানং সুষুম্নাখ্যং) শিরঃ (মূর্দ্ধানং প্রতি) উদগাৎ (উদসর্পৎ, মূলাধারাৎ আরভ্য হৃদয়মধ্যাৎ ব্রহ্মরন্ধ্রং প্রত্যুদ্গতমিত্যর্থঃ), —যৎ [তব ধাম] সমেত্য (প্রাপ্য) ইহ কৃতান্তমুখে (কৃতান্তস্য কালস্য মৃত্যোঃ মুখে সংসারে) ন পতন্তি।

১৬৩। শ্রীব্যাসদেব বহু তপস্যার অনুষ্ঠান ও সর্ব্বশাস্ত্র

তাঁহারা ছয়প্রকার—সগর্ভ-যোগারুরুক্ষু, সগর্ভ-যোগারূঢ়, সগর্ভ-প্রাপ্তসিদ্ধি, নিগর্ভ-যোগারুরুক্ষু , নিগর্ভ-যোগারূঢ় ও নিগর্ভ-প্রাপ্তসিদ্ধি। এস্থলেও পূর্ব্ববৎ অর্থাৎ পূর্ব্বে যে ত্রিবিধ ব্রহ্মোপাসক ও ত্রিবিধ মোক্ষাকাঙ্ক্ষী, সর্ব্বমোট ষড়্বিধ আত্মারামের কথাবলা হইয়াছে এবং সেস্থলে যেরূপ 'চ'-শব্দে 'অপি'-অর্থ, 'মুনি'-শব্দে মননশীল ও 'নির্গ্রন্থ'-শব্দে অবিদ্যা-গ্রন্থিহীন ও বিধিহীন অর্থ হইয়াছে (১৩৯-১৪১ সংখ্যা), এস্থলেও তদ্রূপভাবে 'উরুক্রমে' ও 'অহৈতুকী'-শব্দদ্বয়ে প্রযুক্ত হইয়া উপরিলিখিত ষড়্বিধ আত্মারাম-যোগিগণের কাঁহার ক্ষেত্রে কোন অর্থ প্রকাশিত হইবে। যেমন, সগর্ভ-যোগারুরুক্ষু-রূপ আত্মারামও 'নির্গ্রন্থ' হইয়াও মুনি অর্থাৎ মননশীল হইয়া উরুক্রম শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করেন—এইরূপে ষড়্বিধ যোগিগণের সম্বন্ধে পৃথক্ পৃথক্ ভাবে অর্থ বুঝিতে হইবে। অতএব পূর্ব্বে সপ্তবিধ ও এক্ষণে ষড়্বিধ—সর্ব্বমোট ত্রয়োদশ অর্থ ব্যক্ত হইল। তাঁহারা সকলে "শমো মন্নিষ্ঠতাবুদ্ধেঃ" (ভাঃ ১১।১৯।৩৬) এই সূত্রে শ্রীকৃষ্ণে মমত্ব-বুদ্ধিসম্পন্ন না হইয়া কেবল শ্রীকৃষ্ণনিষ্ঠা মাত্র লাভ করত 'শান্ত'-রসাশ্রিত 'শান্তভক্ত' নামে কথিত হন।

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।১০১)-ধৃত নারদীয়-বাক্য—

সদ্ধর্ম্মস্যাববোধায় যেষাং নির্ব্বন্ধিনী মতিঃ ।
অচিরাদেব সর্ব্বার্থঃ সিদ্ধত্যেষামভীপ্সিতঃ ॥ ১৬৪ ॥

যত্নাগ্রহ বা উৎসাহ ও নিশ্চয় হইতে ভক্তিসিদ্ধি ঃ—

চ-শব্দ অপি-অর্থে, 'অপি'—অবধারণে ।
যত্নাগ্রহ বিনা ভক্তি না জন্মায় প্রেমে ॥ ১৬৫ ॥

আসঙ্গই যত্নাগ্রহ ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (১।১।৩৫)—

সাধনৌঘৈরনাসঙ্গৈরলভ্যা সুচিরাদপি ।
হরিণা চাশ্বদেয়েতি দ্বিধা সা স্যাৎ সুদুর্ল্লভা ॥ ১৬৬ ॥

সতত যোগই যত্নাগ্রহ ঃ—

শ্রীমদ্ভগবদ্গীতায় (১০।১০)—

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্ ।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥ ১৬৭ ॥

"আত্মারামাঃ"-পদের অন্তর্গত আত্মা-শব্দের (৫) 'ধৃতি'-অর্থদ্বারা ব্যাখ্যা ঃ—

'আত্মা'-শব্দে 'ধৃতি' কহে,—ধৈর্য্যে যেই রমে ।
ধৈর্য্যবন্ত তবে হঞা করয় ভজনে ॥ ১৬৮ ॥

মুনি ও নির্গ্রন্থ-শব্দদ্বয়ের অর্থ ; বিষ্ণু-বৈষ্ণব-কৃপায় উভয়ের ভক্তিলাভ ঃ—

'মুনি'-শব্দে—পক্ষী, ভৃঙ্গ ; 'নির্গ্রন্থে'—মূর্খজন ।
কৃষ্ণকৃপায় সাধুকৃপায় দোঁহার ভজন ॥ ১৬৯ ॥

ব্রজের পক্ষিগণও কৃষ্ণনিষ্ঠ মুনি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।২১।১৪)—

প্রায়ো বতাম্ব মুনয়ে বিহগা বনেঽস্মিন্
কৃষ্ণেক্ষিতং তদুদিতং কলবেণুগীতম্ ।
আরুহ্য যে দ্রুমভুজান্ রুচিরপ্রবালান্
শৃণ্বন্তি মীলিতদৃশো বিগতান্যবাচঃ ॥ ১৭০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

যায় না, এরূপ দুর্ল্লভ বস্তুর জন্য পণ্ডিতসকল যত্ন করিবেন, কেননা, চতুর্দ্দশভুবনের উপরি এবং অধোদেশে যে সুখ আছে, সে সমস্তই গভীর বেগযুক্ত কালের দ্বারা দুঃখের ন্যায় অনায়াসেই পাওয়া যায়।

অনুভাষ্য

প্রণয়নাদি করিয়াও আত্মপ্রসাদ-লাভে বঞ্চিত হইয়া সরস্বতী-নদীতীরে মনে মনে নানা কুতর্ক ও খেদ করিতে থাকিলে তাঁহার অন্তর্যামী গুরুদেব শ্রীনারদ গোস্বামী তৎসমীপে আসিয়া উপস্থিত হইলেন। ব্যাসদেব তখন তাঁহার নিকট আত্মপ্রসাদাভাবের কারণ জিজ্ঞাসা করায় শ্রীনারদ হরিভক্তির ও হরিকথার মাহাত্ম্য বলিয়া নিত্যতত্ত্ব কৃষ্ণভক্তির জন্য যত্ন করিতে বলিতেছেন,—

উপর্য্যধঃ (উপরি আব্রহ্মলোকাৎ অধঃ স্থাবরপর্য্যন্তং) ভ্রমতাং (বিবক্ষায়াং ষষ্ঠী, ভ্রমদ্ভিঃ জীবৈঃ) যৎ (সুখং) ন লভ্যতে (নৈব প্রাপ্যতে), কোবিদঃ (বিবেকশীলঃ) তস্যৈব (তাদৃশস্য সুখস্য এব) হেতোঃ প্রযতেত (যত্নং কুর্য্যাৎ) ; গভীর-রংহসা (অনতিক্রম্য-বেগেন) কালেন দুঃখবৎ (অপ্রার্থিতানি দুঃখানি যথৈবায়ান্তি দেহিনাং, তথৈব) তৎ সুখং (বিষয়সুখং) অন্যতঃ (অন্যস্মাৎ প্রাক্তনকর্ম্মতঃ) সর্ব্বত্র (সর্ব্বযোনিষু) [প্রযত্নং বিনাপি] লভ্যতে (প্রাপ্যতে)।

১৬৪। মধ্য, ২০শ পঃ ১০৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৬৬। অনাসঙ্গৈঃ (সঙ্গরহিতৈঃ) সাধনৌঘৈঃ (সাধন-পুঞ্জৈঃ) সুচিরাৎ (বহুকালেন) অপি [ভক্তিঃ] অলভ্যা (লব্ধুমশক্যা) হরিণা (ভগবতা) আশু (শীঘ্রম্) অদেয়া ("মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম্" ইতি (ভাঃ ৫।৬।১৮) বচনাৎ চ—ইতি) সা সুদুর্ল্লভা ভক্তিঃ দ্বিধা স্যাৎ (প্রকারদ্বয়েনাপি তস্যাঃ দুর্ল্লভত্বমিত্যর্থঃ)।

১৬৭। আদি, ১ম পঃ ৪৯ সংখ্যা দ্রষ্টব্য।

১৭০। ব্রজে শরৎকাল উপস্থিত হইলে কৃষ্ণ বনে বনে বংশীধ্বনি করিয়া পরিভ্রমণ করিতে আরম্ভ করায়, তাঁহার সেই বংশীধ্বনি শ্রবণ করিয়া গোপীগণ কৃষ্ণসঙ্গ-কামাতুরা হইয়া গান করিতেছেন,—

হে অম্ব, অস্মিন্ বনে যে বিহগাঃ (পক্ষিণঃ) তে প্রায়ঃ (প্রায়েণ) মুনয়ঃ এব, যতঃ তে (পক্ষিণঃ) কৃষ্ণেক্ষিতং (কৃষ্ণদর্শনং পুষ্পফলাদ্যন্তরং বিনা যথা ভবতি, তথা) রুচিরপ্রবালান্ (রুচিরাঃ শোভনাঃ প্রবালাঃ যেষাং তান্ বিচিত্রোপশাখাযুক্তান্) দ্রুমভুজান্ (বৃক্ষাণাং শাখাঃ) আরুহ্য [কেনাপি সুখেন] মীলিতদৃশঃ (নিমীলিত-নয়নাঃ) বিগতান্যবাচঃ (ত্যক্তান্যশব্দাঃ সন্তঃ) তদুদিতং

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৬। ভক্তি দুইপ্রকারে সুদুর্ল্লভা,—অর্থাৎ, আসঙ্গ (কৃষ্ণ-প্রীতিবাঞ্ছা)-শূন্য সহস্র সহস্র সাধনেও শীঘ্র লভ্যা হন না এবং কৃষ্ণও সহসা ভক্তি দেন না।

১৭০। হে মাতঃ, এই বনে যে-সকল পক্ষী সুন্দর সুন্দর পল্লবশোভিত বৃক্ষশাখাদিতে আরোহণপূর্ব্বক চক্ষু নিমীলিত

অমৃতানুকণা—১৬৫। এস্থলে 'চ'-শব্দে অপি-অর্থ হওয়ায় 'মুনয়শ্চ'—মুনয়োঽপি অর্থাৎ মুনিগণও 'আত্মারামাঃ'—(আত্মা-শব্দে যত্ন-অর্থ-হেতু) যত্নপরায়ণ হইয়া 'নির্গ্রন্থা অপি'—(অপি-শব্দের অবধারণ অর্থে) অবিদ্যাগ্রন্থিহীন হইয়াই উরুক্রম শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করেন, যেহেতু, ভক্তিতে যত্ন ও আগ্রহ ব্যতীত কখনও সুদুর্ল্লভ 'প্রেম' লাভ হইতে পারে না।

ব্রজের ভৃঙ্গগণও কৃষ্ণনিষ্ঠ মুনি ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৫।৬)—

এতেঽলিনস্তব যশোঽখিল-লোকতীর্থং
গায়ন্ত আদিপুরুষানুপথং ভজন্তে।
প্রায়ো অমী মুনিগণা ভবদীয়মুখ্যা
গূঢ়ং বনেঽপি ন জহত্যনঘাত্মদৈবম্ ॥ ১৭১ ॥

ব্রজের হংস-সারসাদি পক্ষীও কৃষ্ণনিষ্ঠ মুনি ঃ—

শ্রীমদ্ভাগবত (১০।৩৫।১১)—

[illegible] সারসহংসবিহঙ্গাশ্চারুগীতহৃতচেতস এত্য।
হরিমুপাসত তে যতচিত্তা হন্ত মীলিতদৃশো ধৃতমৌনাঃ ॥১৭২॥

অমৃতপ্রবাহ ভাষ্য

করিয়া এবং অন্যশব্দ-শূন্য হইয়া কৃষ্ণমুখবিনির্গত কলবেণু-গীত শ্রবণ করিয়া থাকেন, তাঁহারাও প্রায়শঃ মুনির ন্যায়।

১৭১। হে অনঘ, হে আদিপুরুষ, এই অলিসকল অখিল-লোক পবিত্রকারী তোমার যশঃসমূহ গান করিতে করিতে (তোমার গমনপথে পশ্চাৎ গমন করিয়া) ভজন করিতেছে ; এই অলিবেষী মুনিগণ আত্মদেবতারূপ তোমাকে তোমার গূঢ়-রূপ সত্ত্বেও পরিত্যাগ করিতেছে না।

১৭২। জলাশয়ে সারস, হংস প্রভৃতি পক্ষীগণ (শ্রীকৃষ্ণের বংশী-নিঃসৃত) চারুগীতদ্বারা হৃতচিত্ত হইয়া আগমনপূর্ব্বক

অনুভাষ্য

(তেনৈব কৃষ্ণেণ প্রকটিতং) কলবেণুগীতং (মধুরমুরলীনিনাদং) শৃণ্বন্তি।

১৭১। পৌগণ্ড-বয়সে পদার্পণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ একদা শ্রীবলরামসহ কুসুমাকর-বনে প্রবেশপূর্ব্বক চতুর্দ্দিকে শোভা দেখিয়া বিহার করিতে ইচ্ছুক হইয়া অগ্রজকে প্রশংসা করিয়া বলিতেছেন,—

হে আদিপুরুষ (সর্ব্বেষাং সত্ত্বানাং কারণভূত-সন্ধিনী-শক্তি-মদ্বিগ্রহ), এতে অলিনঃ (ভৃঙ্গাঃ) তব অখিললোকতীর্থং (সকল-লোকপাবনং) যশঃ গায়ন্তঃ অনুপথং (পথি পথি) ভজন্তে ; হে অনঘ (শুদ্ধসত্ত্বাধীশ বিগ্রহ), অমী ভবদীয় মুখ্যাঃ (ত্বদীয়ানাং মুখ্যাঃ প্রধানাঃ) মুনিগণাঃ বনে গূঢ়ম্ (অজ্ঞাতম্) অপি আত্মদৈবং (সেশ্বর ত্বাং) প্রায়ঃ ন জহতি (ন ত্যজন্তি ত্বয়ি মনুষ্যবেষেণ নিগূঢ়ে সতি মুনয়োঽপ্যলিবেষেণ নিগূঢ়াস্ত্বাং ভজন্তীত্যর্থঃ)।

এখানে পাঠান্তরে,—(ভাঃ ১০।১৫।৭)—"নৃত্যন্ত্যমী শিখিন ঈড্য মুদা হরিণ্যঃ কুর্ব্বন্তি গোপ্য ইব তে প্রিয়মীক্ষণেন। সূক্তৈশ্চ কোকিলগণাঃ গৃহমাগতায় ধন্যা বনৌকস ইয়ান্ হি সতাং নিসর্গঃ।।"—এই শ্লোকটী লক্ষিত হয় ; ইহার অর্থ—"হে স্তুত্যর্হ, (পূজনীয়,) ময়ূরগণ গৃহাগত তোমাকে দেখিয়া

শুদ্ধভক্তকৃপায় অশুচি জাতিরও শুদ্ধি ঃ—

শ্রীমদ্ভাগবত (২।৪।১৮)—

কিরাতহূনান্ধ্রপুলিন্দপুক্কশা
আভীরকঙ্কা যবনাঃ খশাদয়ঃ।
যেঽন্যে চ পাপা যদুপাশ্রয়াশ্রয়াঃ
শুদ্ধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ ॥ ১৭৩ ॥

ধৃতি-শব্দের অন্য অর্থ ঃ—

কিংবা 'ধৃতি'-শব্দে নিজপূর্ণতাদি-জ্ঞান কয়।
দুঃখাভাবে উত্তমপ্রাপ্ত্যে মহাপূর্ণ হয় ॥ ১৭৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

সংযতচিত্ত, মুদিতনয়ন ও ধৃতমৌন-ভাবে হরিকে উপাসনা করিতেছে।

১৭৩। কিরাত, হূন, অন্ধ্র, পুলিন্দ, পুক্কশ, আভীর, (শুম্ভ) কঙ্ক, যবন ও খশাদি এবং আর যে-সকল পাপযোনি জাতি আছে, সেই সকল জাতিই যাহার আশ্রিত-বৈষ্ণবদিগের আশ্রয়ে পরিশুদ্ধ হয়, সেই প্রভাববিশিষ্ট বিষ্ণুকে নমস্কার করি।

অনুভাষ্য

পরমানন্দে নৃত্য করিতেছে, হরিণীগণ গোপীগণের সদৃশ দৃষ্টি নিক্ষেপ করিয়া এবং কোকিলগণ মধুর শব্দ করিয়া প্রীতি উৎপাদন করিতেছে ; বৃন্দাবনবাসিগণই ধন্য, যেহেতু এইরূপই অর্থাৎ নিজ-নিজ বস্তু-প্রদানই সাধুগণের স্বভাব।"

১৭২। দিবাভাগে কৃষ্ণ বনে গমন করিলে বিরহসন্তপ্ত গোপীগণ পরস্পর এইরূপ গীত গান করিতেন,—

[যর্হি অধরে কৃষ্ণঃ সন্ধিতবেণুর্ভবতি তর্হীতি পূর্ব্বেণান্বয়ঃ] সরসি (সরোবরে) যে সারসহংসবিহঙ্গাঃ চারুগীতহৃতচেতসঃ (চারুণা বেণুগীতেন হৃতানি আকৃষ্টানি চেতাংসি যেষাং তে) এত্য (আগত্য) হন্ত (বিষাদে) যতচিত্তাঃ (সংযতমনাঃ) ধৃতমৌনাঃ (নিঃশব্দাঃ) মীলিতদৃশঃ (মুদিতনেত্রাঃ সন্তঃ) হরিম্ উপাসত (অভজন্ত, তৎসমীপে উপবিবিশুর্ব্বা)।

১৭৩। শ্রীশুকমুখে হরিকথা শুনিয়া পরীক্ষিৎ শ্রীকৃষ্ণে ঐকান্তিক মতিবিশিষ্ট হইয়া মায়াধীশ ভগবানের সৃষ্ট্যাদি লীলা-বিষয় জিজ্ঞাসা করায় তদুত্তরে শ্রীশুক প্রথমে ভগবানের প্রণাম-পূর্ব্বক মঙ্গলাচরণ করিতেছেন,—

কিরাতহূণান্ধ্রপুলিন্দপুক্কশাঃ আভীর-কঙ্কাঃ যবনাঃ খশাদয়ঃ (পাপযোনয়ঃ) অন্যে যে পাপাঃ (স্ব-স্ব-প্রাক্তন-কর্ম্মতঃ পাপ-জাতয়ঃ) যদুপাশ্রয়াশ্রয়াঃ (যস্য ভগবতঃ উপাশ্রয়াঃ আশ্রিতাঃ ভাগবত-বৈষ্ণবাঃ তদাশ্রয়াঃ ভক্তাশ্রিতাঃ সন্তঃ) শুদ্ধ্যন্তি (পবিত্রী ভবন্তি) তস্মৈ প্রভবিষ্ণবে (প্রভাবশালিনে ভগবত বিষ্ণবে) নমঃ।

ধৃতির সংজ্ঞা ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (২।৪।১৪৪)—

ধৃতিঃ স্যাৎ পূর্ণতা-জ্ঞানং দুঃখাভাবোত্তমাপ্তিভিঃ ।
অপ্রাপ্তাতীত-নষ্টার্থানভিসংশোচনাদিকৃৎ ॥ ১৭৫ ॥

শ্লোকার্থ ঃ—

কৃষ্ণভক্ত—দুঃখহীন, বাঞ্ছান্তর-হীন ।
কৃষ্ণপ্রেম-সেবা-পূর্ণানন্দ-প্রবীণ ॥ ১৭৬ ॥

কৃষ্ণসেবাতেই ভক্তের সন্তোষ, অসন্তোষমূলক অন্যকামাভাব ঃ—

শ্রীমদ্ভাগবতে (৯।৪।৬৭)—

মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদি-চুতষ্টয়ম্ ।
নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোহন্যৎ কালবিপ্লুতম্ ॥ ১৭৭ ॥

সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলননিষ্ঠ ভক্তই ধীর ও স্থির ঃ—

শ্রীগোস্বামিপাদোক্ত-শ্লোক—

হৃষীকেশে হৃষীকাণি যস্য স্থৈর্য্যগতানি হি ।
স এব ধৈর্য্যমাপ্নোতি সংসারে জীবচঞ্চলে ॥ ১৭৮ ॥

'আত্মারামাঃ'—ধৃতিমন্ত, 'মুনয়ঃ'—পক্ষিগণ,
'নির্গ্রন্থা'—মূর্খগণ ঃ—

'চ'—অবধারণে, ইহা 'অপি'—সমুচ্চয়ে ।
ধৃতিমন্ত হঞা ভজে পক্ষি-মূর্খচয়ে ॥ ১৭৯ ॥

'আত্মারামাঃ'-পদের অন্তর্গত আত্মা-শব্দের
(৬) 'বুদ্ধি'-অর্থে ব্যাখ্যা ঃ—

'আত্মা'-শব্দে 'বুদ্ধি' কহে বুদ্ধিবিশেষ ।
সামান্যবুদ্ধিযুক্ত যত জীব অশেষ ॥ ১৮০ ॥

পণ্ডিত ও মূর্খভেদে বুদ্ধ্যারাম দ্বিবিধ ঃ—

বুদ্ধ্যে রমে আত্মারাম—দুই ত' প্রকার ।
'পণ্ডিত' মুনিগণ, নির্গ্রন্থ 'মূর্খ' আর ॥ ১৮১ ॥

সাধুকৃষ্ণের কৃপায় সদ্বুদ্ধিলাভ ও কৃষ্ণভজন ঃ—

কৃষ্ণকৃপায় সাধুসঙ্গে রতি-বুদ্ধি পায় ।
সব ছাড়ি' কৃষ্ণভক্তি শুদ্ধবুদ্ধ্যে পায় ॥ ১৮২ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১০।৮)—

অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে ।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ ॥ ১৮৩ ॥

ভক্তকৃপায় শ্রৌতপথানুসরণে নীচ তির্য্যক্‌জাতিরও মায়া-মুক্তি ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৭।৪৬)—

তে বৈ বিদন্ত্যতিতরন্তি চ দেবমায়াং
স্ত্রীশূদ্রহূণশবরা অপি পাপজীবাঃ ।
যদ্যদ্ভুতক্রমপরায়ণ-শীল-শিক্ষা-
স্তির্য্যগ্‌জনা অপি কিমু শ্রুতধারণা যে ॥ ১৮৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭৫। উত্তম-লাভদ্বারা দুঃখাভাব এবং পূর্ণতা-জ্ঞানেই 'ধৃতি'। অপ্রাপ্ত এবং অতীত অর্থ নষ্ট হইলে যে শোক হয়, তাহাকে ধৃতিই নিবারণ করে।

১৭৮। এই জীবচঞ্চল অর্থাৎ ক্ষণভঙ্গুর সংসারে যে ব্যক্তির ইন্দ্রিয়সকল হৃষীকেশ-কৃষ্ণে স্থির হইয়াছে, সেই ব্যক্তিই ধৈর্য্য লাভ করিয়াছেন।

অনুভাষ্য

১৭৫। দুঃখাভাবোত্তমাপ্তিভিঃ (দুঃখস্য অভাবঃ তেন উত্তমস্য উদ্‌গতং তমঃ যস্মাৎ সঃ প্রেমা, তস্য পরমপুরুষার্থস্য প্রেম্ণঃ আপ্তিভিঃ চ যৎ) পূর্ণতা-জ্ঞানম্ (আত্মপ্রসাদানুভবঃ, তৎ এব) ধৃতিঃ ; (সা)—অপ্রাপ্তাতীতনষ্টার্থানভিশোচনাদিকৃৎ (অপ্রাপ্তস্য অতীতস্য নষ্টস্য চ অর্থস্য বিষয়স্য হেতোঃ অনভিশোচনং করোতি যা সা, অভিশোচনাভাবঃ যা সম্পাদ্যতে ইত্যর্থঃ)।

১৭৭। আদি, ৪র্থ পঃ ২০৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৭৮। যস্য হৃষীকাণি (ইন্দ্রিয়াণি) হৃষীকেশে (সর্ব্বনিয়ন্তরি ভগবতি) স্থৈর্য্যগতানি (উপশমং লব্ধানি) স এব জীবচঞ্চলে (ক্ষণভঙ্গুরে) সংসারে ধৈর্য্যম্ আপ্নোতি।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৩। আমি সকলের প্রভব (উৎপত্তি)-স্থান এবং আমা হইতে সকলই প্রবর্ত্তিত হইয়াছে ; এরূপ জানিয়া পণ্ডিতসকল ভক্তিযুক্ত হইয়া আমাকে ভজন করেন।

১৮৪। স্ত্রী, শূদ্র, হূন, শবরাদি পাপজীব এবং পক্ষ্যাদি তির্য্যক্-জাতিগণও যখন অদ্ভুতক্রম (ভগবান্ শ্রীউরুক্রম)-পরায়ণগণের (অর্থাৎ শুদ্ধভক্তগণের আচরণানুসরণে) শিক্ষা-প্রাপ্ত (অর্থাৎ ভগবদ্ভক্ত) হইয়া (দুস্তরা দৈবী) মায়া হইতে উদ্ধার পায়, তখন শ্রৌতপন্থী ব্যক্তিদিগের কথা কি?

অনুভাষ্য

১৮২। পাঠান্তরে,—"সব ছাড়ি' শুদ্ধভক্তি করে কৃষ্ণ-পায়। কৃষ্ণকৃপায় সাধুসঙ্গে বিচার-বুদ্ধি পায়।।"

১৮৩। অহং (কৃষ্ণঃ) সর্ব্বস্য (বিধিরুদ্রাণাং প্রপঞ্চস্য চ) প্রভবঃ (হেতুঃ জন্মকারণম্) ; মত্তঃ (সর্ব্বকারণকারণভূতাৎ) সর্ব্বং (বস্তু) প্রবর্ত্ততে (মদধীনপ্রবৃত্তিকম্)—ইতি মত্বা বুধাঃ (কৃষ্ণরসবিদঃ) ভাবসমন্বিতাঃ (প্রেমযুক্তাঃ সন্তঃ) মাং ভজন্তে।

১৮৪। ব্রহ্মা তচ্ছিষ্য নারদের নিকট ভগবান্ বিষ্ণুর লীলা-বতারসমূহের ক্রিয়া, প্রয়োজন ও বিভূতিসমূহ কীর্ত্তন করিয়া

অমৃতানুকণা—১৭৯। আত্মা-শব্দে 'ধৃতি'-অর্থস্থলে 'চ'-কারে অবধারণ-অর্থ (নিশ্চয়ার্থ) এবং 'অপি'-শব্দে সমুচ্চয়-অর্থ হওয়ায় 'মুনয়ঃ'—মুনিরূপ পক্ষীগণ, 'নির্গ্রন্থা অপি'—এবং মূর্খগণ 'আত্মারামাশ্চ'—নিশ্চয়রূপে ধৃতিমন্ত (অর্থাৎ ধৈর্য্যশীল অথবা ভগবৎসম্বন্ধজ্ঞান-হেতু দুঃখশূন্য ও উত্তমবস্তু ভগবৎপ্রেম-প্রাপ্তিহেতু পূর্ণানন্দ) হইয়া উরুক্রম-শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন, এইরূপ অর্থ হইতেছে।

সদ্বুদ্ধি ও নিত্যানিত্যবিচারপূর্ব্বক কৃষ্ণভজনেই কৃষ্ণপ্রাপ্তি ঃ—

বিচার করিয়া যবে ভজে কৃষ্ণ-পা'য় ।
সেই বুদ্ধি দেন তাঁরে, যাতে কৃষ্ণ পায় ॥ ১৮৫ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১০।১০)—

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্ ।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥ ১৮৬ ॥

সর্ব্বশ্রেষ্ঠ পঞ্চবিধ সাধন ঃ—

সৎসঙ্গ, কৃষ্ণসেবা, ভাগবত, নাম ।
ব্রজে বাস,—এই পঞ্চসাধন প্রধান ॥ ১৮৭ ॥

পঞ্চসাধনের একটীর সামান্যানুশীলনেই কৃষ্ণপ্রেম লাভ ঃ—

এই পঞ্চ-মধ্যে এক 'স্বল্প' যদি হয় ।
সুবুদ্ধি জনের হয় কৃষ্ণপ্রেমোদয় ॥ ১৮৮ ॥

ভক্তিরসামৃতসিন্ধু (১।২।২৩৮)—

দুরূহাদ্ভুতবীর্য্যেঽস্মিন্ শ্রদ্ধা দূরেঽস্তু পঞ্চকে ।
যত্র স্বল্পোঽপি সম্বন্ধঃ সদ্ধিয়াং ভাবজন্মনে ॥ ১৮৯ ॥

অনর্থময় ও সকাম হইলেও সুবুদ্ধিহেতু নিরন্তর কৃষ্ণভজনফলে কাম-ত্যাগপূর্ব্বক নিষ্কাম-সেবা ও সিদ্ধিপ্রাপ্তি ; তাহা হইলেও কিন্তু সকাম-ভক্তি নিষ্কাম-সেবার 'কারণ' নহে ঃ—

উদার মহতী যাঁর সর্ব্বোত্তমা বুদ্ধি ।
নানা কামে ভজে, তবু পায় ভক্তিসিদ্ধি ॥ ১৯০ ॥

শ্রীমদ্ভাগবতে (২।৩।১০)—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ ।
তীব্রেণ ভক্তিযোগেন যজতে পুরুষং পরম্ ॥ ১৯১ ॥

নিরন্তরসেবাপ্রভাবে কাম বা অনর্থের নিবৃত্তি ও শুদ্ধসেবা-লাভ ঃ—

ভক্তি-প্রভাব,—সেই কাম ছাড়াঞা ।
কৃষ্ণপদে ভক্তি করায় গুণে আকর্ষিয়া ॥ ১৯২ ॥

শ্রীমদ্ভাগবতে (৫।১৯।২৬)—

সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণাং নৈবার্থদো যৎ পুনরর্থিতা যতঃ ।
স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিচ্ছাপিধানং নিজপাদপল্লবম্ ॥১৯৩

"আত্মারামাঃ"-পদের অন্তর্গত আত্মা-শব্দের (৭) 'স্বভাব'-অর্থে ব্যাখ্যা ঃ—

'আত্মা'-শব্দে 'স্বভাব' কহে, তাতে যেই রমে ।
আত্মারাম জীব যত স্থাবর-জঙ্গমে ॥ ১৯৪ ॥

অনাবৃত শুদ্ধজীবস্বরূপ ও আবৃত জীবস্বরূপের ধর্ম্ম ; শুদ্ধ 'অহং' ও অশুদ্ধ 'অহং' ঃ—

জীবের স্বভাব—কৃষ্ণে 'দাস'-অভিমান ।
দেহে আত্ম-জ্ঞানে আচ্ছাদিত সেই 'জ্ঞান' ॥ ১৯৫ ॥
চ-শব্দে 'এব', 'অপি'-শব্দ সমুচ্চয়ে ।
'আত্মারামা এব' হঞা শ্রীকৃষ্ণ ভজয়ে ॥ ১৯৬ ॥

শুদ্ধস্বভাব 'আত্মারাম' জীবের ও 'নির্গ্রন্থ' জীবের দৃষ্টান্ত ঃ—

এই জীব—সনকাদি সব মুনিজন ।
'নির্গ্রন্থ'—মূর্খ, নীচ, স্থাবর-জঙ্গম ॥ ১৯৭ ॥

মুক্তজীব ব্যাসাদির কৃষ্ণসেবা—প্রসিদ্ধ, নির্গ্রন্থ বা নির্ব্বোধের ভজন-বর্ণন ঃ—

ব্যাস-শুক-সনকাদির প্রসিদ্ধ ভজন ।
'নির্গ্রন্থ' স্থাবরাদির শুন বিবরণ ॥ ১৯৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৭। ভাগবত, নাম—শ্রীমদ্ভাগবত ও শ্রীকৃষ্ণনাম।

অনুভাষ্য

তাঁহার দুরত্যয়া মায়ামুক্ত শরণাগত উচ্চকুলোদ্ভব ভক্তগণের নাম বর্ণন করিয়া নিম্নকুলোদ্ভব জনগণেরও শ্রৌতপন্থায় মুক্তি-লাভে যোগ্যতার কথা বলিতেছেন,—

যদি স্ত্রীশূদ্রহূনশবরা পাপজীবাঃ (পাপযোনয়ঃ) তথা তির্য্যক্-জনাঃ অপি অদ্ভুতক্রমপরায়ণশীল-শিক্ষাঃ (অদ্ভুতাঃ বিস্ময়োৎ-পাদিকাঃ ক্রমাঃ পাদন্যাসাঃ যস্য হরেঃ তস্য পরায়ণাঃ হরিজনাঃ তেষাং শীলে স্বভাবে শিক্ষা যেষাং তে—যে শুদ্ধভক্ত-শিষ্যাঃ সন্তঃ কৃষ্ণভক্তসঙ্গৈঃ গঠিতচরিত্রাঃ ভবন্তি, তর্হি এবম্ভূতাঃ) তে অপি দেবমায়াং বৈ বিদন্তি (জানন্তি) অতিতরন্তি (অতিক্রামন্তি) চ ; [অতঃ] যে (ভক্তাঃ) শ্রুতধারণাঃ (শ্রুতং ভগবতঃ নাম-রূপগুণ-লীলাদি-তত্ত্বং ধারয়ন্তি শ্রৌতমার্গেণ যে, তে) কিমু (পুনঃ তেষাং কিং বক্তব্যম্?—নিশ্চিতমেব তে মায়াং বিদন্তি অতিতরন্তীত্যর্থঃ)

১৮৬। আদি, ১ম পঃ ৪৯ সংখ্যা দ্রষ্টব্য।

১৮৭। কৃষ্ণভক্তসঙ্গ, কৃষ্ণসেবা, কৃষ্ণকথা-বিগ্রহ শ্রীমদ্ভাগবত, কৃষ্ণনাম, কৃষ্ণধাম শ্রীব্রজে বাস—এই পাঁচটীই প্রধান সাধন।

১৮৯। মধ্য, ২২শ পঃ ১২৮ সংখ্যা দ্রষ্টব্য।

১৯১। মধ্য, ২২শ পঃ ৩৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৯৩। মধ্য, ২২শ পঃ ৪০ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতানুকণা—১৯৬-১৯৭। আত্মা-শব্দে স্বভাব, 'চ'-শব্দে 'এব' (নিশ্চয়ার্থ) এবং 'অপি'-শব্দে সমুচ্চয়-অর্থ হওয়ায়, সমগ্র অর্থটী এস্থলে এইরূপ হইতেছে,—'মুনয়ঃ'—সনকাদি মুনিগণ, 'নির্গ্রন্থা অপি'—এবং নির্গ্রন্থগণ অর্থাৎ মূর্খ, নীচ, স্থাবর-জঙ্গম প্রভৃতি 'আত্মারামাশ্চ'—'আত্মারামা এব' অর্থাৎ কৃষ্ণদাস-স্বভাববিশিষ্ট হইয়াই উরুক্রম-শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করেন।

কৃষ্ণকৃপায় সকলের কৃষ্ণভজন ঃ—

কৃষ্ণকৃপাদি-হেতু হৈতে সবার উদয় ।
কৃষ্ণগুণাকৃষ্ট হঞা তাঁহারে ভজয় ॥ ১৯৯ ॥

কৃষ্ণচরণস্পর্শে পৃথ্বী ধন্যা, লক্ষ্মীরও কাম্য বক্ষঃস্পর্শে গোপী ধন্যা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।১৫।৮)—

ধন্যেয়মদ্য ধরণী তৃণ-বীরুধস্ত্বৎ-
পাদস্পৃশো দ্রুমলতাঃ করজাভিমৃষ্টাঃ ।
নদ্যোঽদ্রয়ঃ খগমৃগাঃ সদয়াবলোকৈ-
র্গোপ্যোঽন্তরেণ ভুজয়োরপি যৎস্পৃহা শ্রীঃ ॥ ২০০ ॥

কৃষ্ণবংশীধ্বনিতে জঙ্গমের স্থাবর-ধর্ম্ম, স্থাবরের জঙ্গম-ধর্ম্মোদয় ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।২১।১৯)—

গা গোপকৈরনুবনং নয়তোরুদার-
বেণুস্বনৈঃ কলপদৈস্তনুভৃৎসু সখ্যঃ ।
অস্পন্দনং গতিমতাং পুলকস্তরূণাং
নির্যোগপাশকৃতলক্ষণয়োর্বিচিত্রম্ ॥ ২০১ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৩৫।৯)—

বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ ।
প্রণতভারবিটপা মধুধারাঃ প্রেমহৃষ্টতনবো ববৃষুঃ স্ম ॥ ২০২ ॥

শ্রীমদ্ভাগবতে (২।৪।১৮)—

কিরাতহূনান্ধ্রপুলিন্দপুক্কশা
আভীরশুহ্মা যবনাঃ খশাদয়ঃ ।
যেঽন্যে চ পাপা যদুপাশ্রয়াশ্রয়াঃ
শুদ্ধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ ॥ ২০৩ ॥

এ পর্য্যন্ত ১৯ প্রকার অর্থ ঃ—

আগে 'তের' অর্থ করিলুঁ, আর 'ছয়' এই ।
ঊনবিংশতি অর্থ হইল মিলি' এই দুই ॥ ২০৪ ॥

'আত্মারামাঃ'-পদের অন্তর্গত আত্মা-শব্দের 'দেহ'-অর্থে ব্যাখ্যা ঃ—

এই উনিশ অর্থ করিলু, আগে শুন আর ।
'আত্ম'-শব্দে 'দেহ' কহে,—চারি অর্থ তার ॥ ২০৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০০। এই ভূমি (ব্রজভূমি) অদ্য ধন্য হইয়াছে ; তোমার পাদস্পর্শে তৃণবীরুধ্‌সকল, তোমার অঙ্গুলিস্পর্শে দ্রুমলতা, তোমার সদয়াবলোকনে নদী-অদ্রি-খগ-মৃগসকল এবং লক্ষ্মীরও স্পৃহণীয়, তোমার ভুজান্তর-মধ্য প্রাপ্ত হইয়া গোপীসকল, সকলেই ধন্য হইয়াছেন।

২০১। হে সখীগণ, গো-গোপদিগের সহিত বনে বনে গমনশীল, গোবন্ধনরজ্জুপাশ-ধারণাদি লক্ষণযুক্ত কৃষ্ণ-বলদেবের উদার বেণুরব ও গীতদ্বারা দেহী (প্রাণী)-দিগের মধ্যে গমনশীল (জঙ্গম)-দিগের স্তম্ভ এবং স্থাবর তরুদিগের পুলক হইতেছে,—এইসকল অতি বিচিত্র।

অনুভাষ্য

২০০। পৌগণ্ডে পদার্পণ করিয়া শ্রীকৃষ্ণ একদা শ্রীবলদেব-সহ কুসুমাকর-বনে প্রবেশপূর্ব্বক ব্রজের শোভা সন্দর্শন করিয়া বিহার করিতে ইচ্ছুক হইয়া অগ্রজের স্তুতিচ্ছলে নিজেই নিজের স্তুতি করিতেছেন,—

অদ্য [তব চরণস্পর্শাৎ] ইয়ং ধরণী ধন্যা, [তথা] ত্বৎপাদ-স্পৃশঃ (তব পাদৌ স্পৃশন্তীতি অতঃ) তৃণবিরুধঃ (তৃণগুল্মাদয়ঃ) করজাভিমৃষ্টাঃ (নখৈঃ স্পৃষ্টাঃ) দ্রুমলতাঃ (বৃক্ষবল্লর্য্যঃ) সদয়াবলোকৈঃ (সকারুণ্যদৃষ্টিভিঃ) নদ্যঃ অদ্রয়ঃ (গিরয়ঃ) খগমৃগাঃ (খগাঃ পক্ষিণঃ মৃগা পশবঃ) চ (ধন্যাঃ), শ্রীঃ অপি যৎস্পৃহা (লক্ষ্মীরপি যস্মৈ স্পৃহয়তি, তেন) ভুজয়োঃ অন্তরেণ (বক্ষসা) গোপ্যঃ চ ধন্যাঃ।

২০১। ব্রজে শরৎকাল উপস্থিত হইলে, শ্রীকৃষ্ণ বনে বনে বংশীধ্বনিপূর্ব্বক গো-চারণচ্ছলে পরিভ্রমণ করিতে আরম্ভ করায়, গোপীগণ বংশীধ্বনি শ্রবণফলে কৃষ্ণসঙ্গ-কামাতুরা হইয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে কৃষ্ণের গুণাবলী কীর্ত্তন করিতেছেন,—

হে সখ্যঃ, গোপকৈঃ (গোপ-বালকৈঃ সহ) অনুবনং (প্রতিবনং) গাঃ নয়তোঃ (সঞ্চারয়তোঃ) নির্যোগপাশকৃতলক্ষণয়োঃ (নির্যুজ্যন্তে গাবঃ আভিঃ ইতি নির্যোগাঃ দোহনকালীন-পাদবন্ধন-রজ্জুঃ, অধৃষ্যগবাং কর্ষণার্থাঃ পাশাঃ চ, তৈঃ কৃতং লক্ষণং চিহ্নং যয়োস্তয়োঃ শিরসি নির্যোগবেষ্টনেন স্কন্ধস্থাপনে চ গোপপরিবৃঢ়শ্রিয়া বিরাজমানয়োঃ রামকৃষ্ণয়োঃ) কলপদৈঃ (মধুরশব্দৈঃ) উদারবেণুস্বনৈঃ (মহাবেণুনাদৈঃ) তনুভৃৎসু (শরীরধারিষু দেহিষু) গতিমতাং (যে গতিমন্তঃ, তেষাম্) অস্পন্দনং (স্থাবরধর্ম্মঃ) তরূণাং পুলকঃ (জঙ্গমধর্ম্মঃ—ইতি তু) বিচিত্রম্ (অতিবিচিত্রম্)।

২০২। মধ্য, ৮ম পঃ ২৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

২০৩। মধ্য, ২৪শ পঃ ১৭৩ সংখ্যা দ্রষ্টব্য।

২০৪। আগে তের অর্থ—মধ্য ২৪পঃ পূর্ব্বোক্ত ১৫৭ শ্লোকের অনুভাষ্য দ্রষ্টব্য ; আর ছয় এই,—১। 'মনো-রমণশীল' (১৫৯ সংখ্যা) ; ২। 'যত্নে রমণশীল' (১৬২সংখ্যা) ; ৩। 'ধৈর্য্য-শীল' (১৬৮ সংখ্যা) ; ৪। 'বুদ্ধ্যারাম পণ্ডিতমুনি' (১৮১ সংখ্যা); ৫। 'বুদ্ধ্যারাম নির্গ্রন্থ মূর্খ' (১৮১ সংখ্যা) ; ৬। 'কৃষ্ণদাস-স্বভাববিশিষ্ট' আত্মারাম (১৯৫ সংখ্যা)।

২০৫। চারি অর্থ তার—(১) ঔপাধিক ব্রহ্মাদেহ (২০৬

সাধুসঙ্গ-ফলে দেহাত্মবুদ্ধি বা বিবর্ত্তবাদীরও বিবর্ত্তবুদ্ধি-ত্যাগে কৃষ্ণভক্তিলাভ ঃ—

দেহারামী দেহে ভজে 'দেহোপাধি ব্রহ্ম'।
সৎসঙ্গে সেহ করে কৃষ্ণের ভজন ॥ ২০৬ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।১৮)—

উদরমুপাসতে য ঋষিবর্ত্মসু কূর্পদৃশঃ
পরিসরপদ্ধতিং হৃদয়মারুণয়ো দহরম্।
তত উদগাদনন্ত তব ধাম শিরঃ পরমং
পুনরিহ যৎ সমেত্য ন পতন্তি কৃতান্তমুখে ॥ ২০৭ ॥

সাধুসঙ্গ-ফলে দেহারামী কর্ম্মীরও কর্ম্মত্যাগে শুদ্ধভক্তি-লাভ ঃ—

দেহারামী—কর্ম্মনিষ্ঠ যাজ্ঞিকাদি জন।
সৎসঙ্গে 'কর্ম্ম' ত্যজি' করয়ে ভজন ॥ ২০৮ ॥

শৌনকাদির কর্ম্মকাণ্ড-নিন্দা এবং শ্রীসূতের হরিকথা-কীর্ত্তন-প্রবৃত্তির প্রশংসা ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।১৮।১২)—

কর্ম্মণ্যস্মিন্ননাশ্বাসে ধূমধূম্রাত্মনাং ভবান্।
আপায়য়তি গোবিন্দপাদপদ্মাসবং মধু ॥ ২০৯ ॥

সাধুসঙ্গে দেহারামী তপস্বী বিষয়ীর তপস্যারূপ ভোগ-ত্যাগে শুদ্ধভক্তি-লাভ ঃ—

'তপস্বী' প্রভৃতি যত দেহারামী হয়।
সাধুসঙ্গে তপ ছাড়ি' শ্রীকৃষ্ণ ভজয় ॥ ২১০ ॥

শাস্ত্র প্রমাণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (৪।২১।৩১)—

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনামশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥

কৃষ্ণকৃপায় সকাম দেহারামীরও ত্যক্তকাম বা নিষ্কাম হইয়া শুদ্ধ কৃষ্ণভজন ঃ—

দেহারামী, সর্ব্বকাম—সব আত্মারাম।
কৃষ্ণকৃপায় কৃষ্ণ ভজে ছাড়ি' সব কাম ॥ ২১২ ॥

হরিভক্তিসুধোদয়ে ধ্রুবচরিতে (৭।২৮)—

স্থানাভিলাষী তপসি স্থিতোঽহং ত্বাং প্রাপ্তবান্ দেবমুনীন্দ্রগুহ্যম্।
কাচং বিচিন্বন্নপি দিব্যরত্নং স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে ॥২১৩

এই পর্য্যন্ত ২৩ প্রকার অর্থ ঃ—

এই চারি অর্থ সহ হইল 'তেইশ' অর্থ।
আর তিন অর্থ শুন পরম সমর্থ ॥ ২১৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০৯। (হে সূত,) আশ্বাস (অর্থাৎ নিশ্চয়ফল-প্রত্যাশা)-রহিত এই কর্ম্মমার্গে ধূমদ্বারা ধূম্রমলিনীভূত আমাদিগকে আপনি গোবিন্দপাদপদ্মের মধুময় আসব পান করাইতেছেন।

২১১। কৃষ্ণপাদাঙ্গুষ্ঠ-বিনিঃসৃত গঙ্গা-নদীর ন্যায় যাঁহার পাদসেবা-রুচি প্রতিদিন বৃদ্ধি পাইয়া (বিষয়ী) তপস্বীদিগের অশেষ জন্মলব্ধ বুদ্ধিমল সদ্য নাশ করে।

অনুভাষ্য

সংখ্যা); (২) কর্ম্মনিষ্ঠ যাজ্ঞিকের কর্ম্ম-দেহ (২০৮ সংখ্যা); (৩) তপোদেহ (২১০ সংখ্যা); (৪) সর্ব্বকাম-দেহ (২১২ সংখ্যা)।

২০৬। দেহারামী দেহকে ঔপাধিক ব্রহ্মমূর্ত্তি জানিয়া নিজ-দেহের সেবা করিতে করিতে সাধুসঙ্গে সেই বিবর্ত্ত-বুদ্ধি ছাড়িয়া কৃষ্ণসেবা করেন।

২০৭। মধ্য, ২৪শ পঃ ১৬০ সংখ্যা দ্রষ্টব্য।

২০৮। দেহারামী কর্ম্মনিষ্ঠ—যজ্ঞাদিপরায়ণ; তিনিও সুকৃতিফলে ভক্তসঙ্গে কর্ম্মনিষ্ঠারূপ যজ্ঞ ত্যাগ করিয়া কৃষ্ণের ভজন করেন।

২০৯। মহাভাগবত শ্রীসূত-গোস্বামী শুশ্রূষু শৌনকাদির নিকট হরিকথাত্মক ভাগবত কীর্ত্তন করিতে আরম্ভ করায় ঋষি-গণ আপনাদিগের তুচ্ছ কর্ম্মকাণ্ডানুষ্ঠানকে গর্হণ করিতেছেন,—

অস্মিন্ অনাশ্বাসে (অবিশ্বসনীয়ে) কর্ম্মণি (সত্রে) ধূম-ধূম্রাত্মনাং (ধূমেন ধূম্রৌ বিবর্ণৌ আত্মানৌ শরীর-চিত্তে যেষাং তেষাং তান্ ইত্যর্থঃ) ভবান্ মধু (মধুরং) গোবিন্দপাদপদ্মা-সবং (শ্রীকৃষ্ণ-চরণাব্জয়োঃ মকরন্দং শ্রীহরিকথামৃতমিত্যর্থঃ) আপায়য়তি (শ্রাবয়তি)।

২১০। দেহারামী তপস্বী প্রভৃতি কৃষ্ণভক্তসঙ্গে তপস্যা ত্যাগ করিয়া কৃষ্ণভজন করে।

২১১। পুরাকালে পৃথ্বীপতি পৃথুমহারাজ একটী মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়া তথায় সমবেত দেবতা, ঋষি ও রাজন্যবর্গের সম্মুখে দণ্ডায়মান হইয়া পূর্ব্ব পূর্ব্ব মহাজনের অনুসৃত বিষ্ণু-পরিচর্য্যার বিধেয়ত্ব ও প্রয়োজনীয়তা বর্ণন করিতেছেন,—

যৎপাদসেবাভিরুচিঃ (যস্য হরেঃ পাদয়োঃ সেবায়াম্ অভি-রুচিঃ), যথা [তস্য হরেঃ] পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা (পাদপদ্মোদ্ভবা) সরিৎ (নদী, গঙ্গা ইবেত্যর্থঃ) অন্বহম্ (অহনি অহনি প্রতিদিনম্) এধতী (বর্দ্ধমানা) সতী (সাত্ত্বিকী সতী) তপস্বিনাং (যাজ্ঞিকানাং) অশেষজন্মোপচিতং (পূর্ব্ব-পূর্ব্ব-জন্মভিঃ সংবৃদ্ধং) ধিয়ঃ (বুদ্ধেঃ) মলং (কামাদি-বাসনা-লক্ষণং) সদ্যঃ ক্ষিণোতি (ক্ষপয়তি, তং যূয়ং স্বকর্ম্মভিঃ ভজতেতি তৃতীয়েণান্বয়ঃ)।

২১২। দেহারামী সর্ব্বকামী সকল কামনারূপ অনর্থ পরিত্যাগ করিয়া কৃষ্ণানুগ্রহ-বলে কৃষ্ণভজন করেন।

২১৩। মধ্য, ২২শ পঃ ৪২ সংখ্যা দ্রষ্টব্য।

২১৪। পূর্ব্বকথিত উনিশ প্রকার অর্থের সহিত (২০৪

চ-শব্দের 'সমুচ্চয়' অর্থে ব্যাখ্যা ঃ—

চ-শব্দে 'সমুচ্চয়ে', আর অর্থ কয় ।
'আত্মারামাশ্চ মুনয়শ্চ' কৃষ্ণেরে ভজয় ॥ ২১৫ ॥
'নির্গ্রন্থাঃ' হঞা ইঁহা 'অপি'—নির্দ্ধারণে ।
'রামশ্চ কৃষ্ণশ্চ' যথা বিহরয়ে বনে ॥ ২১৬ ॥

চ-শব্দের অন্বাচয়ার্থে ব্যাখ্যা ঃ—

চ-শব্দে 'অন্বাচয়ে' অর্থ কহে আর ।
'বটো, ভিক্ষামট, গাঞ্চানয়' যৈছে প্রকার ॥ ২১৭ ॥

এই অর্থে মুনির মুখ্যভজন, আত্মারামের গৌণ ভজন ঃ—

কৃষ্ণমননে মুনি কৃষ্ণে সর্ব্বদা ভজয় ।
'আত্মারামা অপি' ভজে,—গৌণ অর্থ কয় ॥ ২১৮ ॥

চ-শব্দের 'এব'-অর্থে ও অপি-শব্দের 'গর্হা'-অর্থে ব্যাখ্যা ঃ—

'চ' এবার্থে 'মুনয়ঃ এব' কৃষ্ণেরে ভজয় ।
'আত্মারামা অপি'—'অপি' 'গর্হা' অর্থ কয় ॥ ২১৯ ॥

এই উভয় স্থলেই 'নির্গ্রন্থ'-শব্দের বিশেষণত্ব ঃ—

'নির্গ্রন্থ হঞা'—এই দুঁহার 'বিশেষণ' ।
আর অর্থ শুন, যৈছে সাধুর সঙ্গম ॥ ২২০ ॥

নির্গ্রন্থ-শব্দের অর্থ ঃ—

নির্গ্রন্থ-শব্দে কহে তবে 'ব্যাধ', 'নির্ধন' ।
সাধুসঙ্গে সেই করে শ্রীকৃষ্ণ-ভজন ॥ ২২১ ॥

সাধুসঙ্গফলে ব্যাধেরও পাপনিবৃত্তি ও কৃষ্ণগতচিত্ততা বা মহাভাগবতত্ব ঃ—

'কৃষ্ণারামাশ্চ' এব কৃষ্ণ-মনন ।
ব্যাধ হঞা হয় পূজ্য ভাগবতোত্তম ॥ ২২২ ॥

স্কন্ধ-পুরাণোক্ত ব্যাধ-নারদ-সংবাদ-বর্ণন ঃ—

এক ভক্ত-ব্যাধের কথা শুন সাবধানে ।
যাহা হৈতে হয় সৎসঙ্গ-মহিমার জ্ঞানে ॥ ২২৩ ॥
এক দিন শ্রীনারদ দেখি' নারায়ণ ।
ত্রিবেণী-স্নানে প্রয়াগ করিলা গমন ॥ ২২৪ ॥
বনপথে দেখে মৃগ আছে ভূমে পড়ি' ।
বাণ-বিদ্ধ ভগ্নপাদ করে ধড়্ফড়ি ॥ ২২৫ ॥
আর কতদূরে এক দেখেন শূকর ।
তৈছে বিদ্ধ ভগ্নপাদ করে ধড়্ফড় ॥ ২২৬ ॥
ঐছে এক শশক দেখে আর কতদূরে ।
জীবের দুঃখ দেখি' নারদ ব্যাকুল-অন্তরে ॥ ২২৭ ॥
কতদূরে দেখে ব্যাধ বৃক্ষে ওঁত হঞা ।
মৃগ মারিবারে আছে বাণ যুড়িয়া ॥ ২২৮ ॥
শ্যামবর্ণ, রক্তনেত্র, মহাভয়ঙ্কর ।
ধনুর্ব্বাণ হস্তে,—যেন যম দণ্ডধর ॥ ২২৯ ॥
পথ ছাড়ি' নারদ তার নিকটে চলিল ।
নারদে দেখি' মৃগ সব পলাঞা গেল ॥ ২৩০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২১৭। "বটো, ভিক্ষামট, গাঞ্চানয়",—"হে বটু, ভিক্ষায় চল, গরুও আন।" এই বাক্যে চ-শব্দে যেরূপ 'অন্বাচয়' অর্থ করে, আত্মারাম-শ্লোকে সেইরূপ অর্থ কর।

২২৮। ওঁত—অন্তরালে, মধ্যগত হইয়া ।

অনুভাষ্য

সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য) 'আত্মারাম'-শব্দের অর্থ এই চারি-প্রকার 'দেহারাম' (২০৫ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য) বুঝাইলে 'তেইশ' প্রকার অর্থ হয়।

আর তিন অর্থ—(১) চ-শব্দের 'অন্বাচয়'-অর্থ, (২) চ-শব্দের 'এব'-অর্থ ও 'অপি'-শব্দের 'গর্হা'-অর্থ এবং (৩) নির্গ্রন্থ-শব্দের 'নির্ধন'-অর্থ।

২১৫। চ-শব্দের সমুচ্চয়ার্থ পূর্ব্বেই (১৪৬ সংখ্যায়) কথিত হইয়াছে ; তদ্দ্বারা 'আত্মারাম' এবং 'মুনি' কৃষ্ণভজন করেন। আর অর্থ—'সমুচ্চয়'-অর্থ ব্যতীত অন্য অর্থ।

২১৬। 'অপি' নির্দ্ধারণার্থে প্রযুক্ত ; 'নির্গ্রন্থাঃ' আত্মারাম ও মুনি, উভয়ের 'বিশেষণ'। ইঁহা—এস্থলে ; যথা, 'রাম ও কৃষ্ণ বনে বিহার করেন' বলিলে উভয়েরই বনবিহার উদ্দিষ্ট হয়।

২১৭-২১৮। চ-শব্দে অন্বাচয়-অর্থ অর্থাৎ একের প্রাধান্য ও অন্যের অপ্রাধান্য। উদাহরণে বলা যায়,—'হে ব্রাহ্মণ-বালক, ভিক্ষা কর এবং যদি পাও, গরুও আন' ;—এস্থলে ভিক্ষারই প্রাধান্য এবং গবানয়নের অপ্রাধান্য সূচিত ; (তদ্রূপ) কৃষ্ণমননশীল মুনিরই সর্ব্বদা কৃষ্ণ-ভজনে মুখ্যভাবে 'প্রাধান্য' এবং আত্মারামগণের কৃষ্ণভজনে গৌণভাবে 'অপ্রাধান্য'—ইহাই অন্বাচয়ার্থের প্রয়োগ।

২১৯। চ-শব্দ 'এবার্থে' এবং অপি-শব্দ 'নিন্দার্থে' প্রযুক্ত হইলে এইরূপ অর্থ হয়,—'আত্মারাম হইয়াও তাদৃশ অবস্থার গৌরব ত্যাগপূর্ব্বক মুনিগণই কৃষ্ণভজন করেন।

২২০। 'নির্গ্রন্থ'—আত্মারাম ও মুনি, এই উভয়েরই 'বিশেষণ'; অপর তৃতীয় অর্থাৎ ষড়্বিংশতিতম অর্থ,—সাধুশ্রেষ্ঠ শ্রীনারদের সঙ্গফল ব্যাধে যেরূপ লক্ষিত হইয়াছিল, তদ্রূপ।

২২১। নির্গ্রন্থ-শব্দ নির্দ্ধারণার্থে প্রযুক্ত হইলে, সাধনাদি-ধনবিহীন অযোগ্য ব্যাধও নারদের ন্যায় সাধুর সঙ্গপ্রভাবে কৃষ্ণারাম হইয়া ভজন করেন।

২২২। 'আত্মা'-শব্দের অর্থ—'কৃষ্ণ' ; কৃষ্ণে রমণশীল বলিয়া কৃষ্ণারাম এবং সেই কৃষ্ণারামই কৃষ্ণমননশীল।

ক্রুদ্ধ হঞা ব্যাধ তাঁরে গালি দিতে চায় ।
নারদ-প্রভাবে মুখে গালি নাহি আয় ॥ ২৩১ ॥
"গোসাঞি, প্রয়াণ-পথ ছাড়ি' কেনে আইলা ।
তোমা দেখি' মোর লক্ষ্য মৃগ পলাইলা ॥" ২৩২ ॥
নারদ কহে,—"পথ ভুলি' আইলাঙ পুছিতে ।
মনে এক সংশয় হয়, তাহা খণ্ডাইতে ॥ ২৩৩ ॥
পথে যে শূকর-মৃগ, জানি তোমার হয় ।"
ব্যাধ কহে,—"যেই কহ, সেই ত' নিশ্চয় ॥" ২৩৪ ॥
নারদ কহে,—"যদি জীবে মার' তুমি বাণ ।
অর্দ্ধ-মারা কর কেনে, না লও পরাণ?" ২৩৫ ॥
ব্যাধ কহে,—"শুন গোসাঞি, 'মৃগারি' মোর নাম ।
পিতার শিক্ষাতে আমি করি ঐছে কাম ॥ ২৩৬ ॥
অর্দ্ধ-মারা জীব যদি ধড়্‌ফড় করে ।
তবে ত' আনন্দ মোর বাড়য়ে অন্তরে ॥" ২৩৭ ॥
নারদ কহে,—"একবস্তু মাগি তোমার স্থানে ।"
ব্যাধ কহে,—"মৃগাদি লহ, যেই তোমার মনে ॥২৩৮॥
মৃগছাল চাহ যদি, আইস মোর ঘরে ।
যেই চাহ, তাহা দিব মৃগব্যাঘ্রাম্বরে ॥" ২৩৯ ॥
নারদ কহে,—"ইহা আমি কিছু নাহি চাহি ।
আর এক বস্তু আমি মাগি তোমা-ঠাঞি ॥ ২৪০ ॥
কালি হৈতে তুমি যেই মৃগাদি মারিবা ।
প্রথমে মারিবা, অর্দ্ধ-মারা না করিবা ॥" ২৪১ ॥
ব্যাধ কহে,—"কিবা দান মাগিলা আমারে ।
অর্দ্ধ মারিলে কিবা হয়, তাহা কহ মোরে ॥" ২৪২ ॥
নারদ কহে,—"অর্দ্ধ মারিলে জীব পায় ব্যথা ।
জীবে দুঃখ দিতেছ, তোমার হইবে ঐছে অবস্থা ॥২৪৩॥
ব্যাধ তুমি, জীব মার—'অল্প' অপরাধ তোমার ।
কদর্থনা দিয়া মার'—এ পাপ 'অপার' ॥ ২৪৪ ॥
কদর্থিয়া তুমি যত মারিলা জীবেরে ।
তারা তৈছে তোমা মারিবে জন্ম-জন্মান্তরে ॥" ২৪৫ ॥
নারদ-সঙ্গে ব্যাধের মন পরসন্ন হইল ।
তাঁর বাক্য শুনি' মনে ভয় উপজিল ॥ ২৪৬ ॥
ব্যাধ কহে,—"বাল্য হৈতে এই আমার কর্ম্ম ।
কেমনে তরিব আমি পামর অধম? ২৪৭ ॥
এই পাপ যায় মোর, কেমন উপায়ে?
নিস্তার করহ মোরে, পড়োঁ তোমার পায়ে ॥" ২৪৮ ॥
নারদ কহে,—"যদি ধর আমার বচন ।
তবে সে করিতে পারি তোমার মোচন ॥" ২৪৯ ॥
ব্যাধ কহে,—"যেই কহ, সেই ত' করিব ।"
নারদ কহে,—"ধনুক ভাঙ্গ, তবে সে কহিব ॥"২৫০॥
ব্যাধ কহে,—"ধনুক ভাঙ্গিলে বাঁচিব কেমনে?"
নারদ কহে,—"আমি অন্ন দিব প্রতিদিনে ॥" ২৫১ ॥
ধনুক ভাঙ্গি' ব্যাধ তাঁর চরণে পড়িল ।
তারে উঠাঞা নারদ উপদেশ কৈল ॥ ২৫২ ॥
"ঘরে গিয়া ব্রাহ্মণে দেহ' যত আছে ধন ।
এক এক বস্ত্র পরি' বাহির হও দুইজন ॥ ২৫৩ ॥
নদী-তীরে একখানি কুঁড়িয়া করিয়া ।
তার আগে একপিণ্ডি তুলসী রোপিয়া ॥ ২৫৪ ॥
তুলসী-পরিক্রমা কর, তুলসী-সেবন ।
নিরন্তর কৃষ্ণনাম করিহ কীর্ত্তন ॥ ২৫৫ ॥
আমি তোমায় বহু অন্ন পাঠাইমু দিনে ।
সেই অন্ন লবে, যত খাও দুইজনে ॥" ২৫৬ ॥
তবে সেই মৃগাদি তিনে নারদ সুস্থ কৈল ।
সুস্থ হঞা মৃগাদি তিনে ধাঞা পলাইল ॥ ২৫৭ ॥
দেখিয়া ব্যাধের মনে হৈল চমৎকার ।
ঘরে গেল ব্যাধ, গুরুকে করি' নমস্কার ॥ ২৫৮ ॥
যথা-স্থানে নারদ গেলা, ব্যাধ ঘরে আইল ।
নারদের উপদেশে সকল করিল ॥ ২৫৯ ॥
গ্রামে ধ্বনি হৈল,—'ব্যাধ 'বৈষ্ণব' হইল ।'
গ্রামের লোক সব অন্ন আনিতে লাগিল ॥ ২৬০ ॥
একদিন অন্ন আনে দশ-বিশ জনে ।
দিলে তত লয়, যত খায় দুইজনে ॥ ২৬১ ॥
একদিন নারদ কহে,—"শুনহ, পর্ব্বতে ।
আমার এক শিষ্য আছে, চলহ দেখিতে ॥" ২৬২ ॥
তবে দুই ঋষি আইলা সেই ব্যাধ-স্থানে ।
দূর হৈতে ব্যাধ পাইল গুরুর দরশনে ॥ ২৬৩ ॥
আস্তে-ব্যস্তে ধাঞা আসে, পথ নাহি পায় ।
পথের পিপীলিকা ইতি-উতি ধরে পায় ॥ ২৬৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৪৪। কদর্থনা দিয়া—কষ্ট দিয়া।

২৫৯। নারদের উপদেশে—নারদের উপদেশ-মতে।

২৬২। শুনহ পর্ব্বতে—ওহে পর্ব্বত মুনি, শুন।

অনুভাষ্য

২৩২। প্রয়াণ-পথ— পাঠান্তরে, 'প্রমাণ-পথ'; যে নির্দ্দিষ্ট পথ দিয়া পথিকগণ চলিয়া থাকে অর্থাৎ প্রচলিত পথ।

দণ্ডবৎ-স্থানে পিপীলিকারে দেখিয়া ।
বস্ত্রে স্থান ঝাড়ি' পড়ে দণ্ডবৎ হঞা ॥ ২৬৫ ॥
নারদ কহে,—"ব্যাধ, এই না হয় আশ্চর্য্য ।
হরিভক্ত্যে হিংসা-শূন্য হয় সাধুবর্য্য ॥" ২৬৬ ॥

স্কান্দবচন—

এতে ন হ্যদ্ভুতা ব্যাধ তবাহিংসাদয়ো গুণাঃ ।
হরিভক্তৌ প্রবৃত্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ ॥ ২৬৭ ॥

তবে সেই ব্যাধ দোঁহারে অঙ্গনে আনিল ।
কুশাসন আনি' দোঁহারে ভক্ত্যে বসাইল ॥ ২৬৮ ॥
জল আনি' ভক্ত্যে দোঁহার পাদ প্রক্ষালিল ।
সেই জল স্ত্রী-পুরুষে পিয়া শিরে লইল ॥ ২৬৯ ॥
কম্প-পুলকাশ্রু হৈল কৃষ্ণনাম গাঞা ।
ঊর্দ্ধবাহু নৃত্য করে বস্ত্র উড়াঞা ॥ ২৭০ ॥
দেখিয়া ব্যাধের প্রেম পর্ব্বত-মহামুনি ।
নারদেরে কহে,—"তুমি হও স্পর্শমণি ॥" ২৭১ ॥

স্কান্দবচন—

"অহো ধন্যোঽসি দেবর্ষে কৃপয়া যস্য তৎক্ষণাৎ ।
নীচোঽপ্যুৎপুলকো লেভে লুব্ধকো রতিমুচ্যতে ॥" ২৭২ ॥

পরমবৈষ্ণবপ্রবর শ্রীনারদের কৃপায় ভক্ত-ব্যাধের যোগ-ক্ষেম-সমাধান ঃ—

নারদ কহে,—"বৈষ্ণব, তোমার অন্ন কিছু আয় ?"
ব্যাধ কহে,—"যারে পাঠাও, সেই দিয়া যায় ॥ ২৭৩ ॥
এত অন্ন না পাঠাও, কিছু কার্য্য নাই ।
সবে দুইজনার যোগ্য ভক্ষ্যমাত্র চাই ॥" ২৭৪ ॥
নারদ কহে,—"ঐছে রহ, তুমি ভাগ্যবান্ ।"
এত বলি' দুইজন হইলা অন্তর্দ্ধান ॥ ২৭৫ ॥

ব্যাধের আখ্যান-শ্রবণে সাধুসঙ্গ-মাহাত্ম্যোপলব্ধি ঃ—

এই ত' কহিলুঁ তোমার ব্যাধের আখ্যান ।
যা শুনিলে হয় সাধুসঙ্গ-প্রভাব-জ্ঞান ॥ ২৭৬ ॥

এই পর্য্যন্ত ২৬ প্রকার অর্থ ঃ—

এই আর তিন অর্থ গণনাতে পাইল ।
এই দুই অর্থ মিলি' 'ছাব্বিশ' অর্থ হৈল ॥ ২৭৭ ॥

২৬ প্রকার অর্থ ব্যতিরিক্ত স্থূলতঃ দ্বিবিধ অর্থে সূক্ষ্মতঃ ৩২ প্রকার অর্থ ঃ—

আর অর্থ শুন, যাহা—অর্থের ভাণ্ডার ।
স্থূলে 'দুই' অর্থ, সূক্ষ্মে 'বত্রিশ' প্রকার ॥ ২৭৮ ॥

আত্মা-শব্দে কৃষ্ণের সকল অবতার ঃ—

'আত্মা'-শব্দে কহে,—সর্ব্ববিধ ভগবান্ ।
এক 'স্বয়ং ভগবান্', আর 'ভগবান্'-আখ্যান ॥ ২৭৯ ॥

স্থূলতঃ দ্বিবিধ ভক্ত (১) বিধিপূজক, (২) রাগযুক্ত ভক্ত ঃ—

তাঁতে রমে যেই, সেই সব—'আত্মারাম' ।
'বিধিভক্ত', 'রাগভক্ত',—দুইবিধ নাম ॥ ২৮০ ॥

উভয়ের প্রত্যেকে চতুর্ব্বিধ—(১) নিত্যসিদ্ধ, (২) সাধনসিদ্ধ এবং (৩) ও (৪) দ্বিবিধ সাধক ঃ—

দুইবিধ ভক্ত হয় চারি চারি প্রকার ।
পারিষদ, সাধনসিদ্ধ, সাধকগণ আর ॥ ২৮১ ॥

সর্ব্বশুদ্ধ অষ্টপ্রকার ঃ—

জাত-অজাত-রতিভেদে সাধক দুই ভেদ ।
বিধি-রাগ-মার্গে চারি চারি—অষ্ট ভেদ ॥ ২৮২ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭২। হে দেবর্ষে, তুমিই ধন্য, তোমার কৃপায় নীচ লুব্ধক অর্থাৎ ব্যাধও উৎপুলক হইয়া কৃষ্ণে রতিলাভ করিয়াছে।

অনুভাষ্য

২৬৭। মধ্য, ২২শ পঃ ১৪৩ সংখ্যা দ্রষ্টব্য।

২৭২। হে দেবর্ষে (নারদ,) অহো, (বিস্ময়ে, ত্বং) ধন্যঃ অসি, যস্য (তব) কৃপয়া নীচঃ (নীচবৃত্তিঃ) লুব্ধকঃ (ব্যাধঃ) অপি উৎপুলকঃ (রোমাঞ্চিতদেহঃ সন্) অচ্যুতে (ভগবতি বিষ্ণৌ) রতিং লেভে (প্রাপ)।

২৭৬। এই দুই অর্থ মিলি'—পূর্ব্বকথিত ২৩ প্রকার অর্থ (২১৪ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য) এবং এক্ষণে এই ৩ প্রকার অর্থ, অর্থাৎ ২৬ প্রকার অর্থ হইল।

২৭৮। স্থূলে দুই—মোটামুটি সাধারণত দুই প্রকার—(১) বৈধভক্ত ও (২) রাগভক্ত।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৮১-২৮৫। পারিষদ অর্থাৎ নিত্যসিদ্ধ, সাধনসিদ্ধ, জাত-রতিসাধক ও অজাতরতিসাধক—বৈধ ও রাগমার্গ-ভেদে চারি-

অনুভাষ্য

২৭৮। সূক্ষ্মে বত্রিশপ্রকার—সূক্ষ্মভাবে ভেদ গণনা করিতে গেলে বত্রিশপ্রকার অর্থ হয়। বৈধভক্ত—ষোলপ্রকার, যথা,—১। পারিষদ দাস, ২। পারিষদ সখা, ৩। পারিষদ পিত্রাদিগুরু, ৪। পারিষদ কান্তা, ৫। সাধনসিদ্ধ দাস, ৬। সাধনসিদ্ধ সখা, ৭। সাধনসিদ্ধ পিত্রাদি-গুরু, ৮। সাধনসিদ্ধ কান্তা, ৯। জাতরতি সাধক দাস, ১০। জাতরতি সাধক সখা, ১১। জাতরতি সাধক পিত্রাদি-গুরু, ১২। জাতরতি সাধক কান্তা, ১৩। অজাতরতি সাধক দাস, ১৪। অজাতরতি সাধক সখা, ১৫। অজাতরতি সাধক পিত্রাদি-গুরু, ১৬। অজাতরতি সাধক-কান্তা। রাগভক্তও ঐরূপ ষোল প্রকার ;—মোট বত্রিশপ্রকার আত্মারাম ভক্ত।

বৈধীভক্তিতে উক্ত চতুর্ব্বিধ ভক্তের প্রত্যেকে চতুর্ব্বিধ ভেদে, সর্ব্বশুদ্ধ ১৬ প্রকার ঃ—

বিধিভক্ত্যে নিত্যসিদ্ধ পারিষদ—'দাস'।
'সখা', 'গুরু', 'কান্তাগণ',—চারিবিধ প্রকাশ ॥ ২৮৩ ॥
সাধনসিদ্ধ—দাস, সখা, গুরু, কান্তাগণ।
জাতরতি সাধকভক্ত—চারিবিধ জন ॥ ২৮৪ ॥
অজাতরতি সাধকভক্ত,—এ চারি প্রকার।
বিধিমার্গে ভক্তে ষোড়শ ভেদ প্রচার ॥ ২৮৫ ॥

রাগময়ী-ভক্তিও বৈধী-ভক্তির ন্যায় ১৬ প্রকার ; অতএব আত্মারাম ৩২ প্রকার ঃ—

রাগমার্গে ঐছে ভক্তে ষোড়শ বিভেদ।
দুই মার্গে আত্মারামের বত্রিশ বিভেদ ॥ ২৮৬ ॥

ইঁহাদের সহিত মুনি, নির্গ্রন্থ, চ ও অপি যোজ্য ঃ—

'মুনি', 'নির্গ্রন্থ', 'চ', 'অপি',—চারি শব্দের অর্থ।
যাঁহা যেই লাগে, তাহা করিয়ে সমর্থ ॥ ২৮৭ ॥

এই পর্য্যন্ত ৫৮ প্রকার অর্থ ঃ—

বত্রিশে ছাব্বিশে মিলি' অষ্টপঞ্চাশ।
আর এক ভেদ শুন অর্থের প্রকাশ ॥ ২৮৮ ॥

চ-শব্দদ্বারা অর্থ ঃ—

ইতরেতর 'চ' দিয়া সমাস করিয়ে।
'আটান্ন'বার আত্মারাম নাম লইয়ে ॥ ২৮৯ ॥
'আত্মারামাশ্চ আত্মারামাশ্চ' আটান্নবার।
শেষে সব লোপ করি' রাখি একবার ॥ ২৯০ ॥

বিশ্বপ্রকাশ, পাণিনি ও সিদ্ধান্ত-কৌমুদী—

স্বরূপাণামেকশেষ একবিভক্তৌ উক্তার্থানামপ্রয়োগ ইতি ॥২৯১

আটান্নবারে আত্মারাম, সব লোপ হয়।
এক আত্মারাম-শব্দে আটান্ন অর্থ হয় ॥ ২৯২ ॥

"স্বরূপাণামেকশেষ একবিভক্তৌ উক্তার্থানামপ্রয়োগঃ ॥"২৯৩

অশ্বত্থবৃক্ষাশ্চ বটবৃক্ষাশ্চ কপিত্থবৃক্ষাশ্চ আম্রবৃক্ষাশ্চ বৃক্ষাঃ ॥২৯৪

"অস্মিন্ বনে বৃক্ষাঃ ফলন্তি" যৈছে হয়।
তৈছে সব আত্মারাম কৃষ্ণে ভক্তি করয় ॥ ২৯৫ ॥

'মুনয়শ্চ'-পদ গণনা করিয়া ৫৯ প্রকার অর্থ ঃ—

'আত্মারামাশ্চ' সমুচ্চয়ে কহিয়ে চ-কার।
'মুনয়শ্চ' ভক্তি করে,—এই অর্থ তার ॥ ২৯৬ ॥
'নির্গ্রন্থা এব' হঞা, 'অপি'—নির্দ্ধারণে।
এই 'ঊনষষ্টি' প্রকার অর্থ করিলুঁ ব্যাখ্যানে ॥ ২৯৭ ॥

আর একপ্রকার অর্থ ঃ—

সর্ব্বসমুচ্চয়ে আর এক অর্থ হয়।
'আত্মারামাশ্চ মুনয়শ্চ নির্গ্রন্থাশ্চ' ভজয় ॥ ২৯৮ ॥
'অপি'-শব্দ—অবধারণে, সেই চারি বার।
চারিশব্দ-সঙ্গে 'এব' করিবে উচ্চার ॥ ২৯৯ ॥

মহাপ্রভুপাদোক্ত-ব্যাখ্যা—

"উরুক্রমে এব ভক্তিমেব অহৈতুকীমেব কুর্ব্বন্ত্যেব ॥" ৩০০ ॥

এই পর্য্যন্ত ৬০ প্রকার অর্থ ঃ—

এই ত' কহিলুঁ শ্লোকের 'ষষ্টি' সংখ্যক অর্থ।
এক অর্থ শুন আর প্রমাণে সমর্থ ॥ ৩০১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

চারি প্রকার। নিত্যসিদ্ধ পারিষদগণ—দাস-সখা-গুরু-কান্তাভেদে পুনরায় চারিপ্রকার। সাধনসিদ্ধ, জাতরতি সাধক, অজাতরতি সাধক, ইহাদেরও প্রত্যেকের আবার ঐ চারি চারি প্রকার আছে।

অনুভাষ্য

২৭৯। আত্ম-শব্দদ্বারা সর্ব্ববিধ ভগবান্‌কে বুঝায় ; 'সর্ব্ব-বিধ'-অর্থে—সর্ব্ববিধ শুদ্ধভক্তের আরাধ্য অর্থাৎ স্বয়ং ভগবান্ কৃষ্ণ ও অন্যান্য কৃষ্ণস্বরূপ ভগবান্‌গণ। 'এক' অর্থাৎ সর্ব্ববিধ প্রতীতিময় ভগবানেরও ভগবান্—একমাত্র পূর্ণতম স্বয়ং-ভগবান্ 'শ্রীকৃষ্ণ' ; জ্ঞানী ও যোগীর প্রাপ্যবস্তু ভগবৎপর্য্যায়ে গণিত হইলেও সচ্চিদানন্দবিগ্রহ নহেন,—ভগবৎপ্রতীতিমাত্র, এস্থলে একমাত্র স্বয়ংরূপ ব্রজেন্দ্রনন্দনই ব্রজের রাগভক্তিমার্গে প্রাপ্য ; কৃষ্ণের অপর স্বরূপগণ, সকলেই ভগবন্নামে অভিহিত তদভিন্ন ভগবদ্বিগ্রহ হইলেও বৈধভক্তিমার্গে প্রাপ্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৯৪। 'বৃক্ষাঃ'-শব্দে অশ্বত্থবৃক্ষ, বটবৃক্ষ, কপিত্থবৃক্ষ, আম্রবৃক্ষ উক্ত হয় ; অতএব এইস্থলে উক্তার্থদিগের অপ্রয়োগ।

২৯৯। 'উরুক্রম', 'ভক্তি', 'অহৈতুকী' এবং 'কুর্ব্বন্তি'—এই চারিশব্দের সহিত 'এব' যোগ করিয়া আর একটী অর্থ করিব।

অনুভাষ্য

২৮৮। ভক্ত-পর্য্যায়ে বত্রিশ প্রকার (২৭৮ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য) এবং জ্ঞানী ও যোগীর পর্য্যায়ে ছাব্বিশপ্রকার (২৭৬ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য)—একত্রে আটান্নপ্রকার হইল।

২৯১। মধ্য, ২৪শ পঃ ১৪৫ সংখ্যা দ্রষ্টব্য।

২৯৬-২৯৭। আটান্নপ্রকার আত্মারাম এবং মুনিগণ নির্গ্রন্থ হইয়া কৃষ্ণভক্তি করেন,—ইহাই ঊনষষ্টিতম অর্থ।

২৯৯। সর্ব্ব সমুচ্চয় অর্থাৎ আত্মারাম, মুনি এবং নির্গ্রন্থগণ, সকলেই কৃষ্ণভজন করেন। অপি-শব্দের অবধারণ অর্থাৎ নিশ্চয়ার্থ গ্রহণ করিয়া ষাট্‌প্রকার অর্থ হইয়াছে।

অমৃতানুকণা—২৯৮-৩০০। 'চ'-শব্দে সর্ব্বসমুচ্চয়ে অপর এক অর্থ হইতেছে—'আত্মারামাশ্চ মুনয়শ্চ নির্গ্রন্থাশ্চ' অর্থাৎ আত্মারামগণ, মুনিগণ এবং নির্গ্রন্থগণ সকলেই শ্রীকৃষ্ণভজন করেন। সেস্থলে যে অপি-শব্দ, তাহা 'এব'-রূপে অবধারণ-অর্থে (নিশ্চয়ার্থে) চারিশব্দের সহিত

সর্ব্বশেষে আর একপ্রকার অর্থ—আত্মা-শব্দে 'ক্ষেত্রজ্ঞা-শক্তিঃ—

'আত্মা'-শব্দে কহে—'ক্ষেত্রজ্ঞ জীব'-লক্ষণ।
ব্রহ্মাদি কীটপর্য্যন্ত—তাঁর শক্তিতে গণন ॥ ৩০২ ॥

বিষ্ণুপুরাণে (৬।৭।৬১)—

বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যা-কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥ ৩০৩ ॥

ক্ষেত্রজ্ঞের পর্য্যায়-শব্দ ঃ—

অমর-কোষে স্বর্গবর্গে (৭)—

"ক্ষেত্রজ্ঞ আত্মা পুরুষঃ প্রধানং প্রকৃতিঃ স্ত্রিয়াম্ ॥" ৩০৪ ॥

সাধুসঙ্গফলে কৃষ্ণভক্তিলাভ ঃ—

ভ্রমিতে ভ্রমিতে যদি সাধুসঙ্গ পায়।
সব ত্যজি' তবে তিঁহো কৃষ্ণেরে ভজয় ॥ ৩০৫ ॥
ষাটি অর্থ কহিলুঁ, সব—কৃষ্ণের ভজনে।
সেই অর্থ হয়, এই সব উদাহরণে ॥ ৩০৬ ॥

সর্ব্বসাকল্যে এই পর্য্যন্ত ৬১ প্রকার অর্থ ব্যাখ্যাত ঃ—

'একষষ্টি' অর্থ এবে স্ফুরিল তোমা-সঙ্গে।
তোমার ভক্তিবশে উঠে অর্থের তরঙ্গে ॥" ৩০৭ ॥

৬১ প্রকার অর্থ-শ্রবণে সনাতনের বিস্ময় ও প্রভুকে স্তুতি ঃ—

অর্থ শুনি' সনাতন বিস্মিত হঞা।
স্তুতি করে মহাপ্রভুর চরণে ধরিয়া ॥ ৩০৮ ॥

পুরুষরূপে প্রভুর নিশ্বাসত্যাগের সঙ্গে বেদপ্রকাশ ঃ—

"সাক্ষাৎ ঈশ্বর তুমি ব্রজেন্দ্রনন্দন।
তোমার নিশ্বাসে সর্ব্ববেদ-প্রবর্ত্তন ॥ ৩০৯ ॥

শেষাদি বিষ্ণুরূপে প্রভুরই ভাগবত-ব্যাখ্যা ও অভিজ্ঞতা ঃ—

তুমি বক্তা ভাগবতের, তুমি জান অর্থ।
তোমা বিনা অন্য জানিতে নাহিক সমর্থ ॥" ৩১০ ॥

প্রভুকর্ত্তৃক ভাগবত-মাহাত্ম্য-কীর্ত্তন ঃ—

প্রভু কহে,—"কেনে কর আমার স্তবন।
ভাগবতের স্বরূপ কেনে না কর বিচারণ?? ৩১১ ॥
কৃষ্ণ-তুল্য ভাগবত—বিভু, সর্ব্বাশ্রয়।
প্রতি-শ্লোকে প্রতি-অক্ষরে নানা অর্থ কয় ॥ ৩১২ ॥

পূর্ব্বে শ্রীপরীক্ষিৎ ও শুকদেবের এবং তৎপর শৌনকাদি ও শ্রীসূতের প্রশ্নোত্তরে শ্রীভাগবত-প্রকাশ ঃ—

প্রশ্নোত্তরে ভাগবতে করিয়াছে নির্দ্ধার।
যাঁহার শ্রবণে লোকে লাগে চমৎকার ॥ ৩১৩ ॥

প্রাচীনকৃত শ্লোকে শ্রীশিব-বাক্য—

অহং বেদ্মি শুকো বেত্তি ব্যাসো বেত্তি ন বেত্তি বা।
ভক্ত্যা ভাগবতং গ্রাহ্যং ন বুদ্ধ্যা ন চ টীকয়া ॥ ৩১৪ ॥

কৃষ্ণের অপ্রকটে এই ভাগবতই গ্রন্থরূপী কৃষ্ণবিগ্রহ ঃ—

শ্রীমদ্ভাগবত (১।১।২৩)—

ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি।
স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ ॥ ৩১৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩০৪। ক্ষেত্রজ্ঞ-শব্দে—আত্মা, পুরুষ, প্রধান ও প্রকৃতিকে বুঝায়।

অনুভাষ্য

৩০৩। আদি, ৭ম পঃ ১১৯ সংখ্যা দ্রষ্টব্য।

৩০৭। আত্মা-শব্দের 'জীব' অর্থ করিলে ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া কীট পর্য্যন্ত সকলেই জীবশক্তি, সেই ক্ষেত্রজ্ঞ জীবগণ নির্গ্রন্থ মুনি হইয়া কৃষ্ণভজন করেন,—ইহাই একষষ্টিতম অর্থ।

৩১৪। অহং (শিবঃ) [ভাগবতং শাস্ত্রং] বেদ্মি (জানামি), শুকঃ (বৈয়াসকিঃ) বেত্তি (জানাতি), ব্যাসঃ বেত্তি বা ন বেত্তি (ইতি সন্দেহঃ); ভাগবতং (পারমহংসী-সংহিতাখ্যং শাস্ত্রং) ভক্ত্যা (বিষ্ণোঃ কীর্ত্তন-শ্রবণ-ধারা-পারম্পর্য্যেণ, বিষ্ণৌ শরণাগত্যাত্মক-হরিসেবনেন এব) গ্রাহ্যং, বুদ্ধ্যা ন, টীকয়া ন চ (ন তু তর্কেণে-ত্যর্থঃ—"যস্য দেবে পরা ভক্তিঃ" ইতি, "নায়মাত্মা প্রবচনেন" ইতি, "তদ্বিদ্ধি প্রণিপাতেন" ইত্যাদি-শ্রুতিস্মৃতিবচনেভ্যশ্চ)।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১৪। মহাদেব বলিলেন,—আমি জানি, শুক জানেন, ব্যাস জানেন বা নাও জানেন। ভক্তিদ্বারাই ভাগবত গ্রাহ্য হন, বুদ্ধি বা টীকাদ্বারা কখনই গ্রাহ্য হন না।

৩১৫। যোগেশ্বর ব্রহ্মণ্যদেব, ধর্ম্মবর্ম্মস্বরূপ কৃষ্ণ স্বীয় কাষ্ঠা (নিত্যধাম) লাভ করায় ধর্ম্ম সম্প্রতি কাঁহার শরণাপন্ন হইয়াছেন, বল।

অনুভাষ্য

৩১৫। নৈমিষারণ্যে শৌনকাদি ঋষিগণ মহাভাগবত শ্রীসূত গোস্বামীর নিকট যে ছয়টী প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করিয়াছিলেন, তন্মধ্যে ইহাই সর্ব্বশ্রেষ্ঠ ষষ্ঠ প্রশ্ন এবং পরবর্ত্তী শ্লোকে শ্রীসূত ইহারই উত্তর প্রদান করিয়াছেন,—

[হে সূত,] যোগেশ্বরে (যোগিনঃ এব যোগাঃ তেষাম্ ঈশ্বরে ষড়ৈশ্বর্য্যপূর্ণে) ব্রহ্মণ্যে (ব্রাহ্মণ-রক্ষকে) ধর্ম্মবর্ম্মণি (সনাতন-ধর্ম্মস্য বর্ম্মণি কবচবদ্-গোপ্তরি) কৃষ্ণে স্বাং কাষ্ঠাং (দিশং স্বরূপং,

চারিবার প্রযুক্ত হইবে, যথা—(১) 'উরুক্রমে এব'—উরুক্রম-শ্রীকৃষ্ণেই, ব্রহ্ম, পরমাত্মা বা অন্য ভগবৎস্বরূপে নহে, (২) 'ভক্তিম্ এব'—কেবল ভক্তিই, কর্ম্ম-জ্ঞান-যোগাদি নহে, (৩) 'অহৈতুকীম্ এব'—অহৈতুকীই, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ প্রভৃতি স্বসুখবাসনাদি কোন হেতু-নিমিত্ত নহে ও (৪) 'কুর্ব্বন্তি এব'—পরস্মৈপদে 'কুর্ব্বন্তি' প্রয়োগ-হেতু (২৫ সংখ্যা দ্রষ্টব্য) কৃষ্ণপ্রীতির উদ্দেশ্যেই মাত্র ভক্তি করেন।

শ্রীমদ্ভাগবতে (১।৩।৪৩)—

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ ।
কলৌ নষ্টদৃশামেষঃ পুরাণার্কোঽধুনোদিতঃ ॥ ৩১৬ ॥

চৈতন্যানুসরণে শুদ্ধচিদ্ধর্ম্ম-স্ফুরণে অপ্রাকৃত কৃষ্ণসেবোন্মত্তের পক্ষেই ভাগবতার্থ-বোধে যোগ্যতা-নির্দ্দেশ ঃ—

এই মত কহিলুঁ এক শ্লোকের ব্যাখ্যান ।
বাতুলের প্রলাপ করি' কে করে প্রমাণ ?? ৩১৭ ॥
আমা-হেন যেবা কেহ 'বাতুল' হয় ।
এই দৃষ্টে ভাগবতের অর্থ জানয় ॥" ৩১৮ ॥

প্রভুসমীপে সনাতনের 'বৈষ্ণবস্মৃতি'-সম্বন্ধে সদৈন্যে জিজ্ঞাসা ও শ্রীমুখের উপদেশ-শ্রবণেচ্ছা ঃ—

পুনঃ সনাতন কহে যুড়ি' দুই করে ।
"প্রভু, আজ্ঞা দিলা 'বৈষ্ণবস্মৃতি' করিবারে ॥ ৩১৯ ॥
মুঞি—নীচ-জাতি, কিছু না জানি বিচার ।
মো-হৈতে কৈছে হয় স্মৃতি-পরচার ॥ ৩২০ ॥
সূত্র করি' দিশা যদি করহ উপদেশ ।
আপনে করহ যদি হৃদয়ে প্রবেশ ॥ ৩২১ ॥
তবে তার দিশা স্ফুরে মো-নীচের হৃদয়ে ।
ঈশ্বর তুমি,—যে করাহ, সেই সিদ্ধ হয়ে ॥" ৩২২ ॥

প্রভুকর্ত্তৃক সনাতনকে বরদান ঃ—

প্রভু কহে,—"যে করিতে করিবা তুমি মন ।
কৃষ্ণ সেই সেই তোমা করাবে স্ফুরণ ॥ ৩২৩ ॥

প্রভুকর্ত্তৃক বৈষ্ণবস্মৃতির সূত্রবর্ণন ও 'হরিভক্তিবিলাসে'র ভিত্তি-সংস্থাপন ঃ—

তথাপি এই সূত্রের শুন দিগ্‌দরশন ।
সকারণ লিখি আদৌ গুরু-আশ্রয়ণ ॥ ৩২৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩১৬। ধর্ম্মজ্ঞানাদির সহিত কৃষ্ণ স্বধামে গমন করিলে, নষ্ট-চক্ষু কলিহতজনের হিতার্থ এই পুরাণার্কই এখন উদিত হইয়াছেন।

অনুভাষ্য

নিজনিত্যধাম, অপ্রকটলীলামিত্যর্থঃ) উপেতে (প্রাপ্তে সতি), ধর্ম্মঃ (সনাতনঃ) অধুনা কং শরণম্ (আশ্রয়ং) গতঃ (প্রাপ্তঃ,—কমাশ্রিত্য সনাতনো ধর্ম্মঃ তিষ্ঠতি, তৎ) ব্রূহি (কথয়)।

৩১৬। [যদ্ যুষ্মাভিঃ পৃষ্টং—'ধর্ম্মঃ কং শরণং গতঃ?' ইতি, তদিদমেব বুধ্যস্বেত্যাহ—] ধর্ম্মজ্ঞানাদিভিঃ (ষড়্ভিঃ ঐশ্বর্য্যৈঃ) সহ কৃষ্ণে স্বধাম উপগতে (প্রকটলীলাং সমাপ্য অপ্রকট-লীলাং প্রাপ্তে সতি) অধুনা (সম্প্রতি) কলৌ (কলিযুগে) নষ্টদৃশাং (সদ্ধর্ম্ম-বিষ্ণুভক্তিতত্ত্বজ্ঞানরহিতানাং হিতায়) এষঃ পুরাণার্কঃ (সূর্য্য ইব উদ্ধর্ম্মশার্ব্বরহরঃ শ্রীমদ্ভাগবত-গ্রন্থঃ) উদিতঃ (আবির্ভূতঃ, প্রকটিতঃ ইত্যর্থঃ)।

৩১৯। বৈষ্ণবস্মৃতি—বৈষ্ণবের লৌকিক আচার-বিষয়ক ব্যবহার-শাস্ত্র 'শ্রীহরিভক্তিবিলাস'-গ্রন্থ।

৩২০। জাতি ত্রিবিধ—শৌক্র, সাবিত্র ও দৈক্ষ। যদিও শ্রীসনাতন পবিত্র কর্ণাট ব্রাহ্মণকুলে আবির্ভূত হইয়াছিলেন, তথাপি লৌকিক দৃষ্টিতে ম্লেচ্ছের দাস্যবৃত্তি—নীচজাতিত্বের নিদর্শনমাত্র। বর্ত্তমানকালে কেবল শৌক্রজন্মই 'জাতি' বলিয়া পরিচিত, বস্তুতঃ তাহা অনভিজ্ঞতার পরিচায়ক মাত্র।

৩২১। দিশা—প্রণালী।

৩২৪। পাঠান্তরে, 'সর্ব্বকারণ',—সকলের কারণস্বরূপ। গুরু-আশ্রয়ণ—আদি, ১ম পঃ ৩৫ সংখ্যা ও ৪৬ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩২০। নীচজাতি—সনাতন কহিলেন, 'আমি ম্লেচ্ছ-সংসর্গে পতিত ব্রাহ্মণজাতি।'

অনুভাষ্য

শ্রীহরিভক্তিবিলাসের প্রথম-বিলাসে—*"আদৌ সকারণং লেখ্যং শ্রীগুর্ব্বাশ্রয়ণং ততঃ। গুরুশিষ্যপরীক্ষাদির্ভগবান্ মনবোঽস্য চ ॥ মন্ত্রাধিকারী সিদ্ধ্যাদিশোধনং মন্ত্রসংস্ক্রিয়া। দীক্ষা নিত্যং ব্রাহ্মকালে শুভোত্থানং পবিত্রতা ॥ প্রাতঃস্মৃত্যাদি কৃষ্ণস্য বাদ্যাদ্যৈশ্চ প্রবোধনম্। নির্ম্মাল্যোত্তারণাদ্যাদৌ মঙ্গলারাত্রিকং ততঃ ॥ মৈত্রাদিকৃত্যং শৌচাচমনং দন্তস্য ধাবনম্। স্নানং তান্ত্রিক-সন্ধ্যাদি দেবসদ্মাদি-সংস্ক্রিয়া ॥ তুলস্যাদ্যাহৃতির্গেহস্নান-মুষ্ণোদকাদিকম্। বস্ত্রং পীঠং চোর্দ্ধপুণ্ড্রং শ্রীগোপীচন্দনাদিকম্ ॥ চক্রাদিমুদ্রা মালা চ গৃহসন্ধ্যার্চ্চনং গুরোঃ। মাহাত্ম্যঞ্চাথ কৃষ্ণস্য দ্বারবেশ্মান্তরার্চ্চনম্ ॥ পূজার্থাসনমর্ঘ্যাদিস্থাপনং বিঘ্নবারণম্। শ্রীগুর্ব্বাদিনতির্ভূতশুদ্ধিঃ প্রাণবিশোধনম্ ॥ ন্যাসা মুদ্রাপঞ্চকঞ্চ কৃষ্ণধ্যানান্তরর্চ্চনে। পূজাপদানি শ্রীমূর্ত্তিশালগ্রামশিলাস্তথা ॥ দ্বারকোদ্ভবচক্রাণি শুদ্ধয়ঃ পীঠপূজনম্। আবাহনাদি তন্মুদ্রা আসনাদিসমর্পণম্ ॥ স্নপনং শঙ্খ-ঘণ্টাদিবাদ্যং নামসহস্রকম্। পুরাণপাঠো বসনমুপবীতং বিভূষণম্ ॥ গন্ধঃ শ্রীতুলসীকাষ্ঠচন্দনং কুসুমানি চ। পত্রাণি তুলসী চাঙ্গোপাঙ্গাবরণপূজনম্ ॥ ধূপো দীপশ্চ নৈবেদ্যং পানং হোমো বলিক্রিয়া। অবগণ্ডুষাদ্যাস্যবাসো দিব্যগন্ধাদিকং পুনঃ। রাজোপচারা গীতাদি মহানীরাজনং তথা ॥ শঙ্খাদিবাদনং সাম্বুশঙ্খনীরাজনং স্তুতিঃ। নতিঃ প্রদক্ষিণা কর্ম্মাদ্যর্পণং জপযাচনে। আগঃক্ষমাপণং নানাগাংসি নির্ম্মাল্যধারণম্ ॥

** শ্রীহরিভক্তিবিলাসে বর্ণিত বিষয়সমূহ ঃ—প্রথমে কারণসহিত শ্রীগুরুর আশ্রয়গ্রহণ, তদনন্তর গুরুলক্ষণ, শিষ্যলক্ষণ, গুরুশিষ্য-পরীক্ষাদি, ভগবন্মন্ত্র-মাহাত্ম্য, মন্ত্রের অধিকারী, সিদ্ধ্যাদি-শোধন, মন্ত্রের সংস্কার, দীক্ষা, নিত্য ব্রাহ্মমুহূর্ত্তে শুভ উত্থান (অর্থাৎ কৃষ্ণকীর্ত্তন-সহকারে শয্যা*

গুরুলক্ষণ, শিষ্যলক্ষণ, দোঁহার পরীক্ষণ ।
সেব্য—ভগবান্, সর্ব্বমন্ত্র-বিচারণ ॥ ৩২৫ ॥

অনুভাষ্য

শঙ্খাম্বুতীর্থং তুলসীপূজা তন্মৃত্তিকাদি চ । ধাত্রী স্নান-নিষেধস্য কালো বৃত্তেরুপার্জ্জনম্ ॥ মধ্যাহ্নে বৈশ্ব-দেবাদিশ্রাদ্ধং চানর্প্য-মুচ্যতে । বিনার্চ্চামশনে দোষাস্তথানর্পিতভোজনে ॥ নৈবেদ্য-ভক্ষণং সন্তঃ সৎসঙ্গোঽসদসঙ্গতিঃ । অসদ্‌গতির্বৈষ্ণবোপহাস-নিন্দাদি-দুষ্ফলম্ ॥ সতাং ভক্তির্বিষ্ণুশাস্ত্রং শ্রীমদ্ভাগবতং তথা । লীলাকথা চ ভগবদ্ধর্ম্মাঃ সায়ং নিজ-ক্রিয়াঃ ॥ কর্ম্মপাতপরীহার-স্ত্রিকালার্চ্চা বিশেষতঃ । নক্তং কৃত্যান্যথো পূজা-ফলসিদ্ধ্যাদি-দর্শনম্ ॥ বিষ্ণুর্থদানং বিবিধোপচারা ন্যূনপূরণম্ । শয়নং মহিমা-র্চ্চায়াঃ শ্রীমন্নাম্নস্তথাদ্ভুতঃ । নামাপরাধা ভক্তিশ্চ প্রেমাথাশ্রয়-ণাদয়ঃ । পক্ষেষ্বেকাদশী সাঙ্গা শ্রীদ্বাদশ্যষ্টকং মহৎ ॥ কৃত্যানি মার্গশীর্ষাদি-মাসেষু দ্বাদশস্বপি । পুরশ্চরণকৃত্যানি মন্ত্রসিদ্ধস্য লক্ষণম্ ॥ মূর্ত্ত্যাবির্ভাবনং মূর্ত্তিপ্রতিষ্ঠা কৃষ্ণমন্দিরম্ । জীর্ণোদ্ধৃতিঃ শ্রীতুলসীবিবাহোঽনন্যকর্ম্ম চ ॥"

মন্ত্র-অধিকারী, মন্ত্র-সিদ্ধ্যাদি-শোধন ।
দীক্ষা, প্রাতঃস্মৃতি-কৃত্য, শৌচ, আচমন ॥ ৩২৬ ॥

অনুভাষ্য

৩২৫। গুরু-লক্ষণ,—(পাদ্মে)—"মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাম্। সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ।। মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ। সহস্রশাখা-ধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ।।" ভাঃ ৭।১১।৩৫ শ্লোকোক্ত লক্ষণানুসারেই ব্রাহ্মণাদি 'বর্ণ' নির্দ্দিষ্ট হন। ঐ শ্লোকের শ্রীধর-স্বামি-পাদের টীকা,—"শমাদিভিরেব ব্রাহ্মণাদি-ব্যবহারো মুখ্যঃ, ন জাতি-মাত্রাদিত্যাহ—যস্যেতি। যদ্ যদি অন্যত্র বর্ণান্তরেঽপি দৃশ্যেত, তদ্বর্ণান্তরং তেনৈব লক্ষণনিমিত্তেনৈব বর্ণেন বিনির্দ্দিশেৎ, ন তু জাতিনিমিত্তেনেত্যর্থঃ।" মহাভারত-টীকায় নীলকণ্ঠ বলেন,—"শূদ্রোঽপি শমাদ্যুপেত্য ব্রাহ্মণ এব। ব্রাহ্মণোঽপি কামাদ্যুপেতঃ শূদ্র এব।'* ব্রাহ্মণ বলিয়া আপনাকে পরিচয় দিলেই বা অনভিজ্ঞগণের দ্বারা তাদৃশ পরিচয় লাভ করিলেই যে, কোন ব্যক্তি গুরুপদের যোগ্য 'ব্রাহ্মণ' বলিয়া বিবেচিত

হইতে উত্থান), নিত্য পবিত্রতা (অর্থাৎ হস্তপাদধৌত, দন্তধাবন এবং আচমনাদি-দ্বারা পবিত্র হওয়া), কৃষ্ণবিষয়ক প্রাতঃ স্মরণ-কীর্ত্তন-বিজ্ঞপ্তিপাঠ-প্রণামাদি, বাদ্যাদি-সহকারে প্রবোধন (ভগবান্‌কে জাগরণ), নির্ম্মাল্য-অপসারণ, তৎপশ্চাৎ মঙ্গলারাত্রিক, অনন্তর পুরীষত্যাগাদি কার্য্য, শৌচ, আচমন, দন্তধাবন, তান্ত্রিক সন্ধ্যাদি, দেবমন্দিরাদির সংস্কার, তুলসী প্রভৃতি আহরণ, নিজালয়ে স্নান, উষ্ণোদকাদিতে স্নান, বস্ত্র-পরিধান, আসন, উর্দ্ধপুণ্ড্র, শ্রীগোপীচন্দনাদি, চক্রাদি-মুদ্রা, মালিকা, গৃহসন্ধ্যা, গুরুপূজা ও গুরুমাহাত্ম্য, অতঃপর শ্রীকৃষ্ণের দ্বার ও গৃহমধ্যের পূজা, পূজার জন্য আসন, অর্ঘ্যপাত্রাদির স্থাপন, বিঘ্ননিরাকরণ, শ্রীগুর্ব্বাদি প্রণাম, ভূতশুদ্ধি, প্রাণায়াম, ন্যাস, মুদ্রাপঞ্চক, কৃষ্ণধ্যান, তদনন্তর অন্তর্যাগ, পূজার স্থান, শ্রীমূর্ত্তি ও শালগ্রাম-শিলার লক্ষণ, দ্বারকা-উদ্ভূত চক্রসমূহ, শ্রীমূর্ত্তি-ক্ষালনাদি শুদ্ধিসমূহ, পীঠ-পূজা, আবাহন-সংস্থাপন-সন্নিধাপন প্রভৃতি ও তত্তৎ মুদ্রা, আসনাদি-সমর্পণ, স্নপন, তৎকালে শঙ্খ-ঘণ্টাদি বাদ্য, সহস্রনাম, পুরাণপাঠ, বস্ত্র, উপবীত,অলঙ্কার, গন্ধ, তুলসীকাষ্ঠ-চন্দন, পুষ্প, বিল্বপত্রাদি, তুলসী, অঙ্গ-উপাঙ্গ-আবরণপূজা, ধূপ, দীপ, নৈবেদ্য, পান, হোম, বলিক্রিয়া (বিষ্বক্‌সেনাদি ভক্তবৃন্দকে ভগবানের উচ্ছিষ্টাংশ প্রদান), গণ্ডূষনিমিত্ত জল, লবঙ্গ-তাম্বূলাদি মুখবাস, পুনর্ব্বার দিব্যগন্ধ দ্রব্যাদি, ছত্র-চামরাদি রাজোপকরণ, গীতাদি, মহানীরাজন, শঙ্খাদি বাদ্য, সজলশঙ্খদ্বারা নীরাজন, স্তুতি, প্রণাম, প্রদক্ষিণ, কর্ম্মাদি-অর্পণ, জপ, প্রার্থনা, অপরাধ-ক্ষমাপণ, নানাপ্রকার অপরাধ, নির্ম্মাল্যধারণ, ভগবন্নীরাজিত শঙ্খজল, তীর্থ (চরণোদক), তুলসীকাননে ভগবান্ ও তুলসীর পূজা, তুলসী-মৃত্তিকা-কাষ্ঠ প্রভৃতি, আমলকী-মাহাত্ম্য, স্নানের নিষেধকাল, জীবিকা-উপার্জ্জন, মধ্যাহ্নে বৈশ্যদেবতাদি-শ্রাদ্ধ, ভগবানে যে-সব দ্রব্য অর্পণযোগ্য নহে, ভগবৎ-পূজা ব্যতীত ভোজনে তথা অনিবেদিত বস্তুভোজনে দোষসমূহ, নৈবেদ্যভক্ষণ, ভগবদ্ভক্তগণ, সাধুসঙ্গ, অসাধুসঙ্গবর্জ্জন, অসদ্‌গণের গতি, বৈষ্ণবকে উপহাস-নিন্দাদির দুষ্ফল, সাধুগণের সম্মান, বিষ্ণুশাস্ত্র, শ্রীমদ্ভাগবত, ভগবল্লীলাকথার শ্রবণ-কীর্ত্তনাদি, ভগবদ্ধর্ম্মসমূহ, সন্ধ্যা-উপাসনাদি নিজকৃত্য,বৈষ্ণবগণের কর্ম্মপাতের দোষনিরাকরণ-সিদ্ধান্ত, বিশেষতঃ কালত্রয়ে অর্চ্চনের বিধান-বিশেষ, রাত্রিকৃত্য (অর্থাৎ গীতবাদ্যাদিপূর্ব্বক ভগবানের শয়নোপচার-রচনা), পূজাফলের সিদ্ধি প্রভৃতি, পূজা বা শ্রীমূর্ত্তি-দর্শন, বিষ্ণুপ্রীতির জন্য দান, বিবিধ পূজোপচার, দ্রব্যের অভাবে পূজাসমাধান, নিজ শয়নের বিধি, শ্রীভগবৎপূজার তথা শ্রীনামের মহিমা, নামাপরাধসমূহ, ভক্তির মাহাত্ম্য, প্রেমসম্পত্তি-লক্ষণ, আশ্রয়ণ (শরণাগতি), পক্ষসমূহে অঙ্গসহ শ্রীএকাদশী-ব্রতোপবাস, অষ্ট মহাদ্বাদশী, অগ্রহায়ণাদি দ্বাদশ মাসে কৃত্যসমূহ, পুরশ্চরণ-কৃত্য, মন্ত্রসিদ্ধির লক্ষণ, শ্রীভগবন্মূর্ত্তির শিল্পাদিদ্বারা নিষ্পাদন, শ্রীমূর্ত্তি-প্রতিষ্ঠা, কৃষ্ণমন্দির, জীর্ণমন্দিরাদি-উদ্ধার, শ্রীতুলসীবিবাহ এবং একান্তি-ভক্তগণের কৃত্য।

** গুরুলক্ষণ—"মহাভাগবতশ্রেষ্ঠ ব্রাহ্মণই সকল মনুষ্যের গুরু, তিনি সকল লোকের মধ্যে শ্রীহরি তুল্যই পূজনীয়। মহাকুলে উৎপন্ন হইলেও, সমস্ত যজ্ঞে দীক্ষিত হইলেও এবং সহস্রশাখা অধ্যয়ন করিলেও অবৈষ্ণব হইলে তিনি 'গুরু'-পদবাচ্য নহেন" (পদ্মপুরাণ)। "শমাদি গুণদ্বারাই ব্রাহ্মণাদি বর্ণ-ব্যবহার মুখ্য—কেবল জাতিদ্বারা নহে, ইহাই 'যস্য যল্লক্ষণং প্রোক্তং' শ্লোকে বলা হইয়াছে। যদি অন্যত্র অর্থাৎ অন্য বর্ণেও শমাদি-গুণ দৃষ্ট হয়, তবে সেই বর্ণান্তর সেই বর্ণলক্ষণ-নিমিত্তদ্বারাই বিনির্দ্দেশ করিতে হইবে—কিন্তু জাতি-নিমিত্তদ্বারা নহে" (ভাঃ৭।১১।৩৫ শ্লোকের শ্রীধরস্বামি-কৃত টীকা)। শূদ্রকুলোদ্ভূত-ব্যক্তি শমাদি-গুণভূষিত হইলে তিনি নিশ্চয়ই 'ব্রাহ্মণ' এবং ব্রাহ্মণকুলোদ্ভূত-জন কামাদিবিশিষ্ট হইলে তিনি অবশ্যই 'শূদ্র' (মহাভারত-টীকায় শ্রীনীলকণ্ঠ)।*

অনুভাষ্য

হইবেন, এরূপ নহে। শ্রীঠাকুর নরোত্তম, শ্যামানন্দ প্রভৃতি সদ্‌ব্রাহ্মণ-গুরুগণ আপনারা প্রকৃতপ্রস্তাবে শুদ্ধ ব্রাহ্মণ ছিলেন বলিয়াই শ্রীগঙ্গা-নারায়ণ, রামকৃষ্ণাদি শৌক্র ব্রাহ্মণগণ তাঁহাদিগকে গুরুপদের যোগ্য বিশুদ্ধ 'ব্রাহ্মণ' বলিয়া নিরূপণ করিয়াছিলেন। 'মহা-ভাগবত' বলিলে তাপ, পুণ্ড্র, বিষ্ণুদাস্যপর নাম, মন্ত্র ও উপাসনা-বিশিষ্ট পঞ্চসংস্কারসম্পন্ন, অর্চ্চন, মন্ত্রপঠন, যোগ, যাগ, বন্দন, নাম-সঙ্কীর্ত্তন, সেবা, চিহ্নদ্বারা গাত্রাঙ্কন, বৈষ্ণবারাধনসম্পন্ন,—এই নবেজ্যা কর্ম্মকারক এবং উপাস্য ভগবান্, তৎপরমপদ, তদ্দ্রব্য, তন্মন্ত্র ও জীবাত্মা—এই অর্থ-পঞ্চকজ্ঞ অর্থাৎ পঞ্চতত্ত্বার্থবিদ্ ব্রাহ্মণকেই জানিতে হইবে। "তাপাদি-পঞ্চসংস্কারী নবেজ্যা-কর্ম্মকারকঃ। অর্থপঞ্চকবিদ্ বিপ্রো মহাভাগবতঃ স্মৃতঃ।।" এইরূপ মহাভাগবতগণের মধ্যে শ্রেষ্ঠতা লাভ করিয়া যিনি মানবগণের মধ্যে হরিতুল্য পূজনীয় হন, তিনি 'গুরু'-পদলাভের যোগ্য। আবার মহাকুলজন্মা, সর্ব্বযজ্ঞে দীক্ষিত ব্যক্তি এবং বেদের সহস্রশাখাধ্যয়নে পারঙ্গত ব্যক্তিও 'অবৈষ্ণব' হইলে কখনও 'গুরু' হইতে পারেন না। যেখানে বৈষ্ণবতা হইতে ব্রাহ্মণতা—'ভিন্ন' অর্থাৎ যেখানে ব্রাহ্মণ—বৈষ্ণবের আনুগত্য-বিহীন, সেখানে তাদৃশ ব্রাহ্মণের গুরুযোগ্য ব্রহ্মণ্য নাই ; আবার যেখানে বৈষ্ণবতা আছে, তথায় লৌকিকদৃষ্টিতে শৌক্র-বর্ণান্তর দৃষ্ট হইলেও যথার্থ শুদ্ধব্রাহ্মণতার অভাব নাই। আচার্য্যকৃত্য অধ্যাপন প্রভৃতি আচার অপর বর্ণের সম্ভাবনা না থাকায় গুরু-পদের যোগ্যতায় ব্রাহ্মণতা—স্বতঃসিদ্ধ। বৈষ্ণবমাত্রেই জগতের গুরু, সুতরাং তাঁহাদের ব্রাহ্মণাচার ও ব্রাহ্মণত্ব সর্ব্বদাই সঙ্গে সঙ্গে বর্ত্তমান। বাহিরে নিজ-দৈন্য জ্ঞাপন করিতে গিয়া অনেকে লৌকিক-দৃষ্টিযোগ্য ব্রাহ্মণাচার গ্রহণ করেন নাই, তাহাতে বৈষ্ণবের ব্রাহ্মণতার কোনদিনই অভাব হয় না।

শিষ্যলক্ষণ—"অমান্যমৎসরদক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ। অসত্বরোহর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্।।"* প্রাকৃত অভিমান-বশবর্ত্তী না হইয়া যিনি কামক্রোধলোভমোহমদ-মাৎসর্য্য পরিত্যাগ করিয়া অপ্রাকৃত ভগবত্তত্ত্ব-বিচার গ্রহণে নিপুণ এবং প্রাকৃত বস্তুতে 'আমি' ও 'আমার'-বুদ্ধিশূন্য এবং অপ্রাকৃত গুরুপাদ-পদ্মে অবিনাশী প্রণয়যুক্ত, ধৈর্য্যশীলতাক্রমে অচঞ্চল, পরমার্থ-জিজ্ঞাসাপর, গুণসমূহে দোষ দিতে যিনি প্রস্তুত নহেন এবং অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞানাদি-সম্বন্ধিনী বৃথা কথায় প্রমত্ত না হইয়া হরিকথায় স্থিরবুদ্ধি, তিনিই 'শিষ্য' হইবার যোগ্য।

দোঁহার পরীক্ষণ—যে অপ্রাকৃতবস্তু শিষ্যের আবশ্যক, তাহার ভিক্ষু অর্থাৎ প্রার্থী হইয়া যখন তিনি গুরুপাদপদ্ম আশ্রয় করিতে গমন করেন, তখন সেই বস্তু কোন গুরুযোগ্যজনে আছে কিনা এবং কি পরিমাণে আছে, তাহা শিষ্যের একবর্ষকাল দেখা উচিত। শিষ্যের অপ্রাকৃত উপলব্ধির যোগ্যতা কিরূপ, তাহা গুরুও বিশেষরূপে দেখিবেন ; কেননা, বিষয়ী শিষ্যের সঙ্গক্রমে গুরু-ব্রুবের লঘুত্ব অবশ্যম্ভাবী। গুরুব্রুব যদি শিষ্যকে 'যোষা' বা 'ভোগ্য' বুদ্ধি করিয়া প্রাকৃত অর্থগ্রহণাদিদ্বারা তাহার সহিত অনিত্য প্রাকৃত স্বার্থমূলক সম্বন্ধ স্থাপন করেন, তাহা হইলে তিনি লৌকিক স্মার্ত্তগণের ন্যায় পরমার্থ হইতে চ্যুত হইবেন। এইরূপ গুর্ব্বভিমানী ব্যক্তিগণকে 'বঞ্চক' এবং শিষ্যগুলিকে 'বঞ্চিত' বলা হয়। ইহারা পরমার্থ-ধর্ম্ম হইতে বঞ্চিত হইয়া আপনাদিগকে আচার্য্য-সম্প্রদায়াশ্রিত গোস্বামিমতে স্থিত বলিয়া অভিমান করিলেও উহারা প্রাকৃত বাউল ও সহজিয়া-দলেরই শাখাবিশেষে পরিণত।

সেব্য ভগবান্—ভগবান্ বিষ্ণুই একমাত্র সেব্য ; বিষ্ণু-ব্যতীত অন্য কোন দেবতার উপাসনার আবশ্যকতা নাই। "বাসুদেবং পরিত্যজ্য যোহন্যদেবমুপাসতে। স্বমাতরং পরিত্যজ্য শ্বপচীং বন্দতে হি সঃ।।" "যেঽপন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্।।" "যস্তু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ। সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেদ্-ধ্রুবম্।" বিশুদ্ধসত্ত্বগুণে অধিষ্ঠিত হইলে নির্গুণ জীব মুক্ত হইয়াও ভগবানের উপাসনা করেন। সত্ত্বগুণে রজোগুণ সংযুক্ত হইলে জীব 'সূর্য্যে'র, সত্ত্বগণে তমোগুণ মিলিত হইলে 'গণপতি'র, রজোগুণে তমোগুণ মিলিত হইলে জীব 'মায়াশক্তি'র, শুধু তমোগুণে উপাসনা করিলে 'শিবে'র এবং রজোগুণ প্রবল হইলে জীব পঞ্চ-উপাস্যের সকলগুলিকেই ভজন করেন। প্রকৃতপ্রস্তাবে গুণের হস্ত হইতে মুক্ত হইলে ভগবান্ বিষ্ণুই যে একমাত্র নিত্য-সেব্য, তাহা বুঝিতে পারেন।

সর্ব্বমন্ত্রবিচারণ—দ্বাদশাক্ষর, অষ্টদশাক্ষর, নারসিংহ, রাম, গোপাল প্রভৃতি মন্ত্রের শক্তিতারতম্য-বিচার। ✦

৩২৬। মন্ত্র-অধিকারী—"তান্ত্রিকেষু চ মন্ত্রেষু দীক্ষায়াং যোষিতামপি। সাধ্বীনামধিকারোঽস্তি শূদ্রাদীনাঞ্চ সদ্ধিয়াম্।।" পাঞ্চরাত্রিকী মন্ত্র-দীক্ষায় সাধ্বী স্ত্রী ও সদ্বুদ্ধিবিশিষ্ট পুরুষগণের ন্যায় স্ত্রী ও শূদ্রগণেরও অধিকার আছে। বৈদিকী-দীক্ষায় স্বাধ্যায়-নিরত ব্রাহ্মণেরই অধিকার এবং অযোগ্য শূদ্র বা স্ত্রীগণের বৈদিকী-দীক্ষায় অধিকার নাই। যোগ্যতাপ্রাপ্ত ব্যক্তিরই ভাগবত-

** শিষ্যলক্ষণ—শিষ্য অমানী, মাৎসর্য্যরহিত, অলসতাশূন্য, স্ত্রীপুত্রাদিতে মমতাহীন, গুরু-বৈষ্ণবে সৌহার্দ্যযুক্ত, শান্ত, তত্ত্বজিজ্ঞাসু, অসূয়া-রহিত ও বৃথাবাক্যশূন্য হইবেন। (ভাঃ ১১।১০।৬)।*

✦ সর্ব্বমন্ত্রবিচারণ—শ্রীহরিভক্তিবিলাসে ১ম বিলাস ১২১-১৯৩ দ্রষ্টব্য।

অনুভাষ্য

বৈদিক অধিকার এবং যোগ্যতাপ্রাপ্ত্যাকাঙ্ক্ষী ব্যক্তিরই পাঞ্চরাত্রিক তান্ত্রিকাধিকার,—উভয় মার্গেরই ফল 'এক'।

সিদ্ধ্যাদি—"সিদ্ধ-সাধ্য-সুসিদ্ধারি ক্রমাজ্‌জ্ঞেয়া বিচক্ষণৈঃ।" (১) সিদ্ধ, (২) সাধ্য, (৩) সুসিদ্ধ, (৪) অরি—(১) সিদ্ধ-সিদ্ধ, (২) সিদ্ধ-সাধ্য, (৩) সিদ্ধ-সুসিদ্ধ, (৪) সিদ্ধঅরি ; (৫) সাধ্য-সিদ্ধ, (৬) সাধ্য-সাধ্য, (৭) সাধ্য-সুসিদ্ধ, (৮) সাধ্য-অরি ; (৯) সুসিদ্ধ-সিদ্ধ, (১০) সুসিদ্ধ-সাধ্য, (১১) সুসিদ্ধ-সুসিদ্ধ, (১২) সুসিদ্ধ-অরি ; (১৩) অরিসিদ্ধ, (১৪) অরি-সাধ্য, (১৫) অরি-সুসিদ্ধ, (১৬) অরি-অরি। অষ্টাদশাক্ষরমন্ত্রে সিদ্ধ্যাদি প্রাকৃত-বিচার নাই। "ন চাত্র শাত্রবা দোষা নর্ণস্বাদিবিচারণা। ঋক্ষরাশি-বিচারো বা ন কর্ত্তব্যো মনৌ প্রিয়ে।। নাত্র চিন্ত্যোঽহরিশুদ্ধ্যাদির্নারি-মিত্রাদিলক্ষণম্। সিদ্ধ-সাধ্যসুসিদ্ধারিরূপা নাত্র বিচারণা।।" *

শোধন—"জননং জীবনঞ্চেতি তাড়নং রোধনং তথা। অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।। তর্পণং দীপনং গুপ্তি-র্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ। ** বলিত্বাৎ কৃষ্ণমন্ত্রাণাং সংস্কারাপেক্ষণং ন হি।।" ✚

দীক্ষা—মধ্য, ১৫শ পঃ ১০৮ সংখ্যা দ্রষ্টব্য। পাঞ্চরাত্রিকী দীক্ষায় দীক্ষিতব্যক্তি 'ব্রাহ্মণতা' লাভ করেন, "যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ। তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্।।" দীক্ষাকাল,—(তত্ত্বসাগরে)—'দুর্ল্লভে সদ্‌গুরূণাঞ্চ সকৃৎসঙ্গ উপস্থিতে। তদনুজ্ঞা যদা লব্ধা স দীক্ষাবসরো মহান্।। গ্রামে বা যদি বারণ্যে ক্ষেত্রে বা দিবসে নিশি। আগচ্ছতি গুরুর্দৈবাদ্ যথা দীক্ষা তদাজ্ঞয়া।। যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ। ন তীর্থং ন ব্রতং হোমো ন স্নানং ন জপক্রিয়া। দীক্ষায়াঃ করণং কিন্তু স্বেচ্ছাপ্রাপ্তে তু সদ্‌গুরৌ।।" ●

প্রাতঃস্মৃতি—'ব্রাহ্মমুহূর্ত্তে উত্থায় কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্। ** স্তুত্বা চ কীর্ত্তয়ন্ কৃষ্ণং স্মরংশ্চৈতদুদীরয়েৎ।।—"জয়তি জননিবাসঃ"—ইত্যাদি (ভাঃ১০।৯০।৪৮)। 'স্মৃতে সকলকল্যাণ-ভাজনং যত্র জায়তে। পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিম্।।' "উদ্‌গায়তীনামরবিন্দলোচনম্" ইত্যাদি (ভাঃ ১০।৪৬।৪৬)। "স্মর্ত্তব্য সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ। সর্ব্বে বিধি-নিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ।।"*—(পাদ্মে বৃহৎসহস্রনাম-স্তোত্রে)।

প্রাতঃকৃত্য—মৈত্রাদিকৃত্য,—"ততঃ কল্যে সমুত্থায় কুর্য্যান্মৈত্রং নরেশ্বর। ** দূরাদাবসথান্মূত্রং পুরীষঞ্চ সমুৎসৃজেৎ।।"✤

শৌচ—"গুহ্যে দদ্যান্মৃদং চৈকাং পায়ৌ পঞ্চাম্বু সান্তরাঃ। দশ বামকরে চাপি সপ্তপাণিদ্বয়ে মৃদঃ।। একৈকাং পদয়োর্দদ্যাৎ তিস্রঃ পাণ্যোর্ম্মৃদঃ স্মৃতাঃ। ইত্থং শৌচং গৃহী কুর্য্যাদ্-গন্ধ-লেপক্ষয়াবধি।।" ✦

আচমন—'অচ্ছেনাগন্ধফেনেন জলেনাবুদ্বুদেন চ। আচামেত মৃদং ভূয়স্তথা দদ্যাৎ সমাহিতঃ।। নিষ্পাদিতাঙ্ঘ্রিশৌচস্তু পাদাবভ্যুক্ষ্য বৈ পুনঃ। ত্রি পিবেৎ সলিলং তেন তথা দ্বিঃ পরিমার্জ্জয়েৎ।।" ⁂

** প্রিয়ে! অষ্টাদশাক্ষর গোপাল-মন্ত্রে সিদ্ধাদি-শোধন-বর্ণিত অরিজনিত দোষসকল নাই, ঋণ-ধন-বিচারের আবশ্যকতা নাই, নক্ষত্র-রাশিরও বিচার কর্ত্তব্য নহে (ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীশিববাক্য)। শ্রীকৃষ্ণমন্ত্রে অরিশুদ্ধি প্রভৃতির চিন্তা নাই, অরি-মিত্রাদি-লক্ষণ দেখিবার প্রয়োজন নাই—ইহাতে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরিবিচার আবশ্যক নহে। (বৃহদ্‌গৌতমীয় তন্ত্র)*

*✚ মন্ত্রশোধন—জনন, জীবন, তাড়ন, রোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গোপন—এই দশবিধ মন্ত্রসংস্কার। ** কৃষ্ণমন্ত্রসমূহ বলবান্ বলিয়া উক্ত দশবিধ সংস্কারের অপেক্ষা করেন না।*

● দীক্ষা—রসবিধানের দ্বারা যেমন কাংস্য-ধাতু স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ দীক্ষাবিধানদ্বারা নরগণের দ্বিজত্ব উৎপন্ন হয়। দীক্ষাকাল—সদ্‌গুরুর দুর্ল্লভ সঙ্গ একবার মাত্র উপস্থিত হইলে, যখনই তাঁহার অনুজ্ঞা লাভ হয়, তখনই দীক্ষার প্রশস্তকাল। গ্রামে, অরণ্যে বা ক্ষেত্রে, দিবসে বা রাত্রিতে গুরুদেব যখন দৈবাৎ আগমন করেন তখনই তাঁহার আজ্ঞায় দীক্ষা গ্রহণীয়। যখন গুরুর ইচ্ছা হইবে, তখন তাঁহার আজ্ঞানুসারে দীক্ষা হইতে পারে। সদ্‌গুরু নিজ ইচ্ছাযুক্ত হইলে কিন্তু তীর্থ, ব্রত, হোম, স্নান, জপক্রিয়া কিছুই দীক্ষার কারণ হয় না।

** প্রাতঃস্মৃতি—ব্রাহ্মমুহূর্ত্তে 'কৃষ্ণ' 'কৃষ্ণ' নাম কীর্ত্তন করিতে করিতে গাত্রোত্থান করিয়া ** গুরুপাদপদ্ম ধ্যান ও স্তব করত কৃষ্ণকীর্ত্তন ও স্মরণপূর্ব্বক এই শ্লোক পাঠ করিবে—'জয়তি জননিবাসঃ' (ভাঃ ১০।৯০।৪৮) ইত্যাদি। 'যাঁহাকে স্মরণ করিলে সকলপ্রকার কল্যাণভাজন হওয়া যায়, সেই অজ সনাতন পুরুষ শ্রীহরির শরণ গ্রহণ করি।' 'শ্রীবিষ্ণুকে সর্ব্বদা স্মরণ করিতে হইবে—কখনও বিস্মরণ করা যাইবে না ; সমস্ত 'বিধি' ও 'নিষেধ' এই দুইটী কথার অনুগত।'*

✤ প্রাতঃকৃত্য—অতঃপর হে রাজন্! উষাকালে গাত্রোত্থান করিয়া গৃহ হইতে দূরে গিয়া মূত্র-পুরীষ পরিত্যাগ করিবে।

✦ শৌচ—শিশ্নে একবার, মলদ্বারে পাঁচবার, বামহস্তে দশবার, দুইহস্তে সপ্তবার, দুইপদে একবার এবং পুনরায় দুইহস্তে তিনবার, এইরূপে মধ্যে মধ্যে জলসহিত মৃত্তিকা দিতে হইবে। যে-পর্য্যন্ত গন্ধলেশ দূরীভূত না হয়, সে-পর্য্যন্ত গৃহস্থ ব্যক্তি এই শৌচ করিবেন। (গৃহস্থের অপেক্ষা ব্রহ্মচারী দ্বিগুণ, বানপ্রস্থ তিনগুণ ও ভিক্ষু চতুর্গুণ শৌচাচরণ করিবেন।

⁂ আচমন—স্বচ্ছ, গন্ধরহিত, ফেনহীন, বুদ্বুদশূন্য জলদ্বারা আচমন করিতে হইবে। পুনর্ব্বার সাবধান হইয়া চরণে মৃত্তিকা দিতে হইবে। পাদশৌচ সমাপনান্তে পুনর্ব্বার পদদ্বয় প্রক্ষালন করিয়া তিনবার জলপান (আচমন) করিতে হইবে এবং ঐ জলদ্বারাই দুইবার মুখ ধৌত করিতে হইবে।

দন্তধাবন, স্নান, সন্ধ্যাদি-বন্দন ।
গুরুসেবা, ঊর্দ্ধপুণ্ড্রচক্রাদি-ধারণ ॥ ৩২৭ ॥

অনুভাষ্য

৩২৭। দন্তধাবন—"অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্নীয়াৎ দন্তধাবনম্। আচান্তোঽপ্যশুচির্যস্মাদকৃত্বা দন্তধাবনম্।। দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি। সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি।।" ✱

স্নান—"প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থগৃহস্থয়োঃ। যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ।। সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা।।" ✤

সন্ধ্যাবন্দন—সন্ধ্যা দ্বিবিধা—বৈদিকী ও তান্ত্রিকী। বৈদিকী সন্ধ্যা—"ধ্যাত্বার্কমণ্ডলগতাং সাবিত্রীং তাং জপেদ্বুধঃ। প্রাঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ।। বিহায় সন্ধ্যা-প্রণতিং স যাতি নরকাযুতম্।।" ● 'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্" ইত্যাচমনম্। প্রোক্ষণানন্তরং সন্ধ্যামুপাসয়েৎ। গায়ত্রীং দশধা জপ্ত্বা আপোমার্জ্জনম্—'ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুদ্ধন্তু মৈনসঃ। ওঁ আপো হিষ্ঠাময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমোরসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গামাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাৎ তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ। সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা পূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তররীক্ষমথো স্বঃ।"

গোপীচন্দন-মালা-ধৃতি, তুলসী-আহরণ ।
বস্ত্র-পীঠ-গৃহ-সংস্কার, কৃষ্ণ-প্রবোধন ॥ ৩২৮ ॥

অনুভাষ্য

তান্ত্রিকী সন্ধ্যা—"মূলমন্ত্রমথোচ্চার্য্য ধ্যায়ন্ কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজে। শ্রীকৃষ্ণং তর্পয়ামীতি ত্রিঃ সম্যক্ তর্পয়েৎ কৃতী।। ধ্যানোদ্দিষ্টস্বরূপায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে। কৃষ্ণায় কামগায়ত্র্যা দদ্যাদর্ঘ্যমনন্তরম্।।" ✱

গুরুসেবা—"প্রথমন্তু গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনম্। কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ।। গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যমগ্রতঃ। স দুর্গতিমবাপ্নোতি পূজনং তস্য নিষ্ফলম্।। নাহমিজ্যাপ্রজাতিভ্যাং তপসোপশমেন চ। তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা।। গুরুশুশ্রূষণং নাম সর্ব্বধর্ম্মোত্তমোত্তমম্। তস্মাদ্ধর্ম্মাৎ পরো ধর্ম্মঃ পবিত্রং নৈব বিদ্যতে।।" ⁂

ঊর্দ্ধপুণ্ড্রধারণ—"মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রং ভয়াপহম্। ✱✱ যচ্ছরীরং মনুষ্যাণামূর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতম্। দ্রষ্টব্যং নৈব তত্তাবৎ শ্মশানসদৃশং ভবেৎ।। বৈষ্ণবানাং ব্রাহ্মণানাং ঊর্দ্ধপুণ্ড্রং বিধীয়তে। ✱✱ নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধপুণ্ড্রং সুশোভনম্। মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরম্।। মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ।।" ✪ মধ্য ২০পঃ ২০২ সংখ্যা দ্রষ্টব্য।

চক্রাদি (মুদ্রা)-ধারণ—"চক্রঞ্চ দক্ষিণে বাহৌ শঙ্খং বামেঽপি দক্ষিণে। গদাং বামে গদাধস্তাৎ পুনশ্চক্রঞ্চ ধারয়েৎ।। শঙ্খোপরি তথা পদ্মং পুনঃ পদ্মঞ্চ দক্ষিণে। খড়্গং বক্ষসি চাপঞ্চ সশরং শীর্ষ্ণি ধারয়েৎ।।ইতি পঞ্চায়ুধান্যাদৌ ধারয়েদ্বৈষ্ণবো জনঃ। শ্রীগোপীচন্দনেনৈবং চক্রাদীনি বুধোঽন্বহম্। ধারয়েচ্ছয়নাদৌ তু তপ্তানি

✱ *দন্তধাবন—অতঃপর মুখশোধনের জন্য দন্তকাষ্ঠ গ্রহণ করিবে, যেহেতু দন্তধাবন না করিয়া আচমন করিলেও মানব অশুচি থাকে। দন্তকাষ্ঠ চর্ব্বণ না করিয়া যে-ব্যক্তি আমাকে আরাধনা করে, সে ঐ এক কর্ম্মদ্বারাই সর্ব্বকালকৃত কর্ম্ম ধ্বংস করে।*

✤ *স্নান—বানপ্রস্থ ও গৃহস্থের প্রাতঃকালে ও মধ্যাহ্নসময়ে স্নান, যতির ত্রি-সন্ধ্যায় স্নান এবং ব্রহ্মচারীর একবার মাত্র স্নান কর্ত্তব্য। অসমর্থ হইলে সকলের পক্ষে একবার মাত্র স্নান করিতে হইবে এবং তাহাতেও অসমর্থ হইলে জল ব্যতীত মন্ত্রস্নানাদি করণীয়।*

● *সন্ধ্যাবন্দনা—পণ্ডিতব্যক্তি সূর্য্যমণ্ডলবর্ত্তিনী গায়ত্রীকে ধ্যান করিয়া তাঁহার জপ করিবেন ; ব্রাহ্মণ সর্ব্বদা পূর্ব্বমুখ হইয়া সন্ধ্যা-উপাসনা করিবেন। সন্ধ্যাবন্দনা বর্জ্জন করিয়া তিনি অযুত সংখ্যক নরকে গমন করেন।*

✱ *তান্ত্রিকীসন্ধ্যা—অতঃপর কৃতীব্যক্তি মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক শ্রীকৃষ্ণের পাদপদ্ম ধ্যান করত 'শ্রীকৃষ্ণের তর্পণ করিতেছি'—এই বলিয়া বারত্রয় সম্যক্‌রূপে তর্পণ করিবেন। তৎপরে ধ্যানে যে-স্বরূপ উদ্দিষ্ট হইয়াছেন, সূর্য্যমণ্ডলস্থ সেই শ্রীকৃষ্ণকে কামগায়ত্রী উচ্চারণ করত অর্ঘ্য প্রদান করিবেন।*

⁂ *গুরুসেবা—প্রথমে গুরুদেবের পূজা করিয়া তৎপরে আমার পূজা করিলে সিদ্ধি লাভ হয়, অন্যথা তাহা নিষ্ফল হয়। শ্রীগুরুদেব নিকটে থাকিতে যে ব্যক্তি তাঁহার অগ্রে অন্যের পূজা করে, তাহার দুর্গতি ঘটে এবং তাহার পূজাও নিষ্ফল হয়। সর্ব্বভূতাত্মা আমি গুরুসেবাদ্বারা যেরূপ সন্তুষ্ট হই,—ইজ্যা, প্রজাতি, তপস্যা এবং উপশমদ্বারাও তথা গার্হস্থ্য, ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও যতিধর্ম্মদ্বারাও তদ্রূপ তুষ্ট হই না। গুরুসেবাই সর্ব্বাপেক্ষা উত্তম ধর্ম্ম, ঐ ধর্ম্ম হইতে উত্তম অথবা পবিত্র ধর্ম্ম আর নাই।*

✪ *ঊর্দ্ধপুণ্ড্রধারণ—আমার ভক্ত ভয়নাশন ঊর্দ্ধপুণ্ড্র নিত্য ধারণ করিবেন। মানবগণের যে-দেহ ঊর্দ্ধপুণ্ড্র-শূন্য, তাহা শ্মশান-তুল্য বলিয়া দর্শনযোগ্য নহে। বৈষ্ণবগণ ও ব্রাহ্মণগণের ঊর্দ্ধপুণ্ড্র ধারণ অবশ্য কর্ত্তব্য। নাসিকা হইতে কেশ পর্য্যন্ত বিস্তৃত, সুশোভন ও মধ্যে ছিদ্রসংযুক্ত ঊর্দ্ধপুণ্ড্র হরিমন্দির বলিয়া জানিতে হইবে। ঊর্দ্ধপুণ্ড্রের মধ্যে শ্রীহরি অধিষ্ঠিত থাকেন, সেহেতু মধ্যভাগে লেপন করিবে না।*

অনুভাষ্য

কিল তানি হি।। শঙ্খচক্রোর্দ্ধপুণ্ড্রাদি-রহিতং ব্রাহ্মণাধমম্। গর্দ্দভস্তু সমারোপ্যং রাজা রাষ্ট্রাৎ প্রবাসয়েৎ।।" ⁕

৩২৮। গোপীচন্দনধারণ—"যস্যান্তকালে খগ গোপীচন্দনং বাহ্বোর্ললাটে হৃদি মস্তকে চ। প্রযাতি লোকং কমলালয়ং প্রভোর্গোবালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ।।" "দূতাঃ শৃণুত যদ্ভালং গোপীচন্দনলাঞ্ছিতম্। জ্বলাদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ।।" ✱

মালাধারণ—"ততঃ কৃষ্ণার্পিতা মালা ধারয়েত্তুলসীদলৈঃ। পদ্মাক্ষৈস্তুলসীকাষ্ঠৈঃ ফলৈর্ধাত্র্যাশ্চ নির্ম্মিতাঃ। ধারয়েত্তুলসী-কাষ্ঠ-ভূষণানি চ বৈষ্ণবঃ।।" পদ্মাক্ষ-শব্দে পদ্মবীজের মালা। অক্ষশব্দে ভ্রমক্রমে কেহ যেন হাড়ের মালা বা 'রুদ্রাক্ষ' বলিয়া মনে না করেন। "ধারয়ন্তি ন যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ। নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ।।" "যে কণ্ঠলগ্নতুলসী-নলিনাক্ষমালা যে বা ললাট-পটলে লসদূর্দ্ধপুণ্ড্রাঃ। যে বাহুমূল-পরিচিহ্নিত-শঙ্খচক্রাস্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি।।" ✰

তুলসী-আহরণ—"প্রণম্যাথ মহাবিষ্ণুং প্রার্থ্যানুজ্ঞাস্তু বৈষ্ণবঃ। সমাহরেৎ শ্রীতুলসীং পুষ্পাদিঞ্চ তথোদিতম্।। অস্নাত্বা তুলসীং ছিত্ত্বা যঃ পূজাং কুরুতে নরঃ। সোঽপরাধী ভবেৎ সত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ।।" আহরণ-মন্ত্র—"তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া। কেশবার্থে বিচিনোমি বরদা ভব শোভনে।।" "ইত্যুক্ত্বা তুলসীং নত্বা ছিন্দ্যাৎ দক্ষিণপাণিনা। (চয়ন-নিষেধকাল) ন ছিন্দ্যাৎ তুলসীং বিপ্রা দ্বাদশ্যাং বৈষ্ণবঃ ক্বচিৎ।।" ⁕

বস্ত্র-সংস্কার—"তান্তবং মলিনং পূর্ব্বমদ্ভিঃ ক্ষারৈশ্চ শোধয়েৎ। অংশুভিঃ শোষয়িত্বা বা বায়ুনা বা সমাহরেৎ।। ঊর্ণপট্টাংশুক-ক্ষৌমদুকূলাবিকচর্ম্মণাম্।। অল্পাশৌচে ভবেচ্ছুদ্ধিঃ শোষণ-প্রোক্ষণাদিভিঃ।। কুসুম্ভকুঙ্কুমারক্তাস্তথা লাক্ষারসেন চ। প্রক্ষ্যা-লনেন শুদ্ধ্যন্তি চণ্ডালস্পর্শনে তথা।।" ✚

পীঠ-সংস্কার—'পাদপীঠঞ্চ কৃষ্ণস্য বিল্বপত্রেণ ঘর্ষয়েৎ। উষ্ণাম্বুনা চ প্রক্ষাল্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।।' ✱

গৃহ-সংস্কার—"মন্দিরং মার্জ্জয়েদ্বিষ্ণোর্বিধায়াচমনাদিকম্। কৃষ্ণং পশ্যন্ কীর্ত্তয়ংশ্চ দাস্যেনাত্মানমর্পয়েৎ।। শুদ্ধং গোময়মাদায় ততো মৃৎস্নাং জলং তথা। ভক্ত্যা তৎপরিতো লিম্পেদভ্যুক্ষেচ্চ তদঙ্গনম্।।" "স বৈ মনঃ কৃষ্ণ-পদারবিন্দয়োর্ব্বচাংসি বৈকুণ্ঠ-গুণানুবর্ণনে। করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু শ্রুতিং চকারাচ্যুত-সৎকথোদয়ে।।" "সম্মার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্‌যদমায়য়া।।" ★

কৃষ্ণপ্রবোধন—"ততো দেবালয়ে গত্বা ঘণ্টাদ্যুদ্‌ঘোষ-পূর্ব্বকম্। প্রবোধ্য স্তুতিভিঃ কৃষ্ণং নীরাজ্য প্রার্থয়েদিদম্।।—

⁕ *চক্রাদি-ধারণ—দক্ষিণ বাহুতে চক্র, বাম ও দক্ষিণ উভয় বাহুতে শঙ্খ, বাম বাহুতে গদা এবং গদার নিম্নে পুনরায় চক্র ধারণ করিবেন। শঙ্খের উপরে উভয় বাহুতে পদ্ম, বক্ষঃস্থলে খড়্গ এবং মস্তকে শরসহ ধনু ধারণ করিবেন। এই পাঁচপ্রকার আয়ুধ বৈষ্ণবজন সর্ব্বাগ্রে ধারণ করিবেন। পণ্ডিতব্যক্তি প্রত্যহ গোপীচন্দনদ্বারা চক্রাদি চিহ্নসমূহ রচনা করিবেন এবং শয়নদ্বাদশী ও উত্থানাদি দ্বাদশীতে ঐ সকল মুদ্রা তপ্ত করিয়া ধারণ করিবেন। শঙ্খ, চক্র ও ঊর্দ্ধপুণ্ড্রাদি-রহিত ব্রাহ্মণাধমকে রাজা গর্দ্দভোপরি আরোহণ করাইয়া রাজ্য হইতে নির্ব্বাসিত করিবেন।*

✱ *গোপীচন্দনধারণ—হে গরুড়! মরণকালে যাঁহার বাহুদ্বয়ে, ললাটে, বক্ষঃস্থলে ও শিরোদেশে গোপীচন্দন থাকে, তিনি গোঘাতী, শিশুঘাতী কিংবা ব্রহ্মঘাতী হইলেও কমলালয়া শ্রীবিষ্ণুধামে গমন করেন। (গরুড়পুরাণ)। হে যমদূতগণ! আমার বাক্য শ্রবণ কর, যাঁহার ললাটফলক গোপীচন্দনে অঙ্কিত, জ্বলন্ত অঙ্গারবৎ যত্নসহকারে তাঁহাকে দূরে বর্জ্জন করিবে।*

✰ *মালাধারণ—অনন্তর তুলসীপত্র, পদ্মবীজ, তুলসীকাষ্ঠ ও আমলকী ফলদ্বারা নির্ম্মিত মালা শ্রীকৃষ্ণকে অর্পণ করিয়া ধারণ করিবে। বৈষ্ণবগণ তুলসীকাষ্ঠের ভূষণ ধারণ করিবেন। যে-সমস্ত হেতুবাদপরায়ণ পাপমতি মানব মালা ধারণ না করে, তাহারা হরির কোপানলে দগ্ধীভূত হয় এবং নরক হইতে ফিরিয়া আসে না। যাঁহাদের কণ্ঠে তুলসীমালা বা পদ্মবীজমালা বর্ত্তমান, ললাটদেশে ঊর্দ্ধপুণ্ড্র শোভমান, বাহুমূলে শঙ্খ-চক্রাদি চিহ্ন বিরাজমান, সেই বৈষ্ণবগণ শীঘ্রই জগৎ পবিত্র করিয়া থাকেন।*

⁕ *তুলসী-আহরণ—অতঃপর বৈষ্ণবজন মহাবিষ্ণুকে প্রণামপূর্ব্বক আজ্ঞা প্রার্থনা করিয়া শ্রীতুলসী তথা প্রস্ফুটিত পুষ্পাদি আহরণ করিবেন। যে মানব স্নান না করিয়া তুলসী চয়ন করত পূজা করেন, তিনি নিশ্চয়ই অপরাধী হইয়া থাকেন এবং তাঁহার সকল কিছুই নিষ্ফল হয়। আহরণ-মন্ত্র—হে শোভনে! হে তুলসি! অমৃত হইতে তোমার জন্ম, তুমি সর্ব্বদা শ্রীকেশবের প্রিয়া ; কেশবপূজার জন্য আমি তোমাকে চয়ন করি, তুমি বরদান কর। এইরূপ বলিয়া শ্রীতুলসীকে প্রণাম করত দক্ষিণহস্তে চয়ন করিতে হইবে। হে বিপ্রগণ! বৈষ্ণব কখনও দ্বাদশীতে তুলসী ছেদন করিবেন না।*

✚ *বস্ত্রসংস্কার—তান্তব (কার্পাস-সূত্রনির্ম্মিত) বস্ত্রাদি যাহা মলিন অর্থাৎ মলদুষ্ট হইয়াছে, প্রথমতঃ ক্ষার ও জলদ্বারা সেই বস্ত্রাদির শুদ্ধি করিবে, অতঃপর সূর্য্যকিরণ অথবা বায়ুদ্বারা শুষ্ক করিয়া গ্রহণ করিবে। রোমজ-বস্ত্র, পট্টবস্ত্র, ক্ষৌম (রেশমী) দুকূল, মেষরোমজ বস্ত্র এবং চর্ম্ম—এইসকল দ্রব্যের সামান্য শৌচে অর্থাৎ অল্পমাত্র অশুদ্ধ হইলে শুষ্ককরণ ও জল-প্রোক্ষণাদি-দ্বারা শুদ্ধি হইয়া থাকে। কুসুম্ভ, কুঙ্কুম ও লাক্ষারসদ্বারা রঞ্জিত বস্ত্র চণ্ডালাদি-স্পৃষ্ট হইলে প্রক্ষালনদ্বারা শুদ্ধ হইয়া থাকে।*

✱ *পীঠসংস্কার—বিল্বপত্রদ্বারা শ্রীকৃষ্ণের পাদপীঠ মার্জ্জন করিবে। উষ্ণজলদ্বারা প্রক্ষালন করিলে সকল পাপ হইতে বিমুক্ত হওয়া যায়।*

★ *গৃহসংস্কার—আচমনাদি করিয়া বিষ্ণুর মন্দির মার্জ্জন করিতে হইবে, পরে শ্রীকৃষ্ণকে দর্শন এবং শ্রীনাম কীর্ত্তন করিতে করিতে*

পঞ্চ, ষোড়শ, পঞ্চাশৎ উপচারে অর্চ্চন।
পঞ্চকাল পূজারতি, কৃষ্ণের ভোজন-শয়ন ॥ ৩২৯ ॥

অনুভাষ্য

"দেব প্রপন্নার্ত্তিহর প্রসাদং কুরু কেশব। অবলোকনদানেন ভূয়ো মাং পালয়াচ্যুত।।"✱ ইতি।

৩২৯। পাঠান্তরে—"পঞ্চ, দশ, ষোড়শ, সর্পর্য্যা চৌঘন। চোষট্টি ষোড়শ দশ পঞ্চোপচারে অর্চ্চন।।"

পঞ্চোপচার—১। গন্ধ, ২। পুষ্প, ৩। ধূপ, ৪। দীপ ও ৫। নৈবেদ্য।

ষোড়শোপচার—১। আসন, ২। স্বাগত (কুশলপ্রশ্ন), ৩। অর্ঘ্য, ৪। পাদ্য, ৫। আচমনীয়, ৬। মধুপর্ক, ৭। আচমন, ৮। স্নান, ৯। বস্ত্র, ১০। অলঙ্কার, ১১। সুগন্ধ, ১২। সুপুষ্প, ১৩। ধূপ, ১৪। দীপ, ১৫। নৈবেদ্য ও ১৬। বন্দনা।

পঞ্চাশোপচার—হঃ ভঃ বিলাসে পঞ্চাশৎ উপচারের কথা নাই, তবে চতুঃষষ্টি উপচারের মধ্যে ১৪ টী ছাড়িয়া দিলে পঞ্চাশটী হইতে পারে। কোন্ ১৪ টী ছাড়িতে হইবে, তাহা নিরূপণ করিবার উপায় নাই।

দশোপচার—১। অর্ঘ্য, ২। পাদ্য, ৩। আচমন, ৪। মধুপর্ক, ৫। আচমন, ৬। গন্ধ, ৭। পুষ্প, ৮। ধূপ, ৯। দীপ ও ১০। নৈবেদ্য।

চতুঃষষ্টি উপচার—'চৌঘন' অর্থে চৌষষ্টি (হঃ ভঃ বিঃ ১১।১২৭-১৪০) ১। বাদ্য-স্তবদ্বারা প্রবোধন, ২। জয়-শব্দোচ্চারণ, ৩। নমস্কার, ৪। মঙ্গলারাত্রিক, ৫। আসন, ৬। দণ্ডকাষ্ঠ, ৭। পাদ্য, ৮। অর্ঘ্য, ৯। আচমন, ১০। মধুপর্কসহ আচমন, ১১। পাদুকা-সমর্পণ, ১২। অঙ্গমার্জ্জন, ১৩। তৈলাভ্যঞ্জন, ১৪। তৈলাদ্যপসারণ, ১৫। সুগন্ধি-পুষ্পজলে স্নান, ১৬। দুগ্ধস্নান, ১৭। দধিস্নান, ১৮। ঘৃতস্নান, ১৯। মধুস্নান, ২০। শর্করাস্নান, ২১। মন্ত্রজলে স্নান, ২২। গামছা, ২৩। পরিধান ও উত্তরীয়, ২৪। যজ্ঞসূত্র, ২৫। পুনরাচমন, ২৬। অনুলেপন, ২৭। অলঙ্কার, ২৮। পুষ্প, ২৯। ধূপ, ৩০। দীপ, ৩১। দুষ্টদৃষ্টিনিবারণ, ৩২। নৈবেদ্য, ৩৩। মুখবাস, ৩৪। তাম্বূল, ৩৫। উত্তম শয্যা, ৩৬। কেশপ্রসাধন, ৩৭। উত্তম বস্ত্র, ৩৮। উত্তম মুকুট, ৩৯। উত্তম গন্ধলেপন, ৪০। কৌস্তুভাদি-ভূষণ, ৪১। বিচিত্রদিব্যপুষ্প, ৪২। মঙ্গলারাত্রিক, ৪৩। দর্পণ, ৪৪। উত্তমযানে মণ্ডপ-যাত্রা, ৪৫। সিংহাসনে উপবেশন, ৪৬। পুনঃ বাদ্য, ৪৭। পুনর্নৈবেদ্য, ৪৮। মহানীরাজন, ৪৯। চামরব্যজন-ছত্র, ৫০। গীত, ৫১। বাদ্য, ৫২। নৃত্য, ৫৩। প্রদক্ষিণ, ৫৪। প্রণাম, ৫৫। শ্রীচরণ-যুগলে স্তুতি, ৫৬। চরণে মস্তক স্থাপন, ৫৭। শিরে নির্ম্মাল্যধারণ, ৫৮। উচ্ছিষ্ট-ভক্ষণ, ৫৯। পদসম্বাহনার্থ উপবেশন, ৬০। পুষ্প-শয্যা, ৬১। হস্তপ্রদান, ৬২। শয্যায় আগমন, ৬৩। পদপ্রক্ষালনপূর্ব্বক শয্যায় উপবেশন, ৬৪। সর্ব্বশেষ পর্য্যঙ্কে শয়ন ও পাদ-সম্বাহনাদি।

শ্রীমূর্ত্তিলক্ষণ, আর শালগ্রামলক্ষণ।
কৃষ্ণক্ষেত্র-যাত্রা, কৃষ্ণমূর্ত্তি-দরশন ॥ ৩৩০ ॥

অনুভাষ্য

পঞ্চকাল—অরুণোদয়, প্রাতঃ, মধ্যাহ্ন, সায়াহ্ন, প্রদোষ।

পূজারতি—পূজা এবং আরাত্রিক ও নীরাজনাদি।

কৃষ্ণের ভোজন—(হঃ ভঃ বিঃ ৮ম বিঃ ৫০-৫১) মঞ্জুলব্যবহারেণ ভোজয়ন্তি হরিং মুদা।" ✱ ✱ "শালীভক্তং সুভক্তং শিশির-করসিতং পায়সং পূপসূপম্। লেহ্যং পেয়ং সুচূষ্যং সিতমমৃতফলং ঘারিকাদ্যং সুখাদ্যম্। আজ্যং প্রাজ্যং সমিজ্যং নয়নরুচিকরং বাজিকৈলামরীচস্বাদীয়ঃ শাকরাজী পরিকরমমৃতাহারজোষং জুষস্ব।।"✚

কৃষ্ণের শয়ন—(হঃ ভঃ বিঃ ১১ বিঃ) "বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়। আগচ্ছ শয়নস্থানং প্রিয়াভিঃ সহ কেশব।। এবং প্রার্থ্য সমর্প্যাস্মৈ পাদুকে শয়নালয়ম্। আনীয় দেবং তত্রত্যানুপচারান্ প্রকল্পয়েৎ।। বিশেষতোঽর্পয়েত্তত্র ঘনং দুগ্ধং সশর্করম্। তাম্বূলঞ্চ সকর্পূরং দিব্যমাল্যানুলেপনম্।।"✱

দাস্যভাবে আত্মসমর্পণ করিবে। তৎপরে শুদ্ধ গোময়, মৃত্তিকা ও জল লইয়া ভক্তিসহকারে মন্দিরের চতুষ্পার্শ্ব ও তদঙ্গনে লেপন ও অভ্যুক্ষণ করিবে অর্থাৎ গোময় মিশ্রিত জলের ছিটা দিবে। শ্রীমদ্ভাগবতে (৯।৪।১৮)—রাজর্ষি অম্বরীষ শ্রীকৃষ্ণপাদপদ্মে মনকে, বৈকুণ্ঠগুণ-বর্ণনে বাক্যসমূহকে, হরিমন্দির-সম্মার্জ্জনে করদ্বয়কে, ভগবৎ-কথা-শ্রবণে কর্ণকে নিয়োগ করিয়াছিলেন। (ভাঃ ১১।১১।৩৯—) সম্মার্জ্জন, গোময়লেপন, জলসেক ও সর্ব্বতোভাবে ভদ্রাদি-রচনা ইত্যাদিদ্বারা ভৃত্যবৎ অকপটে আমার গৃহ-শুশ্রূষা করিবে।

✱ কৃষ্ণপ্রবোধন—অতঃপর দেবালয়ে গমন করিয়া ঘণ্টাদি-বাদনপূর্ব্বক প্রবোধের উপযোগী স্তুতিদ্বারা শ্রীকৃষ্ণকে জাগরণ করিয়া নীরাজনপূর্ব্বক এইরূপ প্রার্থনা করিবে,—হে দেব! প্রপন্নজন-আর্ত্তিনাশক! হে কেশব! আমার প্রতি কৃপা প্রকাশ করুন; হে অচ্যুত পুনরায় দর্শনদ্বারা আমাকে পবিত্র করুন।

✚ কৃষ্ণের ভোজন—ভগবদ্ভক্তগণ শিষ্টব্যবহারদ্বারা শ্রীহরিকে আনন্দসহকারে ভোজন করাইয়া থাকেন,—হে ভগবন্! শালি-ধান্যের অন্ন, চন্দ্রতুল্য শ্বেতবন অন্ন, পায়স, পিষ্টক, সূপ, লেহ্য, পেয়, চূষ্য ও শুদ্ধ অমৃতস্বরূপ ফল, ঘারিকা (ঘৃতপক্ক মিষ্টান্নবিশেষ) প্রভৃতি উৎকৃষ্ট খাদ্য, ঘৃত, নয়নপ্রীতিকর ঘৃত-এলাচ-মরীচদ্বারা সংস্কৃত অতি সুস্বাদু ঘৃতবহুল পক্কান্ন এবং শাকাদি-উপকরণ—এইসকল অমৃততুল্য দ্রব্যের আস্বাদনজনিত সুখ ভোগ করুন।

✱ কৃষ্ণের শয়ন—হে স্বামিন্! বলিষ্ঠচরণদ্বারা পদবী অবধারণ করুন। হে কেশব! প্রিয়াসকলের সহিত আপনি শয়নস্থানে আগমন করুন।

নামমহিমা, নামাপরাধ দূরে বর্জ্জন ।
বৈষ্ণবলক্ষণ, সেবাপরাধ-খণ্ডন ॥ ৩৩১ ॥
শঙ্খ-জল-গন্ধ-পুষ্প-ধূপাদি-লক্ষণ ।
জপ, স্তুতি, পরিক্রমা, দণ্ডবৎ, বন্দন ॥ ৩৩২ ॥
পুরশ্চরণ-বিধি, কৃষ্ণপ্রসাদ-ভোজন ।
অনিবেদিত-ত্যাগ, বৈষ্ণবনিন্দাদি-বর্জ্জন ॥ ৩৩৩ ॥
সাধুলক্ষণ, সাধুসঙ্গ, সাধুসেবন ।
অসৎসঙ্গ-ত্যাগ, শ্রীভাগবত-শ্রবণ ॥ ৩৩৪ ॥
দিনকৃত্য, পক্ষকৃত্য, একাদশ্যাদি-বিবরণ ।
মাসকৃত্য, জন্মাষ্টম্যাদি-বিধি-বিচারণ ॥ ৩৩৫ ॥
একাদশী, জন্মাষ্টমী, বামনদ্বাদশী ।
শ্রীরামনবমী, আর নৃসিংহচতুর্দ্দশী ॥ ৩৩৬ ॥

অনুভাষ্য

৩৩০। শ্রীমূর্ত্তিলক্ষণ—মধ্য, ২০শ পঃ ২২৪-২৩৮ সংখ্যা দ্রষ্টব্য।

শালগ্রামলক্ষণ—হঃ ভঃ বিঃ ৫ম বিঃ দ্রষ্টব্য।

৩৩১। নামমহিমা—হঃ ভঃ বিঃ ১১ বিঃ দ্রষ্টব্য।

নামাপরাধ—আদি ৮ম পঃ ২৪ সংখ্যার অমৃতপ্রবাহ-ভাষ্য দ্রষ্টব্য।

বৈষ্ণব-লক্ষণ—"বিষ্ণুরেব হি যস্যৈষ দেবতা বৈষ্ণবঃ স্মৃতঃ।"* হঃ ভঃ বিঃ ১০ম বিঃ দ্রষ্টব্য।

সেবাপরাধ-খণ্ডন—স্কান্দে অবন্তীখণ্ডে শ্রীব্যাসবাক্য—"অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ং পঠেত্তু বৈ। দ্বাত্রিংশদপরাধাংস্তু ক্ষমতে তস্য কেশবঃ।।" দ্বারকামাহাত্ম্যে,—"সহস্রনামমাহাত্ম্যং যঃ পঠেৎ শৃণুয়াদপি। অপরাধসহস্রাণি ন স লিপ্যেৎ কদাচন।। দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেত্তুলসীস্তবম্। দ্বাত্রিংশদপরাধান্ হি ক্ষমতে তস্য কেশবঃ। তুলস্যা কুরুতে যস্তু শালগ্রাম-শিলার্চ্চনম্। দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশবঃ।। ✦ দ্বাত্রিংশৎ সেবাপরাধ—(১) যান বা পাদুকাবলম্বনে ভগবদ্গৃহে গমন, (২) দেবাগ্রে অপ্রণাম, (৩) উচ্ছিষ্ট বা অশৌচাবস্থায় ভগবদ্বন্দন, (৪) একহস্তদ্বারা প্রণাম, (৫) তদগ্রে অন্যদেব-প্রদক্ষিণ, (৬) তদগ্রে পদপ্রসারণ, (৭) জানুদ্বয় হস্তদ্বয়দ্বারা বেষ্টন করিয়া উপবেশন, (৮) শয়ন, (৯) ভোজন, (১০) মিথ্যাভাষণ, (১১) উচ্চভাষণ, (১২) পরস্পর জল্পনা, (১৩) ক্রন্দন, (১৪) অপর ব্যক্তিকে অনুগ্রহ, (১৫) নিগ্রহ বা নিষ্ঠুর বাক্য প্রয়োগ, (১৬) কম্বলাবরণ, (১৭) পরনিন্দা, (১৮) পর-প্রশংসা, (১৯) অশ্লীল-ভাষণ, (২০) অধোবায়ু বিমোক্ষণ, (২১) সামর্থ্যসত্ত্বেও উপচার বিনা পূজা, (২২) অনিবেদিতভক্ষণ, (২৩) তত্তৎকালোৎপন্ন-ফলের অনর্পণ, (২৪) অবশিষ্টাংশ নিবেদন, (২৫) দেবতাকে পশ্চাৎ করিয়া উপবেশন, (২৬) অন্যকে অভিবাদন, (২৭) গুরুর নিকট স্তব না করিয়া উপবেশন, (২৮) আত্মপ্রশংসা, (২৯) দেবনিন্দা, (৩০) অপর ব্যক্তির প্রতি নির্দ্দয়তা, (৩১) উৎসব-অকরণ এবং (৩২) কলহ।

৩৩২। পুষ্প-লক্ষণ—হঃ ভঃ বিঃ ৭ম বিঃ দ্রষ্টব্য।

ধূপাদি লক্ষণ—হঃ ভঃ বিঃ ৮ম বিঃ দ্রষ্টব্য।

জপ, স্তুতি, পরিক্রমা, দণ্ডবৎ ও বন্দনা—হঃ ভঃ বিঃ ৮ম বিঃ আলোচ্য।

৩৩৩। পুরশ্চরণ-বিধি—মধ্য, ১৫পঃ ১০৮ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

কৃষ্ণপ্রসাদ ভোজন—"সংভোজ্য ভোজনং কুর্য্যাদন্যথা নরকং ব্রজেৎ। অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ।।"*

অনিবেদিত-ত্যাগ—"অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ। তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদা।।"* হঃ ভঃ বিঃ ৯ম বিঃ ১০৮ সংখ্যা দ্রষ্টব্য।

বৈষ্ণবনিন্দা-বর্জ্জন—মধ্য, ১৫শ পঃ ২৬০ সংখ্যার অনুভাষ্য দ্রষ্টব্য।

৩৩৫। দিনকৃত্য—দিবসের কালোচিত কৃত্যসমূহ।

পক্ষকৃত্য—তিথিতে, বিশেষতঃ একাদশ্যাদিতে অনুষ্ঠান-যোগ্য কৃত্যসমূহ।

এইরূপে প্রার্থনা করত পাদুকা সমর্পণ করিয়া শ্রীকৃষ্ণকে শয়নস্থানে আনয়নপূর্ব্বক শয়নোপযোগী উপচারসমূহ রচনা করিতে হইবে। বিশেষতঃ শয়নস্থানে শর্করাযুক্ত ঘন দুগ্ধ, কর্পূরযুক্ত তাম্বূল, দিব্যমালা ও অনুলেপন অর্পণ করিতে হইবে।

* *বৈষ্ণবলক্ষণ—বিষ্ণুই যাঁহার অভীষ্ট দেবতা, তিনি বৈষ্ণব বলিয়া কথিত হন।*

✦ *সেবাপরাধ-খণ্ডন—যে মানব প্রত্যহ গীতাধ্যায় অধ্যয়ন করেন, তিনি প্রত্যহ দ্বাত্রিংশৎ (৩২) প্রকার অপরাধ হইতে মুক্ত হন। যিনি বিষ্ণুসহস্রনাম-মহিমা পাঠ করেন, অথবা শ্রবণও করেন, তিনি কখনও সহস্র অপরাধে লিপ্ত হন না। যিনি দ্বাদশীতে জাগরণপূর্ব্বক তুলসীস্তব পাঠ করেন, শ্রীকেশব তাঁহার দ্বাত্রিংশৎ অপরাধ মার্জ্জনা করেন। যিনি তুলসীদ্বারা শালগ্রাম-শিলার পূজা করেন, শ্রীকেশব তাঁহার দ্বাত্রিংশৎ অপরাধ ক্ষমা করেন।*

* *কৃষ্ণপ্রসাদ-ভোজন—শ্রীহরিকে ভোজন করাইয়া নিজে ভোজন করিবে, অন্যথা নরকগমন করিতে হইবে। শ্রীহরিকে পূজা না করিয়া ভোজন করিলে মানব নরকসমূহ লাভ করে।*

* *অনিবেদিত-ত্যাগ—অনিবেদিত দ্রব্য উপভোগ করিলে মানব প্রায়শ্চিত্ত-যোগ্য হয়, অতএব সর্ব্বদাই যাবতীয় দ্রব্য শ্রীবিষ্ণুকে নিবেদন করিয়া ভোজন করিবে।*

এই সবে বিদ্ধা-ত্যাগ, অবিদ্ধা-করণ ।
অকরণে দোষ, কৈলে ভক্তির লভন ॥ ৩৩৭ ॥

প্রভুকর্ত্তৃক সাত্বত পুরাণকে 'প্রমাণ' বলিয়া স্বীকার ঃ—

সর্ব্বত্র প্রমাণ দিবে পুরাণ-বচন ।
শ্রীমূর্ত্তি-বিষ্ণুমন্দিরকরণ-লক্ষণ ॥ ৩৩৮ ॥

হরিভক্তিবিলাসে সামান্য ও বৈষ্ণব সদাচার-বর্ণনে আজ্ঞা ঃ—

'সামান্য' সদাচার, আর 'বৈষ্ণব'-আচার ।
কর্ত্তব্যাকর্ত্তব্য 'স্মার্ত্ত' ব্যবহার ॥ ৩৩৯ ॥

সনাতনকে আশীর্ব্বাদ ঃ—

এই ত' সংক্ষেপে কহিলুঁ দিগ্‌দরশন ।
যবে তুমি লিখিবা, কৃষ্ণ করাবে স্ফুরণ ॥" ৩৪০ ॥

প্রভুমুখে সনাতন-শিক্ষা বা সনাতন-প্রতি প্রভুর কৃপা-প্রসাদ-শ্রবণে অনর্থ-নিবৃত্তি ও আত্মপ্রসাদোদয় ঃ—

এই ত' কহিলু প্রভুর সনাতনে প্রসাদ ।
যাহার শ্রবণে চিত্তের খণ্ডে অবসাদ ॥ ৩৪১ ॥

চৈতন্যচন্দ্রোদয়-নাটকে বর্ণিত ঃ—

নিজ-গ্রন্থে কর্ণপূর বিস্তার করিয়া ।
সনাতনে প্রভুর প্রসাদ রাখিয়াছে লিখিয়া ॥ ৩৪২ ॥

উপমাদ্বারা সনাতনের মহত্ত্ব-বর্ণন ঃ—
শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (৯।৩৪-৩৫)-শ্লোকে প্রতাপরুদ্র-প্রতি বার্ত্তাহারি-বাক্য—

গৌড়েন্দ্রস্য সভা-বিভূষণমণিস্ত্যক্ত্বা য ঋদ্ধাং শ্রিয়ং
রূপস্যাগ্রজ এষ এব তরুণীং বৈরাগ্যলক্ষ্মীং দধে ।
অন্তর্ভক্তিরসেন পূর্ণসরসো বাহ্যেঽবধূতাকৃতিঃ
শৈবালৈঃ পিহিতং মহা-সর ইব প্রীতিপ্রদস্তদ্বিদাম্ ॥৩৪৩॥
তং সনাতনমুপাগতমক্ষ্ণোর্দৃষ্টিমাত্রমতিমাত্রদয়ার্দ্রঃ ।
আলিলিঙ্গ পরিঘায়ত-দোর্ভ্যাং সানুকম্পমথ চম্পকগৌরঃ ॥৩৪৪

শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (৯।৩৮)—

কালেন বৃন্দাবনকেলি-বার্ত্তা লুপ্তেতি তাং খ্যাপয়িতুং বিশিষ্য ।
কৃপামৃতেনাভিষিষেচ দেবস্তত্রৈব রূপঞ্চ সনাতনঞ্চ ॥ ৩৪৫ ॥

শ্রীসনাতন-শিক্ষানুশীলনফলে অনর্থ-মুক্তি এবং সম্বন্ধ-জ্ঞান, অভিধেয় এবং প্রয়োজন-প্রাপ্তি ঃ—

এই ত' কহিলুঁ সনাতনে প্রভুর প্রসাদ ।
যাহার শ্রবণে চিত্তের খণ্ডে অবসাদ ॥ ৩৪৬ ॥
কৃষ্ণের স্বরূপগণের সকল হয় 'জ্ঞান' ।
বিধি-রাগ-মার্গে 'সাধনভক্তি'র বিধান ॥ ৩৪৭ ॥
'কৃষ্ণপ্রেম', 'ভক্তিরস' 'ভক্তির সিদ্ধান্ত' ।
ইহার শ্রবণে ভক্ত জানেন সব অন্ত ॥ ৩৪৮ ॥

অনুভাষ্য

মাসকৃত্য—দ্বাদশমাসের কৃত্যসমূহ।

একাদশ্যাদি বিবরণ—হঃ ভঃ বিঃ ১২ বিঃ দ্রষ্টব্য।

জন্মাষ্টম্যাদি-বিধি-বিচারণ—হঃ ভঃ বিঃ ১২ বিঃ দ্রষ্টব্য।

৩৪৭। একাদশীতে অরুণোদয়-বিদ্ধা ত্যাগ এবং অন্যব্রতে সূর্য্যোদয়-বিদ্ধা ত্যাগ করিয়া অবিদ্ধ ব্রতই পালনীয়। বিদ্ধ-ব্রত-পালন 'দোষ' এবং অবিদ্ধ ব্রতপালনেই 'ভক্তি' হয়। বিশেষ জানিতে হইলে হঃ ভঃ বিঃ ১২ ও ১৩ বিঃ দ্রষ্টব্য।

৩৪৩। গৌড়েন্দ্রস্য (গৌড়েশ্বরস্য) সভাবিভূষণমণিঃ (সভায়াং বিভূষণে অলঙ্করণে মণিঃ ইব) যঃ ঋদ্ধাং (সমৃদ্ধাং) শ্রিয়ং (রাজসম্পদং) ত্যক্ত্বা (পরিত্যজ্য) তরুণীং (নবীনাং) বৈরাগ্যলক্ষ্মীং (বৈরাগ্যসম্পত্তিং) দধে (আশ্রিতবান্) ; শৈবালৈঃ পিহিতম্ (আচ্ছাদিতং) মহাসরঃ (গভীর-সরোবরম্) ইব অন্তঃ (হৃদয়ে) ভক্তিরসেন (কৃষ্ণ-প্রেমরসেন) পূর্ণসরসঃ (রসিতঃ) বাহ্যে (বহিঃ) অবধূতাকৃতিঃ (অবধূতস্য পরমহংসস্য ইব আকৃতিঃ যস্য সঃ) রূপস্য অগ্রজঃ সঃ এষঃ (সনাতনঃ) এব তদ্বিদাং (ভক্তিতত্ত্বাভিজ্ঞানাং তত্ত্বকোবিদানাং বিদুষাং দেশিকানাং) প্রীতিপ্রদঃ (প্রেমভাক্) অভূৎ।

৩৪৪। অতিমাত্রদয়ার্দ্রঃ (নিরতিশয়য়া দয়য়া আর্দ্রঃ) চম্পক-

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৪৩। গৌড়েন্দ্র হুসেনসাহ পাতসাহার সভায় বিভূষণ-মণিস্বরূপ রূপাগ্রজ এই সনাতন সমৃদ্ধ-রাজশ্রী পরিত্যাগপূর্ব্বক নবীনবৈরাগ্য-লক্ষ্মী ধারণ করিয়াছিলেন। অন্তঃকরণে ভক্তিরসে পূর্ণরস, বাহিরে অবধূতাকার, শৈবালদ্বারা আচ্ছাদিত মহা-সরোবরের ন্যায় সেই শ্রীসনাতন ভক্তিতত্ত্ববিদ্‌গণের প্রীতিপ্রদ ছিলেন।

৩৪৪। সনাতন উপস্থিত হইলেন দেখিবামাত্র সেই চম্পক-বর্ণ গৌরসুন্দর অত্যন্ত দয়ার্দ্র হইয়া দুইহস্ত প্রসারিত করিয়া অনুকম্পা প্রকাশ করত আলিঙ্গন করিলেন।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে চতুর্ব্বিংশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

গৌরঃ (চম্পক-কুসুমবৎ পীতবর্ণঃ) অক্ষ্ণোঃ (নয়নয়োঃ) দৃষ্টি-মাত্রং (দর্শনমাত্রেণ) উপাগতং (হীনবেশেন সমায়াতং) তং সনাতনং পরিঘায়তদোর্ভ্যাং (পরিঘাভ্যাম্ ইব আয়তাভ্যাং দীর্ঘাভ্যাং দোর্ভ্যাং ভুজাভ্যাং) সানুকম্পম্ (অনুকম্পা যথা স্যাত্তথা কৃপয়েত্যর্থঃ) আলিলিঙ্গ।

৩৪৫। মধ্য, ১৯শ পঃ ১১৯ সংখ্যা দ্রষ্টব্য।

ইতি অনুভাষ্যে চতুর্ব্বিংশ পরিচ্ছেদ।

নিতাই-গৌর-অদ্বৈতের ঐকান্তিক ভক্তেরই কৃষ্ণপ্রেমধনলাভে যোগ্যতা ঃ—

শ্রীচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-চরণ ।
যাঁর প্রাণধন, সেই—পায় সেই ধন ॥ ৩৪৯ ॥

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩৫০ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে আত্মারামাশ্চেতি-শ্লোক-ব্যাখ্যায়াং সনাতনানুগ্রহো নাম চতুর্ব্বিংশঃ পরিচ্ছেদঃ।

পঞ্চবিংশ পরিচ্ছেদ

কথাসার—মহারাষ্ট্রীয় ব্রাহ্মণটী মহাপ্রভুর দাস ছিলেন। প্রভুর যশ শুনিলে তাঁহার আনন্দ হয়। একদিবস সন্ন্যাসীদিগকে ও মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া একত্রিত করত সন্ন্যাসীদিগকে মহাপ্রভুর কৃপাপাত্র করিয়াছিলেন ; উহা আদিলীলায় সপ্তম পরিচ্ছেদে লিখিত হইয়াছে। সেই দিবস হইতে বারাণসীপুরে প্রভুর মাহাত্ম্য প্রচারিত হইল। নগরবাসী অনেকেই প্রভুর অনুগত হইলেন। প্রকাশানন্দ সরস্বতীর কোন শিষ্য প্রভুর অনুগত ছিলেন। তিনি মায়াবাদের নিন্দা ও মহাপ্রভুর উপদিষ্ট শুদ্ধভক্তিবাদের মাহাত্ম্য বর্ণন করিলে, প্রকাশানন্দ-স্বামী নানা যুক্তিদ্বারা তাঁহার পক্ষ সমর্থন করিলেন। পঞ্চনদে স্নানের পর মহাপ্রভু ভক্তবৃন্দসহ বিন্দুমাধবের মন্দিরে কীর্ত্তন আরম্ভ করিলে সশিষ্যে প্রকাশানন্দ তথায় উপস্থিত হইলেন। প্রকাশানন্দ মহাপ্রভুর চরণ ধরিয়া পড়িয়া আপনার পূর্ব্ব কার্য্যের ধিক্কার এবং বেদান্ত-সঙ্গত ভক্তিতত্ত্বের বিষয় জিজ্ঞাসা করিলেন। মহাপ্রভু তাঁহাকে ব্রহ্ম-সম্প্রদায়-সিদ্ধ অপূর্ব্ব ভক্তিবাদ শিখাইয়া শ্রীমদ্ভাগবত যে ব্রহ্মসূত্রের ভাষ্য, তাহা দেখাইয়া দিলেন এবং চতুঃশ্লোকীর ব্যাখ্যায় সমস্ত তত্ত্ব বলিলেন। সেইদিন হইতে সন্ন্যাসিগণ 'ভক্ত' হইলেন। মহাপ্রভু সনাতনকে উপদেশ দিয়া এবং বৃন্দাবনে যাইতে আজ্ঞা করিয়া পুরুষোত্তমে যাত্রা করিলেন। তদনন্তর কবিরাজ-গোস্বামী শ্রীরূপ, শ্রীসনাতন ও সুবুদ্ধি-রায়ের ইতিহাস কিছু কিছু বর্ণন করিয়াছেন। ঝারিখণ্ড দিয়া মহাপ্রভু বলভদ্রের সহিত যাত্রা করিয়া শ্রীপুরুষোত্তমে উপস্থিত হইলেন। এই পরিচ্ছেদের শেষভাগে মধ্যলীলার প্রত্যেক অধ্যায়ের বিষয়গুলি বলিয়া শ্রীকবিরাজ-গোস্বামী সর্ব্বজীবকে এই শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিতে উপদেশ দিয়াছেন। (অঃ প্রঃ ভাঃ)

কৃষ্ণবিমুখ মায়াবাদীকে কৃষ্ণোন্মুখীকারী গৌরসুন্দর ঃ—

বৈষ্ণবীকৃত্য সন্ন্যাসিমুখান্ কাশীনিবাসিনঃ ।
সনাতনং সুসংস্কৃত্য প্রভুর্নীলাদ্রিমাগমৎ ॥ ১ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

সনাতনকে কাশীতে দুইমাসকাল শিক্ষা-প্রদান ঃ—

এই মত মহাপ্রভু দুই মাস পর্য্যন্ত ।
শিখাইলা তাঁরে ভক্তিসিদ্ধান্তের অন্ত ॥ ৩ ॥

পরমানন্দ কীর্ত্তনীয়ার প্রভুসেবা ঃ—

'পরমানন্দ কীর্ত্তনীয়া'—শেখরের সঙ্গী ।
প্রভুরে কীর্ত্তন শুনায়, অতি বড় রঙ্গী ॥ ৪ ॥

ভক্তবাঞ্ছাপূরণার্থই কাশীর মায়াবাদীর উদ্ধার-সাধন ঃ—

সন্ন্যাসীর গণ প্রভুরে যদি উপেক্ষিল ।
ভক্ত-দুঃখ খণ্ডাইতে তারে কৃপা কৈল ॥ ৫ ॥

পূর্ব্বে আদিলীলায় মায়াবাদীর উদ্ধার বর্ণিত, পুনঃ সংক্ষেপে বর্ণন ঃ—

সন্ন্যাসীরে কৃপা পূর্ব্বে লিখিয়াছোঁ বিস্তারিয়া ।
উদ্দেশে কহিয়েঁ ইঁহা সংক্ষেপ করিয়া ॥ ৬ ॥

মায়াবাদী সন্ন্যাসিগণের প্রভুনিন্দা ; মহারাষ্ট্রীয় বিপ্রের মনোদুঃখে তাঁহাদের কল্যাণ-চিন্তা ঃ—

যাঁহা তাঁহা প্রভুর নিন্দা করে সন্ন্যাসীর গণ ।
শুনি' দুঃখে মহারাষ্ট্রীয় বিপ্র করয়ে চিন্তন ॥ ৭ ॥

'প্রভুর স্বভাব,—যেবা দেখে সন্নিধানে ।
'স্বরূপ' অনুভবি' তাঁরে 'ঈশ্বর' করি' মানে ॥ ৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। সন্ন্যাসি-প্রভৃতি কাশীবাসীদিগকে 'বৈষ্ণব' করিয়া এবং সনাতনকে উত্তমরূপে সংস্কার করত প্রভু নীলাদ্রি আগমন করিলেন।

৬। পূর্ব্বে লিখিয়াছোঁ বিস্তারিয়া—আদি, ৭ম পঃ দ্রষ্টব্য।

অনুভাষ্য

১। প্রভুঃ (শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রঃ) কাশীনিবাসিনঃ (বারাণসী-বাস্তব্যান্) সন্ন্যাসিমুখান্ (তুর্য্যাশ্রমি-প্রমুখান্ প্রকাশানন্দাদীন্) বৈষ্ণবীকৃত্য (শুদ্ধভক্তিমার্গে সমানীয়) সনাতনং সুসংস্কৃত্য (সুবৈষ্ণববেশং দত্ত্বা চ) নীলাদ্রিং (শ্রীপুরুষোত্তমক্ষেত্রম্) আগমৎ।

কোনপ্রকারে পারোঁ যদি একত্র করিতে ।
ইহা দেখি' সন্ন্যাসিগণ হবে ইঁহার ভক্তে ॥ ৯ ॥
বারাণসী-বাস আমার হয় সর্ব্বকালে ।
সর্ব্বকাল দুঃখ পাব, ইহা না করিলে ॥' ১০ ॥

মায়াবাদী সন্ন্যাসিগণকে নিজালয়ে নিমন্ত্রণ ঃ—

এত চিন্তি' নিমন্ত্রিল সন্ন্যাসীর গণে ।
তবে সেই বিপ্র আইল মহাপ্রভুর স্থানে ॥ ১১ ॥

চন্দ্রশেখর এবং তপনমিশ্রেরও যুগপৎ প্রভুকে একই নিবেদন ঃ—

হেনকালে নিন্দা শুনি' শেখর, তপন ।
দুঃখ পাঞা প্রভু-পদে কৈলা নিবেদন ॥ ১২ ॥

ভক্তবাঞ্ছা-পূরণার্থ প্রভুর কৃপাভিলাষ ঃ—

ভক্ত-দুঃখ দেখি' প্রভু মনেতে চিন্তিল ।
সন্ন্যাসীর মন ফিরাইতে মন হইল ॥ ১৩ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রের আগমন ও প্রভুকে নিমন্ত্রণ ঃ—

হেনকালে বিপ্র আসি' করিল নিমন্ত্রণ ।
অনেক দৈন্যাদি করি' ধরিয়া চরণ ॥ ১৪ ॥

প্রভুর নিমন্ত্রণ স্বীকার ঃ—

তবে মহাপ্রভু তাঁর নিমন্ত্রণ মানিলা ।
আর দিন মধ্যাহ্ন করি' তাঁর ঘরে গেলা ॥ ১৫ ॥

মায়াবাদী সন্ন্যাসীর উদ্ধার—পূর্ব্বে আদিলীলায় ৭ম পঃ বর্ণিত ঃ—

তাঁহা যৈছে কৈলা প্রভু সন্ন্যাসী-নিস্তার ।
পঞ্চতত্ত্বাখ্যানে তাহা করিয়াছি বিস্তার ॥ ১৬ ॥

পুনরুক্তি ভয় ঃ—

গ্রন্থ বাড়ে, পুনরুক্তি হয় ত' কথন ।
তাঁহা যে না লিখিলুঁ, তাহা করিয়ে লিখন ॥ ১৭ ॥

মায়াবাদীর কৃপালাভ-দিবস হইতে বহু তার্কিকের প্রভুসহ তর্কার্থ সমাগম ঃ—

যে-দিবস প্রভু সন্ন্যাসীরে কৃপা কৈল ।
সে-দিবস হৈতে গ্রামে কোলাহল হৈল ॥ ১৮ ॥
লোকের সংঘট্ট আইসে প্রভুরে দেখিতে ।
নানা শাস্ত্রে পণ্ডিত আইসে শাস্ত্র বিচারিতে ॥ ১৯ ॥

শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ অকাট্য-যুক্তিবলে প্রভুকর্ত্তৃক সকলের কুতর্ক-খণ্ডন ঃ—

সর্ব্বশাস্ত্র খণ্ডি' প্রভু 'ভক্তি' করে সার ।
সযুক্তিক বাক্যে মন ফিরায় সবার ॥ ২০ ॥

সকলের প্রভু-শিক্ষা-লাভ ও হরিসঙ্কীর্ত্তন ঃ—

উপদেশ লঞা করে কৃষ্ণ-সঙ্কীর্ত্তন ।
সর্ব্বলোক হাসে, গায়, করয়ে নর্ত্তন ॥ ২১ ॥

সন্ন্যাসিগণের মায়াবাদ ছাড়িয়া কৃষ্ণকথালাপে ইষ্টগোষ্ঠী ঃ—

প্রভুরে প্রণত হৈল সন্ন্যাসীর গণ ।
আত্মমধ্যে গোষ্ঠী করে ছাড়ি' অধ্যয়ন ॥ ২২ ॥

প্রকাশানন্দ সরস্বতীর জনৈক শিষ্যের সভাস্থলে সমালোচনামুখে প্রভুকে 'নারায়ণ'-জ্ঞানে তাঁহার বেদান্তের চিদ্‌বিলাস-ব্যাখ্যার স্তুতি ও শঙ্করের মায়াবাদ-ব্যাখ্যার গর্হণোক্তি ঃ—

প্রকাশানন্দের শিষ্য এক তাঁহার সমান ।
সভামধ্যে কহে প্রভুর করিয়া সম্মান ॥ ২৩ ॥
"শ্রীকৃষ্ণচৈতন্য হয় 'সাক্ষাৎ নারায়ণ' ।
'ব্যাসসূত্রের' অর্থ করেন অতি মনোরম ॥ ২৪ ॥
উপনিষদের করেন মুখ্যার্থ ব্যাখ্যান ।
শুনিয়া পণ্ডিত-লোকের জুড়ায় মন-কাণ ॥ ২৫ ॥
সূত্র-উপনিষদের মুখ্যার্থ ছাড়িয়া ।
আচার্য্য 'কল্পনা' করে আগ্রহ করিয়া ॥ ২৬ ॥
আচার্য্য-কল্পিত অর্থ যে পণ্ডিত শুনে ।
মুখে 'হয়' 'হয়' করে, হৃদয় না মানে ॥ ২৭ ॥

জ্ঞানমার্গে ফল্গুবৈরাগ্যের দ্বারা মায়া অজেয়া ঃ—

শ্রীকৃষ্ণচৈতন্য-বাক্য দৃঢ় সত্য মানি ।
কলিকালে সন্ন্যাসে 'সংসার' নাহি জিনি ॥ ২৮ ॥

প্রভু 'হরের্নাম' শ্লোকার্থ-ব্যাখ্যার প্রশংসা ঃ—

হরের্নাম-শ্লোকের যেই করিলা ব্যাখ্যান ।
সেই সত্য সুখদার্থ পরম প্রমাণ ॥ ২৯ ॥

ভক্তিই মুক্তিদাত্রী ও নামাভাসই মুক্তিপ্রদ ঃ—

ভক্তি বিনা মুক্তি নহে, ভাগবতে কয় ।
কলিকালে নামাভাসে সুখে মুক্তি হয় ॥ ৩০ ॥

অনুভাষ্য

১৬। আদি ৭ম পঃ—পঞ্চতত্ত্বাখ্যান-প্রসঙ্গে এই লীলা বিস্তৃতভাবে বর্ণিত হইয়াছে।

২২। সন্ন্যাসিগণ নিজ-নিজ-বেদান্ত-পঠন পরিত্যাগ করিয়া নিজ-গোষ্ঠীমধ্যে মিলিত হইয়া মহাপ্রভু প্রদর্শিত ভক্তিপথ-সম্বন্ধে আলাপ করিতে প্রবৃত্ত হইলেন।

অমৃতপ্রবাহ ভাষ্য

২৬। আচার্য্য—শঙ্করাচার্য্য ।

শ্রীমদ্ভাগবতে (১০।১৪।৪)—

শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো
ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে
নান্যদ্ যথা স্থূলতুষাবঘাতিনাম্ ॥ ৩১ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।২।৩২)—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥৩২

ব্রহ্ম-শব্দের প্রকৃত অর্থ ঃ—

'ব্রহ্ম'-শব্দে কহে 'ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্'।
তাঁরে 'নির্ব্বিশেষ' স্থাপি, 'পূর্ণতা' হয় হান ॥ ৩৩ ॥

শ্রুতি ও পুরাণে অবরোহ-পন্থায় অপ্রাকৃত চিদ্বিলাস-দর্শন, তর্ক-মূলক আরোহপন্থায় মায়াতীত চিদ্বিলাসকে মায়িক জড়-বিলাস-জ্ঞানই পাষণ্ডতা বা মহাপরাধ ঃ—

শ্রুতি-পুরাণ কহে,—কৃষ্ণের চিচ্ছক্তি-বিলাস।
তাহা নাহি মানি' পণ্ডিত করে উপহাস ॥ ৩৪ ॥
চিদানন্দ কৃষ্ণবিগ্রহে 'মায়িক' করি' মানি।
এই বড় 'পাপ',—সত্য চৈতন্যের বাণী ॥ ৩৫ ॥

নির্ব্বিশেষ-রূপ অপেক্ষা বা চিদ্বিলাসময় রূপের পরতমত্ব ঃ—

শ্রীমদ্ভাগবতে (৩।৯।৩)—

নাতঃ পরং পরম যদ্ভবতঃ স্বরূপ-
মানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চ্চঃ।
পশ্যামি বিশ্বসৃজমেকমবিশ্বমাত্মন্
ভূতেন্দ্রিয়াত্মকমদস্ত উপাশ্রিতোঽস্মি ॥ ৩৬ ॥

নির্ব্বিশেষবাদীর 'মায়াধীশ' ভগবদ্বিগ্রহকে 'মায়িক' বলিয়া জ্ঞান নিরয়জনক ঃ—

শ্রীমদ্ভাগবতে (৩।৯।৪)—

তদ্বা ইদং ভুবনমঙ্গল মঙ্গলায়
ধ্যানে স্ম নো দর্শিতং ত উপাসকানাম্।
তস্মৈ নমো ভগবতেঽনুবিধেম তুভ্যং
যোঽনাদৃতো নরকভাগ্‌ভিরসৎপ্রসঙ্গৈঃ ॥ ৩৭ ॥

অনুভাষ্য

৩১। মধ্য, ২২শ পঃ ২২ সংখ্যা দ্রষ্টব্য।

৩২। মধ্য, ২২শ পঃ ৩০ সংখ্য দ্রষ্টব্য।

৩৩। ভগবান্‌কে 'নির্ব্বিশেষ' বলিয়া স্থাপন করিলে তাঁহার অপ্রাকৃত সবিশেষত্বের অভাবে পূর্ণশক্তিমত্তায় ব্যাঘাত হয়। নির্ব্বিশেষত্ব—একটী শক্তির অপূর্ণ পরিচয় মাত্র।

৩৪। বেদশাস্ত্র ও পুরাণসকল কৃষ্ণের চিচ্ছক্তিবিলাসের পরমনিত্যত্ব স্থাপন করেন। নিজ-ভোগময় জড়-পাণ্ডিত্যদ্বারা আত্মম্ভরিতা-ক্রমে পণ্ডিতাভিমানী জ্ঞানী 'চিচ্ছক্তির বিলাস হইতে পারে না এবং উহা মায়াশক্তির অন্যতম',—এইরূপ অসজ্জ্ঞানে ভ্রান্ত হইয়া উপহাস করে।

৩৫। নির্ব্বিশেষবাদী সচ্চিদানন্দ কৃষ্ণবিগ্রহকে মায়া-কল্পিত ও মায়ানির্ম্মিত ঈশ্বরবিগ্রহ মনে করিয়া ভগবানের নিত্য সবিশেষত্ব বুঝিতে অক্ষম হয়। এই দাম্ভিকতা বা নাস্তিকতাই গুরুতর অপরাধ। শ্রীমন্মহাপ্রভুর বাক্যে সবিশেষ সচ্চিদানন্দ কৃষ্ণবিগ্রহ—নিত্য-সত্য-চিদ্বিলাসময়, তাহাই বাস্তব সত্য।

৩৬। গর্ভোদশায়ীর নাভি হইতে ব্রহ্মা উৎপন্ন হইয়াও ঐ পুরুষকে জানিতে না পারায়, জলে প্রবিষ্ট হইয়া তপস্যা-দ্বারা ভগবান্‌কে স্তব করিতে করিতে নিম্নস্থ শ্লোকদ্বয়ে তাঁহার নির্ব্বিশেষ রূপ অপেক্ষা সবিশেষ চিদ্বিলাসময় সচ্চিদানন্দ বিগ্রহের শ্রেষ্ঠত্ব বর্ণন করিতেছেন,—

হে পরম (পরমেশ), অবিদ্ধবর্চ্চঃ (অবিদ্ধং প্রকৃত্যা অনাক্রান্তং বর্চ্চঃ তেজঃ যস্য তৎ মায়াতীত-স্বরূপত্বাৎ অনাবৃত-প্রকাশম্ অতঃ) অবিকল্পং (ন বিদ্যতে বিচিত্রঃ কল্পঃ সৃষ্টিঃ যত্র

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৬। হে পরম, তোমার এই আনন্দমাত্র অবিকল্প এবং মায়াতীত তেজঃস্বরূপ,—যে স্বরূপ এখন আমি দেখিতেছি, ইহা হইতে শ্রেষ্ঠস্বরূপ আর নাই। হে আত্মন্, বিশ্বসৃজনকারী অথচ বিশ্ব হইতে পৃথক্ ভূতেন্দ্রিয়াত্মক তোমার এই যে রূপ দেখিতেছি,—ইহাকে আমি উপাশ্রয় (প্রপত্তি) করিতেছি।

৩৭। হে ভুবনমঙ্গল, আমাদের মঙ্গলের জন্য আমাদের উপাসনার যোগ্য তোমার এই স্বরূপ,—যাহা তুমি ধ্যানে দেখাইলে, সেই ভগবৎস্বরূপকে—আমরা নমস্কার এবং পরিচর্য্যা করি। অসৎপ্রসঙ্গ-দূষিত নরকভাক্ ব্যক্তিগণ এই নিত্যমূর্ত্তির আদর করে না।

অনুভাষ্য

তম্ অদ্বয়জ্ঞানম্) আনন্দমাত্রম্ (আনন্দং নির্ব্বিশেষচিদ্রূপং ব্রহ্ম মাত্রা অংশঃ যস্য তৎ) যৎ ভবতঃ (তব) স্বরূপং (পূর্ণভগবদ্রূপং) তৎ অতঃ (রূপাৎ) পরং (ভিন্নং) ন পশ্যামি। হে আত্মন্ (পর-মাত্মন্), বিশ্বসৃজং (বিশ্বসৃষ্টি-কর্ত্তারম্) একম্ (অদ্বিতীয়ম্) অবিশ্বং (নশ্বরাৎ বিশ্বস্মাৎ অন্যৎ ভিন্নম্ অক্ষয়ত্বাৎ) ভূতেন্দ্রিয়া-ত্মকং (ভূতানাম্ ইন্দ্রিয়াণাং চ আত্মকং কারণম্) তে (তব) অদঃ (অপ্রাকৃতং) রূপম্ উপাশ্রিতঃ অস্মি (শরণং যামি)।

৩৭। হে ভুবনমঙ্গল (জীবৈককল্যাণনিলয়,) তৎ বৈ (তদেব ইদং রূপম্) উপাসকানাং নঃ (অস্মাকং) মঙ্গলায় ধ্যানে তে (ত্বয়া) দর্শিতং স্ম। অসৎপ্রসঙ্গৈঃ (শ্রৌতমার্গবিরোধি-নির্ব্বিশেষ-ব্রহ্ম-বিচারপর-কুতর্কনিষ্ঠৈঃ অজ্ঞানকল্পিতবাক্যৈঃ) নরকভাগ্‌ভিঃ (নরকগামিভিঃ কৈশ্চিৎ নাস্তিকৈঃ) যঃ (পুরুষঃ ত্বং) ন আদৃতঃ

অপ্রাকৃত কৃষ্ণকে নরাকৃতি দেখিয়াই পাষণ্ডগণের প্রাকৃত মর্ত্ত্যবুদ্ধি ঃ—

শ্রীমদ্ভগবদ্‌গীতায় (৯।১১)—

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্ ।
পরং ভাবমজানন্তঃ সর্ব্বভূতমহেশ্বরম্ ॥ ৩৮ ॥

পাষণ্ডিগণের গতি ঃ—

শ্রীমদ্ভগবদ্‌গীতায় (১৬।১৯)—

তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্ ।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥ ৩৯ ॥

গুর্ব্ববজ্ঞা বা গুরু-বিরোধমূলে তর্কপন্থায় শ্রৌতপন্থা শক্তি-পরিণামের অস্বীকার-হেতু বিবর্ত্তবাদ ঃ—

সূত্রের পরিণামবাদ, তাহা না মানিয়া ।
'বিবর্ত্তবাদ' স্থাপে, 'ব্যাস ভ্রান্ত' বলিয়া ॥ ৪০ ॥

বিবর্ত্তবাদাশ্রয়ে লক্ষণা-বৃত্তিতে বেদান্তোপনিষদের কল্পিত অর্থদ্বারা অসুর-পাষণ্ড-মোহন ঃ—

এই ত' কল্পিত অর্থ মনে নাহি ভায় ।
শাস্ত্র ছাড়ি' কুকল্পনা পাষণ্ডে বুঝায় ॥ ৪১ ॥

পরমার্থ ভগবৎকৃপা ছাড়িয়া বন্ধ্যা বিতণ্ডার আশ্রয় ঃ—

পরমার্থ-বিচার গেল, করি মাত্র 'বাদ' ।
কাঁহা মুক্তি পাব, কাঁহা কৃষ্ণের প্রসাদ ॥ ৪২ ॥

শাঙ্করভাষ্য-মেঘকর্ত্তৃক বেদান্ত-সূর্য্যাচ্ছাদন ঃ—

ব্যাসসূত্রের অর্থ আচার্য্য করিয়াছে আচ্ছাদন ।
এই হয় সত্য শ্রীকৃষ্ণচৈতন্য-বচন ॥ ৪৩ ॥

চৈতন্য-মতই 'সার' ; অদ্বৈতের মত, সবই 'অসার' ঃ—

চৈতন্য-গোসাঞি যেই কহে, সেই মত সার ।
আর যত মত, সেই সব ছারখার ॥" ৪৪ ॥

গৌরভক্ত প্রকাশানন্দের উক্তি ; উদ্ধারান্তে তাঁহার 'প্রবোধানন্দ' নামপ্রাপ্তির প্রমাণাভাব ঃ—

এত কহি' সেই করে কৃষ্ণসঙ্কীর্ত্তন ।
শুনি' প্রকাশানন্দ কিছু কহেন বচন ॥ ৪৫ ॥

'কেবলাদ্বৈতবাদ স্থাপনার্থ শঙ্করের সাত্বতশাস্ত্র-খণ্ডনচেষ্টায় 'প্রচ্ছন্ন-নাস্তিকতা' বা ভগবদ্-অবিশ্বাস ঃ—

"আচার্য্যের আগ্রহ—'অদ্বৈতবাদ' স্থাপিতে ।
তাতে সূত্রের ব্যাখ্যা করে অন্য রীতে ॥ ৪৬ ॥
'ভগবত্তা' মানিতে 'অদ্বৈত' না যায় স্থাপন ।
অতএব সব শাস্ত্র করয়ে খণ্ডন ॥ ৪৭ ॥

কুতর্কমূলক মতবাদের ফল ঃ—

যেই গ্রন্থকর্ত্তা চাহে স্ব-মত স্থাপিতে ।
শাস্ত্রের সহজ অর্থ নহে তাঁহা হৈতে ॥ ৪৮ ॥

ষড়্‌বিধ দার্শনিকের বিভিন্ন মতবাদ ও বৈদিক মত ঃ—

'মীমাংসক' কহে,—'ঈশ্বর হয় কর্ম্মের অঙ্গ ।'
'সাংখ্য' কহে,—'জগতের প্রকৃতি কারণ ॥' ৪৯ ॥
'ন্যায়' কহে,—'পরমাণু হৈতে বিশ্ব হয় ।'
'মায়াবাদী'—নির্ব্বিশেষ-ব্রহ্মে 'হেতু' কয় ॥ ৫০ ॥
'পাতঞ্জল' কহে,—'ঈশ্বর হয় স্বরূপ-আখ্যান ।'
বেদমতে কহে তাঁরে—'স্বয়ং ভগবান্' ॥ ৫১ ॥

ব্যাসকর্ত্তৃক ব্রহ্মসূত্রে সর্ব্বমতবাদ-খণ্ডন ঃ—

ছয়ের ছয় মত ব্যাস কৈলা আবর্ত্তন ।
সেই সব সূত্র লঞা 'বেদান্ত'-বর্ণন ॥ ৫২ ॥

'বেদান্ত'-মতে ব্রহ্ম—চিদ্বিলাস সবিশেষ বা সচ্চিদানন্দময় বিগ্রহ ঃ—

'বেদান্ত'-মতে,—ব্রহ্ম 'সাকার' নিরূপণ ।
'নির্গুণ'—ব্যতিরেকে, তিঁহো হয় ত' 'সগুণ' ॥ ৫৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৮। মনুষ্যের আকারধারী আমাকে মূঢ়লোকগণ অবজ্ঞা করে, অর্থাৎ আমার নিত্য চিন্ময়দেহকে মায়াশ্রিত বোধ করিয়া অবজ্ঞা করে ; কেননা, তাহারা সর্ব্বভূতমহেশ্বরস্বরূপ কৃষ্ণমূর্ত্তির সর্ব্বোত্তম চিন্ময় স্বভাবকে জানে না।

৩৯। আমার শ্রীমূর্ত্তিবিদ্বেষী ক্রূর নরাধমদিগকে এই সংসারে আসুরী প্রভৃতি যোনিতে আমি মুহুর্মুহুঃ নিক্ষেপ করি।

অনুভাষ্য

(নৈব স্বীকৃতঃ), তস্মৈ ভগবতে তুভ্যং নমঃ অনুবিধেম (বয়ম্ অনুবৃত্ত্যা নমস্করবাম)।

৩৮। সর্ব্বভূতমহেশ্বরং (সর্ব্বপ্রাণিনামধীশ্বরং মম) পরং ভাবম্ (অপ্রাকৃত-রসবিগ্রহ-তত্ত্বম্) অজানন্তঃ মূঢ়াঃ (অক্ষজজ্ঞান-মুগ্ধাঃ) মানুষীং (ভক্তেচ্ছাবশাৎ ভক্তাহ্লাদন-নিমিত্তাৎ মনুষ্যাকারাং) তনুং (শুদ্ধসত্ত্বময়ীমপি) আশ্রিতং (ধৃতং) মাম্ (অবতীর্ণম্) অবজানন্তি (অবমন্যন্তে)।

৩৯। [মাং] দ্বিষতঃ (দ্বেষপরায়ণান্) ক্রূরান্ (হিংস্রান্) অশুভান্ (নিষিদ্ধাচাররতান্) নরাধমান্ তান্ (জনান্) এব সংসারেষু (জন্মমৃত্যুমার্গেষু) আসুরীষু যোনিষু (হিংসালোভসমন্বিতাসু তির্য্যক্-পশ্বাদি-যোনিষু) অজস্রং (পুনঃ পুনঃ) অহং ক্ষিপামি (তেষাং ভীষণাপরাধানাং তাদৃশমেব ফলং দদামীত্যর্থঃ)।

৪০। আদি, ৭ম পঃ ১২১-১২৬ সংখ্যা দ্রষ্টব্য।

অমৃতপ্রবাহ ভাষ্য

৪৫-৫৫। অন্য সন্ন্যাসীর ভক্তিসাপেক্ষ বচন শ্রবণ করত প্রকাশানন্দ সরস্বতী কহিতেছেন,—'শঙ্করাচার্য্যের অদ্বৈতবাদ-স্থাপনে আগ্রহাতিশয়প্রযুক্ত সূত্রের অন্যপ্রকার ব্যাখ্যা কৃত

পরমত-খণ্ডনপূর্ব্বক নিজ-নিজ মতবাদ স্থাপনচেষ্টা ঃ—

পরম কারণ ঈশ্বরে কেহ নাহি মানে ।
স্ব-স্ব-মত স্থাপে পরমতের খণ্ডনে ॥ ৫৪ ॥

অনিশ্চয়তামূলক মনোধর্ম্মী তর্কপন্থী ষড়্দর্শন ছাড়িয়া শ্রৌতপন্থী মহাজন বা শুদ্ধভক্তই আশ্রয়িতব্য ঃ—

তাতে ছয় দর্শন হৈতে 'তত্ত্ব' নাহি জানি ।
'মহাজন' যেই কহে, সেই 'সত্য' মানি ॥ ৫৫ ॥

মহাভারত বনপর্ব্বে (৩১৩।১১৭)—

তর্কোঽপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্না নাসাবৃষির্যস্য মতং ন ভিন্নম্ ।
ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ স পন্থাঃ ॥৫৬

চৈতন্যসিদ্ধান্তবাণীই অনুসরণীয়া ঃ—

শ্রীকৃষ্ণচৈতন্য-বাণী—অমৃতের ধার ।
তিঁহো যে কহয়ে বস্তু, সেই 'তত্ত্ব'—সার ॥" ৫৭ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রের প্রভুকে শুভ-সন্দেশ-জ্ঞাপনার্থ যাত্রা ঃ—

এ সব বৃত্তান্ত শুনি' মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ ।
প্রভুরে কহিতে সুখে করিলা গমন ॥ ৫৮ ॥

কাশীতে দৈনিক নিয়মানুসারে পঞ্চনদে স্নানানন্তর প্রভুর শ্রীবিন্দুমাধব-দর্শনে যাত্রা ঃ—

হেনকালে মহাপ্রভু পঞ্চনদে স্নান করি' ।
দেখিতে চলিয়াছেন 'বিন্দুমাধব হরি' ॥ ৫৯ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রমুখে ভক্ত-প্রকাশানন্দের কথা-শ্রবণে প্রভুর সুখ ঃ—

পথে সেই বিপ্র সব বৃত্তান্ত কহিল ।
শুনি' মহাপ্রভু সুখে ঈষৎ হাসিল ॥ ৬০ ॥

শ্রীবিন্দুমাধব-দর্শনে প্রভুর আবেশ ও নৃত্য ঃ—

মাধব-সৌন্দর্য্য দেখি' আবিষ্ট হইলা ।
অঙ্গনেতে আসি' প্রেমে নাচিতে লাগিলা ॥ ৬১ ॥

চারি ভক্তের সঙ্কীর্ত্তন ঃ—

শেখর, পরমানন্দ, তপন, সনাতন ।
চারিজন মিলি' করে নাম-সঙ্কীর্ত্তন ॥ ৬২ ॥

নাম-সঙ্কীর্ত্তন ঃ—

"হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন ॥" ৬৩ ॥

চতুর্দ্দিকে অসংখ্য লোকের হরিধ্বনি ঃ—

চৌদিকেতে লক্ষ লোক বলে 'হরি' 'হরি' ।
উঠিল মঙ্গলধ্বনি স্বর্গ-মর্ত্ত্য ভরি' ॥ ৬৪ ॥

সশিষ্য প্রকাশানন্দের তথায় আগমন ঃ—

নিকটে হরিধ্বনি শুনি' প্রকাশানন্দ ।
দেখিতে কৌতুকে আইলা লঞা শিষ্যবৃন্দ ॥ ৬৫ ॥

প্রভুর নৃত্য ও প্রেম-মাধুর্য্যদর্শনে তাঁহারও কীর্ত্তন ঃ—

দেখিয়া প্রভুর নৃত্য, প্রেম, দেহের মাধুরী ।
শিষ্যগণ-সঙ্গে সেই বলে 'হরি' 'হরি' ॥ ৬৬ ॥

ভাব-দর্শনে কাশীবাসীর বিস্ময় ঃ—

হর্ষ, দৈন্য, চাপল্যাদি 'সঞ্চারী' বিকার ।
দেখি' কাশীবাসী লোকের হৈল চমৎকার ॥ ৬৭ ॥

লোকসংঘট্ট ও সন্ন্যাসি-দর্শনে প্রভুর ভাব-নৃত্য সম্বরণ ঃ—

লোকসংঘট্ট দেখি' প্রভুর 'বাহ্য' যবে হৈল ।
সন্ন্যাসীর গণ দেখি' নৃত্য সম্বরিল ॥ ৬৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

হইয়াছে। ভগবত্তা মানিলে 'অদ্বৈতবাদ' থাকে না। এইজন্য আচার্য্য ভগবত্তত্ত্ব-প্রতিপাদক অন্য সকল শাস্ত্রের খণ্ডন করিতে চেষ্টা করিয়াছেন, নিজমত-স্থাপনের জন্য শাস্ত্রের সহজ অর্থ পরিত্যাগ করাই 'মতবাদে'র নিয়ম। দেখ (১) জৈমিন্যাদি **মীমাংসকগণ** বেদের মূলতাৎপর্য্য যে ভক্তি, তাহা ত্যাগ করিয়া **ঈশ্বরকে 'কর্ম্মের অঙ্গ'** করিয়া ফেলিয়াছেন। (২) **কপিলাদি নিরীশ্বর সাংখ্যকার** প্রকৃত বেদার্থ পরিত্যাগপূর্ব্বক **প্রকৃতিকে জগৎকারণ** বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। (৩) **গৌতম ও কণাদাদি ন্যায় ও বৈশেষিক-শাস্ত্রে পরমাণুকেই বিশ্বকারণ** বলিয়াছেন। (৪) সেইরূপ **অষ্টাবক্রাদি মায়াবাদী নির্ব্বিশেষ-ব্রহ্মকেই জগতের কারণ** বলিয়া দেখাইয়াছেন। (৫) **পতঞ্জলি** প্রভৃতি রাজযোগী তাঁহার **যোগশাস্ত্রোক্ত কল্পনাময় ঈশ্বরকে 'স্বরূপ-তত্ত্ব'** বলিয়া স্থাপন করিয়াছেন। এইসকল মতবাদপরায়ণ আচার্য্যগণ বেদসিদ্ধ স্বয়ং ভগবান্‌কে পরিত্যাগ করিয়া তাঁহার খণ্ডভাবে (খণ্ড-প্রতীতিময়) একটী একটী 'মত' স্থাপন করিয়াছেন। ষড়্দর্শনের ছয় মত উত্তমরূপে আলোচনাপূর্ব্বক তত্তন্মত খণ্ডন করিয়া শ্রীব্যাসদেব **ভগবৎপ্রতিপাদক বেদসূত্র-সকল অবলম্বনপূর্ব্বক বেদান্তসূত্র** নির্ম্মাণ করিয়াছেন। **বেদান্ত-মতে, ব্রহ্ম—সচ্চিদানন্দ-স্বরূপ সাকার।** নির্ব্বিশেষবাদিগণ ব্রহ্মকে 'নির্গুণ' এবং বিশেষ-স্থলে ভগবান্‌কে 'সগুণ' (ত্রিগুণময়) বলিয়া প্রতিপাদন করেন ; বস্তুতঃ তত্ত্ববস্তু কেবল নির্গুণ বা ত্রিগুণাতীত নহেন ; পরন্তু তিনি—অনন্তচিদ্‌গুণরাশির আধার 'সগুণ' বিগ্রহ। মতবাদিগণের মতে পরমকারণ ঈশ্বর (বিষ্ণুকে) পাওয়া যায় না অর্থাৎ কেহই সর্ব্বেশ্বরেশ্বর সর্ব্বকারণকারণ বিষ্ণুকে মানেন না, (অথচ পর-মতখণ্ডনপূর্ব্বক নিজ নিজ মতবাদ স্থাপন করিতে প্রয়াস করিয়াছেন) ; অতএব মহাজন যাহা বলেন, তাহাই 'সত্য' বলিয়া জানিতে হইবে।

অনুভাষ্য

৫৬। মধ্য, ১৭শ পঃ ১৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

প্রভু ও প্রকাশানন্দ, উভয়ের পরস্পর বন্দনা ঃ—

প্রকাশানন্দের প্রভু বন্দিলা চরণ ।
প্রকাশানন্দ আসি' তাঁর ধরিল চরণ ॥ ৬৯ ॥

প্রভুর দৈন্য-জ্ঞাপন ঃ—

প্রভু কহে,—"'তুমি জগদ্গুরু পূজ্যতম ।
আমি তোমার না হই 'শিষ্যের শিষ্য' সম ॥ ৭০ ॥
শ্রেষ্ঠ হঞা কেনে কর হীনের বন্দন ।
আমার সর্ব্বনাশ হয়, তুমি ব্রহ্ম-সম ॥ ৭১ ॥
যদ্যপি তোমার সব ব্রহ্ম-সম ভাসে ।
লোকশিক্ষা লাগি' ঐছে করিতে না আইসে ॥" ৭২ ॥

প্রভুপদস্পর্শে প্রকাশানন্দের অপরাধ-মোচন জ্ঞাপন ঃ—

তেঁহো কহে,—"তোমার নিন্দা পূর্ব্বে যে করিল ।
তোমার চরণ-স্পর্শে, সব ক্ষয় গেল ॥ ৭৩ ॥

মুক্তগণেরও ভগবদপরাধফলে বন্ধন-দশা ঃ—

বাসনা-ভাষ্য-ধৃত পরিশিষ্ট-বচন—

জীবন্মুক্তা অপি পুনর্যান্তি সংসারবাসনাম্ ।
যদ্যচিন্ত্যমহাশক্তৌ ভগবত্যপরাধিনঃ ॥ ৭৪ ॥

ভগবৎপাদস্পর্শে অপরাধ-মোচন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৩৪।৯)—

স বৈ ভগবতঃ শ্রীমৎপাদস্পর্শহতাশুভঃ ।
ভেজে সর্পবপুর্হিত্বা রূপং বিদ্যাধরার্চ্চিতম্ ॥" ৭৫ ॥

স্বয়ং ভগবান্ হইয়াও লোকশিক্ষার্থ প্রভুর জগদ্গুরু আচার্য্যরূপে আপনাকে দীন জীবাভিমান ঃ—

প্রভু কহে,—"'বিষ্ণু' 'বিষ্ণু', আমি ক্ষুদ্র জীব হীন ।
জীবে বিষ্ণু মানি—এই অপরাধ-চিহ্ন ॥ ৭৬ ॥

পাষণ্ডের কার্য্য বা পরিচয় ঃ—

জীবে 'বিষ্ণু' বুদ্ধি করে—যেই ব্রহ্ম-রুদ্র-সম ।
নারায়ণে মানে, তারে 'পাষণ্ডীতে' গণন ॥ ৭৭ ॥

শাস্ত্র-প্রমাণ ঃ—

বৈষ্ণবতন্ত্র-বাক্য ও পাদ্মোত্তর-খণ্ডে (২৩।১২)—

যস্তু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ ।
সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেদ্ধ্রুবম্ ॥" ৭৮ ॥

প্রভুর প্রতি প্রকাশানন্দের দৃঢ় বিশ্বাস বা শ্রদ্ধা ঃ—

প্রকাশানন্দ কহে,—"তুমি সাক্ষাৎ ভগবান্ ।
তবু যদি কর তাঁর 'দাস'-অভিমান ॥ ৭৯ ॥
তবু পূজ্য হও তুমি আমা সবা হৈতে ।
সর্ব্বনাশ হয়, এই তোমার নিন্দাতে ॥ ৮০ ॥

শ্রীমদ্ভাগবতে (৬।১৪।৫)—

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ ।
সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥ ৮১ ॥

মহৎ বা বৈষ্ণবের নিন্দায় সর্ব্বনাশ ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৪।৪৬)—

আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ ॥ ৮২ ॥

শ্রীমদ্ভাগবতে (৭।৫।৩২)—

নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ ।
মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥৮৩॥

অহঙ্কার ত্যাগপূর্ব্বক কৃষ্ণচরণে প্রণামফলে শুদ্ধভক্তি-লাভ ঃ—

এবে তোমার পাদাব্জে উপজিবে ভক্তি ।
তথি লাগি' করি তোমার চরণে প্রণতি ॥" ৮৪ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৪। জীবন্মুক্তগণও যদি অচিন্ত্যমহাশক্তি ভগবানে অপরাধী হন, তাহা হইলে তাঁহারা পুনরায় সংসার-বাসনায় পতিত হন।

৭৫। সেই সর্প শ্রীকৃষ্ণের পাদস্পর্শে বিগতাশুভ হইয়া সর্প-শরীর পরিত্যাগপূর্ব্বক বিদ্যাধরদিগের অর্চ্চিত পূর্ব্বরূপ প্রাপ্ত হইল।

অনুভাষ্য

৭৪। অচিন্ত্যমহাশক্তৌ (অপ্রাকৃত-চিচ্ছক্তিমতি) ভগবতি (অধোক্ষজে) যদি অপরাধিনঃ ভবন্তিঃ, তদা জীবন্মুক্তাঃ অপি পুনঃ সংসারবাসনাং (ভোগবাসনামূলম্ অনর্থং) যান্তি (লভন্তে)।

৭৫। ব্রজে একদা দেবযাত্রানুষ্ঠান-ক্রিয়ায় গোপ-রাজ শ্রীনন্দ সবান্ধবে সরস্বতী নদীতীরে উপস্থিত হইয়া ব্রতধারণপূর্ব্বক স্বয়ং বনমধ্যে শয়ান ছিলেন, এমন সময় অঙ্গিরস-ঋষিগণকে উপহাস-ফলে তাঁহাদের অভিশাপে সর্প-যোনিপ্রাপ্ত সুদর্শন-নামক গন্ধর্ব্ব নন্দকে আক্রমণ করায়, নন্দের কাতর আহ্বানে কৃষ্ণ আসিয়া উহাকে চরণদ্বারা প্রহার করিয়া নন্দকে সর্পকবল হইতে রক্ষা করেন। কৃষ্ণ-চরণ-স্পর্শফলে সর্পের যে অশুভ দূর হইয়াছিল, তাহা শ্রীশুক পরীক্ষিৎকে বর্ণন করিতেছেন,—

সঃ (সর্পঃ) বৈ ভগবতঃ (কৃষ্ণস্য) শ্রীমৎপাদস্পর্শহতাশুভঃ (শ্রীমতঃ পাদস্য স্পর্শেন হতম্ অশুভম্—অঙ্গিরসাং বিরূপ-দর্শনাৎ তান্ উপহসনেন তেভ্যঃ শাপরূপং যস্য তথাভূতঃ সন্) সর্পবপুঃ (সর্পযোনিমিত্যর্থঃ) হিত্বা (পরিত্যজ্য) বিদ্যাধরার্চ্চিতং (বিদ্যাধরেষু অর্চ্চিতং পূজিতং) রূপং ভেজে (প্রাপ)।

৭৮। মধ্য, ১৮শ পঃ ১১৬ সংখ্যা দ্রষ্টব্য।

৮১। মধ্য, ১৯শ পঃ ১৫০ সংখ্যা দ্রষ্টব্য।

৮২। মধ্য, ১৫শ পঃ ২৭০ সংখ্যা দ্রষ্টব্য।

৮৩। মধ্য, ২২শ পঃ ৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

সকলের তথায় উপবেশন ও প্রকাশানন্দের প্রভু-মুখে শঙ্করের মায়াবাদ-সমালোচনা ও ব্রহ্মসূত্রের যথার্থ তাৎপর্য্য-শ্রবণেচ্ছা ঃ—

এত বলি' প্রভুরে লঞা তথা বসিল ।
প্রভুরে প্রকাশানন্দ পুছিতে লাগিল ॥ ৮৫ ॥
"মায়াবাদে করিলা যত দোষের আখ্যান ।
সবে এই জানি' আচার্য্যের কল্পিত ব্যাখ্যান ॥ ৮৬ ॥
সূত্রের করিলা তুমি মুখ্যার্থ-বিবরণ ।
তাহা শুনি' সবার হৈল চমৎকার মন ॥ ৮৭ ॥
তুমি ত' ঈশ্বর, তোমার আছে সর্ব্বশক্তি ।
সংক্ষেপরূপে কহ তুমি, শুনিতে হয় মতি ॥" ৮৮ ॥

শ্রৌতপন্থী প্রভুর দৈন্যক্রমে আপনাকে শিষ্যরূপী দীন জীবাভিমানে ব্যাস-গুরু-পূজা ঃ—

প্রভু কহে,—"আমি 'জীব', অতি তুচ্ছ-জ্ঞান !
ব্যাসসূত্রের গম্ভীর অর্থ, ব্যাস—ভগবান্ ॥ ৮৯ ॥

জীবহিতার্থ ব্যাসদেব স্বয়ং সূত্রকার হইয়াও ভাষ্যকার, তাহাতেই যথার্থ তাৎপর্য্য-বোধ-সৌকর্য্য ঃ—

তাঁর সূত্রের অর্থ কোন জীব নাহি জানে ।
অতএব আপনে সূত্রার্থ করিয়াছে ব্যাখ্যানে ॥ ৯০ ॥
যেই সূত্রকর্ত্তা, সে যদি করয়ে ব্যাখ্যান ।
তবে সূত্রের মূল অর্থ লোকের হয় জ্ঞান ॥ ৯১ ॥

বেদ-বৃক্ষের বীজ—প্রণব, মাতা (অঙ্কুর)—গায়ত্রী, ফল—চতুঃশ্লোকী ভাগবত ঃ—

প্রণবের যেই অর্থ, গায়ত্রীতে সেই হয় ।
সেই অর্থ চতুঃশ্লোকীতে বিবরিয়া কয় ॥ ৯২ ॥

ব্রহ্ম-সম্প্রদায়ে আম্নায়-পারম্পর্য্যে ভাগবত-কীর্ত্তন-বর্ণন ঃ—

ব্রহ্মারে ঈশ্বর চতুঃশ্লোকী যে কহিলা ।
ব্রহ্মা নারদে সেই উপদেশ কৈলা ॥ ৯৩ ॥
নারদ সেই অর্থ ব্যাসেরে কহিলা ।
শুনি' বেদব্যাস মনে বিচার করিলা ॥ ৯৪ ॥

ব্রহ্মসূত্রের ভাষ্যস্বরূপ চতুঃশ্লোকী-বিস্তার বা ভাগবত-রচনা-সঙ্কল্প ঃ—

'এই অর্থ—আমার সূত্রের ব্যাখ্যানুরূপ ।
'ভাগবত' করিব সূত্রের ভাষ্যস্বরূপ ॥' ৯৫ ॥

বেদ ও উপনিষৎসমূহের সার-সমুদ্ধার ঃ—

চারিবেদ-উপনিষদে যত কিছু হয় ।
তার অর্থ লঞা ব্যাস করিলা সঞ্চয় ॥ ৯৬ ॥

সূত্রের আকরস্বরূপ শ্রুতিমন্ত্রসমূহই ভাগবতে শ্লোকাকারে নিবদ্ধ ঃ—

যেই সূত্রে যেই ঋক্—বিষয়-বচন ।
ভাগবতে সেই ঋক্ শ্লোকে নিবন্ধন ॥ ৯৭ ॥

একই উপনিষন্মন্ত্রার্থ ভাগবত-শ্লোকে ব্যক্ত ঃ—

অতএব ব্রহ্মসূত্রের ভাষ্য—শ্রীভাগবত ।
ভাগবত-শ্লোক, উপনিষৎ কহে 'এক' মত ॥ ৯৮ ॥

দৃষ্টান্ত ; সকলই বিষ্ণুময়, তদ্ব্যতীত বস্তু নাই, ভোক্তৃবুদ্ধি-ত্যাগপূর্ব্বক যুক্তবৈরাগ্যের সহিত সমস্ত বিষয় বিষ্ণুসম্বন্ধি বা বিষ্ণুভোগ্যজ্ঞানে সেব্য ঃ—

শ্রীমদ্ভাগবতে (৮।১।১০)—

আত্মাবাস্যমিদং বিশ্বং যৎ কিঞ্চিজ্জগত্যাং জগৎ ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যচিদ্ধনম্ ॥ ৯৯ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৮৮। সংক্ষেপরূপে কহ—প্রত্যেক সূত্রের মুখ্যার্থ যাহা আপনি কহিয়াছিলেন, তাহা আমি শুনিয়াছি। সম্প্রতি আমি বেদান্তের মুখ্য তাৎপর্য্য সংক্ষিপ্তরূপে শুনিতে ইচ্ছা করি।

৯৪-৯৫। প্রণবই সর্ব্ববেদের 'মহাবাক্য' ; সেই প্রণবে যে অর্থ আছে, তাহাই গায়ত্রীতে আছে এবং সেই অর্থ শ্রীভাগবতে 'অহমেবাসমেবাগ্রে' এই শ্লোক হইতে ৪টী শ্লোকে বিবৃত হইয়াছে। ভগবান্ হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে নারদ, নারদ হইতে শ্রীব্যাস,—এইরূপ সৎসম্প্রদায়-ক্রমান্বয়ে বেদসকল ও তাহার তাৎপর্য্য শ্রীভাগবতে আসিয়াছে। শ্রীমদ্ভাগবতই 'ব্রহ্মসূত্রের ভাষ্য'-স্বরূপ।

৯৭। ঋক্—বেদমন্ত্র ; বিষয়বচন—উদ্দেশ্য। শ্রীমদ্ভাগবতে সেই ঋক্ শ্লোকরূপে নিবদ্ধ হইয়াছে।

৯৯। যাহা কিছু এই জগতে দেখিতেছ, সমস্তই অর্থাৎ এই বিশ্বই আত্মাকর্ত্তৃক ব্যাপ্ত। হে জীবসকল, সেই আত্মাই তোমাদের নিয়ন্তা ও পাতা, তাঁহার প্রসাদদত্ত দ্রব্য বলিয়া জগতের সমস্ত দ্রব্য ভোগ কর ; অন্যের ধন হরণ করিও না। তাৎপর্য্য এই যে, যে ব্রহ্মসূত্রের ঈশোপনিষদের 'ঈশাবাস্যমিদং জগৎ'-মন্ত্র অর্থাৎ শ্রুতিমন্ত্র বিষয়-বচন আছে, শ্রীমদ্ভাগবতে সেই ঋক্ (মন্ত্র) "আত্মাবাস্যমিদং" বলিয়া শ্লোক নিবদ্ধ হইয়াছে। এইরূপ সমস্ত সূত্রেরই ঋক্-বচনসকল ভাগবত-শ্লোকে নিবদ্ধ আছে।

অনুভাষ্য

৯৯। পরীক্ষিৎ স্বায়ম্ভুব-মনুর বংশাবলী শ্রবণ করিয়া অন্যান্য মনুগণের বিষয় ও মন্বন্তরাবতারসমূহের ক্রিয়াকলাপ জিজ্ঞাসা করায়, শ্রীশুক প্রথমে মনুর উক্তি বলিতেছেন,—

জগত্যাং (লোকে) যৎ কিঞ্চিৎ জগৎ (বদ্ধজীবভোগ্যং মায়াশক্তিপরিণতম্ ইন্দ্রিয়সুখকরং, তৎ) ইদং বিশ্বং (সর্ব্বম্) আত্মাবাস্যং (প্রেমাঞ্জনচ্ছুরিতভক্তিবিলোচনেন অপ্রাকৃতদর্শনেন

আদি চতুঃশ্লোকী-ভাগবতে সম্বন্ধাভিধেয়প্রয়োজন নিরূপিত ঃ—

ভাগবতের সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন ।
চতুঃশ্লোকীতে প্রকট তার করিয়াছে লক্ষণ ॥ ১০০ ॥

ব্রহ্মার নিকট শ্রীকৃষ্ণের চতুঃশ্লোকীস্থ তত্ত্বত্রয়ের সংক্ষেপে ব্যাখ্যা—বিষয়বোধরূপ ভগবৎস্বরূপনির্দ্ধারণই কেবল চিন্মাত্রময় 'জ্ঞান', আশ্রয়ের চিদ্বিলাসানুভবরূপ ভগবৎস্ফূর্ত্তিই 'বিজ্ঞান', রহস্য বা প্রেমাই 'প্রয়োজন', তদঙ্গ সাধনভক্তিই 'অভিধেয়' ঃ—

'আমি—'সম্বন্ধ'-তত্ত্ব, আমার জ্ঞান-বিজ্ঞান ।
আমা পাইতে সাধন-ভক্তি 'অভিধেয়'-নাম ॥ ১০১ ॥
সাধনের ফল—'প্রেম' মূল-প্রয়োজন ।
সেই প্রেমে পায় জীব আমার 'সেবন' ॥ ১০২ ॥

ছয়টী শ্লোকমধ্যে চতুঃশ্লোকী ব্যতিরিক্ত এই শ্লোকে সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-বর্ণন ; জ্ঞান ও বিজ্ঞানই 'সম্বন্ধ', রহস্যই 'প্রয়োজন', তদঙ্গই 'অভিধেয়' ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩০)—

জ্ঞানং মে পরমগুহ্যং যদ্বিজ্ঞান-সমন্বিতম্ ।
সরহস্যং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া ॥ ১০৩ ॥

অবরোহ-পন্থায় ভগবৎকৃপাপ্রভাবে তত্ত্বস্ফূর্ত্তি ঃ—

এই 'তিন' তত্ত্ব আমি কহিনু তোমারে ।
'জীব' তুমি এই তিন নারিবে জানিবারে ॥ ১০৪ ॥

নামরূপগুণলীলাময় ভগবান্ কেবল 'নির্ব্বিশেষ' নহেন ঃ—

যৈছে আমার 'স্বরূপ', যৈছে আমার 'স্থিতি' ।
যৈছে আমার গুণ, কর্ম্ম, ষড়ৈশ্বর্য্য-শক্তি ॥ ১০৫ ॥
আমার কৃপায় এই সব স্ফুরুক তোমারে ।'
এত বলি' তিন তত্ত্ব কহিলা তাঁহারে ॥ ১০৬ ॥

ছয়টী শ্লোকমধ্যে চতুঃশ্লোকী ব্যতিরিক্ত এই শ্লোকে কৃপারূপ আশীর্ব্বাদ-বর্ষণ ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩১)—

যাবানহং যথাভাবো যদ্রূপগুণকর্ম্মকঃ ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ ॥ ১০৭ ॥

চতুঃশ্লোকী-ব্যাখ্যারম্ভ ; তন্মধ্যে প্রথম শ্লোকে সম্বন্ধ-তত্ত্ব অহং-শব্দ-বাচ্য স্বরূপশক্তিমান্ নিত্য-সত্য-সনাতন-বিগ্রহ কৃষ্ণের 'জ্ঞান'-লক্ষণ ঃ—

'সৃষ্টির পূর্ব্বে ষড়ৈশ্বর্য্যপূর্ণ আমি ত' হইয়ে ।
'প্রপঞ্চ', 'প্রকৃতি', 'পুরুষ' আমাতেই লয়ে ॥ ১০৮ ॥
সৃষ্টি করি' তার মধ্যে আমি ত' বসিয়ে ।
প্রপঞ্চ যে দেখ সব, সেহ আমি হইয়ে ॥ ১০৯ ॥
প্রলয়ে অবশিষ্ট আমি 'পূর্ণ' হইয়ে ।
প্রাকৃত প্রপঞ্চ পায় আমাতেই লয়ে ॥' ১১০ ॥

চতুঃশ্লোকীর প্রথম শ্লোক ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩২)—

অহমেবাসমেবাগ্রে নান্যৎ যৎ সদসৎপরম্ ।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥ ১১১ ॥

শ্লোক-তাৎপর্য্য—কৃষ্ণের সচ্চিদানন্দ-বিগ্রহত্ব ঃ—

"অহমেব"-শ্লোকে 'অহম্'—তিনবার ।
পূর্ণৈশ্বর্য্য-বিগ্রহের স্থিতির নির্দ্ধার ॥ ১১২ ॥

নিরাকারবাদীকে খণ্ডন ঃ—

যে 'বিগ্রহ' নাহি মানে, 'নিরাকার' মানে ।
তারে তিরস্করিবারে করিলা নির্দ্ধারণে ॥ ১১৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৪। জীব তুমি—হে ব্রহ্মন্, তুমি—'জীব' ; আমার কৃপা ব্যতীত পরম গুহ্য জানিতে পারিবে না।

অনুভাষ্য

আত্মনা ভগবতা আবাস্যং সত্তা-চৈতন্যাভ্যাং ব্যাপ্যং) তেন (হেতুনা) ত্যক্তেন (সেবাকামায় ভগবদর্পণেন, যদ্বা,) তেন (ঈশ্বরেণ) ত্যক্তেন (কিঞ্চিৎ ত্যক্তং দত্তং যদ্ধনং তেনৈব ভগবত্ত্যক্তোচ্ছিষ্টত্বেনেত্যর্থঃ) ভুঞ্জীথাঃ (গৃহাণ, স্বীকুর্ব্বিত্যর্থঃ) ; কস্যচিৎ (জড়ভোক্তৃবুদ্ধ্যা আসক্তস্য জনস্য সম্বন্ধে) ধনং (ভগবদিতর-মায়া-দর্শনার্থ প্রাকৃত-বিষয়ভোগাদিকং) মা গৃধঃ (নৈবাকাঙ্ক্ষীঃ ;—তথা চ শ্রুতিঃ "ঈশাবাস্যমিদম্" ইতি যথা-শ্লোকমেব)।

১০৩। আদি, ১ম পঃ ৫১ সংখ্যা দ্রষ্টব্য।

অনুভাষ্য

১০৪। এই তিন—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন।

১০৭। আদি, ১ম পঃ ৫২ সংখ্যা দ্রষ্টব্য।

১১১। আদি, ১ম পঃ ৫৩ সংখ্যা দ্রষ্টব্য।

১১২। 'অহমেব'-শ্লোকে তিনবার 'অহম্' শব্দ আছে। প্রথম চরণে 'অহমেব'-পদে, তৃতীয়-চরণে 'পশ্চাদহং'-পদে এবং চতুর্থ-চরণে 'সোঽস্ম্যহং'-পদে 'অহং'-শব্দ বর্ত্তমান ; এতদ্দ্বারা ভগবানের ব্যক্তিগত বিগ্রহ নির্দ্ধারিত হইল—তিনি কেবল নির্ব্বিশেষ নহেন।

১১৩। নির্ব্বিশেষবাদী ভগবানের ব্যক্তিগত সবিশেষ বিগ্রহ স্বীকার করেন না বলিয়া তাঁহার বিচার যে ভ্রমপূর্ণ ও সর্ব্বতোভাবে ত্যাজ্য—এ কথা হৃদয়ে ধারণা করাইবার জন্য তিনবার 'অহমেব' বলিয়া 'সম্বন্ধ' স্থাপন করিলেন।

দ্বিতীয় শ্লোকে 'অন্তরঙ্গ-স্বরূপ' ব্যতীত 'তটস্থ-জীব' ও 'বহিরঙ্গা গুণ-মায়া'-শক্তির লক্ষণ ও তৎপ্রতীতি-বিচার ; জীবও গুণ-মায়াতীত-স্বরূপ, বা অন্তরঙ্গ-দর্শনে নিরপেক্ষ বিশুদ্ধ স্বরূপানুভব, বা—'বিজ্ঞান' ; জীব বা গুণমায়া-দর্শন 'স্বরূপ-দর্শন' নহে ঃ—

এই সব শব্দে হয়—'জ্ঞান'-'বিজ্ঞান'-বিবেক ।
মায়া-কার্য্য, মায়া হৈতে আমি—ব্যতিরেক ॥ ১১৪ ॥

সূর্য্য, আভাস ও তমঃ—একই বস্তুর বিভিন্ন প্রতীতির দৃষ্টান্ত ঃ—

যৈছে সূর্য্যের স্থানে ভাসয়ে 'আভাস' ।
সূর্য্য বিনা স্বতঃ তার না হয় প্রকাশ ॥ ১১৫ ॥

'জ্ঞান' ও 'বিজ্ঞান' লইয়াই সম্বন্ধ-তত্ত্ব নিরূপিত ঃ—

মায়াতীত হৈলে হয় আমার 'অনুভব' ।
এই 'সম্বন্ধ'-তত্ত্ব কহিলুঁ, শুন আর সব ॥ ১১৬ ॥

চতুঃশ্লোকীর দ্বিতীয় শ্লোক ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩৩)—

ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি ।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ ॥ ১১৭ ॥

তৃতীয় শ্লোকে শ্রৌতপন্থায় দেশকালপাত্রদশা-নিরপেক্ষ অভিধেয় সাধন-ভক্তির আবশ্যকতা বিচার ঃ—

'অভিধেয়' সাধনভক্তির শুনহ বিচার ।
সর্ব্ব-জন-দেশ-কাল-দশাতে ব্যাপ্তি যার ॥ ১১৮ ॥

সাধনভক্তির অভিধেয়—চতুর্ব্বর্গাতীত ঃ—

'ধর্ম্মাদি' বিষয়ে যৈছে এ 'চারি' বিচার ।
সাধন-ভক্তি—এই চারি বিচারের পার ॥ ১১৯ ॥

সদ্‌গুরুর সেবা ও পরিপ্রশ্নদ্বারা দিব্যজ্ঞানলাভের সঙ্গে শুদ্ধভক্তিতত্ত্ব-শ্রবণের আবশ্যকতা ঃ—

সর্ব্ব-দেশ-কাল-দশায় জনের কর্ত্তব্য ।
গুরু-পাশে সেই ভক্তি প্রষ্টব্য, শ্রোতব্য ॥ ১২০ ॥

চতুঃশ্লোকীর তৃতীয় শ্লোক ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩৫)—

এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ ।
অন্বয়-ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্ব্বত্র সর্ব্বদা ॥ ১২১ ॥

চতুর্থ-শ্লোকে অভিধেয়ের অঙ্গী 'রহস্য' বা প্রয়োজন-বর্ণন ; ভক্ত-হৃদয়ে ভক্তপ্রেমবশ ভগবান্ ও ভগবদ্‌হৃদয়ে ভগবৎপ্রেমবশ ভক্ত—পরস্পর সমাশ্লিষ্ট বা আলিঙ্গিত-বিগ্রহ ; ভক্ত ও ভগবানে অচিন্ত্যভেদাভেদ ঃ—

আমাতে যে 'প্রীতি', সেই 'প্রেম'—'প্রয়োজন' ।
কার্য্যদ্বারে কহি তার স্বরূপ-লক্ষণ ॥ ১২২ ॥
পঞ্চভূত যৈছে ভূতের ভিতরে-বাহিরে ।
ভক্তগণে স্ফুরি আমি বাহিরে-অন্তরে ॥ ১২৩ ॥

চতুঃশ্লোকীর চতুর্থ শ্লোক ঃ—

শ্রীমদ্ভাগবতে (২।৯।৩৪)—

যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেষ্বনু ।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্ ॥ ১২৪ ॥

ভক্তের প্রেমপাশে ভগবান্ আবদ্ধ ঃ—

ভক্ত আমা বান্ধিয়াছে হৃদয়-কমলে ।
যাঁহা নেত্র পড়ে তাঁহা দেখয়ে আমারে ॥ ১২৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১১৯। গুরুর নিকট শিক্ষা করিবার জন্য যেরূপ ধর্ম্মশাস্ত্রে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ—এই চারিটী তত্ত্ব বিচারিত হইয়াছে, তত্ত্বশাস্ত্রেও তদ্রূপ বিচার করিবার জন্য 'জ্ঞান', 'বিজ্ঞান', 'তদঙ্গ' ও 'তদ্রহস্যে'র উপদেশ হইয়াছে। কিন্তু এস্থলে দ্রষ্টব্য এই যে, ধর্ম্মাদি চারিটী বিষয়—সামান্য সংসার-নীতির অনুগত। এই তাত্ত্বিক চারিটীর (জ্ঞানাদি) বিচার সেরূপ নয় ; তাত্ত্বিক চারিটীর মধ্যে প্রাথমিক যে সাধনভক্তি, তাহাও ধর্ম্মাদি চারিটী তত্ত্বের উপর বা শ্রেষ্ঠ।

অনুভাষ্য

১১৬। জ্ঞান—শাস্ত্রোত্থ, বিজ্ঞান—অনুভব ; গুরু বা শাস্ত্র ব্যতীত অন্য মূল হইতে আগত বিবেক—অনেক সময় মনোধর্ম্ম বা নির্ব্বিশেষপর। নিজানুভূতি হইতে বিবেক উদিত হইলে ভগবদ্বিগ্রহের উপলব্ধি হয়। ভগবানের নিজ-বিগ্রহ—মায়া ও মায়িক কার্য্য হইতে ভিন্ন। বিজ্ঞানের অনুদয়ে জীবের সেই বোধ হয় না। যেরূপ সূর্য্যে রশ্মি প্রকাশিত, কিন্তু রশ্মি—সূর্য্য হইতে ভিন্ন, আবার সূর্য্য ব্যতীত রশ্মির স্বতন্ত্র প্রকাশও সিদ্ধ হয় না, তদ্রূপ ভগবান্ ও মায়া—এই দুইটীর (বিজাতীয়) বিভিন্ন প্রতীতি জীব মায়াতীত না হইলে অনুভব করেন না অর্থাৎ মায়ান্তর্গত বুদ্ধিতে ভগবদ্‌বিগ্রহ বুঝা যায় না।

১১৭। আদি, ১ম পঃ ৫৪ সংখ্যা দ্রষ্টব্য।

১১৮। অভিধেয় 'সাধনভক্তি' সকল পাত্র, দেশ, কাল এবং অবস্থায় ব্যাপ্ত রহিয়াছে।

১২১। আদি, ১ম পঃ ৫৬ সংখ্যা দ্রষ্টব্য।

১২৩। যেরূপ প্রাণিগণের ভিতরে এবং বাহিরে পঞ্চভূত, তদ্রূপ আমি ভক্তগণের ভিতরে ও বাহিরে স্ফূর্ত্তিপ্রাপ্ত হই। ভক্তগণ আপনাদিগকে ভগবানের প্রীতিসেবার উপকরণ-বিগ্রহ জানেন এবং ভক্তেতর বস্তুদিগকেও ভগবৎপ্রীতিসেবার উপকরণমাত্রই জানেন।

১২৪। আদি, ১ম পঃ ৫৫ সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীমদ্ভাগবতে (১১।২।৫৫)—

বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাদ্ধরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ ।
প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥ ১২৬

শ্রীমদ্ভাগবতে (১১।২।৪৫)—

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥ ১২৭ ॥

চিন্ময় আশ্রয়ের সর্ব্বত্র কৃষ্ণসম্বন্ধি-চিন্ময়বস্তু-দর্শন ঃ—

শ্রীমদ্ভাগবতে (১০।৩০।৪)—

গায়ন্ত উচ্চৈরমুমেব সংহতাঃ বিচিক্যুরুন্মত্তকবদ্বনাদ্বনম্ ।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহির্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্ ॥১২৮॥

ভাগবতে সর্ব্বত্র সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্ব বর্ণিত ঃ—

অতএব ভাগবতে এই 'তিন' কয় ।
সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজন-ময় ॥ ১২৯ ॥

সম্বন্ধ-দ্যোতক শ্লোকের দৃষ্টান্ত ঃ—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্ ।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ১৩০ ॥

ভাগবতের সর্ব্বত্র অভিধেয় 'কৃষ্ণভক্তি' বর্ণিত ঃ—

এই—'সম্বন্ধ', শুন 'অভিধেয়'-ভক্তি ।
ভাগবতে প্রতি-শ্লোকে ব্যাপে যার স্থিতি ॥ ১৩১ ॥

অভিধেয়-দ্যোতক শ্লোকের দৃষ্টান্ত ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।১৪।২১)—

ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্ ।
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥ ১৩২ ॥

প্রয়োজন কৃষ্ণপ্রেমের 'বাহ্য' লক্ষণ ঃ—

এবে শুন, প্রেম, যেই—মূল 'প্রয়োজন' ।
পুলকাশ্রু-নৃত্য-গীত—যাহার লক্ষণ ॥ ১৩৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৬। সর্ব্বপাপবিনাশক হরি অবশে অভিহিত হইলেও যাঁহার হৃদয় পরিত্যাগ করেন না, প্রণয়রজ্জুদ্বারা তাঁহার পাদপদ্ম যাঁহার হৃদয়ে আবদ্ধ আছে, তিনিই 'ভাগবত-প্রধান'।

১২৮। একত্র মিলিত গোপীগণ কৃষ্ণগুণ উচ্চৈঃস্বরে গান করিতে করিতে উন্মত্তের ন্যায় একবন হইতে অন্যবনে অন্বেষণ করিতে লাগিলেন এবং আকাশের ন্যায় বহিঃ ও অন্তঃস্থিতঃ সেই পরমপুরুষ কৃষ্ণের বিষয়ে বনস্পতিদিগের নিকট জিজ্ঞাসা করিতে লাগিলেন।

অনুভাষ্য

১২৬। বিদেহরাজ নিমি ত্রিবিধ ভক্ত বা ভাগবতের লক্ষণ, আচরণ ও তারতম্য-সম্বন্ধে জিজ্ঞাসা করায়, তদুত্তরে নব-যোগেন্দ্রের অন্যতম হবি-ঋষি কহিলেন,—

অবশাভিহিতঃ (অবশেন কীর্ত্তিতঃ) অপি অঘৌঘনাশঃ (অঘৌঘম্ অপরাধপুঞ্জং নাশয়তি যঃ সঃ) হরিঃ (এব) সাক্ষাৎ যস্য হৃদয়ং ন বিসৃজতি (মুঞ্চতি), প্রণয়রসনয়া (প্রেমরজ্জুনা) ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ (ধৃতম্ অন্তর্বদ্ধম্ অঙ্ঘ্রিপদ্মং চরণকমলং যেন সঃ) সঃ ভাগবতপ্রধানঃ (ইতি) উক্তঃ ভবতি।

১২৭। মধ্য, ৮ম পঃ ২৭৫ সংখ্যা দ্রষ্টব্য।

১২৮। রাসস্থলী হইতে শ্রীকৃষ্ণ হঠাৎ শ্রীরাধার সহিত অন্তর্হিত হওয়ায় কৃষ্ণগতচিত্তা কৃষ্ণময়ী গোপীগণ কৃষ্ণের বিবিধ চেষ্টা অনুকরণপূর্ব্বক বিরহসন্তপ্তা হইয়া ইতস্ততঃ তাঁহার অন্বেষণ করিতেছেন, শ্রীশুকদেব তাহা পরীক্ষিতের নিকট কীর্ত্তন করিতেছেন,—

সংহতাঃ (অন্যোঽন্যং সম্মিলিতাঃ সত্যঃ) উচ্চৈঃ গায়ন্ত্যঃ বনাদ্ বনং (বনান্তরম্) অমুং (কৃষ্ণম্) এব উন্মত্তকবৎ বিচিক্যুঃ (অমৃগয়ন্) ; আকাশবৎ (মহাভূতবৎ) ভূতেষু (প্রাণিষু) বহিঃ অন্তরং (মধ্যে) সন্তং (বর্ত্তমানং) পুরুষং (প্রেমবিবর্ত্তবশাৎ সর্ব্বত্র কৃষ্ণস্ফূর্ত্তয়ঃ সত্যঃ) বনস্পতীন্ (চেতন-ময়ান্ দৃষ্ট্বা) পপ্রচ্ছুঃ (জিজ্ঞাসয়ামাসুঃ)।

১৩০। আদি ২য় পঃ ১১ সংখ্যা দ্রষ্টব্য।

১৩১। এখানে পাঠান্তরে আরও দুইটী শ্লোক উদ্ধৃত হইয়াছে,—(১) ভাঃ (৩।৫।২৩)—"ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ। আত্মেচ্ছানুগতাবাত্মা নানামত্যুপলক্ষণঃ।।" অর্থাৎ সৃষ্টির পূর্ব্বে এই বিশ্ব ভগবানের সহিত একীভূত ছিল ; জীবের অর্থ-স্বরূপ এবং বৈকুণ্ঠাদি নানা বৈভবোপলক্ষণযুক্ত হইয়া তৎকালে সৃষ্ট্যাদির ইচ্ছা তাঁহাতেই লীন ছিল এবং সেই ভগবানই অদ্বয়-তত্ত্বরূপে বিরাজিত ছিলেন। (২) ভাঃ (১।৩।২৮)—'এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্। ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে।।"

ভাগবতের প্রতি-শ্লোকেই অভিধেয় সাধনভক্তির কথা রহিয়াছে।

১৩২। মধ্য, ২০শ পঃ ১৩৮ সংখ্যা দ্রষ্টব্য।

এখানে পাঠান্তরে আরও দুইটী শ্লোক অধিক উদ্ধৃত হইয়াছে, দেখা যায় ;—(১) ভাঃ ১১।১৪।১৯—'ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব। ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা।।" আদি ১৭পঃ ৭৬ সংখ্যা দ্রষ্টব্য। (২) ভাঃ ১১।২।৩৫—"ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ। তন্মায়য়াতো বুধ আভজেত্তং ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা।।" মধ্য ২০।১১৯ দ্রষ্টব্য।

প্রয়োজন কৃষ্ণপ্রেম-দ্যোতক শ্লোকের দৃষ্টান্ত ঃ—

শ্রীমদ্ভাগবতে (১১।৩।৩১)—

স্মরন্তঃ স্মারয়ন্তশ্চ মিথোহঘৌঘহরং হরিম্ ।
ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুম্ ॥ ১৩৪ ॥

শ্রীমদ্ভাগবতে (১১।২।৩৯)—

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ ।
হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥১৩৫

অতএব ব্রহ্মসূত্র ও ব্রহ্মসূত্র-ভাষ্য ভাগবত—একই অর্থ প্রতিপাদক ঃ—

অতএব ভাগবত—সূত্রের 'অর্থ'রূপ ।
নিজ-কৃত সূত্রের নিজ-'ভাষ্য'-স্বরূপ ॥ ১৩৬ ॥

শ্রীমদ্ভাগবত—(১) ব্রহ্মসূত্রভাষ্য, (২) ভারতার্থ-তাৎপর্য্য, (৩) গায়ত্রীভাষ্য ও (৪) বেদার্থ-বিস্তার ঃ—

গরুড়পুরাণ-বাক্য—

অর্থোহয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থ-বিনির্ণয়ঃ ।
গায়ত্রীভাষ্যরূপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ ।
গ্রন্থোহষ্টাদশসাহস্রঃ শ্রীমদ্ভাগবতাভিধঃ ॥ ১৩৭ ॥

"ভারতাদি স্মৃত্যৈতিহ্যার্থ-বিনির্ণয়" ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।৩।৪২)—

সর্ব্ব-বেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্ ॥ ১৩৮ ॥

"ব্রহ্মসূত্রার্থ" ঃ—

শ্রীমদ্ভাগবতে (১২।১৩।১৫)—

সর্ব্ববেদান্তসারং হি শ্রীমদ্ভাগবতমিষ্যতে ।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ ॥ ১৩৯ ॥

"গায়ত্রীভাষ্যরূপ" ঃ—

গায়ত্রীর অর্থে এই গ্রন্থ-আরম্ভন ।
'সত্যং পরং"—**সম্বন্ধ, "ধীমহি"—সাধনে প্রয়োজন ॥১৪০**

শ্রীমদ্ভাগবতে (১।১।১-২)—

জন্মাদ্যস্য যতোহন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোহমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥ ১৪১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৪। অঘসমূহ-হরণকারী হরিকে পরস্পর স্মরণ করিতে করিতে ও স্মরণ করাইতে করাইতে তাঁহারা সাধনভক্তি-সঞ্জাত-প্রেমভক্তিদ্বারা উৎপুলকিত তনু ধারণ করেন।

১৩৭। এই শ্রীমদ্ভাগবত—ব্রহ্মসূত্রের অর্থ, মহাভারতের তাৎপর্য্যনির্ণয়, গায়ত্রীর ভাষ্যরূপ এবং সমস্ত বেদের তাৎপর্য্য-দ্বারা সম্বর্দ্ধিত। এই শ্রীমদ্ভাগবত-গ্রন্থ ১৮,০০০ শ্লোকপূর্ণ।

১৩৮। সমস্ত বেদ ও ইতিহাস হইতে সমুদ্ধৃত সারস্বরূপ (শ্রীমদ্ভাগবত স্বপুত্র শ্রীশুকদেবকে অধ্যয়ন করাইলেন)।

১৩৯। শ্রীমদ্ভাগবতকে বেদান্ত-সার বলিয়া বলা যায়, ভাগবতের রসামৃততৃপ্ত পুরুষের অন্য কোন শাস্ত্রে রতি হয় না।

অনুভাষ্য

১৩৪। বসুদেবের নিকট শ্রীনারদ ভাগবতধর্ম্ম-বর্ণনমুখে বিদেহরাজ নিমি ও নবযোগেন্দ্র-সংবাদ কীর্ত্তন করিতেছেন। 'দেহাত্মবুদ্ধি নির্ব্বোধ ব্যক্তিগণ কিরূপে মায়াকে সহজে জয় করিতে পারে?'—নিমির এই প্রশ্নের উত্তরে নবযোগেন্দ্রের অন্যতম প্রবুদ্ধ-ঋষি বদ্ধজীবের গুরুপাদাশ্রয়পূর্ব্বক নিরপরাধে কীর্ত্তনাখ্যা-ভক্তি সাধন করিতে করিতে অনর্থ-নিবৃত্তির পর সাধ্য ভাবভক্তি-প্রাপ্তির অবস্থা বর্ণন করিতেছেন,—

[এবং বর্ত্তমানানাং সাধকানাং] ভক্ত্যা (সাধনভক্ত্যা) সঞ্জাতয়া (লব্ধয়া প্রেমলক্ষণয়া ভক্ত্যা) অঘৌঘহরং (পাপপুঞ্জং হরতি বিনাশয়তি যঃ তং) হরিং স্মরন্তঃ মিথঃ (পরস্পরং) স্মারয়ন্তঃ (সঙ্কীর্ত্তয়ন্তঃ) চ [তে ভক্তাঃ] উৎপুলকাং (রোমাঞ্চিতং) তনুং বিভ্রতি (ধরন্তি)।

১৩৫। আদি, ৭ম পঃ ৯৪ সংখ্যা দ্রষ্টব্য।

১৩৭। অয়ং (ভাগবতাভিধঃ গ্রন্থঃ) ব্রহ্মসূত্রাণাং (উত্তর-মীমাংসাখ্য-বেদান্তসূত্রাণাম্) অর্থঃ (ভাষ্যত্বেন অভিধেয়রূপঃ) ভারতার্থবিনির্ণয়ঃ (মহাভারতস্য অর্থানাং নির্ণয়ঃ যস্মিন্ সঃ) অসৌ (মহাগ্রন্থঃ) গায়ত্রীভাষ্যরূপঃ (বেদমাতুঃ ব্রহ্মগায়ত্র্যাঃ তাৎপর্য্যপ্রকাশকঃ) বেদার্থ-পরিবৃংহিতঃ (বেদার্থৈঃ সংবর্দ্ধিতঃ) চ অষ্টাদশসাহস্রঃ (অষ্টাদশসহস্রৈঃ শ্লোকৈঃ পরিনির্ম্মিতঃ) শ্রীমদ্ভাগবতাভিধঃ (শ্রীমদ্ভাগবত-নামা) গ্রন্থঃ।

এখানে পাঠান্তরে একটী অধিক শ্লোক উদ্ধৃত হইয়াছে—"পুরাণানাং সামরূপঃ সাক্ষাদ্ভগবতোদিতঃ। দ্বাদশস্কন্ধযুক্তোহয়ং শতবিচ্ছেদসংযুতঃ।।"

১৩৮। সর্ব্ববেদেতিহাসানাং (সকল-নিগমৈতিহ্যানাং) সমুদ্ধৃতং (সংগৃহীতং, সঙ্কলিতঃ) সারং সারং (সর্ব্বোৎকৃষ্টভাগ-স্বরূপং, শ্রীমদ্ভাগবতং স্বসুতং গ্রাহয়ামাসেতি পূর্ব্বেণান্বয়ঃ)।

১৩৯। মহাভাগবত শ্রীসূত শৌনকাদি ঋষিগণের নিকট শ্রীমদ্ভাগবত-বর্ণন শেষ করিয়া অষ্টাদশ মহাপুরাণের শ্লোকসংখ্যা নির্দ্দেশপূর্ব্বক উপসংহারেও শ্রীমদ্ভাগবতের মহিমা কীর্ত্তন করিতেছেন,—

সর্ব্ববেদান্তসারং (সকলোপনিষদ্‌ব্রহ্মসূত্রাণাম্ উৎকৃষ্টভাগঃ) হি শ্রীভাগবতম্ ইষ্যতে (অভিধীয়তে) যতঃ তদ্রসামৃত-তৃপ্তস্য (তস্য ভাগবতস্য রস এব অমৃতং তেন তৃপ্তস্য জনস্য) অন্যত্র

ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্ ।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিম্বাপরৈরীশ্বরঃ
সদ্যো হৃদ্যবরুদ্ধ্যতেঽত্র কিতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥১৪২॥

'কৃষ্ণভক্তি-রসস্বরূপ' শ্রীভাগবত ।
তাতে বেদশাস্ত্র হৈতে পরম মহত্ত্ব ॥ ১৪৩ ॥

"বেদার্থপরিবৃংহিত"—বেদের প্রপক্ক ফল ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।১।৩)—

নিগমকল্পতরোর্গলিতং ফলং শুকমুখাদমৃতদ্রবসংযুতম্ ।
পিবত ভাগবতং রসমালয়ং মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥১৪৪

ভাগবতে জড়সুলভ তৃপ্তি নাই ঃ—

শ্রীমদ্ভাগবতে (১।১।১৯)—

বয়ন্তু ন বিতৃপ্যাম উত্তমশ্লোকবিক্রমে ।
যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে ॥ ১৪৫ ॥

ভাগবতেই শ্রুতিতাৎপর্য্য নিহিত ঃ—

অতএব ভাগবত করহ বিচার ।
ইহা হৈতে পাবে সূত্র-শ্রুতির অর্থ-সার ॥ ১৪৬ ॥

নিরন্তর কীর্ত্তনে আদেশ, নামাভাসে মুক্তি ঃ—

নিরন্তর কর কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তন ।
হেলায় 'মুক্তি' পাবে, পাবে প্রেমধন ॥ ১৪৭ ॥

শ্রীমদ্ভগবদ্গীতায় (১৮।৫৪)—

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি না কাঙ্ক্ষতি ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ১৪৮ ॥

শ্রীমদ্ভাগবতে (১০।৮৭।২১) শ্লোকে শ্রীধর-ধৃত সর্ব্বজ্ঞ ভাষ্যকার ব্যাখ্যা ও নৃসিংহতাপনীতে (২।৫।১৬)—

মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে ॥ ১৪৯ ॥

শ্রীমদ্ভাগবতে (২।১।৯)—

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া ।
গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ১৫০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৪। এই ভাগবতশাস্ত্র বেদরূপ কল্পতরুর গলিত ফল ও শুকদেবের মুখামৃতদ্রবসংযুক্ত, হে রসিকসকল, এই রসস্বরূপ ফলকে সর্ব্বদা পান কর। হে ভাবুকসকল, রসতত্ত্বের পরমলয় অর্থাৎ নিমগ্নভাব যাবৎ না হয়, তাবৎ এইজগতে (অপ্রাকৃত) ভাবুকরূপে ভাগবতের আস্বাদন কর, নিমগ্ন হইলেও এই পরম রস আবার নিত্যই পান করিতে থাকিবে।

১৪৫। আমরা উত্তমঃশ্লোক কৃষ্ণের বিক্রম যত শুনিতেছি, ততই আমাদের তৃষ্ণা বৃদ্ধি পাইতেছে, তৃষ্ণোপশমরূপ তৃপ্তি হইতেছে না ; কেননা, রসজ্ঞ শ্রোতৃগণের কৃষ্ণকথায় পদে পদে স্বাদের উদয় হয়।

অনুভাষ্য

(শাস্ত্রাদৌ ভাগবতেতর-জনাদিষু বা) ক্বচিৎ (কদাচিদপি) রতিঃ ন স্যাৎ (ন সম্ভবেৎ)।

১৪০। এই শ্রীমদ্ভাগবত-গ্রন্থের আরম্ভ-শ্লোকেই গায়ত্রীর অর্থ। পরম সত্যই 'সম্বন্ধ', ধ্যানচেষ্টা বা সাধনভক্তির অনুষ্ঠানই 'অভিধেয়' এবং প্রাপ্ত-ফল ধ্যান বা প্রেমভক্তিই অভিধেয়ের প্রাপ্য 'প্রয়োজন' ফল।

১৪১। মধ্য, ৮ম পঃ ২৬৬ সংখ্যা দ্রষ্টব্য।

১৪২। আদি, ১ম পঃ ৯১ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৩। শ্রীভাগবত—কৃষ্ণভক্তিরসস্বরূপ। ভগবদ্বাণীময় বেদশাস্ত্র—বৃক্ষসদৃশ, শ্রীমদ্ভাগবত—সেই বৃক্ষের প্রপক্ক ফল, সুতরাং বেদ অপেক্ষা তারতম্য-বিচারে পরম-মহত্তর।

১৪৪। শ্রীমদ্ভাগবতের প্রথম স্কন্ধের প্রথম অধ্যায়ে তৃতীয় শ্লোকে আশীর্ব্বাদরূপ মঙ্গলাচরণ করিতেছেন,—

অনুভাষ্য

অহো (হে) রসিকাঃ (ভগবৎসেবারসবিদঃ,) ভাবুকাঃ (রস-বিশেষভাবনচতুরাঃ,) শুকমুখাৎ (ব্যাসশিষ্যপ্রশিষ্যাদি-পারম্পর্য্য-ক্রমেণ) ভুবি (পৃথিব্যাং) গলিতম্ (অখণ্ডমেব অবতীর্ণং, স্বেচ্ছয়া পতিতং, ন তু বলাৎ পাতিতং পরিপক্কত্বাৎ) অমৃতদ্রবসংযুতম্ (অমৃতং পরমানন্দঃ স এব দ্রবঃ রসঃ তেন সংযুক্তং বিশিষ্টং) নিগমকল্পতরোঃ (বেদরূপকল্পবৃক্ষস্য) রসং (ত্বগষ্ট্যাদি-কঠিন-হেয়াংশ-রহিতং কেবল-রসরূপং) ফলং ভাগবতং আ-লয়ং (মোক্ষানন্দামভিব্যাপ্য) মুহুঃ পিবতঃ (পরমাদরেণ সেবধ্বম্)।

১৪৫। নৈমিষারণ্যে শৌনকাদি ঋষিগণ মহাভাগবত শ্রীল সূত গোস্বামীকে পুরোবর্ত্তী রাখিয়া শ্রীহরির লীলা ও অবতার-কথাসমূহ কীর্ত্তন করিতে অনুরোধ করিয়া আপনাদিগের নিয়ত-বর্দ্ধমানা শ্রবণপিপাসা বর্ণন করিতেছেন,—

যৎ (যদ্বিক্রমং) শৃণ্বতাং (শ্রবণকারিণাং) রসজ্ঞানাং (রসিকা-নাং) পদে পদে (প্রতিক্ষণং) স্বাদু স্বাদু (স্বাদুতোঽপি স্বাদু ভবতীতি শেষঃ, তস্মিন্) উত্তমঃশ্লোকবিক্রমে (উৎ উদ্গচ্ছতি তমঃ যস্মাৎ স উত্তমঃ, তথাভূতঃ শ্লোকঃ যশঃ যস্মিন্ তস্য কৃষ্ণস্য বিক্রমে গুণবীর্য্যকথাদৌ) বয়ং তু (অন্যে তু তৃপ্যন্তু নাম) ন বিতৃপ্যামঃ (বিশেষেণ ন তৃপ্যামঃ—অলমিতি ন মন্যামহে ইত্যর্থঃ)।

১৪৬। ভাগবত বিচার করিলে ব্রহ্মসূত্রের এবং উপনিষদ্-গুলির প্রকৃত সার-অর্থ জানিতে পারিবে। ভাগবত বিচার না করিয়া যিনি বেদান্ত পড়িতে বা উপনিষদের অর্থ জানিতে চান, তাঁহার অসার-অর্থলাভই অবশ্যম্ভাবী।

১৪৮। মধ্য, ৮ম পঃ ৬৫ সংখ্যা দ্রষ্টব্য।

১৪৯। মধ্য, ২৪শ পঃ ১০৭ সংখ্যা দ্রষ্টব্য।

১৫০। মধ্য, ২৪শ পঃ ৪৬ সংখ্যা দ্রষ্টব্য।

শ্রীমদ্ভাগবতে (৩।১৫।৪৩)—

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥ ১৫১ ॥

শ্রীমদ্ভাগবতে (১।৭।১০)—

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে ।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥" ১৫২ ॥

মহারাষ্ট্রীয় বিপ্রকর্ত্তৃক প্রভুর ৬১ প্রকার অর্থ-ব্যাখ্যান-ক্ষমতা-প্রশংসা ঃ—

হেনকালে সেই মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ ।
সভাতে কহিল সেই শ্লোক-বিবরণ ॥ ১৫৩ ॥
"এই শ্লোকের অর্থ প্রভু 'একষষ্টি' প্রকার ।
করিয়াছেন, যাহা শুনি' লোকে চমৎকার ॥" ১৫৪ ॥

সকলের আগ্রহে প্রভু-কর্ত্তৃক ৬১ প্রকার অর্থ-ব্যাখ্যান ঃ—

তবে সব লোক শুনি' আগ্রহ করিল ।
'একষষ্টি' অর্থ প্রভু বিবরি' কহিল ॥ ১৫৫ ॥

প্রভুর পাণ্ডিত্যে সকলের বিস্ময় ও তাঁহাকে পরমেশ্বর শ্রীকৃষ্ণরূপে নির্দ্ধারণ ঃ—

শুনিয়া লোকের বড় চমৎকার হৈল ।
চৈতন্যগোসাঞি—'শ্রীকৃষ্ণ', নির্দ্ধারিল ॥ ১৫৬ ॥

প্রভুর গৃহে প্রত্যাগমন ঃ—

এত কহি' উঠিয়া চলিলা গৌরহরি ।
নমস্কার করে লোক হরিধ্বনি করি' ॥ ১৫৭ ॥

কাশীতে কীর্ত্তন-বন্যা ঃ—

সব কাশীবাসী করে নামসঙ্কীর্ত্তন ।
প্রেমে হাসে, কাঁদে, গায়, করয়ে নর্ত্তন ॥ ১৫৮ ॥

প্রভুকর্ত্তৃক কাশী-উদ্ধার ঃ—

সন্ন্যাসী পণ্ডিত করে ভাগবত বিচার ।
বারাণসীপুর প্রভু করিলা নিস্তার ॥ ১৫৯ ॥

প্রভুর আগমনে কাশী কৃষ্ণকোলাহলে মুখরিত ঃ—

নিজ-লোক লঞা প্রভু আইলা বাসাঘর ।
বারাণসী হৈল দ্বিতীয় নদীয়া-নগর ॥ ১৬০ ॥

মায়াবাদগ্রস্ত কৃষ্ণনামপ্রেমবিমুখ ; ভক্তগণের আগ্রহে যৎসামান্য শ্রদ্ধাবলে প্রভুর ব্রহ্মারও দুর্ল্লভ অক্ষয় নামপ্রেম-ভাণ্ডার কাশীবাসীকে অধিকার-নির্ব্বিশেষে বিতরণ ঃ—

নিজগণ লঞা প্রভু কহে হাস্য করি' ।
"কাশীতে আমি আইলাঙ বেচিতে ভাবকালি ॥ ১৬১ ॥
কাশীতে গ্রাহক নাহি, বস্তু না বিকায় ।
পুনরপি দেশে বহি' লওয়া নাহি যায় ॥ ১৬২ ॥
আমি বোঝা বহিমু, তোমা-সবার দুঃখ হৈল ।
তোমা-সবার ইচ্ছায় বিনামূল্যে বিকাইল ॥" ১৬৩ ॥

কাশীতে প্রেমবন্যাপ্লাবনকারী প্রভুর স্তুতি ঃ—

সবে কহে,—"লোক তারিতে তোমার অবতার ।
'পূর্ব্ব' 'দক্ষিণ' 'পশ্চিম' করিলা নিস্তার ॥ ১৬৪ ॥
'এক' বারাণসী ছিল তোমাতে বিমুখ ।
তাহা নিস্তারিয়া কৈলা আমা-সবার সুখ ॥" ১৬৫ ॥

প্রত্যহ অসংখ্য লোকসমাগম ঃ—

বারাণসী-গ্রামে যদি কোলাহল হৈল ।
শুনি' গ্রামী দেশী লোক আসিতে লাগিল ॥ ১৬৬ ॥
লক্ষ কোটি লোক আইসে, নাহিক গণন ।
সঙ্কীর্ণস্থানে প্রভুর না পায় দরশন ॥ ১৬৭ ॥

বিশ্বেশ্বরদর্শনযাত্রা-কালে অসংখ্য তৃষ্ণার্ত্ত লোকের প্রভুদর্শন-প্রাপ্তি ঃ—

প্রভু যবে স্নানে যান, বিশ্বেশ্বর-দরশনে ।
দুইদিকে লোক করে প্রভু-বিলোকনে ॥ ১৬৮ ॥

সকলের হরিবোল-ধ্বনি ঃ—

বাহু তুলি' প্রভু কহে—বল 'কৃষ্ণ' 'হরি' ।
দণ্ডবৎ করে লোকে হরিধ্বনি করি' ॥ ১৬৯ ॥

কাশীতে পাঁচদিন থাকিয়া প্রভুর পুরী যাত্রা ঃ—

এইমত দিন পঞ্চ লোক নিস্তারিয়া ।
আর দিন চলিলা প্রভু উদ্বিগ্ন হঞা ॥ ১৭০ ॥

পঞ্চভক্তের প্রভুকে অনুসরণ ঃ—

রাত্রে উঠি' প্রভু যদি করিলা গমন ।
পাছে লাগ্ লইলা তবে ভক্ত পঞ্চ জন ॥ ১৭১ ॥

পঞ্চভক্তের নাম ঃ—

তপন মিশ্র, রঘুনাথ, মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ ।
চন্দ্রশেখর, কীর্ত্তনীয়া-পরমানন্দ,—পঞ্চ জন ॥ ১৭২ ॥

সকলেরই প্রভুর অনুগমনে পুরী-গমনে ইচ্ছা থাকিলেও প্রভুর তাঁহাদিগকে বিদায়-দান ঃ—

সবে চাহে প্রভু-সঙ্গে নীলাচল যাইতে ।
সবারে বিদায় দিলা প্রভু যত্ন-সহিতে ॥ ১৭৩ ॥

একাকী ঝারিখণ্ডপথ দিয়া পুরী যাইতে ইচ্ছা ঃ—

"যাঁর ইচ্ছা, পাছে আইস আমারে দেখিতে ।
এবে আমি একা যামু ঝারিখণ্ড-পথে ॥" ১৭৪ ॥

অনুভাষ্য

১৫১। মধ্য, ১৭শ পঃ ১৪২ সংখ্যা দ্রষ্টব্য।

১৫২। মধ্য, ৬ষ্ঠ পঃ ১৮৬ সংখ্যা দ্রষ্টব্য।

সনাতনকে বৃন্দাবনে রূপ-অনুপম-সমীপে প্রেরণ ঃ—

সনাতনে কহিলা,—"তুমি যাহ' বৃন্দাবন ।
তোমার দুই ভাই তথা করিয়াছে গমন ॥ ১৭৫ ॥

করুণার্দ্রস্বরে ভক্তবৎসল ভগবানের স্বীয় বৃন্দাবন-যাত্রী ভক্তগণের সুখবিধানার্থ সনাতনকে আদেশ ঃ—

কাঁথা-করঙ্গিয়া মোর কাঙ্গাল ভক্তগণ ।
বৃন্দাবনে আইলে তাঁদের করিহ পালন ॥" ১৭৬ ॥

সকলকে আলিঙ্গন করিয়া নিরপেক্ষ প্রভুর যাত্রা, ভক্তগণের মূর্চ্ছা ঃ—

এত বলি' চলিলা প্রভু সবা আলিঙ্গিয়া ।
সবেই পড়িলা তথা মূর্চ্ছিত হঞা ॥ ১৭৭ ॥

ঐ পাঁচ ভক্তের কাশীতে আগমন, সনাতনের বৃন্দাবন-যাত্রা ঃ—

কতক্ষণে উঠি' সবে দুঃখে ঘরে আইলা ।
সনাতন-গোসাঞি বৃন্দাবনেরে চলিলা ॥ ১৭৮ ॥

রূপ-গোস্বামীর সহিত সুবুদ্ধি-রায়ের মিলন ঃ—

এথা রূপ-গোসাঞি যবে মথুরা আইলা ।
ধ্রুবঘাটে তাঁরে সুবুদ্ধিরায় মিলিলা ॥ ১৭৯ ॥
পূর্ব্বে যবে সুবুদ্ধি-রায় ছিলা গৌড়ে 'অধিকারী' ।
হুসেন-খাঁ 'সৈয়দ' করে তাহার চাকরী ॥ ১৮০ ॥
দীঘি খোদাইতে তারে 'মুন্সীফ' কৈলা ।
ছিদ্র পাঞা রায় তারে চাবুক মারিলা ॥ ১৮১ ॥
পাছে যবে হুসেন-খাঁ গৌড়ে 'রাজা' হইল ।
সুবুদ্ধি-রায়ের তিঁহো বহু বাড়াইল ॥ ১৮২ ॥
তার স্ত্রী তার অঙ্গে দেখে মারণের চিহ্নে ।
সুবুদ্ধি-রায়রে মারিতে কহে রাজা-স্থানে ॥ ১৮৩ ॥
রাজা কহে,—"আমার পোষ্টা রায় হয় 'পিতা' ।
তাহারে মারিমু আমি,—ভাল নহে কথা ॥" ১৮৪ ॥
স্ত্রী কহে,—জাতি লহ', যদি প্রাণে না মারিবে ।
রাজা কহে,—জাতি নিলে ইঁহো নাহি জীবে ॥ ১৮৫ ॥
স্ত্রী মরিতে চাহে, রাজা সঙ্কটে পড়িল ।
করোঁয়ার পানি তার মুখে দেওয়াইল ॥ ১৮৬ ॥

সুবুদ্ধি-রায়ের একাকী কাশীতে আগমন ঃ—

তবে সুবুদ্ধি-রায় সেই 'ছদ্ম' পাঞা ।
বারাণসী আইলা, সব বিষয় ছাড়িয়া ॥ ১৮৭ ॥

স্মার্ত্ত পণ্ডিতগণের নিকট প্রায়শ্চিত্ত জিজ্ঞাসা-ফলে নানাজনের নানাবিধান ঃ—

প্রায়শ্চিত্ত পুছিলা তিঁহো পণ্ডিতের গণে ।
তাঁরা কহে,—তপ্ত-ঘৃত খাঞা ছাড়' প্রাণে ॥ ১৮৮ ॥

সুবুদ্ধি-রায়ের প্রায়শ্চিত্ত-ব্যবস্থাসমূহে সন্দেহ ঃ—

কেহ কহে,—এই নহে, অল্প দোষ হয় ।
শুনিয়া রহিলা রায় করিয়া সংশয় ॥ ১৮৯ ॥

প্রভু কাশীতে আসিলে, সর্ব্ববৃত্তান্ত বর্ণনপূর্ব্বক প্রায়শ্চিত্ত-ব্যবস্থা-জিজ্ঞাসা ঃ—

তবে যদি মহাপ্রভু বারাণসী আইলা ।
তাঁরে মিলি' রায় আপন-বৃত্তান্ত কহিলা ॥ ১৯০ ॥

প্রভুর সর্ব্বাপেক্ষা উত্তম ব্যবস্থা প্রদান ও সুবুদ্ধি রায়কে শিক্ষা ঃ—

প্রভু কহে,—"ইঁহা হৈতে যাহ' বৃন্দাবন ।
নিরন্তর কর কৃষ্ণনামসঙ্কীর্ত্তন ॥ ১৯১ ॥

নামাভাস ও শুদ্ধনামের ফলভেদ ঃ—

এক 'নামাভাসে' তোমার পাপ-দোষ যাবে ।
আর 'নাম' লইতে কৃষ্ণচরণ পাইবে ॥ ১৯২ ॥
আর কৃষ্ণনাম লৈতে কৃষ্ণস্থানে স্থিতি ।
মহাপাতকের হয় এই প্রায়শ্চিত্তি ॥" ১৯৩ ॥

অযোধ্যা-পথে রায়ের নৈমিষারণ্য-গমন ও কিছুদিন অবস্থান ঃ—

পাঞা আজ্ঞা রায় বৃন্দাবনেরে চলিলা ।
প্রয়াগ, অযোধ্যা দিয়া নৈমিষারণ্যে আইলা ॥ ১৯৪ ॥

ইতোমধ্যে প্রভুর বৃন্দাবন হইয়া পুনরায় প্রয়াগে আগমন ঃ—

কতক দিবস রায় নৈমিষারণ্যে রহিলা ।
প্রভু বৃন্দাবন হৈতে প্রয়াগ যাইলা ॥ ১৯৫ ॥

মথুরায় প্রভু দর্শন না পাইয়া রায়ের খেদ ঃ—

মথুরা আসিয়া রায় প্রভুবার্ত্তা পাইল ।
প্রভুর লাগ্ না পাঞা মনে বড় দুঃখ হৈল ॥ ১৯৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮১। মুন্সীফ্—'ইন্সাফ্' শব্দ হইতে 'মুন্সীফ্'-শব্দের উৎপত্তি হইয়াছে ; যিনি যে-বিষয় বুঝিয়া লন, তাঁহাকে 'মুন্সীফ্' বলে। ছিদ্রপাঞা—দোষ দেখিয়া ।

১৮৩। তার স্ত্রী—হুসেন-সাহের বেগম; মারণের চিহ্ন—সুবুদ্ধি-রায় যে চাবুক মারিয়াছিল, তাহার চিহ্ন।

১৮৬। করোঁয়ার পানি—যে পাত্রে মুসলমানদিগের জল থাকে, তাহাকে 'করোঁয়া' বলে। সেই 'করোঁয়া' হইতে মুসলমান-স্পৃষ্টজল সুবুদ্ধিরায়ের মুখে দেওয়া হইয়াছিল।

১৮৭। ছদ্ম—ছল। সুবুদ্ধি রায়ের পূর্ব্বেই বিষয়ত্যাগের ইচ্ছা ছিল ; জাতিনাশ-ছলে পরিবারদিগকে ত্যাগ করিলেন।

১৯০। মহাপ্রভু মথুরায় যাইবার পূর্ব্বে যখন বারাণসী আসেন, সেই সময় সুবুদ্ধিরায়ের সহিত তাঁহার মিলন হয়।

রায়ের বৈরাগ্য ও দৈন্যাচরণ ঃ—

শুষ্ককাষ্ঠ আনি' রায় বেচে মথুরাতে ।
পাঁচ ছয় পয়সা হয় এক এক বোঝাতে ॥ ১৯৭ ॥
আপনে রহে এক পয়সার চানা চাবাঞা ।
আর পয়সা বাণিয়া-স্থানে রাখেন ধরিয়া ॥ ১৯৮ ॥
দুঃখী বৈষ্ণব দেখি' তাঁরে করান ভোজন ।
গৌড়ীয়া আইলে দধি, ভাত, তৈল-মর্দ্দন ॥ ১৯৯ ॥

তাঁহাকে লইয়া শ্রীরূপের বৃন্দাবনে দ্বাদশবন-প্রদর্শন ঃ—

রূপ-গোসাঞি আসি' তাঁরে বহু প্রীতি কৈলা ।
আপনসঙ্গে লঞা 'দ্বাদশ বন' দেখাইলা ॥ ২০০ ॥

শ্রীরূপের সনাতনান্বেষণে বৃন্দাবন হইতে প্রয়াগে আগমন ঃ—

মাসমাত্র রূপগোসাঞি রহিলা বৃন্দাবনে ।
শীঘ্র চলি' আইলা সনাতনানুসন্ধানে ॥ ২০১ ॥
গঙ্গাতীর-পথে প্রভু প্রয়াগেরে আইলা ।
তাহা শুনি' দুইভাই সে পথে চলিলা ॥ ২০২ ॥

ইতিমধ্যে সনাতনের প্রয়াগ হইতে মথুরায় আগমন ঃ—

এথা সনাতন গোসাঞি প্রয়াগে আসিয়া ।
মথুরা আইলা সনাতন রাজপথ দিয়া ॥ ২০৩ ॥

মথুরায় রায়ের সহিত মিলন ও রূপানুপম-বৃত্তান্ত-শ্রবণ ঃ—

মথুরাতে সুবুদ্ধিরায় তাহারে মিলিলা ।
রূপ-অনুপম-কথা সকলি কহিলা ॥ ২০৪ ॥

ভ্রাতৃত্রয়ের মিলন না ঘটিবার কারণ ঃ—

গঙ্গাপথে দুইভাই, রাজপথে সনাতন ।
অতএব তাঁহা সনে না হৈল মিলন ॥ ২০৫ ॥

সনাতনের প্রতি রায়ের পূর্ব্বাশ্রমোচিত ব্যবহার, সনাতনের উহাতে অপ্রীতি বা ঔদাসীন্য ঃ—

সুবুদ্ধি-রায় বহু স্নেহ করে সনাতনে ।
ব্যবহার-স্নেহ সনাতন নাহি মানে ॥ ২০৬ ॥

কৃষ্ণান্বেষণকারী মহাবৈরাগী সনাতনপ্রভু ঃ—

মহা-বিরক্ত সনাতন ভ্রমেন বনে বনে ।
প্রতিবৃক্ষে, প্রতিকুঞ্জে রহে রাত্রি-দিনে ॥ ২০৭ ॥

সনাতনের সাম্প্রদায়িক আচার্য্যকার্য্য-সম্পাদন ঃ—

মথুরা-মাহাত্ম্য-শাস্ত্র সংগ্রহ করিয়া ।
লুপ্ততীর্থ প্রকট কৈলা বনেতে ভ্রমিয়া ॥ ২০৮ ॥

সনাতনের বৃন্দাবনে এবং রূপ ও অনুপমের কাশীতে অবস্থান ঃ—

এইমত সনাতন বৃন্দাবনেতে রহিলা ।
রূপ-গোসাঞি দুইভাই কাশীতে আইলা ॥ ২০৯ ॥

কাশীতে ভক্তত্রয়সহ তাঁহাদের মিলন ঃ—

মহারাষ্ট্রীয় দ্বিজ, শেখর, মিশ্র-তপন ।
তিনজন সহ রূপ করিলা মিলন ॥ ২১০ ॥

সানুজ শ্রীরূপেরও শেখর-গৃহে অবস্থান ও তপন-মিশ্র-গৃহে ভিক্ষা ঃ—

শেখরের ঘরে বাসা, মিশ্র-ঘরে ভিক্ষা ॥
মিশ্রমুখে শুনে, সনাতনে প্রভুর 'শিক্ষা' ॥ ২১১ ॥

কাশীতে প্রভুর সনাতন-শিক্ষা ও মায়াবাদী সন্ন্যাসীর উদ্ধার-বৃত্তান্ত-শ্রবণে আনন্দ ঃ—

কাশীতে প্রভুর চরিত্র শুনি' তিনের মুখে ।
সন্ন্যাসীরে কৃপা শুনি' পাইলা বড় সুখে ॥ ২১২ ॥

প্রভুর প্রতি লোকের আনুগত্য-ভাবদর্শনে ও কীর্ত্তনশ্রবণে শ্রীরূপের সুখ ঃ—

মহাপ্রভুর উপর লোকের প্রণতি দেখিয়া ।
সুখী হৈলা লোকমুখে কীর্ত্তন শুনিয়া ॥ ২১৩ ॥

১৫ দিন কাশীতে থাকিয়া শ্রীরূপাদির গৌড়ে যাত্রা ঃ—

দিন দশ রহি' রূপ গৌড়ে যাত্রা কৈল ।
সনাতন-রূপের এই চরিত্র কহিল ॥ ২১৪ ॥

সঙ্গী বলভদ্রসহ প্রভুর কৃষ্ণান্বেষণ-চেষ্টায় পূর্ব্ববৎ ঝারিখণ্ড-পথে পুরীযাত্রা ঃ—

এথা মহাপ্রভু যদি নীলাদ্রি চলিলা ।
নির্জ্জন বনপথে যাইতে মহাসুখ পাইলা ॥ ২১৫ ॥
সুখে চলি' আইসে প্রভু বলভদ্র-সঙ্গে ।
পূর্ব্ববৎ মৃগাদি-সঙ্গে কৈলা নানারঙ্গে ॥ ২১৬ ॥

আঠারনালায় আসিয়া বলভদ্রদ্বারা পুরীস্থিত ভক্তগণকে আহ্বান ঃ—

আঠারনালাকে আসি' ভট্টাচার্য্য ব্রাহ্মণে ।
পাঠাঞা বোলাইলা নিজ-ভক্তগণে ॥ ২১৭ ॥

প্রভুর আগমন-শ্রবণে ভক্তগণের মৃতসঞ্জীবনী-মন্ত্র-লাভ ঃ—

শুনিয়া ভক্তের গণ যেন পুনরপি জীলা ।
দেহে প্রাণ আইল, যেন ইন্দ্রিয় উঠিলা ॥ ২১৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০২। তাঁহা শুনি'—রূপ গোস্বামী মথুরায় শুনিলেন যে, পূর্ব্বে মহাপ্রভু গঙ্গাতীরপথে মথুরায় গিয়াছিলেন, এক্ষণে সেই পথ দেখিবার উৎসাহে অনুপমের সহিত সেইপথে আসিলেন।

২০৬। ব্যবহার-স্নেহ—সংসারসম্বন্ধীয় স্নেহ ।

নরেন্দ্র-সরোবরের নিকট আসিয়া সকলের প্রভুদর্শন ঃ—

আনন্দে বিহ্বল ভক্তগণ ধাঞা আইলা ।
নরেন্দ্রে আসিয়া সবে প্রভুরে মিলিলা ॥ ২১৯ ॥

ভক্তগণ ও প্রভুর পরস্পরের প্রতি যথাযোগ্য প্রণাম ও আলিঙ্গনাদি ঃ—

পুরী, ভারতীর প্রভু বন্দিলেন চরণ ।
দোঁহে মহাপ্রভুরে কৈলা প্রেম-আলিঙ্গন ॥ ২২০ ॥
দামোদর-স্বরূপ, পণ্ডিত গদাধর ।
জগদানন্দ, কাশীশ্বর, গোবিন্দ, বক্রেশ্বর ॥ ২২১ ॥
কাশী-মিশ্র, প্রদ্যুম্ন-মিশ্র, পণ্ডিত-দামোদর ।
হরিদাস ঠাকুর, আর পণ্ডিত-শঙ্কর ॥ ২২২ ॥

ভক্ত ও ভগবানের মিলনে উভয়েরই প্রেমাবেশ ঃ—

আর সব ভক্ত প্রভুর চরণে পড়িলা ।
সবা আলিঙ্গিয়া প্রভু প্রেমাবিষ্ট হৈলা ॥ ২২৩ ॥

সকলকে লইয়া প্রভুর জগন্নাথ-দর্শন ঃ—

আনন্দ-সমুদ্রে ভাসে সব ভক্তগণে ।
সবা লঞা চলে প্রভু জগন্নাথ-দরশনে ॥ ২২৪ ॥

প্রভুর প্রেমাবেশ ও নৃত্যগীত ঃ—

জগন্নাথ দেখি' প্রভু প্রেমাবিষ্ট হৈলা ।
ভক্তসঙ্গে বহুক্ষণ নৃত্য-গীত কৈলা ॥ ২২৫ ॥

জগন্নাথের মালাপ্রসাদ প্রাপ্তি, পড়িছার প্রণাম ঃ—

জগন্নাথ-সেবক আনি' মালা-প্রসাদ দিলা ।
তুলসী পড়িছা আসি' চরণ বন্দিলা ॥ ২২৬ ॥

চতুর্দ্দিকে প্রভুর আগমন-সংবাদ-বিস্তৃতি, কটক হইতে রায় ও ভট্টাচার্য্যের আসিয়া প্রভুদর্শন ঃ—

'মহাপ্রভু আইলা'—গ্রামে কোলাহল হৈল ।
সার্ব্বভৌম, রামানন্দ, বাণীনাথ মিলিল ॥ ২২৭ ॥

প্রভুর কাশীমিশ্র-গৃহে অবস্থান ও সার্ব্বভৌমের নিমন্ত্রণ ঃ—

সবা সঙ্গে লঞা প্রভু মিশ্র-বাসা আইলা ।
সার্ব্বভৌম-পণ্ডিত গোসাঞিরে নিমন্ত্রণ কৈলা ॥ ২২৮ ॥

ভক্তসহ প্রসাদসেবনেচ্ছা-হেতু প্রসাদ আনাইতে আদেশ ঃ—

প্রভু কহে,—"মহাপ্রসাদ আন' এই স্থানে ।
সবা-সঙ্গে ইঁহা আজি করিমু ভোজনে ॥" ২২৯ ॥

ভক্তসহ মহাপ্রভুর মহাপ্রসাদ সম্মান ঃ—

তবে দুঁহে জগন্নাথপ্রসাদ আনিলা ।
সবা-সঙ্গে মহাপ্রভু ভোজন করিলা ॥ ২৩০ ॥

বৃন্দাবন হইতে পুরী-আগমন-যাত্রা বর্ণিত ঃ—

এই ত' কহিলুঁ,—প্রভু দেখি' বৃন্দাবন ।
পুনঃ করিলেন যৈছে নীলাদ্রি-গমন ॥ ২৩১ ॥

শ্রবণকারীর চিদ্বৃত্তিস্ফূর্ত্তি ও কৃষ্ণপ্রাপ্তি ঃ—

ইহা যেই শ্রদ্ধা করি' করয়ে শ্রবণ ।
অচিরাৎ পায় সেই চৈতন্য-চরণ ॥ ২৩২ ॥

মধ্যলীলার দিগ্দর্শন ও ২৪ বৎসরের মধ্যে ছয় বৎসর ভারতে নামপ্রেম প্রচারার্থ ভ্রমণ ঃ—

মধ্যলীলার করিলুঁ এই দিগ্দরশন ।
ছয় বৎসর কৈলা যৈছে গমনাগমন ॥ ২৩৩ ॥

অবশিষ্ট ১৮ বৎসর পুরীতে ভক্তসহ কীর্ত্তনোল্লাস ঃ—

শেষ অষ্টাদশ বৎসর নীলাচলে বাস ।
ভক্তগণ-সঙ্গে করে কীর্ত্তন-বিলাস ॥ ২৩৪ ॥

ভাগবতে ব্যাসরীত্যনুসরণে সংক্ষেপে মধ্যলীলার পরিচ্ছেদ-সমূহের বর্ণনমুখে পুনরালোচন ঃ—

মধ্যলীলার ক্রম এবে করি অনুবাদ ।
অনুবাদ কৈলে হয় কথার আস্বাদ ॥ ২৩৫ ॥
প্রথম পরিচ্ছেদে—শেষলীলার সূত্রগণ ।
তথি-মধ্যে কোন ভাগের বিস্তার বর্ণন ॥ ২৩৬ ॥
দ্বিতীয় পরিচ্ছেদে—প্রভুর প্রলাপ-বর্ণন ।
তথি-মধ্যে নানা-ভাবের দিগ্দরশন ॥ ২৩৭ ॥
তৃতীয় পরিচ্ছেদে—প্রভুর কহিলুঁ সন্ন্যাস ।
আচার্য্যের ঘরে যৈছে করিলা বিলাস ॥ ২৩৮ ॥
চর্তুথে—মাধবপুরীর চরিত্র-আস্বাদন ।
গোপাল-স্থাপন, ক্ষীরচুরির বর্ণন ॥ ২৩৯ ॥
পঞ্চমে—সাক্ষিগোপাল-চরিত্র বর্ণন ।
নিত্যানন্দ কহে, প্রভু করেন আস্বাদন ॥ ২৪০ ॥
ষষ্ঠে—সার্ব্বভৌমের করিলা উদ্ধার ।
সপ্তমে—তীর্থযাত্রা, বাসুদেব-নিস্তার ॥ ২৪১ ॥
অষ্টমে—রামানন্দ-সংবাদ বিস্তার ।
আপনে শুনিলা 'সর্ব্ব-সিদ্ধান্তের সার' ॥ ২৪২ ॥
নবমে—কহিলুঁ দক্ষিণ-তীর্থ-ভ্রমণ ।
দশমে—কহিলুঁ সর্ব্ব বৈষ্ণব-মিলন ॥ ২৪৩ ॥
একাদশে—শ্রীমন্দিরে 'বেড়া-সঙ্কীর্ত্তন' ।
দ্বাদশে—গুণ্ডিচা-মন্দির-মার্জ্জন-ক্ষালন ॥ ২৪৪ ॥
ত্রয়োদশে—রথ-আগে প্রভুর নর্ত্তন ।
চতুর্দ্দশে—'হেরাপঞ্চমী'-যাত্রা-দরশন ॥ ২৪৫ ॥
তার মধ্যে ব্রজদেবীর ভাবের শ্রবণ ।
স্বরূপ কহিলা, প্রভু কৈলা আস্বাদন ॥ ২৪৬ ॥
পঞ্চদশে—ভক্তের গুণ আপনে কহিল ।
সার্ব্বভৌম-ঘরে ভিক্ষা, অমোঘ তারিল ॥ ২৪৭ ॥

ষোড়শে—বৃন্দাবন-যাত্রা গৌড়দেশ-পথে।
পুনঃ নীলাচলে আইলা, নাটশালা হৈতে ॥ ২৪৮ ॥
সপ্তদশে—বনপথে মথুরা-গমন।
অষ্টাদশে—বৃন্দাবন-বিহার-বর্ণন ॥ ২৪৯ ॥
ঊনবিংশে—মথুরা হৈতে প্রয়াগ-গমন।
তার মধ্যে শ্রীরূপেরে শক্তি-সঞ্চারণ ॥ ২৫০ ॥
বিংশতি পরিচ্ছেদে—সনাতনের মিলন।
তার মধ্যে ভগবানের স্বরূপ-বর্ণন ॥ ২৫১ ॥
একবিংশে—কৃষ্ণৈশ্বর্য্য-মাধুর্য্য-বর্ণন।
দ্বাবিংশে—দ্বিবিধ সাধনভক্তির বিবরণ ॥ ২৫২ ॥
ত্রয়োবিংশে—প্রেমভক্তিরসের কথন।
চতুর্ব্বিংশে—'আত্মারামা'-শ্লোকার্থ-বর্ণন ॥ ২৫৩ ॥
পঞ্চবিংশে—কাশীবাসীরে বৈষ্ণবকরণ।
কাশী হৈতে পুনঃ নীলাচলে আগমন ॥ ২৫৪ ॥
পঞ্চবিংশতি পরিচ্ছেদে এই কৈলুঁ অনুবাদ।
যাহার শ্রবণে হয় গ্রন্থার্থ-আস্বাদ ॥ ২৫৫ ॥

সংক্ষেপে মধ্যলীলা বর্ণিত ঃ—

সংক্ষেপে কহিলুঁ এই মধ্যলীলার সার।
কোটিগ্রন্থে বর্ণন না যায় ইহার বিস্তার ॥ ২৫৬ ॥

জীবোদ্ধারনিমিত্ত প্রভুর সমগ্রভারত-ভ্রমণ এবং স্বয়ং আচরণ করিয়া প্রচার ঃ—

জীব নিস্তারিতে প্রভু ভ্রমিলা দেশে-দেশে।
আপনে আস্বাদি' ভক্তি করিলা প্রকাশে ॥ ২৫৭ ॥

প্রভুর প্রচার্য্য বিষয়সমূহ ঃ—

কৃষ্ণতত্ত্ব, ভক্তিতত্ত্ব, প্রেমতত্ত্ব আর।
ভাবতত্ত্ব, রসতত্ত্ব, লীলাতত্ত্ব-সার ॥ ২৫৮ ॥
শ্রীভাগবত-তত্ত্বরস করিলা প্রচারে।
কৃষ্ণতুল্য ভাগবত, জানাইলা সংসারে ॥ ২৫৯ ॥

কখনও শ্রোতৃরূপে, কখনও বক্তৃরূপে শুদ্ধভক্তি-প্রচার ঃ—

ভক্ত লাগি' বিস্তারিলা আপন-বদনে।
কাঁহা ভক্ত-মুখে কহাই শুনিলা আপনে ॥ ২৬০ ॥

অনুপম ভক্তবৎসল, অদ্বিতীয় ও অহৈতুকী-কৃপা-সিন্ধু ঃ—

শ্রীচৈতন্যসম আর কৃপালু, বদান্য।
ভক্তবৎসল না দেখি ত্রিজগতে অন্য ॥ ২৬১ ॥

অন্ধবিশ্বাস ছাড়িয়া বাস্তব-বস্তুতে দৃঢ়বিশ্বাস-ফলেই পরতত্ত্ব চৈতন্য-কৃষ্ণ প্রাপ্তি ঃ—

শ্রদ্ধা করি' এই লীলা শুন, ভক্তগণ।
ইহার প্রসাদে পাইবা চৈতন্য-চরণ ॥ ২৬২ ॥
ইহার প্রসাদে পাইবা কৃষ্ণতত্ত্বসার।
সর্ব্বশাস্ত্র-সিদ্ধান্তের ইঁহা পাইবা পার ॥ ২৬৩ ॥

কৃষ্ণলীলা ও চৈতন্যলীলা—অভিন্ন অমৃতনদী, তাহা কেবলমাত্র শুদ্ধচিত্ত ভক্তেরই আস্বাদ্য ঃ—

কৃষ্ণলীলা অমৃত-সার, তার শত শত ধার,
দশদিকে বহে যাহা হৈতে।
সে চৈতন্যলীলা হয়, সরোবর অক্ষয়,
মনোহংস চরাহ' তাহাতে ॥ ২৬৪ ॥

গ্রন্থকারের সদৈন্য প্রার্থনা ঃ—

ভক্তগণ, শুন মোর দৈন্য-বচন।
তোমা-সবার পদধূলি, অঙ্গে বিভূষণ করি',
কিছু মুঞি করোঁ নিবেদন ॥ ২৬৫ ॥ ধ্রু ॥

ভক্তিসিদ্ধান্তসমূহ ও কৃষ্ণপ্রেমরসাস্বাদনার্থ ভক্তগণকে অনুরোধ ঃ—

কৃষ্ণভক্তিসিদ্ধান্তগণ, যাতে প্রফুল্ল পদ্মবন,
তার মধু করি' আস্বাদন।
প্রেমরস-কুমুদবনে, প্রফুল্লিত রাত্রি-দিনে,
তাতে চরাও মনোভৃঙ্গগণ ॥ ২৬৬ ॥

অনুভাষ্য

২৬৪। কৃষ্ণলীলাই—'অমৃতসারবস্তু'; তদিতর, সমস্তই—'অসার'। কৃষ্ণলীলামৃতসারের শত শত ধারা কৃষ্ণলীলামৃত হইতে দশদিকে প্রবাহিত। কৃষ্ণলীলামৃতসারই আবার শ্রীচৈতন্য-লীলা। চৈতন্যলীলাকে কৃষ্ণলীলা হইতে পৃথক্‌বুদ্ধি করিয়া বর্ত্তমানকালে নব নব কল্পনাপ্রভাবে উদ্ভাবিত "নদীয়া ও গৌর-নাগরী লীলা" প্রভৃতি নবীন মতবাদ সৃষ্টি করিবার চেষ্টা চলিতেছে। থিয়সফিস্ট দলের কেহ কেহ এবং অন্যান্য ভক্তি-বিরোধী প্রাকৃত বাউল ও সহজিয়াদলের কেহ কেহ তাঁহাদের নিজ নিজ দুর্দ্দমনীয় প্রাকৃত-বৃত্তির ছাঁচে ঢালিয়া শ্রীগৌরাঙ্গকে রাজনৈতিক-নেতা, কেহ বা শক্তি-উপাসক, কেহ বা অবৈধ নাগরীর লম্পট বলিয়া ধারণা করিয়াছেন। গোলোকের নিত্যলীলাই প্রকটকালে প্রপঞ্চে উদিত হয়; তৎকালে শ্রীরূপাদি গৌরলীলার পার্ষদবর্গ কেহই যখন গৌরনাগর-লীলা দেখিতে বা বুঝিতে পারেন নাই, তখন উহা নিশ্চয়ই চৈতন্যলীলা নহে। শ্রীরূপানুগ বৈষ্ণব-গুরুর পদাঙ্ক অনুসরণ করিয়াই গৌরভক্তি কর্ত্তব্য। কল্পনা-সরোবরে অবগাহন করিয়া 'নবগোরার দল' করিয়া কোনই ফল নাই।

২৬৬। চৈতন্যলীলা—অক্ষয় সরোবর; কৃষ্ণভক্তি-সিদ্ধান্ত-সমূহ—সেই সরোবরের পদ্মবন, প্রেমরস—কুমুদবন; এবং ভক্তগণের মন—ভৃঙ্গসমূহ।

কৃষ্ণলীলা-বৈচিত্র্যসমূহই ভক্তগণের জীবন ঃ—

নানা-ভাবের ভক্তজন, হংস-চক্রবাকগণ,
যতে বসি' করেন বিহার ।
কৃষ্ণকেলি-মৃণাল, যাহা পাই সর্ব্বকাল,
ভক্ত-হংস করয়ে আহার ॥ ২৬৭ ॥

তাদৃশ আস্বাদনেই প্রেমোল্লাস-বৃদ্ধি ঃ—

সেই সরোবরে গিয়া, হংস-চক্রবাক হঞা,
সদা তাঁহা করহ বিলাস ।
খণ্ডিবে সকল দুঃখ, পাইবা পরম সুখ,
অনায়াসে হবে প্রেমোল্লাস ॥ ২৬৮ ॥

শুদ্ধভক্তগণকর্ত্তৃক বিশ্ববাসীকে গৌরকৃষ্ণলীলামৃত বিতরণ ঃ—

এই অমৃত অনুক্ষণ, সাধু-মহান্ত-মেঘগণ,
বিশ্বোদ্যানে করে বরিষণ ।
তাতে ফলে অমৃত-ফল, ভক্ত খায় নিরন্তর,
তার প্রেমে জীয়ে জগজন ॥ ২৬৯ ॥

গৌরলীলা—ঘনদুগ্ধপূর, তাহাতে কৃষ্ণলীলা—সুকর্পূর, শ্রৌত-পন্থায় হরিগুরুবৈষ্ণব-কৃপায় উহার আস্বাদন-সম্ভাবনা ঃ—

চৈতন্যলীলা—অমৃতপূর, কৃষ্ণলীলা—সুকর্পূর,
দুহে মিলি' হয় সুমাধুর্য্য ।
সাধু-গুরু-প্রসাদে, তাহা যেই আস্বাদে,
সেই জানে মাধুর্য্য-প্রাচুর্য্য ॥ ২৭০ ॥

এই উভয় লীলামৃতই ভক্তের আহার্য্য, ইহা ব্যতীত অন্নগ্রহণেও ভক্তজীবনের অপুষ্টি ঃ—

যে লীলা-অমৃত বিনে, খায় যদি অন্নপানে,
তবে ভক্তের দুর্ব্বল জীবন ।
যার একবিন্দু-পানে, উৎফুল্লিত তনুমনে,
হাসে, গায়, করয়ে নর্ত্তন ॥ ২৭১ ॥

তর্কপন্থায় এই অমৃত দুর্ল্লভ ঃ—

এ অমৃত কর পান, যার সম নাহি আন,
চিত্তে করি' সুদৃঢ় বিশ্বাস ।
না পড়' কুতর্ক-গর্ত্তে, অমেধ্য-কর্কশ-আবর্ত্তে,
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ ॥ ২৭২ ॥

পঞ্চতত্ত্বকে ও শ্রোতৃগণকে প্রণাম ঃ—

শ্রীচৈতন্য, নিত্যানন্দ, শ্রীঅদ্বৈত, ভক্তবৃন্দ,
আর যত শ্রোতা ভক্তগণ ।
তোমা-সবার শ্রীচরণ, করি শিরে ভূষণ,
যাহা হৈতে অভীষ্ট-পূরণ ॥ ২৭৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭১। মনুষ্য অন্নপানের দ্বারা পুষ্ট হয় ; ভক্তগণ বহির্ম্মুখ-দিগের ন্যায় অন্নপান গ্রহণ করিয়াও কৃষ্ণলীলা-সম্পৃক্ত চৈতন্য-লীলামৃত পান না করিলে দুর্ব্বল জীবন হইয়া পড়েন।

অনুভাষ্য

২৬৭। কৃষ্ণকেলিপদ্মই ভক্তরূপ হংসের 'আহার'। নিত্য-সম্ভোগরস-বিগ্রহ কৃষ্ণচন্দ্রের ক্রীড়া—নিত্য-বিপ্রলম্ভরসবিগ্রহ অভিন্ন-কৃষ্ণতনু শ্রীগৌরসুন্দরের আশ্রিত নিত্যসেবক ভক্তগণের আহার্য্য বস্তু।

২৬৮। গৌরভক্ত চৈতন্যলীলা-সরোবরে অবগাহনপূর্ব্বক নিত্যকাল শ্রীগৌরপদাশ্রিত হংসচক্রবাকরূপে কৃষ্ণের ভজন করিতে করিতে শ্রীগৌরোপাসনরূপ-সরোবরে বিলাস কর। তাহা হইলেই গৌরাঙ্গকে নদীয়া-নাগরীর ন্যায় ভোগ্যজড় বিশেষরূপে কল্পনা করিয়া তোমাকে কৃষ্ণেতর-সেবারূপ 'দুঃখ' পাইতে হইবে না এবং কৃষ্ণসেবারূপ পরমসুখ লাভ করিয়া (তুমি) কৃষ্ণপ্রেমোল্লাসে মত্ত হইবে।

২৬৯। গৌরপদাশ্রিত সাধুমহান্ত-মেঘসমূহ, সর্ব্বদা জগৎ-রূপ উদ্যানে কৃষ্ণলীলামৃত বর্ষণ করেন। এই বারিধারা-সেচন-প্রভাবে প্রেমামৃত-ফল ফলিলে ভক্তগণ নিরন্তর ভক্ষণ করেন এবং তৎপ্রেমে বিশ্ববাসী জীবনধারণ করেন।

২৭০। চৈতন্যলীলামৃত—সেই প্রেমামৃতের 'পূর'-সদৃশ এবং কৃষ্ণলীলা—সুকর্পূর-তুল্য ; এই লীলামৃতদ্বয়ের একত্র মিলনেই সুমাধুর্য্য। কৃষ্ণলীলা-মাধুর্য্য চৈতন্যলীলামৃত-সহযোগে পুষ্ট হইয়া সুমাধুর্য্যময় হইয়াছে। গৌর-বিরোধী অসুরদল গৌরলীলা বা গৌর-মন্ত্র স্বীকার করেন না, সুতরাং তাঁহাদের কৃষ্ণলীলা-মাধুর্য্য আস্বাদন করিবার সম্ভাবনা নাই। আবার কৃষ্ণবিরোধী দৈত্যদল কৃষ্ণলীলামৃতে উদাসীন হইয়া নদীয়া-নাগরীর অনুগত নাগরী-অভিমানে বিপ্রলম্ভরসবিগ্রহ রাধাকৃষ্ণাভিন্নতনু গৌরকে কৃষ্ণ হইতে পৃথক্ করিয়া অর্থাৎ সম্ভোগরসবিগ্রহ করিয়া গৌর-লীলা-বৈচিত্র্য-মাধুর্য্য সমূলে বিনাশ করেন। শ্রীরূপানুগ-সাধু-গুরু-প্রসাদক্রমে অর্থাৎ শ্রীরূপানুগত্যে গৌরলীলামৃত ও কৃষ্ণলীলা-মৃতকে পরস্পর 'অভিন্ন' জানিলে লীলাদ্বয়ের একত্র সম্মিলনেই কেবল প্রচুর মাধুর্য্যাস্বাদন হয় ;—শ্রীরূপানুগ ব্যক্তি কেবলমাত্র তাহাই দৃঢ়ভাবে বিশ্বাস করেন।

২৭১। পাঠান্তরে—'খায় যদি অনুপানে।'

২৭২। কৃষ্ণ ও গৌরলীলাকে পরস্পর ভিন্ন-জ্ঞানে কুতর্ক-মূলে অপবিত্র কর্কশ ঘূর্ণিবায়ুর দ্বারা চালিত হইয়া কৃষ্ণভজন ছাড়িয়া গৌরভজন করিলে বা গৌরসেবা ছাড়িয়া কৃষ্ণসেবা করিলে, মূঢ়জীবের সর্ব্বনাশ হয়।

অভীষ্ট আরাধ্যের প্রণাম ঃ—

শ্রীরূপ-সনাতন- রঘুনাথ-জীব-চরণ,
শিরে ধরি,—যার করি আশ ।
কৃষ্ণলীলামৃতান্বিত, চৈতন্যচরিতামৃত,
কহে কিছু দীন কৃষ্ণদাস ॥ ২৭৪ ॥

শ্রীমন্মদনগোপাল-গোবিন্দদেব-তুষ্টয়ে ।
চৈতন্যার্পিতমস্ত্বেতচ্চৈতন্যচরিতামৃতম্ ॥ ২৭৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২৭৫। শ্রীমদনগোপাল ও গোবিন্দদেবের তুষ্টির জন্য এই চৈতন্যচরিতামৃত কৃষ্ণচৈতন্যার্পিত হউক।

২৭৬। এই অতি রহস্যময় গৌরলীলামৃত ভক্তের প্রাণধন হইলেও অনধিকারিগণ ইহাকে নিশ্চয় আদর করিবে না ;

অনুভাষ্য

২৭৫। শ্রীমন্মদনগোপাল-গোবিন্দদেব-তুষ্টয়ে (শ্রীমন্মদন-গোপালঃ গোবিন্দদেবঃ চ তয়োঃ তুষ্টয়ে প্রীত্যৈ) এতৎ চৈতন্য-চরিতামৃতং চৈতন্যার্পিতমস্তু (শ্রীকৃষ্ণচৈতন্যায় সমর্পয়ামি)।

২৭৬। অতিরহস্যং (পরমগোপনীয়ং) তৎ গৌরলীলামৃতম্ (ইদং গ্রন্থরত্নং) খলু (নিশ্চিতং) সমুদয়লোকৈঃ (অসদ্ভিরনধি-কারিভিঃ সর্ব্বৈঃ) ন আদৃতং, যতঃ [ইদং] তৈঃ (অসদ্ভিঃ)

অভক্তের নিন্দা-প্রশংসায় নিরপেক্ষ গ্রন্থকারের ভক্ত-সুখেই আপনাকে কৃতার্থ-জ্ঞান ঃ—

তদিদমতিরহস্যং গৌরলীলামৃতং যৎ
খলু সমুদয়-লোকৈর্নাদৃতং তৈরলভ্যম্ ।
ক্ষতিরিয়মিহ কা মে স্বাদিতং যৎ সমস্তাৎ
সহৃদয়-সুমনোভির্মোদমেষাং তনোতি ॥ ২৭৬ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে কাশীবাসি-বৈষ্ণবকরণং পুনর্নীলাচল-গমনঞ্চ পঞ্চবিংশঃ পরিচ্ছেদঃ।

ইতি মধ্যলীলা সমাপ্তা

অমৃতপ্রবাহ ভাষ্য

ইহাতে আমার ক্ষতি নাই, পরন্তু এই লীলামৃত যে-সকল সহৃদয় সাধুকর্ত্তৃক সম্যক্‌রূপে আস্বাদিত হইয়াছে, এই গ্রন্থ সেই মহাত্মাদিগের আনন্দ বিস্তার করুক্।

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে পঞ্চবিংশ পরিচ্ছেদ।

অনুভাষ্য

অলভ্যং (লব্ধুমশক্যম্) ; ইহ (অত্র) মে (মম) ইয়ং কা ক্ষতিঃ (হানিঃ)?—যৎ (যত্র) সহৃদয়সুমনোভিঃ (নিষ্কপটৈঃ সুধীভিঃ ঐকান্তিকচিত্তৈঃ) সমন্তাৎ (সর্ব্বতঃ) স্বাদিতং (সৎ) এষাং (সুমনসাং) মোদং তনোতি (বিস্তারয়তি)।

ইতি অনুভাষ্যে পঞ্চবিংশ পরিচ্ছেদ।

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

অন্ত্যলীলা

প্রথম পরিচ্ছেদ

কথাসার—শ্রীবৃন্দাবন হইতে মহাপ্রভুর শ্রীক্ষেত্রাগমন-বার্ত্তা পাইয়া গৌড়ীয় ভক্তগণ পুরুষোত্তমে যাত্রা করিলেন। শিবানন্দ-সেন একটী কুকুরকে পারের খরচ দিয়া লইয়া যাইতেছিলেন। রাত্রে কুকুরকে ভাত না দেওয়ায়, সে প্রভুর নিকট চলিয়া গেল। শিবানন্দাদি পরদিন মহাপ্রভুর নিকটে পৌঁছিয়া দেখিলেন যে, সেই কুকুর প্রভু-প্রদত্ত নারিকেলশস্য-প্রসাদ ভক্ষণ করিতেছে ; পরে সেই কুকুর উদ্ধার পাইয়া (বৈকুণ্ঠে) গেল। এদিকে শ্রীরূপ-গোস্বামী বৃন্দাবন হইতে যাত্রা করিয়া গৌড়ীয়-ভক্তগণের সহিত একত্র আসিতে না পারিয়া কিছুদিন পরে নীলাচলে আসিয়া হরিদাসের সহিত রহিলেন। মহাপ্রভু শ্রীরূপের বিরচিত "প্রিয়ঃ সোহয়ং"-শ্লোক পড়িয়া বড়ই আনন্দিত হইলেন। একদিবস মহাপ্রভু রায়-রামানন্দ, সার্ব্বভৌম ইত্যাদি ভক্তবৃন্দের সহিত হরিদাসের বাসায় আসিয়া শ্রীরূপের 'ললিতমাধব' ও 'বিদগ্ধ-মাধব' নামক দুইখানি নাটকের মুখবন্ধাদি শ্লোক শ্রবণ করিলেন। রামানন্দ-রায় উহাদের অনেক অঙ্গপ্রত্যঙ্গ বিচার করিয়া দুইখানি নাটকই যে সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে, তাহা স্থির করিলেন। চাতু-র্ম্মাস্যের পর গৌড়ীয়-ভক্তগণ প্রভুর আজ্ঞায় গৌড়দেশে যাত্রা করিলেন। শ্রীরূপগোস্বামী শ্রীক্ষেত্রে রহিলেন। (অঃ প্রঃ ভাঃ)

পরমদয়াল পরমেশ্বর শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর বন্দনা ঃ—

পঙ্গুং লঙ্ঘয়তে শৈলং মূকমাবর্ত্তয়েচ্ছ্রুতিম্ ।
যৎকৃপা তমহং বন্দে কৃষ্ণচৈতন্যমীশ্বরম্ ॥ ১ ॥

সজ্জনের কৃপা যাচ্ঞা ঃ—

দুর্গমে পথি মেঽন্ধস্য স্খলৎপাদগতের্ম্মুহুঃ ।
স্বকৃপা-যষ্টিদানেন সন্তঃ সন্ত্ববলম্বনম্ ॥ ২ ॥

শ্রীরূপ, সনাতন, ভট্ট-রঘুনাথ ।
শ্রীজীব, গোপালভট্ট, দাস-রঘুনাথ ॥ ৩ ॥

এই ছয় গুরুর করোঁ চরণ বন্দন ।
যাহা হৈতে বিঘ্ননাশ, অভীষ্ট-পূরণ ॥ ৪ ॥

জয়তাং সুরতৌ পঙ্গোর্ম্মম মন্দমতের্গতী ।
মৎসর্ব্বস্বপদাম্ভোজৌ রাধা-মদনমোহনৌ ॥ ৫ ॥

দীব্যদ্বৃন্দারণ্যকল্পদ্রুমাধঃ-
শ্রীমদ্রত্নাগারসিংহাসনস্থৌ ।
শ্রীমদ্রাধা-শ্রীলগোবিন্দদেবৌ
প্রেষ্ঠালীভিঃ সেব্যমানৌ স্মরামি ॥ ৬ ॥

শ্রীমান্‌রাসরসারম্ভী বংশীবটতটস্থিতঃ ।
কর্ষন্ বেণুস্বনৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েঽস্তু নঃ ॥ ৭ ॥

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১। যাঁহার কৃপা পঙ্গুকে গিরিলঙ্ঘন করিতে শক্তি দেয় এবং বোবাকে শ্রুতি পাঠ করায়, সেই ঈশ্বর কৃষ্ণচৈতন্যকে আমি বন্দনা করি।

২। সাধুগণ স্বীয় কৃপা-যষ্টি দানপূর্ব্বক দুর্গমপথে মুহুর্মুহুঃ স্খলিতপাদ ও অন্ধস্বরূপ আমার অবলম্বন হউন।

অনুভাষ্য

১। যৎকৃপা (যৎ যস্য চৈতন্যচন্দ্রস্য অনুকম্পা) পঙ্গুং (পদ-বিক্ষেপণশক্তিবিহীনং জনং) শৈলং (পরমোচ্চগিরিশিখরং) লঙ্ঘয়তে (উত্তারয়তি), মূকং (বাক্‌শক্তিবিহীনং জনং) শ্রুতিং (বেদম্) আবর্ত্তয়েৎ (পঠয়তি), তম্ ঈশ্বরং পরমশ্বেরং (কৃষ্ণ-চৈতন্যং মহাপ্রভুম্) অহং বন্দে।

২। সন্তঃ (সাধবঃ) স্বকৃপা-যষ্টিদানেন (নিজদয়ারূপাবলম্বন-প্রদানেন) দুর্গমে (দুস্তরে) পথি (সংসারে) মুহুঃ (পুনঃ পুনঃ) স্খলৎপাদগতেঃ (বিক্ষিপ্তচরণস্য পথভ্রষ্টস্য), অন্ধস্য (নয়ন-বিহীনস্য) মে (মম) অবলম্বনম্ (আশ্রয়পদং) সন্তু (ভবন্তু)।

৫। আদি, ১ম পঃ ১৫ শ্লোক দ্রষ্টব্য।

৬। আদি, ১ম পঃ ১৬ শ্লোক দ্রষ্টব্য।

৭। আদি, ১ম পঃ ১৭ শ্লোক দ্রষ্টব্য।

অন্ত্যলীলা বর্ণনারম্ভ ঃ—

মধ্যলীলা সংক্ষেপেতে করিলুঁ বর্ণন ।
অন্ত্যলীলা-বর্ণন কিছু শুন, ভক্তগণ ॥ ৯ ॥

পূর্ব্বে মধ্যলীলায় ১ম পরিচ্ছেদে অন্ত্যলীলাসূত্র বর্ণিত ঃ—

মধ্যলীলা-মধ্যে অন্ত্যলীলা-সূত্রগণ ।
পূর্ব্বগ্রন্থে সংক্ষেপেতে করিয়াছি বর্ণন ॥ ১০ ॥
আমি জরাগ্রস্ত, নিকটে জানিয়া মরণ ।
অন্ত্যলীলার কোন সূত্র করিয়াছি বর্ণন ॥ ১১ ॥

অনুল্লিখিত সূত্রের সবিস্তারবর্ণনে প্রতিজ্ঞা ঃ—

পূর্ব্বলিখিত গ্রন্থসূত্র-অনুসারে ।
যেই নাহি লিখি, তাহা লিখিয়ে বিস্তারে ॥ ১২ ॥

গৌড়ে প্রভুর বৃন্দাবন হইতে পুরীতে আগমন-বার্ত্তা-জ্ঞাপন ঃ—

বৃন্দাবন হৈতে প্রভু নীলাচলে আইলা ।
স্বরূপ-গোসাঞি গৌড়ে বার্ত্তা পাঠাইলা ॥ ১৩ ॥

শচীর শ্রবণ ও ভক্তগণের পুরীতে গমনোদ্‌যোগ ঃ—

শুনি' শচী আনন্দিত, সব ভক্তগণ ।
সবে মিলি' নীলাচলে করিলা গমন ॥ ১৪ ॥

শ্রীঅদ্বৈতাচার্য্য ও শিবানন্দের নিকট যাবতীয় ভক্তের আগমন ঃ—

কুলীনগ্রামী ভক্ত আর যত খণ্ডবাসী ।
আচার্য্য, শিবানন্দে মিলিলা সবে আসি' ॥ ১৫ ॥

সকলের তত্ত্বাবধায়ক শিবানন্দ ঃ—

শিবানন্দ করে সবার ঘাটি সমাধান ।
সবারে পালন করে, দেয় বাসা-স্থান ॥ ১৬ ॥

শিবানন্দের ভগবদ্ভক্ত কুকুরের বৃত্তান্ত ঃ—

এক কুক্কুর চলে শিবানন্দে-সনে ।
ভক্ষ্য দিয়া লঞা চলে করিয়া পালনে ॥ ১৭ ॥
একদিন একস্থানে নদী পার হৈতে ।
উড়িয়া নাবিক কুক্কুর না চড়ায় নৌকাতে ॥ ১৮ ॥
কুক্কুর রহিলা,—শিবানন্দ দুঃখী হৈলা ।
দশ পণ কড়ি দিয়া কুক্কুরে পার কৈলা ॥ ১৯ ॥
একদিন শিবানন্দে ঘাটিতে রহিলা ।
কুক্কুরকে ভাত দিতে সেবক পাসরিলা ॥ ২০ ॥
রাত্রে আসি' শিবানন্দ ভোজনের কালে ।
'কুক্কুর পাঞাছে ভাত?'—সেবকে পুছিলে ॥ ২১ ॥
কুক্কুর নাহি পায় ভাত, শুনি' দুঃখী হৈলা ।
কুক্কুর চাহিতে দশ-মনুষ্য পাঠাইলা ॥ ২২ ॥
চাহিয়া না পাইল কুক্কুর, লোক সব আইলা ।
দুঃখী হঞা শিবানন্দ উপবাস কৈলা ॥ ২৩ ॥
প্রভাতে কুক্কুর চাহি' কাঁহা না পাইল ।
সকল বৈষ্ণবের মনে চমৎকার হৈল ॥ ২৪ ॥
উৎকণ্ঠায় চলি' সবে আইলা নীলাচলে ।
পূর্ব্ববৎ মহাপ্রভু মিলিলা সকলে ॥ ২৫ ॥
সবা লঞা কৈলা জগন্নাথ-দরশন ।
সবা লঞা মহাপ্রভু করেন ভোজন ॥ ২৬ ॥
পূর্ব্ববৎ সবারে প্রভু পাঠাইলা বাসা-স্থানে ।
প্রভু-স্থানে আর দিন সবার গমনে ॥ ২৭ ॥
আসিয়া দেখিল সবে সেই ত' কুক্কুরে ।
প্রভু-পাশে বসিয়াছে কিছু অল্পদূরে ॥ ২৮ ॥
প্রসাদ নারিকেল-শস্য দেন ফেলাঞা ।
'রাম' 'কৃষ্ণ' 'হরি' কহ', বলেন হাসিয়া ॥ ২৯ ॥
শস্য খায় কুক্কুর, 'কৃষ্ণ' কহে বার বার ।
দেখিয়া লোকের মনে হৈল চমৎকার ॥ ৩০ ॥
শিবানন্দ কুক্কুর দেখি' দণ্ডবৎ কৈলা ।
দৈন্য করি' নিজ অপরাধ ক্ষমাইলা ॥ ৩১ ॥

কুকুরের সিদ্ধি ও বৈকুণ্ঠ-প্রাপ্তি ঃ—

আর দিন কেহ তার দেখা না পাইলা ।
সিদ্ধ-দেহ পাঞা কুক্কুর বৈকুণ্ঠেতে গেলা ॥ ৩২ ॥

অলৌকিক লীলাময় প্রভু ঃ—

ঐছে দিব্যলীলা করে শচীর নন্দন ।
কুক্কুরকে 'কৃষ্ণ' কহাঞা করিলা মোচন ॥ ৩৩ ॥

শ্রীরূপের বৃন্দাবনাগমন ও নাটক-রচনারম্ভ ঃ—

এথা প্রভু-আজ্ঞায় রূপ আইলা বৃন্দাবন ।
কৃষ্ণলীলা-নাটক করিতে হৈল মন ॥ ৩৪ ॥
বৃন্দাবনে নাটকের আরম্ভ করিলা ।
মঙ্গলাচরণ 'নান্দী-শ্লোক' তথাই লিখিলা ॥ ৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

২০। পাসরিলা—ভুলিয়া গেল।

২২। চাহিতে—খুঁজিতে।

৩৪। কৃষ্ণলীলা-নাটক—কৃষ্ণলীলা-বিষয়ক নাটক।

অনুভাষ্য

১০। পূর্ব্বগ্রন্থে—মধ্যলীলার প্রথম-পরিচ্ছেদে।

১৫। আচার্য্য—অদ্বৈত আচার্য্য।

৩৫। নান্দী—নাটকচন্দ্রিকায়—"প্রস্তাবনায়াস্তু মুখে নান্দী কার্য্যা শুভাবহা। আশীর্নমস্ক্রিয়া-বস্তুনির্দ্দেশান্যতমান্বিতা ।।

সানুজ শ্রীরূপের গৌড়ে যাত্রা ও সূত্রাকারে নাটকের পাণ্ডুলিপি রচনা ঃ—

পথে চলি' আইসে নাটকের ঘটনা ভাবিতে ।
কড়চা করিয়া কিছু লাগিলা লিখিতে ॥ ৩৬ ॥

গৌড়ে অনুপমের গঙ্গাপ্রাপ্তি ঃ—

এইমতে দুইভাই গৌড়দেশে আইলা ।
গৌড়ে আসি' অনুপমের গঙ্গা-প্রাপ্তি হৈলা ॥ ৩৭ ॥

শ্রীরূপের পুরীতে প্রভুদর্শনে যাত্রা ঃ—

রূপ-গোসাঞি প্রভুপাশে করিলা গমন ।
প্রভুরে দেখিতে তাঁর উৎকণ্ঠিত মন ॥ ৩৮ ॥

অনুপমের গঙ্গাপ্রাপ্তিহেতু বিলম্ববশতঃ প্রভুদর্শনার্থ গৌড়ীয়-যাত্রিগণের সহিত শ্রীরূপের সাক্ষাৎকারের অভাব ঃ—

অনুপমের লাগি' তাঁর বিলম্ব হইল ।
ভক্তগণ-পাশ আইলা, লাগ্ না পাইল ॥ ৩৯ ॥

সত্যভামাপুরে সত্যভামাদেবীর উপদেশ-প্রাপ্তিই ললিতমাধব-রচনার মূল সূত্রপাত ঃ—

উড়িয়া-দেশে 'সত্যভামাপুর'-নামে গ্রাম ।
এক রাত্রি সেই গ্রামে করিলা বিশ্রাম ॥ ৪০ ॥
রাত্রে স্বপ্নে দেখে,—এক দিব্যরূপা নারী ।
সম্মুখে আসিয়া আজ্ঞা দিলা কৃপা করি' ॥ ৪১ ॥
"আমার নাটক পৃথক্ করহ রচন ।
আমার কৃপাতে নাটক হবে বিলক্ষণ ॥" ৪২ ॥

শ্রীরূপের মনে মনে বিচার ঃ—

স্বপ্ন দেখি' রূপ-গোসাঞি করিলা বিচার ।
'সত্যভামার আজ্ঞা—পৃথক্ নাটক করিবার ॥ ৪৩ ॥

একত্র বর্ণিত ব্রজ-পুরলীলার পৃথক্ নাটকাকারে বর্ণন-প্রতিজ্ঞা ঃ—

ব্রজ-পুর-লীলা একত্র করিয়াছি গঠনা ।
দুই ভাগ করি' এবে করিমু রচনা ॥' ৪৪ ॥

পুরীতে সিদ্ধবকুল-মঠে ঠাকুর-হরিদাসের গৃহে উপস্থিতি ঃ—

ভাবিতে ভাবিতে শীঘ্র আইলা নীলাচলে ।
আসি' উত্তরিলা হরিদাস-বাসাস্থলে ॥ ৪৫ ॥

ঠাকুরের স্নেহোক্তি ঃ—

হরিদাস-ঠাকুর তাঁরে বহু কৃপা কৈলা ।
"তুমি আসিবে,—মোরে প্রভু যে কহিলা ॥" ৪৬ ॥

অকস্মাৎ হরিদাসকে দর্শন দিতে প্রভুর আগমন ঃ—

'উপল-ভোগ' দেখি' হরিদাসেরে দেখিতে ।
প্রতিদিন আইসেন প্রভু, আইলা আচম্বিতে ॥ ৪৭ ॥

শ্রীরূপের প্রভুকে প্রণাম ও প্রভুর আলিঙ্গন ঃ—

"রূপ দণ্ডবৎ করে",—হরিদাস কহিলা ।
হরিদাসে মিলি' প্রভু রূপে আলিঙ্গিলা ॥ ৪৮ ॥

পরস্পর সংলাপ ঃ—

হরিদাস-রূপে লঞা প্রভু বসিলা একস্থানে ।
কুশল প্রশ্ন, ইষ্টগোষ্ঠী কৈলা কতক্ষণে ॥ ৪৯ ॥

সনাতনের সংবাদ-জিজ্ঞাসা ও শ্রীরূপের সনাতনের সহিত সাক্ষাৎকারাভাব-জ্ঞাপন ঃ—

সনাতনের বার্ত্তা যবে গোসাঞি পুছিল ।
রূপ কহে,—"তাঁর সঙ্গে দেখা না হইল ॥ ৫০ ॥

তৎকারণ নির্দ্দেশ ঃ—

আমি গঙ্গাপথে আইলাঙ, তিঁহো রাজপথে ।
অতএব আমার দেখা নহিল তাঁর সাথে ॥ ৫১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৫। নান্দী-শ্লোক—নাটকের আরম্ভে যে মঙ্গলাচরণ-শ্লোক পঠিত হয়, তাহাকে 'নান্দী'-শ্লোক বলে।

৩৬। কড়চা—খস্ড়া বা পাণ্ডুলিপি।

অনুভাষ্য

অষ্টাভির্দশভির্যুক্তা কিংবা দ্বাদশভিঃ পদৈঃ। চন্দ্রনামাঙ্কিতা প্রায়ো মঙ্গলার্থপদোজ্জ্বলা। মঙ্গলং চক্রকমলচকোরকুমুদাদিকম্।।" সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পরিচ্ছেদে ২৮২ সংখ্যায়—"আশীর্ব্বচন-সংযুক্তা স্তুতির্যস্মাৎ প্রযুজ্যতে। দেবদ্বিজ-নৃপাদীনাং তস্মান্নান্দীতি সংজ্ঞিতা।।"*

৩৭। দুই ভাই—শ্রীরূপ ও তদনুজ শ্রীঅনুপম।

৪০। কটক-জেলার অন্তর্গত জান্কাদেইপুরের নিকটে 'সত্যভামাপুর'-গ্রাম।

অমৃতপ্রবাহ ভাষ্য

৩৯। লাগ্ না পাইল—শিবানন্দাদি ভক্তগণ প্রভুর নিকট যাইতেছেন শুনিয়া শ্রীরূপও তাঁহাদিগের সঙ্গে নীলাচলে যাইবেন

অনুভাষ্য

** নাটকচন্দ্রিকায়—প্রস্তাবনার প্রারম্ভে নান্দী-কার্য্য শুভাবহ হইয়া থাকে। আশীর্ব্বাদ, নমস্কার ও বস্তুনির্দ্দেশের অন্যতম-সংযুক্তা নান্দী আট, দশ কিংবা দ্বাদশ-পদদ্বারা যুক্তা এবং প্রায়শঃ চন্দ্রনামাঙ্কিতা হইয়া মঙ্গলসূচকপদে শোভিতা হইয়া থাকে। চক্র, কমল, চকোর, কুমুদ প্রভৃতিই মঙ্গল। সাহিত্যদর্পণে—দেব, দ্বিজ, নৃপতি প্রভৃতির যে আশীর্ব্বাদ-সূচক বাক্য-সংযুক্তা স্তুতি নটগণ প্রয়োগ করিয়া থাকেন, তাহাতে আনন্দ উৎপন্ন হয় বলিয়া, তাহা নান্দী-নামে কথিতা হইয়া থাকে।*

অনুপমের গঙ্গাপ্রাপ্তি-জ্ঞাপন ঃ—

প্রয়াগে শুনিলুঁ,—তেঁহো গেলা বৃন্দাবনে ।"
অনুপমের গঙ্গা-প্রাপ্তি কৈল নিবেদনে ॥ ৫২ ॥

প্রভুর প্রস্থান ও সঙ্গিগণের সহিত শ্রীরূপের মিলন ঃ—

রূপে তাঁহা বাসা দিয়া গোসাঞি চলিলা ।
গোসাঞির সঙ্গী ভক্ত রূপেরে মিলিলা ॥ ৫৩ ॥

প্রভুকর্ত্তৃক একদিন ভক্তগণকে শ্রীরূপের পরিচয়-প্রদান ঃ—

আর দিন মহাপ্রভু সব ভক্ত লঞা ।
রূপে মিলাইলা সবায় কৃপা ত' করিয়া ॥ ৫৪ ॥

শ্রীরূপকর্ত্তৃক সকল ভক্তের চরণ-বন্দন,
সকলের রূপকে আলিঙ্গন ঃ—

সবার চরণ রূপ করিলা বন্দন ।
কৃপা করি' রূপে সবে কৈলা আলিঙ্গন ॥ ৫৫ ॥

শ্রীরূপকে কৃপা করিতে মহাপ্রভুর নিতাই ও অদ্বৈত-
প্রভুদ্বয়কে অনুরোধ ঃ—

"অদ্বৈত, নিত্যানন্দ, তোমরা দুইজনে ।"
প্রভু কহে,—"রূপে কৃপা কর কায়মনে ॥ ৫৬ ॥
তোমা-দুঁহার কৃপাতে ইঁহার হউ শক্তি ।
যাতে বিবরিতে পারেন কৃষ্ণরসভক্তি ॥" ৫৭ ॥

শ্রীরূপ—প্রভুর সকলভক্তেরই প্রীতিভাজন ঃ—

গৌড়ীয়া, উড়িয়া, যত প্রভুর ভক্তগণ ।
সবার হইল রূপ স্নেহের ভাজন ॥ ৫৮ ॥

স্বয়ং প্রভুর শ্রীরূপকে প্রত্যহ দর্শনপ্রসাদ দান ঃ—

প্রতিদিন আসি' রূপে করেন মিলনে ।
মন্দিরে যে প্রসাদ পান, দেন দুই জনে ॥ ৫৯ ॥

শ্রীরূপ-সঙ্গে প্রভুর কৃষ্ণকথা ঃ—

ইষ্টগোষ্ঠী দুইজনে করি' কতক্ষণ ।
মধ্যাহ্ন করিতে প্রভু করিলা গমন ॥ ৬০ ॥

প্রভুকৃপালাভে শ্রীরূপের আনন্দ ঃ—

এইমত প্রতিদিন প্রভুর ব্যবহার ।
প্রভুকৃপা পাঞা রূপের আনন্দ অপার ॥ ৬১ ॥

ভক্তগণসহ প্রভুর নীলাচল-লীলা ঃ—

ভক্তগণ লঞা কৈলা গুণ্ডিচা-মার্জ্জন ।
আইটোটা আসি' কৈলা বন্য-ভোজন ॥ ৬২ ॥

সর্ব্বভক্তের আনন্দ-দর্শনে শ্রীরূপ-হরিদাসের আনন্দ ঃ—

প্রসাদ খায়, 'হরি' বলে সর্ব্বভক্তজন ।
দেখি' হরিদাস-রূপের হরষিত মন ॥ ৬৩ ॥

প্রভুর উচ্ছিষ্টাবশেষ-প্রাপ্তিতে উভয়ের প্রেম-নৃত্য ঃ—

গোবিন্দদ্বারা প্রভুর শেষ-প্রসাদ পাইলা ।
প্রেমে মত্ত দুইজন নাচিতে লাগিলা ॥ ৬৪ ॥

অন্য একদিন রূপের সহিত প্রভুর মিলন ঃ—

আর দিন প্রভু রূপে মিলিয়া বসিলা ।
সর্ব্বজ্ঞ-শিরোমণি প্রভু কহিতে লাগিলা ॥ ৬৫ ॥

প্রভুর কৃপাদেশই বিদগ্ধমাধব-রচনার মূলসূত্রপাত ঃ—

"কৃষ্ণেরে বাহির নাহি করিহ ব্রজ হৈতে ।
ব্রজ ছাড়ি' কৃষ্ণ কভু না যান কাঁহাতে ॥ ৬৬ ॥

কেবলমাত্র ব্রজেই ব্রজেন্দ্রনন্দনের অবস্থান ঃ—
লঘুভাগবতামৃতে (১।৫।৪৬১)-ধৃত যামলবচন—

কৃষ্ণোঽন্যো যদুসম্ভূতো যস্তু গোপেন্দ্রনন্দনঃ ।
বৃন্দাবনং পরিত্যজ্য স ক্বচিন্নৈব গচ্ছতি ॥" ৬৭ ॥

প্রভুর বাক্যে শ্রীরূপের মনে মনে বিচার ঃ—

এত কহি' মহাপ্রভু মধ্যাহ্নে চলিলা ।
রূপ-গোসাঞি মনে কিছু বিস্ময় হইলা ॥ ৬৮ ॥

শ্রীসত্যভামা-দেবী ও প্রভু, উভয়েরই পৃথগ্‌ভাবে যথাক্রমে ললিত-
মাধব ও বিদগ্ধমাধব-নাটক লিখিতে আদেশ প্রদান ঃ—

'পৃথক্ নাটক করিতে সত্যভামা আজ্ঞা দিল ।
জানিলুঁ, পৃথক্ নাটক করিতে প্রভু-আজ্ঞা হৈল ॥ ৬৯ ॥

পূর্ব্বে একত্র বর্ণিত নাটকদ্বয়ের এক্ষণে পৃথগ্‌ভাবে কল্পন ও রচন ঃ—

পূর্ব্বে দুই নাটক ছিল একত্র রচনা ।
দুইভাগ করি এবে করিমু গঠনা ॥ ৭০ ॥

নান্দী, প্রস্তাব ও বিষয় প্রভৃতি সমস্তই পৃথগ্‌ভাবে চিন্তন ঃ—

দুই 'নান্দী'-'প্রস্তাবনা', দুই 'সংঘটনা' ।
পৃথক্ করিয়া লিখি করিয়া ভাবনা ॥" ৭১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

বলিয়া আসিলেন ; কিন্তু তাঁহাদিগের সহিত সাক্ষাৎকার হইল না, তাঁহারা পূর্ব্বেই নীলাচল যাইতেছিলেন।

৫৩। তাঁহা—হরিদাসের বাসায় অর্থাৎ সিদ্ধবকুলে।

৬৭। যদুকুমার কৃষ্ণ—বাসুদেব-তত্ত্ব, অতএব তিনি—গোপেন্দ্রনন্দন হইতে পৃথক্ ; তিনিই মথুরা ও দ্বারকায় লীলা করেন। যিনি গোপেন্দ্রনন্দন, তিনি বৃন্দাবন পরিত্যাগ করিয়া কোথাও যান না।

অনুভাষ্য

৬২। আইটোটা—গুণ্ডিচার নিকটবর্ত্তী উপবন।

৬৭। যদুসম্ভূতঃ (যদুকুলোৎপন্নঃ) কৃষ্ণঃ—অন্যঃ (ব্রজেন্দ্র-নন্দনাৎ অপরঃ) ; যঃ তু গোপেন্দ্রনন্দনঃ (নন্দসুতঃ) সঃ তু বৃন্দাবনং পরিত্যজ্য (বিহায়) ক্বচিৎ (কুত্রাপি) নৈব গচ্ছতি।

৭০। দুই ভাগ—বিদগ্ধমাধবে ব্রজলীলা এবং ললিতমাধবে পুরলীলা,—এই দুই ভাগ।

বিপ্রলম্ভভাবান্বিত প্রভুর মুখে শ্লোক-শ্রবণে শ্রীরূপের তদ্ভাব-সূচক শ্লোক রচনা ঃ—

রথযাত্রায় জগন্নাথ-দর্শন করিলা ।
রথ-অগ্রে প্রভুর নৃত্য-কীর্ত্তন দেখিলা ॥ ৭২ ॥
প্রভুর নৃত্য-শ্লোক শুনি' শ্রীরূপ-গোসাঞি ।
সেই শ্লোকার্থ লঞা শ্লোক করিলা তথাই ॥ ৭৩ ॥

মধ্য, ১ম পঃ বর্ণিত হইলেও এক্ষণে পুনরায় সংক্ষেপে বর্ণন ঃ—

পূর্ব্বে সেই সব কথা করিয়াছি বর্ণন ।
তথাপি কহিয়ে কিছু সংক্ষেপে কথন ॥ ৭৪ ॥

শ্রীরাধাভাবান্বিত প্রভুর উচ্চারিত গূঢ়-শ্লোকের মর্ম্মার্থ একমাত্র স্বরূপ-দামোদর ব্যতীত সকলেরই দুর্ব্বোধ্য ঃ—

সামান্য এক শ্লোক প্রভু পড়েন কীর্ত্তনে ।
কেনে শ্লোক পড়ে—ইহা কেহ নাহি জানে ॥ ৭৫ ॥

সেই শ্লোকের ভাবদ্যোতক পদাবলী গান করিয়া স্বরূপের প্রভুসন্তোষ-বিধান ঃ—

সবে একা স্বরূপ শ্লোকের অর্থ জানে ।
শ্লোকানুরূপ পদ করান আস্বাদনে ॥ ৭৬ ॥

শ্রীরূপের প্রভুর মনোমত শ্লোক-রচনা ঃ—

রূপ-গোসাঞি প্রভুর জানিয়া অভিপ্রায় ।
সেই অর্থে শ্লোক কৈলা প্রভুরে যে ভায় ॥ ৭৭ ॥

প্রভুর উচ্চারিত শ্লোক ঃ—
কাব্যপ্রকাশে (১।৪), সাহিত্যদর্পণে (১।১০) ও পদ্যাবলীতে (৩৮২)—

যঃ কৌমারহরঃ স এব হি বরস্তা চৈত্রক্ষপা-
স্তে চোন্মীলিতমালতীসুরভয়ঃ প্রৌঢ়াঃ কদম্বানিলাঃ ।
সা চৈবাস্মি তথাপি তত্র সুরতব্যাপারলীলাবিধৌ
রেবারোধসি বেতসীতরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে ॥ ৭৮ ॥

পদ্যাবলীতে (৩৮৩) শ্রীরূপগোস্বামিকৃত-শ্লোক—

প্রিয়ঃ সোঽয়ং কৃষ্ণঃ সহচরি কুরুক্ষেত্রমিলিত-
স্তথাহং সা রাধা তদিদমুভয়োঃ সঙ্গমসুখম্ ।
তথাপ্যন্তঃখেলন্মধুরমুরলীপঞ্চমজুষে
মনো মে কালিন্দীপুলিনবিপিনায় স্পৃহয়তি ॥ ৭৯ ॥

তালপত্রে শ্লোক লিখি' চালেতে রাখিলা ।
সমুদ্রস্নান করিবারে রূপ-গোসাঞি গেলা ॥ ৮০ ॥

প্রভুর রূপকৃত শ্লোক-পাঠে প্রেমাবেশ ঃ—

হেনকালে প্রভু আইলা তাঁহারে মিলিতে ।
চালে শ্লোক দেখি' প্রভু লাগিলা পড়িতে ॥ ৮১ ॥
শ্লোক পড়ি' প্রভু সুখে প্রেমাবিষ্ট হৈলা ।
হেনকালে রূপ-গোসাঞি স্নান করি' আইলা ॥ ৮২ ॥

শ্রীরূপের প্রতি প্রভুর অকৃত্রিম স্নেহ-কৃপা ঃ—

প্রভু দেখি' দণ্ডবৎ প্রাঙ্গণে পড়িলা ।
প্রভু তাঁরে চাপড় মারি' কহিতে লাগিলা ॥ ৮৩ ॥

শ্রীরূপকে গাঢ় আলিঙ্গন ঃ—

"গূঢ় মোর হৃদয় তুমি জানিলা কেমনে?"
এত কহি' রূপে কৈলা দৃঢ় আলিঙ্গনে ॥ ৮৪ ॥

শ্লোক দেখাইয়া অজ্ঞতার ভাণে রহস্যপূর্ব্বক শ্রীস্বরূপকে শ্রীরূপ-কর্ত্তৃক স্বীয় মনোভাবাবগতির কারণ জিজ্ঞাসা ঃ—

সে-শ্লোক লঞা প্রভু স্বরূপে দেখাইলা ।
স্বরূপের পরীক্ষা লাগি' তাঁহারে পুছিলা ॥ ৮৫ ॥
"মোর অন্তর-বার্ত্তা রূপ জানিল কেমনে?"
স্বরূপ কহে,—"জানি, কৃপা করিয়াছ আপনে ॥ ৮৬ ॥

স্বরূপকর্ত্তৃক শ্রীরূপের প্রভুকৃপা-লাভানুমান ঃ—

অন্যথা এ অর্থ কার নাহি হয় জ্ঞান ।
তুমি পূর্ব্বে কৃপা কৈলা, করি অনুমান ॥" ৮৭ ॥

স্বরূপের নিকট প্রভুর প্রয়াগে রূপশিক্ষা-বৃত্তান্ত-বর্ণন ঃ—

প্রভু কহে,—"ইঁহো আমায় প্রয়াগে মিলিল ।
যোগ্যপাত্র জানি মোর কৃপা ত' হইল ॥ ৮৮ ॥
তবে শক্তি সঞ্চারি' আমি কৈলুঁ উপদেশ ।
তুমিহ কহিও ইঁহায় রসের বিশেষ ॥" ৮৯ ॥

স্বরূপের অনুমান যাথার্থ্য ঃ—

স্বরূপ কহে,—"যাতে এই শ্লোক দেখিলুঁ ।
তুমি করিয়াছ কৃপা, তবঁহি জানিলু ॥ ৯০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৭৫। কেনে—কি ভাবে।

অনুভাষ্য

৭১। সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ২৮৭ শ্লোকে—"নটী বিদূষকো বাপি পারিপার্শ্বিক এব বা। সূত্রধারেণ সহিতাঃ সংলাপং যত্র কুর্ব্বতে।। চিত্রৈর্বাক্যৈঃ স্বকার্য্যোত্থৈঃ প্রস্তুতাক্ষেপিভির্মিথঃ। আমুখং তত্তু বিজ্ঞেয়ং নাম্না প্রস্তাবনাপি সা।।" নটী, বিদূষক অথবা পার্শ্ববর্ত্তী নট,—ইহারা সূত্রধারের সহিত যেখানে নিজ-কর্ত্তব্যব্যাপার-বিষয়ক প্রকৃত বৃত্ত-উত্থাপক মনোজ্ঞবাক্যদ্বারা পরস্পর সম্যক্‌রূপে আলাপ করে, তাহাকে 'আমুখ' বলিয়া জানিবে, উহাই 'প্রস্তাবনা' (অভিনয়ারম্ভক প্রস্তাব)।

৭৮। মধ্য, ১ম পঃ ৫৮ সংখ্যা দ্রষ্টব্য।

৭৯। মধ্য, ১ম পঃ ৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

ফলের দ্বারা তৎকারণানুমান ঃ—

ন্যায়-বচন—

"ফলেন ফলকারণমনুমীয়তে ॥" ৯১ ॥

যেমন কারণ তেমন কার্য্য ঃ—

নৈষধীয়ে (৩।১৭) দময়ন্তীর প্রতি হংসবাক্য—

স্বর্গাপগা-হেমমৃণালিনীনাং নানা-মৃণালাগ্রভুজো ভজামঃ।
অন্নানুরূপাং তনুরূপঋদ্ধিং কার্য্যং নিদানাদ্ধি গুণানধীতে ॥"৯২

চাতুর্ম্মাস্যান্তে গৌড়ীয়গণের গৌড়ে প্রত্যাবর্ত্তন ঃ—

চাতুর্ম্মাস্য রহি' গৌড়ে বৈষ্ণব চলিলা।
রূপ-গোসাঞি মহাপ্রভুর চরণে রহিলা ॥ ৯৩ ॥

একদা শ্রীরূপের নাটক-লিখনকালে প্রভুর অকস্মাৎ আগমন ঃ—

একদিন রূপ করেন নাটক-লিখন।
আচম্বিতে মহাপ্রভুর হৈল আগমন ॥ ৯৪ ॥

শ্রীরূপ-হরিদাসের প্রভুপ্রণাম, প্রভুর উপবেশন ঃ—

সম্ভ্রমে দুঁহে উঠি' দণ্ডবৎ হৈলা।
দুঁহে আলিঙ্গিয়া প্রভু আসনে বসিলা ॥ ৯৫ ॥

প্রভুর শ্রীরূপ-লিখিত পত্রখণ্ডগ্রহণ ও হস্তাক্ষর-দর্শনে সন্তোষ ঃ—

'ক্যা পুঁথি লিখ?' বলি' একপত্র নিলা।
অক্ষর দেখিয়া প্রভু মনে সুখী হৈলা ॥ ৯৬ ॥

প্রভুকর্ত্তৃক শ্রীরূপের হস্তাক্ষরের প্রশংসা ঃ—

শ্রীরূপের অক্ষর—যেন মুকুতার পাঁতি।
প্রীত হঞা করেন প্রভু অক্ষরের স্তুতি ॥ ৯৭ ॥

একটী শ্লোক দর্শনে প্রভুর প্রেমাবেশ ঃ—

সেই পত্রে প্রভু এক শ্লোক দেখিলা।
পড়িতেই শ্লোক, প্রেমে আবিষ্ট হইলা ॥ ৯৮ ॥

কৃষ্ণনাম-মাধুর্য্যাস্বাদন-সূচক শ্লোক ঃ—

বিদগ্ধমাধবে (১।১৫) নান্দীর প্রতি পৌর্ণমাসীর বাক্য—

তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলীলব্ধয়ে
কর্ণক্রোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্।
চেতঃপ্রাঙ্গণসঙ্গিনী বিজয়তে সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতিং
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী ॥ ৯৯ ॥

শ্লোকশ্রবণে নামাচার্য্যের আনন্দ-নৃত্য ঃ—

শ্লোক শুনি' হরিদাস হইলা উল্লাসী।
নাচিতে লাগিলা শ্লোকের অর্থ প্রশংসি' ॥ ১০০ ॥

শ্লোকের অদ্বিতীয় কৃষ্ণনাম-মাহাত্ম্য-সূচনা ঃ—

"কৃষ্ণনামের মহিমা শাস্ত্র-সাধু-মুখে জানি।
নামের মহিমা ঐছে কাঁহা নাহি শুনি ॥" ১০১ ॥

প্রভুর মধ্যাহ্নস্নানে গমন ঃ—

তবে মহাপ্রভু দুঁহে করি' আলিঙ্গন।
মধ্যাহ্ন করিতে সমুদ্রে করিলা গমন ॥ ১০২ ॥

অন্য একদিন স্বরূপ-রামানন্দ-ভট্টাদির সহিত প্রভুর শ্রীরূপসমীপে আগমন ঃ—

আর দিন মহাপ্রভু দেখি' জগন্নাথ।
সার্ব্বভৌম-রামানন্দ-স্বরূপাদি-সাথ ॥ ১০৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

৯১। ফলের দ্বারাই ফলের কারণ অনুমিত হয়।

৯২। স্বর্গঙ্গার সুবর্ণমৃণালনালাগ্র ভোজন করিয়াই আমরা তদনুরূপ শরীর-সৌন্দর্য্য প্রাপ্ত হইয়াছি; কারণ, নিদানানুরূপই গুণগণ উদিত হইয়া থাকে।

৯৯। 'কৃষ্ণ' এই দুইটী বর্ণ কত অমৃতের সহিত যে উৎপন্ন হইয়াছে, তাহা জানি না;—দেখ, যখন (নটীর ন্যায়) তাহা তুণ্ডে (মুখে) নৃত্য করে, তখন বহু তুণ্ড (মুখ) পাইবার জন্য রতি বিস্তার (অর্থাৎ আসক্তি বর্দ্ধন) করে; যখন কর্ণকুহরে প্রবেশ করে (অঙ্কুরিত হয়), তখন অর্ব্বুদ কর্ণের জন্য স্পৃহা জন্মায়; যখন চিত্তপ্রাঙ্গণে (সঙ্গিনীরূপে) উদিত হয়, তখন সমস্ত ইন্দ্রিয়ের ক্রিয়াকে বিজয় করে।

অনুভাষ্য

৯২। [হে দময়ন্তি,] স্বর্গাপগা-হেমমৃণালিনীনাং (স্বর্গাপ-গায়াঃ স্বর্গঙ্গায়াঃ মন্দাকিন্যাঃ হেমমৃণালিনীনাং স্বর্ণতুল্যপদ্মানাং) নানামৃণালাগ্রভুজঃ (বিবিধ-কোমল-পদ্মাগ্রভোজনশীলাঃ বয়ম্) অন্নানুরূপাং (ভুক্তসদৃশীং) তনুরূপঋদ্ধিং (দেহলাবণ্য-সমৃদ্ধিং) ভজামঃ (প্রাপ্নুমঃ); হি (যতঃ) কার্য্যং (ফলং) নিদানাৎ (আদি-কারণাৎ) গুণান্ অধীতে (প্রাপ্নোতি)।

৯৯। কৃষ্ণঃ ইতি বর্ণদ্বয়ী কিয়দ্ভিঃ (কিয়ৎপরিমিতৈঃ) অমৃতৈঃ [সহ] জনিতা (উৎপাদিতা), [তৎ অহং] নো জানে (ন বেদ্মি), [যতঃ সা হে নান্দীমুখি], তুণ্ডে (মুখে) তাণ্ডবিনী (তাণ্ডবং—'পুংনৃত্যং তাণ্ডবং প্রোক্তং' ইতি বাক্যাৎ 'নাট্যং', তৎ কুর্ব্বতী সতী) তুণ্ডাবলী-লব্ধয়ে (বহুবদনশ্রেণীনাং প্রাপ্তয়ে) রতিং (স্পৃহাং) বিতনুতে (প্রকাশয়তি); কর্ণক্রোড়কড়ম্বিনী (কর্ণ-পদব্যাং কড়ম্বিনী অঙ্কুরিতা সতী) কর্ণার্ব্বুদেভ্যঃ (অর্ব্বুদসংখ্যা-মিত-কর্ণলাভায়) স্পৃহাং (বাঞ্ছাং) ঘটয়তে; চেতঃপ্রাঙ্গণসঙ্গিনী (চেতঃ এব প্রাঙ্গণং তস্মিন্ সহচরী সতী) সর্ব্বেন্দ্রিয়াণাম্ (ইন্দ্রিয়-সমূহানাং) কৃতিং (ব্যাপারং) বিজয়তে (পরাজয়তে, তদাবিষ্টং কারয়িত্বা চেষ্টাশূন্যং করোতি)।

পথে শ্রীমুখে শ্রীরূপের প্রশংসা-কীর্ত্তন ঃ—

সবে মিলি' চলি আইলা শ্রীরূপে মিলিতে ।
পথে তাঁর গুণ সবারে লাগিলা কহিতে ॥ ১০৪ ॥

শ্রীরূপকৃত "প্রিয়ঃ সোঽয়ং" ও "তুণ্ডে তাণ্ডবিনী" শ্লোকের প্রশংসা ঃ—

দুই শ্লোক কহি' প্রভুর হৈল মহাসুখ ।
নিজ-ভক্তের গুণ কহে হঞা পঞ্চমুখ ॥ ১০৫ ॥

রায় ও ভট্টসমীপে স্বয়ং প্রভুর শ্রীরূপগুণ বর্ণন ঃ—

সার্ব্বভৌম-রামানন্দে পরীক্ষা করিতে ।
শ্রীরূপের গুণ দুঁহারে লাগিলা কহিতে ॥ ১০৬ ॥

ভগবানের ভক্তবাৎসল্য ঃ—

'ঈশ্বর-স্বভাব'—ভক্তের না লয় অপরাধ ।
অল্পসেবা বহু মানে আত্মপর্য্যন্ত প্রসাদ ॥ ১০৭ ॥

ভক্তের প্রতি ভগবানের ব্যবহার ঃ—

ভক্তিরসামৃতসিন্ধু (২।১।১৩৮)—

ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং মনাগপি কৃতাং বহুধাভ্যুপৈতি ।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং
শীলেন নির্ম্মলমতিঃ পুরুষোত্তমোঽয়ম্ ॥ ১০৮ ॥

শ্রীরূপ ও হরিদাসের সগণ প্রভুকে প্রণাম ঃ—

ভক্তসঙ্গে প্রভু আইলা, দেখি' দুই জন ।
দণ্ডবৎ হঞা কৈলা চরণ-বন্দন ॥ ১০৯ ॥

ভক্তবেষ্টিত প্রভুর নিম্নাসনে উভয়ের দৈন্যক্রমে উপবেশন ঃ—

ভক্তসঙ্গে কৈলা প্রভু দুঁহারে মিলন ।
পিণ্ডাতে বসিলা প্রভু লঞা ভক্তগণ ॥ ১১০ ॥
রূপ, হরিদাস দুঁহে বসিলা পিণ্ডাতলে ।
সবার অগ্রে না উঠিলা পিঁড়ার উপরে ॥ ১১১ ॥

প্রভুর শ্রীরূপকে "প্রিয়ঃ সোঽয়ং" শ্লোকপঠনে আদেশ ; শ্রীরূপের লজ্জা ও মৌন ঃ—

"পূর্ব্বশ্লোক পড়, রূপ", প্রভু আজ্ঞা কৈলা ।
লজ্জাতে না পড়ে রূপ মৌন ধরিলা ॥ ১১২ ॥

স্বরূপের শ্লোকপঠন, তচ্ছ্রবণে সকলের বিস্ময় ঃ—

স্বরূপ-গোসাঞি তবে সেই শ্লোক পড়িল ।
শুনি' সবাকার চিত্তে চমৎকার হৈল ॥ ১১৩ ॥

পদ্যাবলীতে (৩৮৩) শ্রীরূপগোস্বামিকৃত শ্লোক—

প্রিয়ঃ সোঽয়ং কৃষ্ণঃ সহচরি কুরুক্ষেত্রমিলিত-
স্তথাহং সা রাধা তদিদমুভয়োঃ সঙ্গমসুখম্ ।
তথাপ্যন্তঃখেলন্মধুরমুরলীপঞ্চমজুষে
মনো মে কালিন্দীপুলিনবিপিনায় স্পৃহয়তি ॥ ১১৪ ॥

রামানন্দাদি ভক্তের অনুমান—প্রভুকৃপাফলেই শ্রীরূপকর্ত্তৃক প্রভু-ভাবাবগতি ঃ—

রায়, ভট্টাচার্য্য বলে,—"তোমার প্রসাদ বিনে ।
তোমার হৃদয় এই জানিবে কেমনে ॥ ১১৫ ॥
আমাতে সঞ্চারি' পূর্ব্বে কহিলা সিদ্ধান্ত ।
যে-সব সিদ্ধান্তে ব্রহ্মা নাহি পায় অন্ত ॥ ১১৬ ॥
তাতে জানি—পূর্ব্বে তোমার পাঞাছে প্রসাদ ।
তাহা বিনা নহে তোমার হৃদয়ানুবাদ ॥" ১১৭ ॥

প্রভুকর্ত্তৃক শ্রীরূপকে "তুণ্ডে তাণ্ডবিনী" শ্লোকপঠনে আদেশ ঃ—

প্রভু কহে,—কহ "রূপ, নাটকের শ্লোক ।
যে শ্লোক শুনিলে লোকের যায় দুঃখ-শোক ॥" ১১৮ ॥

প্রথমে স্বকৃত শ্লোক-পঠনে লজ্জা, পরে পঠন ঃ—

বার বার প্রভু তাতে আজ্ঞা যদি দিলা ।
তবে সেই শ্লোক রূপ কহিতে লাগিলা ॥ ১১৯ ॥

বিদগ্ধমাধবে (১।১৫)—

তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলীলব্ধয়ে
কর্ণক্রোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্ ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১০৮। এই ভগবান্ পুরুষোত্তম—নির্ম্মল-মতি, শীলতা-ধর্ম্মের দ্বারা ইনি ভৃত্যের গুরু অপরাধসকলও দৃষ্টি করেন না ; অতিস্বল্প সেবাকে বহু জ্ঞান করেন এবং আত্মনিন্দাকারী খলের প্রতিও অসূয়া আবিষ্কার (প্রকাশ) করেন না।

অনুভাষ্য

১০৭। আত্মপর্য্যন্ত প্রসাদ—আত্মাকে অর্থাৎ আপনাকে প্রদানরূপ অনুগ্রহ পর্য্যন্ত করেন।

১০৮। অয়ং নির্ম্মলমতিঃ (নির্ম্মলা নৈসর্গিক-রাগদ্বেষাদি-বর্জ্জিতা মতিঃ যস্য সঃ) পুরুষোত্তমঃ (কৃষ্ণঃ,—'কমলেক্ষণঃ' ইতি পাঠান্তরে) শীলেন (সৎস্বভাবেন) ভৃত্যস্য (কিঙ্করস্য) গুরূন্ (মহতঃ) অপি অপরাধান্ ন পশ্যতি ; মনাক্ (ঈষৎ) অপি কৃতাং (অনুষ্ঠিতাং) সেবাং বহুধা (বহুপ্রকারতয়া) অভ্যুপৈতি (অঙ্গীকারোতি) ; পিশুনেষু (খলেষু দুর্জ্জনেষু বা) অপি অভ্যসূয়াং (দোষদৃষ্টিং) ন আবিষ্করোতি (ন প্রকাশয়তি)।

১১৪। মধ্য, ১ম পঃ ৭৬ সংখ্যা দ্রষ্টব্য।

১১৬। পূর্ব্বে—মধ্য, ৮ম পঃ দ্রষ্টব্য।

১১৭। হৃদয়ানুবাদ—মনোভাব-কীর্ত্তন।

১২০। অন্ত্য, ১ম পঃ ৯৯ সংখ্যা দ্রষ্টব্য।

চেতঃপ্রাঙ্গণসঙ্গিনী বিজয়তে সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতিং
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী ॥ ১২০ ॥

রামানন্দপ্রমুখ ভক্তগণের তচ্ছ্রবণে বিস্ময়-সুখ ঃ—

যত ভক্তবৃন্দ আর রামানন্দ রায় ।
শ্লোক শুনি' সবার হইল আনন্দ-বিস্ময় ॥ ১২১ ॥

অদ্বিতীয় কৃষ্ণনামমাধুরী-দ্যোতক শ্লোক ঃ—

সবে বলে,—"নাম-মহিমা শুনিয়াছি অপার ।
এমন মাধুর্য্য কেহ বর্ণে নাহি আর ॥" ১২২ ॥

শ্রীরায়-রূপ-সংলাপ বর্ণন ; রায়কর্ত্তৃক মূলগ্রন্থের পরিচয়-জিজ্ঞাসা ঃ—

রায় কহে,—"কোন্ গ্রন্থ কর হেন জানি ?
যাহার ভিতরে এই সিদ্ধান্তের খনি ??" ১২৩ ॥

স্বরূপকর্ত্তৃক নাটকদ্বয়ের পরিচয়-প্রদান ঃ—

স্বরূপ কহে,—"কৃষ্ণলীলার নাটক করিতে ।
ব্রজলীলা-পুরলীলা একত্র বর্ণিতে ॥ ১২৪ ॥
আরম্ভিয়া ছিলা, এবে প্রভু-আজ্ঞা পাঞা ।
দুই নাটক করিয়াছেন বিভাগ করিয়া ॥ ১২৫ ॥

ব্রজলীলাত্মক-বিদগ্ধমাধব ও পুরলীলাত্মক-ললিতমাধব ঃ—

বিদগ্ধমাধব আর ললিতমাধব ।
দুই নাটকে প্রেমরস অদভুত সব ॥" ১২৬ ॥

শ্রীরূপকে রায়ের বিদগ্ধমাধবের নান্দী-পঠনে অনুরোধ ঃ—

রায় কহে,—"নান্দী-শ্লোক পড় দেখি, শুনি ?"
শ্রীরূপ শ্লোক পড়ে প্রভু-আজ্ঞা মানি' ॥ ১২৭ ॥

জগন্মঙ্গলবিধাত্রী কৃষ্ণলীলা ঃ—

বিদগ্ধমাধবে মঙ্গলাচরণে (১।১)—

সুধানাং চান্দ্রীণামপি মধুরিমোন্মাদ-দমনী
দধানা রাধাদিপ্রণয়ঘনসারৈঃ সুরভিতাম্ ।
সমন্তাৎ সন্তাপোদ্গম-বিষমসংসার-সরণী-
প্রণীতাং তে তৃষ্ণাং হরতু হরিলীলা-শিখরিণী ॥ ১২৮ ॥

রায়কর্ত্তৃক স্বাভীষ্টদেব-বর্ণনে অনুরোধ, শ্রীরূপের লজ্জা ঃ—

রায় কহে,—"কহ ইষ্টদেবের বর্ণন ।"
প্রভুর সঙ্কোচে রূপ না করে পঠন ॥ ১২৯ ॥

প্রভুর সনির্ব্বন্ধ আদেশ ঃ—

প্রভু কহে,—"কহ না কেনে, কি সঙ্কোচ-লাজে ?
গ্রন্থের ফল শুনাইবা বৈষ্ণব-সমাজে ??" ১৩০ ॥

শ্রীরূপের আশীর্ব্বাদ শ্লোক-পঠন, তচ্ছ্রবণে প্রভুর বাহ্যে কৃত্রিম অসন্তোষ প্রকাশ ঃ—

তবে রূপ-গোসাঞি যদি শ্লোক পড়িল ।
শুনি' প্রভু কহে,—'এই অতি স্তুতি হৈল ॥' ১৩১ ॥

বিদগ্ধমাধবে (১।২)—

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্ ।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ ॥ ১৩২ ॥

শ্লোকশ্রবণে ভক্তগণের প্রশংসা ঃ—

সব ভক্তগণ কহে শ্লোক শুনিয়া ।
কৃতার্থ করিলা সবায় শ্লোক শুনাঞা ॥ ১৩৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১২৮। এই হরিলীলা-শিখরিণী সন্তাপোৎপাদক বিষয়সংসার-মার্গ-ভ্রমণজনিত তোমার অসত্তৃষ্ণা সম্পূর্ণরূপে হরণ করুন্। এই হরিলীলা-শিখরিণী চান্দ্রীসুধার মধুরিমাজনিত মত্ততা দমন করিয়া থাকেন এবং শ্রীরাধাদির প্রণয়কর্পূরদ্বারা বিশেষ সৌরভ ধারণ করিয়াছেন।

অনুভাষ্য

১২৬। 'বিদগ্ধমাধব' ১৪৫৪ শকাব্দায় এবং 'ললিতমাধব' ১৪৫৯ শকাব্দায় রচিত হয়। ১৪৩৭ শকাব্দায় এই গ্রন্থদ্বয়ের প্রসঙ্গে শ্রীরায়-রামানন্দের সহিত শ্রীরূপগোস্বামীর আলাপ হইতেছে।

১২৭। এখন শ্রীরামানন্দ শ্রীরূপকৃত 'বিদগ্ধমাধব' নাটকের বিষয় জিজ্ঞাসা করিতেছেন।

১২৮। চান্দ্রীণাং (চন্দ্রসম্বন্ধিনীনাং) সুধানাম্ অপি মধুরিমোন্মাদদমনী (মধুরিমোন্মাদনাহেতু যঃ উন্মাদঃ—'অহমেব সর্ব্বতো মাধুর্য্যশালিনী' ইতি যোঽহঙ্কারঃ তং দময়িতুং শীলং যস্যাঃ সা) রাধাদিপ্রণয়ঘনসারৈঃ (রাধাদীনাং প্রণয়াঃ এব ঘনসারাঃ কর্পূরাঃ তৈঃ) সুরভিতাং (সৌগন্ধ্যং, পক্ষে মনোহারিত্বং) দধানা হরি-লীলা-শিখরিণী (হরিলীলারূপা রসালা) সমন্তাৎ (সর্ব্বতঃ) তে (তব) সন্তাপোদ্গামবিষমসংসার-সরণীপ্রণীতাং (সন্তাপানাম্ আধ্যাত্মিকাদীনাম্ উদ্গামো যস্যাম্ এবম্ভূতা যা বিষমা দেবনর-স্থাবরত্ব-প্রাপক-লক্ষণা সংসাররূপা সরণী পন্থাঃ তৎপ্রণীতাং তৎপর্য্যটনজনিতাং) তৃষ্ণাং হরতু (দূরীকরোতু)।

১৩২। আদি ৩য় পঃ ৪র্থ সংখ্যা দ্রষ্টব্য। শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত বিদগ্ধমাধব-টীকা—'মহাপ্রভোঃ স্ফূর্ত্তিং বিনা হরি-লীলারসাস্বাদনানুপপত্তেরিতি ভাবঃ। বঃ যুষ্মাকং হৃদয়রূপ-গুহায়াং শচীনন্দনো হরিঃ, পক্ষে, সিংহঃ স্ফুরতু। যঃ শচীনন্দনঃ কলৌ স্বভক্তিশ্রিয়ং স্বভজনসম্পত্তিং করুণয়া সমর্পয়িতুমবতীর্ণঃ। কথম্ভূতাম্?—অনর্পিতচরীং কেনাপি ন অর্পিতপূর্ব্বাম্। ননু কপিল-দেবাদিভিঃ স্বমাত্রাদিভ্যো ভগবদ্ভজনং পূর্ব্বং কিং নোপ-দিষ্টম্? তত্রাহ—সকলরসসদ্ভাবেঽপি উন্নতঃ উজ্জ্বলঃ রসো

রায়কর্ত্তৃক বিদগ্ধমাধবের বিবিধ অঙ্গ ও পরিচয়-জিজ্ঞাসা, শ্রীরূপের নাটকে লিখিত শ্লোকোদ্ধারপূর্ব্বক উত্তর-দান ঃ—

রায় কহে,—"কোন্ আমুখে পাত্র-সন্নিধান?"
রূপ কহে,—"কালসাম্যে 'প্রবর্ত্তক' নাম ॥" ১৩৪ ॥

নাটকচন্দ্রিকায় (১২)—

আক্ষিপ্তঃ কালসাম্যেন প্রবেশঃ স্যাৎ প্রবর্ত্তকঃ ॥ ১৩৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৪। অভিনয়কারী নায়কাদির (নাটকোল্লিখিত ব্যক্তি-গণের) নাম—'পাত্র'; যথা, সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ২৮৩ শ্লোকে —"দিব্যমর্ত্ত্যো স তদ্রূপো মিশ্রমন্যতরস্তয়োঃ। সূচয়েদ্বস্তু-বীজং বামুখং পাত্রমথাপি বা।।" 'আমুখ'-শব্দের অর্থ,—যথা, নাটকচন্দ্রিকায়—"সূত্রধারো নটী ব্রূতে স্বকার্য্যং প্রতিযুক্ততঃ। প্রস্তুতাক্ষেপিচিত্রোক্ত্যা যত্তদামুখমীরিতম্।।"* রামানন্দ-রায়ের জিজ্ঞাসার তাৎপর্য্য এই যে, এই নাটকে অভিনেতা পাত্রদিগের সন্নিধান (রঙ্গস্থলে উপস্থিতি) কোন্ 'আমুখে' (প্রস্তাবনায়) হইয়াছে? শ্রীরূপের উত্তর,—কালসাম্যে (উপস্থিত সেই সময়ে) 'প্রবর্ত্তক' (রঙ্গস্থলে প্রবেশ)-রূপ আমুখেই পাত্র-সন্নিধান হইয়াছে।

১৩৫। উপযুক্ত (উপস্থিত) কালদ্বারা আক্ষিপ্ত (প্রেরিত) হইয়া (নটরূপী পাত্রের) রঙ্গপ্রবেশকে 'প্রবর্ত্তক' বলে।

অনুভাষ্য

যস্যাং তাং ভক্তিশ্রিয়ম্; তথা চোজ্জ্বলরসপ্রধানা ভক্তির্নোপ-দিষ্টেতি ভাবঃ। কথম্ভূতঃ?—পুরটাৎ সুবর্ণাদপি সুন্দরদ্যুতিসমূহেন সন্দীপিতঃ। এবং সতি পর্ব্বতকন্দরায়াম্ উদিতঃ সিংহো যথা তত্রস্থান্ হস্তিনো নাশয়তি, তথা যুষ্মাকং হৃদয়কন্দরায়ামুদিতঃ শচীনন্দন-স্বরূপসিংহঃ হৃদ্রোগরূপহস্তিনো নাশয়তীতি ধ্বনিঃ।।"✚

১৩৪। অন্ত্য ১ম পঃ ১৭ সংখ্যা দ্রষ্টব্য। আমুখ বা প্রস্তাবনা, —পাঁচপ্রকার; যথা সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ২৮৮ শ্লোকে— "উদ্ঘাত্যকঃ কথোদ্ঘাতঃ প্রয়োগাতিশয়স্তথা। প্রবর্ত্তকাবলগিতে পঞ্চ প্রস্তাবনা-ভিদাঃ।।" অর্থাৎ (১) উদ্ঘাত্যক, (২) কথোদ্ঘাত, (৩) প্রয়োগাতিশয়, (৪) প্রবর্ত্তক, (৫) অবগলিত,—এই পাঁচ-প্রকারে নাটকের 'আমুখ' বা 'প্রস্তাবনা' হয়। নাটকচন্দ্রিকায়—

তস্যোদাহরণং যথা ঃ—

বিদগ্ধমাধবে (১।১০) পারিপার্শ্বিকের প্রতি সূত্রধারোক্তি—

সোঽয়ং বসন্তসময়ঃ সমিয়ায় যস্মিন্
পূর্ণং তমীশ্বরমুপোঢ়-নবানুরাগম্।
গূঢ়গ্রহা রুচিরয়া সহ রাধয়াসৌ
রঙ্গায় সঙ্গময়িতা নিশি পৌর্ণমাসী ॥ ১৩৬ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৬। বসন্তকাল উদিত হইয়াছে; পৌর্ণমাসী নিশাকালে এই সময়ে নবানুরাগপ্রাপ্ত সেই পূর্ণতম ঈশ্বর শ্রীকৃষ্ণকে লীলা-সৌন্দর্য্য-সম্বর্দ্ধনার্থ পরমসুন্দরী শ্রীরাধিকার সহিত মিলিত করাইবেন। এই শ্লোকের অর্থ দুইপ্রকার—অর্থাৎ, চন্দ্র-পক্ষে এবং শ্রীকৃষ্ণপক্ষে; তন্মধ্যে শ্রীকৃষ্ণপক্ষার্থই মুখ্য।

অনুভাষ্য

"ত্রীণ্যামুখাঙ্গান্যুচ্যন্তে কথোদ্ঘাত-প্রবর্ত্তকম্। প্রয়োগাতিশয়-শ্চেতি তথা বীথ্যঙ্গযুগ্মকম। উদ্ঘাত্যকাবলগিতসংজ্ঞকং মুনিনো-দিতম্।।" শ্রীরামানন্দ জিজ্ঞাসা করিলেন,—'এই কয় প্রকারের মধ্যে কোন্ প্রকারে নাটকের প্রস্তাবনা হইয়াছে?' তদুত্তরে শ্রীরূপ গোস্বামী বলিলেন,—'উক্ত কয়প্রকারের মধ্যে 'প্রবর্ত্তক'-প্রকার গৃহীত হইয়াছে।' সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ২৯২ শ্লোকে —"কালং প্রবৃত্তমাশ্রিত্য সূত্রধৃগ্যত্র বর্ণয়েৎ। তদাশ্রয়স্য পাত্রস্য প্রবেশস্তৎ প্রবর্ত্তকম্।।" অর্থাৎ সূত্রধার উপস্থিত যে-কালকে আশ্রয় করিয়া বর্ণন করেন, যদি সেই কালাশ্রয়ে নটরূপী পাত্রের প্রবেশ হয়, তাহাকে 'প্রবর্ত্তক' বলে।

১৩৫। কালসাম্যেন (প্রবৃত্তকালাশ্রয়েণ) আক্ষিপ্তঃ (প্রেষিতঃ সন্ উপস্থিতং কালম্ আশ্রিত্যেত্যর্থঃ) পাত্রস্য (নটস্য) প্রবেশঃ (এব, 'প্রবৃত্তিঃ' ইতি বা পাঠঃ) 'প্রবর্ত্তকং' স্যাৎ।

১৩৬। যস্মিন্ (বসন্ত-সময়ে) অসৌ গূঢ়গ্রহা (চন্দ্রজ্যোৎস্না-তিশয়েন গূঢ়াঃ আবৃতরশ্ময়ঃ গ্রহাঃ যস্যাং সা) পৌর্ণমাসী (তিথিঃ) নিশি উপোঢ়নবানুরাগম্ (উপোঢ়ঃ প্রাপ্তঃ নবঃ অনুগতঃ রাগঃ রক্তিমা যেন তং) পূর্ণং তমীশ্বরং (তম্যাঃ রজন্যাঃ ঈশ্বরং চন্দ্রং) রুচিরয়া (শোভনয়া) রাধয়া (বিশাখা-নক্ষত্রেণ সহ) রঙ্গায় (শোভার্থং) সঙ্গং (সঙ্গমম্) অয়িতা (প্রাপয়িতা), সঃ অয়ং

** সাহিত্যদর্পণে—যদি নাটক দেবতা-বিষয়ে হয়, তবে সেই নট দেবতা-রূপে, মনুষ্য-বিষয়ক হইলে মনুষ্য-রূপে এবং স্বর্গ-মর্ত্ত্য উভয়-বিষয়ক হইলে দেবতা ও মনুষ্য যে-কোন একটী রূপে বস্তুবীজ অথবা আমুখ কিংবা পাত্রের সূচনা করিবেন। 'আমুখ'—সূত্রধার প্রতিযুক্তি অনুসারে প্রস্তুত-বিষয়ের বিচিত্র উক্তিদ্বারা যে নিজকার্য্য নটীকে বলেন, তাহা 'আমুখ'-নামে কথিত হয়।*

✚ শ্রীচৈতন্যমহাপ্রভুর স্ফূর্ত্তি ব্যতীত হরিলীলার রসাস্বাদন সিদ্ধ হয় না—ইহাই অভিপ্রায়। 'বঃ' অর্থাৎ তোমাদিগের, হৃদয়রূপ গুহায় শচীনন্দন-রূপ শ্রীহরি, পক্ষে শচীনন্দন-রূপ সিংহ স্ফূর্ত্তিপ্রাপ্ত হউক্—যে শচীনন্দন কলিকালে 'স্বভক্তিশ্রিয়ম্' অর্থাৎ নিজভজন-সম্পত্তি করুণাবশতঃ সমর্পণ করিবার জন্য অবতীর্ণ হইয়াছেন; তাহা কি-প্রকার? 'অনর্পিতচরীং' অর্থাৎ তাহা কাহারও দ্বারা পূর্ব্বে অর্পিত হয় নাই। যদি বল, কপিলদেব প্রভৃতি কি নিজ মাতৃগণকে ভগবদ্ভজন উপদেশ করেন নাই? সেস্থলে বলা হইতেছে, সমস্ত রস বিদ্যমান হইলেও উন্নতোজ্জ্বল রস যাহাতে, সেই ভক্তিসম্পত্তি তথা উজ্জ্বলরস-প্রধানা ভক্তি উপদিষ্ট হয় নাই—এই ভাব। সেই শচীনন্দন কি-প্রকার? পুরট

রায় কহে,—"প্ররোচনাদি কহ দেখি, শুনি?"
রূপ কহে,—"মহাপ্রভুর শ্রবণেচ্ছা জানি ॥" ১৩৭ ॥

বিদগ্ধমাধবে (১।৮) সূত্রধারের প্রতি পারিপার্শ্বিকোক্তি—

ভক্তানামুদগাদনর্গলধিয়াং বর্গো নিসর্গোজ্জ্বলঃ
শীলৈঃ পল্লবিতঃ স বল্লববধূবন্ধোঃ প্রবন্ধোঽপ্যসৌ।
লেভে চত্বরতাঞ্চ তাণ্ডববিধের্বৃন্দাটবীগর্ভভূ-
র্মন্যে মদ্বিধপুণ্যমণ্ডলপরীপাকোঽয়মুন্মীলতি ॥ ১৩৮ ॥

বিদগ্ধমাধবে (১।৬) পারিপার্শ্বিকের প্রতি সূত্রধারোক্তি—

অভিব্যক্তা মত্তঃ প্রকৃতিলঘুরূপাদপি বুধা
বিধাত্রী সিদ্ধার্থান্ হরিগুণময়ী বঃ কৃতিরিয়ম্।
পুলিন্দেনাপ্যগ্নিঃ কিমু সমিধমুন্মথ্য জনিতো
হিরণ্যশ্রেণীনামপহরতি নান্তঃকলুষতাম্ ॥ ১৩৯ ॥

রায় কহে,—"কহ দেখি প্রেমোৎপত্তি-কারণ?
পূর্ব্বরাগ, বিকার, চেষ্টা, কামলিখন??" ১৪০ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৩৭। প্ররোচনা—দেশ, কাল, নায়ক, সভ্যাদির প্রশংসাদ্বারা শ্রোতৃবর্গকে শ্রবণেচ্ছু করিবার প্রথাই 'প্ররোচনা'।

১৩৮। অনর্গলবুদ্ধি উজ্জ্বলস্বভাব ভক্তবর্গ উপস্থিত হইয়াছেন ; গোপবধূ-প্রাণনাথ শ্রীকৃষ্ণবিষয়ক এই প্রবন্ধও নানাগুণে পল্লবিত ; আবার এই রঙ্গভূমিও বৃন্দাবনস্থ রাসমণ্ডলের নৃত্যবিধির চত্বরস্বরূপ ; অতএব আমি মনে করিতেছি, আমাদের ন্যায় জনগণের সুকৃতিমণ্ডলের এই পরিপক্বাবস্থা উন্মীলিত হইয়াছে।

১৩৯। হে পণ্ডিতসকল, স্বভাবতঃ লঘুরূপ আমা হইতেও এই হরিগুণবর্ণনময়ী রচনা অভিব্যক্তা (প্রকটিতা) হইয়া আপনাদের সিদ্ধার্থ (সিদ্ধ মনোরথ) বিধান করুক্। (অতি নীচজাতি) পুলিন্দকর্ত্তৃক সমিধসংঘৃষ্ট (অর্থাৎ কাষ্ঠ হইতে মথিত) অগ্নি কি সুবর্ণশ্রেণীর অন্তঃকলুষতা (মল) হরণ (নাশ) করিতে পারে না?

অনুভাষ্য

বসন্তসময়ঃ সমিয়ায় (সমুপাগতঃ—এতেন কালবৈশিষ্ট্যমুক্তম্ ; পক্ষে,—গূঢ়ঃ গ্রহঃ আগ্রহঃ যস্যাঃ সা ভগবতী পৌর্ণমাসী, তং প্রসিদ্ধং পূর্ণম্ ঈশ্বরং শ্রীকৃষ্ণং রুচিরয়া শোভনয়া রাধয়া সহ রঙ্গায় কৌতুকরহস্যম্ আবিষ্কর্ত্তুং সঙ্গময়িতা)।

১৩৭। প্ররোচনা—(নাটকচন্দ্রিকায়)—'দেশকালকথা-বস্তু-সভ্যাদীনাং প্রশংসয়া। শ্রোতৃণামুন্মুখীকারঃ কথিতেয়ং প্ররোচনা॥" সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ২৮৬ শ্লোকে—"তস্যাঃ প্ররোচনা বীথী তথা প্রহসনামুখে। অঙ্গান্যত্রোন্মুখীকারঃ প্রশংসাতঃ প্ররোচনা।।"* —'প্রস্তুতাভিনয়েষু প্রশংসাতঃ শ্রোতৄণাং প্রবৃত্ত্যুন্মুখীকরণং প্ররোচনা" অর্থাৎ প্রশংসাদ্বারা শ্রোতৃবৃন্দের প্রবৃত্তি-উন্মুখীকরণের নাম 'প্ররোচনা'।

১৩৮। অনর্গলধিয়াম্ (অপ্রতিহতবুদ্ধীনাং চতুরাণাং) ভক্তানাং নিসর্গোজ্জ্বলঃ (স্বরূপতঃ এব উজ্জ্বলঃ) বর্গঃ (সমূহঃ) উদগাৎ (উদয়ং প্রাপ্তবান্—এতেন পাত্রবৈশিষ্ট্যমুক্তম্) ; [এবং] বল্লববধূবন্ধোঃ (শ্রীকৃষ্ণস্য) সঃ অসৌ (বিদগ্ধমাধবস্বরূপঃ) প্রবন্ধঃ অপি শীলৈঃ (স্বভাবোক্ত্যলঙ্কারৈঃ) পল্লবিতঃ (বিস্তারিতঃ) ; [তথা চ অত্র গ্রন্থে সর্ব্বমেব বর্ণনং স্বভাবোক্ত্যলঙ্কারময়ম্—এতেন বস্তুবৈশিষ্ট্যমুক্তম্] , বৃন্দাটবীগর্ভভূঃ (বৃন্দাটব্যাঃ রাসপীঠস্বরূপা গর্ভভূমিঃ) তাণ্ডববিধেঃ (নৃত্যবিধেঃ) চত্বরতাম্ (অঙ্গনতাং, নৃত্যস্থলতাং বা) লেভে (প্রাপ্তবতী,—এতেন দেশবৈশিষ্ট্যমুক্তম্ ; অতঃ) অয়ং মদ্বিধপুণ্যমণ্ডলপরীপাকঃ (মদ্বিধানাং মাদৃশজনানাং পুণ্যমণ্ডলস্য সুকৃতিনিচয়স্য পরীপাকঃ উৎকর্ষঃ) উন্মীলতি (প্রকাশতে)।

১৩৯। ভোঃ বুধাঃ (সভ্যাঃ,) প্রকৃতিলঘুরূপাৎ (প্রকৃত্যা স্বভাবেন লঘুস্বরূপাৎ বরাকাৎ ; সরস্বতী তু গ্রন্থকর্ত্তুঃ তদ্ দৈন্যমসহমানা তং রূপগোস্বামিনং স্তৌতি—প্রকৃষ্টাং কৃতিং লঘু শীঘ্রং রূপয়তি নিরূপয়তি ইতি নিবধ্নাতি ইত্যর্থঃ) মত্তঃ (সকাশাৎ) অভিব্যক্তা (প্রকাশিতা) ইয়ং হরিগুণময়ী (তদ্ বর্ণনময়ীত্যর্থঃ) কৃতিঃ (বিদগ্ধমাধবনাটকরূপিণী কবিতা) অপি বঃ (যুষ্মান্) সিদ্ধার্থান্ (সিদ্ধমনোরথান্ অভিলষিতান্) বিধাত্রী (বিধাতুং শীলং অস্যাঃ ইতি বিধানং কুর্য্যাৎ ইত্যর্থঃ, যতঃ) পুলিন্দেন (অতি-নীচাস্পৃশ্যজাতিনা) অপি সমিধং (কাষ্ঠম্) উন্মথ্য জনিতঃ (মথনেন সজ্ঘর্ষণেন বা জাতঃ) অগ্নিঃ অপি হিরণ্যশ্রেণীনাং (সুবর্ণসমূহানাম্) অন্তঃকলুষতাং কিমু ন অপহরতি (দূরীকরোতি?—তথা চ যুষ্মাকমপ্যন্তর্বিরহদুঃখমেষা কৃতিরপহরত্যেবেত্যর্থঃ)।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪০। পূর্ব্বানুরাগ—পূর্ব্বরাগ ; বিকার—প্রণয়বিকার (দিব্যোন্মাদ-জনিত ব্যাধি) ; চেষ্টা—প্রেমোত্থ দৈহিক ক্রিয়া ; কামলিখন—গোপীদিগের প্রেমপ্রকাশিকা লিপি। প্রভু সেই প্রেমোৎপত্তির কারণ জিজ্ঞাসা করিলে, শ্রীরূপ সকলই বলিলেন।

অনুভাষ্য

অর্থাৎ সুবর্ণ অপেক্ষাও সুন্দরকান্তি-সমূহদ্বারা সম্যক্ দীপিত। এইপ্রকার হইয়া পর্ব্বতগুহায় উদিত সিংহ যেরূপ তত্রস্থ হস্তিগণকে নাশ করিয়া থাকে, তদ্রূপ তোমাদিগের হৃদয়গুহায় শ্রীশচীনন্দনরূপ সিংহ হৃদ্রোগ-রূপ হস্তিগণকে নাশ করিয়া থাকেন—এই অভিপ্রায়।

** (নাটকচন্দ্রিকায়—) দেশ-কাল-কথা, বস্তু ও সভ্যগণের প্রশংসাদ্বারা শ্রোতাগণকে উন্মুখীকরণই প্ররোচনা-নামে কথিত। (সাহিত্য-দর্পণে—) প্ররোচনা, বীথী, প্রহসন ও আমুখ—এই চারিটী অঙ্গের মধ্যে কবির কাব্য ও সভ্য প্রভৃতির সুখ্যাতি করিয়া শ্রোতাদের অভিনয়-বিষয়ে আকৃষ্ট করাকে প্ররোচনা বলা হয়।*

ক্রমে শ্রীরূপ-গোসাঞি সকলি কহিল ।
শুনি' প্রভুর ভক্তগণের চমৎকার হৈল ॥ ১৪১ ॥

তত্র রত্যুৎপত্তিহেতুর্যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।৯) ললিতা ও বিশাখার প্রতি শ্রীরাধার উক্তি—

একস্য শ্রুতমেব লুম্পতি মতিং কৃষ্ণেতি নামাক্ষরং
সান্দ্রোন্মাদ-পরম্পরামুপনয়ত্যন্যস্য বংশীকলঃ ।
এষ স্নিগ্ধঘনদ্যুতির্মনসি মে লগ্নঃ পটে বীক্ষণাৎ
কষ্টং ধিক্ পুরুষত্রয়ে রতিরভূন্মন্যে মৃতিঃ শ্রেয়সী ॥ ১৪২ ॥

তত্র বিকারো যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।৮) ললিতা ও বিশাখার প্রতি শ্রীরাধার উক্তি—

ইয়ং সখি সুদুঃসাধ্যা রাধা-হৃদয়বেদনা ।
কৃতা যত্র চিকিৎসাপি কুৎসায়াং পর্য্যবস্যতি ॥ ১৪৩ ॥

তত্র প্রাকৃত ভাষায়াং কন্দর্পলেখো যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।৩৩) কৃষ্ণসমীপে মধুমঙ্গল-কর্ত্তৃক ললিতানীত শ্রীরাধিকালিখিত পত্র-পঠন—

ধরিঅ পড়িচ্ছন্দগুণং সুন্দর মহ মন্দিরে তুমং বসসি ।
তহ তহ রুন্ধসি বলিঅং জহ জহ চইদা পলাএম্‌হি?? ১৪৪ ॥

তত্র চেষ্টা যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।১৫) পৌর্ণমাসীর প্রতি মুখরার উক্তি—

অগ্রে বীক্ষ্য শিখণ্ডখণ্ডমচিরাদুৎকম্পমালম্বতে
গুঞ্জানাঞ্চ বিলোকনান্মুহুরসৌ সাস্রং পরিক্রোশতি ।
নো জানে জনয়ন্নপূর্ব্বনটনক্রীড়া-চমৎকারিতাং
বালায়াঃ কিল চিত্তভূমিমবিশৎ কোঽয়ং নবীনগ্রহঃ ॥১৪৫॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪২। পূর্ব্বরাগপ্রাপ্তা রাধিকা কহিতেছেন,—কোন এক পরপুরুষের 'কৃষ্ণ' নামাক্ষর শ্রবণ করিয়া আমার মতি লোপ-প্রাপ্ত হইয়াছে ; অপর কোন এক পুরুষের বংশীধ্বনি আমার হৃদয়ে ঘন উন্মাদ উদয় করাইতেছে ; আবার পটে পুরুষান্তরের স্নিগ্ধঘনদ্যুতি দর্শন করা অবধি, উহা আমার হৃদয়ে লাগিয়াই রহিয়াছে। হা ধিক্, আমার কি তিনজন পৃথক্ পুরুষে এরূপ রতি হইল? আমার মরণই ভাল।

১৪৩। হে সখি, রাধার হৃদয়বেদনা আরোগ্য করা দুঃসাধ্য; ইহার চিকিৎসা করা হইলেও কুৎসাতেই পর্য্যবসান হইবে।

১৪৪। হে সুন্দর, প্রতিচ্ছন্দগুণ ধারণপূর্ব্বক তুমি আমার মন্দিরে বাস করিতেছ ; আমি যে দিকে চকিত হইয়া পলাই, তুমি সেই দিকেই পথ রোধ কর। শ্লোকের সংস্কৃত ভাষান্তর— "ধৃত্বা প্রতিচ্ছন্দগুণং সুন্দর মম মন্দিরে ত্বং বসসি। তথা তথা রুণৎসি বলিতং যথা যথা চকিতা পলায়ে।।"

১৪৫। সম্মুখে ময়ূরপুচ্ছ দেখিয়া সহসা এই বালা উৎকম্প আশ্রয় করেন ; গুঞ্জা দর্শনপূর্ব্বক অশ্রুপতনের সহিত চিৎকার করেন ; কোন্ নবীনগ্রহ ইহার চিত্তভূমিতে প্রবেশপূর্ব্বক অপূর্ব্ব নটন-ক্রীড়ার চমৎকারিতা উৎপন্ন করিতেছে, তাহা আমি জানি না।

অনুভাষ্য

১৪০। কামলিখন—(উজ্জ্বলনীলমণিতে বিপ্রলম্ভপ্রকরণে ২৬ শ্লোক)—"স লেখঃ কামলেখঃ স্যাৎ যঃ স্বপ্রেমপ্রকাশকঃ। যুবত্যা যূনি যূনা চ যুবত্যাং সংপ্রহীয়তে।।"

১৪২। [হে সখি,] একস্য (পরপুরুষস্য) 'কৃষ্ণ' ইতি নামাক্ষরং শ্রুতম্ এব [মম রাধায়াঃ] মতিং (স্ত্রীজনোচিতাং পাতিব্রত্য-বুদ্ধিং) লুম্পতি (ছিনত্তি,—প্রথমং কৃষ্ণনামাক্ষর-মাত্রং শ্রুত্বা পরমমধুরত্বেনানুভূয় তন্নামিনি কৃষ্ণে রতিমুবাহেত্যর্থঃ) ; অন্যস্য (দ্বিতীয়স্য পুরুষান্তরস্য) বংশীকলঃ (মুরলীধ্বনিঃ) [শ্রুতঃ সন্] সান্দ্রোন্মাদপরম্পরাং (ঘনীভূত-দিব্যোন্মাদধারাম্) উপনয়তি (প্রাপয়তি,—ততশ্চ বংশীনাদং পরম-মধুরত্বেনাস্বাদ্য তদ্বংশী-বাদিনি রতিমুবাহেত্যর্থঃ); পটে বীক্ষণাৎ হেতোঃ এষঃ (অপরঃ তৃতীয়-পুরুষান্তরঃ) স্নিগ্ধঘনদ্যুতিঃ (প্রীতিপ্রদমেঘপ্রভঃ) মে (মম) মনসি (হৃদয়ে) লগ্নঃ (একীভূতঃ সংসক্তঃ, সঙ্গতঃ ভবতি ; ততশ্চ কৃষ্ণাকারং চিত্রং নেত্রাভ্যাং সকৃদেবাস্বাদ্য তদ্ভেদেন তস্মিন্ রতি-মুবাহেত্যর্থঃ) ; ধিক্ কষ্টং ভোঃ, পুরুষত্রয়ে (কৃষ্ণাভিধে, মুরলী-নিনাদকারিণি, ইন্দ্রনীল-ঘনশ্যামরূপিণি নায়কত্রয়ে কুলাঙ্গানায়াঃ মম প্রথমং তাবৎ পরপুরুষে রতিরেবাযোগ্যা, কিমুত তৎত্রয়ে) মম রতিঃ অভূৎ ; [অতঃ হেতোঃ] মৃতিঃ (মৃত্যুঃ এব) শ্রেয়সী (কল্যাণাস্পদম্ ইতি) মন্যে [মৃত্যুং বিনা দুষ্পরিহরেয়ং রতির্ধিক্-কারিণ্যেবেতি ভাবঃ]।

১৪৩। হে সখি, ইয়ং রাধা-হৃদয়বেদনা—সুদুঃসাধ্যা, যত্র চিকিৎসা কৃতা অপি কুৎসায়াং পর্য্যবসতি (বেদনায়াঃ অনিবৃত্তৌ চিকিৎসকস্যৈব নিন্দা স্যাৎ, তথা চ পুরুষত্রয়ে একক্ষণম্ এব বাসনাবত্যা মম একপুরুষানয়নেঽপি বেদনা ন যাস্যতীতি ভাবঃ)।

১৪৪। হে সুন্দর, তুমং (ত্বং) পড়িচ্ছন্দগুণং (প্রতিচ্ছন্দ-গুণং চিত্রপটরূপং) ধরিঅ (ধৃত্বা) মহ (মম) মন্দিরে বসসি (তিষ্ঠসি) ; জহ জহ (যথা যথা) চইদা (চকিতা সতী) পলাএম্হি (পলায়ে) তহ তহ (তথা তথা ত্বং) বলিঅং (বলিতং বলযুক্তং যথা স্যাৎ তথা) রুন্ধসি (রুণৎসি)।

১৪৫। হে ভগবতি পৌর্ণমাসি, অসৌ (রাধা) অগ্রে (সম্মুখে) শিখণ্ডখণ্ডং (ময়ূরপুচ্ছং) বীক্ষ্য (দৃষ্ট্বা) অচিরাৎ (আশু) উৎ-কম্পম্ আলম্বতে, গুঞ্জানাং তু বিলোকনাৎ (সন্দর্শনাৎ) সাস্রং (অশ্রুযুক্তং সন্) মুহুঃ পরিক্রোশতি ;—[অহং] নো জানে, কঃ

তত্র ব্যবসায়ো যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।৪৭) বিশাখার প্রতি শ্রীরাধার উক্তি—

অকারুণ্যঃ কৃষ্ণো যদি ময়ি তবাগঃ কথমিদং
মুধা মা রোদীর্মে কুরু পরমিমামুত্তরকৃতিম্ ।
তমালস্য স্কন্ধে সখি কলিত-দোর্ব্বল্লরিরিয়ং
যথা বৃন্দারণ্যে চিরমবিচলা তিষ্ঠতি তনুঃ ॥ ১৪৬ ॥

রায় কহে,—"কহ দেখি ভাবের স্বভাব?"
রূপ কহে,—"ঐছে হয় কৃষ্ণবিষয়ক 'ভাব' ॥" ১৪৭ ॥

বিদগ্ধমাধবে (২।১৮) নান্দীমুখীর প্রতি পৌর্ণমাসীর উক্তি—

পীড়াভির্নবকালকূটকটুতা-গর্ব্বস্য নির্ব্বাসনো
নিঃস্যন্দেন মুদাং সুধা-মধুরিমাহঙ্কার-সঙ্কোচনঃ ।
প্রেমা সুন্দরি নন্দনন্দনপরো জাগর্ত্তি যস্যান্তরে
জ্ঞায়ন্তে স্ফুটমস্য বক্রমধুরাস্তেনৈব বিক্রান্তয়ঃ ॥ ১৪৮ ॥

রায় কহে,—"কহ সহজ-প্রেমের লক্ষণ।"
রূপ-গোসাঞি কহে,—"সাহজিক প্রেমধর্ম্ম ॥" ১৪৯॥

বিদগ্ধমাধবে (৫।৪) মধুমঙ্গলের প্রতি পৌর্ণমাসীর উক্তি—

স্তোত্রং যত্র তটস্থতাং প্রকটয়চ্চিত্তস্য ধত্তে ব্যথাং
নিন্দাপি প্রমদং প্রযচ্ছতি পরীহাসশ্রিয়ং বিভ্রতী ।
দোষেণ ক্ষয়িতাং গুণেন গুরুতাং কেনাপ্যনাতন্বতী
প্রেম্ণঃ স্বারসিকস্য কস্যচিদিয়ং বিক্রীড়তি প্রক্রিয়া ॥ ১৫০ ॥

রাগপরীক্ষানন্তরং শ্রীকৃষ্ণস্য পশ্চাত্তাপো যথা ঃ—

বিদগ্ধমাধবে (২।৪০) মধুমঙ্গলসমক্ষে শ্রীকৃষ্ণোক্তি—

শ্রুত্বা নিষ্ঠুরতাং মমেন্দুবদনা প্রেমাঙ্কুরং ভিন্দতী
স্বান্তে শান্তিধুরাং বিধায় বিধুরে প্রায়ঃ পরাঞ্চিষ্যতি ।
কিংবা পামর-কাম-কার্ম্মুকপরিত্রস্তা বিমোক্ষ্যত্যসূন্
হা মৌগ্ধ্যাৎ ফলিনী মনোরথলতা মৃদ্বী ময়োন্মূলিতা ॥ ১৫১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৪৬। যখন কৃষ্ণই আমার প্রতি অকরুণ হইলেন, তখন হে সখি, তোমার দোষ কি? তুমি বৃথা রোদন করিও না; তুমি আমার অন্ত্যেষ্টিক্রিয়ারূপ একটী কার্য্য করিতে পার,—বৃন্দাবনে তমালস্কন্ধে আমার এই ভুজবল্লী বন্ধনপূর্ব্বক আমার তনুকে চিরকাল রাখিও।

১৪৯। রায় প্রেমের 'সহজ' লক্ষণ জিজ্ঞাসা করিলে শ্রীরূপ উত্তর করিলেন,—প্রেম-ধর্ম্মই 'সাহজিক'।

১৫০। স্বারসিক অর্থাৎ স্বাভাবিক-প্রেমের প্রক্রিয়া এই-রূপ ক্রীড়া করে,—(প্রিয়ের মুখে) স্বীয় স্তুতি শ্রবণ করিলে উদাসীনতা দেখাইয়া বিশেষ ব্যথা ধারণ করে; (প্রিয়ের মুখে স্বীয়) নিন্দা শুনিলে উহা পরিহাস-শ্রী ধারণপূর্ব্বক (প্রভূত) আনন্দ প্রদান করে; প্রেমের পাত্রের কোন দোষ দেখিলে তাহাতে প্রেমের কোন ক্ষয় হয় না, আবার তাহার কোন গুণ দেখিলে (তাহাতে প্রেমের) বৃদ্ধিও হয় না।

অনুভাষ্য

অয়ং নবীনগ্রহঃ অপূর্ব্বনটনক্রীড়াচমৎকারিতাম্ (অত্যাশ্চর্য্য-বিলাসমত্ততাং) জনয়ন্ (উৎপাদয়ন্) বালায়াঃ (রাধায়াঃ) চিত্ত-ভূমিং (হৃদয়ক্ষেত্রং) আবিশৎ (প্রবিষ্টবান্)।

১৪৬। হে বিশাখে, যদি কৃষ্ণঃ ময়ি অকারুণ্যঃ (নিষ্ঠুর) অভূৎ, তর্হি) তব কথং ময়ি আগঃ (অপরাধঃ ভবেৎ? তস্মাৎ) মুধা (ব্যর্থং) মা রোদীঃ; হে সখি, পরং [তু] তমালস্য স্কন্ধে কলিতদোর্ব্বল্লরিঃ (কলিতা নিহিতা দোর্ব্বল্লরিঃ ভুজলতা যয়া সা) ইয়ং মে (মম) তনুঃ বৃন্দারণ্যে যথা চিরং (সদা) অবিচলা [সতী] তিষ্ঠতি, তথা ইমাম্ উত্তর-কৃতিম্ (অন্ত্যেষ্টিকর্ম্ম) কুরু [প্রাণত্যাগানন্তরং তমালস্য স্কন্ধে বিনিহিতা ভুজরূপলতা যস্যাঃ এবম্ভূতা মম তনুঃ যথা বৃন্দারণ্যে তিষ্ঠতি, তথা করণীয়া]।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫১। আমার নিষ্ঠুরতা শ্রবণ করত চন্দ্রবদনী রাধা প্রেমাঙ্কুর ভেদপূর্ব্বক স্বীয় ব্যথিতান্তঃকরণে কোনমতে শান্তি বা ধৈর্য্য-ভাব বিধানপূর্ব্বক হয়ত বিমুখী হইয়া পড়িবেন অথবা পামর কন্দর্পের ধনুককে ভয় করিয়া তিনি জীবন পরিত্যাগ করিবেন। হায়, আমি মূঢ়তাপূর্ব্বক ফলোন্মুখী মৃদু মনোরথলতাকে একে-বারেই উন্মূলিত করিলাম।

অনুভাষ্য

১৪৭। ভাব—প্রেম।

১৪৮। মধ্য, ২য় পঃ ৫২ সংখ্যা দ্রষ্টব্য।

১৫০। যত্র (প্রেম্ণি) স্তোত্রং (প্রশংসা-বাক্যং) তটস্থতাং (নিরপেক্ষতাং) প্রকটয়ৎ (দর্শয়ৎ সৎ) চিত্তস্য ব্যথাং ধত্তে; নিন্দা অপি পরিহাসশ্রিয়ং (কৌতুকশোভাং) বিভ্রতী (ধৃতবতী সতী) প্রমদম্ (আনন্দং) প্রযচ্ছতি (দদাতি); কেনাপি দোষেণ ক্ষয়িতাং ন, গুণেন গুরুতাং ন চ আতন্বতী (বিস্তারয়িত্রী,—কমপি গুণাদিকম্ উপাধিম্ আলম্ব্য জায়তে চেৎ, তদা দোষ-দর্শনেন ক্ষীণো ভবতি, গুণদর্শনেন সমৃদ্ধো ভবতি, পরন্তু অত্র নিরুপাধিস্তু দোষগুণৌ নাপেক্ষতে)—কস্যচিৎ স্বারসিকস্য (সাহজিকস্য) প্রেম্ণঃ ইয়ং প্রক্রিয়া বিক্রীড়তি (হৃদয়ে খেলতি)।

১৫১। ইন্দুবদনা (চন্দ্রমুখী রাধিকা) মম নিষ্ঠুরতাং শ্রুত্বা প্রেমাঙ্কুরং (নবায়মানং প্রেমাণং) ভিন্দতী [সতী] বিধুরে (দুঃখিতে বেদনাযুক্তে) স্বান্তে (নিজহৃদয়ে) শান্তিধুরাং (ধৈর্য্যাতি-শয়ং) বিধায় (অবলম্ব্য) পরাঞ্চিষ্যতি (বিমুখীভবিষ্যতি); কিংবা পামর-কাম-কার্ম্মুকপরিত্রস্তা (পামরঃ দুর্দ্দান্তঃ কামঃ কন্দর্প তস্য কার্ম্মুকাঃ শরাঃ তৈঃ পরিত্রস্তা ভীতা সতী) অসূন্ (প্রাণান্) বিমোক্ষ্যতি (ত্যক্ষ্যতি); হা (কষ্টং ভোঃ) মৌগ্ধ্যাৎ (মোহাৎ)

বিদগ্ধমাধবে (২।৪১) বিশাখাকর্ত্তৃক প্রবোধ্যমানা শ্রীরাধার উক্তি—
যস্যোৎসঙ্গসুখাশয়া শিথিলতা গুর্ব্বী গুরুভ্যস্ত্রপা
প্রাণেভ্যোঽপি সুহৃত্তমাঃ সখি তথা যূয়ং পরিক্লেশিতাঃ।
ধর্ম্মঃ সোঽপি মহান্ময়া ন গণিতঃ সাধ্বীভিরধ্যাসিতো
ধিগ্‌ধৈর্য্যং তদুপেক্ষিতাপি যদহং জীবামি পাপীয়সী ॥ ১৫২ ॥

বিদগ্ধমাধবে (২।৪৬) শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধার উক্তি—
গৃহান্তঃখেলন্ত্যো নিজসহজবাল্যস্য বলনা-
দভদ্রং ভদ্রং বা কিমিব হি ন জানীমহি মনাক্।
বয়ং নেতুং যুক্তাঃ কথমশরণাং কামপি দশাং
কথং বা ন্যায্যা তে প্রথয়িতুমুদাসীনপদবী ॥ ১৫৩ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫২। হে সখি, যাঁহার আলিঙ্গন-সুখার্থিনী হইয়া গুরুলোক-দিগের সম্মুখে গুরুতর লজ্জাও শিথিল করিয়াছিলাম, আর তোমরা আমার প্রাণ অপেক্ষা সুহৃত্তম হইলেও তোমাদিগকে যাঁহার জন্য বহু ক্লেশ দিয়াছি, সাধ্বী-স্ত্রীগণের অধ্যাসিত (আশ্রিত) যে (পাতিব্রত্য) ধর্ম্ম, তাহাকেও যাঁহার জন্য (আশ্রয়িতব্য) বস্তু বলিয়া গণনা করি নাই ; হায়, সেই কৃষ্ণ-কর্ত্তৃক উপেক্ষিতা হইয়াও এই পাপীয়সী আমি জীবিত আছি! অতএব আমার ধৈর্য্যকে ধিক্।

১৫৩। আমি নিজের সহজ-বাল্যভাব-বশে গৃহমধ্যে খেলা করিতেছিলাম,—কাহাকে 'ভদ্র' বলে, কাহাকে 'অভদ্র' বলে কিছুমাত্র জানিতাম না! এরূপ আমাদিগকে সহায়হীন দশায় লইয়া ফেলা কি তোমার পক্ষে যুক্ত হইয়াছে? আর এখন তোমার উদাসীনপদবী (পথ) বিস্তার করা কি ন্যায্য?

অনুভাষ্য

ময়া মৃদ্বী (জাতাঙ্কুরত্বাৎ কোমলা) ফলিনী (ফলোন্মুখা) মনো-রথলতা (অভিলাষ-বল্লরী) উন্মূলিতা (উৎপাটিতা)।

১৫২। হে সখি, যস্য (কৃষ্ণস্য) উৎসঙ্গসুখাশয়া (উৎকটসঙ্গা-নন্দবাসনয়া), গুরুভ্যঃ (পূজ্যবর্গেভ্যঃ সকাশাৎ) গুর্ব্বী (মহতী) ত্রপা (লজ্জা) শিথিলতা (উপেক্ষিতা) ; তথা প্রাণেভ্যঃ অপি সুহৃত্তমাঃ (পরমপ্রেষ্ঠাঃ) যূয়ং পরিক্লেশিতাঃ (তাপিতাঃ) ; সাধ্বীভিঃ অধ্যাসিতঃ (সেবিতঃ যঃ) মহান্ ধর্ম্মঃ (পাতিব্রত্যরূপঃ সঃ) অপি ময়া (কুলবধ্বা) ন গণিতঃ, তৎ (তেন কৃষ্ণেন) উপেক্ষিতা (অনাদৃতা) অপি যৎ (যতঃ) অহং পাপীয়সী জীবামি, [তৎ তস্মাৎ মম] ধৈর্য্যং ধিক্।

১৫৩। [হে বকীহন্তঃ,] নিজসহজবাল্যস্য বলনাৎ (বলবত্ত্বাৎ) গৃহান্তঃখেলন্ত্যঃ বয়ং কিমপি অভদ্রং (দুঃখং) ভদ্রং (সুখং) বা মনাক্ (ঈষদপি) ন জানীমহি ; কথং বয়ং কাম্ (এতাদৃশীং কাঞ্চিৎ) অপি অশরণাম্ (আশ্রয়রহিতাং) দশাং নেতুং যুক্তাঃ (ধর্ম্মসঙ্গতাঃ ভবামঃ? যদি চ নীতা দশামেতামধুনাপি, তদা)

বিদগ্ধমাধবে (২।৩৭) শ্রীকৃষ্ণসমক্ষে ললিতার উক্তি—
অন্তঃক্লেশকলঙ্কিতাঃ কিল বয়ং যামোঽদ্য যাম্যাং পুরীং
নায়ং বঞ্চনসঞ্চয়প্রণয়িনং হাস্যং তথাপ্যুজ্ঝতি।
অস্মিন্ সম্পুটিতে গভীরকপটৈরাভীরপল্লীবিটে
হা মেধাবিনি রাধিকে তব কথং প্রেমা গরীয়ানভূৎ ॥ ১৫৪ ॥

বিদগ্ধমাধবে (৩।৯) শ্রীকৃষ্ণের প্রতি পৌর্ণমাসীর উক্তি—
হিত্বা দূরে পথি ধবতরোরন্তিকং ধর্ম্মসেতো-
র্ভঙ্গোদগ্রা গুরুশিখরিণং রংহসা লঙ্ঘয়ন্তী।
লেভে কৃষ্ণার্ণব নবরসা রাধিকা-বাহিনী ত্বাং
বাগ্বীচিভিঃ কিমিব বিমুখীভাবমস্যাস্তনোষি ॥ ১৫৫ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫৪। ক্লেশকলঙ্কিত অন্তঃকরণবিশিষ্ট আমরা অদ্যই যমপুরী গমন করিতেছি, কিন্তু এই কৃষ্ণ বঞ্চনাপূর্ণ-প্রণয়-হাস্য (প্রচুর বঞ্চনাকারক নিষ্ঠুর হাস্য) পরিত্যাগ করিতেছে না! হে বুদ্ধিমতী রাধিকে, এই গভীর কাপট্যপূর্ণ আভীরপল্লীলম্পটে তোমার এত অধিক উৎকৃষ্ট প্রেম কিরূপে জন্মিয়াছিল?

১৫৫। হে কৃষ্ণার্ণব, ধর্ম্মপতিরূপ তরুর নৈকট্যপথ দূরে পরিত্যাগ করিয়া, তীব্রবেগে ধর্ম্মসেতু ভাঙ্গিয়া, গুরুজনরূপ পর্ব্বত বলপূর্ব্বক লঙ্ঘন করত নবরসস্বরূপা রাধিকা-নদী তোমাকে লাভ করিয়াছিল, তুমি এখন বাগূর্ম্মিদ্বারা ইহার প্রতি বিমুখ-ভাব কিরূপে বিস্তার করিতেছ?

অনুভাষ্য

কথং বা তে (তব) উদাসীনপদবী (ঔদাসীন্য-দশা) প্রথয়িতুং (প্রকটয়িতুং) ন্যায্যা (ন্যায়োচিতা?—তস্মাদস্মাকং বধার্থমেব তব ব্যবসায়ঃ ইতি ভাবঃ)।

১৫৪। বয়ম্ অন্তঃক্লেশকলঙ্কিতাঃ (অন্তঃক্লেশেন কলঙ্কিতাঃ চিহ্নিতাঃ সত্যঃ—মৃত্যোরনন্তরমপ্যয়ং ক্লেশঃ স্থাস্যত্যেবেতি ভাবঃ) অদ্য যাম্যাং পুরীং কিল (নিশ্চিতং) যামঃ ; তথাপি [অনেন অকারুণ্যং ব্যজ্যতে], অয়ং শ্রীকৃষ্ণঃ বঞ্চনসঞ্চয়-প্রণয়িনং (বঞ্চনস্য সঞ্চয়ঃ সমূহঃ তস্য প্রণয়িনং করণশীলং) হাসং ন উজ্ঝতি (ন পরিহরতি)। হা মেধাবিনি (বুদ্ধিমতি) রাধিকে, গভীরকপটৈঃ সম্পুটিতে (ব্যাপ্তে) অস্মিন্ আভীরপল্লীবিটে (আভীরপল্লীনাং ব্রজনাগরীণাং বিটে কামুকে কৃষ্ণে) তব গরী-য়ান্ (মহান্) প্রেমা কথম্ অভূৎ? [অন্যাসাং প্রেমা ভবতু কামান্ধীকৃতধিয়াং, মেধাবিন্যাস্তব তু ন যুজ্যতে ইতি ভাবঃ]।

১৫৫। হে কৃষ্ণার্ণব (কৃষ্ণসিন্ধো), ধবতরোঃ (পতিরূপ-বৃক্ষস্য) অন্তিকং (সমীপং) দূরে পথি হিত্বা (ত্যক্ত্বা) ধর্ম্মসেতোঃ (কুলধর্ম্মঃ এব সেতু তস্য) ভঙ্গোদগ্রা (ভঙ্গে উদগ্রং যস্যাঃ সা, ভঙ্গসমর্থা) গুরুশিখরিণং (গুরুজনরূপং শৈলং) রংহসা (বেগেন) লঙ্ঘয়ন্তী (অতিক্রামন্তী) সতী, নবরসা (নবঃ নূতনঃ

রায় কহে,—"বৃন্দাবন, মুরলী-নিঃস্বন ।
কৃষ্ণ, রাধিকার কৈছে করিয়াছ বর্ণন ?? ১৫৬ ॥
কহ, তোমার কবিত্ব শুনি' হয় চমৎকার ।"
ক্রমে রূপ-গোসাঞি কহে করি' নমস্কার ॥ ১৫৭ ॥

তত্র বৃন্দাবনং যথা ঃ—

বিদগ্ধমাধবে (১।২৩-২৪)—
যথাক্রমে শ্রীকৃষ্ণের ও বলরামের উক্তিদ্বয়—

সুগন্ধৌ মাকন্দপ্রকরমকরন্দস্য মধুরে
বিনিস্যন্দে বন্দীকৃতমধুপবৃন্দং মুহুরিদম্ ।
কৃতান্দোলং মন্দোন্নতিভিরনিলৈশ্চন্দনগিরে-
র্মমানন্দং বৃন্দা-বিপিনমতুলং তুন্দিলয়তি ॥ ১৫৮ ॥
বৃন্দাবনং দিব্যলতা-পরীতং লতাশ্চ পুষ্পস্ফুরিতাগ্রভাজঃ ।
পুষ্পাণি চ স্ফীতমধুব্রতানি মধুব্রতাশ্চ শ্রুতিহারিগীতাঃ ॥ ১৫৯ ॥

বিদগ্ধমাধবে (১।৩১) মধুমঙ্গলের প্রতি শ্রীকৃষ্ণোক্তি—

ক্বচিদ্ভৃঙ্গীগীতং ক্বচিদনিলভঙ্গী-শিশিরতা
ক্বচিদ্বল্লীলাস্যং ক্বচিদমলমল্লীপরিমলঃ ।
ক্বচিদ্ধারাশালী করকফলপালী-রসভরো
হৃষীকাণাং বৃন্দং প্রমদয়তি বৃন্দাবনমিদম্ ॥ ১৬০ ॥

তত্র মুরলী যথা ঃ—

বিদগ্ধমাধবে (৩।১) ললিতার প্রতি পৌর্ণমাসীর উক্তি—

পরামৃষ্টাঙ্গুষ্ঠত্রয়মসিতরত্নৈরুভয়তো
বহন্তী সঙ্কীর্ণৌ মণিভিররুণৈস্তৎপরিসরৌ ।
তয়োর্ম্মধ্যে হীরোজ্জ্বলবিমল-জাম্বূনদময়ী
করে কল্যাণীয়ং বিহরতি হরেঃ কেলিমুরলী ॥ ১৬১ ॥

বিদগ্ধমাধবে (৫।১৭) বিশাখার সমক্ষে শ্রীরাধার উক্তি—

সদ্বংশতস্তব জনিঃ পুরুষোত্তমস্য
পাণৌ স্থিতির্মুরলিকে সরলাসি জাত্যা ।

অমৃতপ্রবাহ ভাষ্য

১৫৮। আম্রমুকুলসমূহের মধুদ্বারা মধুর, সুগন্ধি নিস্যন্দনদ্বারা মুহুর্মুহু বন্দীকৃত ভ্রমরবৃন্দে পরিপূর্ণ, চন্দন-পর্ব্বত (মলয়)-প্রবাহিত পবনের মন্দ মন্দ সঞ্চালনদ্বারা আন্দোলিত এই শ্রীবৃন্দাবন আমার অতুল আনন্দ বর্দ্ধন করিতেছে।

১৫৯। দেখ, এই বৃন্দাবন—দিব্যলতায় বেষ্টিত ; লতাগুলির অগ্রভাগে পুষ্প শোভা পাইতেছে ; পুষ্পগুলি মধুকরদ্বারা স্ফীত হইয়াছে ; মধুকরগুলি—শ্রুতিহারিগীত-পরায়ণ।

১৬০। হে সখে, এই বৃন্দাবন আমাদের ইন্দ্রিয়বৃন্দকে নানাভাবে আনন্দিত করিতেছে, কোনস্থলে ভৃঙ্গীগণের গীত হইতেছে, কোনস্থল মলয়ানিলদ্বারা শীতল হইতেছে, কোনস্থলে বল্লীগণ নৃত্য করিতেছে, কোনস্থলে মল্লিকাফুলের অমল পরিমল প্রবাহিত হইতেছে, কোনস্থলে বা ধারাবিশিষ্ট দাড়িম্বফলসমূহ রসভরে রসনিঃসরণ করিতেছে।

১৬১। তিন অঙ্গুলীপরিমিত, ইন্দ্রনীলমণিখচিত, উভয়পার্শ্বে অরুণমণিদ্বারা তৎপরিমাণ-স্থল-শোভিত, তাহার মধ্যে হীরকো-

অনুভাষ্য

রসঃ শান্তাদি-শৃঙ্গারান্তঃ রসঃ যস্যাং সা) রাধিকাবাহিনী (রাধিকারূপা নদী) ত্বাং কৃষ্ণসমুদ্রং লেভে (প্রাপ্তবতী) ; ত্বং চ বাগ্বীচিভিঃ (বাক্যৈঃ এব তরঙ্গৈঃ) কিমিব অস্যাঃ (রাধানদ্যাঃ) বিমুখীভাবং (বৈমুখ্যং) তনোষি (বিস্তারয়সি)?

১৫৮। [হে মধুমঙ্গল], মাকন্দপ্রকরমকরন্দস্য (মাকন্দপ্রকরাণাম্ আম্রমুকুলসমূহানাং মকরন্দস্য) মধুরে সুগন্ধৌ বিনিস্যন্দে মুহুঃ (পুনঃ পুনঃ) বন্দীকৃতমধুপবৃন্দং (বন্দীকৃতম্ আবদ্ধং মধুপবৃন্দং ভৃঙ্গকুলং যেন তৎ) চন্দনগিরেঃ (মলয়পর্ব্বতস্য) মন্দোন্নতিভিঃ (মৃদুসঞ্চালিতৈঃ) অনিলৈঃ (সমীরণৈঃ) কৃতান্দোলং (কম্পিতং, পরিচালিতম্) ইদং বৃন্দাবিপিনং মম অতুলম্ আনন্দং তুন্দিলয়তি (বর্দ্ধয়তি)।

১৫৯। [হে শ্রীদামন্, ইদমেব] বৃন্দাবনং দিব্যলতাপরীতং (দিব্যবল্লরীবেষ্টিতং) ; লতাঃ চ পুষ্পস্ফুরিতাগ্রভাজঃ (পুষ্পৈঃ স্ফুরিতং অগ্রং ভজন্তি যাঃ তাঃ), পুষ্পাণি চ স্ফীতমধুব্রতানি (স্ফীতাঃ প্রমত্তাঃ মধুপাঃ যেষু তানি) ; মধুব্রতাশ্চ শ্রুতিহারিগীতাঃ (কর্ণরসায়নং গীতং যেষাং তে)।

১৬০। [হে মধুমঙ্গল], ইদং বৃন্দাবনং হৃষীকাণাং (চক্ষুকর্ণনাসাজিহ্বাত্বগাদীনাং) বৃন্দং (সমূহং) প্রমদয়তি (আহ্লাদয়তি) ; [যথা,—কর্ণপ্রমদায়] ক্বচিৎ ভৃঙ্গীগীতং ; [ত্বগিন্দ্রিয়সুখায়] ক্বচিৎ অনিল-ভঙ্গীশিশিরতা (অনিলস্য বায়োঃ ভঙ্গী মান্দ্যং তয়া শিশিরতা শৈত্যং—মন্দানিলস্য শৈত্যমিত্যর্থঃ) ; [নেত্রানন্দায়] ক্বচিৎ বল্লীলাস্যং (লতানৃত্যং) ; [নাসা-প্রমদায়] ক্বচিৎ অমলমল্লীপরিমলঃ (মল্ল্যাঃ মল্লিকায়াঃ অমলঃ অবিমিশ্রঃ পরিমলঃ সুগন্ধঃ) ; [জিহ্বা-সুখায়] ক্বচিৎ ধারাশালী (পংক্তিক্রমবিন্যাসবিশিষ্টা) করকফলপালীরসভরঃ (করকফলপালী দাড়িম্বফলশ্রেণী তস্যাঃ রসাধিক্যম্)।

১৬১। উভয়তঃ (বংশ্যাঃ শিরসি পুচ্ছে চ) অঙ্গুষ্ঠত্রয়ম্ (অঙ্গুষ্ঠত্রয়পরিমিতং স্থলং ব্যাপ্য) অসিতরত্নৈঃ (ইন্দ্রনীলমণিভিঃ) পরামৃষ্টা (ব্যাপ্তা, খচিতা) অরুণৈঃ মণিভিঃ সঙ্কীর্ণৌ (খচিতৌ) [অঙ্গুষ্ঠত্রয়ং ব্যাপ্য দ্বৌ পরিসরৌ] তৎপরিসরৌ (মুখপুচ্ছোভয়-প্রদেশে) বহন্তী, তয়োঃ (পরিসরয়োঃ) মধ্যে হীরোজ্জ্বল-বিমলজাম্বূনদময়ী (হীরৈঃ উজ্জ্বলং দীপ্তং যৎ বিমলং বিশুদ্ধং জাম্বূনদং সুবর্ণং তন্ময়ী) ইয়ং কল্যাণী (কল্যাণময়ী)

কস্মাত্ত্বয়া সখি গুরোর্বিষমা গৃহীতা
গোপাঙ্গনাগণবিমোহনমন্ত্রদীক্ষা ॥ ১৬২ ॥

বিদগ্ধমাধবে (৪।৭) পদ্মার প্রতি চন্দ্রাবলীর উক্তি—

সখি মুরলি বিশালচ্ছিদ্রজালেন পূর্ণা
লঘুরতিকঠিনা ত্বং গ্রন্থিলা নীরসাসি।
তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দসান্দ্রং
হরিকরপরিরম্ভং কেন পুণ্যোদয়েন ॥ ১৬৩ ॥

তত্র মুরলীনিঃস্বনং যথা ঃ—

বিদগ্ধমাধবে (১।২৭)—
শ্রীকৃষ্ণের প্রতি মধুমঙ্গলোক্তিকালে আকাশধ্বনি—

রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্মুহুস্তুম্বুরং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মাপয়ন্ বেধসম্।
ঔৎসুক্যাবলিভির্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ ॥ ১৬৪ ॥

তত্র শ্রীকৃষ্ণো যথা ঃ—

বিদগ্ধমাধবে (১।১৭) নান্দীমুখীর প্রতি পৌর্ণমাসীর উক্তি—

অয়ং নয়নদণ্ডিতপ্রবরপুণ্ডরীকপ্রভঃ
প্রভাতি নবজাগুড়-দ্যুতিবিড়ম্বি-পীতাম্বরঃ।
অরণ্যজপরিষ্ক্রিয়া-দমিতদিব্যবেশাদরো
হরিন্মণিমনোহরদ্যুতিভিরুজ্জ্বলাঙ্গো হরিঃ ॥ ১৬৫ ॥

ললিতমাধবে (৪।২৭) শ্রীরাধার প্রতি ললিতার উক্তি—

জঙ্ঘাধস্তটসঙ্গিদক্ষিণপদং কিঞ্চিদ্বিভুগ্নত্রিকং
সাচিস্তম্ভিতকন্ধরং সখি তিরঃসঞ্চারিনেত্রাঞ্চলম্।

অমৃতপ্রবাহ ভাষ্য

জ্বলিত বিমল-স্বর্ণময়ী এই কল্যাণী কৃষ্ণকেলিমুরলী কৃষ্ণকরে বিহার করিতেছেন।

১৬২। হে সখি, মুরলি, তুমি—সদ্বংশজাত, পুরুষোত্তমের হস্তস্থিত এবং জাতিতে সরলা হইয়াও কেন গোপাঙ্গনাগণের বিমোহনকারী বিশেষ গুরুতর (বিষম) মন্ত্রে দীক্ষিত হইয়াছ?

১৬৩। হে সখি মুরলি, তুমি—মহাছিদ্রসমূহে পূর্ণ, লঘু, অতি কঠিন, নীরস ও জটীল হইয়াও কোন্ পুণ্যোদয়হেতু কৃষ্ণ-বদন-চুম্বনানন্দঘনত্বময় কৃষ্ণকরালিঙ্গন-ভজন স্বীকার করিতেছ?

১৬৪। মেঘের গতিরোধপূর্ব্বক, তুম্বুরাদি গন্ধর্ব্বকে চমৎকার করত, সনন্দনাদি ঋষিগণের ধ্যান ভঙ্গ করিয়া, ব্রহ্মার বিস্ময় উৎপাদনপূর্ব্বক, ধীর-স্থির (অর্থাৎ অটল-অচল) বলিরাজকে ঔৎসুক্যসমূহের দ্বারা চটুল-চঞ্চল করত, পৃথ্বীধারী সর্পরাজ অনন্তকে ঘূর্ণনপূর্ব্বক এবং ব্রহ্মাণ্ডকটাহভিত্তি ভেদপূর্ব্বক চতুর্দ্দিকে শ্রীকৃষ্ণের বংশীধ্বনি ভ্রমণ করিয়াছিল।

১৬৫। এই কৃষ্ণ নয়নশোভায় অতিসুন্দর শ্বেতপদ্মের প্রভা হরণ করিয়াছেন ; ইঁহার নবকুঙ্কুমদ্যুতি-বিড়ম্বক-পীতাম্বর শোভা পাইতেছে ; ইনি বন্যবেশালঙ্কারাদিদ্বারা দিব্য-বেশাদির আদর দূর করিয়াছেন ;—এবম্ভূত ইন্দ্রনীলমণি অপেক্ষাও মনোহর-দ্যুতিসম্পন্ন—উজ্জ্বল কৃষ্ণচন্দ্র শোভা পাইতেছেন।

অনুভাষ্য

কেলি-মুরলী (কৃষ্ণক্রীড়াবংশী) হরেঃ (কৃষ্ণস্য) করে (পাণৌ) বিহরতি (বিলসতি)।

১৬২। হে মুরলিকে, সদ্বংশতঃ (উত্তমবংশদণ্ডতঃ, সৎকুলাৎ ইত্যর্থঃ) তব জনিঃ (জন্ম অভূৎ) ; পুরুষোত্তমস্য (কৃষ্ণস্য) পাণৌ (হস্তে) তব স্থিতি (বাসঃ) ; জাত্যা সরলা (অবক্রা, ঋজু) অসি ; [হে সখি] কস্মাৎ গুরোঃ [সকাশাৎ প্রসাদাৎ বা] ত্বয়া বিষমা (অসরলা) গোপাঙ্গনাগণ-বিমোহন-মন্ত্রদীক্ষা গৃহীতা (প্রাপ্তা—গোপীজন-চিত্তহরণক্ষম-মনুনা দীক্ষিতা)?

১৬৩। হে সখি মুরলি, ত্বং বিশালচ্ছিদ্রজালেন (মহাদোষ-সমূহেন) পূর্ণা (ব্যাপ্তা), লঘুঃ (লাঘববতী, গৌরবহীনা), অতি-কঠিনা (নিষ্ঠুরস্বভাবা), গ্রন্থিলা (নীবিগ্রন্থিমোচিকা), নীরসা (শুষ্কা) চ অসি, তদপি কেন পুণ্যোদয়েন (প্রাক্তনসুকৃতিনা) শশ্বৎ (নিরন্তরং) চুম্বনানন্দসান্দ্রং (চুম্বনোত্থসুখঘনং) হরিকরপরিরম্ভং (কৃষ্ণহস্তালিঙ্গনং) ভজসি (প্রাপ্নোষি)?

১৬৪। বংশীধ্বনিঃ (কৃষ্ণমুরলীনিনাদঃ) অম্বুভৃতঃ (মেঘ-গণান্) রুন্ধন্, তুম্বুরুং (গন্ধর্ব্বরাজং) মুহুঃ চমৎকৃতিপরং (বিস্ময়া-ন্বিতং) কুর্ব্বন্, সনন্দনমুখান্ (চতুঃসনপ্রমুখান্ ব্রহ্মজ্ঞানরতান্ মুনীন্) ধ্যানাৎ অন্তরয়ন্ (ত্যজয়ন্), বেধসং (ব্রহ্মাণং) বিস্মাপয়ন্ (বিস্ময়মুৎপাদয়ন্), ঔৎসুক্যাবলিভিঃ (কৌতূহলানন্দপুঞ্জৈঃ) বলিং চটুলয়ন্ (চঞ্চলীকুর্ব্বন্) ভোগীন্দ্রং (নাগরাজং শেষম্) আঘূর্ণয়ন্, অণ্ডকটাহভিত্তিং (ব্রহ্মাণ্ডাবরণং) ভিন্দন্ অভিতঃ (চতুর্দ্দিক্ষু, পরিতঃ) বভ্রাম।

১৬৫। অয়ং হরিঃ নয়নদণ্ডিত-প্রবর-পুণ্ডরীকপ্রভঃ (নয়ন-শোভয়া দণ্ডিতা দমিতা প্রবরস্য উত্তমস্য পুণ্ডরীকস্য প্রফুল্লশ্বেত-কমলস্য প্রভা শোভা যেন সঃ) নবজাগুড়দ্যুতিবিড়ম্বিপীতাম্বরঃ (নবজাগুড়স্য নবীনকুঙ্কুমস্য দ্যুতিঃ কান্তিঃ তাং বিড়ম্বয়িতুং শীলং যস্য তথাভূতং পীতবর্ণম্ অম্বরং যস্য সঃ) অরণ্যজপরিষ্ক্রিয়া-দমিতদিব্যবেশাদরঃ (অরণ্যজাভিঃ বন্যাভিঃ পরিষ্ক্রিয়াভিঃ অলঙ্কারৈঃ দমিতঃ বিজিতঃ দিব্যবেশানাম্ আদরঃ যেন সঃ) হরি-ন্মণিমনোহর-দ্যুতিভিঃ (মরকতমণিবৎ মনোহরঃ যাঃ দ্যুতয়ঃ তাভিঃ) উজ্জ্বলাঙ্গঃ (উজ্জ্বলম্ অঙ্গং যস্য সঃ) প্রভাতি (শোভতে)।

বংশীং কুট্মলিতে দধানমধরে লোলাঙ্গুলীসঙ্গতাং
বিভ্রদ্ভ্রূভ্রমরং বরাঙ্গি পরমানন্দং পুরঃ স্বীকুরু ॥ ১৬৬ ॥

ললিতমাধবে (১।৫২) ললিতার প্রতি
শ্রীরাধার উক্তি—

কুলবরতনুধর্ম্মগ্রাববৃন্দানি ভিন্দন্
সুমুখি নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ ।
যুগপদয়মপূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈর্গোষ্ঠকক্ষাং চিনোতি ॥ ১৬৭ ॥

ললিতমাধবে (১।৪৯) শ্রীরাধার প্রতি ললিতার উক্তি—

মহেন্দ্রমণিমণ্ডলীমদবিড়ম্বিদেহদ্যুতি-
র্ব্রজেন্দ্রকুলচন্দ্রমাঃ স্ফুরতি কোঽপি নব্যো যুবা ।
সখি স্থিরকুলাঙ্গনা-নিকর-নীবি-বন্ধার্গল-
চ্ছিদাকরণকৌতুকী জয়তি যস্য বংশীধ্বনিঃ ॥ ১৬৮ ॥

তত্র শ্রীরাধা যথা ঃ—

বিদগ্ধমাধবে (১।৩২) পৌর্ণমাসীর উক্তি—

বলাদক্ষ্ণোর্লক্ষ্মীঃ কবলয়তি নব্যং কুবলয়ং
মুখোল্লাসঃ ফুল্লং কমলবনমুল্লঙ্ঘয়তি চ ।
দশাং কষ্টামষ্টাপদমপি নয়ত্যাঙ্গিকরুচি-
র্বিচিত্রং রাধায়াঃ কিমপি কিল রূপং বিলসতি ॥ ১৬৯ ॥

বিদগ্ধমাধবে (৫।২০) মধুমঙ্গলের প্রতি শ্রীকৃষ্ণের উক্তি—

বিধুরেতি দিবা বিরূপতাং শতপত্রং বত শর্ব্বরীমুখে ।
ইতি কেন সদাশ্রিয়োজ্জ্বলং তুলনামর্হতি মৎপ্রিয়াননম্ ॥১৭০॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৬৬। হে সখি, হে বরাঙ্গি, যাঁহার বাম জঙ্ঘার অধস্তটে দক্ষিণপদ ন্যস্ত, যাঁহার অঙ্গ মধ্যভাগ—কিঞ্চিৎ ত্রিভঙ্গময়, যাঁহার তির্য্যক্ কন্ধর স্তম্ভিত (স্থির), যাঁহার নেত্রাঞ্চল (অপাঙ্গদৃষ্টি) বঙ্কিম, সেই ঈষদুন্মীলিত (মুকুলিত) অধরে চঞ্চল অঙ্গুলীর সংলগ্ন বংশীধারী এবং মুখপদ্মে ভ্রূরূপি-ভ্রমর-পরিশোভিত তোমার সম্মুখস্থিত এই পরমানন্দময় পুরুষকে তুমি স্বীকার কর।

১৬৭। হে সুমুখি, আমাদের সম্মুখে ইনি কোন্ বিশ্বকর্ম্মা?—যিনি তীক্ষ্ণ দীর্ঘ অপাঙ্গরূপ টঙ্কের ছটাদ্বারাই কুলবধূদিগের স্বধর্ম্মরূপ পাষাণবৃন্দকে ভেদ করত, অসংখ্য মরকতমণিতুল্য স্বীয় শ্যামসুন্দর বপুর্দ্বারা গোষ্ঠপ্রকোষ্ঠ যুগপৎ রচনা করিতেছেন।

১৬৮। হে সখি, মহা ইন্দ্রমণিমণ্ডলীর মদবিনাশিনী দেহ-দ্যুতিবিশিষ্ট ব্রজরাজকুলচন্দ্রস্বরূপ কোন নব্যযুবা স্ফূর্ত্তি লাভ করিতেছেন ;—ধৈর্য্যশীলা কুলাঙ্গনাসমূহের নীবিবন্ধচ্ছেদনকারী কৌতুকবিশিষ্টা ইঁহার বংশীধ্বনি জয়যুক্ত হইতেছে।

১৬৯। যাঁহার নয়নশোভা নবীন নীলপদ্মের শোভাকে বলপূর্ব্বক গ্রাস করে, যাঁহার প্রফুল্ল মুখোল্লাস কমলবনকে উল্লঙ্ঘন করে, যাঁহার অঙ্গকান্তি সুন্দর জাম্বূনদকে কষ্টদশায় নীত করায়, এবম্ভূত শ্রীরাধিকার বিচিত্ররূপ আশ্চর্য্যরূপে বিলাস অর্থাৎ স্ফূর্ত্তি লাভ করিতেছে।

১৭০। চন্দ্রশোভা রাত্রিতে সুন্দর হইয়াও দিবাভাগে বিরূপতা প্রাপ্ত হয়, পদ্মও দিবাভাগে সুন্দর হইয়াও রাত্রিতে

অনুভাষ্য

১৬৬-১৬৮। কোন কোন পাঠে ১৬৬-১৬৮ শ্লোকত্রয় ধৃত হয় নাই ; যেহেতু, শ্রীরূপ বিদগ্ধমাধবেরই বর্ণন করিতেছেন, সুতরাং তাঁহার ললিতমাধব-বর্ণনার অবকাশ নাই বা প্রসঙ্গাভাব; পরবর্ত্তী ১৭২ সংখ্যাতেই তিনি শ্রীরামানন্দের নিকট ললিতমাধব-বর্ণনে আদেশ পাইতেছেন, জানা যায়।

১৬৬। হে সখি, হে বরাঙ্গি, পুরঃ (অগ্রে স্থিতং) জঙ্ঘাধস্তটসঙ্গিদক্ষিণপদং (বামজঙ্ঘায়াঃ অধস্তটে নিম্নদেশে সঙ্গি মিলিতং দক্ষিণপদং দক্ষিণচরণপ্রান্তং, যস্য তং), কিঞ্চিদ্বিভুগ্নত্রিকং (কিঞ্চিৎ ঈষৎ বিভুগ্নং ত্রিকং মধ্যভাগঃ যস্য তং) সাচিস্তম্ভিতকন্ধরং (সাচি তির্য্যক্ স্তম্ভিতা নিশ্চলা কন্ধরা গ্রীবা যস্য তং) তিরঃসঞ্চারিনেত্রাঞ্চলং (তির্য্যক্ সঞ্চরিতুং শীলম্ অস্য ইতি সঞ্চারি নেত্রাঞ্চলং নেত্রপ্রান্তং যস্য তং) কুট্মলিতে (সঙ্কুচিতে) অধরে লোলাঙ্গুলী-সঙ্গতাং (লোলাভিঃ পরিচালিতাভিঃ অঙ্গুলীভিঃ সঙ্গতাং মিলিতাং) বংশীং দধানং বিভ্রদ্ভ্রূভ্রমরং (বিভ্রতৌ ভ্রূরূপৌ ভ্রমরৌ যস্য তং) পরমানন্দং (মাধবং) স্বীকুরু।

১৬৭। হে সুমুখি, পুরঃ (অগ্রে) অয়ং অপূর্ব্বঃ (অদৃষ্টাশ্রুতঃ) বিশ্বকর্ম্মা কঃ?—যঃ [যুগপৎ] নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ (নিশিতঃ শাণিতঃ দীর্ঘাপাঙ্গ এব টঙ্কঃ শিলাদিবিদারণাস্ত্রবিশেষঃ, তস্য ছটাভিঃ দীপ্তিভিঃ) কুলবরতনুধর্ম্মগ্রাববৃন্দানি (কুলবরতনূনাং কুলবধূনাং ধর্ম্মান্ পাতিব্রত্যাদিরূপান্ এবং গ্রাববৃন্দানি পাষাণসমূহান্) ভিন্দন্, মরকতমণিলক্ষৈঃ (মরকতমণীনাং হরিন্মণীনাং লক্ষসংখ্যাভিঃ, মরকতমণিতয়াধ্যবসিতৈঃ শ্যামসৌন্দর্য্যময়-পুরৈরিত্যর্থঃ) গোষ্ঠ-কক্ষাং (গোষ্ঠপ্রদেশং) চিনোতি (রচয়তি পূরয়তীত্যর্থঃ, অনেন শ্লোকেন শ্রীকৃষ্ণস্য বৈদগ্ধ্য-সৌন্দর্য্যাদি-গুণদর্শনেন রাধায়াশ্চমৎকারঃ)।

১৬৮। হে সখি, যস্য স্থিরকুলাঙ্গনা-নিকর-নীবিবন্ধার্গলচ্ছিদাকরণ-কৌতুকী (স্থিরকুলাঙ্গনানাং সাধ্বীস্ত্রীণাং নিকরস্য সমূহস্য নীবিবন্ধ এব অর্গলঃ কপাটঃ বিষ্কম্ভকঃ বা, তস্য ছিদাকরণে বন্ধনছেদনে কৌতুকং যস্যাঃ সা) বংশীধ্বনিঃ জয়তি (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে), সঃ মহেন্দ্রমণিমণ্ডলীমদবিড়ম্বিদেহ-দ্যুতিঃ

বিদগ্ধমাধবে (২।৫১) শ্রীকৃষ্ণের স্বগতোক্তি—

প্রমদরসতরঙ্গস্মেরগণ্ডস্থলায়াঃ
স্মরধনুরনুবন্ধিভ্রূলতা-লাস্যভাজঃ।
মদকলচলভৃঙ্গীভ্রান্তিভঙ্গীং দধানো
হৃদয়মিদমদাঙ্ক্ষীৎ পক্ষ্মলক্ষ্যাঃ কটাক্ষঃ ॥ ১৭১ ॥

শ্রীরূপকে ললিতমাধবের নান্দী-পঠনে অনুরোধ ঃ—

রায় কহে,—"তোমার কবিত্ব অমৃতের ধার।
দ্বিতীয় নাটকের কহ নান্দী-ব্যবহার ॥" ১৭২ ॥

রায়ের মাহাত্ম্যতুলনাদ্বারা শ্রীরূপের নিজদৈন্য-জ্ঞাপন ঃ—

রূপ কহে,—"কাঁহা তুমি সূর্য্যোপম ভাস।
মুঞি কোন্ ক্ষুদ্র,—যেন খদ্যোত-প্রকাশ ॥ ১৭৩ ॥
তোমার আগে ধার্ষ্ট্য এই মুখ-ব্যাদান।"
এত বলি' নান্দী-শ্লোক করিলা ব্যাখ্যান ॥ ১৭৪ ॥

মঙ্গলাচরণ-শ্লোকে অসুরমর্দ্দন সুরনন্দন মুকুন্দের যশঃস্তব ঃ—
ললিতমাধবে (১।১)—

সুররিপুসুদৃশামুরোজকোকান্মুখকমলানি চ খেদয়ন্নখণ্ডঃ।
চিরমখিলসুহৃচ্চকোরনন্দী দিশতু মুকুন্দযশঃশশী মুদং বঃ ॥১৭৫॥

রায়কর্তৃক শ্রীরূপকে স্বাভীষ্ট-দেব-বর্ণনে অনুরোধ, শ্রীরূপের লজ্জা ঃ—

'দ্বিতীয় নান্দী কহ দেখি?'—রায় পুছিলা।
সঙ্কোচ পাঞা রূপ পড়িতে লাগিলা ॥ ১৭৬ ॥

স্বাভীষ্ট-দেবতা শ্রীকৃষ্ণচৈতন্যের আশীর্ব্বাদ-যাচ্ঞা ঃ—
ললিতমাধবে (১।৩) সূত্রধারের স্বেষ্টদেব-প্রণাম—

নিজপ্রণয়িতাং সুধামুদয়মাপ্নুবন্ য ক্ষিতৌ
কিরত্যলমুরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ।
স লুঞ্চিত-তমস্ততির্ম্মম শচীসুতাখ্যঃ শশী
বশীকৃতজগন্মনাঃ কিমপি শর্ম্ম বিন্যস্যতু ॥ ১৭৭ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

মলিন (মুদিত) হয়, কিন্তু হে সখে, আমার প্রিয়তমা রাধিকার বদন দিবারাত্র সর্ব্বদাই শোভায় উজ্জ্বল, সুতরাং কাহার সহিত তাহার তুলনা হইতে পারে?

১৭১। যাঁহার মন্দমন্দ হাস্যযুক্ত গণ্ডস্থল প্রমদরসতরঙ্গযুক্ত হইয়াছে, মদকলচঞ্চলা ভৃঙ্গীর ভ্রান্তিরূপা ভঙ্গী ধারণপূর্ব্বক কামধনুর ন্যায় যাঁহার ভ্রূলতা নৃত্য করিতেছে, তাঁহার নেত্রপক্ষ্ম-বিনিঃসৃত কটাক্ষ আমার হৃদয়কে দংশন করিয়াছে।

অনুভাষ্য

(মহেন্দ্রমণিমণ্ডলীনাং মদং গর্ব্বং বিড়ম্বয়িতুং শীলম্ অস্যাঃ তথাভূতা দেহস্য দ্যুতিঃ কান্তিঃ যস্য সঃ) কঃ অপি নব্যঃ যুবা ব্রজেন্দ্রকুলচন্দ্রমাঃ (নন্দকুলশশধরঃ) স্ফুরতি।

১৬৯। [শ্রীরাধায়াঃ] অক্ষ্ণোঃ (নয়নয়োঃ) লক্ষ্মীঃ (শোভা) নব্যং (নবপ্রস্ফুটিতং) কুবলয়ম্ (উৎপলং) বলাৎ কবলয়তি (গ্রসতে), মুখোল্লাসঃ (মুখশোভা) ফুল্লং (বিকসিতং) কমলবনম্ উল্লঙ্ঘয়তি (দূরীকরোতি), আঙ্গিকরুচিঃ (দেহকান্তিঃ) অষ্টাপদং (সুবর্ণম্) অপি কষ্টাং (ক্লেশসমন্বিতাং) দশাং নয়তি, [অতএব] রাধায়াঃ রূপং কিল কিমপি বিচিত্রং বিলসতি (স্ফুরতি)।

১৭০। বিধুঃ (চন্দ্রঃ) দিবা (দিবসে), শতপত্রং (পদ্মং) শর্ব্বরীমুখে (সন্ধ্যায়াং) বত বিরূপতাং (কান্তিরাহিত্যম্) এতি (প্রাপ্নোতি) ইতি সদা (দিবারাত্রে সর্ব্বদা) শ্রিয়া (শোভয়া) উজ্জ্বলং মৎপ্রিয়াননং (শ্রীরাধিকামুখং) কেন (উপমানেন সহ) তুলনাম্ অর্হতি?

১৭১। প্রমদরসতরঙ্গস্মেরগণ্ডস্থলায়াঃ (প্রমদরসতরঙ্গেণ আনন্দ-রসপ্রবাহেণ স্মেরগণ্ডস্থলং স্মেরং মন্দহাসান্বিতং গণ্ডস্থলং যস্যাঃ তস্যাঃ) স্মরধনুরনুবন্ধিভ্রূলতালাস্যভাজঃ (কামদেব-কার্ম্মুকসদৃশা যা ভ্রূলতা, তাদৃশাঃ লাস্যং নর্ত্তনং ভজতি যা তস্যাঃ) পক্ষ্মলক্ষ্যাঃ (পক্ষ্মলে প্রশস্তপক্ষান্বিতে অক্ষিণী যস্যাঃ তস্যাঃ রাধায়াঃ) মদকলচলভৃঙ্গীভ্রান্তিভঙ্গীং (মদেন যঃ কলঃ, তেন চলা চঞ্চলা চপলা যা ভৃঙ্গী তস্যাঃ ভ্রান্তিঃ ভ্রমঃ যতঃ তাদৃশীং ভঙ্গীং) দধানঃ [রাধায়াঃ] কটাক্ষঃ ইদং [মম] হৃদয়ং অদাঙ্ক্ষীৎ (দষ্টবান্)।

১৭২। দ্বিতীয় নাটকের—ললিতমাধব-নাটকের; এখন হইতে শ্রীরামানন্দ, শ্রীরূপ-কৃত শ্রীললিতমাধবের বিষয় জিজ্ঞাসা করিতেছেন।

১৭৫। সুররিপুসুদৃশাং (নরকাদ্যসুরাঙ্গণানাম্) উরোজকোকান্ (উরোজাঃ এব কোকাঃ চক্রবাকাঃ তান্ স্তনরূপচক্রবাকান্) মুখকমলানি (মুখানি এব কমলানি) চ খেদয়ন্ অখিলসুহৃচ্চকোর-নন্দী (অখিলাঃ সুহৃদঃ এব চকোরাঃ তান্ নন্দয়িতুং শীলং যস্য সঃ) অখণ্ডঃ (পরিপূর্ণঃ) মুকুন্দযশঃশশী (মুকুন্দস্য যশঃ এব শশী চন্দ্রঃ) বঃ (যুষ্মাকং) মুদং (সুখং) চিরং দিশতু (বিদধাতু)।

১৭৭। যঃ ক্ষিতৌ (পৃথিব্যাম্) উদয়ং (প্রাকট্যম্) আপ্নুবন্ সন্ নিজপ্রণয়িতাং সুধাং (স্বপ্রেমামৃতম্) অলম্ (অতিশয়েন) কিরতি (বিস্তারয়তি), উরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ (উরীকৃতা

অমৃতপ্রবাহ ভাষ্য

১৭৫। সুররিপু-পত্নীদিগের স্তনরূপ চক্রবাক্ ও মুখরূপ কমলসমূহ খিন্ন অর্থাৎ দুঃখগ্রস্ত করিয়া মুকুন্দের যে অখণ্ড যশশ্চন্দ্র স্বীয় অখিল সুহৃদ্রূপ চকোরদিগের চিরদিনের আনন্দ বিধান করেন, তাহা তোমাদিগের সুখ বিধান করুন্।

১৭৭। যিনি ক্ষিতিতলে উদিত হইয়া নিজ-প্রণয়রসসুধা বিস্তার করিতেছেন, সেই দ্বিজকুলের অধিরাজরূপে অবস্থিতি-অঙ্গীকারকারী, তমঃসমূহদূরকারী, জগন্মানসবশকারী শচী-নন্দনাখ্য চন্দ্র আমার মঙ্গল বিধান করুন্।

প্রভুর অন্তরে সন্তোষ, বাহিরে রোষাভাস ঃ—

শুনিয়া প্রভুর যদি অন্তরে উল্লাস ।
বাহিরে কহেন কিছু করি' রোষাভাস ॥ ১৭৮ ॥
"কাঁহা তোমার কৃষ্ণরসবাক্য-সুধাসিন্ধু ।
তা'র মধ্যে মিথ্যা কেনে স্তুতি-ক্ষারবিন্দু ॥" ১৭৯ ॥

রায়কর্তৃক শ্লোক-প্রশংসা ঃ—

রায় কহে,—"রূপের কাব্য অমৃতের পূর ।
তা'র মধ্যে এক বিন্দু দিয়াছে কর্পূর ॥" ১৮০ ॥
প্রভু কহে,—"রায়, তোমার ইহাতে উল্লাস ।
শুনিতেই লজ্জা, লোকে করে উপহাস ॥" ১৮১ ॥
রায় কহে,—"লোকের সুখ ইহার শ্রবণে ।
অভীষ্টদেবের স্মৃতি মঙ্গলাচরণে ॥" ১৮২ ॥

রায়কর্তৃক ললিতমাধবের বিবিধ অঙ্গ ও পরিচয় জিজ্ঞাসা, শ্রীরূপের নাটক-লিখিত শ্লোকোদ্ধারপূর্ব্বক উত্তরদান ঃ—

রায় কহে,—"কোন্ অঙ্গে পাত্রের প্রবেশ ?"
তবে রূপ-গোসাঞি কহে তাহার বিশেষ ॥ ১৮৩ ॥

ললিতমাধবে (১।১১) নটীর প্রতি সূত্রধারের উক্তি—

"নটতা কিরাতরাজং নিহত্য রঙ্গস্থলে কলানিধিনা ।
সময়ে তেন বিধেয়ং গুণবতি তারাকরগ্রহণম্ ॥ ১৮৪ ॥

'উদ্ঘাত্যক' নাম এই 'আমুখ'—'বীথী' অঙ্গ ।
তোমার আগে কহি,—ইহা ধার্ষ্ট্যের তরঙ্গ ॥" ১৮৫ ॥

সাহিত্যদর্পণে দৃশ্যশ্রব্য নিরূপণে (৬।২৮৯)—

পদানি ত্বগতার্থানি তদর্থগতয়ে নরাঃ ।
যোজয়ন্তি পদৈরন্যৈঃ স উদ্ঘাত্যক উচ্যতে ॥ ১৮৬ ॥

রায় কহে,—"কহ আগে অঙ্গের বিশেষ ।"
শ্রীরূপ কহেন কিছু সংক্ষেপ-উদ্দেশ ॥ ১৮৭ ॥

তত্র শ্রীবৃন্দাবনং যথা ঃ—

ললিতমাধবে (১।২৩) গার্গীর প্রতি পৌর্ণমাসীর উক্তি—

হরিমুদ্দিশতে রজোভরঃ, পুরতঃ সঙ্গময়ত্যমুং তমঃ ।
ব্রজবামদৃশাং ন পদ্ধতিঃ, প্রকটা সর্ব্বদৃশঃ শ্রুতেরপি ॥ ১৮৮ ॥

অনুভাষ্য

অঙ্গীকৃতা দ্বিজকুলস্য অধিরাজঃ তস্য স্থিতিঃ সাম্রাজ্যমর্য্যাদা যেন সঃ) লুণ্ঠিত-তমস্ততিঃ (লুণ্ঠিতা তাড়িতা তমস্ততিঃ অজ্ঞান-কৈতবপুঞ্জঃ যেন সঃ) শচীসুতাখ্যঃ (শচীনন্দন নামা) শশী (চন্দ্রঃ) মম কিমপি শর্ম্ম (কল্যাণং) বিন্যস্যতু (বিদধাতু)।

১৮৩। পূর্ব্বের (অন্ত্য, ১ম পঃ) ১৩৪ সংখ্যা ও তাহার অনুভাষ্য দ্রষ্টব্য। কোন্ অঙ্গে পাত্রের প্রবেশ,—'উদ্ঘাত্যক', 'কথোদ্ঘাত', 'প্রয়োগাতিশয়', প্রবর্ত্তক' ও 'অবগলিত'—এই পঞ্চবিধ প্রস্তাবনা ; এবং ভারতী-বৃত্তির 'প্ররোচনা', 'বীথী' ও 'প্রহসনা',—এই ত্রিবিধ অঙ্গ। শ্রীরামানন্দ শ্রীরূপকে জিজ্ঞাসা করিতেছেন,—তুমি স্বকৃত-নাটকে উক্ত পঞ্চবিধ প্রস্তাবনার মধ্যে কোন্ প্রকার প্রস্তাবনায় ভারতী-বৃত্তির কোন্ অঙ্গকে স্বীকার করিয়া নটরূপী পাত্রকে রঙ্গস্থলে প্রবেশ করাইয়াছ?

১৮৪। নটতা (অভিনয়ং কুর্ব্বতা) তেন কলানিধিনা (তন্নাম্না নটেন) রঙ্গস্থলে (অভিনয়-ক্ষেত্রে) কিরাতরাজং (কিরাত-দেশাধিপং) নিহত্য গুণবতি (অনুকূল-নক্ষত্রাধিষ্ঠিতে) সময়ে তারাকরগ্রহণং (তন্নাম্ন্যা কন্যায়াঃ পাণিগ্রহণং) বিধেয়ম্ ; পক্ষান্তরে,—রঙ্গস্থলে (রঙ্গক্ষেত্রে) তেন [চতুঃষষ্টি-] কলানিধিনা (শ্রীকৃষ্ণেন) কিরাতরাজং (কংসং) নিহত্য (হত্বা) গুণবতি (দশ-মাঙ্কাখ্যে পূর্ণমনোরথনাম্নি) সময়ে তারাকরগ্রহণং (শ্রীরাধিকায়াঃ পাণিগ্রহণং) বিধেয়ম্।

১৮৫। এই শ্লোকে আমুখ অর্থাৎ প্রস্তাবনার নাম 'উদ্ঘাত্যক' এবং ভারতীবৃত্তির অঙ্গের নাম 'বীথী' কথিত হইল। সাহিত্যদর্পণে ৬ষ্ঠ পঃ ৫২০ সংখ্যায়—"বীথ্যামেকো ভবেদঙ্কঃ কশ্চিদেকোহত্র কল্প্যতে। আকাশভাষিতৈরুক্তৈশ্চিত্রাং প্রত্যুক্তিমাশ্রিতঃ।। সূচয়েদ্ভূরি শৃঙ্গারং কিঞ্চিদন্যান্ রসানপি। মুখনির্ব্বহণে সন্ধৌ অর্থ-প্রকৃতয়োহখিলাঃ।।" অর্থাৎ বীথীতে একটীমাত্র অঙ্ক আছে ; এই অঙ্কে কোন একটী নায়ক কল্পনাপূর্ব্বক আকাশবাণীদ্বারা বিচিত্র উক্তি-প্রত্যুক্তি আশ্রয় করিয়া প্রচুররূপে শৃঙ্গাররসের ও কিঞ্চিৎরূপে অন্যান্য রসসমূহেরও সূচনা করে ; এবং উহার মুখবন্ধ ও সন্ধিতে সমস্ত অর্থপ্রকৃতি বা বীজই প্রযোজ্য। এইস্থলে চন্দ্রের সহিত 'নটতা'-শব্দ যুক্ত হইলে অর্থ অস্ফুট হয়, তজ্জন্য কৃষ্ণের সহিত যুক্ত হওয়ায় পরিস্ফুটার্থবোধ-হেতু 'উদ্ঘাত্যক'-নামক প্রস্তাবনা হইল এবং কৃষ্ণসম্বন্ধি অর্থ মানিয়া লইয়াই পৌর্ণমাসীও রঙ্গস্থলে প্রবিষ্ট হইলেন।

শ্রীরূপ শ্রীরাম-রায়কে বলিতেছেন,—আপনার ন্যায় রস-শাস্ত্র-পারদর্শী পণ্ডিত ব্যক্তির সম্মুখে আমার এক একটী উক্তি

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৪। নৃত্য করিতে করিতে রঙ্গস্থলে কিরাতরাজ (কংসকে) নাশ করিয়া কলানিধির (কৃষ্ণচন্দ্রের) 'পূর্ণমনোরথ'-নামক গুণ-যুক্ত সময়ে তারার (শ্রীরাধার) পাণিগ্রহণ-কার্য্য বিধেয় হইতেছে।

১৮৬। মনুষ্যগণ অস্ফুটার্থ পদসকলের অর্থ বুঝিবার জন্য অন্যপদের সহিত যাহা যোজনা করে, তাহাকে 'উদ্ঘাত্যক' বলে।

১৮৮। গোক্ষুরোত্থ রজঃ হরিকে সূচনা করিতেছে ; সম্মুখে তমঃ (অন্ধকার) গোপীদিগের সহিত তাঁহাকে মিলিত করাই-তেছে ; সুতরাং গোপবধূদিগের পদ্ধতি সর্ব্বজ্ঞশ্রুতিরও অগোচর হইয়াছে।

তত্র মুরলীনিঃস্বনং যথা ঃ—

ললিতমাধবে (১।২৪) পৌর্ণমাসীর প্রতি গার্গীর উক্তি—

হ্রিয়মবগৃহ্য গৃহেভ্যঃ কর্ষতি রাধাং বনায় যা নিপুণা ।
সা জয়তি নিসৃষ্টার্থা বরবংশজকাকলী দূতী ॥ ১৮৯ ॥

তত্র শ্রীকৃষ্ণো যথা ঃ—

ললিতমাধবে (২।১১) শ্রীকৃষ্ণদর্শনে সখীর প্রতি
শ্রীরাধার উক্তি—

সহচরি নিরাতঙ্কঃ কোঽয়ং যুবা মুদিরদ্যুতি-
র্ব্রজভুবি কুতঃ প্রাপ্তো মাদ্যন্মতঙ্গজবিভ্রমঃ ।
অহহ চটুলৈরুৎসর্পদ্ভির্দৃগঞ্চলতস্করৈ-
র্মম ধৃতিধনং চেতঃকোষাদ্বিলুণ্ঠয়তীহ যঃ ॥ ১৯০ ॥

তত্র শ্রীরাধা যথা ঃ—

ললিতমাধবে (২।১০) শ্রীরাধা-দর্শনে
শ্রীকৃষ্ণের উক্তি—

বিহারসুরদীর্ঘিকা মম মনঃকরীন্দ্রস্য যা
বিলোচন-চকোরয়োঃ শরদমন্দচন্দ্রপ্রভা ।
উরোঽম্বরতটস্য চাভরণচারুতারাবলী
ময়োন্নতমনোরথৈরিয়মলম্ভি সা রাধিকা ॥" ১৯১ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৮৯। নিপুণা, তাৎপর্য্যশালিনী, শ্রেষ্ঠবংশজ-বংশীর কাকলী-রূপা যে দূতী লজ্জা দূর করাইয়া গৃহ হইতে শ্রীরাধাকে বনে আকর্ষণ করেন, তিনি জয়যুক্তা হউন্।

১৯০। হে সহচরি, নবঘনদ্যুতি, মদমত্তহস্তীর ন্যায় লীলাকারী, আশঙ্কাশূন্য এই যুবা কে? ইনি কোথা হইতে আসিয়াছেন? আহা ইনি চঞ্চলগতিদ্বারা এবং চৌরের ন্যায় দৃষ্টিদ্বারা চিত্ত-কোষ হইতে আমার চিত্তের ধৃতিধন লুটিয়া লইতেছেন।

১৯১। যে রাধিকা—আমার মনঃকরীন্দ্রের বিহারগঙ্গা-স্বরূপা, আমার চক্ষুচকোরের নিকট শরচ্চন্দ্রের অতিশয় প্রভা-স্বরূপা এবং আমার বক্ষোরূপ আকাশের নিকট তদাভরণস্বরূপ সুন্দর তারাবলীর ন্যায়, অদ্য আমি সেই রাধিকাকে উন্নত মনোরথের সহিত প্রাপ্ত হইলাম।

অনুভাষ্য

—যেন ধার্ষ্ট্য-সমুদ্রের অর্থাৎ প্রগল্ভতা-সাগরের এক একটী লহরীসদৃশ।

১৮৬। নরাঃ (আলঙ্কারিকাঃ) তু অগতার্থানি (অপ্রাপ্তার্থানি অবোধিতার্থানি) পদানি তদর্থগতয়ে (তেষাম্ অবোধিতার্থানাং পদানাং গতয়ে অববোধায়) অন্যৈঃ পদৈঃ যং যোজয়ন্তি, সঃ 'উদ্ঘাত্যকঃ' উচ্যতে (কথ্যতে)।

১৮৭। অঙ্গের বিশেষ—পূর্ব্ববর্ত্তী (অন্ত্য, ১ম পঃ) ১৫৬ সংখ্যা দ্রষ্টব্য অর্থাৎ পূর্ব্ববৎ যথাক্রমে বৃন্দাবন, মুরলীনিঃস্বন, কৃষ্ণ ও রাধিকার বর্ণন।

১৮৮। রজোভরঃ (রজসাং গোক্ষুরোত্থধূলীনাং ভরঃ পুঞ্জঃ সমূহঃ) হরিম্ উদ্দিশতে (সূচয়তি), তমঃ (অন্ধকারঃ) পুরতঃ অমুং (কৃষ্ণং) সঙ্গময়তি (সংযোজয়তি, অতঃ) ব্রজবামদৃশাং (ব্রজাঙ্গনানাং) পদ্ধতিঃ (রীতিঃ) সর্ব্বদৃশঃ (সর্ব্বজ্ঞায়াঃ) শ্রুতেঃ (বেদস্য) অপি প্রকটা চ ন (গোচরা ন স্যাৎ)।

ত্রৈগুণ্যবিষয়ক বেদে গুণাতীত কৃষ্ণের উদ্দেশ ও মিলনের কথা অব্যক্ত ; রজোগুণের দ্বারা বিক্ষেপ-হেতু কৃষ্ণবিমুখ বদ্ধ-জীবের কৃষ্ণোদ্দেশ-রাহিত্য ও তমোগুণদ্বারা আবরণহেতু তাহার কৃষ্ণমিলনাভাব ঘটিয়াছে ; কিন্তু অপ্রাকৃত-বৃন্দাবনে গাভীক্ষুরো-থিত রজোদ্বারা নিত্যমুক্তা গোপীগণের নিকট কৃষ্ণাগমন সূচিত হয় এবং তমঃ বা অন্ধকারদ্বারা নিত্যমুক্তা গোপীগণের কৃষ্ণসঙ্গম সম্পাদিত হয় ; সুতরাং শুদ্ধসত্ত্ব গোপীগণ ও শুদ্ধসত্ত্ব শ্রীবৃন্দাবন, উভয়ই ত্রৈগুণ্যবিষয়ক বেদের অগোচর, ইহাই শ্লেষার্থ।

১৮৯। যা হ্রিয়ং (লজ্জাম্) অবগৃহ্য (বিহত্য, হৃত্বা ইত্যর্থঃ) গৃহেভ্যঃ বনায় (বনগমন-নিমিত্তায় ইত্যর্থঃ) রাধাং কর্ষতি সা নিপুণা (দক্ষা) নিসৃষ্টার্থা (বিন্যস্ত-কর্ম্মভারা) বরবংশজকাকলী (বংশীধ্বনিরূপা) দূতী জয়তি (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে)।

নিসৃষ্টার্থা,—(উঃ নীঃ দূতীভেদ-প্রকরণে ২৯ শ্লোকে) "বিন্যস্তকার্য্যভারা স্যাদ্দ্বয়োরেকতরেণ যা। যুক্ত্যোভৌ ঘটয়েদেষা নিসৃষ্টার্থা নিগদ্যতে।।"*

১৯০। হে সহচরি, অহহ ইহ (বৃন্দাবিপিনে) যঃ যুবা চটুলৈঃ (চপলৈঃ) উৎসর্পদ্ভিঃ (সর্ব্বদিক্ষু ভ্রমদ্ভিঃ) দৃগঞ্চলতস্করৈঃ (নয়ন-কটাক্ষচৌরৈঃ) মম চেতঃকোষাৎ (হৃদ্-ভাণ্ডারতঃ) ধৃতিধনং (ধৈর্য্যরূপ-ধনং) বিলুণ্ঠয়তি, মুদিরদ্যুতিঃ (মুদিরস্য মেঘস্য দ্যুতিরিব দ্যুতিঃ যস্য সঃ নবমেঘরুচিঃ) মাদ্যন্মতঙ্গজবিভ্রমঃ (মাদ্যন্ যঃ মতঙ্গজঃ তদ্বৎ বিভ্রমঃ বিলাসঃ যস্য সঃ মহামত্তগজ-বচ্চঞ্চলঃ) নিরাতঙ্কঃ (নিঃশঙ্কঃ) অয়ং যুবা কঃ? কুতঃ [চ] ব্রজভুবি প্রাপ্তঃ (সমায়াতঃ)?

১৯১। যা (রাধা) মম মনঃকরীন্দ্রস্য (হৃদয়-মাতঙ্গস্য) বিহার-সুরদীর্ঘিকা (স্বর্গঙ্গা), যা বিলোচনচকোরয়োঃ (বিলোচনে নয়নে এব চকোরৌ তয়োঃ) শরদমন্দচন্দ্রপ্রভা (শরদি অমন্দঃ পূর্ণঃ

** যে দূতী নায়ক অথবা নায়িকা উভয়ের কোন একজনের দ্বারা কার্য্যভার প্রাপ্ত হইয়া যুক্তিদ্বারা উভয়ের মিলন ঘটাইয়া থাকেন, তাঁহাকে নিসৃষ্টার্থা-দূতী বলা হয়।*

রায়কর্ত্তৃক সহস্রমুখে শ্রীরূপ-কবিত্বের অজস্র-প্রশংসা ঃ—

এত শুনি' রায় কহে প্রভুর চরণে ।
রূপের কবিত্ব প্রশংসি' সহস্র-বদনে ॥ ১৯২ ॥
"কবিত্ব না হয় এই অমৃতের ধার ।
নাটক-লক্ষণ সব, সিদ্ধান্তের সার ॥ ১৯৩ ॥
প্রেম-পরিপাটী এই অদ্ভুত বর্ণন ।
শুনি' চিত্ত-কর্ণের হয় আনন্দ-ঘূর্ণন ॥ ১৯৪ ॥

প্রাচীনকৃত শ্লোক—

কিং কাব্যেন কবেস্তস্য কিং কাণ্ডেন ধনুষ্মতঃ ।
পরস্য হৃদয়ে লগ্নঃ ন ঘূর্ণয়তি যচ্ছিরঃ ॥ ১৯৫ ॥

শ্রীরূপের প্রতি প্রভুর কৃপানুমান ঃ—

তোমার শক্তি বিনা জীবের নহে এই বাণী ।
তুমি শক্তি দিয়া কহাও,—হেন অনুমানি ॥" ১৯৬ ॥

প্রভুর শ্রীরূপ-কবিত্ব প্রশংসা ঃ—

প্রভু কহে,—"আমা-সনে হইল মিলন ।
ইহার গুণে ইহাতে আমার তুষ্ট হৈল মন ॥ ১৯৭ ॥
মধুর প্রসঙ্গ ইহার কাব্য সালঙ্কার ।
ঐছে কবিত্ব বিনা নহে রসের প্রচার ॥ ১৯৮ ॥

স্বয়ং প্রভুকর্ত্তৃক পরমস্নেহকৃপাভাজন শ্রীরূপের প্রতি ভক্তবৃন্দের কৃপা-যাচ্ঞা ঃ—

সবে কৃপা করি' ইঁহারে দেহ' এই বর ।
ব্রজলীলা-প্রেমরস যেন বর্ণে নিরন্তর ॥ ১৯৯ ॥

প্রভুকর্ত্তৃক শ্রীসনাতনের প্রশংসা ও বৈরাগ্যযুক্-প্রেমভক্তি-সিদ্ধান্ত-রস-পাণ্ডিত্যবিষয়ে শ্রীরায়ের সহিত সাম্য-জ্ঞান ঃ—

ইঁহার যে জ্যেষ্ঠভ্রাতা, নাম—'সনাতন' ।
পৃথিবীতে বিজ্ঞবর নাহি তাঁ'র সম ॥ ২০০ ॥
তোমার যৈছে বিষয়ত্যাগ, তৈছে তাঁ'র রীতি ।
দৈন্য-বৈরাগ্য-পাণ্ডিত্যের তাঁহাতেই স্থিতি ॥ ২০১ ॥

শ্রীরূপ-সনাতনকে শক্তিসঞ্চারপূর্ব্বক ব্রজে প্রেরণ-বর্ণন ঃ—

এই দুই ভাইয়ে আমি পাঠাইলুঁ বৃন্দাবনে ।
শক্তি দিয়া ভক্তিশাস্ত্র করিতে প্রবর্ত্তনে ॥" ২০২ ॥

রায়ের প্রভুকে প্রয়োজক-কর্ত্তৃজ্ঞানে স্তুতি ঃ—

রায় কহে,—"ঈশ্বর তুমি যে চাহ করিতে ।
কাষ্ঠের পুতলী তুমি পার নাচাইতে ॥ ২০৩ ॥

রায়ের কীর্ত্তনে ও শ্রীরূপের লিখনে একই প্রেম-ভক্তিরস-প্রচার ঃ—

মোর মুখে যে-সব রস করিলা প্রচারণে ।
সেই রস দেখি এই ইহার লিখনে ॥ ২০৪ ॥

স্বীয় ইচ্ছা-চালিত ভক্তদ্বারা অপ্রাকৃত-ব্রজরস-মাহাত্ম্য-প্রচারকারী প্রভু ঃ—

ভক্তে কৃপা-হেতু প্রকাশিতে চাহ ব্রজ-রস ।
যা'রে করাও, সেই করিবে জগৎ তোমার বশ ॥"২০৫॥

শ্রীরূপকে প্রভুর আলিঙ্গন, শ্রীরূপের ভক্তপদ-বন্দন ঃ—

তবে মহাপ্রভু কৈলা রূপে আলিঙ্গন ।
তাঁ'রে করাইলা সবার চরণ-বন্দন ॥ ২০৬ ॥

নিত্যানন্দাদ্বৈতাদি সকলের শ্রীরূপকে আলিঙ্গন ঃ—

অদ্বৈত-নিত্যানন্দাদি সব ভক্তগণ ।
কৃপা করি' রূপে সবে কৈলা আলিঙ্গন ॥ ২০৭ ॥

শ্রীরূপের প্রতি প্রভুকৃপা ও শ্রীরূপের কৃষ্ণাকর্ষক গুণদর্শনে সকলের বিস্ময় ঃ—

প্রভু-কৃপা রূপে, আর রূপের সদ্‌গুণ ।
দেখি' চমৎকার হৈল সবাকার মন ॥ ২০৮ ॥

অমৃতপ্রবাহ ভাষ্য

১৯৫। অপরের হৃদয়লগ্ন হইয়া যদি তাহার মস্তকই চঞ্চল না করিতে পারে, তবে কবির কাব্যে এবং ধানুকীর ধনুতে কি প্রয়োজন?

ইতি অমৃতপ্রবাহ-ভাষ্যে প্রথম পরিচ্ছেদ।

অনুভাষ্য

যঃ চন্দ্রঃ তস্য প্রভা), যা উরোঽম্বরতটস্য (উরঃ বক্ষঃ এব অম্বরং আকাশং তস্য তটে ক্ষেত্রে) চ আভরণচারুতারাবলী (আভরণেষু অলঙ্কারেষু চারুতারাবলী সুন্দরনক্ষত্রমণ্ডলী) চ, সা ইয়ং রাধিকা ময়া (কৃষ্ণেন) উন্নতমনোরথৈঃ (বহুদিনমনোবাঞ্ছিতৈঃ হেতু-ভূতৈঃ) সাম্প্রতম্ অলম্ভি (প্রাপ্তবতী)।

১৯৫। তস্য কবেঃ কাব্যেন (রসাত্মক-বাক্যেন) কিম্? ধনুষ্মতঃ (ধনুর্দ্ধরেণ) কাণ্ডেন (বাণেন) কিং (প্রয়োজনম্)?— যৎ কাব্যং কাণ্ডঞ্চ পরস্য হৃদয়ে লগ্নং সৎ, তস্য শিরঃ ন ঘূর্ণয়তি?

২০১। শ্রীমহাপ্রভু শ্রীরামানন্দ-রায়কে বলিলেন,—তুমি সমস্ত বিষয় পরিত্যাগ করিয়া যেরূপভাবে ঐকান্তিক কৃষ্ণসেবা করিতেছ, সনাতন-গোস্বামীও ঠিক তোমারই ন্যায় কৃষ্ণেতর বিষয়সমূহ ছাড়িয়া সর্ব্বক্ষণ তদ্রূপ 'তৃণাদপি সুনীচ' অর্থাৎ নিষ্কিঞ্চন-ভাববিশিষ্ট ও কৃষ্ণেতর ভোগ-বিবর্জ্জিত অর্থাৎ কৃষ্ণে-তর-বিষয়-বন্ধন হইতে মুক্ত হইয়া কৃষ্ণসেবারূপ বিষয় গ্রহণ-পূর্ব্বক পরাভক্তি-বিদ্যায় পারঙ্গত। নিষ্কপট দৈন্য, বৈরাগ্য ও পাণ্ডিত্যের আদর্শবিগ্রহ শ্রীসনাতন শুদ্ধ অর্থাৎ যুক্ত-বৈরাগ্য ও প্রেমভক্তিসিদ্ধান্ত-রস-পাণ্ডিত্যাদিতে ঠিক তোমারই সদৃশ অভিজ্ঞ ও পারদর্শী।

শ্রীরূপকে ঠাকুর হরিদাসের আলিঙ্গন ঃ—

তবে মহাপ্রভু সব ভক্ত লঞা গেলা ।
হরিদাস-ঠাকুর রূপে আলিঙ্গন কৈলা ॥ ২০৯ ॥

হরিদাসের শ্রীরূপ-সৌভাগ্য-প্রশংসা ঃ—

হরিদাস কহে,—"তোমার ভাগ্যের নাহি সীমা ।
যে-সব বর্ণিলা, ইহার কে জানে মহিমা ?" ২১০ ॥

